**ইহাদের মধ্যে ভীমার্জ্জুন-তুল্য মহাধনুর্দ্ধর প্রকৃত বীরপুরুষ অনেকই নয়ন-গোচর হইতেছে ; তন্মধ্যে যুযুধান, অর্থাৎ সাত্যকি, বিরাট রাজ মহারথ দ্রুপদ, ধৃষ্টকেতু, চেকিতান, বীর্য্যবান্ কাশীপতি,**

আভাস ।

সৈন্য-সাগরের প্রতি দৃষ্টি নিক্ষেপ করত বিস্মিত হইলেন । কারণ দ্রোণাচার্য্যের সাক্ষাৎ প্রিয় শিষ্য বিখ্যাত-বীর্য্য মেধাবী যুদ্ধ-শাস্ত্রবিশারদ বিচক্ষণ দ্রুপদপুত্র

ধৃষ্টকেতুশ্চেকিতানঃ কাশীরাজশ্চ বীর্য্যবান্।
পুরুজিৎ কুন্তিভোজশ্চ শৈব্যশ্চ নরপুঙ্গবঃ ॥ ৫ ॥
যুধামন্যুশ্চ বিক্রান্ত উত্তমৌজাশ্চ বীর্য্যবান্।
সৌভদ্রো দ্রৌপদেয়াশ্চ সর্ব্বএব মহারথাঃ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

ধৃষ্টকেতুঃ চেকিতানঃ, বীর্য্যবান্ কাশীরাজঃ পুরুজিৎ, কুন্তিভোজঃ নরপুঙ্গবঃ শৈব্যঃ ॥ ৫ ॥

বিক্রান্তঃ যুধামন্যুঃ, বীর্য্যবান্ উত্তমৌজাঃ, সৌভদ্রঃ সুভদ্রানন্দনঃ অভিমন্যুঃ, তথা দ্রৌপদেয়াঃ দ্রৌপদ্যাং জাতাঃ পঞ্চপতিভ্যঃ পঞ্চপুত্রাঃ প্রতিবিন্ধ্যাদয়শ্চ সর্ব্বে তে মহারথাঃ এব ॥ ৬ ॥

আনন্দগিরিকৃতটীকা।

কিঞ্চ ধৃষ্টকেতুরিতি। স্পষ্টং ॥ ৫ ॥

তেষাং সর্ব্বেষামপি মহাবলপরাক্রমভাক্ত্বাদনুপেক্ষ্যত্বং পুনর্ব্বিবক্ষতি সর্ব্ব-এবেতি ॥ ৬ ॥

স্বামিকৃতটীকা।

কিঞ্চ ধৃষ্টকেতুরিতি। চেকিতানো নাম একো রাজা। নরপুঙ্গবঃ নর-শ্রেষ্ঠঃ শৈব্যঃ ॥ ৫ ॥

যুধামন্যুঃ ইতি। বিক্রান্তো যুধামন্যুঃ নাম একঃ। সৌভদ্রোঽভিমন্যুঃ, দ্রৌপদেয়াঃ দ্রৌপদ্যাং পঞ্চভ্যো যুধিষ্ঠিরাদিভ্যো জাতাঃ পুত্রাঃ প্রতিবিন্ধ্যাদয়ঃ

পুরুজিৎ কুন্তিভোজ, নরশ্রেষ্ঠ শৈব্য, পরাক্রমশালী যুধামন্যু, বীর্য্য-বান্ উত্তমৌজা, সুভদ্রা-নন্দন অভিমন্যু এবং দ্রৌপদীর পঞ্চপুত্র প্রতিবিন্ধ্যাদি সকলকেই উপস্থিত প্রতীতি করিতেছি! ইহারা সকলেই মহারথ। এমন কি! প্রত্যেকে সহস্র ধনুর্দ্ধারীর সহিত একাকী যুদ্ধ করিতে সমর্থ! ॥ ৪-৬ ॥

আভাস।

ধৃষ্টদ্যুম্ন অতি উৎকৃষ্টভাবে ব্যূহ-রচনার দ্বারা স্থাপিত পাণ্ডব-সেনাগণের নায়করূপে অধিষ্ঠিত অবলোকন করিয়া, বিষম সমস্যার মধ্যে নিপতিত হইলেন। ভাবিলেন, তাঁহার অগ্রেই আচার্য্য দ্রোণ প্রতিপালিত এবং পক্ষ-সমর্থনে বদ্ধপরিকর হইয়াই সমর-প্রাঙ্গণে উপনীত; অথচ প্রিয় শিষ্য ধৃষ্টদ্যুম্নকে নিজের বিরুদ্ধে শস্ত্রধারণে

অস্মাকন্তু বিশিষ্টা যে তান্নিবোধ দ্বিজোত্তম।
নায়কা মম সৈন্যস্য সংজ্ঞার্থং তান্ ব্রবীমি তে ॥ ৭ ॥

অন্বয়ঃ।

হে দ্বিজোত্তম! মম সৈন্যস্য নায়কাঃ অস্মাকং পক্ষে যে বিশিষ্টাঃ মুখ্যাঃ তান্ তে তব সংজ্ঞার্থং ব্রবীমি! তান্ নিবোধ জানীহি ॥ ৭ ॥

আনন্দগিরিকৃতটীকা।

যদ্যেবং পরকীয়ং বলমতিপ্রভূতং প্রতীত্য অতিভীতবদ্ অভিদধাসি হন্ত সন্ধিরেব পরৈরিষ্যতাং অলং বিগ্রহাগ্রহেণ ইত্যাচার্য্যাভিপ্রায়মাশঙ্ক্য ব্রবীতি অস্মাকমিতি। তু শব্দেনান্তরুৎপন্নমপি স্বকীয়ং ভয়ং তিরোদধানো ধৃষ্টতামাত্মনো দ্যোতয়তি। যে খলু অস্মৎপক্ষে ব্যবস্থিতাঃ সর্ব্বেভ্যঃ সমুৎকর্ষভুষ স্তান্ ময়োচ্যমানান্নিবোধ নিশ্চয়েন মদ্বচনাদবধারয়েত্যর্থঃ। যদ্যপি ত্বমেব ত্রৈবর্ণিকেষু ত্রৈবিদ্যবৃদ্ধেষু প্রধানত্বাৎ প্রতিপত্তুং প্রভবসি, তথাপি মদীয়সৈন্যস্য যে মুখ্যাস্তানহং তে তুভ্যং সংজ্ঞার্থমসংখ্যেষু তেষু মধ্যে কতিচিন্নামভি র্গৃহীত্বা পরিশিষ্টানুপলক্ষয়িতুং বিজ্ঞাপনং করোমি। ন তু অজ্ঞাতং কিঞ্চিত্তব জ্ঞাপয়ামীতি মত্বাহ দ্বিজোত্তমেতি ॥ ৭ ॥

স্বামিকৃতটীকা।

পঞ্চ। মহারথাদীনাং লক্ষণং "একো দশ সহস্রাণি যোধয়েদ্ যস্তু ধন্বিনাম্। শস্ত্রশাস্ত্রপ্রবীণশ্চ মহারথ ইতি স্মৃতঃ ॥ অমিতান্ যোধয়েদ্ যস্তু সংপ্রোক্তোঽতিরথস্তু সঃ। রথী চৈকেন যো যুধ্যেত্তন্ন্যূনোঽর্দ্ধরথঃ স্মৃতঃ" ॥ ৬ ॥

অস্মাকম্ ইতি। নিবোধ বুধ্যস্ব। নায়কাঃ নেতারঃ। সংজ্ঞার্থং সম্যক্ জ্ঞানার্থমিত্যর্থঃ ॥ ৭ ॥

---

হে দ্বিজশ্রেষ্ঠ! আমাদিগের পক্ষেও যে সমস্ত বিশিষ্ট যোদ্ধাগণ মৎপক্ষে সেনা-নায়কের কার্য্য করিবার জন্য উপস্থিত হইয়াছেন, আপনার অবগতির জন্য তাঁহাদেরও নাম উল্লেখ করিতেছি, শ্রবণ করুন! ॥ ৭ ॥

আভাস।

নিষেধ করেন নাই; বরং অনুমোদন করিয়াছেন বুঝিয়া, গুরুর প্রতি দুর্য্যোধন সন্দিহান হইলেন। সুতরাং অভিমান, সন্দেহ এবং হৃদয়ে অবজ্ঞা লইয়া আচার্য্য সমীপে দুর্য্যোধন উপস্থিত হইলেন এবং ভয়-ব্যাকুলিত-চিত্তে তাঁহাকে সম্বোধন

ভবান্ ভীষ্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ সমিতিঞ্জয়ঃ।
অশ্বত্থামা বিকর্ণশ্চ সৌমদত্তি র্জয়দ্রথঃ ॥ ৮ ॥

অন্বয়ঃ।

তান্ পরিগণয়তি যথা ; ভবান্, পিতামহঃ ভীষ্মঃ, কর্ণঃ, সমিতিঞ্জয়ঃ ( সমিতিং সংগ্রামং জয়তীতি তথা ) কৃপঃ, অশ্বত্থামা, মদ্ভ্রাতা বিকর্ণঃ, সৌমদত্তিঃ সোমদত্তপুত্রঃ ভূরিশ্রবাঃ, জয়দ্রথঃ চ ॥ ৮ ॥

আনন্দগিরিটীকা।

তানেব স্বসেনানিবিষ্টান্ পুরুষধৌরেয়ান্ আত্মীয়-ভয়পরিহারার্থং পরিগণয়তি ভবানিত্যাদিনা ॥ ৮ ॥

স্বামিকৃতটীকা।

তানেবাহ ভবান্ ইতি দ্বাভ্যাম্। ভবান্ দ্রোণঃ। সমিতিং সংগ্রামং জয়তীতি তথা। সৌমদত্তিঃ সোমদত্তস্য পুত্রো ভূরিশ্রবাঃ ॥ ৮ ॥

---

আচার্য্যদেব! স্বয়ং আপনি, পিতামহ ভীষ্ম, কর্ণ, রণবীর কৃপাচার্য্য, অশ্বত্থামা, মদীয় ভ্রাতা বিকর্ণ, সোমদত্তাত্মজ ভূরিশ্রবা, জয়দ্রথ

আভাস।

বলিলেন, আচার্য্যদেব! পাণ্ডবগণের যে কি ভীষণ সংগ্রামের আয়োজন হইয়াছে, তাহা একবার নয়ন-গোচর করুন! বিশেষত আপনার প্রিয় শিষ্য বিচক্ষণ ধৃষ্টদ্যুম্নও আপনাকে উপেক্ষা করত, পাণ্ডবদিগের সাহায্যের জন্য আমার বিরুদ্ধে যুদ্ধকৌশল প্রদর্শনার্থ ব্যূহ-রচনায় ব্যস্ত আছে। দশ সহস্র রথীর সহিত একাকী যুদ্ধ করিতে পারেন, এরূপ মহারথ, তন্ন্যূন অতিরথ, রথী ও অর্দ্ধরথী যে পাণ্ডবপক্ষে কত আছে, তাহার সংখ্যা করা অসম্ভব! অবশ্য ভীম ও অর্জ্জুনের তুল্য যোদ্ধা অনেক মহারথ বীরপুরুষ বিপক্ষ পক্ষে আছেন বটে, কিন্তু তাহাতেও আমাদের ভীত হইবার কারণ দেখিতেছি না ॥ ৩-৭ ॥

ঈশ্বর-পরায়ণ ব্যক্তি ব্যতীত, ভোগাভিমানী প্রত্যেক ব্যক্তিই স্বার্থপর হইয়া থাকে। তাহারা স্বার্থের অনুরোধে কাহাকেও বিশ্বাস করিতে পারে না। গুরু বা শিষ্য বলিয়া বাহিরে সম্পর্ক থাকিলেও, অন্তরে অবিশ্বাসী শত্রু বলিয়া তাহারা প্রত্যেককে বুঝিয়া থাকে ; এবং প্রয়োজন হইলে, কাহারও অবমাননা বা অনিষ্ট করিতে ত্রুটি করে না। দুর্য্যোধন একজন ঘোর অভিমানী! নিজের বুদ্ধি এবং

**অন্যে চ বহবঃ শূরা মদর্থে ত্যক্তজীবিতাঃ।**
**নানাশস্ত্রপ্রহরণাঃ সর্ব্বে যুদ্ধবিশারদাঃ॥ ৯॥**

অন্বয়ঃ।

তথা মদর্থে মম হিতায় ত্যক্তজীবিতাঃ জীবনমপি ত্যক্তুমুদ্যতাঃ, নানাশস্ত্র-প্রহরণাঃ সর্ব্বশস্ত্রজ্ঞাঃ, সর্ব্বে যুদ্ধবিশারদাঃ অন্যে বহবঃ শূরাঃ মৎপক্ষে সন্তি॥ ৯॥

আনন্দগিরিকৃতটীকা।

দ্রোণাদিপরিগণনস্য পরিশিষ্টপরিসংখ্যার্থত্বং ব্যাবর্ত্তয়তি অন্যে চেতি। সর্ব্বেঽপি ভবন্তমারভ্য মদীয়পৃতনায়াং প্রবিষ্টাঃ স্বজীবিতাদপি মহ্যং স্পৃহয়ন্তীত্যাহ মদর্থ ইতি। যত্তু তেষাং শূরত্বমুক্তং তদিদানীং বিষদয়তি নানেতি। নানাবিধানি অনেকপ্রকারাণি শস্ত্রাণি আয়ুধানি প্রহরণানি প্রহরণ-সাধনানি যেষাং তে তথা। বহুবিধায়ুধ-সম্পত্তাবপি তৎপ্রয়োগে নৈপুণ্যাভাবে তদ্বৈফল্যমিতি চেন্নেত্যাহ সর্ব্ব ইতি॥ ৯॥

স্বামিকৃতটীকা।

অন্যে চ ইতি। মদর্থে মৎপ্রয়োজনার্থং জীবিতং ত্যক্তুং অধ্যবসিতা ইত্যর্থঃ। নানা অনেকানি, শস্ত্রাণি প্রহরণ-সাধনানি যেষাং তে। যুদ্ধে বিশারদাঃ নিপুণা ইত্যর্থঃ॥ ৯॥

---

**এবং আমার জন্য জীবন পর্য্যন্ত উৎসর্গে প্রস্তুত এরূপ নানা-শস্ত্রাস্ত্র-কুশল ও যুদ্ধনিপুণ অন্যান্য বহু বীরগণও এই সংগ্রামে আমার পক্ষ সমর্থনে উপস্থিত হইয়াছেন॥ ৮।৯॥**

আভাস।

বলের উপরই তাঁহার সম্পূর্ণ নির্ভর! জগৎ যে সম্পূর্ণ ঈশ্বরাধীন, এ জ্ঞান আদৌ তাঁহার হৃদয়ে উদিত হয় নাই। সুতরাং রণক্ষেত্রে উপস্থিত হইয়া, দ্রুপদ-নন্দন ধৃষ্টদ্যুম্নকে ব্যূহ-রচনায় ব্যস্ত দেখিয়া, তাঁহার গাত্রদাহ উপস্থিত হইল। ধৃষ্টদ্যুম্ন যখন দ্রোণাচার্য্যের শিষ্য, তখন অস্ত্র-শিক্ষক দ্রোণাচার্য্যের অভিমত অনুসারেই তিনি কার্য্য করিবেন; সুতরাং অর্থের অনুরোধে আচার্য্য দ্রোণ কৌরব-পক্ষে প্রতিষ্ঠিত থাকিয়াও, পাণ্ডব-পক্ষে স্নেহের অনুরোধে ধৃষ্টদ্যুম্নকে সাহায্য করিতে অনুমতি করিয়াছেন। দুর্য্যোধন এই বিশ্বাস হৃদয়ে লুক্কায়িত রাখিয়া, এই বিষম বিপদ-কালেও আচার্য্য সমীপে উপস্থিত হইয়া, তাঁহাকে সম্মান প্রদর্শন

অপর্য্যাপ্তং তদস্মাকং বলং ভীষ্মাভিরক্ষিতম্।
পর্য্যাপ্তং ত্বিদমেতেষাং বলং ভীমাভিরক্ষিতম্ ॥ ১০ ॥

অন্বয়ঃ।

ভীষ্মাভিরক্ষিতং অপি অস্মাকং তৎ বলং অপর্য্যাপ্তং অসীমং অপি ভীমাভিরক্ষিতং ইদং পুরোবর্ত্তিনং এতেষাং যুধিষ্ঠিরাদীনাং বলং তু কিন্তু পর্য্যাপ্তং (অস্মান্ অভিভবিতুং সমর্থং ইত্যহং মন্যে) ॥ ১০ ॥

আনন্দগিরিকৃতটীকা।

রাজা পুনরপি স্বকীয়ভয়াভাবে হেত্বন্তরমাচার্য্যং প্রত্যাবেদয়তি অপর্য্যাপ্তমিতি। অস্মাকং খল্বিদমেকাদশ-সংখ্যাকাক্ষৌহিণীপরিগণিতমপরিমিতং বলং ভীষ্মেণ চ প্রথিতমহামহিম্না সূক্ষ্মবুদ্ধিনা সর্ব্বতো রক্ষিতং পর্য্যাপ্তং পরেষাং পরিভবে সমর্থং, এতেষাং পুনস্তদ্বলং সপ্তসংখ্যাকাক্ষৌহিণীপরিমিতং বলং ভীমেন চ চপলবুদ্ধিনা কুশলতা-বিকলেন পরিপালিতং অপর্য্যাপ্তমস্মানভিভবিতুমসমর্থমিত্যর্থঃ। অথবা তদিদমস্মাকং বলং ভীষ্মাধিষ্ঠিতং অপর্য্যাপ্তং অপরিমিতমধৃষ্যমক্ষোভ্যং এতেষাং পাণ্ডবানাং বলং ভীমেনাভিরক্ষিতং পর্য্যাপ্তং পরিমিতং সোঢ়ুং শক্যমিত্যর্থঃ। অথবা তৎ

স্বামীকৃতটীকা।

ততঃ কিমত আহ অপর্য্যাপ্তং ইত্যাদি। তৎ তথাভূতৈর্বীরৈঃ যুক্তমপি, ভীষ্মেণ অভিরক্ষিতম্ অপি, অস্মাকং বলং সৈন্যম্, অপর্য্যাপ্তং তৈঃ সহ যোদ্ধুম্ অসমর্থং ভাতি। ইদম্ এতেষাং পাণ্ডবানাং বলং, ভীমাভিরক্ষিতং সৎ পর্য্যাপ্তং সমর্থং ভাতি। ভীষ্মস্য উভয় পক্ষপাতিত্বাৎ অস্মদ্বলং পাণ্ডবসৈন্যং প্রতি অসমর্থম্। ভীমস্য একপক্ষপাতিত্বাৎ এতদ্বলম্ অস্মদ্বলং প্রতি সমর্থং ভাতি ॥ ১০ ॥

---

আমাদিগের সৈন্যসংখ্যা অপর্য্যাপ্ত সংখ্যাতীত এবং স্বয়ং ভীষ্ম কর্ত্তৃক রক্ষিত ও পরিচালিত হইলেও, বিপক্ষ পক্ষে বীরকেশরী ভীমের তত্ত্বাবধানে সুরক্ষিত পাণ্ডব-সৈন্য পর্য্যাপ্ত অর্থাৎ সংখ্যায়

আভাস।

ছলে পরোক্ষে তিরস্কার করিতেই উদ্যত হইয়াছিলেন। মনে মনে বলিলেন যে, বিপক্ষ পক্ষে যদিও বিখ্যাতনামা মহারথগণ আছেন বটে এবং পরোক্ষে তাহাতে দ্রোণেরও স্নেহ আছে, তথাপি নিজের পক্ষে যেরূপ আয়োজন আছে, তাহাতে স্বয়ং আচার্য্য যদি বিপক্ষ-পক্ষে যোগদানও করেন, তাহাতেও দুর্য্যোধন ভীত নহে! তাহাই

**অয়নেষু চ সর্ব্বেষু যথাভাগমবস্থিতাঃ।**
**ভীষ্মমেবাভিরক্ষন্তু ভবন্তঃ সর্ব্বএব হি॥ ১১॥**

অন্বয়ঃ।

সর্ব্বেষু অয়নেষু বূ্যহ-প্রবেশ-মার্গেষু যথাভাগং বিভাগানুসারেণ পৃথক্ পৃথক্ অবস্থিতাঃ সর্ব্বে যূয়ং হি নিশ্চিতং ভীষ্মং এব অভি সমন্তাৎ চতুর্দ্দিক্ষু রক্ষন্ত। যতঃ যুদ্ধে সঃ এব সর্ব্বাধ্যক্ষঃ॥ ১১॥

আনন্দগিরিকৃতটীকা।

পাণ্ডবানাং বলমপর্য্যাপ্তং নালম্ অস্মাকমস্মভ্যং ভীষ্মাভিরক্ষিতং ভীষ্মোঽভিরক্ষিতঃ অস্মৈ পরবলনিবৃত্ত্যর্থমিতি তদেব তথোচ্যতে, ইদং পুনরস্মদীয়ং বলমেতেষাং পাণ্ডবানাং পর্য্যাপ্তং পরিভবে সমর্থং, ভীমাভিরক্ষিতং ভীমো দুর্ব্বল-হৃদয়ো যস্মাদস্মৈ পরবল-নিবৃত্ত্যর্থমভিরক্ষিতঃ তস্মাদস্মাকং ন কিঞ্চিদপি ভয়কারণমস্তীত্যর্থঃ॥ ১০॥

স্বকীয়বলস্য ভীষ্মাধিষ্ঠিতত্বেন বলিষ্ঠত্বমুক্ত্বা ভীষ্মশেষত্বেন তদনুগুণত্বং দ্রোণাদীনং প্রার্থয়তে অয়নেষ্বিতি। কর্ত্তব্যবিশেষদ্যোতী চ শব্দঃ। সমর-সমারম্ভ-

স্বামিকৃতটীকা।

তস্মাৎ ভবদ্ভিরেবং বর্ত্তিতব্যমিত্যাহ অয়নেষু ইতি। অয়নেষু বূ্যহপ্রবেশ-মার্গেষু, যথাভাগং বিভক্তাং স্বাং স্বাং রণভূমিং অপরিত্যজ্য, অবস্থিতাঃ সন্তঃ, সর্ব্বে ভীষ্মমেব অভিরক্ষন্ত, যথা অন্যৈঃ যুধ্যমানঃ পৃষ্ঠতঃ কৈশ্চিন্ন হন্যেত, তথা রক্ষন্ত। ভীষ্মবলেনৈব অস্মাকং জীবনমিতি ভাবঃ॥ ১১॥

---

অল্প হইলেও, বিক্রমে যেন অধিক কার্য্যদক্ষ বলিয়া আমার অনুমান হইতেছে॥ ১০॥

যাহাই হউক, এক্ষণে যখন সমগ্র সৈন্য পরিচালনের ভার এক পিতামহ ভীষ্মের উপর ন্যস্ত রহিয়াছে, তখন আপনারা সকলে

আভাস।

ইঙ্গিতে আচার্য্যকে বুঝাইলেন। কারণ দ্রোণাচার্য্য ব্রাহ্মণ! যুদ্ধের কৌশল সম্বন্ধে ভীষ্মের অভিজ্ঞতা বিশেষরূপ আছে; তজ্জন্য এই যুদ্ধের ভার পিতামহের উপরই ন্যস্ত রহিল। অন্য সকলে কেবল ভীষ্মের দেহ রক্ষার জন্য প্রস্তুত থাকুন! এইরূপ বলায়, বিপদ্ কালে দুর্য্যোধনের দুর্ব্বুদ্ধি বশত তাদৃশ বীরচূড়ামণি দ্রোণাচার্য্যের হৃদয়ে বরং মনোগ্লানির উদয় করা হইল। সঞ্জয়ের অভিপ্রায়, হে ধৃতরাষ্ট্র! ব্রাহ্মণ দ্রোণাচার্য্য অস্ত্রবিদ্যা, যুদ্ধকৌশল এবং বূ্যহ-রচনাদির যোগ্যতায় যেরূপ পারদর্শী, এরূপ আর অন্য কেহ ছিলেন না। বিশেষতঃ তৎকালে এক ভীষ্ম ব্যতীত,

তস্য সঞ্জনয়ন্ হর্ষং কুরুবৃদ্ধঃ পিতামহঃ।
সিংহনাদং বিনদ্যোচ্চৈঃ শঙ্খং দধ্মৌ প্রতাপবান্ ॥ ১২ ॥

অন্বয়ঃ।

তস্য রাজ্ঞঃ দুর্য্যোধনস্য হর্ষং সঞ্জনয়ন্ উৎপাদয়ন্ কুরুবৃদ্ধঃ প্রতাপবান্ পিতামহঃ ভীষ্মঃ উচ্চৈঃ সিংহনাদং গম্ভীর-রবং বিনদ্য কৃত্বা, শঙ্খং দধ্মৌ বাদিতবান্ ॥ ১২ ॥

আনন্দগিরিকৃতটীকা।

সময়ে যোধানাং যথাপ্রধানং যুদ্ধভূমৌ পূর্ব্বাপরাদি-দিগ্বিভাগেন অবস্থিত-স্থানানি নিয়ম্যন্তে তান্যয়নান্যুচ্যন্তে। সেনাপতিশ্চ সর্ব্বসৈন্যমধিষ্ঠায় মধ্যে তিষ্ঠতি। তেষু সর্ব্বেষু প্রকৃষ্টং প্রবিভাগমপ্রত্যাখ্যায় ভবান্ অশ্বত্থামা কর্ণশ্চেত্যেবমাদয়ো ভবন্তঃ সর্ব্বে অবস্থিতাঃ সন্তো ভীষ্মমেব সেনাপতিং সর্ব্বতো রক্ষন্তু। তস্য হি রক্ষণে সর্ব্বমস্মদীয়ং বলং রক্ষিতং স্যাৎ; পরবলনিবৃত্ত্যর্থত্বেন তস্যাম্ভীরক্ষিতত্বাদিত্যর্থঃ॥১১॥

তমেবমাচার্য্যং প্রতি সম্বাদং কুর্ব্বন্তং ভয়াবিষ্টং রাজানং দৃষ্ট্বা তদভ্যাসবর্ত্তী পিতামহ স্তদ্বুদ্ধ্যনুরোধার্থং ইত্থং কৃতবানিত্যাহ তস্যেতি। রাজ্ঞো দুর্য্যোধনস্য হর্ষং

স্বামিকৃতটীকা।

তদেবং বহুমানযুক্তং রাজ্ঞো দুর্য্যোধনস্য বাক্যং শ্রুত্বা ভীষ্মঃ কিং কৃতবান্, তদাহ তস্য ইত্যাদি। তস্য রাজ্ঞো হর্ষং কুর্ব্বন্, পিতামহো ভীষ্মঃ উচ্চৈঃ মহান্তং, সিংহনাদং বিনদ্য কৃত্বা, শঙ্খং দধ্মৌ বাদিতবান্ ॥ ১২ ॥

স্ব স্ব নির্দ্দিষ্ট ব্যূহ-দ্বারকে অবরুদ্ধ রাখিয়া, অধিনায়ক ভীষ্মের দেহ সর্ব্বতোভাবে রক্ষা করুন!॥ ১১ ॥

রাজা দুর্য্যোধনের তাদৃশ সম্মান-সূচক বাক্য শ্রবণ করিয়া, মহারথ ভীষ্ম তাঁহার আনন্দ এবং উৎসাহ বর্দ্ধনার্থ সিংহনাদ সহকারে অতি উচ্চরবে শঙ্খধ্বনি করিলেন ॥ ১২ ॥

আভাস।

কুরু-পাণ্ডব-বংশীয় যোদ্ধৃবৃন্দের তিনিই আচার্য্য। অথচ তিনি নিজেই যুদ্ধার্থ উপস্থিত; তখন তাঁহাকে সেনাপতি না করিয়া, ভীষ্মকে সেনাপতি এবং দ্রোণকে তাঁহার পার্শ্ব-রক্ষক করায়, যুদ্ধের প্রারম্ভেই ব্রাহ্মণের অবমাননার পাপে লিপ্ত হওয়া হইল। এদিকে দুর্য্যোধনের আনন্দবর্দ্ধনার্থ ভীষ্ম সিংহনাদের সহিত শঙ্খধ্বনি করায়, দ্রোণাচার্য্যের হৃদয়-গ্লানি দ্বিগুণিত করা হইল; তখন যুদ্ধের পরিণাম যে কি হইবে, তাহা হে মহারাজ! মনে মনেই সিদ্ধান্ত করুন!॥৮—১২॥

ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ পণবানক-গোমুখাঃ ।
সহসৈবাভ্যহন্যন্ত স শব্দস্তুমুলোঽভবৎ ॥ ১৩ ॥

অন্বয়ঃ ।

ততঃ শঙ্খাঃ ভের্য্যঃ চ পণবাঃ মার্দ্দলাঃ, আনকাঃ ঢকাঃ, গোমুখাঃ বাদ্যবিশেষাঃ সহসা তৎক্ষণমেব অভ্যহন্যন্ত বাদিতাঃ; সঃ বাদ্যযন্ত্রাণাং মিলিত-ধ্বনিঃ তুমুলঃ ভয়প্রদঃ অভূৎ ॥ ১৩ ॥

আনন্দগিরিকৃতটীকা ।

বুদ্ধিগতমুল্লাসবিশেষং পরপরিভবদ্বারা স্বকীয়বিজয়দ্বারকং সম্যগ্ উৎপাদয়ন্ ভয়ং তদীয়মপনিনীষুঃ উচ্চৈঃ সিংহনাদং কৃত্বা শঙ্খমাপূরিতবান্। কিমিতি দুর্য্যোধনস্য হর্ষমুৎপাদয়িতুং পিতামহো যততে। কুরুবৃদ্ধত্বাত্তস্য কুরুরাজত্বাৎ পিতামহত্বাচ্চ অস্য, দুর্য্যোধন-ভয়াপনয়নার্থা প্রবৃত্তিরুচিতা। তদুপজীবিতয়া তদ্বশত্বাচ্চ তস্য চ সিংহনাদে শঙ্খশব্দে চ পরেষাং হৃদয়ব্যাথা সম্ভাব্যতে দূরাদেব অরিনিবহং প্রতি ভয়জনন-লক্ষণপ্রতাপত্বাদিত্যর্থঃ ॥ ১২ ॥

রাজাভিপ্রায়ং প্রতীত্য ভীষ্মপ্রবৃত্ত্যনন্তরং তৎপক্ষৈ স্তৈস্তৈ রাজভিঃ শঙ্খাদয়ো-

স্বামিকৃতটীকা ।

তদেবং সেনাপতে ভীষ্মস্য যুদ্ধোৎসবমালোক্য সর্ব্বতো যুদ্ধোৎসবঃ প্রবৃত্ত ইত্যাহ তত ইত্যাদিনা। পণবাঃ মার্দ্দলাঃ আনকাঃ গোমুখাশ্চ বাদ্যবিশেষাঃ সহসা তৎক্ষণাদেবাভ্যহন্যন্ত বাদিতাঃ, স শব্দঃ শঙ্খাদিশব্দ স্তুমুলো মহান্ অভূৎ ॥ ১৩ ॥

প্রতাপবান্ ভীষ্মের যুদ্ধোৎসাহ অবলোকন করিয়া, কৌরব-পক্ষীয় সেনাসমূহের মধ্যে অসংখ্য শঙ্খ, ভেরী, পণব, আনক এবং গোমুখ প্রভৃতি বাদ্য-যন্ত্র তৎক্ষণাৎ একত্র বাজিয়া উঠিল; এবং সে শব্দ ঘোর গভীর রবে সর্ব্বত্র ব্যাপ্ত হইল ॥ ১৩ ॥

আভাস ।

দ্রোণাচার্য্যের হর্ষে বিষাদ যুদ্ধের প্রারম্ভেই সূচিত হইল। সুতরাং ক্ষুণ্ণহৃদয়ে তিনি যুদ্ধে প্রবৃত্ত। এদিকে মহাবীর ভীষ্ম দুর্য্যোধনের উৎসাহ বর্দ্ধনার্থ যেমন সিংহ-নাদে শঙ্খধ্বনি করিলেন, অমনি বিনা বিবেচনায় অন্যান্য দুর্য্যোধন-পক্ষীয় বীরবৃন্দ সকলে একত্র স্ব স্ব শঙ্খধ্বনি করত যুদ্ধোৎসাহ প্রদর্শন করিলেন এবং একত্র বাদিত সেই শঙ্খধ্বনিও ঘোর রোলে প্রতিধ্বনিত হইয়া উঠিল; পাণ্ডবপক্ষীয়গণও অগত্যা

ততঃ শ্বেতৈর্হয়ৈর্যুক্তে মহতি স্যন্দনে স্থিতৌ।
মাধবঃ পাণ্ডবশ্চৈব দিব্যৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ ॥ ১৪ ॥
পাঞ্চজন্যং হৃষীকেশো দেবদত্তং ধনঞ্জয়ঃ।
পৌণ্ড্রং দধ্মৌ মহাশঙ্খং ভীমকর্ম্মা বৃকোদরঃ ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

ততঃ শ্বেতৈঃ হয়ৈঃ অশ্বৈঃ, যুক্তে মহতি স্যন্দনে রথে, স্থিতৌ মাধবঃ শ্রীকৃষ্ণঃ, পাণ্ডবঃ অর্জ্জুনঃ চ এতৌ দিব্যৌ অপূর্ব্বৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ বাদয়ামাসতুঃ ॥ ১৪ ॥

তত্র হৃষীকেশঃ (হৃষীকাণাং ইন্দ্রিয়াণাং ঈশঃ শ্রীকৃষ্ণঃ) পাঞ্চজন্যং শঙ্খং, ধনঞ্জয়ঃ অর্জ্জুনঃ দেবদত্তং, ভীমকর্ম্মা বৃকোদরঃ ভীমঃ, মহাশঙ্খং পৌণ্ড্রং ॥ ১৫ ॥

আনন্দগিরিকৃতটীকা।

বাদ্যবিশেষা ঝটিতি শব্দবন্তঃ সংপাদিতাঃ। সচ শঙ্খাদিপ্রযুক্তশব্দ স্তুমুলো বহুলং ভয়ং পরেষাং পরিদ্যোতয়ন্ আসীদিত্যাহ তত ইতি ॥ ১৩ ॥

এবং দুর্য্যোধনপক্ষে প্রবৃত্তিমালক্ষ্য পরিসরবর্ত্তিনৌ কেশবার্জ্জুনৌ শ্বেতৈর্হয়ৈ-রতি-বল-পরাক্রমৈ-র্যুক্তে মহত্যপ্রধৃষ্যে রথে ব্যবস্থিতৌ অপ্রাকৃতৌ শঙ্খৌ পূরিত-বন্তাবিত্যাহ ততঃ শ্বেতৈ র্হয়ৈরিতি ॥ ১৪ ॥

শঙ্খয়ো র্দিব্যত্বমেব আবেদয়তি পাঞ্চজন্যমিতি। কেশবার্জ্জুনয়ো র্যুদ্ধাভিমুখ্যং

স্বামিকৃতটীকা।

ততঃ পাণ্ডবসৈন্যে প্রবৃত্তং যুদ্ধোৎসবমাহ তত ইত্যাদিভিঃ পঞ্চভিঃ। স্যন্দনে রথে স্থিতৌ সন্তৌ কৃষ্ণার্জ্জুনৌ দিব্যৌ শঙ্খৌ প্রকর্ষেণ দধ্মতু র্বাদয়ামাসতুঃ ॥ ১৪ ॥

তদেব বিভাগেন দর্শয়ন্নাহ পাঞ্চজন্যমিতি। পাঞ্চজন্যাদীনি নামানি শ্রীকৃষ্ণা-

---

তৎকালে শুভ্রবর্ণ অশ্ব-সমূহে সংযোজিত প্রকাণ্ড রথে উপবিষ্ট শ্রীকৃষ্ণ এবং অর্জ্জুন উভয়ে পৃথক্ পৃথক্ অতি অপূর্ব্ব দৈবী শঙ্খের ধ্বনি করিলেন ॥ ১৪ ॥

হৃষীকেশ শ্রীকৃষ্ণ পাঞ্চজন্য শঙ্খ এবং অর্জ্জুন দেবদত্ত নামক

আভাস।

প্রত্যুত্তর ছলে পৃথক্ পৃথক্ শঙ্খধ্বনি করিলেন। কিন্তু যে সকল শঙ্খ পাণ্ডব-পক্ষ হইতে ধ্বনিত হইল, প্রত্যেকটী বিখ্যাতনামা এবং দেবদত্ত; সুতরাং তাহাদের ধ্বনিতে বিপক্ষ পক্ষের হৃদয়ে ভীষণ উদ্বেগেরই উপস্থিতি হইয়াছিল।

অনন্তবিজয়ং রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
নকুলঃ সহদেবশ্চ সুঘোষ-মণিপুষ্পকৌ ॥ ১৬ ॥
কাশ্যশ্চ পরমেষ্বাসঃ শিখণ্ডী চ মহারথঃ।
ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ সাত্যকিশ্চাপরাজিতঃ ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

কুন্তীপুত্রঃ রাজা যুধিষ্ঠিরঃ অনন্তবিজয়ং, নকুলঃ সহদেবঃ চ সুঘোষ-মণিপুষ্পকৌ ॥ ১৬ ॥

পরমেষ্বাসঃ মহাধনুর্দ্ধারী কাশ্যঃ কাশীপতিঃ, মহারথঃ শিখণ্ডী, ধৃষ্টদ্যুম্নঃ বিরাটঃ, অপরাজিতঃ সাত্যকিঃ চ ॥ ১৭ ॥

আনন্দগিরিকৃতটীকা।

দৃষ্ট্বা সংহৃষ্টঃ সারথ্যেন সমর-রসিকোঽভীমসেনোঽপি যুদ্ধাভিমুখোঽভূদিত্যাহ পৌণ্ড্রমিতি ॥ ১৫ ॥

এতেষাং ঈদৃশীং প্রবৃত্তিং প্রতীত্য পরিপালনাবকাশমাসাদ্য রাজ্ঞো যুধিষ্ঠিরস্যাপি প্রবৃত্তিং দর্শয়তি অনন্তেতি। জ্যায়সাং ভ্রাতৄণামনুসরণমাবশ্যকমিতি মত্বা তয়োর্যবীয়সো ভ্রাত্রোরপি প্রবৃত্তিমাহ নকুল ইতি ॥ ১৬ ॥

অন্যেষামপি তৎপক্ষীয়াণাং রাজ্ঞামৈকমত্যং বিজ্ঞাপয়ন্ ধৃতরাষ্ট্রস্য দুরাশাং সঞ্জয়োব্যুদস্যতি কাশ্যশ্চেত্যাদিনা ॥ ১৭ ॥

স্বামিকৃতটীকা।

দিশন্তানাং, নামানি ভীমং ঘোরং কর্ম্ম যস্য সঃ বৃকবৎ উদরং যস্য সঃ বৃকোদরঃ পৌণ্ড্রং মহাশঙ্খং দধ্মৌ ॥ ১৫ ॥

অনন্তেতি। নকুলঃ সুঘোষং নাম শঙ্খং দধ্মৌ সহদেবো মণিপুষ্পকং নাম ॥১৬॥

কাশ্যশ্চেতি। কাশ্যঃ কাশীরাজঃ কথম্ভূতঃ পরমঃ শ্রেষ্ঠঃ ইষ্বাসো ধনুর্যস্য সঃ ॥১৭॥

---

শঙ্খের যেমন ধ্বনি করিলেন, অমনি প্রবল বিক্রম বৃকোদর পৌণ্ড্র-নামক শঙ্খকে নিনাদিত করিলেন ॥ ১৫ ॥

এদিকে কুন্তীপুত্র রাজা যুধিষ্ঠির অনন্ত-বিজয় নামক শঙ্খ, এবং নকুল ও সহদেব যথাক্রমে সুঘোষ এবং মণিপুষ্পক নামক শঙ্খের ধ্বনি করিলেন ॥ ১৬ ॥

আভাস।

পাণ্ডব পক্ষে যাঁহারা শঙ্খ বাজাইয়াছিলেন, তাঁহারা প্রত্যেকেই অসাধারণ বীর এবং বিশ্ব-বিজয়ী যোদ্ধা; তাদৃশ বীর দুর্য্যোধনের পক্ষে কেহ ছিল না।

দ্রুপদো দ্রৌপদেয়াশ্চ সর্ব্বশঃ পৃথিবীপতে ।
সৌভদ্রশ্চ মহাবাহুঃ শঙ্খান্দধ্মুঃ পৃথক্ পৃথক্ ॥ ১৮ ॥
স ঘোষো ধার্ত্তরাষ্ট্রাণাং হৃদয়ানি ব্যদারয়ৎ ।
নভশ্চ পৃথিবীঞ্চৈব তুমুলোঽভ্যনুনাদয়ন্ ॥ ১৯ ॥

অন্বয়ঃ ।

দ্রুপদঃ, দ্রৌপদেয়াঃ দ্রৌপদীপুত্রাঃ, মহাবাহুঃ সৌভদ্রঃ অভিমন্যুঃ চ সর্ব্বশঃ সর্ব্বে এতে হে পৃথিবীপতে ধৃতরাষ্ট্র! পৃথক্ পৃথক্ শঙ্খান্ দধ্মুঃ ॥ ১৮ ॥

সঃ তুমুলঃ ভীষণঃ ঘোষঃ শব্দঃ, নভঃ অন্তরীক্ষং পৃথিবীং চ ব্যনুনাদয়ন্ শব্দিতং কুর্ব্বন্ ধার্ত্তরাষ্ট্রাণাং দুর্য্যোধনাদীনাং হৃদয়ানি, ব্যদারয়ৎ বিদারিতবান্ ॥১৯॥

আনন্দগিরিকৃতটীকা ।

দ্রুপদ ইতি । পরমেষ্বাসাদিবিশেষ-লক্ষণ-চতুষ্টয়ং প্রত্যেকং সম্বধ্যতে ॥ ১৮ ॥

তৈ স্তৈ রাজভিঃ শঙ্খানাপূরয়দ্ভিঃ আপাদিতো মহান্ ঘোষ স্তুমুলোঽতিভৈরবো

স্বামিকৃতটীকা ।

দ্রুপদ ইতি । হে পৃথিবীপতে ধৃতরাষ্ট্র ॥ ১৮ ॥

স চ শঙ্খানাং নাদ স্বদীয়ানাং মহাভয়ং জনয়ামাসেত্যাহ স ঘোষ ইত্যাদি ।

---

এবং পাণ্ডব-পক্ষীয় মহাধনুর্দ্ধর কাশীরাজ মহারথ শিখণ্ডী, ধৃষ্টদ্যুম্ন, বিরাটরাজ, অপরাজেয় সাত্যকি, দ্রুপদ, দ্রৌপদীর পুত্রপঞ্চ এবং সুভদ্রানন্দন মহাবীর অভিমন্যু প্রভৃতি বীরগণ সকলেই আপন আপন শঙ্খের ধ্বনি করিয়াছিলেন ॥ ১৭ । ১৮ ॥

পাণ্ডব-পক্ষীয় শঙ্খ সমূহের ধ্বনি এত প্রচণ্ডবেগে নভো-মণ্ডল

আভাস ।

পাণ্ডব-পক্ষে সারথী শ্রীকৃষ্ণ! যাঁহার নাম হৃষীকেশ অর্থাৎ ইন্দ্রিয়-নিয়ন্তা; এবং নায়ক রাজা যুধিষ্ঠির। এতদ্দারা ইঙ্গিতে প্রকাশ করা হইয়াছে যে, সম্প্রতি যুধিষ্ঠির রাজা না হইলেও, পরে যে তিনিই রাজা হইবেন, সে বিষয়ে আর সন্দেহ নাই। কারণ কর্ম্মবীর অর্জ্জুন; তিনি পূর্ব্বেই সমস্ত রাজন্য-বর্গকে আপন অধীনে আনয়ন করত, ধন সংগ্রহে ধনঞ্জয় নাম প্রাপ্ত হইয়াছেন এবং এক্ষণে যুদ্ধক্ষেত্রে উপস্থিত হইয়া, তিনি কর্ত্তব্যের চিন্তা নিজের উপর নির্ভর না করিয়া, হৃষীকেশ সারথীর উপর ন্যস্ত রাখিয়াছেন। সুতরাং ভীষণ আপৎকালে

অথ ব্যবস্থিতান্ দৃষ্ট্বা ধার্ত্তরাষ্ট্রান্ কপিধ্বজঃ।
প্রবৃত্তে শস্ত্রসম্পাতে ধনুরুদ্যম্য পাণ্ডবঃ ॥ ২০ ॥
হৃষীকেশং তদা বাক্যমিদমাহ মহীপতে।

অন্বয়ঃ।

কপিধ্বজঃ ( কপিঃ বানর-প্রতিমূর্ত্তিঃ রথধ্বজায়াং যস্য সঃ ) পাণ্ডবঃ অর্জ্জুনঃ ধার্ত্তরাষ্ট্রান্ দুর্য্যোধন-সৈনিকান্ ব্যবস্থিতান্ অপ্রচলিত ভাবেন বর্ত্তমানান্ দৃষ্ট্বা

আনন্দগিরিকৃতটীকা।

নভশ্চান্তরীক্ষং পৃথিবীঞ্চ ভুবনং লোকত্রয়ং সর্ব্বমেব বিশেষেণানুক্রমেণ নাদয়ন্ নাদযুক্তং কুর্ব্বন্ ধার্ত্তরাষ্ট্রাণাং দুর্য্যোধনাদীনাং হৃদয়ানি অন্তঃকরণানি ব্যদারয়ৎ বিদারিতবান্। যুজ্যতে হি তৎপ্রেরিত শঙ্খঘোষ-শ্রবণাৎ ত্রৈলোক্যাক্রোশে তদুপশ্রুতাং তেষাং হৃদয়েষু দোধূয়মানত্বং তদাহ স ঘোষ ইতি ॥ ১৯ ॥

দুর্য্যোধনাদীনাং ধার্ত্তরাষ্ট্রাণামেবং ভয়প্রাপ্তিং প্রদর্শ্য পার্থাদীনাং পাণ্ডবানাং তদ্বৈপরীত্যমিদানীমুদাহবতি অথেত্যাদিনা। ভীতিপ্রত্যুপস্থিতেরনন্তরং পলায়নে প্রাপ্তেঽপি ধৈর্য্যমুৎপাদ্য ব্যবস্থিতান্ অপ্রচলিতানেব পরান্ প্রত্যক্ষেণোপলভ্য

স্বামিকৃতটীকা।

ধার্ত্তরাষ্ট্রাণাং ত্বদীয়ানাং হৃদয়ানি বিদারিতবান্ কিং কুর্ব্বন্ নভশ্চ পৃথিবীঞ্চাভ্যনুনাদয়ন্ প্রতিধ্বনিভিরাপূরয়ন ॥ ১৯ ॥

এতস্মিন্ সময়ে শ্রীকৃষ্ণং অর্জ্জুনো বিজ্ঞাপয়ামাসেত্যাহ অথেত্যাদি চতুর্ভিঃ শ্লোকৈঃ, অথেতি। অথানন্তরং মহাশঙ্খানন্তরং ব্যবস্থিতান্ যুদ্ধোদ্যোগেঽবস্থিতান্ কপিধ্বজোঽর্জ্জুনঃ ॥ ২০ ॥

---

এবং মেদিনীতে দিক্ দিগন্ত এরূপ প্রতিধ্বনিত হইয়াছিল যে, সে রবে দুর্য্যোধনাদির হৃদয়ে ভয়ের সঞ্চার হইয়াছিল ॥ ১৯ ॥

বানর-প্রতিমূর্ত্তি-চিহ্নিত ধ্বজায় সুশোভিত রথে সমাসীন পাণ্ডুনন্দন অর্জ্জুন বিপক্ষ পক্ষে শর-বর্ষণার্থ গাণ্ডীব ধনু হস্তে লইয়া যখন

আভাস।

যখন শ্রীকৃষ্ণের ন্যায় সুহৃৎ তাঁহার সঙ্গে, তখন কি আর তাঁহাদের পরাজয় হওয়া সম্ভব! ॥ ১৩ ॥ ১৯ ॥

• দুর্য্যোধন-পক্ষ পাণ্ডবগণের বীরপুরুষগণকে দর্শন করিয়া এবং তাঁহাদের

সেনয়োরুভয়োর্মধ্যে রথং স্থাপয় মেঽচ্যুত ॥ ২১ ॥
যাবদেতান্নিরীক্ষেঽহং যোদ্ধুকামানবস্থিতান্।

অন্বয়ঃ।

তথা শর-সম্পাতে (উভয় পক্ষয়োঃ শরসমূহে) প্রবৃত্তে নিক্ষেপোন্মুখে সতি হে মহীপতে! হৃষীকেশং শ্রীকৃষ্ণং ইদং বক্ষ্যমাণং বাক্যং আহ ॥ ২০। ২১ ॥

আনন্দগিরিকৃতটীকা।

হনুমন্তং বানর-বরং ধ্বজ-লক্ষণত্বেন আদায় অবস্থিতোঽর্জ্জুনো ভগবন্তমাহ ইতি সম্বন্ধঃ। কিমাহেত্যপেক্ষায়ামিদং বক্ষ্যমাণং হেতুমদ্বচনমাহ বাক্যমিতি। কস্যাং অবস্থায়ামিদমুক্তবানিতি তত্রাহ প্রবৃত্ত ইতি। শস্ত্রাণাং ইষুপ্রাসপ্রভৃতীনাং সম্পাতঃ সমুদায় তস্মিন্ প্রবৃত্তে প্রয়োগাভিমুখে সতীতি যাবৎ। কিং কৃত্বা ভগবন্তং প্রত্যুক্তবানিতি। তত্রাহ ধনুরিতি। মহীপতি শব্দেন রাজা প্রজ্ঞাচক্ষুঃ সঞ্জয়েন সংবোধ্যতে ॥ ২০ ॥

তদেব গাণ্ডীবধন্বিনো বাক্যমনুক্রামতি সেনয়োরিতি। উভয়োরপি সেনয়োঃ সন্নিহিতয়োর্মধ্যে মদীয়ং রথং স্থাপয়েত্যর্জ্জুনেন সারথ্যে সর্ব্বেশ্বরো নিযুজ্যতে,

স্বামিকৃতটীকা।

তদেব বাক্যমাহ সেনয়োরিত্যাদি ॥ ২১ ॥

---

দেখিলেন যে, বিপক্ষ পক্ষে দুর্য্যোধনাদি ধৃতরাষ্ট্র-তনয়গণ যুদ্ধার্থ সুপ্রতিষ্ঠিত ভাবে দণ্ডায়মান রহিয়াছেন, তখন তিনি শর বর্ষণে নিরস্ত হইয়া, হে মহারাজ! হৃষীকেশ শ্রীকৃষ্ণকে সম্বোধন করত বলিলেন ॥ ২০ ॥

হে অচ্যুত! এই সংগ্রাম ব্যাপারে কাহাদের সহিত আমাকে

আভাস।

শংখ-নিনাদ শ্রবণে ভীত হইলেও, ধৃষ্টতা নিবন্ধন রুধির-স্রোতে কুরুক্ষেত্রকে প্লাবিত করত সত্যধর্ম্মকে নির্ব্বাসিত করিবার জন্য অগ্রসর! কিন্তু সহায়-সম্পন্ন এবং নিজেরা কৃতকর্ম্মা হইয়াও, পাছে সত্যধর্ম্মের লোপাপত্তি ঘটে, এই ভয়ে পাণ্ডব-কুল-তিলক বীরাগ্রগণ্য নির্ভীক অর্জ্জুন কৃষ্ণ-চরণে শরণাগত হইয়া, কিংকর্ত্তব্যের উপদেশার্থ সর্ব্বত্যাগী সন্ন্যাসীর বেশে দণ্ডায়মান। অহো! ভক্তের প্রার্থনা ভগবান্ প্রতিপালন করিলেন ॥ ২০ ॥

অর্জ্জুন শ্রীকৃষ্ণকে বলিলেন, হে কৃষ্ণ! তোমার নাম ত অচ্যুত! তুমি আমারই

কৈর্ম্ময়া সহ যোদ্ধব্যমস্মিন্ রণসমুদ্যমে ॥ ২২ ॥
যোৎস্যমানানবেক্ষেঽহং য এতেঽত্র সমাগতাঃ।

অন্বয়ঃ।

অর্জ্জুনঃ উবাচ। হে অচ্যুত! উভয়োঃ সেনয়োঃ মধ্যে মে মম রথং স্থাপয়! অস্মিন্ রণসমুদ্যমে সমরোদ্যোগে কৈঃ সহ ময়া যোদ্ধব্যং যোদ্ধুকামান্ অবস্থিতান্ এতান্ অহং নিরীক্ষে! ॥ ২২ ॥

আনন্দগিরিকৃতটীকা।

কিং হি ভক্তানামশক্যং যদ্ভগবানপি তন্নিয়োগং অনুতিষ্ঠতি। যুক্তং হি ভগবতো-ভক্তপারবশ্যং। অচ্যুতেতি সম্বোধনতয়া ভগবতঃ স্বরূপং ন কদাচিদপি প্রচ্যুতিং প্রাপ্নোতীত্যুচ্যতে ॥ ২১ ॥

মধ্যে রথং স্থাপয়েত্যুক্তং তদেব রথস্থাপনস্থানং নির্ধারয়তি যাবদিতি। এতান্ প্রতিপক্ষত্বেন প্রতিষ্ঠিতান্ ভীষ্মদ্রোণাদীন্ অস্মাভিঃ সার্দ্ধং যোদ্ধুমপেক্ষাবতো

স্বামিকৃতটীকা।

নমু ত্বং যোদ্ধা ন তু যুদ্ধপ্রেক্ষকঃ তত্রাহ কৈর্ম্ময়েত্যাদি। কৈঃ সহ ময়া যোদ্ধব্যং ॥ ২২ ॥

---

যুদ্ধ করিতে হইবে এবং কোন্ কোন্ বীর সমর-বাসনায় এখানে উপস্থিত হইয়াছেন, তাঁহাদের সকলকে যাহাতে আমি নয়ন-গোচর করিতে পারি, তজ্জন্য এই উভয় পক্ষের মধ্যস্থলে আমার রথ স্থাপন করুন ॥ ২১ ॥ ২২ ॥

আভাস।

রথেই অচ্যুত ভাবে আছ বলিয়াই কি অন্য কোথায়ও নাই! তাহা অসম্ভব! তুমি সর্ব্বত্র আছ; তবে চল দেখি! যাহারা যুদ্ধার্থ উপস্থিত, সেই উভয় কুলের মধ্যস্থলে রথসহ উপস্থিত হই! এবং তোমার অচ্যুত ভাবটীকে একবার অন্তর-হৃদয়ে অনুভব করি! ॥

তীক্ষ্ণ বিবেক-বলে ভীত বা উত্তেজিত না হইয়া, অর্জ্জুন যুদ্ধার্থ প্রতিপক্ষ-ভাবে দণ্ডায়মান উভয় সৈন্যের মধ্যস্থলে কেবল দর্শকরূপে অবস্থান করিবার অভিপ্রায়ে রথ চালাইতে আদেশ করিলে, নিঃশঙ্কচিত্ত চিত্তে শ্রীকৃষ্ণ রথ চালাইয়া মধ্যস্থলে রাখিয়াছিলেন; এবং তাদৃশ সময়ে অর্জ্জুন স্বপক্ষ ও বিপক্ষে স্থিত ভীষ্ম

ধার্ত্তরাষ্ট্রস্ত দুর্ব্বুদ্ধে র্যুদ্ধে প্রিয়চিকীর্ষবঃ ॥ ২৩ ॥

এবমুক্তো হৃষীকেশো গুড়াকেশেন ভারত।

অন্বয়ঃ।

দুর্ব্বুদ্ধেঃ ধার্ত্তরাষ্ট্রস্ত দুর্য্যোধনস্ত যুদ্ধে প্রিয়চিকীর্ষবঃ হিতাকাঙ্ক্ষিণঃ যে এতে রাজানঃ অত্র রণপ্রাঙ্গণে সমাগতাঃ যোৎস্যমানান্ যুদ্ধার্থং উদ্যতান্ তান্ অহং অবেক্ষে পশ্যামি ॥ ২৩ ॥

আনন্দগিরিকৃতটীকা।

যাবদ্গত্বা নিরীক্ষিতুমহং ক্ষমঃ স্যাং তাবতি প্রদেশে রথস্য স্থাপনং কর্ত্তব্যমিত্যর্থঃ। কিঞ্চ প্রবৃত্তে যুদ্ধপ্রারম্ভে বহবো রাজানো হমুষ্যাং যুদ্ধভূমাবুপলভ্যন্তে তেষাং মধ্যে কৈঃ সহ ময়া যোদ্ধব্যং ন হি কচিদপি মম গতিপ্রতিহতিরস্তীত্যাহ কৈর্ম্ময়েতি ॥২২॥

প্রতিযোগিনামভাবে কথং তব যুদ্ধোৎসুক্যং ফলবত্তবেদিতি তত্রাহ যোৎস্যমানানিতি। যে কেচিদেতে রাজানো নানাদেশেভ্যোঽত্র কুরুক্ষেত্রে সমবেতা স্তানহং

স্বামিকৃতটীকা।

যোৎস্যমানানিতি। ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য, প্রিয়ং কর্ত্তুমিচ্ছবো. য ইহ সমাগতাঃ তান্ অহং যাবৎ দ্রক্ষ্যামি তাবদুভয়োঃ সেনয়ো র্মধ্যে মে রথং স্থাপয় ইতি ভাবঃ ॥ ২৩ ॥

তাহা হইলে দুর্বুদ্ধি ধৃতরাষ্ট্র-নন্দন দুর্য্যোধনের পক্ষ সমর্থনে তদীয় হিত-কামনায় যুদ্ধ করিবার অভিপ্রায়ে যাঁহারা এই কুরুক্ষেত্র রণভূমে সমাগত হইয়াছেন, আমি তাঁহাদের সকলকেই নয়নগোচর করিতে পারিব ॥ ২৩ ॥

আভাস।

প্রভৃতি যোদ্ধৃবৃন্দের প্রতি দৃষ্টিপাত করিয়া, স্বয়ং যুদ্ধার্থ বাণ নিক্ষেপের পরিবর্ত্তে শ্রীকৃষ্ণ সন্নিধানে হিতাহিতের সংগ্রামে বিচার-বাণ নিক্ষেপে সত্য-সিংহাসনের অনুসন্ধানে প্রবৃত্ত হইলেন। অহো ধৃতরাষ্ট্র! ঐশ্বর্য্য বা ভোগের আসক্তির কথা দূরে থাকুক, স্বকীয় জীবনের প্রতিও উপেক্ষা করিয়া, অর্জ্জুন আদ্যোপান্ত গীতা কৃষ্ণমুখে শ্রবণ করত, পরমানন্দ-স্বরূপ সত্যের সিংহাসন জয়ে জীবন্মুক্তি লাভ করিলেন। কিন্তু তৎকালে দুর্য্যোধনাদি কুরুপক্ষীয়গণ যুদ্ধার্থ অস্ত্রশস্ত্র উত্তোলন করিয়াও সত্যের প্রভাবে অভিভূত জড়ের ন্যায়, দণ্ডায়মান রহিল। অর্জ্জুন গীতা শ্রবণে বলীয়ান্ হইলেন! গীতা জগতে প্রচারিত হইল। শ্রীকৃষ্ণের অনুকম্পে

সেনয়োরুভয়োর্মধ্যে স্থাপয়িত্বা রথোত্তমম্ ॥ ২৪ ॥
ভীষ্মদ্রোণপ্রমুখতঃ সর্ব্বেষাঞ্চ মহীক্ষিতাম্।

অন্বয়ঃ।

সঞ্জয়ঃ উবাচ। হে ভারত! গুড়াকেশেন অর্জ্জুনেন এবং উক্তঃ হৃষীকেশঃ কৃষ্ণঃ উভয়োঃ সেনয়োঃ মধ্যে ভীষ্মদ্রোণ-প্রমুখতঃ সর্ব্বেষাং মহীক্ষিতাং চ

আনন্দগিরিকৃতটীকা।

যোৎস্যমানান্ পরিগৃহীতপ্রহরণোপায়ানভিতরাঃ সংগ্রাম-সমুৎসুকানুপলভে, তেন প্রতিযোগিনাং বাহুল্যমিত্যর্থঃ। তেষামস্মাভিঃ সহ পূর্ব্ববৈরাভাবে কথং প্রতিযোগিত্বং প্রকল্প্যতে তত্রাহ ধার্ত্তরাষ্ট্রস্যেতি। ধৃতরাষ্ট্র-পুত্রস্য দুর্য্যোধনস্য দুর্ব্বুদ্ধেঃ স্বরক্ষণোপায়-মপ্রতিপদ্যমানস্য যুদ্ধায় সংরম্ভং কুর্ব্বতো যুদ্ধে যুদ্ধভূমৌ স্থিত্বা প্রিয়ং কর্ত্তুমিচ্ছবো রাজানঃ সমাগতাঃ দৃশ্যন্তে, তেন তেষামৌপাধিকমস্মৎপ্রতিযোগিত্ব-মুপপন্নমিত্যর্থঃ ॥ ২৩ ॥

এবমর্জ্জুনেন প্রেরিতো ভগবান্ অহিংসারূপং ধর্ম্মমাশ্রিত্য প্রায়শো যুদ্ধাৎ তং নিবর্ত্তয়িষ্যতীতি ধৃতরাষ্ট্রস্য মনীষাং হৃদয়স্থিত্বা সঞ্জয়ো রাজানং প্রত্যুক্তবান্ ইত্যাহ সঞ্জয় ইতি। ভগবতো হি তৃষ্ণাপহারার্থং প্রবৃত্তস্য অর্জ্জুনাভিপ্রায়প্রতিপত্তিদ্বারেণ স্বাভিসন্ধিং প্রতিলভমানস্য পরোক্তিমনুসৃত্য স্বাভিপ্রায়ানুকূলমনুষ্ঠানমাদর্শয়তি এবমিতি ॥ ২৪ ॥

স্বামিকৃতটীকা।

ততঃ কিং বৃত্তম্ ইত্যপেক্ষায়াং আহ এবমুক্ত ইত্যাদি। গুড়াকা নিদ্রা, তস্যা ঈশেন জিতনিদ্রেণ অর্জ্জুনেন, এবমুক্তঃ সন্। হে ভারত। ধৃতরাষ্ট্র! ॥ ২৪ ॥

সঞ্জয় বলিলেন, হে ভরত-বংশাবতংস ধৃতরাষ্ট্র! গুড়াকেশ (জিতনিদ্র) জিতেন্দ্রিয় অর্জ্জুন কর্ত্তৃক এই প্রকারে অভিহিত হইয়া, হৃষীকেশ (সর্ব্বান্তর্যামী) বাসুদেব অর্জ্জুনের সুসজ্জিত রথখানি চালাইয়া উভয়-পক্ষীয় সৈন্য সমূহের মধ্যস্থলে উপস্থিত হইলেন;

আভাস।

কংসের নিযুক্ত প্রহরী সমূহ বসুদেব ও দেবকীর কারাগারের চতুর্দ্দিকে তীক্ষ্ণ ভাবে প্রহরীর কার্য্য করিলেও, মহামায়ার মোহপ্রভাবে তাহারা সকলেই নিদ্রিত রহিল। শ্রীকৃষ্ণের জন্ম, বসুদেব ও দেবকী কর্ত্তৃক শ্রীকৃষ্ণের স্তব এবং তদীয়

উবাচ পার্থ পশ্যৈতান্ সমবেতান্ কুরূনিতি ॥ ২৫ ॥
তত্রাপশ্যৎ স্থিতান্ পার্থঃ পিতৄনথ পিতামহান্ ।

অন্বয়ঃ ।

অগ্রতঃ রথোত্তমং স্থাপয়িত্বা, হে পার্থ! সমবেতান্ এতান্ কুরূন্ পশ্য! ইতি উবাচ ॥ ২৪ । ২৫ ॥

আনন্দগিরিকৃতটীকা ।

ভীষ্মদ্রোণাদীনামন্যেষাঞ্চ রাজ্ঞামন্তিকে রথং স্থাপয়িত্বা ভগবান্ কিং কৃতবানিতি তদাহ উবাচেতি । এতানভ্যাসে বর্ত্তমানান্ কুরূন্ কুরুবংশপ্রসূতান্ ভবদ্ভিঃ সার্দ্ধং যুদ্ধার্থং সঙ্গতান্ পশ্য! দৃষ্ট্বা চ যৈঃ সহ অত্র যুযুৎসা তব উপাবস্তুতে তৈঃ সাকং যুদ্ধং কুরু । নো খল্বেতেষাং শস্ত্রাস্ত্রশিক্ষাবতাং মহীক্ষিতামুপেক্ষা উপপদ্যতে । নারথ্যে তু ন মনঃ খেদনীয়মিত্যর্থঃ ॥ ২৫ ॥

স্বামিকৃতটীকা ।

উভয়োঃ সেনয়োর্মধ্যে রথানামুত্তমং রথং, হৃষীকেশঃ স্থাপিতবান্ । ভীষ্মদ্রোণ ইতি মহীক্ষিতাং রাজ্ঞাং চ প্রমুখতঃ সম্মুখে রথং স্থাপয়িত্বা হে পার্থ! এতান্ কুরূন্ পশ্য ইতি শ্রীভগবান্ উবাচ ॥ ২৫ ॥

---

এবং ভীষ্ম দ্রোণ ও অন্যান্য রাজন্য-বর্গের অভিমুখে উপস্থিত হইয়া অর্জ্জুনকে সম্বোধন করত বলিলেন, হে পৃথানন্দন! কুরু পক্ষে সমাগত বীরগণের প্রতি তুমি অবলোকন কর! ॥ ২৪।২৫ ॥

আভাস ।

অনুমতি অনুসারে বসুদেব কর্ত্তৃক নন্দালয়ে বালক কৃষ্ণকে লইয়া যাওয়া এবং তথায় যশোদার পার্শ্বে কৃষ্ণকে রাখিয়া, তদীয়া সদ্যোজাতা কুমারীকে আনয়ন করত দেবকীর পার্শ্বে শয়ন করান পর্য্যন্ত যেমন বিদ্রোহী কংসানুচর অসুর-কুল নিস্তব্ধে নিরীহের ন্যায়, নিদ্রিত ছিল ; পরে মহামায়ার প্রসব-কালোচিত কাতর কণ্ঠধ্বনি শ্রবণে প্রহরিগণ জাগরিত হইয়া, কংসকে প্রসবের সংবাদ প্রদান করে এবং তখন কংস জাগ্রত হইয়া, উন্মত্তের ন্যায় আগমন পূর্ব্বক কন্যা-হননে উপস্থিত হয় ; সেই-রূপ ধৃতরাষ্ট্র অর্জ্জুনের সমীপে শ্রীকৃষ্ণের মুখারবিন্দ হইতে তদীয় আত্মস্বরূপের প্রত্যক্ষ পরিচয়-স্বরূপ শ্রীগীতার আদ্যোপান্ত ভাব পরিস্ফুট ভাবে প্রসূত না হওয়া পর্য্যন্ত, পরস্পরের যুদ্ধের ব্যাপারে নিরীহ ভাবে নিস্তব্ধ ছিল। কারণ শ্রীগীতা লয়প্রাপ্ত উক্তি-

আচার্য্যান্মাতুলান্ ভ্রাতৄন্ পুত্রান্ পৌত্রান্ সখীংস্তথা ॥
শ্বশুরান্ সুহৃদশ্চৈব সেনয়োরুভয়োরপি ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

তত্র উভয়োঃ অপি সেনয়োঃ মধ্যে স্থিতান্ পিতৄন্ পিতৃস্থানীয়ান্ পিতামহান্ আচার্য্যান্ মাতুলান্ ভ্রাতৄন্ পুত্রান্ পৌত্রান্ সখীন্ শ্বশুরান্ তথা সুহৃদঃ চ অপশ্যৎ ॥ ২৬ ॥

আনন্দগিরিকৃতটীকা।

এবং স্থিতে মহানধর্ম্মো হিংসেতি বিপরীত-বুদ্ধ্যা যুদ্ধাদুপরিরংসা পার্থস্য সং-প্রবৃত্তেতি কথয়তি অত্রেত্যাদিনা। সপ্তম্যা ভগবদভ্যনুজ্ঞানে সমর-সমারম্ভায় সংপ্রবৃত্তে সতি ইত্যেতদুচ্যতে। সেনয়োরুভয়োরপি স্থিতান্ পার্থোঽপশ্যদিতি সম্বন্ধঃ। অথশব্দ স্তথাশব্দ-পর্য্যায়ঃ। শ্বশুরাঃ ভার্য্যাণাং জনয়িতারঃ। সুহৃদো মিত্রাণি কৃতবর্ম্ম-প্রভৃতয়ঃ ॥ ২৬ ॥

স্বামিকৃতটীকা।

ততঃ কিং বৃত্তমিত্যাহ তত্রেতি। পিতৄন্ পিতৃব্যানিত্যর্থঃ, পুত্রান্ পৌত্রানিতি দুর্য্যোধনাদীনাং যে পুত্রাঃ পৌত্রাশ্চ তানিত্যর্থঃ, সখীন্ মিত্রাণি, সুহৃদঃ কৃতোপ-কারাংশ্চ অপশ্যৎ ॥ ২৬ ॥

অর্জ্জুন তখন উভয় পক্ষীয় সৈন্য-সাগরের প্রতি দৃষ্টিপাত করিয়া দেখিলেন যে, পরস্পরে ঘনিষ্ঠ ভাবে সম্বদ্ধ, নিকট আত্মীয়, কেহ পিতৃব্য, কেহ পিতামহ, আচার্য্য, মাতুল, ভ্রাতা, পুত্র, পৌত্র, সখা, শ্বশুর, এবং সুহৃদাদি আপন আপন জনগণই যুদ্ধের দ্বারা প্রাণোৎ-সর্গের জন্য সকলেই সেই সমর প্রাঙ্গণে উপনীত হইয়াছেন ॥ ২৬ ॥

আভাস।

প্রকৃতি নহে ; শ্রীকৃষ্ণের মুখারবিন্দ হইতে বিনিঃসৃত নিজের পরমার্থ স্বরূপ-ভাব। যে কলেবরে শ্রীকৃষ্ণ যুদ্ধক্ষেত্রে বিরাজমান ছিলেন, সেটী তাঁহার প্রাকৃত দেহ ; শ্রীগীতাই তাঁহার অপ্রাকৃত দেহ। সুতরাং সেই অপ্রাকৃত দেহের প্রলয়-কালে যোগ সম্পাদন উপলক্ষে প্রাণপণে যুদ্ধার্থ উদ্যোগী সৈন্যকুল নিরীহের ন্যায়, নিস্তব্ধ দণ্ডায়-মান ছিল। শ্রীগীতা কৃষ্ণ-হৃদয় হইতে প্রসূত হইয়া, অর্জ্জুন হৃদয়ে বাজিয়া উঠিল ; পরে সেই ধ্বনি সমগ্র নভোভাগ ব্যাপ্ত করত, সঞ্জয়াদি বিবেকীর হৃদয়ে আশ্রয় করিত অদ্যাপি বিদ্যমান রহিয়াছে। এই শ্রীগীতাই ভগবানের শ্রীমূর্ত্তি, যাহা জগতে

তান্ সমীক্ষ্য স কৌন্তেয়ঃ সর্ব্বান্ বন্ধূনবস্থিতান্।
কৃপয়া পরয়াবিষ্টো বিষীদন্নিদমব্রবীৎ ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

সঃ কৌন্তেয়ঃ কুন্তীপুত্রঃ অর্জ্জুনঃ তত্র অবস্থিতান্ সর্ব্বান্ তান্ বন্ধূন্ সমীক্ষ্য দৃষ্ট্বা, পরয়া মহত্যা কৃপয়া মমতয়া আবিষ্টঃ গৃহীতঃ, অতঃ বিষীদন্ খেদং কুর্ব্বন্ ইদং অব্রবীৎ উবাচ ॥ ২৭ ॥

আনন্দগিরিকৃতটীকা।

সেনাদ্বয়ে ব্যবস্থিতান্ যথোক্তান্ পিতৃপিতামহাদীনালোক্য পরমকৃপা-পরবশঃ সন্ অর্জ্জুনো ভগবন্তমুক্তবানিত্যাহ তানিতি। বিষীদন্ যথোক্তানাং পিত্রাদীনাং হিংসাসংরম্ভ-নিবন্ধনং বিষাদমুপতাপং কুর্ব্বন্নিত্যর্থঃ ॥ ২৭ ॥

স্বামিকৃতটীকা।

ততঃ কিং কৃতবান্ ইত্যত আহ তানিতি। আবিষ্টো ব্যাপ্তো যুক্তঃ, বিষীদন্ বিশেষেণ সীদন্ অবসাদং গ্লানিং লভমানঃ ॥ ২৭ ॥

তাদৃশ পরমাত্মীয় বন্ধুগণকে যুদ্ধার্থ সমবেত অবলোকন করিয়া অর্জ্জুনের যুদ্ধ-লালসা একেবারে তিরোহিত হইয়া গেল। তিনি গুরুতর প্রেমোচ্ছ্বাসে আবদ্ধ হইয়া, অবসন্ন-ভাবে শ্রীকৃষ্ণকে সম্বোধন করিয়া বলিলেন ॥ ২৭ ॥

আভাস।

সাধুগণের পরিত্রাণ এবং অসাধুগণের নিগ্রহের জন্য অদ্যাপি প্রতিষ্ঠিত রহিয়াছে।

সারথী শ্রীকৃষ্ণকে পুরোভাগে উপবেশন করাইয়া, নিজে যোদ্ধারূপে পশ্চাৎ ভাগে বিদ্যমান থাকিবার তাৎপর্য্যই এই যে, স্বার্থে জলাঞ্জলি দিয়া পরমার্থের প্রতি দৃষ্টি করত যখন অর্জ্জুনের কর্ম্ম-প্রবৃত্তি, তখন সে কার্য্যে যে তিনি কৃতকার্য্য হইবেন, তাহাতে আর সন্দেহ নাই। অম্লরস দধিভাণ্ড মন্থন করিলে যদি অমৃত-রস নবনী পাওয়া যায়, তখন হিংসাপূর্ণ যুদ্ধক্ষেত্রে বিচাররূপ মন্থন দণ্ডের আশ্রয়ে কি দুর্লভ প্রেমপূর্ণ মুক্তিরস মিলিবে না! এই চিন্তায় অর্জ্জুন ধনুর্ব্বাণ পার্শ্বে নিক্ষিপ্ত রাখিয়া, হিংসার পূর্ণ বিকাশে সুসজ্জিত যুযুৎসু উভয় পক্ষের মধ্যস্থলে উপস্থিত হইয়া, বিচাররূপ মন্থন-দণ্ড তন্মধ্যে নিক্ষেপ করিবা মাত্র, প্রথম স্বীয় হৃদয়ে লৌকিক প্রেমামৃত অনুভব করিলেন; তাঁহার হিংসাভাব দূরে পলায়ন করিল॥

যুদ্ধার্থী দ্রোণভীষ্মাদি আত্মীয়গণকে সম্মুখে দণ্ডায়মান দেখিয়া, লৌকিক প্রেমানুরোধে যে বৈরাগ্যের উদয় হইল, অর্জ্জুন তাহা অচ্যুতানন্দ গোবিন্দের

অর্জ্জুন উবাচ ॥

দৃষ্টেমান্ স্বজনান্ কৃষ্ণ যুযুৎসূন্ সমবস্থিতান্ ।
সীদন্তি মম গাত্রাণি মুখঞ্চ পরিশুষ্যতি ॥ ২৮ ॥

অন্বয়ঃ ।

হে কৃষ্ণ! যুযুৎসূন্ যোদ্ধুং ইচ্ছূন্ ইমান্ স্বজনান্ সমবস্থিতান্ দৃষ্ট্বা মম গাত্রাণি অঙ্গানি সীদন্তি, মুখং চ পরিশুষ্যতি ॥ ২৮ ॥

আনন্দগিরিকৃতটীকা ।

তদেবেদংশব্দবাচ্যং বচনং উদাহরতি দৃষ্টেতি । আত্মীয়ং বন্ধুবর্গং যুদ্ধেচ্ছয়া যুদ্ধভূমাবুপস্থিতমুপলভ্য শোকপ্রবৃত্তিং দর্শয়তি সীদন্তীতি । সেবাংশস্য এব অর্জুনস্য অনাত্মবিদঃ স্বপরদেহেম্বাত্মাত্মীয়াভিমানবত স্তৎপ্রিয়স্য যুদ্ধারম্ভে তন্মৃত্যুপ্রসঙ্গদর্শিনঃ শোকো মহানাসীদিত্যর্থঃ ॥ ২৮ ॥

স্বামিকৃত টীকা ।

কিমত্র সীদিত্যাপেক্ষায়ামাহ দৃষ্টেমানিত্যাদি যাবদধ্যায়-সমাপ্তি । হে কৃষ্ণ! যোদ্ধুমিচ্ছতঃ পুরতঃ সম্যগবস্থিতান্ স্বজনান্ বন্ধুজনান্ দৃষ্ট্বা মদীয়ানি গাত্রাণি করচরণাদীনি সীদন্তি বিশীর্য্যন্তে ॥ ২৮ ॥

---

হে কৃষ্ণ! এই সমস্ত স্বজন-গণকে যুদ্ধ-বাসনায় উপনীত নিরীক্ষণ করিয়া, আমার অঙ্গ প্রত্যঙ্গ অবসন্ন হইয়া আসিতেছে। আমার মুখ শুষ্ক হইয়া বাঙ্‌নিষ্পত্তির শক্তিও হারাইতেছে! আমার শরীরে

আভাস ।

জ্ঞান-সমুদ্রে নিক্ষেপ করত যখন আত্মহারা হইলেন, তখনই সেই ভগবৎ-প্রেমানন্দ লহরীর মূর্ত্তিতে ভক্ত অর্জ্জুনের হৃদয়ে প্রবেশ করিল, তাহাই পবিত্র গীতা। ইহা পরম পুরুষের দৈবী সম্পত্তি; সুতরাং দেবতারই মূর্ত্তি। ॥ ২৭ ॥

অর্জ্জুন যে ভাবে ভগবানকে আত্মসমর্পণ করিয়াছিলেন, তাহাই অধ্যায়ের পরিসমাপ্তি পর্য্যন্ত শ্লোক-সমূহে বর্ণিত হইয়াছে। অকিঞ্চিৎকর পার্থিব ঐশ্বর্য্যের অনুরোধে বিবাদ করত কুরু ও পাণ্ডব-বংশীয়গণের অষ্টাদশ অক্ষৌহিণী সেনা জীবন-পাত সংগ্রামার্থ কুরুক্ষেত্র ধর্ম্ম ভূমিকে রণপ্রাঙ্গণে পরিণত করিতে প্রস্তুত; অর্জ্জুন কিন্তু উভয় পক্ষীয় সেনাদলের মধ্যে উপনীত হইয়া, পিতামহ ভীষ্ম এবং দ্রোণাচার্য্য প্রভৃতি পূজনীয় ব্যক্তি এবং ভ্রাতা পুত্র পৌত্র প্রভৃতি স্বজন-গণকে সামান্য

বেপথুশ্চ শরীরে মে রোমহর্ষশ্চ জায়তে।
গাণ্ডীবং স্রংসতে হস্তাৎ ত্বক্ চৈব পরিদহ্যতে ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

মে মম শরীরে বেপথুঃ কম্পঃ, রোমহর্ষঃ রোমাঞ্চঃ, চ জায়তে, হস্তাৎ গাণ্ডীবং ধনুঃ স্রংসতে স্খলতি, ত্বক্ চ পরিদহ্যতে সন্তপ্যতে ॥ ২৯ ॥

আনন্দগিরিকৃতটীকা।

অঙ্গেষু ব্যথা মুখে পরিশোষশ্চেত্যুক্তং শোকলিঙ্গমুক্তং সংপ্রতি বেপথু-প্রভৃতীনি ভীতিলিঙ্গান্যুপন্যস্যতি বেপথুশ্চেতি। রোমহর্ষো রোম্ণাং গাত্রেষু পুলকিতত্বং ॥ ২৯ ॥

স্বামিকৃতটীকা।

কিঞ্চ বেপথুশ্চেত্যাদি। বেপথুঃ কম্পঃ রোমহর্ষো রোমাঞ্চঃ। স্রংসতে নিপততি। পরিদহ্যতে সর্ব্বতঃ সন্তপ্যতে ॥ ২৯ ॥

কম্প আসিতেছে এবং রোম-হর্ষ উপস্থিত হইতেছে। গাণ্ডীব ধনুঃ হস্ত হইতে স্খলিত হইতেছে এবং একটী ভীষণ জ্বালা-ভার সমস্ত দেহে উপলব্ধি করিতেছি! আমি আর রথোপরি উপবিষ্ট

আভাস।

ধন ও ঐশ্বর্য্যের অনুরোধে প্রাণ বিসর্জ্জনে প্রস্তুত অবলোকন করিয়া, বিস্মিত হইলেন। সামান্য বিষয়ের জন্য প্রাণ পরিত্যাগে প্রস্তুত অসংখ্য মানবকে একত্রীকৃত দেখিয়া অর্জ্জুন আর ধৈর্য্য ধারণে সক্ষম হইলেন না। তিনি ভাবিলেন, এই ব্যাপার কি বুদ্ধিমান্ জ্ঞানী ব্যক্তির কার্য্য-পরিচয়? কি সম্পূর্ণ অজ্ঞানী মূর্খের কার্য্য-পরিচয়! যাহার ভোগ বা শান্তিলাভের জন্য ঐশ্বর্য্যের প্রয়োজন, সেই জীবনকেই নষ্ট করিলে, ভোগ কাহার হইবে! এই সমবেত বীরগণ কি ইহার কিছুই অবধারণ করিতেছেন না! শ্রুতি বলিয়াছেন, "বিজ্ঞানসারথী র্যস্তু মনঃ প্রগ্রহবান্ নরঃ। সোঽধ্বনঃ পারমাপ্নোতি তদ্বিষ্ণোঃ পরমং পদং" ॥ গাড়ীতে আরোহণ করিলেই হয় না; গাড়ির চালক বা সারথী চক্ষুষ্মান্ কি অন্ধ, এবং ঘোড়ার রাস মজবুত কি না পূর্ব্বে তাহা দেখা কর্ত্তব্য। এই দুইয়ের একটী মন্দ হইলে, রথভঙ্গ, খানায় পড়া, এমন কি মৃত্যু পর্য্যন্ত সম্ভব। অতএব এই দুইটী বিচক্ষণতার সহিত নির্ব্বাচন করা কর্ত্তব্য।

ধৃতরাষ্ট্র এবং পাণ্ডু দুই পরস্পরে ভ্রাতা; সুতরাং উভয় বংশের সহিত বৃষ্ণী-বংশীয় শ্রীকৃষ্ণের তুল্য সম্পর্ক। যুদ্ধকালে শ্রীকৃষ্ণের পক্ষে উভয় কুলের কাহারও

ন চ শক্নোম্যবস্থাতুং ভ্রমতীব চ মে মনঃ।
নিমিত্তানি চ পশ্যামি বিপরীতানি কেশব ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

মে মম মনঃ তথা ভ্রমতি ইব যথা অহং অবস্থাতুং ন শক্নোমি। হে কেশব! বিপরীতানি অমঙ্গল-সূচকানি, নিমিত্তানি লক্ষণানি চ পশ্যামি ॥ ৩০ ॥

আনন্দগিরিকৃতটীকা।

কিঞ্চ অধৈর্য্যমপি সংবৃত্তমিত্যাহ নচেতি। মোহোঽপি মহান্ ভবতীত্যাহ ভ্রমতীর্ব্বেতি। বিপরীতনিমিত্ত প্রতীতেরপি মোহো ভবতীত্যাহ নিমিত্তানীতি। তানি বিপরীতানি নিমিত্তানি যানি বামনেত্রস্ফুরণাদীনি ॥ ৩০ ॥

স্বামিকৃতটীকা।

অপিচ নচ শক্নোমীত্যাদি। বিপরীতানি নিমিত্তানি অনিষ্টসূচকানি শকুনাদীনি পশ্যামি ॥ ৩০ ॥

থাকিতে পারিতেছি না; আমার যেন মতিভ্রংশ উপস্থিত হইতেছে। এদিকে, হে কেশব! এই যুদ্ধে কেবল অমঙ্গলেরই চিহ্ন-সমূহ নয়ন-গোচর করিতেছি ॥ ২৮ ॥ ৩০ ॥

আভাস।

কোনরূপ সহায়তা করা উচিত নহে; কিম্বা তুল্যরূপে উভয় কুলকে সাহায্য করা কর্ত্তব্য। তিনি উভয় কুলকে সাহায্য-প্রার্থী অবলোকন করিয়া, আপনার বল ও বুদ্ধিকে দুইভাগে বিভক্ত করিলেন। দুই অক্ষৌহিণী প্রবল-প্রতাপ বলস্বরূপ নারায়ণী সেনা একপক্ষ এবং বুদ্ধিরূপ স্বয়ং দ্বিতীয় পক্ষ হইলেন। নারায়ণী সেনা যুদ্ধ করিবে; কিন্তু তিনি নিজে যুদ্ধ করিবেন না; কেবল পরামর্শ দিবেন। দুর্য্যোধন বলিলেন, আমি নিজে যথেষ্ট বুঝি এবং বুদ্ধিদাতা লোক আমার যথেষ্ট আছে; সুতরাং নারায়ণী সেনাই আমার প্রয়োজন। অর্জ্জুনাদি পাণ্ডবগণ বলিলেন, আমাদের চালক কেহ নাই; হে হৃষীকেশ! তুমি যদি মানব মাত্রেরই হৃদয়-মন্দিরে উপবিষ্ট থাকিয়া, প্রত্যেকের ইন্দ্রিয়-বর্গকে চালিত করিতে পার! তবে আমার রথে সারথী হইয়া, আমাকে কেন এই সমর ব্যাপারে চালিত করিবে না! ধৃতরাষ্ট্র তনয়ের নয় অক্ষৌহিণী সেনা, আমাদের সাত অক্ষৌহিণী। আবার তোমার দুই অক্ষৌহিণী তাহাদের সহিত মিলিত হইলে, তাহাদের একাদশ অক্ষৌহিণী হইল বটে এবং আমাদের মোটে সাত

নচ শ্রেয়োঽনুপশ্যামি হত্বা স্বজনমাহবে।

অন্বয়ঃ।

অতঃ আহবে যুদ্ধে স্বজনং হত্বা শ্রেয়ঃ চ ন অনু পশ্যামি; অতঃ হে কৃষ্ণ!

আনন্দগিরিকৃতটীকা।

যুদ্ধে স্বজনহিংসায়া ফলানুপলম্ভাদপি তস্মাৎপরিরংসা জায়ত ইত্যাহ নচেতি।

স্বামিকৃতটীকা।

কিঞ্চ নচেত্যদি। আহবে যুদ্ধে স্বজনং হত্বা শ্রেয়ঃ ফলং ন পশ্যামি।

---

সুতরাং এই ভয়াবহ সংগ্রামে স্বজন-গণের বিনাশ সাধনে আমি কোন প্রকার শ্রেয়ঃসাধন দেখিতেছি না। এস্থলে আমার

আভাস।

অক্ষৌহিণী; তথাপি তোমার বিজ্ঞান-বলকে আমরা অনেক অধিক মনে করি!

হে ধৃতরাষ্ট্র! নরদেহ প্রাপ্ত হইয়া, যে ব্যক্তি বিজ্ঞানরূপী সত্যজ্ঞানকে তাহার দেহরথে সারথী করিয়া অশ্বরূপী ইন্দ্রিয়-নিচয়ের বল্‌গা (লাগাম) সেই সারথীর হস্তে ন্যস্ত রাখিতে পারে, সে যদি এই অপার অসার দুরন্ত সংসার পারাবারকে অতিক্রম করিয়া, বিষ্ণুর পরম পদে স্থান পাইতে পারে, তখন অর্জ্জুন এই সামান্য কুরুপাণ্ডবের সৈন্য-সাগর অতিক্রম করিবার উপলক্ষে জনার্দ্দন শ্রীকৃষ্ণের হস্তে তাঁহার রথ-চালনের ভার ন্যস্ত করিয়া, জয় লাভে সমর্থ হইবে না, তুমি মনে করিতেছ!

ওই শুন! অর্জ্জুন তাদৃশ সমর-ক্ষেত্রে উপনীত হইয়া এবং যোদ্ধাগণ শংখ নিনাদের পর যুদ্ধে প্রবৃত্ত হইবার জন্য শরাসনে বাণযোজনা করত নিক্ষেপে প্রবৃত্ত দেখিয়াও, স্বয়ং ধনুর্ব্বাণ রথোপরি বিন্যস্ত করত, কর্ত্তব্যের পরামর্শার্থ শ্রীকৃষ্ণের শরণাগত। তখন অর্জ্জুনের হৃদয়ে সত্যযুগের উদয় হইয়াছে। ঐশ্বর্য্যের অনুরোধে নর-সংহারকারী যুদ্ধে আর তাঁহার প্রবৃত্তি নাই। তিনি অহিংসাকেই পরম ধর্ম্ম বলিয়া হৃদয়ে স্থান দিয়াছেন। তিনি হিংসার ব্যাপার মাত্র চিন্তা করিয়াই অবসন্নপ্রায় ও কম্পিত-কলেবর হইতেছেন! এমন কি! যে তাঁহাকে হিংসার দৃষ্টিতে

ন কাঙ্ক্ষে বিজয়ং কৃষ্ণ ন চ রাজ্যং সুখানি চ ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

যুদ্ধে অহং বিজয়ং ন কাঙ্ক্ষে ; রাজ্যং সুখানি চ ন (কাঙ্ক্ষে) ॥ ৩১ ॥

আনন্দগিরিকৃতটীকা।

প্রাণানাং সুহৃদাং হিংসয়া বিজয়ো রাজ্যং সুখানি চ লব্ধুং শক্যানীতি কুতো-বুদ্ধ্যাহপরতিরিত্যাশঙ্ক্যাহ ন কাঙ্ক্ষ ইতি ॥ ৩১ ॥

স্বামিকৃতটীকা।

বিজয়াদিকং ফলং কিং ন পশ্যসীতি চেৎ তত্রাহ ন কাঙ্ক্ষ ইতি ॥ ৩১ ॥

---

বীরোচিত বিজয়ের প্রার্থনা রাখি না ; কৃষ্ণ হে! আমি রাজ্যের আকাঙ্ক্ষা রাখি না এবং কোনরূপ সুখেরও প্রত্যাশা করি না! ॥৩১॥

আভাস।

নিরীক্ষণ করিয়া, প্রাণ সংহারে উদ্‌যোগী, তাহাকেও অর্জ্জুন প্রেমে আলিঙ্গন করিতে প্রস্তুত! আপনি কি মনে করেন যে, হিংসাই জয় লাভের একমাত্র কারণ! প্রকৃত পক্ষে তাহা নহে। হিংসা হিংসককে কালক্রমে সকলের প্রেমে বঞ্চিত করে। হিংসামূর্ত্তি ব্যাঘ্র হিংসার অভিপ্রায়ে শিকার ধরিতে অগ্রসর হইবার কালে যদি নিজের পদবিক্ষেপের ধ্বনি শব্দায়মান হইয়া, তাহার শিকারের জীবকে সতর্ক করিয়া দেয় এবং সেই জীব তাহার লক্ষ্য হইতে পলায়ন করে, তাহা হইলে, সেই ব্যাঘ্র ক্রোধে আপন পদকেই কামড়াইয়া ক্ষত বিক্ষত করিয়া ফেলে ; এবং সেই ক্ষতের অনুরোধে তাহার জীবনও অকালে বিনষ্ট হয়। প্রেমের অধিকার কিন্তু অসীম ও অনন্ত।

সম্প্রতি আত্মীয় স্বজন-গণের প্রতি হিংসা করিতে বিরত হইয়া, প্রেম ও স্নেহ লইয়া অর্জ্জুন শ্রীকৃষ্ণের শরণাগত হইলেন! এবং বলিলেন যে, স্বজনগণকে নিহত করিয়া, রাজ্যৈশ্বর্য্য এবং ভোগ সুখের প্রত্যাশী আমি নহি। অধিক কি! ইহাদিগকে নিহত করিয়া, আমি জীবন ধারণেও প্রস্তুত নহি ॥ ২৮-৩১ ॥

কিং নো রাজ্যেন গোবিন্দ কিং ভোগৈর্জীবিতেন বা।
যেষামর্থে কাঙ্ক্ষিতং নো রাজ্যং ভোগাঃ সুখানি চ ॥ ৩২ ॥
ত ইমেঽবস্থিতা যুদ্ধে প্রাণাংস্ত্যক্ত্বা ধনানি চ।
আচার্য্যাঃ পিতরঃ পুত্রাস্তথৈব চ পিতামহাঃ ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

হে গোবিন্দ! নঃ অস্মাকং রাজ্যেন কিং (প্রয়োজনং) ভোগৈঃ জীবিতেন বা কিং? যতঃ যেষাং অর্থে ভোগায়, নঃ অস্মাকং রাজ্যং কাঙ্ক্ষিতং ভোগাঃ প্রার্থিতাঃ সুখানি চ কাঙ্ক্ষিতানি, তে ইমে আচার্য্যাঃ পিতরঃ পুত্রাঃ তথা পিতামহাঃ মাতুলাঃ শ্বশুরাঃ পৌত্রাঃ শ্যালাঃ তথা সম্বন্ধিনঃ চ প্রাণান্ ধনানি চ ত্যক্ত্বা

আনন্দগিরিকৃতটীকা।

কিমিতি রাজ্যাদিকং সর্ব্বাকাঙ্ক্ষিতত্বাৎ ন কাঙ্ক্ষসে; তেন হি পুত্র-ভ্রাত্রাদীনাং স্বাস্থ্যমাধাতুং শক্যমিত্যাশঙ্ক্যাহ কিমিতি। রাজ্যাদীনামাক্ষেপে হেতুমাহ যেষামিতি ॥ ৩২ ॥

তানেব বিশিনষ্টি আচার্য্যা ইতি ॥ ৩৩ ॥

স্বামিকৃতটীকা।

এতদেব প্রপঞ্চয়তি কিং নো রাজ্যেনেত্যাদি সার্দ্ধদ্বয়েন ॥ ৩২ ॥

ত ইমে ইতি। যদর্থমস্মাকং রাজ্যাদিকমপেক্ষিতং তে এতে প্রাণধনাদি-ত্যাগমঙ্গীকৃত্য যুদ্ধার্থমবস্থিতাঃ, অতঃ কিমস্মাকং রাজ্যাদিভিঃ কৃত্যমিত্যর্থঃ ॥ ৩৩ ॥

---

গোবিন্দ হে! আমাদের রাজ্যলাভে কি হইবে! অতুল ভোগেরই বা প্রয়োজন কি! এবং এ প্রকারে জীবন ধারণেরও কোন আবশ্যক দেখি না! কারণ যাহাদের জন্য রাজত্বের আকাঙ্ক্ষা বা উৎকৃষ্ট ভোগ এবং সুখের কামনা হৃদয়ে উদিত হইবে,

আভাস।

কারণ নিজে একাকী কোন ভোগে সুখী হওয়া যায় না। আত্মীয় স্বজনকে সুখী করিবার যোগ্যতা দর্শনে বা অনুভবে লোক সুখানুভব করিয়া থাকে। অতএব স্বজনগণ নিহত হইলে, কাহাকে ধন ঐশ্বর্য্য প্রদানে সুখী দেখিয়া, আমি সুখী হইব? জগৎকে শ্মশানে পরিণত করিয়া, কেহ কখন সুখী হইতে পারে না। যুদ্ধে জয়ী হইয়া, পরমার্থত সুখী হওয়াও যায় না। শাস্ত্রে শুনা যায়; দ্বাবিমৌ

মাতুলাঃ শ্বশুরাঃ পৌত্রাঃ শ্যালাঃ সম্বন্ধিন স্তথা।
এতান্ন হন্তুমিচ্ছামি ঘ্নতোঽপি মধুসূদন ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

তৎপ্রতি আসক্তিং আশাং চ ত্যক্ত্বা যুদ্ধে (রণক্ষেত্রে যুদ্ধার্থং) অবস্থিতাঃ হে মধুসূদন! অস্মান্ ঘ্নতঃ মারয়তঃ অপি এতান্ হন্তুং ন ইচ্ছামি ॥ ৩২।৩৩।৩৪ ॥

আনন্দগিরিকৃতটীকা।

মাতুলা ইতি। শ্যালা ভার্য্যাণাং ভ্রাতরো ধৃষ্টদ্যুম্নপ্রভৃতয়ঃ। বধ্যেষপি স্বরাজ্য-পরিপন্থিত্বাততায়িষু কৃপাবুদ্ধ্যা স্বধর্ম্মাং যুদ্ধাং পূর্ব্বোক্তমোহাদিবশাং প্রচ্যুতিং প্রদর্শয়তি এতানিতি। জিঘাংসন্তং জিঘাংসীয়াদিতি ন্যায়াদেতেষাং হিংসা ন দোষায় ইত্যাশঙ্ক্যাহ ঘ্নতোঽপীতি ॥ ৩৪ ॥

স্বামিকৃতটীকা।

নমু যদি কৃপয়া ত্বমেতান্ন হংসি তর্হি ত্বামেতে রাজ্যলোভেন হনিষ্যন্ত্যেব! অতস্ত্বং এব এতান্ হত্বা রাজ্যং ভুঙ্ক্ষেতি। তত্রাহ এতানিত্যাদি সার্দ্ধেন। ঘ্নতোঽপি অস্মান্ মারয়তোঽপি এতান্ ॥ ৩৪ ॥

সেই আচার্য্যগণ, পিতৃব্যগণ, পুত্রগণ, পিতামহ মাতুল শ্বশুর পৌত্র এবং সম্বন্ধিগণ সকলে ধন ও প্রাণের আশায় জলাঞ্জলি দিয়া এই সমর-ক্ষেত্রে মৃত্যুকে আলিঙ্গন করিবার জন্য যদি উপস্থিত হন, তাহা হইলে আমাদের রাজত্ব বা সুখৈশ্বর্য্য কাহাদিগকে ভোগ করাইয়া সুখী হইব! অতএব হে মধুসূদন! এই সমর-ক্ষেত্রে স্বয়ং নিহত হইব, সেও বরং মঙ্গল! তথাপি এই স্বজন-গণকে নিহত করিতে আমি ইচ্ছা করি না! ॥ ৩২-৩৪ ॥

আভাস।

পুরুষৌ লোকে সূর্য্যমণ্ডল-ভেদিনৌ। পরিব্রাড্ যোগযুক্তশ্চ রণে চাভিমুখে হতঃ ॥
এই সংসারে প্রকৃত প্রস্তাবে দুই জাতীয় ব্যক্তিই পরমার্থত সুখ বা শান্তি লাভ করিয়া থাকে। এক জাতীয় ব্যক্তি যিনি সর্ব্বত্যাগী পরিব্রাজক বেশে তীর্থাদিতে পরিভ্রমণ করিয়া অনন্যমনে ঈশ্বরে প্রাণ মন সমর্পণ করত একাগ্রচিত্তে ভগবৎ-

অপি ত্রৈলোক্যরাজ্যস্য হেতোঃ কিন্নু মহীকৃতে।
নিহত্য ধার্ত্তরাষ্ট্রান্নঃ কা প্রীতিঃ স্যাজ্জনার্দ্দন ॥ ৩৫ ॥

অন্বয়ঃ।

হে জনার্দ্দন! নু ভোঃ মহীকৃতে রাজ্যলাভস্য হেতোঃ প্রয়োজনায়, কিং! ত্রৈলোক্য-রাজ্যস্য হেতোঃ অপি ধার্ত্তরাষ্ট্রান্ নিহত্য নঃ অস্মাকং কা প্রীতিঃ স্যাৎ; ন কাপি ইত্যর্থঃ ॥ ৩৫ ॥

আনন্দগিরিকৃতটীকা।

পৃথিবীপ্রাপ্ত্যর্থং হি হননমেতেষামিষ্যতে ন চ তৎপ্রাপ্তিঃ সমীহিতেতি কৈমুতিক-ন্যায়েন দর্শয়তি অপীতি। ন হি মহদপি ত্রৈলোক্যলক্ষণং রাজ্যং লব্ধুং স্বজনহিংসায়ৈ মনো মদীয়ং স্পৃহয়তি; পৃথিবীপ্রাপ্ত্যর্থং পুনর্ব্বন্ধুবধং ন শ্রদ্দধামীতি কিং বক্তব্যমিত্যর্থঃ। দুর্য্যোধনাদীনাং শত্রূণাং নিগ্রহে প্রীতিপ্রাপ্তিসম্ভবাদ্ যুদ্ধং কর্ত্তব্যমিত্যাশঙ্ক্যাহ নিহত্যেতি ॥ ৩৫ ॥

স্বামিকৃতটীকা।

অপীতি। ত্রৈলোক্য-রাজ্যস্যাপি হেতোঃ। তৎপ্রাপ্ত্যর্থমপি হন্তুং নেচ্ছামি কিং পুনর্ম্মহীমাত্রপ্রাপ্তয়ে ইত্যর্থঃ ॥ ৩৫ ॥

---

এই সামান্য পার্থিব রাজত্ব লাভের কথা দূরে থাকুক্, ত্রিভুবনের রাজত্ব-লাভের অনুরোধেও আমি স্বজন-বধে প্রস্তুত নহি! জনার্দ্দন! এই ধৃতরাষ্ট্র-তনয়গণকে নিহত করিয়া, আমাদের কি বিশেষ প্রীতি লাভ হইবে! ॥ ৩৫ ॥

আভাস।

স্বরূপে যোগযুক্ত থাকেন, তিনি; এবং অন্যজাতীয় ব্যক্তি, যিনি দেশের জন্য, দশের জন্য এবং ধর্ম্মের প্রতিবিধান-কল্পে নিগ্রহকারীর নিধন বাসনায় সম্মুখ সমরে জীবন দান করিতে পারেন। এই দুই জাতীয় ব্যক্তি সংসার সীমা সূর্য্যমণ্ডলকে ভেদ করত, অমৃতময় আনন্দ-রাজ্যে গমন করিতে পারেন। আমাদের এ যুদ্ধ ত সে জাতীয় নহে। কারণ ইহাতে পূর্ব্বোক্ত তিনটীর কোন কারণই ত উপস্থিত হয় নাই; ইহা যে কেবল ঐশ্বর্য্যের জন্য ভ্রাতৃবিচ্ছেদ মাত্র। ইহাতে দেশের, দশের এবং ধর্ম্মের উপকার হওয়া দূরে থাকুক, ঘোর অনর্থেরই উৎপাদন হইবে, সন্দেহ নাই। অতএব জ্ঞাতি ও স্বজন-বর্গের নিধন-সাধন করিয়া, ত্রিলোকের আধিপত্যেও আমার প্রয়োজন নাই! ॥ ৩২-৩৫ ॥

পাপমেবাশ্রয়েদস্মান্ হত্বৈতানাততায়িনঃ ।
তস্মান্নার্হা বয়ং হন্তুং ধার্ত্তরাষ্ট্রান্ সবান্ধবান্* ।
স্বজনং হি কথং হত্বা সুখিনঃ স্যাম মাধব ॥ ৩৬ ॥

অন্বয়ঃ ।

হে জনার্দ্দন! ধার্ত্তরাষ্ট্রান্ দুর্য্যোধনাদীন্ নিহত্য নঃ অস্মাকং কা প্রীতিঃ স্যাৎ; অপিতু আততায়িনঃ এতান্ হত্বা পাপং এব অস্মান্ আশ্রয়েৎ! তস্মাৎ সবান্ধবান্ (স্ববান্ধবান্) ধার্ত্তরাষ্ট্রান্ হন্তুং বয়ং ন অর্হাঃ যোগ্যাঃ। হে মাধব! স্বজনং হি হত্বা কথং সুখিনঃ স্যাম ॥ ৩৬ ॥

আনন্দগিরিকৃতটীকা ।

যদি পুনরমী দুর্য্যোধনাদয়ো ন নিগৃহ্যেরন্ ভবন্তু তর্হি তৈ র্নিগৃহীতা দুঃখিতাঃ স্যুরিত্যাশঙ্ক্যাহ পাপমেবেতি। যদীমে দুর্য্যোধনাদয়ো নির্দ্দোষানেবাস্মান্ যুদ্ধভূমৌ হন্যু স্তদৈতানগ্নিদো গরদশ্চেত্যাদিলক্ষণোপেতানাততায়িনো নির্দোষ-স্বজনহিংসা-প্রবৃত্তং পাপং পূর্ব্বমেব পাপিনঃ সমাশ্রয়েদিত্যর্থঃ। অথবা যদ্যপ্যেতে ভবন্ত্যাততায়িনঃ

স্বামিকৃতটীকা ।

নন্বগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণি র্ধনাপহঃ। ক্ষেত্রদারাপহারী চ ষড়েতে আততায়িনঃ। ইতি স্মরণাদগ্নিদাহাদিভিঃ ষড়্ভি র্হেতুভিরেতে তাবদাততায়িনঃ। আততায়িনাঞ্চ বধো যুক্ত এব। আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্। নাততায়িবধে দোষো হন্তু র্ভবতি কশ্চনেতি বচনাৎ, তত্রাহ পাপমেবেত্যাদি সার্দ্ধেন।

বরং আততায়ী বোধে ইহাদিগকে বিনাশ করিলে, আমরা পাপভাগী হইব; সন্দেহ নাই। অতএব বন্ধু বান্ধব সহ দুর্য্যোধন-

আভাস ।

যদি বলেন যে আমাদের পিতা পাণ্ডুরাজের রাজত্বে আমরাই স্বত্বাধিকারী; দুর্য্যোধন তাহা অধিকার করায়, আততায়ীরই কার্য্য করিয়াছে; সুতরাং সে পক্ষকে বধ করিলে, তাদৃশ পাপভাগী হইতে হয় না। কিন্তু তাহারা যেমন পূর্ব্বে আততায়ী হইয়াছিল, বর্ত্তমানে আমরাও ত তাহাদের পক্ষে আততায়ী হইয়াছি। কারণ আমাদের বাল্যাবস্থায় অন্ধরাজ ধৃতরাষ্ট্রই ত রাজ্যরক্ষা করিয়াছেন। শাস্ত্র বলেন, "অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণি র্ধনাপহঃ। ক্ষেত্র-দারাপহারী চ ষড়েতে আততায়িনঃ ॥ যে ব্যক্তি অগ্নির দ্বারা গৃহদাহ করে, বিষপান করাইয়া জীবন নাশে উদ্যত, অস্ত্রাঘাত

* স্ববান্ধবান্ ইতি পাঠান্তরং।

আনন্দগিরিকৃতটীকা।

তথাপ্যেতানভিশোচ্যান্ দুর্য্যোধনাদীন্ হিংসিত্বা তৎকৃতং পাপমস্মানেবাশ্রয়েদতো নাস্মাভিরেতে হন্তব্যা ইত্যর্থঃ। অথবা গুরুভ্রাতৃসুহৃৎপ্রভৃতীনেতান্ হত্বা বয়মাততায়িনঃ স্যামঃ। ততশ্চৈতান্ হত্বা তৎকৃতং পাপমাততায়িনোঽস্মানেব সমাশ্রয়েদিতি। যুদ্ধাদুপরমণমস্মাকং শ্রেয়স্করমিত্যর্থঃ। ফলাভাবাদনর্থসম্ভবাচ্চ পরহিংসা ন কর্ত্তব্যা ইত্যুপসংহরতি তস্মাদিতি। কিঞ্চ রাজ্যসুখমুদ্দিশ্য যুদ্ধমুপক্রম্যতে ন চ স্বজন-পরিক্ষয়ে সুখমুপপদ্যতে, তেন ন কর্ত্তব্যং যুদ্ধমিত্যাহ স্বজনং হীতি॥ ৩৭॥

স্বামিকৃতটীকা।

আততায়িনমায়ান্তমিত্যাদিকং অর্থশাস্ত্রং, তচ্চ ধর্ম্মশাস্ত্রাত্তু দুর্ব্বলং। যথোক্তং যাজ্ঞবল্ক্যেন; স্মৃত্যোর্ব্বিরোধে ন্যায়স্তু বলবান্ ব্যবহারতঃ। অর্থশাস্ত্রাত্তু বলবদ্ধর্ম্মশাস্ত্রমিতি স্থিতিঃ ইতি। তস্মাদাততায়িনামপ্যেতেষামাচার্য্যাদীনাং বধেঽস্মাকং পাপমেব ভবেৎ। অন্যায্যত্বাৎ অধর্ম্মত্বাচ্চৈতদ্বধস্য অমুত্র চেহবা ন সুখং স্যাদিত্যাহ স্বজনং হীতি॥ ৩৭॥

---

পক্ষীয়কে নিহত করিতে আমরা পারিব না। হে মাধব! স্বজন-গণের প্রাণ-হননে আমরা কি প্রকারে সুখী হইব!॥ ৩৭॥

আভাস।

করিতে অগ্রসর, ভূমি হরণ করে, পত্নীকে আত্মসাৎ করিতে চেষ্টা করে এবং ধন হরণ করে, এই ছয় জন ব্যক্তিকে আততায়ী নামে শাস্ত্র অভিহিত করিয়াছেন। এবং আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্। নাততায়ি-বধে দোষো হন্তু র্ভবতি কশ্চন ইতি। আততায়ীকে সমীপে আগত দেখিলে, বিনা বিচারে বধ করিলে পাপ স্পর্শ করে না বলিয়া যে শাস্ত্র আছে, তাহা কিন্তু নীতিশাস্ত্র; ধর্ম্ম-শাস্ত্রের সহিত তুলনীয় নহে। "অহিংসা পরমো ধর্ম্মঃ" এই শাস্ত্রোপদেশ সকল শাস্ত্রের উপর দণ্ডায়মান। সুতরাং দুর্য্যোধনাদি আততায়ী হইলেও, তাহাদিগকে নিহত করিলে, আমাদিগকেও ঐ পাপ নিশ্চয়ই স্পর্শ করিবে।

অর্জ্জুন শ্রীকৃষ্ণকে হৃদয়-সখা আত্মীয় এবং সম্পর্কে মাতুলের ভ্রাতা বলিয়া লৌকিক ব্যবহারে পরিচিত জানিলেও, পরমার্থত তদীয় ভগবদ্ভাব তাঁহার জানা ছিল। কারণ এই ভয়াবহ যুদ্ধকালে পরস্পরে অস্ত্রের অস্তরালে যখন কথোপ-কথন করিতেছিলেন, তখন অর্জ্জুন তাঁহার সাধারণ নাম শ্রীকৃষ্ণ বলিয়া উচ্চারণ

যদ্যপ্যেতে ন পশ্যন্তি লোভোপহতচেতসঃ।
কুলক্ষয়কৃতং দোষং মিত্রদ্রোহে চ পাতকম্ ॥ ৩৭ ॥

অন্বয়ঃ।

লোভোপহত-চেতসঃ (লোভেন উপহতং নষ্টং চেতঃ যেষাং তে) এতে দুর্য্যোধনাদয়ঃ কুলক্ষয়কৃতং কুলজাত-জনানাং নাশ-জনিতং দোষং তথা মিত্র-দ্রোহে চ

আনন্দগিরিকৃতটীকা।

কথং তর্হি পরেষাং কুলক্ষয়ে স্বজনহিংসায়াঞ্চ প্রবৃত্তি স্তত্রাহ যদ্যপীতি। লোভোপহতবুদ্ধিত্বাত্তেষাং কুলক্ষয়াদি-প্রযুক্তদোষ-প্রতীত্যভাবাৎ প্রবৃত্তিবিশ্রম্ভঃ সম্ভবতীত্যর্থঃ ॥ ৩৭ ॥

স্বামিকৃতটীকা।

নমু চৈতেষামপি বন্ধুবধদোষে সমানে যথৈবৈতে বন্ধুবধমঙ্গীকৃত্যাপি যুদ্ধে প্রবর্ত্তন্তে তথৈব ভবানপি প্রবর্ত্ততাং কিমনেন বিষাদেনেত্যাহ যদ্যপীতি দ্বাভ্যাং। রাজ্যলোভেন উপহতং ভ্রষ্টবিবেকং চেতো যেষাং তে দুর্য্যোধনাদয়ো যদ্যপি দোষং ন পশ্যন্তি ॥ ৩৭ ॥

যদিও ইহারা ঐশ্বর্য্য লোভে হত-চেতন হইয়া কুলক্ষয়-জনিত অপরাধ বা মিত্র-ধ্বংসের পাতক প্রত্যক্ষে প্রতীতি করিতে

আভাস।

করিবার মধ্যে, অনেকবার অনেক গূঢ় নাম অচ্যুত, গোবিন্দ, হৃষীকেশ, কেশব এবং মাধব বা মধুসূদন প্রভৃতি বলিয়াই সম্বোধন করিয়াছেন। সাধারণ লোকে মানব বলিয়া শ্রীকৃষ্ণকে জানিলেও, অর্জ্জুন যুদ্ধকালে লৌকিক প্রেমে গদগদ হইলে, হিংসাদি পাপবুদ্ধি তাঁহার হৃদয় হইতে অস্তমিত হইল। হিংসা হৃদয়কে সংকুচিত করে; কিন্তু লৌকিক প্রেম হৃদয়কে উদারতায় প্রসারিত করে। সুতরাং শ্রীকৃষ্ণের অমানুষিক গূঢ় পারমার্থিক ভাব ও নামগুলি তখন অর্জ্জুন-হৃদয়ে লৌকিক প্রেমের অনুরোধে স্বতই উদিত হইয়াছিল। তাই তিনি এই শ্লোকে আদর করিয়া বলিলেন, হে মাধব! অর্থাৎ মা=লক্ষ্মী, ধব=পতি; হে লক্ষ্মীপতি! তুমি যখন নিজে শ্রীহীন হইতে চাহ না, তখন এই ভীষণ যুদ্ধে নিযুক্ত করিয়া, আমাকে কেন শ্রীহীন করিতে চেষ্টা করিতেছ! স্বজন-গণের নিধনে আমরা কিরূপে সুখী হইব! ॥ ৩৬ ॥

* নীতিকর্ত্তা বলেন, "কুলীনৈঃ সহ সম্পর্কং পণ্ডিতৈঃ সহ মিত্রতাং। জ্ঞাতিভিশ্চ

কথং ন জ্ঞেয়মস্মাভিঃ পাপাদস্মান্নিবর্ত্তিতুং ।
কুলক্ষয়কৃতং দোষং প্রপশ্যদ্ভির্জনার্দ্দন ॥ ৩৮ ॥

অন্বয়ঃ ।

পাতকং ন পশ্যন্তি, তথাপি হে জনার্দ্দন! কুলক্ষয়কৃতং দোষং প্রপশ্যদ্ভিঃ জানদ্ভিঃ অস্মাভিঃ অস্মাৎ পাপাৎ নিবর্ত্তিতুং কথং ন জ্ঞেয়ং ॥ ৩৭ ॥ ৩৮ ॥

আনন্দগিরিকৃতটীকা ।

পরেষামিবাস্মাকমপি প্রবৃত্তি-বিভ্রমঃ সম্ভবেদিতি চেন্নেত্যাহ কথমিতি । কুল-ক্ষয়েতি । কুলক্ষয়ে মিত্রদ্রোহে চ দোষং প্রপশ্যদ্ভিরস্মাভিস্তদ্দোষ-শব্দিতং পাপং কথং ন জ্ঞাতব্যং তদজ্ঞানে তৎপরিহারাসম্ভবাৎ অতোঽস্মাৎ পাপান্নিবৃত্ত্যর্থং তজ্জ্ঞান-মপেক্ষিতমিতি, পাপপরিহারার্থিনাং অস্মাকং ন যুক্তা যুদ্ধে প্রবৃত্তিরিত্যর্থঃ ॥ ৩৮ ॥

স্বামিকৃতটীকা ।

কথমিতি । তথাপি অস্মাভি র্দোষং প্রপশ্যদ্ভিরস্মাৎ পাপাৎ নিবর্ত্তিতুং কথং ন জ্ঞেয়ং, নিবৃত্তাবেব বুদ্ধিঃ কর্ত্তব্যেত্যর্থঃ ॥ ৩৮ ॥

---

পারিতেছে না, কিন্তু আমরা সেই কুলক্ষয়-জনিত দোষ প্রত্যক্ষে দর্শন করিয়া এবং তজ্জনিত অপরাধকে স্পষ্টত অবধারণ করিয়া, কেন সে অপরাধ হইতে প্রতিনিবৃত্ত হইতে পারিব না! ॥ ৩৭ ॥ ৩৮ ॥

আভাস ।

সঙ্গং সেবং কুর্ব্বাণো ন বিনশ্যতি ॥" সৎ বংশের সহিত যৌন সম্পর্ক, পণ্ডিতের সহিত মিত্রতা এবং জ্ঞাতিদের সহিত যে মিলন করে, সে ব্যক্তির কখন কোন প্রকারে পতন হয় না। এই নীতিবাক্যকে উল্লঙ্ঘন করত ভয়াবহ জাতিবিরোধে আমরা অগ্রসর হইতেছি। জ্ঞাতিবিরোধে পতন কিন্তু অবশ্যম্ভাবী। বিবাহাদি শুভকর্ম্মে বা পিতৃশ্রাদ্ধাদি শোকসূচক কর্ম্মে আদর পূর্ব্বক জ্ঞাতিগণের চরণধুলি গ্রহণের পদ্ধতি আমাদের চিরকাল আছে। অদ্য সেই জ্ঞাতিগণের অনর্থাচরণে প্রবৃত্ত হইয়া, আমরা অপরের তোষামোদ করিতে বাধ্য হইয়াছি। পরের দ্বারা জাতির ধ্বংস সাধন করিতে উদ্যোগী হইয়াছি। অহো! কাম, ক্রোধ

**কুলক্ষয়ে প্রণশ্যন্তি কুলধর্ম্মাঃ সনাতনাঃ।**
**ধর্ম্মে নষ্টে কুলং কৃৎস্নমধর্ম্মোঽভিভবত্যুত ॥ ৩৯ ॥**

অন্বয়ঃ।

প্রথম ভোগ কি প্রকারে সাধিত হয়। এই ভোগায়তন দেহই ভোগ-সাধনের উপায়। জীবাত্মা ভোগের কামনায় ভোগায়তন দেহ এবং তাহার উপায় স্বরূপ ইন্দ্রিয়গ্রামকে আশ্রয় করত, তাদাত্ম্যভাবে অর্থাৎ আমি-বোধে

আগমাপায়িনোঽনিত্যাস্তাংস্তিতিক্ষস্ব ভারত ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

দুঃখদাঃ তু কিন্তু আগমাপায়িনঃ উৎপত্তিবিনাশবিশিষ্টাঃ, অনিত্যাঃ চ অতঃ হে ভারত! তান্ শীতোষ্ণাদীন্ তিতিক্ষস্ব সহস্ব! ॥ ১৪ ॥

শাঙ্করভাষ্যম্।

মোহো দুঃখসংযোগাদিনিমিত্তশ্চ শোক ইত্যেতদর্জ্জুনস্য বচনমাশঙ্ক্যাহ মাত্রাস্পর্শা ইতি। মাত্রা আভি র্মীয়ন্তে শব্দাদয় ইতি শ্রোত্রাদীনীন্দ্রিয়াণি, মাত্রাণাং স্পর্শাঃ শব্দাদিভিঃ সংযোগাস্তে শীতোষ্ণসুখদুঃখদাঃ শীতমুষ্ণং সুখং দুঃখঞ্চ প্রযচ্ছন্তীতি।

আনন্দগিরিকৃতটীকা।

যদিত্যাদিনা। শীতোষ্ণয়োস্তাভ্যাং সুখদুঃখয়োশ্চ প্রাপ্তিং নিমিত্তীকৃত্য যো মোহাদি র্দৃশ্যতে তস্যান্বয়ব্যতিরেকাভ্যাং দৃশ্যমানত্বমাশ্রিত্য লৌকিক-বিশেষণমশোচ্যানিত্যত্র যো বিদ্যাধিকারী সূচিত স্তস্য তিতিক্ষুঃ সমাহিতো ভূত্বেতিশ্রুতেঃ তিতিক্ষুত্বং বিশেষণমিহোপদিশ্যতে। ব্যাখ্যেয়ং পদমুপাদায় করণব্যুৎপত্ত্যা তস্য ইন্দ্রিয়বিষয়ত্বং

স্বামিকৃতটীকা।

স্পর্শা বিষয়ৈঃ সহ সম্বন্ধা স্তে শীতোষ্ণাদিপ্রদা ভবন্তি তে তু আগমাপায়বত্বাৎ অনিত্যা অস্থিরা অতস্তাং স্তিতিক্ষস্ব সহস্ব যথা জলাতপাদিসংসর্গা স্তত্তৎকালকৃতাঃ স্বভাবতঃ শীতোষ্ণাদি প্রযচ্ছন্তি এবং ইষ্টসংযোগবিয়োগা অপি সুখদুঃখাদি

---

উপস্থিতি বা প্রস্থানে কোন বিলম্ব হয় না। সুতরাং সুখ বা দুঃখকে সহ্য করাই তাহাদের পীড়ন হইতে নিষ্কৃতি লাভের উত্তম উপায় ॥ ১৪ ॥

আভাস।

অনুভব করে; সুতরাং সেই সেই ভোগায়তন দেহের ইন্দ্রিয়-বর্গের সহিত বাহিরে তজ্জাতীয় শব্দ স্পর্শাদি বিষয়ের সহিত সম্বন্ধ থাকিলে, জীবাত্মা নিজের সহিত সম্বন্ধ হইল এইরূপ জ্ঞান করে। প্রকৃত প্রস্তাবে স্থূল বাহ্য বস্তুর সহিত স্থূল বাহ্যিক পদার্থ দেহের সহিতই সম্বন্ধ হইল বটে, কিন্তু দেহকে আমিবোধে আত্মীয়তা করিবার উপলক্ষে, দেহনিষ্ঠ কষ্ট বা শান্তিকে আমার কষ্ট বা আমার শান্তি জ্ঞানে দেহী জীবাত্মা অনুভব করিয়া থাকে।

### শাঙ্করভাষ্যম্।

অথবা স্পৃশ্যন্তে ইতি স্পর্শা বিষয়াঃ শব্দাদয়ঃ মাত্রাশ্চ স্পর্শাশ্চ শীতোষ্ণসুখদুঃখদাঃ শীতং কদাচিৎ সুখং কদাচিদ্দুঃখং তথোষ্ণমপ্যনিয়তস্বরূপং সুখদুঃখে পুনর্নিয়তরূপে যতো ন ব্যভিচরতোঽত স্তাভ্যাং পৃথক্ শীতোষ্ণয়ো গ্রহণং, যস্মাত্তে মাত্রাস্পর্শাদয়ঃ আগমাপায়িনঃ আগমাপায়শীলাঃ তস্মাদনিত্যা উৎপত্তিবিলয়রূপত্বাৎ অতস্তান্ শীতোষ্ণাদীংস্তিতিক্ষস্ব প্রসহস্ব তেষু হর্ষবিষাদং মাকার্ষীরিত্যর্থঃ ॥ ১৪ ॥

### আনন্দগিরিকৃতটীকা।

দর্শয়তি মাত্রা ইত্যাদিনা। ষষ্ঠীসমাসং দর্শয়ন্ ভাবব্যুৎপত্ত্যা স্পর্শশব্দার্থমাহ মাত্রাণাং ইতি। তেষামর্থক্রিয়ামাদর্শয়তি তে শীতেতি। সম্প্রতি শব্দদ্বয়স্য কর্ম্মবুৎপত্ত্যা শব্দাদিবিষয়পরত্বমুপেত্য সমাসান্তরং দর্শয়ন্ বিষয়াণাং কার্য্যং কথয়তি অথ বেতি। নন্বু শীতোষ্ণপ্রবৃত্তেঃ সুখদুঃখপ্রদত্বস্য সিদ্ধত্বাৎ কিমিতি শীতোষ্ণয়োঃ সুখদুঃখাভ্যাং পৃথক্গ্রহণমিতি তত্রাহ শীতমিতি। বিষয়েভ্যস্ত পৃথককথনং তদন্তর্ভূতয়োরেব তয়োঃ সুখদুঃখহেত্বোরানুকূল্যপ্রাতিকূল্যয়োরুপলক্ষণার্থং অধ্যাত্মং হি শীতমুষ্ণং বানুকূল্যং প্রাতিকূল্যং বা সম্পাদ্য বাহ্যা বিষয়াঃ সুখাদি জনয়ন্তি। নন্বু বিষয়েন্দ্রিয়-সংযোগস্যাত্মনি সদা সত্ত্বাত্তৎপ্রযুক্তশীতাদেরপি তথাত্বাত্তন্নিমিত্তৌ হর্ষবিষাদৌ তস্মি-ন্নাপন্নাবিত্যাশঙ্ক্যোত্তরার্দ্ধং ব্যাচেষ্ট যস্মাদিত্যাদিনা। অত্র চ কৌন্তেয় ভারতেতি সম্বোধনাভ্যামুভয়কুলশুদ্ধস্যৈব বিদ্যাধিকারিত্বমিতি এতদেব দ্যোত্যতে ॥ ১৪ ॥

### স্বামিকৃতটীকা।

প্রযচ্ছন্তি তেষাঞ্চ অস্থিরত্বাৎ সহনং তব ধীরস্যোচিতং ন তু তন্নিমিত্ত-হর্ষ-বিষাদ-পারবশ্যমিত্যর্থঃ ॥ ১৪ ॥

### আভাস।

যেমন অগ্নি স্থূল পদার্থ, সে স্থূল অঙ্গুলীকেই অবসন্ন করে, মনকে অবসন্ন করিতে পারে না; কিন্তু অঙ্গুলি প্রভৃতিকে আমি ভাবায়, অঙ্গুলির অবসাদকে আমার অবসাদ-রূপে অনুভূত হয়। অগ্নি সম্পর্কের ন্যায়, অনুকূল কোমল পুষ্প বা মখ্মল প্রভৃতি পদার্থের সম্পর্ক হস্ত প্রভৃতি ইন্দ্রিয়-গ্রামের সহিত ঘটিলে, ইন্দ্রিয়ের সুখে আপনাকে সুখী বলিয়া মনে হইতে থাকে। অতএব বিষয়ের সহিত ইন্দ্রিয়ের সম্পর্কই জীবাত্মার সুখ দুঃখ জননের কারণ।

আভাস।

অতএব সুখ বা দুঃখ শীত বা উষ্ণ প্রভৃতি ব্যাপার প্রকৃত প্রস্তাবে কিছুই নহে; অনুকূল বিষয়ের সম্পর্কে সুখ এবং প্রতিকূল বিষয়ের সম্পর্কে দুঃখ জন্মে। উহারা নিত্য বস্তু নহে। বিষয়ের সম্পর্কে জন্মে এবং বিষয়ের অপগমে সে সুখ দুঃখ সরিয়া যায়; স্বরূপত তাহাদের স্বকীয় কোন অস্তিত্ব ছিল না এবং পরেও থাকে না। তবে বিষয়ের সহিত সম্বন্ধ করিতে গেলে, এই অনিত্য সুখ দুঃখের সহিত সম্বন্ধ এবং তজ্জনিত মানসিক ক্লেশ বা আনন্দ জন্মে, যাহা দুষ্পরিহার্য্য।

কিন্তু এই বিষয়ের সহিত সম্বন্ধ সম্পূর্ণ অকিঞ্চিৎকর; সুতরাং সম্বন্ধ-জনিত সুখ-দুঃখাদিও নিশ্চয় ক্ষণস্থায়ী। সম্বন্ধের চ্যুতির সঙ্গে সঙ্গেই এতদুভয়ের অস্তিত্বের বিলয় হইয়া যায়। তবে যদি মনোমধ্যে সুখ দুঃখের চিত্র অঙ্কিত করিয়া লওয়া হয়, তাহা হইলে অনিত্য সুখ দুঃখাদি নিজেরা উপস্থিত না থাকিয়াও, তাহাদের ভাবের উপস্থিতিতে সুখ দুঃখাদি যেন চির বিদ্যমান-স্বরূপে উপলব্ধ হয়। আত্মীয় স্বজনের মৃত্যু বা ক্লেশাদি দর্শনে তৎকালে দুঃখ উপস্থিত হয় বটে, কিন্তু তাহা হৃদয়ে তুলিয়া না রাখিলে, ২।৪।৬ মাস পর্য্যন্ত ক্রন্দন করিতে হয় না। গৃহের দ্বারদেশে দণ্ডায়মান থাকিলে, পথে কত লোক চলিয়া যাইতেছে দেখা হইল, কিন্তু তাহারা সকলেই চলিয়া যাইতেছে; কেহই দণ্ডায়মান থাকিবার নহে; সেইরূপ কালস্রোতে বিচিত্র ভোগও ভোগায়তন দেহকে স্পর্শ করিয়া চলিয়া যাইতেছে, তাহাদের যে কোনটীকে হৃদয়ে তুলিয়া রাখা যাইবে, সেই চির জীবন কষ্টাদি প্রদান করিবে। অতএব জীবন-স্রোতে আপনাকে ভাসাইয়া, অনন্ত ভোগের পরীক্ষার্থ বিষয়ের সম্পর্ক করিতেছি! সুখ দুঃখের অনুভব উপলক্ষে তাহাদিগকে বুঝিয়া লইলেই ক্ষান্ত হওয়া প্রয়োজন; আর তাহাদিগকে হৃদয়ে তুলিয়া রাখা কর্ত্তব্য নহে। অনুভব ব্যাপারের সঙ্গে সঙ্গে তাহাদের বিদায় দেওয়া কর্ত্তব্য। ইহাই ভগবানের "তিতিক্ষস্ব" শব্দ প্রয়োগ করিবার অংপর্য্য॥ ১৪॥

যং হি ন ব্যথয়ন্ত্যেতে পুরুষং পুরুষর্ষভ।
সমদুঃখসুখং ধীরং সোঽমৃতত্বায় কল্পতে ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

হে পুরুষর্ষভ (পুরুষেষু ঋষভ শ্রেষ্ঠ) এতে দুঃখাদয়ঃ যং সমদুঃখসুখং (সমে সুখদুঃখে যস্য তং) অতঃ ধীরং ধীমন্তং প্রজ্ঞাবন্তং পুরুষং ন ব্যথয়ন্তি ন অভিভবন্তি সঃ জনঃ অমৃতত্বায় মোক্ষায় কল্পতে সমর্থো ভবতি ॥ ১৫ ॥

শাঙ্করভাষ্যম্।

শীতোষ্ণাদীন্ সহতঃ কিং স্যাদিতি শৃণু যং হীতি। যং হি পুরুষং সমে দুঃখসুখে যস্য তং সমদুঃখসুখং সুখদুঃখ-প্রাপ্তৌ হর্ষবিষাদরহিতং ধীরং ধীমন্তং ন ব্যথয়ন্তি ন চালয়ন্তি নিত্যাত্মদর্শনাৎ এতে যথোক্তাঃ শীতোষ্ণাদয়ঃ, স নিত্যানিত্য-

আনন্দগিরিকৃতটীকা।

অধিকারি-বিশেষণং তিতিক্ষুত্বং নোপযুক্তং কেবলস্য তস্য পুমর্থাহেতুত্বাদিতি শঙ্কতে শীতেতি। বিবেক-বৈরাগ্যাদিসহিতং তন্মোক্ষহেতুজ্ঞানদ্বারা তদর্থমিতি পরিহরতি শৃণ্বিতি। তিতিক্ষমাণস্য বিবক্ষিতং লাভমুপলক্ষয়তি যং হীতি। হর্ষ-বিষাদ-রহিতমিত্যত্র শমাদি-সাধন-সম্পন্নত্বমুচ্যতে ধীমন্তমিতি। নিত্যানিত্যবিবেক-

স্বামিকৃতটীকা।

তৎপ্রতীকারপ্রযত্নাদপি তৎসহনমেবোচিতং মহাফলত্বাদিত্যাহ যং হীতি। এতে মাত্রাস্পর্শা যং পুরুষং ন ব্যথয়ন্তি নাভিভবন্তি, সমে দুঃখসুখে যস্য তং স তৈরবিক্ষিপ্য-মাণো ধর্ম্মজ্ঞানদ্বারামৃতত্বায় মোক্ষায় কল্পতে যোগ্যো ভবতি ॥ ১৫ ॥

---

দেখ! যে ব্যক্তি উপস্থিত সুখে হৃষ্ট এবং দুঃখে অভিভূত না হয়; সেই ব্যক্তিই যথার্থ পুরুষশ্রেষ্ঠ! কারণ প্রকৃত মোক্ষস্বরূপ আত্ম-সাক্ষাৎ-কারে সেই ব্যক্তিই যথার্থ অধিকারী। কারণ সুখ বা দুঃখের সাক্ষীস্বরূপ আত্মাকে এই সুখ দুঃখের অনুভবেরই উপলক্ষে প্রত্যক্ষ করিতে পারে ॥ ১৫ ॥

আভাস।

কারণ ইহাদের কোনটীকে মর্ম্মে তুলিয়া রাখিলে জীবাত্মার সংসার-স্রোত নিবারণের উপায় হয় না; বরং বিশেষ প্রতিবন্ধকই হইয়া থাকে। ভগবান্ শ্রীকৃষ্ণ শ্লোকে "ব্যথয়ন্তি তে" বলিয়া বুঝাইয়াছেন যে, সুখ এবং দুঃখ উভয়ই জীবাত্মার পক্ষে ব্যথার কারণ। কারণ এতদুভয়ই পরমানন্দ-প্রাপ্তির ব্যাঘাত

নাসতোবিদ্যতে ভাবো নাভাবো বিদ্যতে সতঃ।

অন্বয়ঃ।

অসতঃ মিথ্যাভূতস্য অবিদ্যমানস্য বস্তুনঃ ভাবঃ অস্তিত্বং ন বিদ্যতে; তথা সতঃ সংস্বভাবস্য আত্মনঃ অভাবঃ বিনাশঃ চ ন বিদ্যতে। তত্ত্বদর্শিভিঃ

শাঙ্করভাষ্যম্।

স্বরূপদর্শননিষ্ঠো দ্বন্দ্বসহিষ্ণু রমৃতত্বায় অমৃতভাবায় মোক্ষায়েত্যর্থঃ কল্পতে সমর্থো-ভবতি॥ ১৫॥

আনন্দগিরিকৃতটীকা।

ভাগিত্বমেতচ্চোভয়ং বৈরাগ্যাদেরুপলক্ষণং। নিত্যাত্মদর্শনং ত্বমর্থজ্ঞানং সাধন-চতুষ্টয়বন্তঃ অধিকারিণমনূদ্য ত্বংপদার্থজ্ঞানবত স্তস্য মোক্ষোপয়িক-বাক্যার্থ-জ্ঞান-যোগ্যতামাহ স নিত্যেতি॥ ১৫॥

আভাস।

মাত্র। কোন ব্যক্তি কোন জীবনে অনেকগুলি কন্যা পুত্রের অসদাচরণে দুঃখিত হইয়া মনোমধ্যে আশা করিয়াছিলেন যে, আর পরজন্মে যেন তাঁহার কন্যা পুত্রের সম্বন্ধ না হয়। আবার অপর ব্যক্তি ভাবিয়াছিলেন যে, একটী পুত্র জন্মিয়া যদি অকালে মরিয়াও যাইত, তাহা হইলে, একবার "বাবা রে! পুত্র রে!" বলিয়া কান্দিয়াও অনপত্যত্ব নিবন্ধন দুঃখ এবং লোক-গ্লানি দূর করিতে পারিতেন। কিন্তু পর জন্মে বাঞ্ছানুরূপ জন্ম লাভে উভয়ে উভয় অবস্থায় আশানুরূপ ফল পাইয়াও পরিতৃপ্ত হইলেন না। কারণ পূর্ব্ব জন্মের আশার কারণ বিস্মৃত হইয়া, আশার অনুসারে প্রাপ্ত বর্ত্তমান ফলের সুখ দুঃখাদিকে আবার হৃদয়ে স্থান প্রদানে পুত্রহীন ব্যক্তি পুত্রের কামনা করে; এবং মৃতপুত্র ব্যক্তি পুত্রের দীর্ঘ জীবন কামনায় আশার প্রসার করিতে করিতে মৃত্যুমুখে পতিত হয় এবং পুনর্জ্জন্মের জন্য আশাকে আলিঙ্গন করিয়া থাকে। কিন্তু যে ব্যক্তি বিষয়-সম্বন্ধ-জনিত অকিঞ্চিৎকর সুখ এবং দুঃখাদির অনুভব উপলক্ষে অনুভব-কর্ত্তা আপনাকে বুঝিতে পারে, তাহার আর জন্মান্তরের কারণ থাকে না; সে মোক্ষ লাভের উপযোগিতা লাভ করে॥ ১৫॥

এক্ষণে জিজ্ঞাস্য যে শূলের মত হৃদয়-গ্রন্থিকে বিদীর্ণ করত যে দুঃখ অন্তরে প্রবেশ করে এবং গঙ্গার জোয়ারের ন্যায় যে আনন্দ-স্রোত হৃদয়কে প্লাবিত করত মর্ম্ম-স্থানকে উচ্ছলিত করিয়া দেয়, তাহাদিগকে কোন্ শক্তি-বলে উপেক্ষা

উভয়োরপি দৃষ্টোঽন্তস্ত্বনয়োস্তত্ত্বদর্শিভিঃ ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

যথার্থ-দর্শিভিঃ জ্ঞানিভিঃ অনয়োঃ সদসতোঃ উভয়োঃ অন্তঃ নির্ণয়ঃ দৃষ্টঃ উপলব্ধঃ ॥ ১৬ ॥

শাঙ্করভাষ্যম্।

ইতশ্চ শোকমোহৌ অকৃত্বা শীতোষ্ণাদিসহনং যুক্তং যস্মাৎ নাসত ইতি। নাসতঃ অবিদ্যমানস্য শীতোষ্ণাদেঃ সকারণস্য ন বিদ্যতে নাস্তি ভাবো ভবনমস্তিতা,

আনন্দগিরিকৃতটীকা।

অধিকারিবিশেষণে তিতিক্ষুত্বে হেত্বন্তর পরত্বেন উত্তরশ্লোকমবতারয়তি ইতশ্চেতি। ইতঃশব্দার্থমেব স্ফুটয়তি যস্মাদিতি। যতঃ শীতাদেঃ ক্লেশাদিহেতোরনাত্মনো নাস্তি বস্তুত্বং বন্ধনশ্চাত্মনো নির্ব্বিকারত্বেন একরূপত্বম্, অতো মুমুক্ষোর্ব্বিশেষণং তিতিক্ষুত্বং যুক্তমিত্যাহ নেত্যাদিনা। কার্য্যস্যাসত্ত্বেঽপি কারণস্য সত্ত্বেন অত্যন্তাসত্তাসিদ্ধিরিত্যাশঙ্ক্য বিশিনষ্টি সকারণস্যেতি। নাসত ইত্যুপাদায় পুন র্নকারানুকর্ষণমন্বয়ার্থম্। অসতঃ শূন্যস্যাস্তিত্বপ্রসঙ্গাভাবাৎ অপ্রসক্তপ্রতিষেধপ্রসক্তি-

স্বামিকৃতটীকা।

নন্থ তথাপি শীতোষ্ণাদিকমতিদুঃসহং কথং সোঢ়ব্যং অত্যন্তং তৎসহনে চ কদাচিদাত্মনো নাশঃ স্যাদিত্যাশঙ্ক্য তত্ত্ববিচারতঃ সর্ব্বং সোঢ়ুং শক্যমিত্যাশয়েনাহ নাসতো বিদ্যত ইতি। অসতোঽনাত্মধর্ম্মত্বাদবিদ্যমানস্য শীতোষ্ণাদেরাত্মনি ভাবঃ সত্তা ন বিদ্যতে, তথা সতঃ সৎস্বভাবস্যাত্মনোঽভাবো বিনাশো ন বিদ্যতে এবমুভয়োঃ সদসতোরন্তো নির্ণয়ো দৃষ্টঃ কৈঃ তত্ত্বদর্শিভি র্বস্তু-যাথার্থ্যবেদিভিঃ এবম্ভূতবিবেকেন সহস্বেত্যর্থঃ ॥ ১৬ ॥

---

সংসারে যে ( সুখ দুঃখাদি ) দেখা দেয়, পূর্ব্বে ছিল না, ক্ষণকাল পরে সে থাকেও না; কিন্তু যে সেই সুখ দুঃখাদির উপস্থিতি বা প্রস্থান উপলক্ষে অনুভব বা সাক্ষীরূপে চির বিদ্যমান রহিয়াছে, সেই সত্তা-স্বরূপ আত্মার অভাব বা অনুপস্থিতি কখনই ঘটে না। ইহা কেবল আমি বলিতেছি তাহা নহে; তত্ত্বদর্শী জ্ঞানিগণ এতদুভয়ের তত্ত্ব নিরূপণে প্রকৃত মীমাংসায় উপনীত হইয়াছেন ॥১৬॥

আভাস।

রা সহ্য করা যায়? তদুত্তরে বক্তব্য এই যে, এক বিবেক-বলে তাহাদিগকে সহ্য বা উপেক্ষা করা সম্ভব। কারণ উহাদের প্রথম বেগ বড়ই ভীষণ! তদুত্তরে

শাঙ্করভাষ্যম্।

ন হি শীতোষ্ণাদি সকারণং প্রমাণৈর্নিরূপ্যমানং বস্তু সম্ভবতি, বিকারো হি সঃ বিকারশ্চ ব্যভিচরতি যথা ঘটাদি-সংস্থানং চক্ষুষা নিরূপ্যমাণং মৃদ্ব্যতিরেকেণ অনুপলব্ধেরসত্তথা সর্ব্বো বিকারঃ কারণব্যতিরেকেণানুপলব্ধেরসজ্জন্মপ্রধ্বংসাভ্যাং প্রাগূর্দ্ধঞ্চানুপলব্ধেঃ কার্য্যস্য ঘটাদের্মৃদাদিকারণস্য তৎকারণস্য চ তৎকারণব্যতি-

আনন্দগিরিকৃতটীকা।

রিত্যাশঙ্ক্যাহ ন হীতি। বিমতমতাত্ত্বিকমপ্রামাণিকত্বাৎ রজ্জুসর্পবৎ, ন হি ধর্ম্মিগ্রাহকস্য প্রত্যক্ষাদেস্তত্ত্বাবেদকং প্রামাণ্যং কল্প্যতে বিষয়স্য দুর্নিরূপত্বাৎ অতোঽনির্ব্বাচ্যং দ্বৈতমিত্যর্থঃ। কথং পুনরধ্যক্ষাদিবিষয়স্য শীতোষ্ণাদিদ্বৈতস্য দুর্নিরূপত্বেন অনির্ব্বাচ্যত্বং তত্রাহ বিকারো হীতি। ততশ্চ বিমতং মিথ্যা আগ-মাপায়িত্বাৎ সম্প্রতিপন্নবদিতি ফলিতমাহ বিকারশ্চেতি। বাচারম্ভণশ্রুতেঃ দ্বৈতমিথ্যাত্বে অনুগ্রাহকত্বং দর্শয়িতুং চকারঃ। কিঞ্চ কার্য্যং কারণাদ্ভিন্নমভিন্নং বেতি বিকল্প্যাদ্যং দূষয়তি যথেতি। নিরূপ্যমাণমন্তর্ব্বহিশ্চেতি শেষঃ বিমতং কারণাৎ ন তত্ত্বতো ভিদ্যতে কার্য্যত্বাৎ ঘটবদিত্যর্থঃ! ইতোঽপি কারণাদ্ভেদেন নাস্তি কার্য্যম্, আদাবন্তে চ যন্নাস্তি বর্ত্তমানেঽপি তৎ তথেতি ন্যায়াদিত্যাহ জন্মেতি। যদি কার্য্যং কারণাদভিন্নং তদা তস্য ভেদেনাসত্ত্বে পূর্ব্বস্মাদবিশেষঃ তাদাত্ম্যেন অবস্থানস্তু ন যুক্তং তস্যাপি কারণব্যতিরেকেণাভাবাৎ। কার্য্যকারণবিভাগ-বিধুরে বস্তুনি কার্য্যকারণপরম্পরায়া বিভ্রমত্বাৎ ইত্যভিপ্রেত্যাহ মৃদাদীতি। কার্য্যকারণবিভাগ-

আভাস।

বলা হইয়াছে, "তিতিক্ষস্ব" সহস্ব! অর্থাৎ সহ্য কর! বড় বড় বৃক্ষ অশ্বথ বট প্রভৃতি যে কেহ প্রচণ্ড জলের বেগকে প্রতিবন্ধক করিতে চেষ্টা করে, তাহারাই উপড়িয়া গিয়া, স্রোতে ভাসিয়া যায়; জল-বেগের প্রতিবন্ধক সহ্য করিতে পারে না। কিন্তু বেতস (বেত) গাছ স্রোতকে প্রতিবন্ধক না দিয়া, ভূমিতে শুইয়া পড়ে; জল-বেগ তাহার উপর দিয়া চলিয়া যায় এবং ক্ষণকাল পরে জোয়ারের বেগ উপশমিত হইয়া গেলে, বেতগাছ পূর্ব্ববৎ দণ্ডায়মান হইয়া উঠে। অতএব জলবেগ যেমন আসে, কিন্তু থাকে না; সেইরূপ সংসার-বেগ আসে এবং পরক্ষণেই চলিয়া যায়। কারণ সংসারের কোন পদার্থই থাকিবার নহে। যেহেতু সকলই বিকার-ভাব, প্রকৃত ভাব নহে। সুতরাং ভোগী জীবকে সুখ দুঃখাদি ভোগকে সরাইতে হইবে না, তাঁহারা আপনা হইতেই সরিয়া যাইবে। কারণ তাহারা কোন একটী হেতু হইতে দেখা দিবার জন্য উপস্থিত

শাঙ্করভাষ্যম্।

রেকেণানুপলব্ধেরসত্ত্বং, তদসত্ত্বে সর্ব্বাভাবপ্রসঙ্গ ইতি চেৎ ন সর্ব্বত্র বুদ্ধিদ্বয়োপলব্ধেঃ সদ্বুদ্ধিরসদ্বুদ্ধিরিতি যদ্বিষয়া বুদ্ধি র্ন ব্যভিচরতি তৎসৎ যদ্বিষয়া ব্যভিচরতি তদসৎ ইতি সদসদ্বিভাগে বুদ্ধিতন্ত্রে স্থিতে সর্ব্বত্র দ্বে বুদ্ধী সর্ব্বৈরুপলভ্যেতে সমানাধিকরণেন নীলোৎপলবৎ সন্ ঘটঃ সন্ পটঃ সন্ হস্তীতি এবং সর্ব্বত্র তয়োর্বুদ্ধ্যো-

আনন্দগিরিকৃতটীকা।

বিহীনং বস্তেব নাস্তীতি মন্বানশ্চোদয়তি তদসত্ত্ব ইতি। অনুবৃত্তব্যাবৃত্তবুদ্ধিদ্বয়দর্শনাদনুবৃত্তে চ ব্যাবৃত্তানাং কল্পিতত্বাদকল্পিতং সর্ব্বভেদ-কল্পনাধিষ্ঠানমকার্য্যকারণং বস্তু সিধ্যতীতি পরিহরতি ন সর্ব্বত্রেতি। সম্প্রতি সতো বস্তুত্বে প্রমাণমনুমানমুপন্যস্যতি যদ্বিষয়েতি। যদ্ব্যাবৃত্তেষনুবৃত্তং তত্তমর্থং সৎ যথা সর্পধারাদিষনুগতো রজ্জাদেরিদমংশং, বিমতং সত্যমব্যভিচারিত্বাৎ সংপ্রতিপন্নবদিত্যর্থঃ। ব্যাবৃত্তস্য কল্পিতত্বে প্রমাণমাহ যদ্বিষয়েত্যাদিনা। যদ্ব্যাবৃত্তং তন্মিথ্যা যথা সর্পধারাদি, বিমতং মিথ্যা ব্যভিচারিত্বাৎ সংপ্রতিপন্নবদিত্যর্থঃ ইত্যনুমানদ্বয়মনুস্মৃত্য সতোঽকল্পিতত্বং অসতশ্চ কল্পিতত্বং স্থিতমিতি শেষঃ। নন্বু নেদমনুমানদ্বয়মুপপদ্যতে সমস্তদ্বৈতবৈতথ্যবাদিনো বিভাগাভাবাদনুমানাদিব্যবহারানুপপত্তেস্তত্রাহ সদসদিতি। উক্তে বিভাগে বুদ্ধিদ্বয়াধীনে স্থিতে সত্যনুমানাদি-ব্যবহারো নির্ব্বহতি প্রাতিভাসিক-বিভাগেন বিয়োগাৎ পরমার্থস্যৈব তদ্ধেতুত্বে কেবলব্যতিরেকাভাবাদিত্যর্থঃ। কুতঃ সদসদ্বিভাগস্য বুদ্ধিদ্বয়াধীনত্বং বুদ্ধিবিভাগস্যাপি তদভাবাত্তত্রাহ সর্ব্বত্রেতি। ব্যবহারভূমিঃ সপ্তম্যর্থঃ। বুদ্ধিবিভাগস্যাপি কল্পিতস্যৈব বোধ্যবিভাগপ্রতিভাসহেতুতেতি ভাবঃ। বুদ্ধিদ্বয়মনুরুধ্য সদসদ্বিভাগে সতঃ সামান্যরূপতয়া বিশেষাকাঙ্ক্ষায়াং সামান্যবিশেষে দ্বে বস্তুনী বস্তুভূতে

আভাস।

হইয়াছে; সেখান কার্য্য সাঙ্গ হইলেই, চলিয়া যাইবে। বৃক্ষের অন্তরে ফল প্রসবের উদ্‌যোগ-ভাব ছিল, তজ্জন্য প্রথম কুঁড়ি, তৎপরেই পুষ্পের আকার, পরক্ষণে পুষ্পভাব ধ্বংসে অতি ক্ষুদ্র কড়াইয়ের আকার; দেখিতে দেখিতে উত্তরোত্তর কচি বা কষা ডাঁসা এবং পক্কাকারে ফলের পরিণাম হইতে হইতে ফল যেমন সুপক্ক হইল, অমনি বৃন্তচ্যুত হইয়া গেল। ফলের সূত্রপাত প্রথম পুষ্পভাব হইতে পক্কভাব এই আদ্যন্ত কোন ভাবই ক্ষণকালের জন্য বা কাহারও প্রতীক্ষায় অপেক্ষা করে না, সেইরূপ এই পরিদৃশ্যমান জাগতিক কোন বস্তু বা ভাবের সত্তা পরমাণু পরিমিত কালের জন্যও স্থিরভাবে অবস্থিতি করিতে

শাঙ্করভাষ্যম্।

ঘটাদিবুদ্ধি র্ব্যভিচরতি। তথা চ দর্শিতং, ন তু সদ্বুদ্ধিঃ তস্মাৎ ঘটাদিবুদ্ধি-বিষয়োঽসন্ ব্যভিচারাৎ ন তু সদ্বুদ্ধিবিষয়োঽব্যভিচারাৎ। ঘটে বিনষ্টে ঘটবুদ্ধৌ ব্যভিচরন্ত্যাং সদ্বুদ্ধিরপি ব্যভিচরতীতি চেৎ ন পটাদাবপি সদ্বুদ্ধিদর্শনাৎ বিশেষণ-বিষয়ৈব সা সদ্বুদ্ধিঃ অতোঽপি ন বিনশ্যতি, অথ সদ্বুদ্ধিবৎ ঘটবুদ্ধিরপি ঘটান্তরে

আনন্দগিরিকৃতটীকা।

স্তাতামিতি চেত্তত্রাহ সমানাধিকরণ ইতি। পদয়োঃ সামানাধিকরণ্যং বুদ্ধ্যো-রুপচর্য্যতে, সেয়মিতি সামানাধিকরণ্যবদ্ ঘটঃ সন্ ইত্যাদি সামানাধিকরণ্যমেক-বস্তুনিষ্ঠং বস্তুভেদে ঘটপটয়োরিব তদ্যোগাদিত্যর্থঃ। নীলমুৎপলমিতিবৎ ধর্ম্মধর্ম্মি-বিষয়তয়া সামানাধিকরণস্য সুবচত্বাৎ ন বস্ত্বৈক্যবিষয়ত্বমিতি চেন্নেত্যাহ ন নীলেতি। ন হি সামান্যবিশেষয়োর্ভেদেঽভেদে চ তদ্ভাবো ভেদাভেদৌ চ বিরুদ্ধৌ, অতো জাতি-ব্যক্ত্যোঃ সামানাধিকরণ্যং নীলোৎপলয়োরিব ন গৌণং কিন্তু ব্যাবৃত্তমনুবৃত্তে কল্পিতমিত্যেকনিষ্ঠমিত্যর্থঃ। সামান্যবিশেষয়োরুক্তন্যায়ং গুণগুণ্যাদৌ অতিদিশতি এবমিতি। তুল্যো হি তত্রাপি বিকল্পদোষাবিতি ভাবঃ। সামানাধিকরণ্যানুপপত্ত্যা দ্বে বস্তুনী সামান্যবিশেষাবিতি পক্ষং প্রতিক্ষিপ্য বিশেষাবেব বস্তুনীতি পক্ষং প্রতি-ক্ষিপতি তয়োরিতি। বুদ্ধিব্যভিচারাদ্বোধ্য-ব্যভিচারেণ কথং ব্যাবৃত্তানাং বিশে-ষাণামবস্তুত্বমিত্যাশঙ্ক্যাহ তথাচেতি। বিকারো হি স ইত্যাদাবিতিশেষঃ। ন চৈকং বস্তু সামান্যবিশেষাত্মকমেকস্য দ্বৈরূপ্যাবিরোধাদিত্যভিপ্রেত্য সামান্যমেকমেব

আভাস।

পারে না। অতি ক্ষুদ্র পরমাণু হইতে অতি বৃহৎ হিমালয় পর্ব্বত পর্য্যন্ত কোন পদার্থ সমভাবে অবস্থিত নাই; কারণ ইহারা সক্রিয়। ইহাদের অন্তরে ক্রিয়া নিরন্তরই চলিতেছে। একটী বৃক্ষের পত্রও নিশ্চেষ্ট ভাবে বিশ্রাম করে না; বৃদ্ধি হ্রাস প্রভৃতি বিচিত্র পরিণাম তাহাদের প্রত্যেকের অন্তরে নিরন্তর চলিতেছে। সুতরাং উৎপত্তি হইতে বিনাশ ও জন্ম হইতে মৃত্যু পর্য্যন্ত একাকার ভাবে কেহই এই সংসারে বিশ্রামের অবসর পায় না।

অথচ কোন বস্তু বা ভাবও স্বতন্ত্র নহে; সকলেই তৎ তৎ পূর্ব্ববর্ত্তী কারণের আশ্রয়ে এবং সাহায্যে পরিবর্ত্তিত বা পরিণত হইয়া কার্য্যক্ষেত্রে দেখা দিতেছে। আপাতত দৃষ্টিতে বীজ বৃক্ষের স্কন্ধ শাখা পল্লব পত্র পুষ্প ও ফলাদিরূপে পরিণত হইবার পরিচয় প্রদান করিলেও, আমরা স্থির-চিত্তে চিন্তা করিলে বুঝিতে

শাঙ্করভাষ্যম্।

দৃশ্যতে ইতি চেৎ নং পটাদাবদর্শনাৎ। সদ্বুদ্ধিরপি নষ্টে ঘটে ন দৃশ্যতে ইতি চেৎ ন বিশেষ্যাভাবাৎ সদ্বুদ্ধিঃ বিশেষণ-বিষয়া সতী বিশেষ্যাভাবে বিশেষণানুপপত্তৌ কিং বিষয়া স্যাৎ ন তু পুনঃ সদ্বুদ্ধির্বিষয়াভাবাৎ একাধিকরণত্বং ঘটাদিবিশেষ্যাভাবেন যুক্তং ইতি চেৎ ন সদিদমুদকমিতি মরীচ্যাদাবন্যতরাভাবেঽপি সামানা-

আনন্দগিরিকৃতটীকা।

বস্তুতদ্বুদ্ধেরব্যভিচারাৎ, বোধস্যাপি সত স্তথাত্বাদিত্যাহ নত্বিতি। ব্যভিচরতীতি-পূর্ব্বেণ সম্বন্ধঃ। বিশেষাণাং ব্যভিচারিত্বে সতশ্চাব্যভিচারিত্বে ফলিতমুপসংহরতি তস্মাদিতি। অসত্ত্বং কল্পিতত্বং। তচ্ছব্দার্থমেব স্ফোরয়তি ব্যভিচারাদিতি। সদ্বুদ্ধিবিষয়স্য সতোঽকল্পিতত্বে তচ্ছব্দোপাত্তমেব হেতুমাহ অব্যভিচারাদিতি। সদ্বুদ্ধিব্যভিচারদ্বারা বোধ্যস্যাপি ব্যভিচারাৎ তদব্যভিচারিত্বহেতোরসিদ্ধিরিতি শঙ্কতে। ঘটে বিনষ্ট ইতি। সদ্বুদ্ধের্ঘটমাত্রবুদ্ধিবৎঘটবিষয়ত্বাভাবান্ন ঘটনাশে ব্যভিচারোঽস্তি ইতি পরিহরতি ন পটাদাবিতি। সদ্বুদ্ধেরঘটবিষয়ত্বে নিরালম্বত্বা-যোগাৎ বিষয়ান্তরং বক্তব্যমিত্যাশঙ্ক্যাহ বিশেষণেতি। সতোঽকল্পিতত্ব-হেতোঃ অব্যভিচারিত্বস্যাসিদ্ধিমুদ্ধৃত্য বিশেষাণাং কল্পিতত্বহেতোর্ব্যভিচারিত্বস্যাসিদ্ধিং শঙ্কতে সদিতি। যথা সদ্বুদ্ধি র্ঘটে নষ্টে পটাদৌ দৃষ্টত্বাৎ অব্যভিচারিণী অব্যভিচারঃ সতো দর্শিতস্তথা ঘটবুদ্ধিরপি ঘটে নষ্টে ঘটান্তরে দৃষ্টেত্যব্যভিচারাৎ ঘটে ব্যভিচারা-সিদ্ধৌ বিশেষান্তরেষ্বপি কল্পিতত্বহেতোঃ ব্যভিচারো ন সিধ্যতীত্যর্থঃ। ঘটবুদ্ধের্ঘটান্তরে

আভাস।

পারিব যে, বীজও তাহার পূর্ব্ববর্ত্তী আশ্রয়রূপে বিদ্যমান উর্ব্বরা বা উৎপাদিকা শক্তির উপর নির্ভর দিয়া তাদৃশ অনন্ত পরিণামে পরিণত হইতেছে। পৃথিবীস্থ উর্ব্বরা শক্তিই ঘনীভূত হইয়া যেমন স্থূল মৃন্ময় পৃথিবী হইয়াছে, আবার বৃক্ষ লতা পাদপ, এমন কি! প্রকাণ্ড পর্ব্বত বেশেও প্রতীত হইতেছে। সেই শক্তিতে এই প্রকটিত পদার্থ-নিচয়ের ভাব-মাত্র সূক্ষ্মাকারে গঠিত হইয়া থাকে। কারণ আমরা যখন অন্তরে যাহা সূক্ষ্মমূর্ত্তিতে ভাবি, তাহাই স্থূল বেশে পরে কার্য্যে পরিণত করি; অর্থাৎ একজন গৃহ নির্ম্মাতা (ইঞ্জিনিয়ার) স্বীয় মনোমধ্যে ভাবের উপকরণে একটী সুসজ্জিত ইষ্টকাদিতে নির্ম্মিত অট্টালিকা প্রথমত প্রস্তুত করেন, পরে পার্থিব উপকরণের দ্বারা বাহিরে প্রকৃত ইষ্টকাদির সমাবেশে নির্ম্মাণ করেন। প্রায় সকল ক্ষেত্রেই পূর্ব্বে ভাবের সৃষ্টি, পরে আকারে স্থূলের সৃষ্টি ব্যবহার দশায় পরিদৃষ্ট হইয়া থাকে।

শাঙ্করভাষ্যম্।

ধিকরণ্যদর্শনাৎ। তস্মাদ্দেহাদে র্দ্বন্দ্বস্য চ সকারণস্যাসতো ন বিদ্যতে ভাব ইতি। তথা সতশ্চ আত্মনঃ অভাবোঽবিদ্যমানতা ন বিদ্যতে সর্ব্বত্র অব্যভিচারাৎ-ইত্যবোচামঃ। এবমাত্মানাত্মনোঃ সদসতো-রুভয়োরপি দৃষ্টঃ উপলব্ধোঽন্তো নির্ণয়ঃ। সৎ সদেব অসদ্ অসদেবেতি তু অনয়ো র্যথোক্তয়ো স্তত্ত্বদর্শিভিঃ, তদিতি

আনন্দগিরিকৃতটীকা।

দৃষ্টত্বেঽপি পটাদাবদৃষ্টত্বেন ব্যভিচারাৎ পটাদিবিশেষেষ্বপি ব্যভিচারিত্বসিদ্ধিরিত্যুত্তরমাহ ন পটাদাবিতি। বিশেষাণামেবং ব্যভিচারিত্বে সতোঽপি তদুপপত্তের-ব্যভিচারিত্বহেতুসিদ্ধিতাদবস্থ্যমিতি শঙ্কতে সদ্বুদ্ধিরিতি। ঘটাদিনাশদেশে তদ্ধপরক্তাকারেণ সত্ত্বাভানেঽপি নাসত্ত্বং ঘটাদ্যভাবাধিষ্ঠানতয়া ভানাদিত্যাহ ন বিশেষ্যেতি। যথা সর্ব্বগতা জাতিরিত্যত্র খণ্ডমুণ্ডাদিব্যক্ত্যভাবদেশে গোত্বং ব্যঞ্জকাভাবান্ন ব্যজ্যতে ন গোত্বাভাবাৎ তথাসত্ত্বমপি ঘটাদিনাশে ব্যঞ্জকাভাবান্ন ভাতি ন স্বরূপাভাবাদিত্যুক্তমেব প্রপঞ্চয়তি সদিত্যাদিনা। সপ্রতিযোগিক-বিশেষণত্ব-ব্যভিচারেঽপি স্বরূপাব্যভিচারাত্তুক্তং সতঃ সত্যত্বমিতিভাবঃ। দ্বয়োঃ সতোরেব বিশেষণ-বিশেষ্যত্ব-দর্শনাৎ ঘটসতোরপি বিশেষণবিশেষ্যত্বে দ্বয়োঃ সত্ত্বধ্রৌব্যাৎ ঘটাদিবিকল্পিতত্বানুমানং সামানাধিকরণ্যধীবাধিতমিতি চোদয়তি একেতি। অনুভবমনুস্মৃত্য বাধিতবিষয়ত্বমুক্তানুমানস্য নিরস্যতি নেত্যাদিনা। ঘটাদেঃ সতি কল্পিতত্বানুমানস্য দোষরাহিত্যে ফলিতমুপসংহরতি তস্মাদিতি। প্রথমপাদ-ব্যাখ্যান-পরিসমাপ্তাবিতিশব্দঃ। নম্বু নেদং ব্যাখ্যানং ভাষ্যকারাভিপ্রেতং সর্ব্বদ্বৈতশূন্যত্ব-বিবক্ষায়াং শাস্ত্রতদ্ভাষ্যবিরোধাৎ কেনাপি পুনর্দ্দুর্ব্বিদগ্ধেন স্বমনীষিকয়োৎপ্রেক্ষিতমেতদিতি চেৎ নৈবং কিমিদং দ্বৈতপ্রপঞ্চস্য শূন্যত্বং কিং তুচ্ছত্বং কিং সদ্বিলক্ষণত্বং নাদ্যো অনভ্যুপগমাৎ দ্বিতীয়ানভ্যুপগমে তু তত্রৈব শাস্ত্রবিরোধো ভাষ্যবিরোধশ্চ সর্ব্বং

আভাস।

অতএব আমরা একটু ধৈর্য্য সহকারে অন্তর্দৃষ্টিতে অগ্রসর হইলে বুঝিতে পারিব যে, স্থূল পরিদৃশ্যমান পদার্থ সমূহ যেমন তাহাদের সূক্ষ্ম ভাবের উপর নির্ভর দিয়া বাহিরে প্রসারিত হইতেছে, সেইরূপ তাহাদের সূক্ষ্ম হেতু ভাব-সমূহও তাহাদের কারণ-স্থানীয় তদপেক্ষা সূক্ষ্ম হেতু স্বরূপ শক্তির আশ্রয়ে গঠিত হইয়া, পরবর্ত্তী স্থূলকে গঠন করিতেছে। এইরূপে অগ্রসর হইলে, অবশেষে আমরা একটী অসীম ও অনন্ত সর্ব্বাধার শক্তির সন্নিধানে উপনীত হইব এবং এই পরিদৃশ্যমান সমগ্র সংসারকে ও তাহার ভাব সমূহকে সম্পূর্ণ কল্পিত সুতরাং

শাঙ্করভাষ্যম্।

সর্ব্বনাম, সর্ব্বঞ্চ ব্রহ্ম তস্য নাম তদিতি তদ্ভাব স্তত্ত্বং ব্রহ্মণো যাথাত্ম্যং তদ্ দ্রষ্টুং শীলং যেষাং তে তত্ত্বদর্শিন স্তৈ স্তত্ত্বদর্শিভি স্তত্ত্বমপি তত্ত্বদর্শিনাং দৃষ্টিমাশ্রিত্য শোকং মোহঞ্চ হিত্বা শীতোষ্ণাদীনি নিয়তানিয়তরূপাণি দ্বন্দ্বানি বিকারোঽয়মসন্নেব মরীচিজল-বন্মিথ্যাবভাসতে ইতি মনসি ব্যস্ত তিতিক্ষ স্ব ইত্যভিপ্রায়ঃ ॥ ১৬ ॥

আনন্দগিরিকৃতটীকা।

হি শাস্ত্রং তদ্ভাষ্যং চ দ্বৈতস্য সত্যত্বানধিকরণত্বসাধনেনাদ্বৈত-সত্যত্বে পর্য্যবসিত-মিতি বৈবিধ্য দ্বৈস্তত্র তত্র প্রতিষ্ঠাপিতং তথা চ প্রক্ষেপাশঙ্ক্য সংপ্রদায়পরিচয়া-ভাবাদিতি দ্রষ্টব্যং। অনাত্মজাতস্য কল্পিতত্বেনাবস্তুত্ব-প্রতিপাদন-পরতয়া প্রথমপাদং ব্যাখ্যায় দ্বিতীয়পাদমাত্মনঃ সর্ব্বকল্পনাধিষ্ঠানস্যাকল্পিতত্বেন বস্তুত্বপ্রসাধনপরতয়া ব্যাকরোতি তথেতি ! নন্বাত্মনঃ সদাত্মনো বিশেষেষু বিনাশিষু তদুপরক্তস্য বিনাশঃ স্যাদিত্যাশঙ্ক্য বিশিষ্টনাশেঽপি স্বরূপানাশস্যোক্তত্বান্মৈবমিত্যাহ সর্ব্বত্রেতি। নন্থ কদাচিৎ অসদেব পুনঃ সত্ত্বমাপদ্যতে প্রাগসতো ঘটস্য জন্মনা সত্ত্বাভ্যুপগমাৎ সচ্চ কদাচিৎঅসত্ত্বং প্রতিপদ্যতে স্থিতিকালে সতো ঘটস্য পুনর্নাশে নাসত্ত্বাঙ্গীকারাদেবং সদসতোরব্যবস্থিতত্বা-বিশেষাদুভয়োরপি হেয়ত্বমুপাদেয়ত্বং বা তুল্যং স্যাদিতি তত্রাহ এবমিতি। তুশব্দো দৃষ্টশব্দেন সম্বধ্যমানো দৃষ্টিমবধারয়তি নহি প্রাগসতো ঘটস্য সত্ত্বমসত্ত্বে স্থিতে সত্ত্বপ্রাপ্তিবিরোধাদসত্ত্বনিবৃত্তিশ্চ সত্ত্বপ্রাপ্ত্যা চেৎ প্রাপ্তমিতরে-তরাশ্রয়ত্বমন্তরেণৈব সত্ত্বাপত্তিমসত্ত্বনিবৃত্তাবসত্ত্বমনবকাশি ভবেৎ এতেন সতোঽসত্ত্বা-পত্তিরপি প্রতিজ্ঞানীতেতি ভাবঃ। কথং তর্হি সতোঽসত্ত্বমসতশ্চ সত্ত্বং প্রতিভাতি ইত্যাশঙ্ক্য তত্ত্বদর্শনাভাবাদিত্যাহ তত্ত্বেতি। তস্য ভাবস্তত্ত্বং ন চ তচ্ছব্দেন পরা-মর্শযোগ্যং কিঞ্চদস্তি। প্রকৃতং প্রতিনিয়তমিত্যাশঙ্ক্য ব্যাচষ্টে তদিত্যাদিনা। নন্থ সদসতো রন্যথাত্বং কেচিৎ প্রতিপদ্যন্তে কেচিত্তু তয়োরুক্তনির্ণয়মনুসৃত্য তথাত্বমে-বাভিগচ্ছন্তি তত্র কেষাং মতমেষিতব্যমিতি তত্রাহ ত্বমপীতি ॥ ১৬ ॥

আভাস।

মিথ্যা, কেবল কার্য্যাকারে পরিণত অনুভবের বিষয় মাত্র বলিয়া, উপলব্ধি করিতে পারিব। অতএব তাহারা কেহই প্রকৃত সত্য নহে; কার্য্যাকারে পরিণত অনন্ত শক্তির নিরন্তর স্রোত মাত্র। সুতরাং অনিত্য ও ক্ষণধ্বংসী। অতএব তাহাদের সংসর্গে আমাদিগকে উৎকণ্ঠিত বা মোহিত হইবার কিছু মাত্র প্রয়োজন নাই! ধৈর্য্য সহকারে একটু সহ্য করিলে, ক্ষণকালের মধ্যে তাহারা আপনা হইতেই সারিয়া যাইবে। এই নিমিত্ত মনীষিগণ পরিদৃশ্যমান পদার্থকে সুস্পষ্ট

অবিনাশি তু তদ্বিদ্ধি যেন সর্ব্বমিদং ততম্।
বিনাসমব্যয়স্যাস্য ন কশ্চিৎ কর্ত্তুমর্হতি ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

যেন ইদং প্রত্যক্ষেণ প্রতীতং সর্ব্বং দেহং ততং ব্যাপ্তং তৎ চিৎস্বরূপং আত্মানং তু অবিনাশি নাশাদি-রহিতং বিদ্ধি জানীহি! অব্যয়স্য অপক্ষয়-শূন্যস্য অস্য আত্মনঃ বিনাশং কশ্চিৎ জনঃ ন কর্ত্তুং অর্হতি যোগ্যো ভবতি ॥ ১৭ ॥

শাঙ্করভাষ্যম্।

কিং পুনস্তৎ যৎ সদেব সর্ব্বদাস্তীতি উচ্যতে অবিনাশীতি। অবিনাশি ন বিনষ্টুং শীলমস্যেতি, তুশব্দোঽসতো বিশেষণার্থঃ। তদ্বিদ্ধি বিজানীহি।

আনন্দগিরিকৃতটীকা।

নমু সদিতি সামান্যং স্বরূপং বা প্রথমে তস্য বিশেষ-সাপেক্ষতয়া প্রলয়-দশায়ামশেষবিশেষবিনাশে বিনাশঃ স্যাৎ ন চাদ্যদয়ো বিশেষাস্তদাপি সন্তীতি বাচ্যম্ আত্মাতিরিক্তানাং বিশেষাণাং কার্য্যত্বাঙ্গীকারাৎ প্রলয়াবস্থায়াম্ অনব-স্থানাদাত্মনশ্চ সামান্যাত্মনো ধর্ম্মিত্বাৎ উক্তদোষাদ্দ্বিতীয়ে তু স্বরূপস্য ব্যাবৃত্তত্বে

এই পরিদৃশ্যমান বিশ্ব সংসারের প্রত্যেক পদার্থ বা ভাবের আবির্ভাব বা তিরোভাবের নিত্য সাক্ষী স্বরূপে অন্তর বা বাহিরে যিনি নিরন্তর ব্যাপ্ত হইয়া রহিয়াছেন, সেই চৈতন্য-স্বরূপ আত্মাই অবিনাশী ও অব্যয় পদার্থ! ইহার নাশ বা ধ্বংস কেহই করিতে পারে না ॥ ১৭ ॥

আভাস।

অর্থাৎ সং সম্যক্ সরতি গচ্ছতি অর্থাৎ সরিয়া যায়; বা গচ্ছতি বলিয়া, জগৎ নামে আখ্যাত করিয়াছেন। এবং যে তাহার সমগ্র ভাব বা আকারকে প্রত্যক্ষত আদ্যোপান্ত সদ্‌ভাবে বা মিথ্যা বোধে অনুভব করে সেই আমিই সত্য; তাহার অভাব কখন অনুভূত হয় না। সুতরাং সেই আমিই সত্য ও চিরস্থায়ী। অব-শিষ্ট স্ত্রী পুত্রাদি সকল পদার্থ এবং স্নেহ, প্রেম, সুখ ও দুঃখাদি ভাব-সমূহ অকিঞ্চিৎকর এবং মিথ্যা ও উপেক্ষণীয় ॥ ১৬ ॥

এক্ষণে অবিনাশী ও সত্য স্বরূপে বিদ্যমান আমি ভাবের লক্ষণ এই শ্লোকে করা হইয়াছে যথা; সকল ভাবে বা পদার্থে সর্ব্বতোভাবে যিনি আছেন, অথচ

শাঙ্করভাষ্যম্।

কিম্? যেন সর্ব্বমিদং জগৎ ততং ব্যাপ্তং সদাখ্যেন ব্রহ্মণা সাকাশমাকাশেনেব ঘটাদয়ঃ। বিনাশমদর্শনং অভাবমব্যয়স্য। ন ব্যেতি উপচয়াপচয়ৌ ন যাতীত্যব্যয়ং তস্যাব্যয়স্য নৈতৎ সদাখ্যং ব্রহ্ম স্বেন রূপেণ ব্যেতি ন ব্যভিচরতি নিরবয়বত্বাৎ দেহাদিবৎ নাপ্যাত্মীয়েন আত্মীয়াভাবাৎ যথা দেবদত্তো ধনহান্যা

আনন্দগিরিকৃতটীকা।

কল্পিতত্বাৎ বিনাশিত্বমনুবৃত্তত্বেন তস্যৈব সামান্যতয়া প্রশুক্তদোষানুশক্তিরিতি মত্বানশ্চোদয়তি কিং পুনরিতি। সামান্যবিশেষভাবশূন্যমথণ্ডৈকরসং সদেবেত্যাদি-শ্রুতিপ্রমিতং সর্ব্ববিক্রিয়ারহিতং বস্তু প্রকৃতং সদ্বিবক্ষিতমিত্যুত্তরমাহ উচ্যত ইতি। আত্মনঃ সদাত্মনো বিনাশরাহিত্যবিজ্ঞানে সর্ব্বজগদ্ব্যাপকত্বং হেতুমাহ যেনেতি। আত্মনো বিনাশাভাবে যুক্তিমাহ বিনাশমিতি। আত্মনো বিনাশমিচ্ছতা স্বতো বা পরতো বা নাশ তস্য ইষ্যতে নাদ্য ইত্যাহ অবিনাশীতি। দেহাদিবৈতমসত্বচ্যতে ততঃ সতো বিশেষণং স্বতো নাশরাহিত্যম্। তস্য দ্যোতকো নিপাত ইত্যাহ তুশব্দ ইতি। আকাঙ্ক্ষাপূর্ব্বকং বিশেষ্যং দর্শয়তি কিমিত্যাদিনা। বিমতমবিনাশি ব্যাপকত্বাদাকাশবৎ ন হি প্রমিতমেবোদাহরণং কিন্তু প্রসিদ্ধমপীতি ভাবঃ। ন দ্বিতীয় ইত্যাহ বিনাশমিতি। ন খল্বস্য বিনাশং কর্ত্তুং কশ্চিদর্হতীতি সম্বন্ধঃ। বিনাশস্য সবিশেষত্ব-নিরবশেষত্বাভ্যাং বৈরাগ্যমাশ্রিত্য ব্যাকরোতি অদর্শনমিতি। ন কচিদস্যাভাবং কর্ত্তুং শক্নোতীত্যত্র হেতুমাহ অব্যয়স্যেতি।

স্বামিকৃতটীকা

তত্র সৎস্বভাবমবিনাশি বস্তু সামান্যেনোক্তং বিশেষতো দর্শয়ত্যবিনাশি ত্বিতি! যেন সর্ব্বমিদমাগমাপায়-ধর্ম্মাত্মকং দেহাদি ততং সাক্ষিত্বেন ব্যাপ্তং তত্ত্বাত্মস্বরূপমবিনাশি বিনাশ-শূন্যং বিদ্ধি জানীহি! তত্র হেতুমাহ বিনাশমিতি॥ ১৭॥

আভাস।

সেই সকল পদার্থ বা ভাবের আগমে বা অপগমে, উদয়ে বা বিলয়ে, জন্ম বা মৃত্যুতে যাহার উদয় বা নাশ, আগম বা অপগম, জন্ম বা মৃত্যু হয় না, সর্ব্বত্র সর্ব্ব পদার্থে সকলের আশ্রয়, কর্ত্তা ও সাক্ষীভাবে যিনি চির বিদ্যমান থাকেন, তিনিই প্রকৃত আত্মা আমি-পদ বাচ্য।

একটী প্রশস্ত নাট্য মন্দিরে দূর হইতে গীতধ্বনি শ্রবণে অগ্রসর হইয়া গৃহের অভ্যন্তরে প্রবেশ করিয়া দেখিলাম, একজন বিখ্যাত গায়ক গান করিতেছেন। গীতধ্বনি তাঁহার অন্তর হইতে প্রস্ফুরিত হইয়া, সমগ্র গৃহাভ্যন্তর, প্রাঙ্গণ, এমন

শাঙ্করভাষ্যম্।

ব্যেতি নশ্যেবং ব্রহ্ম ব্যেতি। অতোঽব্যয়স্যাস্য ব্রহ্মণো বিনাশং ন কশ্চিৎ কর্ত্তুমর্হতি ন কশ্চিদাত্মানং বিনাশয়িতুং শক্নোতি ঈশ্বরোঽপি আত্মা হি ব্রহ্ম স্বাত্মনি চ ক্রিয়াবিরোধাৎ ॥ ১৭ ॥

আনন্দগিরিকৃতটীকা।

ব্রহ্ম হি স্বরূপেণ ব্যেতি স্বসম্বন্ধিনা বেতি বিকল্প্যাদ্যং দূষয়তি নৈতদিতি। ন হি নিরবয়বস্য স্বাবয়বাপচয়রূপব্যয়ঃ সম্ভবতীত্যত্র বৈধর্ম্ম্যং দৃষ্টান্তমাহ দেহাদিবদিতি। দ্বিতীয়ং নিরস্যতি নাপীতি। তদেব ব্যতিরেক-দৃষ্টান্তেন স্পষ্টয়তি যথেতি। দ্বিবিধেঽপি ব্যয়াযোগে ফলিতমাহ অত ইতি। কিঞ্চ ব্রহ্ম পরতো ন নশ্যত্য াত্মত্বাদ্ ঘটবদিত্যাহ ন কশ্চিদিতি। আত্মত্বহেতোরসিদ্ধিমুদ্ধরতি আত্মা হীতি। তাদাত্ম্যশ্রুতিরত্র হীতি হেতুঃ ক্রিয়তে। অস্তু তর্হি স্বয়মেব ব্রহ্ম স্বাত্মনো নাশকমুদ্বন্ধনাদিদর্শনাৎ ন ইত্যাহ স্বাঃনীতি ॥ ১৭ ॥

আভাস।

কি! বহির্দ্দেশে রাস্তা ঘাট ও দূর দেশ পর্য্যন্ত প্লাবিত হইয়া অভিনব ভাবের পরিচয় প্রদান করিতেছে। যাঁহারা মনোযোগের সহিত শ্রবণ করিতেছে, তাহারা যেন কি অভিনব ভাবের সাক্ষাৎকারে মুগ্ধের ন্যায় অবস্থান করিতেছে। গীত-ধ্বনিতে আচ্ছাদিতের ন্যায় যিনি গাহিতেছেন, তাঁহার হাব ভাব ও ভঙ্গির দ্বারা স্পষ্টত বুঝিলাম যে, গীতধ্বনিটী গায়কের নিজস্ব সম্পত্তি, যাহা তিনি চেষ্টা করিয়া প্রকাশ করিতেছেন। সেই ধ্বনির ভিতর আবার ধ্বনিরই উপাদানে রচিত "দেহি! দীনে দরশন" প্রভৃতি ক্ষোটরূপ শব্দ, কারুণ্য-রস, অমীয় পূর্ণ ভাব, তান, লয় প্রভৃতি বিচিত্র ভাবও অবিচ্ছিন্ন ধ্বনির অভ্যন্তরে কতই জন্মিতেছে! এবং কতই ক্ষণান্তরে সেই মূল ধ্বনিতেই বিলীন হইয়া যাইতেছে! কিন্তু তাহার কোন অংশই গায়কের অজ্ঞাতসারে ঘটিতেছে না। গীতির সকল অংশ ও ভাব গায়ক বুঝিয়া বাহির করিতেছেন এবং বাহির করিবার কালে এবং বাহির হইবার পরও কিরূপ হইল বা না হইল, তাহাও গায়ক বুঝিয়া গাইতেছেন। গান আরম্ভ করিবার পূর্ব্বে, বুঝিয়া আরম্ভ করিয়াছেন; গীত ব্যাপার তাঁহার বুঝারূপ জ্ঞানেরই আশ্রয়ে বিকাশমান; এবং গানের নিবৃত্তিও তিনি বুঝিয়া করিলেন। এখানে জ্ঞানের আশ্রয়ে গানের ধ্বনি, শব্দ-যোজনা এবং কারুণ্যাদি রসের বিকাশ হইতেছে; অথচ গায়ক বুদ্ধি-পূর্ব্বক গানের সমস্ত অঙ্গ বুঝিতেছেন। অতএব গান যেমন জ্ঞানের আশ্রয়ে, অথচ জ্ঞানের দ্বারা যেমন গান ঢাকা,

অন্তবন্ত ইমে দেহা নিত্যস্যোক্তাঃ শরীরিণঃ।

অন্বয়ঃ।

নিত্যস্য চিরবিদ্যমানস্য অনাশিনঃ অপ্রমেয়স্য প্রমাতীতস্য শরীরিণঃ আত্মনঃ

শাঙ্করভাষ্যম্।

কিং পুনস্তদসৎ যৎ স্বাত্মসত্ত্যাং ব্যভিচরতীত্যুচ্যতে অন্তবন্ত ইতি। অন্তো বিনাশো

আনন্দগিরিকৃতটীকা।

সদসতোরনন্তরপ্রকৃতয়োঃ স্বরূপাব্যভিচারিত্বেন পরমার্থতয়া সন্নির্ধারিতমিদানীং অসন্নির্দ্দিধারয়িষয়া পৃচ্ছতি কিং পুনরিতি। অসদেবেতি নির্দ্ধারিতত্বাৎ প্রশ্নস্য নিরবকাশত্বমাশঙ্ক্য শূন্যং ব্যাবর্ত্ত্য বিবক্ষিতমসন্নির্ধারয়িতুং তস্য সাবকাশত্বমাহ

স্বামিকৃতটীকা।

আগমাপায়-ধর্ম্মকং সন্দর্শয়তি অন্তবন্ত ইতি। নিত্যস্য সর্ব্বদৈকরূপস্য অত-

---

অতএব নিত্য অনুভব-মূর্ত্তিতে বিদ্যমান আমি স্বরূপ দেহীর দেহই কেবল অন্তবিশিষ্ট; অর্থাৎ জন্ম মৃত্যু হ্রাস বৃদ্ধি অপচয় বা উপচয় প্রভৃতি বিকৃত ভাবের অধীন। দেহীর নাশ বা ক্ষয়

আভাস।

সেইরূপ বুঝিয়া করা এবং করিয়া বুঝা, সেই বুঝিভাব আমির কোনরূপে এবং কখন বিনাশ হয় না; বুদ্ধির সকল ভাব বা অবয়ব বিনষ্ট হইলেও, বুঝি আমি-ভাবের বিনাশ ঘটে না। সেই আমিই চিদানন্দ-স্বরূপ জ্ঞান-মূর্ত্তিতে যেমন আমার এই ভোগায়তন দেহে উলূত প্লুতভাবে বিরাজ করিতেছেন, আবার এই অখণ্ড অনন্ত অসীম ব্রহ্মাণ্ডকে ব্যাপ্ত হইয়া, যিনি সৃষ্টিকালে বিরাজ করিতেছেন এবং গানের নিবৃত্তিতে গায়কের বিশ্রাম করিবার ন্যায়, যিনি প্রণবস্বরূপ অনাহত ধ্বনির বিকাশে সমগ্র ব্রহ্মাণ্ড একবার বিকশিত করত পুনঃ প্রলয়ে আপনাতে সমস্ত লীন করিয়া, যোগ-নিদ্রায় অবস্থানের ন্যায়, বিশ্রাম করেন, তিনিই পরম পুরুষ পরমাত্মা পূর্ণ চৈতন্য-বিগ্রহ নারায়ণ॥ ১৭॥

এই শ্লোকে আত্মার নিত্য সত্য বুদ্ধ শুদ্ধ মুক্ত স্বরূপের প্রতিপাদন এবং আত্মা ব্যতীত দেহ ও দেহ-জাতীয় ভাব-সমূহের নিরন্তর পরিবর্তন-ভাবের পরিচয় প্রদান করা হইয়াছে। জন্ম হইতে আরম্ভ করিয়া মৃত্যু পর্য্যন্ত দেহের বাল্য যৌবন ও জরাদি সুখ দুঃখ রাগ দ্বেষ কাম ক্রোধ লোভ মোহাদি কত প্রকার পরিবর্ত্তনের কুহক যে দৈনন্দিন-জীবনে প্রতীত হয়, তাহা বর্ণনাতীত। তবে এই

অনাশিনোঽপ্রমেয়স্য তস্মাদ্যুধ্যস্ব ভারত ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

ইমে দেহাঃ অন্তবন্তঃ উক্তাঃ; তস্মাৎ মোহজং অজ্ঞানং ত্যক্ত্বা হে ভারত! যুধ্যস্ব স্বধর্ম্মং মা ত্যজ কর্ত্তব্যং কুরু ইতি ॥ ১৮ ॥

শাঙ্করভাষ্যম্।

বিদ্যতে যেষাং তে অন্তবন্তঃ; যথা মৃগতৃষ্ণিকাদৌ সদ্বুদ্ধিরনুবৃত্তা, প্রমাণনিরূপণান্তে বিচ্ছিদ্যতে, স তস্যা অন্তঃ; তথা ইমে দেহা স্বপ্নমায়াদিবৎ চ অন্তবন্তো নিত্যস্য শরীরিণঃ শরীরবতোঽনাশিনোঽপ্রমেয়স্য আত্মনোঽন্তবন্ত ইত্যুক্তা বিবেকিভিরিত্যর্থঃ। নিত্যস্য অনাশিন ইতি ন পুনরুক্তং; নিত্যত্বস্য দ্বিবিধত্বাল্লোকে নাশস্য চ যথা দেহো

আনন্দগিরিকৃতটীকা।

যং স্বাস্থেতি। দেহাদেরনাত্মবর্গস্য প্রত্যক্তাসচ্ছব্দবিষয়ত্বেত্যাহ উচ্যত ইতি। তেষাং স্বাতন্ত্র্যং ব্যদস্যতি নিত্যস্যেতি। আকাশাদিব্যাবৃত্ত্যর্থং বিশিনষ্টি শরীরিণ ইতি। পরিণামনিত্যত্বং ব্যবচ্ছিনত্তি অনাশিন ইতি। তস্য প্রত্যক্ষাদ্যবিষয়ত্বমাহ অপ্রমেয়স্যেতি। দেহাদেরবস্তুত্বাদাত্মনশ্চৈকরূপত্বাদ্ যুদ্ধে স্বধর্ম্মে প্রবৃত্তস্যাপি তব ন

স্বামিকৃতটীকা।

এব অনাশিনোঽপ্রমেয়স্য অপরিচ্ছিন্নস্য আত্মন ইমে সুখদুঃখাদিধর্ম্মকা দেহা উক্তা স্তত্ত্বদর্শিভিঃ, যস্মাদেব আত্মনো ন বিনাশো ন চ সুখদুঃখাদিসম্বন্ধঃ তস্মান্মোহজং শোকং ত্যক্ত্বা যুধ্যস্ব স্বধর্ম্মং মা ত্যাক্ষী রিত্যর্থঃ ॥ ১৮ ॥

---

ব্যয়াদি হয় না এবং ইহাকে ইন্দ্রিয়াদি করণ-গ্রামের দ্বারা নির্ণয় করাও যায় না! সুতরাং তুমি প্রত্যক্ষে জীবাত্মাকে অবধারণ করিতেও পারিতেছ না। অতএব তুমি আত্মনাশ ভয়ে ভীত হইয়া মর্ম্মাহত হইও না। ক্ষত্রিয়ের কর্ত্তব্য কর্ম্ম যুদ্ধে মনোযোগ কর! ॥ ১৮ ॥

আভাস।

সমস্ত ভাব বা ব্যাপার একবার দেখা দেয় এবং পরক্ষণে চলিয়া যায়; স্থায়ীভাবে কোনটীই কখন থাকিতে পারে না। বাল্যভাব আসিল; ক্রমশঃ বাল্যেরও শ্রীবৃদ্ধি হইল এবং পরক্ষণে বাল্যেরও বিনাশে যৌবনের জন্ম দেখা দিল। কাল-ক্রমে যৌবন-ভাবেরও যৌবন-পদবী প্রাপ্তিতে কতই বিকৃতি ঘটিল! আবার যৌবনের মৃত্যুকাল উপস্থিত হইয়া, প্রৌঢ়ত্বের আগমন অনুভূত হয়। কিছুকাল পরে প্রৌঢ়ত্বেরও মৃত্যুকাল উপস্থিত হয় এবং জরা ধীরে ধীরে আসিয়া দেখা

শাঙ্করভাষ্যম্।

ভস্মীভূতঃ অদর্শনং গতো নষ্ট উচ্যতে বিদ্যমানোঽপি যথা অন্যথা পরিণতো ব্যাধ্যাদিযুক্তো জাতো নষ্ট উচ্যতে তত্র অনাশিনো নিত্যস্যেতি দ্বিবিধেনাপি নাশেন অসম্বন্ধোঽস্যেত্যর্থঃ; অন্যথা পৃথিব্যাদিবদপি নিত্যত্বং স্যাদাত্মনস্তন্মাভূদিতি নিত্যস্যানাশিনো নেত্যাহ অপ্রমেয়স্য ন প্রমেয়স্য প্রত্যক্ষাদিপ্রমাণৈরপরিচ্ছেদ্যস্যেত্যর্থঃ। নম্বাগমেনাত্মা পরিচ্ছিদ্যতে প্রত্যক্ষাদিনা চ পূর্ব্বং নাত্মনঃ স্বতঃ সিদ্ধত্বাৎ। সিদ্ধে

আনন্দগিরিকৃতটীকা।

হিংসাদিদোষসম্ভাবনেত্যাহ তস্মাদিতি। নমু দেহাদিষু সদ্বুদ্ধেরনুবৃত্তেস্তস্যা বিচ্ছেদাভাবাৎ কথমস্তবত্বং তেষামিষ্যতে তত্রাহ যথেতি। তথেমে দেহাঃ সদ্বুদ্ধিভাজোঽপি প্রমাণতো নিরূপণায়াং অবসানে বিচ্ছেদাদন্তবন্তো ভবন্তীতি শেষঃ। দেহত্বাদিনা চ জাগ্রদ্দেহাদেরন্তবত্বং সম্প্রতিপন্নবদনুমাতুং শক্যমিত্যাহ স্বপ্নেতি। শরীরাদেরন্তবত্ত্বেঽপি প্রবাহরূপেণ আত্মন স্তৎসম্বন্ধস্য অনন্তত্বমাশঙ্ক্যাহ নিত্যস্যেতি। প্রবাহস্য প্রবাহিব্যতিরেকেণানিরূপণান্ন তদাত্মনা দেহাদ্যভাবে সম্বন্ধসিদ্ধিরিত্যভিসন্ধায়োক্তং বিবেকিভিরিতি। পদদ্বয়স্যৈকার্থত্বমাশঙ্ক্য নিরস্যতি নিত্যস্যেত্যাদিনা। নিত্যত্বস্য দ্বৈবিধ্যসিদ্ধ্যর্থং নাশ দ্বৈবিধ্যং প্রতিজ্ঞাতং প্রকটয়তি যথেত্যাদিনা। নাশস্য নিরবশেষত্বেন সবিশেষত্বেন চ সিদ্ধে দ্বৈবিধ্যে ফলিতমাহ তত্রেতি। বিশেষণাভ্যাং কূটস্থনিত্যত্বং আত্মনো বিবক্ষিতমিত্যর্থঃ। অন্যতরবিশেষণমাত্রোপাদানে পরিণামিনিত্যত্বমাত্মনঃ শঙ্ক্যেতেত্যনিষ্টাপত্তিমাশঙ্ক্যাহ অন্যথেতি। ঔপনিষদত্ববিশেষণমাশ্রিত্যাপ্রমেয়ত্বমাক্ষিপতি নন্বিতি। ইতশ্চাত্মনো নাপ্রমেয়ত্বমিত্যাহ প্রত্যক্ষাদিনেতি। তেন চাগমপ্রবৃত্ত্যপেক্ষয়া পূর্ব্বাবস্থায়ামাত্মৈব পরিচ্ছিদ্যতে তস্মিন্নেব

আভাস।

দেয়! আবার এই প্রত্যেক দেহনিষ্ঠ অবস্থার মধ্যে কত প্রকার উত্তেজনা, উৎসাহ, অবসাদ, ঘৃণা, লজ্জা প্রভৃতি মনোগত ভাবেরও উদয় এবং অস্ত যে অনুভূত হইল, তাহার পরিসীমা নাই। কত রোগ, কত শোক, কত হাস্য, কত ক্রন্দন্ যে জীবনে ভোগ করিলাম, তাহার অন্ত পাই নাই। কোথা হইতে তাহারা সকলে যে আসিয়াছিল এবং ক্রম পরিণামে যে কোথায় চলিয়া গিয়াছে, কে তাহার নিরূপণ করে! এক্ষণে এই বৃদ্ধ জীবনে সেই সকল ব্যাপারের কথা মনে করিলে, বিস্মিত হইতে হয়। তাহারা সকলে যে যতই আসুক, চলিয়া গিয়াছে; একটীও নাই! কিন্তু যে তাহাদিগকে সুখের দৃষ্টিতে বা দুঃখের চক্ষে দেখিয়াছিল বা অনুভব করিয়াছিল, সেই আমি কিন্তু চিরকাল

শাঙ্করভাষ্যম্।

হ্যাত্মনি প্রমাতরি প্রমিৎসোঃ প্রমাণান্বেষণা ভবতি ন হি পূর্ব্বমিত্থমহমিত্যাত্মানং অপ্রমায় পশ্চাৎ প্রমেয়-পরিচ্ছেদায় প্রবর্ত্ততে। ন হ্যাত্মা নাম কস্যচিদপ্রসিদ্ধো-ভবতি। শাস্ত্রং ত্বন্ত্যং প্রমাণং অতদ্ধর্ম্মাধ্যারোপণ-মাত্র নিবর্ত্তকত্বেন প্রমাণত্বমাত্মনি প্রতিপদ্যতে ন ত্বজ্ঞাতার্থজ্ঞাপকত্বেন; তথাচ শ্রুতিঃ "যৎ সাক্ষাদপরোক্ষাদ্‌ব্রহ্ম; য আত্মা সর্ব্বান্তর" ইতি। যস্মাদেবং নিত্যোঽবিক্রিয়শ্চ আত্মা তস্মাৎ যুদ্ধস্ব যুদ্ধাদুপরমং মাকার্ষী রিত্যর্থঃ। ন হ্যত্র যুদ্ধকর্ত্তব্যতা বিধীয়তে। যুদ্ধে প্রবৃত্ত এব হ্যসৌ শোক-মোহপ্রতিবদ্ধ স্তূষ্ণীমাস্তেঽতস্তস্য কর্ত্তব্যপ্রতিবন্ধাপনয়নমাত্রং ভগবতা ক্রিয়তে, তস্মাদ্ "যুদ্ধস্বেত্যনুবাদমাত্রং ন বিধিঃ॥ ১৮॥

আনন্দগিরিকৃতটীকা।

অজ্ঞানত্ব-সম্ভবাদজ্ঞাত-জ্ঞাপকং প্রমাণমিতি চ প্রমাণলক্ষণাদিত্যর্থঃ। এতদপ্রমেয়-মিত্যাদিশ্রুতিমনুসৃত্য পরিহরতি নেত্যাদিনা। কথং মানমনপেক্ষ্যাত্মনঃ সিদ্ধ-ত্বমিত্যাশঙ্ক্যোক্তং বিবৃণোতি সিদ্ধে হীতি। প্রমিৎসোঃ প্রমেয়মিতি শেষঃ। তদেব ব্যতিরেকমুখেন বিবৃণয়তি ন হীতি। আত্মনঃ সর্ব্বলোকপ্রসিদ্ধত্বাচ্চ তস্মিন্ন প্রমাণমন্বেষণীয়মিত্যাহ ন হ্যাত্মেতি। প্রত্যক্ষাদেরনাত্মবিষয়ত্বাৎ তত্র চাজ্ঞাতজ্ঞাত-তায়া ব্যবহারসম্ভবাৎ তৎপ্রামাণস্য চ ব্যাবহারিকত্বাধিশিষ্টে তৎপ্রবৃত্তাবপি কেবলে-তদপ্রবৃত্তে র্যদ্যপি নাত্মনি তৎ প্রামাণ্যং তথাপি তদ্বিতশ্রুত্যা শাস্ত্রস্য তত্র প্রবৃত্তির-বশ্যম্ভাবিনীত্যাশঙ্ক্যাহ শাস্ত্রন্ত্বিতি। শাস্ত্রেণ প্রত্যগ্ভূতে ব্রহ্মণি প্রতিপাদিতে

আভাস।

একই আকারে বিদ্যমান রহিয়াছি। যেমন গৃহস্থিত দীপ সন্নিধানে গায়ক বাদক, শ্রোতা, সদস্য এবং কর্ত্তা নামে যে যতই যে ভাবের বেশ পরিধানে আসুন! আলোক তাহাদের প্রত্যেকটীকে তাহাদের স্বরূপের প্রকাশ করত বিদ্যমান থাকে; পদার্থের হ্রাস, বৃদ্ধি বা চলনাদিতে আলোকের কোন ক্ষতি-বৃদ্ধি নাই, সেইরূপ দেহের বিচিত্র পরিণামের নিরন্তর পরিচয় থাকিলেও, জীবের স্বরূপ-চৈতন্য আত্মার কোনরূপ পরিণাম বা উৎপত্তি বিনাশাদি নাই। সর্ব্বসাক্ষী নিরাময় বেশে আত্মার অস্তিত্ব এই দেহে নিরন্তরই উপলব্ধ হইয়া থাকে; কারণ জীবাত্মা নিত্য সত্য বস্তু। দেহাদি ভাব-সমূহ অনিত্য ও ক্ষণধ্বংসী পদার্থ। ইহাদের ধ্বংস ইহাদের উৎপত্তির সঙ্গে সঙ্গেই নির্ণীত আছে। এই দেহ বা তাহার অবস্থার পরিচয় যাহার পর যাহা হইবার ব্যবস্থা পূর্ব্ব হইতে নির্দীত

আনন্দগিরিকৃতটীকা।

প্রমাত্রাদিবিভাগস্য ব্যাবৃত্তত্বাদ্যক্তমস্যান্তত্বমপৌরুষেয়তয়া নির্দোষত্বাস্তাগমস্য প্রামাণ্যমিত্যর্থঃ। তথাপি কথমস্য প্রত্যগাত্মনি প্রামাণ্যং তস্য স্বতঃ সিদ্ধত্বেনা-বিষয়ত্বাদজ্ঞাতজ্ঞাপনাযোগাদিত্যাশঙ্ক্য স্বতো ভাসমানোঽপি প্রতীচৌ মনুষ্যোঽহং কর্ত্তাহমিত্যাদিনা মনুষ্যত্ব-কর্ত্তৃত্বাদীনামতদ্ধর্ম্মাণামধ্যারোপণেনাত্মনি প্রতীয়মানত্বাৎ তন্মাত্রনিবর্ত্তকত্বেনাত্মনো বিষয়ত্বমনাপাদ্যৈব শাস্ত্রং প্রামাণ্যং প্রতিপদ্যতে সিদ্ধস্ত নিবর্ত্তিকত্বাদিতি ন্যায়াদিত্যাহ অতদ্ধর্ম্মেতি। ঘটাদাবিব স্ফুরণাতিশয়জনকত্বেন কিমিত্যাত্মনি শাস্ত্রপ্রামাণ্যং নেষ্টমিত্যাশঙ্ক্য জড়ত্বাজড়ত্বাভ্যাং বিশেষাদিতি মত্বাহ নত্বিতি। ব্রহ্মাত্মনোরনপেক্ষামন্তরেণ স্বতঃ স্ফুরণে প্রমাণমাহ তথা চেতি। সাক্ষাদন্যাপেক্ষামন্তরেণাপরোক্ষাদপরোক্ষস্ফুরণাত্মকং যদ্ব্রহ্ম ন চ তস্যাত্মনো-

আভাস।

আছে, অবশ-ভাবে সেই সকল গুলিই ঘটিয়া চলিতেছে। আত্মা কিন্তু নিরাময় বেশে সেই সকলের সাক্ষীস্থানীয় হইয়া, সকল গুলিকে প্রত্যক্ষ করিতেছেন মাত্র। ক্রমান্বয়ে যাবতীয় ধর্ম্ম, যাহার যেখানে যেরূপে প্রকাশিত হওয়া প্রয়োজন, কে যেন অন্তরাল হইতে সেগুলিকে প্রকাশিত করিতেছে! এবং দেহী আত্মা অবশ ভাবে সেগুলিকে উপভোগ করিতেছেন। মূত্র বা পুরীষ ত্যাগের বেগ কেন যে আসিল, দেহী জীবাত্মার তাহা নিরূপণের সামর্থ্য নাই; অবশ-ভাবে সে সমস্তই ঘটিবে! আত্মা দেহী কেবল সাক্ষী হইয়া তাহা অনুভব করিবেন মাত্র; তাহার কোনটীর কোনরূপ অন্যথা করিবার যোগ্যতা তাঁহার নাই!

অতএব কেবল ভোগের দ্বারাই যদি ভোক্তা জীবাত্মাকে অনুভব করিতে হয়, এবং তিনি যদি নিত্য সিদ্ধবেশে এই দেহে অবস্থান পূর্ব্বক দেহের যাবতীয় বাল্য যৌবনাদি অবস্থা এবং তদুপযোগী অনুকূল বা প্রতিকূল ভাব সমূহকে সাক্ষীরূপে অনুভব করা ব্যতীত তাহার অন্যথা করিবার যোগ্যতা না থাকে, তখন এই সমরানলের প্রয়োজন, তোমার তদুপযুক্ত বয়স, বল এবং বিক্রমাদি সম্বন্ধও ত তোমার অধীনে নহে! প্রত্যেক ক্ষুৎপিপাসাদি, বা বিষ্ঠা মূত্রাদির পরি-ত্যাগরূপ ব্যাপারে প্রতিবন্ধক না করিয়া, বরং তাহার অনুমোদনে দেহধারী জীবকে যখন কার্য্য করিতে হয়; বরং তজ্জনিত সুখ বা দুঃখাদির প্রতি দৃষ্টি করাও অবিধেয়! তখন তোমার এই দেহের পক্ষে যুদ্ধ করিবার উপযুক্ত অবসর সেইরূপ উপস্থিত হইয়াছে; তুমি এই দেহাধিষ্ঠিত দেহী আত্মা, তৎতৎ কার্য্যের

য এনং বেত্তি হন্তারং যশ্চৈনং মন্যতে হতম্ ।
উভৌ তৌ ন বিজানীতো নায়ং হন্তি ন হন্যতে ॥ ১৯ ॥

অন্বয়ঃ ।

যঃ জনঃ এনং আত্মানং হন্তারং বেত্তি, যঃ চ এনং হতং মন্যতে তৌ উভৌ জনৌ অয়ং আত্মা ন কেনচিৎ হন্যতে নাপি কং হন্তি ইতি ন বিজানীতঃ। অতঃ তৌ অনভিজ্ঞৌ এব ॥ ১৯ ॥

আনন্দগিরিকৃতটীকা ।

রর্থান্তরত্বং সর্ব্বাভ্য[illegible]র সর্ব্ববস্তুসারত্বাত্তমাত্মানং ব্যাচষ্টেতি যোজনা ! অপ্রমেয়ত্বেনাবিনাশিত্বং প্রতিপাদ্য ফলিতং নিগময়তি যস্মাদিতি। স্বধর্ম্মনিবৃত্তিহেতুনিষেধে তাৎপর্য্যং দর্শয়তি যুদ্ধ্যাদিতি। আত্মনো নিত্যত্বাদিস্বরূপমুপপাদ্য যুদ্ধকর্ত্তব্যত্ববিধানাৎ জ্ঞানকর্ম্মসমুচ্চয়োঽত্র ভাতীত্যাশঙ্ক্যাহ ন হীতি। যুদ্ধস্বেতি বচনাত্তৎপ্রবর্ত্তকত্ববিধিরপীত্যাশঙ্ক্যাহ যুদ্ধ ইতি। কথং তর্হি, কথং ভীষ্মমহমিত্যাদ্যর্জ্জুনস্য যুদ্ধোপরমপরং বচনমিতি তত্রাহ শোকেতি। যদি স্বতো যুদ্ধে প্রবৃত্তিঃ তর্হি ভগবদ্বচনস্য কা গতিরিত্যাশঙ্ক্যাহ তস্যেতি। ভগবদ্বচনস্য প্রতিবন্ধনিবর্ত্তকত্বে সত্যর্জ্জুনপ্রবৃত্তেঃ স্বাভাবিকত্বে ফলিতমাহ তস্মাদিতি ॥ ১৮ ॥

---

দেহের বিনাশে যে আত্মার নিধন মনে করে এবং দেহকে বিনষ্ট করিয়া জীবাত্মাকে নিহত করিলাম বলিয়া যে মনে করে, সেই হত এবং হনন-কারী উভয়ের মধ্যে কেহ অবধারণ করিতে পারে না যে, আত্মাকে কেহ কখন মারিতে পারে না এবং আত্মাও কখন মরে না । ১৯ ॥

আভাস ।

অনুমোদনে দেহকে সেই সেই যুদ্ধাদি কার্য্যে উপযুক্তরূপে ব্রতী রাখাই কর্ত্তব্য। যখন দৈহিক ও বাহ্যিক ঘটনার উপর দ্রষ্টাভাবে বিদ্যমান থাকা ব্যতীত, অন্যথা করিবার যোগ্যতা জীবের নাই, তখন যে কার্য্য সাধনের জন্য তোমার দেহ প্রস্তুত হইয়াছে, তদনুকূলে অনুমোদন না করিলে, তোমার দেহ-সৃষ্টি যিনি যে উদ্দেশ্যে করিয়াছেন, বরং তাহার ব্যাঘাত করিয়া তুমি পাপভাগীই হইবে মাত্র। অতএব পূর্ব্বকথিত "সুখ দুঃখে সমে কৃত্বা" প্রভৃতি ভাবের অনুসরণে নিস্পৃহ ও নিরহঙ্কারীর ন্যায়, বিশ্বনিয়ন্তার কর্ম্মে আপনাকে নিযুক্ত রাখা কি তোমার ন্যায় বুদ্ধিমান্ ব্যক্তির কর্ত্তব্য নহে? এই বলিয়া ভগবান্ শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে যুদ্ধার্থই পরামর্শ দিয়াছিলেন ॥ ১৮ ॥

শাঙ্করভাষ্যম্।

শোকমোহাদিসংসারকারণনিবৃত্ত্যর্থং গীতাশাস্ত্রং ন প্রবর্ত্তকমিত্যেতৎ পার্থস্য সাক্ষীভূতে শ্চাবানিনায় ভগবান্ যত্তু মন্যসে যুদ্ধে ভীষ্মাদয়ো ময়া হন্যন্তে অহমেব তেষাং হন্তেত্যেষা বুদ্ধির্ম্মৃষৈব তে কথং য এনমিতি। য এনং প্রকৃতং দেহিনং বেত্তি বিজানাতি হন্তারং হননক্রিয়ায়াঃ কর্ত্তারং যশ্চৈনমন্যো মন্যতে হতঃ দেহ-হননেন

আনন্দগিরিকৃতটীকা।

অবিনাশি তু তদ্বিদ্ধীত্যত্র পূর্ব্বার্দ্ধেন তৎপদার্থ-সমর্থন[illegible]ন নিরীশ্বরবাদস্য পরিণামবাদস্য বা নিরাকরণমাশ্বনি জন্মাদি প্রতিভানস্যৌপচারিকত্বপ্রদর্শনার্থ-মন্তবন্ত ইত্যাদিবচনমিতি কেচিৎ, অন্ত নামায়মপি পন্থাঃ, পূর্ব্বোক্তস্য গীতাশাস্ত্রার্থ-স্যোৎপ্রেক্ষামাত্রমূলত্বং নিরাকর্ত্তুং মন্ত্রদ্বয়ং ভগবানানীতবানিতি শ্লোকদ্বয়স্য সঙ্গতিং দর্শয়তি শোকমোহাদীতি। তত্র প্রথম-মন্ত্রস্য সঙ্গতিমাহ যত্ত্বিতি। প্রত্যক্ষনিবদ্ধ

স্বামিকৃত টীকা।

তদেবং ভীষ্মাদিমৃত্যুনিমিত্তঃ শোকো নিবারিতো যচ্চাত্মনো হন্তৃত্বনিমিত্তং দুঃখ-মুক্তং এতান্ হন্তুমিচ্ছামীত্যাদিনা, তদপি তদ্বদেব নির্নিমিত্তমিত্যাহ য এনমিতি। এনমাত্মানমাত্মনো হননক্রিয়ায়াং কর্ম্মত্ববৎ কর্ত্তৃত্বমপি নাস্তীত্যর্থঃ। তত্র হেতু-র্নায়মিতি ॥ ১৯ ॥

আভাস।

শ্রীকৃষ্ণের উপদেশ বাক্য গীতাশাস্ত্র অনুপম যুক্তিমূলক ইহাতে আর সন্দেহ নাই। ইহার দ্বারা অর্জ্জুনের শোক বা মোহের অপনোদন হইতে পারে সত্য! কারণ জীবাত্মার চির অস্তিত্ব অবধারিত হইলে, ভীষ্ম দ্রোণাদির নিধন-জনিত শোক বা মোহাদিতে অভিভূত হওয়া উচিত নহে; কারণ সকল প্রাণীর পক্ষে কোন না কোন কারণে মৃত্যু অপরিহার্য্য, ইহা গীতাবাক্যে অবধারিত হইল সত্য! কিন্তু সেই গীতা বাক্যত ব্যক্তিবিশেষের যুক্তিপূর্ণ বাক্য মাত্র! পাছে ইহার কোন প্রামাণ্য নাই বলিয়া সন্দেহ উৎপন্ন হয়, এই নিমিত্ত ভগবান্ হৃষীকেশ এই তাৎপর্য্যের অনুকূলে দুইটী বেদোক্ত ঋক্ মন্ত্র উল্লেখ করিয়াছেন; যথা, "য এনং বেত্তি হন্তারং", ও ন জায়তে ম্রিয়তে বা ইতি।

হে অর্জ্জুন! দেহের অবয়ব বিশেষে ক্ষতাদির উদয় হইলে, যেমন দেহীর খণ্ড বা অঙ্গপ্রত্যঙ্গের বিনাশ স্বীকার করা হয় না, কারণ সম্পূর্ণ, অর্থাৎ সর্ব্বাবয়ব-বিশিষ্ট দেহের অস্তিত্ব কালে দেহী যেমন আপনাকে "আমি"

শাঙ্করভাষ্যম্।

হতোঽহমিতি হননক্রিয়ায়াঃ কর্ম্মভূতং তাবুভৌ ন বিজানীতো"ন জ্ঞাতবন্তৌ অবিবেকেনাত্মানমহংপ্রত্যয়বিষয়ং হন্তাহং হতোঽস্ম্যহমিতি দেহ-হননেন আত্মানং যৌ বিজানীত স্তাবা ত্মস্বরূপানভিজ্ঞাবিত্যর্থঃ, যস্মান্নায়মাত্মা হন্তি ন হননক্রিয়ায়াঃ কর্ত্তা ভবতি, ন চ হন্যতে ন চ কর্ম্ম ভবতীত্যর্থঃ ; অবিক্রিয়ত্বাৎ॥ ১৯॥

আনন্দগিরিকৃতটীকা।

ত্বাদমুষ্যাবুদ্ধে র্ম্ষাত্বং অমুক্তং ইত্যাক্ষিপতি কথমিতি। প্রত্যক্ষস্য অজ্ঞানপ্রসূতত্বেনাভাসত্বাৎ তৎকৃতা বুদ্ধি র্ন প্রমেতি পরিহরতি য এনমিতি। হন্তা চেন্মন্যতে হন্তুং ইত্যাস্যামৃচমর্থতো দর্শয়িত্বা ব্যাচষ্টে য এনমিতি। হন্তারং হতঞ্চাত্মানং

আভাস।

বলিয়া অবধারণ করিতেছিল, পরে কোন একটী অবয়বের ছেদনাদিতে তাহার অভাব ঘটিলে, আপনাকে আমি বলিতে বা ভাবিতে ত ত্রুটি করে না। বালিকা বাল্যাবস্থায় যেমন আমি বলিয়া আপনাকে ভাবিত, যুবতী অবস্থায় প্রধান অঙ্গ দুইটী পয়োধরের উদ্গমেও আপনাকে পূর্ব্ববৎ আমি বলিতে বা ভাবিতে শঙ্কিত হয় না। অতএব দেহের যোগে বা শোকে, ক্ষয়ে বা নাশে এবং জন্ম বা মৃত্যুতে দেহী আত্মার কোন সংস্রব থাকে না ; আমি, মরি বা জন্ম গ্রহণ করি বলা, কেবল দেহের ঐ ঐ- ভাবের উপলক্ষে মাত্র।

হুগলি জেলার অধীনে কোন এক গ্রামে একজন দস্যুব্যবসায়ী সঙ্গতিপন্ন লোক বাস করিতেন। তাঁহার কোন সন্তান সন্ততি ছিল না। তিনি কতকগুলি দুর্দ্দান্ত ডাকাইতকে প্রতিপালন করিতেন। একদিন একজন যুবা ব্রাহ্মণ নিজ কন্যার বিবাহ উপলক্ষে প্রায় ১২০০ বার শত টাকা সংগ্রহ করিয়া কলিকাতা হইতে নিজ বাটীতে যাইতে ছিলেন। ব্রাহ্মণ অতি ধার্ম্মিক পণ্ডিত এবং চরিত্রবান্ ব্যক্তি। বড় বড় তালগাছ পরিবেষ্টিত একটী বিস্তীর্ণ সরোবর নয়নগোচর করিয়া, ব্রাহ্মণ যুবা স্নান সন্ধ্যা ও তর্পণাদি করিয়া কিছু জলযোগের অভিপ্রায়ে তথায় গমন করিলেন ; এবং স্নানান্তে সন্ধ্যা করিতেছেন, এমন সময় চারিটী দস্যু তথায় গিয়া তাঁহাকে বলিল, ঠাকুর! সঙ্গে কি আছে? ও পুঁটুলিতে কি? সত্বর বল! যুবা বলিলেন, বারশত টাকার নোট-আছে ; কন্যাটির বিবাহ দিতে হইবে। দস্যু বলিল, দাও! ব্রাহ্মণ অতি কষ্টে তাহা প্রদান করিলেন। কিন্তু দস্যুগণ বলিল, সত্বর সন্ধ্যা পূজা সারিয়া লউন! আপনার জীবন থাকিবে না। ব্রাহ্মণ

আনন্দগিরিকৃতটীকা।

মন্যমানস্য কথমজ্ঞানমিত্যাশঙ্ক্যাহ হন্তাহমিতি। হন্তৃত্বাদিজ্ঞানমজ্ঞানমিত্যত্র হেতুমাহ যস্মাদিতি। আত্মনো হননং প্রতি কর্তৃত্ব-কর্ম্মত্বয়োরভাবে হেতুং দর্শয়তি অবিক্রিয়ত্বাদিতি॥ ১৯॥

আভাস।

বলিলেন, বাবা! আরত আমার কিছুই নাই! গৃহে বৃদ্ধ পিতামাতা, স্ত্রী এবং একটী কন্যা ও একটী মাত্র পুত্র আছে; ইহাদের ভরণ পোষণ একলা আমাকেই করিতে হয়! তোমরা আমার জীবন ভিক্ষা দাও! উত্তরে দস্যুগণ বলিল, মনিবের হুকুম ব্যতীত আপনাকে ছাড়িয়া দিবার ক্ষমতা আমাদের নাই! তাঁহার নিকট উপস্থিত হইয়া, জীবন ভিক্ষা পাইতে পারেন! আমাদের আপত্তি নাই! তখন উক্ত যুবা সেই দস্যু চতুষ্টয়ের সহিত সেই দস্যুপতির গৃহে উপস্থিত হইলেন এবং দস্যুপতির চরণ ধরিয়া মুক্তকণ্ঠে ক্রন্দন করিতে লাগিলেন। ক্রন্দন-ধ্বনি শ্রবণে দস্যুপতির পত্নী উপর-তলা হইতে নামিয়া তথায় উপস্থিত হইলেন। প্রবীণা রমণীকে দেখিবা মাত্র ব্রাহ্মণযুবা "মা! আমাকে রক্ষা কর"। বলিয়া মা মা শব্দে রোদন করিতে লাগিলেন। দস্যুরমণী একজন ধনবান্ সম্ভ্রান্ত ব্যক্তির কন্যা। স্বচক্ষে স্বামীর ভীষণ ব্যবহার প্রত্যক্ষ, করিয়া বিশেষ দুঃখিত হইলেন এবং কাতরকণ্ঠে স্বামীকে অনুনয় করিয়া বলিলেন, দেখ! তোমার ধন সম্পত্তির কোন অভাব নাই! আমার এত বয়স হইল, এখনও একটী সন্তানের মুখ দেখি নাই! এই শ্রীমান্ ব্রাহ্মণ-কুমার আমাকে "মা" মা" বলিয়া বারংবার ডাকিতেছে। দেখ! এই আমার পুত্র! আমি তোমার নিকট ইহার প্রাণভিক্ষা করিতেছি! তুমি ইহার জীবন রক্ষা করিয়া, আমাকে পুত্রবতী কর! দস্যুপতি বলিলেন, আমি ইহাকে ছাড়িয়া দিলেই, বিপদে পড়িব! এতৎশ্রবণে ব্রাহ্মণ-যুবা তৎক্ষণাৎ প্রবীণার চরণে মস্তক রাখিয়া মা মা শব্দে রোদন করত অশ্রুজলে চরণ ভিজাইয়া ফেলিলেন। প্রবীণা যুবার রোদনে অত্যন্ত কাতরা হইয়া স্বয়ং রোদন করিতে করিতে স্বামীর চরণ ধারণে বলিলেন, দেখ! এ আমার সন্তান হইলে, কি তোমার সন্তান হইল না! যুবাটীকে সম্বোধন করিয়া বলিলেন, বাবা! আমি যেমন তোমার মা হইলাম, এই আমার স্বামীও আজ হইতে তোমার পিতা হইলেন। অতএব তুমি এ সব কথা কাহাকেও প্রকাশ না করিয়া, প্রকৃত জনক-জননীর ন্যায়, আমাদের উভয়ের প্রতি শ্রদ্ধা ও ভক্তি রাখিবে ত? তখন যুবা দস্যুপতির

আভাস।

চরণে মস্তক রাখিয়া, বাবা! বাবা! বলিয়া সম্বোধন করত রোরুদ্যমান কণ্ঠে বলিল, পিতঃ! আপনি আমার ভয়ত্রাতা পিতা! আমি কিছুতেই এ কথা প্রকাশ করিব না! চির-কাল আপনাদের প্রতিপাল্য পুত্র থাকিয়া আপনাদের সেবা করিব! এবং আমি ব্রাহ্মণ! প্রতিজ্ঞা করিয়া বলিতেছি, জন্মদাতা জনক জননীর প্রতি যেরূপ আস্থা ও ভক্তি সহকারে তাঁহাদের প্রতি ব্যবহার করিয়া আসিতেছি, ভয়ত্রাতা এবং জীবন-দাতা আপনাদিগকেও সেইরূপ পিতামাতা জ্ঞানে ভক্তি ও শ্রদ্ধা করিতে কখনই ত্রুটি করিব না। তখন প্রবীণা সেই যুবার হস্ত দুইটী ধরিয়া স্বামীর করে সমর্পণ করত বলিলেন, এখন তুমি ইহাকে পুত্র বলিয়া স্বীকার করিলে ত। দস্যুপতি বলিলেন, আচ্ছা! আমি স্বীকার করিলাম! এবং দস্যুগণকে বলিলেন, যাও! ইহাকে লইয়া যাও! এবং পথ দেখাইয়া ছাড়িয়া দাও! ব্রাহ্মণের কাতরোক্তিতে কেবল প্রবীণাই যে মুগ্ধ হইয়াছিলেন এমন নহে; দস্যু চতুষ্টয়কেও বিশেষ দুঃখিত হইতে হইয়াছিল। দস্যুপতির আদেশে সকলেই সন্তুষ্ট হইল। দস্যুগণ যুবাকে সঙ্গে লইয়া বাহির হইলে, দস্যুপতি তাহাদিগকে যুবা এবং নিজ পত্নীর অজ্ঞাতসারে যুবার প্রাণবধের ইঙ্গিত করিয়া দিলেন। যুবাকে নির্দ্দিষ্ট স্থানে লইয়া গিয়া, দস্যুগণ যুবাকে বলিল, ঠাকুর! এখন আপনার ইষ্টদেবতাকে স্মরণ করুন! আমরা আপনাকে নিহত করিব! এই বলিয়া স্ব স্ব লাঠী উন্নত করিলে, ব্রাহ্মণ-যুবা নিরাশ হইয়া দস্যুপত্নী প্রবীণার সরল মুখখানি স্মরণ করত, "মাগো" মাগো"! তোমার স্বামীর চতুরতাতে আমি মরিলাম! বলিতে বলিতে যষ্টির আঘাতে প্রাণত্যাগ করিলেন।

এদিকে অর্থের প্রাপ্তিতে আনন্দ-চিত্ত গৃহ-কর্ত্তা রাত্রির সমাগমে ঋতুস্নাতা সহধর্ম্মিণীর প্রেমালিঙ্গনে পরমানন্দে প্রথম রাত্রি অতিবাহিত করিলেন এবং উভয়েই নিদ্রাযোগে শয্যাসুখ অনুভব করিতে লাগিলেন। মধ্যরাত্রি অতিবাহিত হইবার পর, প্রবীণা নিদ্রাভঙ্গে জাগরিতা হইলেন এবং পতিকে সম্বোধন পূর্ব্বক তাঁহারও নিদ্রাভঙ্গ করাইলেন এবং বলিলেন, যে ব্রাহ্মণ যুবা অদ্য দ্বিপ্রহর কালে অত কাঁদিল, সে অদ্য এইমাত্র স্বপ্নে দেখা দিয়া আমাকে বলিল, "মা! আমি তোমার কাছে আসিলাম!" বল দেখি! কেন সে ওরূপ আমাকে বলিল! আহা! তাহার মুখখানি দেখিয়া আমার বড়ই আনন্দ হইল! কিন্তু ভয়ও হইতেছে! তাহাকে মেরে ফেল নাই ত? কারণ অদ্য রাত্রিতে আমাদের

আভাস।

ব্যবহারে আমার গর্ভে যেন সন্তানের সম্ভাবনা মনে হইতেছে! স্বামী উত্তর দিলেন, স্বপ্নের কথা অলিক! ও সব ছেড়ে দাও! উভয়েই নিস্তব্ধে পুনঃ নিদ্রিত হইলেন।

নিয়তির নির্দ্দেশে প্রবীণা প্রকৃতই গর্ভবতী হইয়া, যথাকালে একটী অতি সুন্দর পুত্র প্রসব করিলেন। ঐশ্বর্য্যবিশিষ্ট দম্পতি মধ্য বয়সে পুত্র লাভে পরম প্রীত হইলেন। পুত্রটী অসাধারণ ধীশক্তি-সম্পন্ন হওয়ায়, অতি অল্পকাল মধ্যে সর্ব্বশাস্ত্র-পারদর্শী পণ্ডিত হইলেন। পিতাও যথাকালে নিজ বংশের অনুরূপ ধনবান্ মিত্র-বংশের কন্যার সহিত পুত্র গোপালের বিবাহ দিয়া প্রায় তিন বৎসর অতি সুখে বাস করিলেন।

অকস্মাৎ গোপাল জ্বরগ্রস্ত হইল। পিতা কলিকাতা হইতে বড় বড় ডাক্তার কবিরাজ আনাইয়া গোপালের চিকিৎসা করাইলেন; কিন্তু রোগের উপশম হইল না; দ্বাদশ দিবসে গোপাল বালিশ হইতে মস্তক উত্তোলন পূর্ব্বক মাতাকে সম্বোধন করত বলিল, তোমার পতিকে আমার নিকট পাঠাইয়া দাও! জননী পুত্রের তাদৃশ উপেক্ষা-সূচক বাক্য শ্রবণে, স্বামীকে সঙ্গে লইয়া নিজেই পুত্র গোপালের গৃহমধ্যে আসিলেন। তখন পুত্র গোপাল পিতাকে লক্ষ্য করিয়া বলিল, "ওহে বাপু! এখন তুমি কি আমাকে চিনিতে পারিয়াছ!" যদি মনে নাই পড়ে বলিয়া, উঠিয়া বসিয়া বলিল, আমার মুখ দেখ দেখি! আমি সেই ব্রাহ্মণ! যাহার হস্ত হইতে বারশত টাকা পাইয়াছিলে। তোমাদিগকে মা, বাবা, বলিয়া স্বীকার করত কতই ক্রন্দন করিয়াছিলাম। প্রাণ-ভিক্ষা চাহিয়াছিলাম! কিন্তু তুমি তাহা অগ্রাহ্য করিয়া, দস্যুদের দ্বারা আমার প্রাণনাশ করাইয়াছিলে। পূর্ব্ব কর্ম্মফলে তখন আমি নিহত হইয়াছিলাম এবং তৎকালের প্রতিজ্ঞা অনুসারে তোমাদের পুত্র হইয়াছিলাম। এক্ষণে তুমি তোমার কর্ম্মফল ভোগ কর! সেই বারশত টাকার অনুরোধে আমার উপলক্ষে কত টাকাই ব্যয় করিয়াছ! এক্ষণে আবার ঐ বিধবা পুত্রবধূ রহিল! আপন সম্ভ্রম অনুসারে এখন এই সংসার-জ্বালা ভোগ করিতে থাক! পরে তোমার নরকের পথও উন্মুক্ত রহিল! এই কথা বলিয়াই গোপাল দেহ ত্যাগ করিলেন।

গৃহস্বামী পিতার প্রতি গোপালের উচ্চকণ্ঠে তাদৃশ তীক্ষ্ণ বাগ্‌বজ্রের ধ্বনি শ্রবণে বহিঃস্থিত পূর্ব্বেকার ২।৩টী দস্যু ভৃত্য যাহারা লাঠীর আঘাতে পূর্ব্বোক্ত ব্রাহ্মণ-যুবকের প্রাণবধ করিয়াছিল, তাহারাও সেই সময় গৃহমধ্যে প্রবেশ করত সে অবস্থা

আভাস।

প্রত্যক্ষ করিয়াছিল। তাদৃশ উক্তি বলিবার সময়, পিতা মাতা প্রভৃতি উপস্থিত ব্যক্তিগণ গোপালের মুখে পূর্ব্বোক্ত ব্রাহ্মণ-যুবারই মুখের প্রতিচ্ছায়া দর্শনে বিস্মিত হইল। সকলেই সেই ব্রাহ্মণের মুখ স্মরণে বিহ্বল হইয়া পড়িল এবং আপনাদের ভাবী জীবনের পরিণাম চিন্তায় বিমর্ষ হইতে লাগিল। গৃহস্বামী নিজকৃত পাপের প্রকাশ ভয়ে লাঠীর আঘাতে ব্রাহ্মণের দেহ নষ্ট করিতে হুকুম দিয়াছিলেন বটে, কিন্তু দেখিলেন, প্রকাশক ব্রাহ্মণের আত্মা ত মরে নাই! সে এ কথার প্রকাশ এ জগতে করা দূরে থাকুক, জগতের কর্ত্তাকে পর্য্যন্ত পরিজ্ঞাত করিয়াছে। পূর্ব্ব জীবনের কৃত পুণ্য এবং পাপের ফল প্রদানার্থই আত্মীয় পুত্র স্বজনাদি পরিবারবর্গের সম্বন্ধ যে বর্ত্তমান জীবনে ঘটে, তাহা তিনি প্রত্যক্ষে প্রতীতি করিলেন। গোপাল অষ্টাদশ বৎসরে প্রাণত্যাগ করিয়াছে; তাহার ভরণপোষণ ও চিকিৎসাদির ব্যয়ে তাঁহার কত ১২০০ বারশত টাকা যে ব্যয় হইয়াছে, তাহার ঠিকানা নাই; তদুপরে একটী বিধবা পুত্র-বধূর আজীবনের ভার স্কন্ধে উঠিল। দেহকে ধ্বংস করিতে পারিলেও, দেহীর যে মৃত্যু বা নাশ হয় না, তাহা প্রত্যক্ষে দর্শন করিয়া, তাঁহার পূর্ব্বকৃত কর্ম্মের প্রতি দৃষ্টি নিপতিত হইল। তিনি ভাবিলেন, তাঁহার বর্ত্তমান দেহের বিনাশ মৃত্যুতে ঘটিলেও, কৃত পুণ্যাপুণ্য কর্ম্মের ফল ভোগ করিবার জন্য তদুপযুক্ত দেহ ধারণে তাঁহাকে তদুপযুক্ত স্থানে পুনঃ জন্ম পরিগ্রহ করিতে হইবে। মনো-মধ্যে এই সকল বিষয়ের আনুপূর্ব্বিক চিন্তা করিয়া দম্পতি সেই দিন হইতে তাদৃশ অসৎ কর্ম্ম হইতে প্রতিনিবৃত্ত হইয়া, চরিত্রবান্ হইবার চেষ্টা করিয়া-ছিলেন। দুইজন লাঠীয়াল যাহারা সেই সময় উপস্থিত ছিল, তাহারাও পাপ কার্য্য হইতে প্রতিনিবৃত্ত হইয়া, বৈষ্ণবাচারে দীক্ষিত হইল এবং শেষ জীবন অতি শান্তভাবে অতিবাহিত করিয়াছিল।

গতঃ স্থাণুঃ স্থিরস্বভাবো রূপান্তরাপত্তিশূন্যঃ। অচলঃ পূর্ব্বরূপাপরিত্যাগী, সনাতনোঽনাদিঃ, অব্যক্তশ্চক্ষুরাদ্যবিষয়ঃ, অচিন্ত্যো মনসোঽপ্যবিষয়ঃ, অবিকার্য্যঃ কর্ম্মেন্দ্রিয়াণামপ্যগোচর ইত্যর্থঃ। উচ্যত ইতি নিত্যত্বাদভিযুক্তোক্তিং প্রমাণয়তি॥ ২৪॥

আভাস।

বুদ্ধির ব্যাপার বা বিষয় আর কিছু নাই বলিয়া বুঝিলে, আত্ম-স্বরূপ বুদ্ধির প্রকৃত অবধারণ করা হয়। অর্থাৎ বিষয়হীন বুদ্ধি-ভাবই আত্মা।

সৃষ্টির যাবদীয় তত্ত্ব বুঝিলেই মানব-জীবনের ভোগ-ব্যাপারের চরিতার্থতা হইল বা মানব-জীবন কৃতার্থ হইল, ইহা কখনই স্বীকার্য্য নহে; আত্ম-স্বরূপের অবধারণ করা একান্ত প্রয়োজন; নতুবা জন্ম-মরণরূপ সংসার-প্রবাহ হইতে নিষ্কৃতি নাই। মনুসংহিতার প্রথমাধ্যায়ে উক্ত আছে;"

ভূতানাং প্রাণিনঃ শ্রেষ্ঠাঃ প্রাণিনাং বুদ্ধিজীবিনঃ।
বুদ্ধিমৎসু নরাঃ শ্রেষ্ঠাঃ নরেষু ব্রাহ্মণাঃ স্মৃতাঃ॥ ৯৬॥
ব্রাহ্মণেষু তু বিদ্বাংসো বিদ্বৎসু কৃতবুদ্ধয়ঃ।
কৃতবুদ্ধিষু কর্ত্তারঃ কর্ত্তৃষু ব্রহ্মবেদিনঃ॥ ৯৭॥

প্রত্যক্ষে পরিদৃশ্যমান স্থাবর এবং জঙ্গমাত্মক পদার্থকে নয়ন-গোচর করিয়া আমরা স্পষ্টত অবধারণ করিতে পারি যে, সকলের মধ্যে চৈতন্য-বিশিষ্ট জীবিত পদার্থই তন্মধ্যে শ্রেষ্ঠ; কারণ অতি ক্ষুদ্র কীট-পতঙ্গ হইলেও, তাহারা সুখ

শাঙ্করভাষ্য।

পুনরুক্তং কিঞ্চিদর্থত ইতি দুর্ব্বোধত্বাদাত্মবস্তুনঃ পুনঃ পুনঃ প্রসঙ্গমাপাদ্য শব্দান্তরেণ তদেব বস্তু নিরূপয়তি ভগবান্ বাসুদেবঃ, কথং নু নাম সংসারিণাং অসংসারিত্বং বুদ্ধিগোচরতামাপন্নং সৎ অব্যক্তং তত্ত্বং সংসারনিবৃত্তয়ে স্যাদিতি। কিঞ্চ অব্যক্তোঽয়ম্‌মিতি। অব্যক্তঃ সর্ব্বকরণাবিষয়ত্বাৎ ন ব্যজ্যতে ইতি অব্যক্তোঽয়মাত্মা অতএব

আনন্দগিরিকৃতটীকা।

ন শক্যতে পৌনরুক্ত্যমিতি শেষঃ। কথং তত্র পৌনরুক্ত্যাশঙ্কা সমুন্মিষতি তত্রাহ তত্রেতি। বেদাবিনাশিনমিত্যাদিশ্লোকঃ সপ্তম্যা পরামৃশ্যতে। শ্লোকশব্দেন ন জায়তে ম্রিয়তে বেত্যাদিরুচ্যতে। নম্বিহ শ্লোকে জন্মমরণাদ্যভাবোঽভিলক্ষ্যতে, বেদেত্যাদৌ পুনরপক্ষয়াদ্যভাবো বিবক্ষ্যতে তত্র কথং অর্থাতিরেকাভাবমাদায় পুনরুক্তং চোদ্যতে তত্রাহ কিঞ্চিদিতি। কথং তর্হি পৌনরুক্ত্যং ন চোদনীয়মিতি মন্যসে তত্রাহ দুর্ব্বোধত্বাদিতি। পুনঃপুনর্ব্বিধানভেদেন বস্তু নিরূপয়তো ভগবতোঽভিপ্রায়মাহ কথং ন্বিতি। ত্বংপার্থপরিশোধনস্য প্রকৃতত্বাত্তত্রৈব হেত্বন্তরমাহ কিঞ্চেতি। আত্মনো নিত্যত্বাদিলক্ষণস্য তথৈব প্রথা কিমিতি ন ভবতি তত্রাহ অব্যক্ত ইতি। মা তর্হি প্রত্যক্ষত্বং ভূদনুমেয়ত্বং তস্য কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ

আভাস।

বা দুঃখ বলিয়া বিরুদ্ধ ভাবের উপলব্ধি করিতে পারে; এবং বিরুদ্ধ বা প্রতিকূল পদার্থ হইতে দূরে পলায়ন এবং অনুকূল বিষয়ের অভিমুখে অগ্রসর হইবার যোগ্যতা তাহাদের আছে। চেতন প্রাণী অপেক্ষা বুদ্ধিমান্ জীব শ্রেষ্ঠ। কারণ তাহারা উপস্থিত ব্যাপারের প্রতিকারে সমর্থ। যথা সিংহ ব্যাঘ্রাদি জন্তুগণ ক্ষুৎপিপাসাদির অনুরোধে ভোজ্য প্রাণী শিকারের কৌশল তাহারা নির্দ্ধারণ করিতে পারে। বুদ্ধিমান্ জীবের মধ্যে আবার মানব শ্রেষ্ঠ; কারণ তাহারা সাধারণত হিতাহিত বিচারের দ্বারা অভিনব কার্য্যের ব্যবস্থাও করিতে পারে। আবার সাধারণ মানবের মধ্যে ব্রাহ্মণ পূজ্য; কারণ তাঁহারা সংসারের জ্বালা হইতে নিষ্কৃতি লাভের উপায় অনুষ্ঠানে অধিকারী। ব্রাহ্মণের মধ্যে শাস্ত্রজ্ঞ পণ্ডিত শ্রেষ্ঠ; পণ্ডিত ব্রাহ্মণ অপেক্ষা কর্ম্ম-জ্ঞানী শ্রেষ্ঠ; কর্ম্ম পদ্ধতিতে অভিজ্ঞ ব্যক্তি অপেক্ষা কৃতকর্ম্মা ব্রাহ্মণ শ্রেষ্ঠ এবং কৃত-কর্ম্মার অপেক্ষা ব্রহ্মজ্ঞানী শ্রেষ্ঠ।

এতদ্দ্বারা প্রকাশ করা হইয়াছে যে, বৃত্তিজ্ঞানও তত আদরের নহে; অন্যান্য জ্ঞেয় পদার্থের ন্যায় তাহাও নিকৃষ্ট। কারণ আমরা যে জ্ঞান লাভে কৃতার্থ এবং

শাঙ্করভাষ্যম্।

অচিন্ত্যোঽয়ং ; যদ্ধীন্দ্রিয়-গোচরং বস্তু তচ্চিন্তাবিষয়ত্বমাপদ্যতে অয়ং তু আত্মা অনিন্দ্রিয়গোচরত্বাদচিন্ত্যোঽতএবাবিকার্য্যো যথা ক্ষীরং দধ্যাতঞ্চনাদিনা বিকারি ন তথা অয়মাত্মা নিরবয়বত্বাচ্চাবিক্রিয়ো নহি নিরবয়বং কিঞ্চিদ্বিক্রিয়াত্মকং দৃষ্টমবিক্রিয়ত্বাদবিকার্য্যোঽয়মাত্মোচ্যতে ॥ ২৪ ॥

আনন্দগিরিকৃতটীকা।

অতএবেতি। তদেব প্রপঞ্চয়তি যদ্ধীতি। অতীন্দ্রিয়ত্বেঽপি সামান্যতো দৃষ্টবিষয়ত্বং ভবিষ্যতীত্যাশঙ্ক্য কূটস্থেনাত্মনা ব্যাপ্তিলিঙ্গাভাবান্নৈবমিত্যাহ অবিকার্য্য ইতি। অবিকার্য্যত্বে ব্যতিরেকদৃষ্টান্তমাহ যথেতি। কিঞ্চাত্মা ন বিক্রিয়তে নিরবয়ব-দ্রব্যত্বাৎ ঘটবদিতি ব্যতিরেকানুমানমাহ নিরবয়বত্বাচ্চেতি। নিরবয়বত্বেঽপি বিক্রিয়াবত্ত্বে কা ক্ষতিরিত্যাশঙ্ক্যাহ নহীতি। সাবয়বস্যৈব বিক্রিয়াবত্ত্বদর্শনাৎ বিক্রিয়াবত্ত্বে নিরবয়বত্বানুপপত্তিরিত্যর্থঃ। যদ্ধি সাবয়বং সক্রিয়ং ক্ষীরাদি তদ্দধ্যাদিনা বিকারমাপদ্যতে ন চ আত্মনঃ শ্রুতিপ্রমিত-নিরবয়বত্বস্য সাবয়বত্বমতোঽবিক্রিয়ত্বান্নায়ং বিকার্য্যো ভবিতুমলমিতি ফলিতমাহ অবিক্রিয়ত্বাদিতি ॥ ২৪ ॥

আভাস।

স্রষ্টা সংসারে সৃষ্টি-কার্য্যের প্রিয়পাত্র হইব, সে বোধ কিন্তু ইহা নহে। কারণ জ্ঞেয় পদার্থের উত্তম বা অধম ভাব অনুসারে উক্ত বোধও উত্তম বা অধম ভাবে পরিচিত হয়! সাধারণ ভোগ্য পঞ্চভূতাত্মক পদার্থকে অবলম্বন করিয়া যে বোধের উদ্ভাসন হয়, সে বোধ তত আদরের নহে ; কারণ তাহাকে সংসারিক জ্ঞান নামে অভিহিত করা হয়। এবং তাহা পাঞ্চভৌতিক পদার্থের অনুপাতে পরিমিতও হইয়া থাকে। অতি ক্ষুদ্র ও পরিমিত জল স্থল অনল বায়ু বা পরিচ্ছিন্ন ঘটাকাশকে আশ্রয় করিয়া, যে বোধের উদ্ভাসন হয়, তাহা উক্ত পরিমিত বা সীমাবদ্ধ পদার্থের অনুপাতেই পরিমিত হইয়া থাকে। সুতরাং জ্ঞেয় পদার্থের পরিমাণ অনুসারে সেই সাক্ষাৎ বোধ-স্বরূপেরও পরিমাণ সাংসারিক বুদ্ধি-বিশিষ্ট ব্যক্তির নিকট পরিচ্ছিন্নের ন্যায় প্রতীত হইতে পারে। অতএব অর্জ্জুনের হৃদয়ে পাছে পরিচ্ছন্ন ও পরিণাম-প্রস্ত পদার্থের অনুপাতে জ্ঞানকেও তিনি পরিচ্ছিন্ন বা পরিণামী বোধে প্রতীত করেন, এই নিমিত্ত ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন যে, দৃষ্ট বা অনুভূত পদার্থের অনুপাতে জ্ঞান-স্বরূপের মীমাংসা তুমি করিও না! কারণ দৃষ্ট বা অনুভূত পদার্থ-সমূহ বিকারী ও পরিণামী। তাহারা পরস্পরে পরস্পরের সংশ্রবে হ্রাস, বৃদ্ধি, ছেদ ;

তস্মাদেবং বিদিত্বৈনং নানুশোচিতুমর্হসি ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

তস্মাৎ পূর্ব্বোক্তকারণাৎ এনং আত্মানং এবং নিত্যাদিভাববিশিষ্টং, বিদিত্বা জ্ঞাত্বা, ত্বং অনুশোচিতুং ন অর্হসি ন যোগ্যো ভবসি ॥ ২৫ ॥

শাঙ্করভাষ্যম্।

তস্মাদেবং যথোক্তপ্রকারেণৈনমাত্মানং বিদিত্বা ত্বং নানুশোচিতুমর্হসি হন্তাহমেষাং ময়ৈতে হন্যন্তে ইতি ॥ ২৫ ॥

আনন্দগিরিকৃতটীকা।

আত্মযাথাত্ম্যোপদেশমশোচ্যানন্বশোচস্ত্বমিত্যুপক্রম্য ব্যাখ্যানমুপসংহরতি ন তস্মাদিতি। অব্যক্তত্বাচিন্ত্যত্বাবিকার্য্যত্ব নিত্যত্ব-সর্ব্বগতত্বাদিরূপো যস্মাদাত্মা নির্দ্ধারিত স্তস্মাত্তথৈব জ্ঞাতুমুচিত স্তজ্জ্ঞানস্য ফলবত্ত্বাদিত্যর্থঃ। প্রতিষেধ্যমনুশোকমেব অভিনয়তি হন্তাহমিতি ॥ ২৫ ॥

স্বামিকৃতটীকা।

উপসংহরতি তস্মাদেবমিতি। তদেবমাত্মনো জন্মবিনাশাভাবান্ন শোকঃ কার্য্য ইত্যুক্তং ॥ ২৫ ॥

**অতএব উপরোক্ত ভাবে আত্মস্বরূপকে অবগত হইতে পারিলে, আর জনন-মরণ-জনিত শোকে অভিভূত হওয়া উচিত নহে ॥ ২৫ ॥**

আভাস।

ভেদ ও নাশের অন্তর্গত হইতে পারে। মৃত্তিকা দগ্ধ হইয়া ইষ্টকাদিতে, জল পরিণত বা শুষ্ক হইয়া বায়ুতে, বায়ু তীক্ষ্ণ হইয়া অগ্নিতে এবং বায়ু আকাশে এবং আকাশ-তত্ত্ব অনাহত শব্দস্বরূপে পরিণত বা বিকৃত হইতে পারে, কিন্তু বোধস্বরূপ জ্ঞান কোনরূপ দৃশ্য পদার্থের সংশ্রবে সেরূপ ছিন্ন-ভিন্নাদি ভাবগ্রস্ত হইতে পারেন না। কারণ আমরা যাহাকে আমি বা বোধ-স্বরূপ জ্ঞান বলিতেছি, তিনি কেবল চৈতন্য মাত্র। কিন্তু যাবদীয় জ্ঞেয় পদার্থ জড়; ইহারা নিজেরা কিছু বুঝে না; তবে চৈতন্য-স্বরূপ বোধের বিষয়; অর্থাৎ গ্রাহ্যই হয় মাত্র। অতএব গ্রাহ্য পদার্থের ন্যূনাতিরিক্ততা ঘটে, গ্রাহক জ্ঞানের আর ন্যূনাতিরিক্ততার কোন সম্ভাবনা নাই। তবে আমরা যে জ্ঞানের উৎকর্ষ এবং অপকর্ষ আছে বলিয়া পূর্ব্বে বর্ণন করিলাম, সে কেবল বৃত্তিজ্ঞানের

আভাস।

সম্বন্ধে মাত্র। অর্থাৎ পুত্রকে আশ্রয় করত পিতা বলিয়া আপনার যে বোধ, পত্নীকে আশ্রয় করিয়া নিজের স্বামিত্বের বোধ, এই সকল বোধের নামই বৃত্তিজ্ঞান; ইহারই তারতম্য বা উৎকর্ষ অপকর্ষাদি পার্থক্য স্বীকার করিতে হয়। কিন্তু সর্ব্বপ্রকার বিচিত্র প্রতীতিরও অনুভব-কর্ত্তা-রূপে যে জ্ঞান বা অনুভূতি আমাদের হৃদয়ে প্রশান্ত-ভাবে প্রতীত হয়, তাহাকেই বেদান্তশাস্ত্র সাক্ষিজ্ঞান নামে অভিহিত করিয়াছেন। সেই জ্ঞানের কোন ছেদ, ভেদ, ভঙ্গ বা পরিণামাদি যে নাই, তাহাই ভগবান্ শ্রীকৃষ্ণ অত্রস্থ ২৩।২৪ শ্লোকে বর্ণন করিয়াছেন। কোন অপরিচিত ব্যক্তি গৃহদ্বারে দণ্ডায়মান হইয়া চিৎকার স্বরে গৃহস্থকে ডাকিয়া যখন বলেন যে, "বাটীতে বাবুরা কে আছ গো"? তদুত্তরে বাটীর ভিতর হইতে উত্তর আসিল, কেহ নাই! তখন অপরিচিত বলিলেন যে, "কেহ নাই" যিনি বলিতেছেন, তিনি ত আছেন! তিনিই বাহিরে আসুন! গুরু শিষ্যকে বলিলেন, শুন, রামচন্দ্র! দেহের অতিরিক্ত জ্ঞান বা বোধ-স্বরূপ যে তুমি, তাহা কি তুমি বুঝিয়াছ? শিষ্য বলিল, না প্রভো! আমি বুঝিতে বা ধারণা করিতে পারি নাই! তখন গুরু বলিলেন যে, বুঝিতে যে পার নাই, তাহা বুঝিয়াছ? শিষ্য বলিল, তাহা বুঝিয়াছি। তখন গুরু বলিলেন, বুঝিতে পার নাই এবং বুঝিতে পারিয়াছ, এই উভয়টী যাহার দ্বারা বুঝিলে, সেইটীইত সাক্ষিজ্ঞান। এই সাক্ষিজ্ঞানের স্বরূপই ২৪ শ্লোকে বর্ণিত হইয়াছে!

এই সাক্ষিজ্ঞান চিরবিদ্যমান! আমি যে স্বপ্ন দেখিতেছি, তাহা যাহার দ্বারা বুঝিয়াছি, আবার জাগিয়াছি, তাহাও যে জ্ঞানের দ্বারা অনুভব করিতেছি, সেই চিরবিদ্যমান জ্ঞানের কখন লোপাপত্তি ঘটে না! সর্ব্বপ্রকার ভাব যে জ্ঞানের দ্বারা অবধারিত হয় এবং সকল চিন্তা পরিত্যাগ করিতে পারিয়াছি বলিয়া যে অনুভূতি হয়, ইহাই আমি-ভাবের প্রকৃত লক্ষ্য। এই নির্লিপ্ত নিরঞ্জন আমার লক্ষ্য জ্ঞান-স্বরূপকে ধীর ও স্থির-চিত্তে প্রতীত করা অনেক পুণ্য ও পরিশ্রমের অপেক্ষা। ইহাকে অবধারণ করিতে হইলে, সাধারণত আমরা বহির্ভাগে অবস্থিত ক্ষিতি অপ্ তেজ মরুৎ এবং ব্যোমাদি বিষয়কে অবধারণ করিবার পদ্ধতিতেই অবধারণে অগ্রসর হই! সুতরাং ইহাদের স্বরূপাবধারণের অনুকরণে আত্ম-স্বরূপের প্রতীতি করিতে গিয়াই, ভ্রমে নিপতিত হই! কারণ ইন্দ্রিয়াদি করণ-গ্রামের দ্বারা যাহাই প্রতীতি করি, সে সমস্ত পদার্থই ছেদ ভেদ

আভাস।

ও ভঙ্গাদি পরিণাম-ভাবের অন্তর্গত; সুতরাং বিষয়-জ্ঞানে আত্ম-স্বরূপকে অবধারণ করিতে অগ্রসর হইলে, ঐরূপ ভ্রমেই নিপতিত হইতে হইবে! এখানে পাছে অর্জ্জুন সেই আত্মস্বরূপকে বাহ্যিক বিষয়ের ন্যায়, ছেদ ভেদ ও ভঙ্গাদি পরিণাম-বিশিষ্টই মনে বুঝেন, তজ্জন্য ভগবান্ বলিলেন যে, আত্মা বাহ্যিক বিষয়ের ন্যায় কখন ছিন্ন, ভিন্ন উৎপন্ন বা বিনষ্টাদি পরিণাম ভাবের অন্তর্গত নহেন; ইহা নিত্য সর্ব্বগত এবং স্থাণুর ( বৃক্ষস্কন্ধের ) ন্যায় অচল ও সনাতন পদার্থ। হে অর্জ্জুন! যেমন তোমার বা আমার জ্ঞানের অন্তর্গুহায় একবার কত শত শত ভাবের উদয় হয় এবং পরক্ষণে সেই জ্ঞানেই তাহারা লুকাইয়া যায়! একবার চিন্তার বিষয় বলিয়া উক্ত ভাব সমূহকে প্রতীতি করি, আবার সেই ভাব-সমূহ কোথায় চলিয়া গেল; সুতরাং তখন তাহাদিগকে নাই বলিয়াই প্রতীতি করি! এস্থলে সেই ভাব সমূহ একবার আসিল, আবার যেমন নাই, তাহাও দিব্যজ্ঞানে বুঝি! অতএব আমার তোমার বুঝিভাবের কখনই বিরাম নাই! এই অবিরাম বুঝি ভাবই জীবের আত্মা। ইহার কখন বিচ্ছেদ নাই! জাগ্রৎ স্বপ্ন ও সুষুপ্তির সাক্ষিরূপে এবং বাল্য যৌবন বার্দ্ধক্য ও জরার অনুভব-কারী সাক্ষিরূপে যেমন চিরবিদ্যমান, সেইরূপ জন্ম ও মৃত্যুরও সাক্ষিরূপে এই আত্মাই চির-বিদ্যমান থাকিবে। তুমি অন্তঃকরণাদিকে সংযত করত একবার এই নিজের স্বরূপকে অবধারণ করিতে পারিলে, আর শোক মোহাদিতে আচ্ছন্ন হইবে না।

ইহাকে সাধারণ বিষয় ভাবে বুঝিতে অগ্রসর হইও না! সকল বিষয়কে চিত্ত হইতে বিদূরিত করিতে পারিলেই, পরিশেষে বোধরূপে বিদ্যমান আত্ম-ভাবের অবধারণে তুমি চির-কৃতার্থ হইবে। দেখ! একটী নাট্য-মন্দিরে রাত্রিকালে উজ্জ্বল আলোকে সর্ব্বত্র আলোকিত থাকে; এবং তৎকালে যে কোন ব্যক্তি গৃহে প্রবেশ করে, আলোক তাহাকেই আলোকিত ও সুস্পষ্ট প্রতীত করায়; এবং সেই লোক চলিয়া গেলে, আলোক আর তাহার সঙ্গে সঙ্গে গমন করে না, আপন স্থানে উজ্জ্বল মূর্ত্তিতে অবস্থান করে। লোকের সমাগমে বা বহির্গমনে আলোকের যেমন কিছু আসে যায় না, সেইরূপ রোগে শোকে ভাবে বা অভাবে এবং জন্ম ও মৃত্যুতে চৈতন্য-স্বরূপ আত্মার কিছু যায় আসে না; আলোকের ন্যায় দেদীপ্যমান ভাবে আত্মা চির-বিদ্যমান থাকেন। ভোগ্য বিষয়ের এবং ভোগায়তন দেহেরই জন্ম বা মৃত্যু ঘটিয়া থাকে॥ ২৭॥ ২৫॥

অথ চৈনং নিত্যজাতং নিত্যং বা মন্যসে মৃতং।
তথাপি ত্বং মহাবাহো নৈবং শোচিতুমর্হসি ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

অথ যদি এনং আত্মানং (পরিণামগ্রস্ত দেহেন সহ দেহবৎ) নিত্যজাতং উতবা নিত্যং মৃতং মরণশীলং মন্যসে, তথাপি হে মহাবাহো! পুনর্ভাবিনি অপি আত্মনি ত্বং শোচিতুং ন অর্হসি ॥ ২৬ ॥

শাঙ্করভাষ্যম্।

আত্মনোঽনিত্যত্বমভ্যুপগম্যেদমুচ্যতে অথ চৈনমিতি। অথ চেত্যভ্যুপগমার্থঃ; এনং প্রকৃতমাত্মানং নিত্যজাতং লোকপ্রসিদ্ধ্যা প্রত্যনেকশরীরোৎপত্তিং জাতো-জাত ইতি বা মন্যসে তথা প্রতি তত্তদ্বিনাশং নিত্যং বা মন্যসে মৃতং মৃতো মৃত ইতি তথাপি ভাবিন্যপি আত্মনি ত্বং মহাবাহো নৈবং শোচিতুমর্হসি। জন্মবতো নাশো নাশবতো জন্ম চেত্যেতাববশ্যম্ভাবিনাবিতি ॥ ২৬ ॥

আনন্দগিরিকৃতটীকা।

আত্মনো নিত্যত্বস্য প্রাগেব সিদ্ধত্বাদুত্তরশ্লোকানুপপত্তিরিত্যাশঙ্ক্যাহ আত্মন ইতি। অনিত্যত্বমিতি চ্ছেদঃ। শাক্যানাং লোকায়তানাং বা মতং ইদমা পরামৃশ্যতে। শ্রোতুরর্জ্জুনস্য পূর্ব্বোক্তমাত্মযাথাত্ম্যং শ্রুত্বাপি তস্মিন্নির্দ্ধারণাসিদ্ধের্দ্বয়োর্মতয়োরন্যতর মতাভ্যুপগমঃ শঙ্কিতস্তদর্থো নিপাতদ্বয়-প্রয়োগ ইত্যাহ অথ চেতি। প্রকৃতস্যাত্মনো-নিত্যত্বাদিলক্ষণস্য পুনঃপুনর্জাতত্বাভিমানো,মানাভাবাদসম্ভাবীত্যাহ লোকেতি।

---

তুমি যদি দেহের সঙ্গেই আত্মার জন্ম এবং দেহের হ্রাস বৃদ্ধি বা মৃত্যুর সঙ্গেই আত্মার নিধন বা মৃত্যুরই ব্যবস্থা মনে করিয়া থাক, তাহা হইলেও, জন্ম মৃত্যুর জন্য তোমার শোকের কোন কারণ থাকিতে পারে না ॥ ২৬ ॥

আভাস।

আত্মার নিত্যত্ব-সম্বন্ধে সন্দিগ্ধ মতান্তরের উত্থাপনে শ্রীকৃষ্ণ বলিলেন যে, দেহের উৎপত্তির বা জন্মের সঙ্গে সঙ্গে যদি চৈতন্য-স্বরূপ আত্মার জন্ম এবং দেহ-নাশের সঙ্গেই আত্মার নাশ স্বীকার করিতে হয়, তাহা হইলেও জীবের জন্ম বা নাশের উপলক্ষে তোমার সুখী বা দুঃখী হইবার কোন কারণও দেখা যায় না। কারণ যে কোন নির্দ্দিষ্ট কারণ বা স্বভাবের বশবর্ত্তী হইয়া

জাতস্য হি ধ্রুবো মৃত্যু ধ্রুবং জন্ম মৃতস্য চ।
তস্মাদপরিহার্য্যেঽর্থে ন ত্বং শোচিতুমর্হসি ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

তথা সতি, জাতস্য জনস্য মৃত্যুঃ ধ্রুবঃ তথা মৃতস্য চ জন্ম ধ্রুবং! তস্মাৎ-অপরিহার্য্যে পরিহর্ত্তুং অশক্যে অস্মিন্ অর্থে বিষয়ে ত্বং শোচিতুং ন অর্হসি ॥ ২৭ ॥

আনন্দগিরিকৃতটীকা।

নিত্যজাতত্বাভিনিবেশে পৌনঃপুন্যেন মৃতত্বাভিনিবেশো ব্যাহতঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ তথেতি। পরকীয়-মতমনুভাষিতং অভ্যুপেত্য "অহো বত মহৎ পাপং কর্ত্তুং ব্যবসিতা বয়ং" ইত্যাদে স্বদীয়শোকস্য নিরবকাশত্বমিত্যাহ তথাপীতি। এবমর্জ্জুনস্য দৃশ্যমানং অনুশোক-প্রকারং দর্শয়িত্বা তস্য কর্ত্তুমযোগ্যত্বে হেতুমাহ জন্মবত ইতি। জন্মবতো নাশো নাশবতশ্চ জন্ম ইত্যেতৌ অবশ্যংভাবিনৌ মিথো ব্যাপ্তাবিতি যোজনা ॥ ২৭ ॥

স্বামিকৃতটীকা

ইদানীং দেহেন সহ আত্মনো জন্ম তদ্বিনাশে চ বিনাশমঙ্গীকৃত্যাপি শোকো ন কার্য্য ইত্যাহ অথ চৈনমিতি। অথ যদ্যপ্যেতমাত্মানং নিত্যং সর্ব্বদা তত্তদ্দেহে জাতে জাতং মন্যসে তথা তত্তদ্দেহে মৃতে মৃতঞ্চ মন্যসে পুণ্যপাপয়ো স্তৎফলভূতয়োশ্চ জন্ম-মরণয়োঃ আত্মগামিত্বাত্তথাপি ত্বং শোচিতুং নার্হসি ॥ ২৬ ॥

---

কারণ জন্মাইলেই মৃত্যু যখন অবশ্যম্ভাবী এবং ধ্বংসের পরই জন্মও যখন অবশ্যম্ভাবী হয়, তখন তাহারও ত অন্য কোন প্রতিকারও নাই! তখন তদুপলক্ষে তোমার শোক করা সম্পূর্ণ নিরর্থক। কারণ তাহার অন্যথা করা তোমার অধিকারে নাই ॥ ২৭ ॥

আভাস।

যদি জীবকে জন্ম পরিগ্রহ করিতে হয়, তাহা হইলে সেই স্বভাব বা কারণের অনুরোধেই তাহাকে মৃত্যুমুখেও পতিত হইতে হইবে; তাহাতে আর সন্দেহ নাই। এবং মৃত্যু হইলেও জন্মান্তর-গ্রহণ ব্যাপার হইতে যে নিষ্কৃতি হইবে, তাহাও ত অসম্ভব। কারণ নির্দ্দিষ্ট কারণ বা স্বভাব স্বাধীন-ভাবে সর্ব্বত্র তুল্যরূপে কার্য্য করিয়া থাকে; সুতরাং মরিলেও প্রধান কারণের বশে পুনঃ জন্ম পরিগ্রহ করিতে হইবে। তদৃশ ব্যাপারের উপর কাহারই অধিকার নাই। তখন যুদ্ধে মৃত্যুর অনুরোধে তোমার দুঃখিত হওয়া বিড়ম্বনা মাত্র ॥ ২৬ ॥

কোন মতে প্রকাশ আছে যে, লৌহ এবং চুম্বক পরস্পরে নিকটবর্ত্তী হইলে, যেমন উভয়ের অন্তরালে একটী আকর্ষণী শক্তির উদয় হয়, সেইরূপ

শাঙ্করভাষ্যম্।

তথা চ সতি জাতস্যেতি। জাতস্য হি লব্ধজন্মনো ধ্রুবোঽব্যভিচারী মৃত্যু-র্মরণং ; ধ্রুবং জন্ম মৃতস্য চ তস্মাদপরিহার্য্যোঽয়ং জন্মমরণলক্ষণোঽর্থস্তস্মিন্নপরি-হার্য্যেঽর্থে ন ত্বং শোচিতুমর্হসি ॥ ২৭ ॥

আনন্দগিরিকৃতটীকা।

তয়োঃ অবশ্যংভাবিত্বে সতি অনুশোকস্য অকর্ত্তব্যত্বে হেত্বন্তরমাহ তথা চেতি ॥ ২৭ ॥

স্বামিকৃতটীকা।

কুত ইত্যত আহ জাতস্য হীতি। হি যস্মাজ্জাতস্য স্বারম্ভক-কর্ম্মক্ষয়ে মৃত্যুর্ধ্রুবো নিশ্চিতঃ মৃতস্য চ তদ্দেহকৃতেন কর্ম্মণা জন্মাপি ধ্রুবমেব তস্মাদেবমপরিহার্য্যেঽর্থে-ঽবশ্যম্ভাবিনি জন্মমরণলক্ষণে অর্থে ত্বং বিদ্বান্ শোচিতুং যোগ্যো ন ভবসি ॥ ২৭ ॥

আভাস।

পাঞ্চভৌতিক কতকগুলি পদার্থের মিলনে গর্ভমধ্যে জাত জীব-দেহে একটি চেতনা-শক্তির উদয় হয়, যাহার কল্যাণে জীব সুখ-দুঃখাদির অনুভবে এবং আমি তুমি প্রভৃতি ভাবের পরিচয়ে সংসারে জীব নামে অভিহিত হইয়া থাকে। সুতরাং দেহের উপাদান সমূহের বিশ্লেষণে, উক্ত জ্ঞানরূপী চেতন-ভাবেরও নির্ব্বাণ হইয়া যায়! সুতরাং আপন পর, ইহকাল পরকাল বা পাপ পুণ্য বলিয়া ভাবি সম্বন্ধ-জনিত পারিণাম ফলের জন্য বিব্রত হইবারও কোন প্রয়োজন দেখা যায় না। সুতরাং স্বভাবে জন্ম ও স্বভাবে মৃত্যু স্বীকার করিলে, ভবিষ্যতের জন্য চিন্তা সম্পূর্ণ নিষ্প্রয়োজন। কেবল স্বভাবের বশে জন্ম এবং স্বভাবের বশে জীবত্বের ধ্বংস স্বীকার করিলে, পাপ-পুণ্য, স্বর্গ-নরক বা জন্মা-ন্তরের জন্য জীবকে দায়গ্রস্ত বা বিপন্ন হইতে হয় না। চার্ব্বাকাদি নাস্তিক গ্রন্থে প্রকাশ আছে, "যাবজ্জীবেৎ সুখং জীবেৎ ঋণং কৃত্বা ঘৃতং পিবেৎ। ভস্মীভূতস্য দেহস্য পুনরাগমনং কুতঃ॥ যে কয়এক দিন জীবন থাকে, সুখ-স্বচ্ছন্দে দিনাতিপাত করাই কর্ত্তব্য। যদি ঋণ করিয়াও ঘৃত ভোজনের প্রয়োজন হয়, তাহাও করিবে; পরিণামে সে ঋণ পরিশোধের জন্য ব্যস্ত হইবার আবশ্যক নাই; কারণ লোক-নিন্দায় কিছু যায় আসে না! কারণ পরলোকে পাপের জন্য কোন দণ্ডের সম্ভাবনা নাই! যে হেতুক মরণান্তে দেহ ভস্মীভূত হইলে, জীবাত্মার আর পুনরাগমনের কোন সম্ভাবনা নাই। জীবন-সংগ্রামের এ জাতীয় মীমাংসা কিন্তু প্রকৃত যুক্তিমূলক নহে। এতদর্থে ভগবান্ শ্রীকৃষ্ণের উক্তি পরবর্ত্তী "অব্যক্তা দীনি ভূতানি" ইত্যাদি শ্লোকত্রয়ে নাস্তিক বাদের খণ্ডন বর্ণিত হইয়াছে ॥ ২৭ ॥

অব্যক্তাদীনি ভূতানি ব্যক্তমধ্যানি ভারত।
অব্যক্ত-নিধনান্যেব তত্র কা পরিদেবনা॥ ২৮॥

অন্বয়ঃ।

হে ভারত ভরত-বংশাবতংস অর্জ্জুন! ভূতানি পরিদৃশ্যমানানি সর্ব্বাণি এব অব্যক্তাদীনি (অব্যক্তং আদি কারণং যেষাং অব্যক্তাৎ অভিব্যক্তানি ইতি) ব্যক্ত-মধ্যানি মধ্যে মধ্যাবস্থায়াং ব্যক্তানি নামরূপ-বিশিষ্টতয়া ব্যক্তভাবাপন্নানি এবং ততঃ পরং অব্যক্তনিধনানি অব্যক্তে নামরূপ-শূন্যে প্রকৃতৌ নামরূপ-শূন্যরূপেণ লীনভাবেন স্থিতানি এব অতঃ এবং সতি তত্র তস্মিন্ ভূত-সম্বন্ধে কা পরিবেদনা শোকাদি বিলাপঃ॥ ২৮॥

শাঙ্করভাষ্যম্।

কার্য্যকারণসংঘাতাত্মকান্যপি ভূতান্যুদ্দিশ্য শোকো ন যুক্তঃ কর্ত্তুং যতঃ অব্যক্তাদীনীতি। অব্যক্তাদীন্যব্যক্তমদর্শনমনুপলব্ধিরাদি র্যেষাং ভূতানাং পুত্র-মিত্রাদিকার্য্যকারণ-সংঘাতাত্মকানাং তানি অব্যক্তাদীনি ভূতানি প্রাগুৎপত্তেঃ। উৎপন্নানি চ প্রাক্ মরণাৎ ব্যক্তমধ্যান্যব্যক্তনিধনান্যেব পুনরব্যক্তমদর্শনং নিধনং

আনন্দগিরিকৃতটীকা।

আত্মানমুদ্দিশ্যানুশোকস্য কর্ত্তুমযোগ্যত্বেঽপি ভূতসংঘাতাত্মকানি ভূতান্যুদ্দিশ্য তস্য কর্ত্তব্যত্বমাশঙ্ক্যাহ কার্য্যেতি। সমনন্তর-শ্লোক স্তত্র হেতুরিত্যাহ যতইতি। চাক্ষুষ-দর্শন-মাত্র-বৃত্তিং ব্যাবর্ত্তয়তি অনুপলব্ধিরিতি। ন হি যথোক্ত-সংঘাত-রূপাণি ভূতানি পূর্ব্বমুৎপত্তেরুপলভ্যন্তে তেন তানি তথাব্যপদেশভাঞ্জি ভবন্তীত্যর্থঃ।

---

এই পরিদৃশ্যমান স্থাবর-জঙ্গমাত্মক ভূত সমূহ নামরূপ শূন্য বেশে এক অব্যক্ত কারণ-স্বরূপ ভগবচ্ছক্তি মায়াতেই বিলীন ছিল; সম্প্রতি নাম ও রূপে অভিব্যক্ত হইয়া, সৃষ্ট-দশায় প্রতীত হইতেছে; পুনরায় কার্য্যের সমাপনে, সেই পরম অব্যক্ত ভাবেই বিলীন হইয়া যাইবে। তখন তাহাদের বর্ত্তমান দশা সন্দর্শনে তাহাদের চিরস্থায়িত্বের প্রার্থনায় উৎকণ্ঠিত হওয়া বা আগ্রহের পরিচয় দেওয়া কখনই সঙ্গত নহে॥ ২৮॥

আভাস।

তিনি বলিয়াছেন, হে অর্জ্জুন! যে সমস্ত ভোগদেহ অবলোকন করিয়া, এবং যে সকল পঞ্চভূতাত্মক পদার্থকে নিত্য সত্যজ্ঞানে প্রতীতি করিয়া, তুমি যে

শাঙ্করভাষ্যম্।

মরণং যেষাং তানি অব্যক্তনিধনানি! মরণাদূর্দ্ধমব্যক্ততামেব প্রতিপদ্যন্তে ইত্যর্থঃ। তথা চোক্তং "অদর্শনাদাপতিতঃ পুনশ্চাদর্শনং গতঃ। নাসৌ তব ন তস্য ত্বং বৃথা কা পরিদেবনেতি॥ তত্র কা পরিদেবনা কোবা প্রলাপঃ অদৃষ্ট-দৃষ্টপ্রনষ্ট-ভ্রান্তিভূতেষ্বিত্যর্থঃ॥ ২৮॥

আনন্দগিরিকৃতটীকা।

কিং তন্মধ্যং যদেষাং ব্যক্তমিষ্যতে তদাহ উৎপন্নানীতি। উৎপত্তেরূর্দ্ধং মরণাচ্চ পূর্ব্বং ব্যবহারিকং সত্ত্বং মধ্যমেষাং ব্যক্তমিতি তথোচ্যতে! জন্মানুসারিত্বং বিলয়স্য যুক্তমিতি মত্বা তাৎপর্য্যার্থমাহ মরণাদিতি। উক্তেঽর্থে পৌরাণিক-সম্মতিমাহ তথাচেতি। তত্রেত্যস্যার্থমাহ অদৃষ্টেতি। পূর্ব্বমদৃষ্টানি সন্তি পুনর্দৃষ্টানি তান্যেব পুনর্নষ্টানি তদেবং ভ্রান্তিবিষয়তয়া ঘটিকাযন্ত্রবচ্চক্রীভূতেষু ভূতেষু শোকনিমিত্তস্য প্রলাপস্য নাবকাশোঽস্তীত্যর্থঃ॥ ২৮॥

স্বামিকৃতটীকা।

কিঞ্চ দেহাদীনাং স্বভাবং পর্য্যালোচ্য তদুপাধিকে আত্মনো জন্মমরণে শোকো ন কার্য্য ইত্যাহ অব্যক্তাদীনীতি। অব্যক্তং প্রধানং তদেবাদি উৎপত্তেঃ পূর্ব্বরূপং যেষাং তানি অব্যক্তাদীনি ভূতানি শরীরাণি কারণাত্মনা স্থিতানামেবোৎপত্তেঃ তথা ব্যক্তমভিব্যক্তং মধ্যং জন্মমরণান্তরালং স্থিতিলক্ষণং যেষাং তানি ব্যক্তমধ্যানি অব্যক্তে নিধনং লয়ো যেষাং তানীমান্যেবম্ভূতান্যেব তত্র তেষু কা পরিদেবনা কঃ শোকনিমিত্তো বিলাপঃ, প্রতিবুদ্ধস্য স্বপ্নদৃষ্টবস্তুষিব শোকো ন যুজ্যতে ইত্যর্থঃ॥২৮॥

আভাস।

শোক বা মোহের পরিচয় দিতেছ, তাহা সম্পূর্ণ ভ্রান্তিমূলক! কারণ যাহা কিছু আমরা প্রত্যক্ষে নয়ন-গোচর করিতেছি, এমন কি! চিন্তা-শক্তির দ্বারাও যে কোন ভাব বা বিষয়কে প্রতীতি করিতে পরিয়াছি, তাহাদের কোনটিই নিত্য বা সত্য পদার্থ নহে। তাহারা নিজেদের অস্তিত্ব ক্ষণ-কালের জন্যও প্রতিষ্ঠিত রাখিতে পারেন না। প্রত্যেক পদার্থই অনিত্য, সক্রিয় এবং আশ্রিত; একটী বৃক্ষ হইতে প্রথমত একটী ফুল দেখা দিল এবং দেখিতে দেখিতে তাহা দুই এক দিনের মধ্যে ক্ষুদ্র কড়াই মূর্ত্তিতে পরিণত হইল; এবং ক্রমশ পরিণামের প্রবাহে নিহিত থাকিয়া, দিন দিন পরিবর্দ্ধিত হইয়া অপেক্ষাকৃত বৃহদাকার বেল, নারিকেল আম্র বা পেপিয়ার আকারে পরিদৃষ্ট হইল। এই যে তাহার শেষ হইল,, এমতও নহে! পরিপক্ক হউক, পচুক বা যে কোন প্রকারে তাহাকে অদৃশ্য হইতে হইবে! সন্দেহ নাই। অতএব বৃক্ষের অন্তরে উক্ত ফলটি পূর্ব্বে অব্যক্ত ভাবে নিহিত

আভাস।

ছিল, তখন আমরা তাহা দেখিতে পাই নাই! যখন ব্যক্ত-ভাবে পরিণত হইল, তখনই পদার্থ বলিয়া আমরা প্রতীতি করিলাম ; এবং প্রতীতি করিবার মধ্যেও তাহার জন্মের সূচনা হইতে আরম্ভ করিয়া, সম্পূর্ণ ধ্বংস পর্য্যন্ত কত রকম ভাবে পরিণত হইতে হইতে কোন অসীমে যে সে মিলাইয়া গেল, আর আমরা তাহার নিরূপণে সমর্থ হইলাম না! প্রসূত পুত্র দর্শনে পিতা হৃষ্ট হইলেন বটে, কিন্তু পুত্র-কলেবর প্রসূত হইবা মাত্র, প্রত্যেক মিনিটে কেন! প্রতি সেকেণ্ডে ক্রমশঃ পরিণত হইয়া, ষোড়শ বর্ষে সেই ক্ষুদ্র কলেবরই একটী বৃহৎ যুবা-মূর্ত্তিতে পরিণত হইল। আবার ক্রমে পরিণামের প্রবাহে পরিণত হইতে হইতে একটী অসীম অনন্তের গর্ভে মিশিয়া গেল। এই ধরা-ধাম হইতে কত অনন্ত প্রকারের ওষধি গুল্ম-লতা ও পাদপাদি নাম ও রূপে অভিব্যক্ত হইয়া, আমাদের চিত্তাদি ইন্দ্রিয়বর্গকে একবার আকর্ষণ করিল এবং পরক্ষণে নামরূপ বিসর্জ্জন করত কোথায় যে চলিয়া গেল, কেহ তাহার সংবাদ রাখিতেও পারে না। যিনি সংবাদ রাখিবেন মনে করিয়া ইতিবৃত্ত লিখিতে অগ্রসর হন, ক্ষণকাল পরে ইতিবৃত্ত সহ লেখকও অসীমের অন্তরে অন্তর্হিত হইয়া যান। সামান্যত এই বিশেষ বিশেষ পদার্থের গতি অনুসন্ধানে অগ্রসর হইলে আমরা ধারণা করিতে পারিব যে, এই বৃহৎ ব্রহ্মাণ্ডও ঐরূপ কোন অসীম শক্তি হইতে একবার অভিব্যক্ত হইয়া, বিরাট্ পৃথিবী-রূপে কিছুকাল দেখা দিতেছে, কিন্তু এমন অবস্থা আসিতেছে যে, সেও অব্যক্ত হইয়া অসীম জলতত্ত্বে মিশিয়া যাইবে। জলতত্ত্ব ও স্বয়ংসিদ্ধ নহে ; উত্তেজিত বা ফুটন্ত তেজ-তত্ত্বের অবসাদ ভাবই জল ; সুতরাং তেজতত্ত্বের ফুটন্ত বা প্রসন্নভাবের পুনরাগমনের অবসাদ-ভাবই রস। জলতত্ত্বও অনন্ত তেজে মিলিয়া যাইবে এবং এই প্রকার তেজতত্ত্বও বায়ুতে, এবং বায়ু সর্ব্ব-জনক আকশ-তত্ত্বে লীন হইলে, তোমার ও আমার নিকট সর্ব্ব-শূন্যত্বের পরিচয় হইবে। তখন কে কাহার জন্য প্রেম বা শোকের পরিচয় দিবে!

কুম্ভকারের গৃহে নানা প্রকার ঘট, সরা, দীপ, হাড়ি প্রভৃতি ক্ষুদ্র ক্ষুদ্র অনন্ত পদার্থের নির্ম্মাণ হইলেও, মৃত্তিকা তাহাদের পক্ষে অসীম ও নিরাকার পদার্থ। মৃত্তিকাতে অনন্ত লতা পাদপাদি উৎপন্ন হইলেও, তাহাদের উপাদান কারণ কিন্তু এই পৃথিবীর উর্ব্বরাশক্তি। সে শক্তিও একাকার এবং অসীম! এই প্রকারে মূল কারণকে অনুসন্ধান করিতে অগ্রসর হইলে আমরা বুঝিতে পারিব যে, একা উর্ব্বরা শক্তি নাম ও রূপে স্বয়ং অভিব্যক্ত না থাকিয়াও, যেমন অনন্ত নাম ও রূপ

আভাস।

বিশিষ্ট বিচিত্র বৃক্ষ-লতাদির কারণ হইতে পারে, সেইরূপ একটী সৎশক্তির আশ্রয়ে এই নাম-রূপাত্মক অনন্ত ব্রহ্মাণ্ড সৃজিত হইয়া, বিচিত্র পরিণামের স্রোতে অগ্রসর হইতে হইতে, একবার ব্যক্তিভাব ধারণ করত, পুনরায় অব্যক্ত স্বীয় মূল কারণে প্রতিনিবৃত্ত হইতেছে। সেই মূল শক্তিই অব্যক্ত; তাহার কার্য্যকারী ভাবের নামই ব্যক্ত। কার্য্যের সমাপনে পুনঃ অব্যক্ত ভাবেই সকলে পরিণত হয়।

উৎপত্তির পদ্ধতির প্রতি দৃষ্টি করিলে, আমরা স্পষ্টত বুঝিতে পারি যে, সকল পদার্থই তাহার আশ্রয়-স্বরূপ উপাদান কারণের অন্তর হইতে বিকশিত হইয়া, বাহিরে দেখা দেয়। অর্থাৎ মূল-বৃক্ষ হইতে গজাইয়া শাখা পত্র ফুল ফল বাহিরে দেখা দেয়; এবং যতকাল বৃক্ষের জীবনী শক্তি বা প্রকাশের সামর্থ্য অন্তরে বিদ্যমান থাকে, তদবধিই তাহার ফল পত্রাদি প্ররোহিত হইতে থাকে। সুতরাং বৃক্ষই ফল ও পুষ্পাদির আশ্রয় ও জীবন। আশ্রয় না থাকিলে বা সাহায্য না পাইলে, কোন বস্তুই তিষ্ঠিতে পারে না। তখন এই পরিদৃশ্যমান সমগ্র-ভুবন যে একটী অসীম ও অব্যক্ত কারণ হইতে পরিণামের ক্রমে বিকশিত হইয়া, এই নাম-রূপে প্রতীত হইতেছে, তিনিই মূল অব্যক্ত শক্তি; বেদান্তে মায়া নামে অভিহিত এবং প্রাচীন সাংখ্যাচার্য্যের মূল প্রকৃতি এবং তন্ত্র-শাস্ত্রের আদ্যা শক্তি কালী। অর্জ্জুন! লক্ষ্য করিও! জগৎ-প্রসবিনী কালীর গলদেশে মুণ্ডমালা এবং কটিদেশে কর-বেড়া! অর্থাৎ জগদম্বা আদর করিয়া অনুভব-মূর্ত্তি জীব-ভাবের কারণ সাজিয়া স্বয়ং গলদেশে মুণ্ডমালা এবং সর্ব্বপ্রকার উদ্যম বা ক্রিয়া-শক্তিকে কোমরে জড়াইয়া, ভক্ত সমীপে আত্ম-পরিচয় প্রদান করিতেছেন॥ ২৮॥

এই শ্লোকে আমাদিগকে এই একটী বিষম সমস্যায় নিপপতিত হইতে হইবে যে, এই অনন্ত-শক্তি যিনি অব্যক্ত-মূর্ত্তিতে অবস্থান করিয়া, নিজস্বরূপ হইতে যে এই স্থাবর-জঙ্গমাত্মক অনন্ত বিশ্ব একবার রচনা করিতেছেন ও পুনরায় তাহা আপনাতে সংগ্রহ করিয়া একা অদ্বিতীয়া ভাবে যে অবস্থান করিতেছেন, সেই তিনি অন্ধা অর্থাৎ জ্ঞানহীনা বা চক্ষুষ্মতী অর্থাৎ সর্ব্বজ্ঞানবতী কি না? তদুত্তরে একটু প্রণিধান পূর্ব্বক অগ্রসর হইলে আমরা বুঝিতে পারিব যে, "অচেতনে ক্রিয়া নাস্তি" এই মীমাংসিত বাণী সর্ব্বত্র জয়লাভ করিয়াছে। প্রত্যেক কার্য্যের প্রারম্ভে কি করিতে হইবে, কি প্রকারে এবং কি হইল? তাহা বুঝিবার জন্য চৈতন্য-স্বরূপ জ্ঞানের অস্তিত্ব নিরন্তর প্রয়োজন। যদিও কার্য্যকালে জ্ঞানের কোন মূর্ত্তির পরিচয় হয় না বটে, কিন্তু অবিনাভাব মূর্ত্তিতে কার্য্যের সর্ব্বাংশে এবং সর্ব্বভাবে জ্ঞানকে যে

আভাস।

নিরন্তর অবস্থান করিতে হয়, তাহাতে আর সন্দেহ নাই। কার্য্যের উদ্যমে প্রত্যেক পরিণাম এবং তাহার উদ্দেশ্যকে লক্ষ্য করিয়া, বোধ-স্বরূপ জ্ঞানকে সর্ব্বদা সর্ব্বত্র উপস্থিত থাকিতে হয়। যেমন অগ্নির সংযোগে গালিত সুতরাং তরল লৌহ যে কোন রূপ পদার্থের গঠন করুক না, অগ্নিকে নিরন্তর লৌহের সংসর্গে থাকিতে হয়; সেইরূপ মহাশক্তি প্রকৃতিকে যত রকমে পরিণত হইয়া ক্ষুদ্র পরমাণুর পরিমাণে বা বৃহৎ পৃথিবী বা চন্দ্র সূর্য্যাদির পরিমাণে পরিণত হইতে হউক, জ্ঞানের সমবায় সম্বন্ধ তিনি কখনই পরিহার করিতে পারেন না। কারণ বুঝিয়া করিতে হইবে এবং করিয়া বুঝিতে হইবে।

এক্ষণে দ্বিতীয় প্রশ্ন আসিবে যে, প্রকৃতির জ্ঞান? বা জ্ঞানের প্রকৃতি? এতদুত্তরে আমরা সহজে মীমাংসায় উপনীত হইতে পারি যে, আমরা যখন বুঝিয়া করি এবং করিয়া বুঝি, তখন এই বোধ এবং ক্রিয়া ব্যাপার যদিও বাহ্যিক ভাবে নিরন্তরই চলিতেছে, তথাপি উভয়ের মধ্যে প্রাধান্য- ও অপ্রাধান্য ভাবের যথেষ্ট তারতম্য নিশ্চয়ই আছে। অবশ্য বোধ-স্বরূপের পৃথক্ পরিচয় আমরা কার্য্যক্ষেত্রে পাই না বটে, কারণ কার্য্যেরই সঙ্গে সঙ্গে বোধের উপপত্তি পরিলক্ষিত হয়, সুতরাং কার্য্যের ঘটনাবলিই যেন বোধকে জাগাইয়া দেয়; যেন কার্য্যের ব্যাপারই সত্য এবং বোধ একটী জন্য বস্তুর ন্যায় প্রতীত হয়, তথাপি আমরা বুঝিতে পারি যে, কার্য্যের প্রারম্ভে বোধ বিদ্যমান থাকিয়া, কার্য্যকে উদ্দীপিত করিয়াও ক্ষান্ত হয় না; কার্য্যের প্রত্যেক অবয়বে অধিষ্ঠাতৃ-ভাবে বোধ বিদ্যমান থাকেন এবং কার্য্যের সমাপনেও বোধের অভাব হয় না। তখন কার্য্যকালে, কার্য্যারম্ভে এবং কার্য্যের অভাবেও বোধ যখন বিদ্যমান থাকে, তখন জ্ঞানের গর্ভে কার্য্য! কার্য্যের গর্ভে জ্ঞান নহে। কার্য্যই শক্তি, জ্ঞান শক্তিমান্! আমি নিশ্চিন্ত ভাবকেও বুঝিতে পারি। সুতরাং চৈতন্যের প্রাধান্য; এবং শক্তির তদনুগত ভাবরূপে অস্তিত্বের পরিচয়। শক্তির অপ্রাধান্য। শ্রুতিতেও যথেষ্ট উক্ত আছে, "মায়াং তু প্রকৃতিং বিদ্যাৎ মায়িনং তু মহেশ্বরং। তস্যাবয়বভূতৈস্তু ব্যাপ্তং সর্ব্বমিদং জগৎ"॥ চিন্ময় পূর্ণ পরমাত্মারই শক্তি মহামায়া প্রকৃতি এবং এই প্রধান বা প্রকৃতির পরিণাম ভাবের দ্বারাই এই বিশ্ব সংসার রচিত। জীব বলিলেই যেমন দেহাবয়ব এবং তাহার চেতন ভাগ উভয় একত্র অভেদভাবে বিদ্যমান স্পষ্টত প্রতীত হয়, সেইরূপ শক্তি বা প্রকৃতিই অবয়ব এবং চৈতন্যস্বরূপ জ্ঞানই অবয়বী। জ্ঞান অনুভূতির মূর্ত্তিতে সমস্ত দেহে ব্যাপ্ত থাকিয়াও, চৈতন্য-

আশ্চর্য্যবৎ পশ্যতি কশ্চিদেনমাশ্চর্য্যবদ্বদতি তথৈব চান্যঃ।
আশ্চর্য্যবচ্চৈনমন্যঃ শৃণোতি শ্রুত্বাপ্যেনং বেদ ন চৈব কশ্চিৎ ॥২৯॥

অন্বয়ঃ।

কশ্চিৎ জনঃ এনং আত্মানং আশ্চর্য্যবৎ পশ্যতি, অন্যঃ জনঃ তথা আশ্চর্য্যবৎ এব বদতি ( অলৌকিকত্বাৎ ) অন্যঃ জনঃ এনং আশ্চর্য্যবৎ শৃণোতি (বহির্ব্যাপারাৎ) নিবৃত্তত্বাৎ ) কশ্চিৎ জনঃ গুরুমুখাৎ শ্রুত্বাপি এনং ন বেদ ন অবধারয়তি ॥ ২৯ ॥

শাঙ্করভাষ্যম্।

দুর্ব্বিজ্ঞেয়োঽয়ং প্রকৃতাত্মা কিং ত্বামেবৈকং উপালভেৎ সাধারণে ভ্রান্তিনিমিত্তে,

আনন্দগিরিকৃতটীকা।

অর্জ্জুনং প্রত্যুপালম্ভং দর্শয়িত্বা প্রকৃতস্যাত্মনো দুর্ব্বিজ্ঞেয়ত্বাত্তং প্রত্যুপালম্ভো ন সম্ভবতীতি মন্বানঃ সন্নাহ দুর্ব্বিজ্ঞেয় ইতি। তথা চাত্মাজ্ঞাননিমিত্তবিপ্রলম্ভস্য

স্বামিকৃতটীকা।

কুতস্তর্হি বিদ্বাংসোঽপি লোকে শোচন্তি আত্মাজ্ঞানাদেবেত্যাশয়েনাত্মনো দুর্জ্ঞেয়তামাহ আশ্চর্য্যবদিতি। কশ্চিদেনমাত্মানং শাস্ত্রাচার্য্যোপদেশাভ্যাং পশ্যন্নাশ্চর্য্যবৎ পশ্যতি, সর্ব্বগতস্য নিত্যজ্ঞানানন্দস্বভাবস্যাত্মনোঽলৌকিকত্বাদৈন্দ্রজালিকবদঘটমানং পশ্যন্নিব বিস্ময়েন পশ্যতি অসম্ভাবনাভিভূতত্বাৎ, তথাশ্চর্য্যবদেবান্যো বদতি, শৃণোতি চান্যঃ, কশ্চিৎ পুনর্ব্বিপরীত-ভাবনাভিভূতঃ শ্রুত্বাপি ন বেদ, চশব্দাদুক্ত্বাপি দৃষ্ট্বাপি ন সম্যগ্বেদেতি দ্রষ্টব্যং ॥ ২৯ ॥

অন্তরাকাশে এই আত্মস্বরূপের অবধারণ একবার করিতে পারিলে, বিস্ময়-সাগরে নিমগ্ন হইতে হয়; এবং যে কেহ তদ্বিষয়ে বর্ণন করেন, সে বর্ণনও আশ্চর্য্য-জনক; আত্মবিষয়ের শ্রবণও আশ্চর্য্য-জনক; কিন্তু সুস্পষ্ট ও বিশদ ভাবে শুনিয়াও তাহা অনেকে অবধারণ করিতেও পারে না ॥ ২৯ ॥

আভাস।

স্বরূপে নিজের অস্তিত্বকে পৃথক্‌ভাবে অনুভব করেন, কিন্তু শক্তি চৈতন্যের ঈক্ষণ বা অনুগ্রহ ব্যতীত আপনাকে আপনি কখনই বুঝিতে পারেন না, অথচ চৈতন্যভাগের সর্ব্বত্র তদীয় সত্তারূপে তদন্তরে চির বিদ্যমান আছেন ॥ ২৮ ॥

অনুভূতির অনুপাতে দেহ হইতে এই চৈতন্য-স্বরূপ জীবাত্মার পৃথক্ ভাবে অস্তিত্বের উপলব্ধি করা বড়ই অদ্ভুত! কারণ বহির্মুখা-বৃত্তিবিশিষ্ট মানবের পক্ষে

শাঙ্করভাষ্য।

কথং দুর্বিজ্ঞেয়োঽয়মাত্মেত্যত আহ আশ্চর্য্যবদিতি। আশ্চর্য্যবদাশ্চর্য্যং অদৃষ্টপূর্ব্বমদ্ভুতমকস্মাদ্দৃশ্যমানং তেন তুল্যমাশ্চর্য্যবদাশ্চর্য্যমিবৈনমাত্মানং পশ্যতি, কশ্চিদাশ্চর্য্যবদেনং বদতি তথৈব চান্যঃ আশ্চর্য্যবচ্চৈনমন্যঃ শৃণোতি। শ্রুত্বা দৃষ্ট্বোক্ত্বাপ্যাত্মানং

আনন্দগিরিকৃতটীকা।

সাধারণত্বাদসাধারণোপালম্ভস্য নিরবকাশত্বেত্যাহ কিং ত্বামেবেতি। অহম্প্রত্যয়বেদ্যত্বাদাত্মনো দুর্বিজ্ঞেয়ত্বমসিদ্ধমিতি শঙ্কতে কথমিতি। বিশিষ্টস্যাত্মনোঽহংপ্রত্যয়স্য দৃষ্টত্বেঽপি কেবলস্য তদভাবাদস্তি দুর্বিজ্ঞেয়তেতি শ্লোকমবতারয়তি আহেতি। আশ্চর্য্যবদিতি আদ্যেন পাদেনাত্মবিষয়দর্শনস্য দুর্লভত্বং দর্শয়তা দ্রষ্টুর্দৌর্লভ্যমুচ্যতে, দ্বিতীয়েন চ তদ্বিষয়-বদনস্য দুর্লভত্বোক্তে স্তদুপদেষ্টু স্তথাত্বং কথ্যতে। তৃতীয়েন তদীয়-শ্রবণস্য দুর্লভত্ব-দ্বারা শ্রোতুর্বিরলতা বিবক্ষিতা। শ্রবণ-দর্শনোক্তীনাং ভাবেঽপি

আভাস।

তাহা সর্ব্বক্ষণ বুঝিয়াও বুঝিতে পারা সুগম নহে। অথচ অতি সহজেও বুঝা যায়। প্রণয়-তত্ত্বে প্রণয়িনীর আত্মহারা ভাবে নিরাশার সাগরে ভাসমানের অবস্থা নিরীক্ষণ করিলে, তাঁহাকে সর্ব্বত্যাগী যোগী বলিয়া ভ্রম হইবে। যুবতী স্বীয় অবস্থার বিচিত্র পরিণামের আলোচনা করিতে করিতে সকল ভাবকে বিস্মৃত হইয়া, কেবল আমিকে আশ্রয় করত বাহ্যজ্ঞান-শূন্যভাবে অবস্থান করেন! ইহাই তাহার ব্যবহারিক চিন্তার নিবৃত্তিতে আত্মস্বরূপ চৈতন্যের সাক্ষাৎকার। তখন তাঁহাকে কেহ ডাকিলে, তিনি চমকিয়া উঠেন এবং আমি জ্ঞানের ধ্যানভঙ্গে তিনি বিরক্ত হন। যেন অপার আনন্দ-রসে মগ্ন ছিলেন; পরের আহ্বানে সে ভাবের ভঙ্গ হইল। ইহা কোন নূতন ভাব বা অভিনব পদার্থ নহে; পূর্ব্বে জানি নাই! এই প্রথম পরিজ্ঞাত হইলাম, তাহাও নহে। চিরকালই সে ভাব জানি; তবে চিনিতাম না। আচার্য্য ও শাস্ত্রের অনুগ্রহে এই প্রথম চিনিলাম। মহারাজ নলকে ঋতুপর্ণ-রাজের অশ্বচালক বাহুক বলিয়াই সকলে জানিতেন। কিন্তু দাসীর দ্বারা দময়ন্তী বাহুক সন্নিধানে অগ্নি ও জল ব্যতীত রন্ধনার্থ পাকস্থালি ও পাকদ্রব্য পাঠাইয়া দেন। বাহুক যখন নিজের তাড়িৎবিদ্যা বলে অগ্নি ও জলের সৃজন করিয়া, পাক-কার্য্য সমাধা করিলেন, তখন দময়ন্তী নিজে নল সম্বন্ধে নিশ্চিত হইলেন, এবং দময়ন্তীর জনক-জননী ও আত্মীয়গণও বাহুক-কলেবরকে নল-বোধে অবলোকন করিবার অবসরেই সেই বাহুকও প্রকৃত নলের মূর্ত্তি ধারণ করিলেন। সেইরূপ অতিস্থূল দেহাদি ইন্দ্রিয়বর্গের অধিষ্ঠানে যে আমি-ভাবের উপলব্ধি করি, আবার

শঙ্করাভাষ্যম্।

বেদ নচৈব কশ্চিৎ। অথবা যোঽয়ং আত্মানং পশ্যতি স আশ্চর্য্যতুল্যো যো বদতি যশ্চ শৃণোতি সোঽনেকসহস্রেষু কশ্চিদেব ভবত্যতো দুর্ব্বোধ আত্মেত্যভিপ্রায়ঃ ॥২৯॥

আনন্দগিরিকৃতটীকা।

তদ্বিষয়-সাক্ষাৎকারস্যাত্যন্তায়াসলভ্যত্বং চতুর্থেনাভিমতমিতি বিভাগঃ। আত্মগোচর-দর্শনাদিদুর্লভত্ব-দ্বারা দুর্ব্বোধত্বমাত্মনঃ সাধয়তি আশ্চর্য্যবদিতি। সংপ্রত্যাত্মনি দ্রষ্টুর্ব্বক্তুঃ শ্রোতুঃ সাক্ষাৎকর্ত্তুশ্চ দুর্লভত্বাভিধানেন তদীয়ং দুর্ব্বোধত্বং কথয়তি অথবেতি। ব্যাখ্যানদ্বয়েঽপি ফলিতমাহ অত ইতি॥ ২৯ ॥

আভাস।

মনের অধিষ্ঠানে আমি বলিয়া সেই আমিরই উল্লেখ করি। পরে কখন মনের অপেক্ষা অতিসূক্ষ্ম অভিমান বা অহঙ্কারে অভিভূত হইয়া, সেই পূর্ব্ব আমিরই উল্লেখ করি এবং সর্ব্বান্তে নিশ্চিন্ত ভাবে নিরন্তর বিদ্যমান বুদ্ধিতত্ত্বে তৎসাক্ষিরূপে বিদ্যমান জ্ঞানকেও আমি বলিয়া ধারণা করি। অতএব সর্ব্বত্র একই আমি-ভাবের উল্লেখ হইলেও, উপাধির বৈচিত্র্যে এক আমি-ভাব কত রকমে পরিচিত হইল। যখন সকল উপাধি শান্ত হইবে, তখনও ত আমি-ভাবের অভাব হয় না; অথচ তখনও আমার সকল অভাবেরও উপলব্ধি হয়। এই ভাবটী আমরা দৈনন্দিন জীবনে নির-ন্তর উপলব্ধি করিয়া থাকি, কিন্তু কেহ চিনাইয়া না দিলে, ঠিক ধরিতে পারি না। চিনাইয়া দিলে, বিস্মিতের ন্যায় নিস্তব্ধ থাকি! সুতরাং ভগবান্ বলিলেন "আশ্চর্য্যবৎ পশ্যতি কশ্চিদেনং" অর্থাৎ চিরকালই যে আত্ম-স্বরূপকে উপলব্ধি করিয়া আসিতেছি অথচ মায়া-মোহে অভিভূত হইয়া, কত শোক এবং কতবার বিষয়ের পদানত হইয়া কত আশা এবং কত ভরসাই করিয়া আসিয়াছি! অহো কি ভ্রম! যাহার প্রসাদে আমি এযাবৎ সকল দেখিয়া বা শুনিয়া আসিতেছি, কেবল বাহিরে ভোগের অভি-মুখে যাইবার অভ্যাসেই অন্তরে নিরন্তর বিদ্যমান প্রেম-পূর্ণ এই আমার আমিকে দেখি নাই! কি লজ্জার বিষয় বলিয়া, বিবেকী মানব আত্মস্বরূপের প্রকৃত সাক্ষাৎকার লাভ করিয়া, বিস্মিত হইতেছেন। বক্তা স্বীয় স্বরূপের সাক্ষাৎকার লাভে বিস্মিতের ন্যায় বলেন, আহা! কত বিষয়েরই আলোচনা করিলাম! কিন্তু সমস্তই মিথ্যা হইয়াছে! কারণ যাঁহার কল্যাণে কত বার্ত্তার উল্লেখে পরকে বুঝাইয়াছি এবং নিজেও বুঝিয়াছি, তিনি আমার অন্তঃকরণের অন্তর্গুহায় নিরন্তর সুখাসনে ও স্বস্বভাবে বিদ্যমান রহিয়াছেন জানিয়াও, এযাবৎ তাঁহার বিষয়ে কোন আলাপ করি নাই! অথচ নিরন্তর পরিণামশীল ব্যক্ত-

দেহী নিত্যমবধ্যোঽয়ং দেহে সর্ব্বস্য ভারত।
তস্মাৎ সর্ব্বাণি ভূতানি ন ত্বং শোচিতুমর্হসি ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

হে ভারত! সর্ব্বস্য জীবসাধারণস্য দেহে শরীরে যঃ দেহী অয়ং আত্মা অস্তি, সঃ নিত্যং সর্ব্বাবস্থায়াং এব অবধ্যঃ হননাযোগ্যঃ। তস্মাৎ ত্বং সর্ব্বাণি এব ভূতানি শোচিতুং ন অর্হসি ॥ ৩০ ॥

স্বামিকৃতটীকা।

তদেবমবধ্যত্বমাত্মনঃ সংক্ষেপেণ উপদিশন্ অশোচ্যত্বং উপসংহরতি দেহীতি। স্পষ্টার্থঃ ॥ ৩০ ॥

হে ভারত! জীবমাত্রেরই হৃদয়ে দেহীরূপে বিদ্যমান আত্মা নিত্য ও সত্য বস্তু! তাঁহার কখন বিনাশ হয় না! অতএব কেবল তোমার পরিচিত আত্মীয়দিগের কথা কেন! কোন প্রাণীর জন্যই শোকার্ত্ত হওয়া তোমার কর্ত্তব্য নহে ॥ ৩০ ॥

আভাস।

ভাবের পরিভাষণে এবং বৃথা উক্তি প্রত্যুক্তির প্রয়োগে কালাতিপাত করিয়াছি! অহো! তাঁহার কথা কহিলে, আর জাগতিক মিথ্যা কথায় কালাতিপাত হইত না। শ্রোতৃবর্গ গায়কের তাল, মান লয়, স্বরের মূর্চ্ছনা, গমক, পদাবলি, স্বর এবং হাব-ভাব ভঙ্গি শ্রবণে ও দর্শনে আনন্দিত হন বটে, কিন্তু গায়কের সর্ব্ব-নিয়ন্তা জীব চৈতন্যের প্রতি কখন লক্ষ্য না করিয়াই কালাতিপাত করে। সর্ব্বপ্রকাশক গায়েকের চেতনার প্রতি যদি শ্রোতার লক্ষ্য পড়িত, তাহা হইলে তিনি বিস্মিতের ন্যায় অবস্থান করিতেন এবং ভাবিতেন যে যাহার কল্যাণে আমার সমস্ত শুনা হইল, তাঁহাকে ত আমার দেখা বা ভাবা হইল না। ২৯ ॥

অতএব দেহের যাবতীয় বৃত্তি বা ব্যাপারের মূল কারণ-স্থানীয়ই জীব-চৈতন্য! বৃত্তির ব্যপার সেই মূল-চৈতন্য হইতেই উদ্ভাসিত হইয়া, কিয়ৎক্ষণ অবস্থান করে; আবার মূল জ্ঞানেই সকল বৃত্তি নির্ব্বাপিতের ন্যায় নিরস্ত হইয়া যায়। কিন্তু কখনও জ্ঞানের নির্ব্বাণ হয় না; সেইরূপ এই দেহ-ধারণরূপ বৃত্তিরও একবার উদয়ে কিছু কাল বাল্য, যৌবন ও জরাদিভাবে বিকশিত থাকিয়া, সেই মূল জ্ঞানেই নির্ব্বাপিতের ন্যায়, মৃত্যুমুখে নিরস্ত হয়; সুতরাং জ্ঞানরূপী জীবাত্মাই অপর বৃত্তির

স্বধর্ম্মমপি চাবেক্ষ্য ন বিকম্পিতুমর্হসি।

অন্বয়ঃ।

স্বধর্ম্মং স্বস্য ক্ষত্রিয়স্য ধর্ম্মং চ অবেক্ষ্য লক্ষীকৃত্য ত্বং বিকম্পিতুং প্রচলিতুং

শাঙ্করভাষ্যম্।

অথেদানীং প্রকরণার্থমুপসংহরন্ ব্রূতে দেহীতি। যস্মাদ্দেহী শরীরী নিত্যং সর্ব্বাবস্থাস্ববধ্যো নিরবয়বত্বান্নিত্যত্বাচ্চ তত্রাবধ্যোঽয়ং দেহে শরীরে সর্ব্বস্য সর্ব্বগতত্বাৎ স্থাবরাদিষু স্থিতোঽপি সর্ব্বস্য প্রাণিজাতস্য দেহে বধ্যমানেঽপি অয়ং দেহী ন বধ্যো যস্মাৎ তস্মাদ্ভীষ্মাদীনি সর্ব্বাণি ভূতান্যুদ্দিশ্য ন ত্বং শোচিতুমর্হসি॥ ৩০॥

আনন্দগিরিকৃতটীকা।

শ্লোকান্তরমুত্থাপয়তি অথেতি। আত্মনোঽজ্ঞানত্বপ্রদর্শনানন্তরমিতি যাবৎ বস্তুবৃত্তাপেক্ষয়া শোকমোহয়োরকর্ত্তব্যত্বং প্রকরণার্থঃ। দেহে বধ্যমানেঽপি দেহিনো বধ্যত্বাভাবে ফলিতমাহ যস্মাদিতি। হেতুবিভাগং বিভজতে সর্ব্বস্যেতি। ফলিতপ্রদর্শনপরং শ্লোকার্দ্ধং ব্যাচষ্টে তস্মাদ্ভীষ্মাদীনীতি॥ ৩০॥

আভাস।

উত্তোলনে জন্মান্তর রহস্যের পরিচয় দিয়া থাকেন। অতএব বৃত্তির বিরামে যেমন জ্ঞান-স্বরূপের বিরাম বা বিচ্ছেদ ঘটে না, সেইরূপ দেহের বিরামেও জীবাত্মার বিরাম বা বিচ্ছেদ ঘটে না! কেবল তোমার আমার বা এখানে উপস্থিত এই জনসঙ্ঘের পক্ষেই যে আত্মার নিত্যত্ব সম্বন্ধে আমি বলিতেছি, তাহা নহে; স্থাবর-জঙ্গমাত্মক যাবদীয় দেহে অনুভূতির মূর্ত্তিতে যে আত্মা নিরন্তর বিরাজমান রহিয়াছেন, উপাধি-স্বরূপ তত্তৎ দেহের অবসানে তত্তৎ আত্মার বিরাম বা নাশ কখনই হইবে না। ইহারা সকলে সম্প্রতি যে যে মূর্ত্তিতে দেখা দিতেছেন, দেহের নিধনে, তাঁহারা প্রত্যেকে স্ব স্ব ভাব বা আশার অনুরূপ ভোগদেহ লাভে পুনঃ জন্ম পরিগ্রহ করিবেন! ইহাই সংসারের চির-প্রথিত মর্য্যাদা। ইহার বৈপরীত্যে কাহারও কোনরূপ প্রতিকারের যোগ্যতা নাই। ইহাদের মৃত্যু-কাল নিকট হইয়াছে; তোমারও কর্ত্তব্য কার্য্য পূর্ব্ব হইতেই অবধারিত আছে! সুতরাং কর্ত্তব্য প্রতিপালনে পরাঙ্মুখ হইয়া, বৃথা শোকের পরিচয় দেওয়া তোমার ন্যায় বিজ্ঞ বীরকেশরীর কখন কর্ত্তব্য নহে॥ ৩০॥

পরমার্থ-তত্ত্বের প্রতি দৃষ্টি করিলে, শোক মোহাদির পরিচয় দেওয়া যেমন সম্পূর্ণ অসঙ্গত, আবার নিজের স্বধর্মের প্রতি লক্ষ্য করিলেও ক্ষত্রিয়ের অবশ্য কর্ত্তব্য ধর্ম্ম্যযুদ্ধ হইতে প্রতিনিবৃত্ত থাকা তোমার ন্যায় ক্ষত্রিয়ের পক্ষে কখনই সঙ্গত নহে।

ধর্ম্ম্যাদ্ধি যুদ্ধাচ্ছ্রেয়োঽন্যৎ ক্ষত্রিয়স্য ন বিদ্যতে ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

ন অর্হসি! হি যতঃ ধর্ম্ম্যাৎ ধর্ম্মানুগতাৎ যুদ্ধাৎ অন্যৎ শ্রেয়ঃ হিতকরং ক্ষত্রিয়স্য ন বিদ্যতে ॥ ৩১ ॥

শাঙ্করভাষ্যম্।

ইহ পরমার্থতত্ত্বাপেক্ষায়াং শোকো বা মোহো বা ন সম্ভবতীত্যুক্তং, ন কেবলং পরমার্থতত্ত্বাপেক্ষায়ামেব কিন্তু স্বধর্ম্মমিতি। স্বধর্ম্মমপি স্বো ধর্ম্মঃ ক্ষত্রিয়স্য ধর্ম্মঃ যুদ্ধং, তমপ্যবেক্ষ্য ত্বং ন বিকম্পিতুং প্রচলিতুং অর্হসি ক্ষত্রিয়স্য স্বাভাবিকাদ্ধর্ম্মা-

আনন্দগিরিকৃতটীকা।

শ্লোকান্তরমবতারয়ন্ বৃত্তং কীর্ত্তয়তি ইহেতি। পূর্ব্বশ্লোকঃ সপ্তম্যর্থঃ, যৎ পারমার্থিকং তত্ত্বং তদপেক্ষায়ামেব কেবলং শোকমোহয়োরসম্ভবো ন ভবতি কিন্তু স্বধর্ম্মমপি চাবেক্ষ্য ইতি সম্বন্ধঃ, স্বকীয়ং ক্ষাত্রধর্ম্মমনুসন্ধায় তত শ্চলনং পরিহর্ত্তব্য মিত্যর্থঃ। যদ্ধি ক্ষত্রিয়স্য ধর্ম্মাদনপেতং শ্রেয়ঃসাধনং তদেব ময়ানুবর্ত্তিতব্যমিত্যা- শঙ্ক্যাহ ধর্ম্ম্যাদিতি। জাতিপ্রযুক্তং স্বাভাবিকং স্বধর্ম্মমেব বিশিনষ্টি ক্ষত্রিয়স্যেতি। পুন র্নকারোপাদানমন্বয়ার্থং, প্রচলিতুমযোগ্যত্বে প্রতিযোগিনং দর্শয়তি স্বাভাবিকা-

স্বামিকৃত টীকা।

যচ্চোক্তমর্জ্জুনেন বেপথুশ্চ শরীরে মে ইত্যাদি তদপ্যযুক্তমিত্যাহ স্বধর্ম্মমপীতি। আত্মনো নাশাভাবাদেবৈতেষাং হননেঽপি বিকম্পিতুং নার্হসি, কিঞ্চ স্বধর্ম্মমপ্যবেক্ষ্য বিকম্পিতুং নার্হসীতি সম্বন্ধঃ। যচ্চোক্তং ন চ শ্রেয়োঽনুপশ্যামি হত্বা স্বজনমাহবে ইতি তত্রাহ ধর্ম্ম্যাদিতি। ধর্ম্মাদনপেতান্ন্যায়াদ্যুদ্ধাদন্যৎ ॥ ৩১ ॥

এদিকে আবার তুমি ক্ষত্রিয়কুল-তিলক হইয়া, যদি একবার নিজের অবশ্য অনুষ্ঠেয় ক্ষত্রিয়-ধর্ম্মের প্রতি দৃষ্টি কর, তাহা হইলে বুঝিবে যে, এ সময় তোমার শোকে অবসন্ন হওয়া সম্পূর্ণ শিষ্ট-বিগর্হিত কার্য্য! কারণ ক্ষত্রিয়ের পক্ষে ধর্ম্মযুদ্ধের অপেক্ষা হিতকর এবং উপাদেয় ব্যাপার আর কিছুই নাই! ॥ ৩১ ॥

আভাস।

তুমি ক্ষত্রিয়কুলে মহারাজ পাণ্ডুর পুত্ররূপে জন্ম পরিগ্রহ করিয়াছ! সুতরাং ধর্ম্মত প্রজাপালন, দান, যজ্ঞানুষ্ঠান ও ধর্ম্ম-শাস্ত্র অধ্যয়ন এবং নিজের ভোগসুখে জলাঞ্জলি দিয়া, দেশের, দশের ও ধর্ম্মের উপকারার্থ এবং প্রজাবর্গের বিদ্রোহকারী শত্রুকুলের

শাঙ্করভাষ্যম্।

দ্যাত্মস্বাভাব্যাদিত্যভিপ্রায়ঃ ; তচ্চ যুদ্ধং পৃথিবীজয়দ্বারেণ ধর্ম্মার্থং প্রজারক্ষণার্থঞ্চেতি ধর্ম্মাদনপেতং পরং ধর্ম্ম্যং, তস্মাৎ ধর্ম্ম্যাৎ যুদ্ধাৎ শ্রেয়োঽন্যৎ ক্ষত্রিয়স্য ন বিদ্যতে ; হি যস্মাৎ ॥ ৩১ ॥

আনন্দগিরিকৃতটীকা।

দিতি। স্বাভাবিকত্বমশাস্ত্রীয়ত্বমিতিশঙ্কাং বারয়িতুং তাৎপর্য্যমাহ আত্মেতি। আত্মনঃ স্বস্যার্জ্জুনস্য স্বাভাব্যং ক্ষত্রিয়-স্বভাবপ্রযুক্তং বর্ণাশ্রমোচিতং কর্ম্ম তস্মাদিত্যর্থঃ। ধর্ম্মার্থং প্রজাপরিপালনার্থঞ্চ প্রবর্তমানস্য যুদ্ধাদুপরিরংসা শ্রদ্ধাতব্যা ইত্যাশঙ্ক্যাহ তচ্চেতি। ততোঽপি শ্রেয়স্করং কিঞ্চিদনুষ্ঠাতুং যুদ্ধাদুপরতিঃ উচিতেত্যাশঙ্ক্যাহ তস্মাদিতি। তস্মাদ্যুদ্ধাৎ প্রচলনমনুচিতমিতি শেষঃ ॥ ৩১ ॥

আভাস।

নিগ্রহ করিয়া, ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টয়কে প্রতিপালন করা তোমার একান্ত কর্ত্তব্য। ক্ষত্রিয় হইয়া এতাদৃশ কর্ম্মে পরাঙ্মুখ ও ক্ষীণ-জীবীর পরিচয় দিলে, কি তুমি পাপিষ্ঠ হইবে না? তোমার পিতারই সাম্রাজ্য ; সুতরাং ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টয় প্রজাগণ তোমারই প্রতিপাল্য! প্রজাগণ স্ব স্ব বর্ণ ও আশ্রমোচিত ধর্ম্মে যাহাতে আদর এবং উৎসাহ সহকারে নিযুক্ত থাকিয়া সংসারের মঙ্গল-বিধান করেন, তৎপ্রতি তোমার বিশেষ দৃষ্টি রাখা কর্ত্তব্য। যদি বর্ণাশ্রম ধর্ম্মের অনুষ্ঠানে প্রজাবর্গ উদাসীন হয়, সে রাজ্যের কখন উন্নতি-লাভ হয় না। তাদৃশ রাজ্যের প্রজাবর্গ ধন মান ধর্ম্ম ও স্বাস্থ্যে বঞ্চিত হইয়া উত্তরোত্তর অধোগতি লাভ করে। যে রাজা সেই প্রজাবর্গের অবস্থার প্রতি দৃষ্টি না করিয়া, স্বার্থের প্রতি লক্ষ্য করেন, তিনি ঘোর নরকে পতিত হইবেন, সন্দেহ নাই। তুমি জান! এই বিপুল সাম্রাজ্যের প্রজাবর্গের অবনতির জন্য তুমি দায়ী! তাহার প্রতিকারে উদাসীন হইলে, তোমাকেই পাপভাগী হইতে হইবে, সন্দেহ নাই ॥ ৩১ ॥

অন্ধ ধৃতরাষ্ট্রের পুত্র দুর্য্যোধন প্রভৃতি শত্রুকুল ছলে বলে ও কৌশলে তোমার পিতৃরাজ্য আত্মসাৎ করিয়া এযাবৎ ভোগ করিয়া আসিতেছে ; এক্ষণে প্রত্যর্পণের সময় উপস্থিত হওয়ায়, বিনা যুদ্ধে তাঁহারা পরিত্যাগ করিবেন না বলিয়া সংগ্রামের আয়োজন তাঁহারাই উত্তোলন করিয়াছেন। তোমরা উপযাচক হইয়া পর-রাজ্য লুণ্ঠন করিতে ত যাইতেছ না! তোমাদের আত্ম-রাজ্য রক্ষা করা

যদৃচ্ছয়া চোপপন্নং স্বর্গদ্বারমপাবৃতং।
সুখিনঃ ক্ষত্রিয়াঃ পার্থ লভন্তে যুদ্ধমীদৃশং ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

যদৃচ্ছয়া (অপ্রার্থিততয়া স্বয়মেব) উপপন্নং উপাগতং, তথা অপাবৃতং উন্মুক্তং, স্বর্গদ্বারং স্বর্গস্য দ্বারভূতং ঈদৃশং যুদ্ধং যে লভন্তে হে পার্থ! তে ক্ষত্রিয়াঃ সুখিনঃ এব ॥ ৩২ ॥

শাঙ্করভাষ্যম্।

কুতশ্চ তদ্যুদ্ধং কর্ত্তব্যং ইত্যুচ্যতে যদৃচ্ছয়েতি। যদৃচ্ছয়া চ অপ্রার্থিতমাগতং উপপন্নং স্বর্গদ্বারমপাবৃতমুদ্ঘাটিতং। যে এতাদৃশং যুদ্ধং লভন্তে ক্ষত্রিয়াঃ হে পার্থ কিন্ন সুখিনস্তে! ॥ ৩২ ॥

আনন্দগিরিকৃতটীকা।

যুদ্ধস্য গুর্ব্বাদ্যনেকপ্রাণিহিংসাত্মকস্য অহিংসা-শাস্ত্রবিরোধান্নাস্তি কর্ত্তব্যতেতি শঙ্কতে কুতশ্চেতি। অগ্নীষোমীয়-হিংসাবৎ যুদ্ধমপি ক্ষত্রিয়স্য বিহিতত্বাদনুষ্ঠেয়ং সামান্য-শাস্ত্রতো বিশেষ-শাস্ত্রস্য বলীয়স্ত্বাদিত্যাহ উচ্যত ইতি। তথাপি যুদ্ধে প্রবৃত্তানাং ঐহিকামুষ্মিকস্যাপি সুখাভাবাদুপরতিরেব ততো যুক্তা প্রতিভাতি ইত্যাশঙ্ক্যাহ

স্বামিকৃত টীকা।

কিঞ্চ মহতি শ্রেয়সি স্বয়মেবোপস্থিতে সতি কুতো বিকম্পসে ইত্যাহ যদৃচ্ছয়েতি। যদৃচ্ছয়া অপ্রার্থিতমেবোপপন্নং প্রাপ্তমীদৃশং যুদ্ধং সুখিনঃ সুভাগ্যা এব লভন্তে; যতোঽনিবারণং স্বর্গদ্বারমেবৈতৎ, যদ্বা য এবম্বিধং যুদ্ধং লভন্তে ত এব সুখিন ইত্যর্থঃ। এতেন স্বজনং হি কথং হত্বা সুখিনঃ স্যাম মাধবেতি যদুক্তং তন্নিরস্তং ভবতি ॥ ৩২ ॥

---

দেখ! বিনা চেষ্টায় এই ধর্ম্মযুদ্ধ উপস্থিত হইয়াছে! ইহাতে ক্ষত্রিয়ের পক্ষে স্বর্গলাভের আর কোন প্রতিবন্ধক থাকে না। এ জাতীয় যুদ্ধ যাঁহাদের অদৃষ্টে উপস্থিত হয়, তাঁহারা প্রকৃতই সুখী! ॥ ৩২ ॥

আভাষ।

ধর্ম্মত কর্ত্তব্য। দ্বিতীয়ত; উক্ত দুর্য্যোধন রাজ্যসুখে উন্মত্ত হইয়া প্রজাবর্গকে বর্ণাশ্রম-ধর্ম্ম প্রতিপালনার্থ কোনরূপ উৎসাহ বা দণ্ডের বিধান ত করেন নাই! তিনি উৎকৃষ্ট ব্রাহ্মণগণকে স্বধর্ম্ম প্রতিপালনে অমনযোগী দেখিয়া, দণ্ডের ব্যবস্থাত

আনন্দগিরিকৃতটীকা।

যদৃচ্ছয়েতি। চিরেণ চিরতরেণ কালেন চ যাগাদ্যনুষ্ঠায়িনঃ স্বর্গাদিভাজো ভবন্তি যুধ্যমানাস্তু ক্ষত্রিয়া বহির্মুখতাবিহীনাঃ সহসৈব স্বর্গাদিসুখভোক্তার স্তেন তব কর্ত্তব্যমেব যুদ্ধমিতি ব্যাখ্যানেন স্ফুটয়তি যদৃচ্ছয়েত্যাদিনা। ইহামুত্র চ ভাবিসুখবত্তামেব ক্ষত্রিয়াণাং স্বধর্ম্মভূত-যুদ্ধসিদ্ধে স্তাদর্থ্যেনোত্থানং শোকমোহৌ হিত্বা কর্ত্তব্যমিত্যর্থঃ॥ ৩২॥

আভাস।

করেন নাই; বরং স্বীয় পক্ষ সমর্থনার্থ যথেষ্ট বৃত্তি ও সম্মান প্রদানে কৃপাচার্য্য দ্রোণাচার্য্য এবং অশ্বত্থামা প্রভৃতি ব্রাহ্মণগণকে ক্ষাত্র-ধর্ম্মের অনুষ্ঠানে উৎসাহিত করিয়া, কি ভীষণ সামাজিক অনিষ্টই করিয়াছেন। ব্রাহ্মণ রক্ষিত না হইলে, পরবর্ত্তী বর্ণত্রয়ও যথেচ্ছাচারীর আচরণ করিবে এবং সমগ্র সমাজ অধঃপতিত, হইবে, সন্দেহ নাই।

হিরণ্যকশিপু পূর্ব্বশত্রু বিষ্ণুকে নিহত করিবার কল্পনা স্থির করিয়া, নিজ গুরু শুক্রাচার্য্যকে আহ্বান করত স্বীয় অভিপ্রায় প্রকাশ করেন। গুরু শুক্রাচার্য্য বিষ্ণু-বধের কল্পনা শ্রবণ করিয়া, হিরণ্যকশিপুকে উপেক্ষার ভাবে বলিলেন যে, আপনার কল্পনা আমার নিকট কেবল কল্পনা বলিয়াই অনুমিত হইতেছে; কার্য্যে পরিণত হওয়া সম্প্রতি অসম্ভব! হিরণ্যকশিপু বলিলেন, আমি এক পক্ষ কাল এই বিষয়ে বিশেষ বিবেচনা পূর্ব্বক মীমাংসা করিয়া, আপনাকে নিবেদন করিব; আপনি পক্ষান্তে অনুগ্রহ পূর্ব্বক আগমন করিবেন। পনর দিবস পরে শুক্রাচার্য্য তৎসমীপে উপস্থিত হইলে, হিরণ্যকশিপু বলিলেন, বিষ্ণুবধ বিশেষ কষ্টসাধ্য নহে। কারণ "সর্ব্বদেবময়ো বিষ্ণুঃ" দেবতা-সমূহের সমষ্টিভাবই বিষ্ণু! তখন বৃক্ষের স্কন্ধ শাখাদি সমস্ত ছেদন করিলে, বৃক্ষ যেমন আপনিই মরিয়া যায়, সেইরূপ দেবতা সমূহকে বিনষ্ট করিতে পারিলে, বিষ্ণু আপনা হইতেই বিনষ্ট হইবেন। শুক্রাচার্য্য বলিলেন "অমরা নির্জ্জরা দেবাঃ"; দেবতারা সকলে অমর ও জরাহীন; তাঁহাদের নির্ম্মূল কিরূপে সম্ভব হইবে? তদুত্তরে হিরণ্যকশিপু বলিলেন, "দেবতাগণ হবির্ভুক্" যজ্ঞ না করিলে, পুষ্টির অভাবে তাঁহারা আপনাবাই বিনষ্ট হইবেন। আচার্য্য বলিলেন, তুমি যজ্ঞ-বন্ধ কিপ্রকারে করিবে? হিরণ্যকশিপু বলিলেন, গো-হত্যার দ্বারা হোমীয় হবিঃ অর্থাৎ ঘৃতের অভাব জগতে আনয়ন করিব। শুক্রাচার্য্য বলিলেন, ব্রাহ্মণগণ কামধেনুর সৃজন করিবেন। হিরণ্যকশিপু বলিলেন, ব্রাহ্মণ-বধ করিব! আচার্য্য বলিলেন, ব্রাহ্মণ-বধ কি

অথ চেত্ত্বমিমং ধর্ম্ম্যং সংগ্রামং ন করিষ্যসি।
ততঃ স্বধর্ম্মং কীর্ত্তিঞ্চ হিত্বা পাপমবাপ্স্যসি ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

অথ চেৎ যদি, ত্বং ইমং ধর্ম্ম্যং ধর্ম্মাণুকূলং সংগ্রামং ন করিষ্যসি ততঃ স্বধর্ম্মং ক্ষত্রিয়োচিতং কর্ম্ম, কীর্ত্তিং চ হিত্বা ত্যক্ত্বা পাপং অবাপ্স্যসি ॥ ৩৩ ॥

শাঙ্করভাষ্যম্।

এবং কর্ত্তব্যতাপ্রাপ্তমপি অথেতি। অথ ত্বমিমং ধর্ম্ম্যং ধর্ম্মাদনপেতং বিহিতং সংগ্রামং যুদ্ধং ন করিষ্যসি চেৎ তত স্তদকরণাৎ স্বধর্ম্মং কীর্ত্তিঞ্চ মহাদেবাদিসমাগম-নিমিত্তাং হিত্বা কেবলং পাপমবাপ্স্যসি ॥ ৩৩ ॥

আনন্দগিরিকৃতটীকা।

স্বধর্ম্মস্য যুদ্ধস্য শ্রদ্ধয়া করণে স্বর্গাদিমহাফলপ্রাপ্তিং প্রদর্শ্য তদকরণে প্রত্যবায়-প্রাপ্তিং প্রদর্শয়ন্ স্তরশ্লোকগতাথ-শব্দার্থং কথয়তি এবমিতি। বিহিতত্বং ফলবত্ত্ব-মিত্যনেন প্রকারেণেত্যর্থঃ, অন্বয়ার্থং পুনশ্চেদিত্যনূদ্যতে, মহাদেবাদীত্যাদিশব্দেন মহেন্দ্রাদয়ো গৃহ্যন্তে ॥ ৩৩ ॥

স্বামিকৃতটীকা

বিপক্ষে দোষমাহ অথ চেদিতি ॥ ৩৩ ॥

---

এই ধর্ম্ম-সঙ্গত যুদ্ধও যদি তুমি না কর, তাহা হইলে তোমার নিজের ধর্ম্ম ও কীর্ত্তির বিলোপে তোমাকে বিষম পাপে কলুষিত হইতে হইবে, সন্দেহ নাই। ৩৩ ॥

আভাস।

সহজ ব্যাপার! তদুত্তরে হিরণ্যকশিপু বলিলেন, "ব্রাহ্মণস্য তু দেহোঽয়ং ন কামার্থায় জায়তে। ইহ ক্লেশায় তপসে প্রেত্য চানুত্তমং সুখং ॥ ব্রাহ্মণের দেহ সাধারণ মানব দেহেরই অনুরূপ বটে, কিন্তু দেহ ব্রাহ্মণ নহে; তবে তপোমূলই ব্রাহ্মণ! প্রচুর ধনাদি বৃত্তি এবং সম্মান প্রদানে ব্রাহ্মণকে সেই তপস্যা হইতে নিরস্ত করিতে পারি-লেই ব্রাহ্মণবধ হইল। তপস্যার ব্যাঘাত জন্মাইলেই, ব্রাহ্মণ-বধ সুসাধ্য হইবে। সংসার-ক্ষেত্রে ব্রাহ্মণত্বের ধ্বংস হইলে, সংসারিক বা পারমার্থিক উন্নতির পথ কণ্ট-কিত হইবে, এবং সর্ব্বপালক বিষ্ণুরও নিধন সাধন করা হইবে। শুক্রাচার্য্য বিস্মিত হইয়া বলিলেন, কলিযুগে তোমার এই নীতির প্রাবল্যে ঘোর অশান্তি এবং বিপ্লবের সৃষ্টি হইলেও, পুনঃ সত্যের অভিমুখে কিন্তু জগৎ ধাবিত হইবে: সন্দেহ নাই।

অকীর্ত্তিঞ্চাপি ভূতানি কথয়িষ্যন্তি তেঽব্যয়াং।
সম্ভাবিতস্য চাকীর্ত্তি র্মরণাদতিরিচ্যতে ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

ভূতানি জনাঃ তে তব অব্যয়াং চিরস্থায়িনীং অকীর্ত্তিং নিন্দাং কথয়িষ্যন্তি। অহো! সম্ভাবিতস্য মানিনঃ, অকীর্ত্তিঃ মরণাৎ অতিরিচ্যতে অতীত্য বর্ত্ততে ॥ ৩৪ ॥

শাঙ্করভাষ্যম্।

ন কেবলং স্বধর্ম্মকীর্ত্তিপরিত্যাগঃ অকীর্ত্তিমিতি। অকীর্ত্তিঞ্চাপি যুদ্ধে ভূতানি কথয়িষ্যন্তি তে তবাব্যয়াং দীর্ঘকালাং ; ধর্ম্মাত্মা শূর ইত্যেবমাদিভি গুণৈঃ সম্ভাবিতস্য চাকীর্ত্তি র্মরণাদতিরিচ্যতে সম্ভাবিতস্য চাকীর্ত্তে র্ব্বরং মরণমিত্যর্থঃ ॥ ৩৪ ॥

আনন্দগিরিকৃতটীকা।

যুদ্ধাকরণে ক্ষত্রিয়স্য প্রত্যবায়মামুষ্মিকমাপাদ্য শিষ্টগর্হালক্ষণং দীর্ঘকালভাবিনং ঐহিকমপি প্রত্যবায়ং প্রতিলম্ভয়তি ন কেবলমিতি। যুদ্ধে স্বমরণ-সন্দেহাৎ তৎপরিহারার্থমকীর্ত্তিরপি সোঢ়ব্যা স্বাত্মসংরক্ষণস্য শ্রেয়স্করত্বাদিত্যাশঙ্ক্যাহ ধর্ম্মাত্মেতি। মান্যানাং অকীর্ত্তি র্ভবতি মরণাদপি দুঃসহেতি তাৎপর্য্যার্থমাহ সম্ভাবিতস্যেতি ॥ ৩৪ ॥

স্বামিকৃতটীকা।

কিঞ্চ অকীর্ত্তিমিতি। অব্যয়াং শাশ্বতীং। সম্ভাবিতস্য বহুমতস্য। অতিরিচ্যতে ঽধিকা ভবতি ॥ ৩৪ ॥

অহো! লোক-সমাজে তোমার অকীর্ত্তির ঘোষণা চিরকালের জন্য রহিয়া যাইবে। যাহারা একবার সম্মান লাভে পদস্থ হয়, তাহাদের পক্ষে নিন্দাবাদ মরণেরও অপেক্ষা অধিকতর কষ্টকর বলিয়া বোধ হইয়া থাকে ॥ ॥ ৩৪ ॥

আভাস।

দেখ অর্জ্জুন! বিপুল ধনাদি ঐশ্বর্য্য প্রদানে এবং সামর্থ্য বা বলের কথা প্রশংসা করিয়া, মহারাজ দুর্য্যোধন ব্রাহ্মণ্যত্বের বধ-সাধনে প্রবৃত্ত হইয়াছেন বটে, কিন্তু তোমার ন্যায় বীর-পুরুষের পক্ষে তাদৃশ কূট-নীতির অনুসরণে এই সংসারকে কি বিধ্বস্ত করা কর্ত্তব্য? তুমিও যদি পূর্ব্বোক্ত ব্রাহ্মণগণের ন্যায়, স্বধর্ম্ম পরিত্যাগে পরকীয় ব্রাহ্মণ্য-ধর্ম্মের অনুষ্ঠানে অগ্রসর হও, তাহা হইলে তোমার অনুকরণে অন্যান্য বৈশ্য বা শূদ্র জাতিও স্বধর্ম্ম ত্যাগে যথেচ্ছাচারে প্রবৃত্ত হইবে

আভাস।

শূদ্রগণও ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যধর্ম্মের অনুষ্ঠানে প্রবৃত্ত হইবে। ক্ষত্রিয়গণ দুর্ব্বল ও বৈশ্য নির্ধন হইয়া, বলবান্ এবং ধনশালী শূদ্রেরই অধীনতা স্বীকার করিবেন। তখন আত্ম-রক্ষার জন্য বলবান্ শূদ্রের শরণাগত হইতে হইবে। এক ব্রাহ্মণ্যের অভাবে সমগ্র সংসার এইরূপ বিপর্য্যস্ত হইলে, কি দুর্গতিরই সম্ভাবনা হইবে! তোমার ন্যায় ক্ষত্রিয়ের পক্ষে ব্রাহ্মণের রক্ষা করা অবশ্য কর্ত্তব্য। ব্রাহ্মণগণ স্বধর্ম্মে প্রতিষ্ঠিত থাকিলে, অন্যান্য বর্ণও স্বধর্ম্মে প্রতিষ্ঠিত থাকিবেন; এবং ঐহিকের সহিত পরমার্থের সম্বন্ধও অক্ষুণ্ণ থাকিবে, সন্দেহ নাই। ৩২ ॥ ৩৩ ॥

বর্ণাশ্রমোচিত ধর্ম্মকে প্রতিপালন করাই পরম ধর্ম্ম! তাহাতেই সদ্গতি লাভ হইয়া থাকে, সন্দেহ নাই। তুমি ক্ষত্রিয়! ক্ষাত্র-ধর্ম্ম প্রতিপালন করা তোমার অবশ্য কর্ত্তব্য। এতদর্থে ঋষি-বাক্যও আছে। মনু বলিয়াছেন;

সমোত্তমাধমৈ রাজা আহূতঃ পালয়ন্ প্রজাঃ।
ন নিবর্ত্তেত সংগ্রামাৎ ক্ষাত্রধর্ম্মমনুস্মরন্॥

ক্ষত্রিয় রাজার ধর্ম্মই প্রজা পালন করা। সেই প্রজাবর্গের অনিষ্ট-কারী শত্রু উপস্থিত হইলে, তাহাকে সংগ্রামে পরাজয় বা নিহত করিয়া, প্রজা রক্ষা করা রাজার কর্ত্তব্য। শত্রু তুল্যবল, হীন-বল বা অধিক-বল হইলেও যুদ্ধার্থ শত্রু আহ্বান করিলে, ক্ষত্রিয় রাজার কখন পশ্চাৎপদ হওয়া কর্ত্তব্য নহে।

গুরুং বা বালবৃদ্ধৌ বা ব্রাহ্মণং বা বহুশ্রুতং।
আততায়িনং আয়ান্তং হন্যাদেবাবিচারয়ন্।
নাততায়ি-বধে দোষো হন্তুর্ভবতি কশ্চন॥

রণক্ষেত্রে সংহার করিবার অভিপ্রায়ে অস্ত্র শস্ত্রাদি ধারণে যদি গুরুজন, বালক, বৃদ্ধ বা বহুশাস্ত্রবেত্তা ব্রাহ্মণও আততায়ীর বেশে উপনীত হন, ক্ষত্রিয়ের পক্ষে তাঁহাদেরও নিধন-সাধনে কোন পাপস্পর্শ হয় না। কারণ আততায়ী অর্থাৎ "অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণি র্ধনাপহঃ। ক্ষেত্রদারাপহারী চ ষড়েতে আততায়িনঃ।" অগ্নি, বিষ, অস্ত্র প্রয়োগে অনিষ্ট করিতে অগ্রসর, এবং ধন, ক্ষেত্র ও দারাপহারী ব্যক্তি আততায়ী নামে সঙ্গিত। তাহাদের নিধনে হন্তাকে কোন পাপ স্পর্শ করে না। সুতরাং এ সংগ্রামে আত্মীয় স্বজন এবং গুরুজন ভীষ্মাদি অথবা দ্রোণাচার্য্যাদি ব্রাহ্মণগণকে নিহত করিলে, ধর্ম্মত তোমার কোন পাপস্পর্শ হইবে না। বিশেষত এ যুদ্ধটী তোমাদের পক্ষে ধর্ম্মযুদ্ধ! কারণ তোমরা উদ্যোগী না হইলেও, দুর্য্যোধনাদি কুরুপক্ষীয়গণই অস্ত্র

ভয়াদ্রণাদুপরতং মংস্যন্তে ত্বাং মহারথাঃ।

অন্বয়ঃ।

ভয়াদেব রণাৎ উপরতং নিবৃত্তং ত্বাং মহারথাঃ দুর্য্যোধনাদয়ঃ মংস্যন্তে জ্ঞাস্যন্তি।

শাঙ্করভাষ্যম্।

কিঞ্চ ভয়াদিতি। ভয়াৎ কর্ণাদিভ্যো রণাৎ যুদ্ধাৎ উপরতং নিবৃত্তং, মংস্যন্তে চিন্তয়িষ্যন্তি ন কৃপয়েতি ত্বাং মহারথা দুর্য্যোধন-প্রভৃতয়ঃ, কে মংস্যন্তে

আনন্দগিরিকৃতটীকা।

ইতশ্চ ত্বয়া যুদ্ধং কর্ত্তব্যমিত্যাহ কিঞ্চেতি। প্রাণিষু কৃপয়া নাহং যুদ্ধং করিষ্যামীত্যাশঙ্ক্যাহ ভয়াদিতি। মহারথানেব বিশিনষ্টি যেষাঞ্চেতি। দুর্য্যোধনাদিভি স্তবোপহাস্যতা-নিরসনার্থং সংগ্রামে প্রবৃত্তিরবশ্যম্ভাবিনীত্যর্থঃ॥ ৩৫ ॥

স্বামিকৃতটীকা।

কিঞ্চ ভয়াদিতি। যেষাং বহুগুণত্বেন ত্বং পূর্ব্বং সম্মতোঽভূ স্তএব ভয়াৎ সংগ্রামান্নিবৃত্তং ত্বাং মন্যেরন্, ততশ্চ পূর্ব্বং বহুমতো ভূত্বা লাঘবং লঘুতাং যাস্যসি॥ ৩৫ ॥

---

দুর্য্যোধনাদি মহারথীগণ মুক্তকণ্ঠে বলিবে যে অর্জ্জুন প্রাণভয়ে রণে পশ্চাৎপদ হইয়াছে! অতএব যাহাদের নিকট বীরত্বের পরিচয়ে

আভাস।

তোমাদিগকে সংগ্রামে আহ্বান করিতেছেন। সুতরাং তোমাদের পক্ষে ইহা প্রকৃত ধর্ম্ম-যুদ্ধ! এমন ক্ষেত্রে তুমি যদি ব্রাহ্মণ্য ধর্ম্মের ভান করিয়া, অবশ্য প্রতিপাল্য ক্ষত্রিয়-ধর্ম্ম হইতে বিরত হও, তাহা হইলে তোমার প্রকৃত ধর্ম্ম ত করাই হইল না, প্রত্যুত কাপুরুষের পরিচয়ে জগতে একটী অপূর্ব্ব ঘৃণারই পাত্র হইবে, সন্দেহ নাই॥ ৩৪ ॥

জগতে প্রত্যেক ব্যক্তি আপনার কর্ম্মে নিজের উপযোগিতার পরিচয় লাভে সুখী হইয়া থাকে। স্ত্রীপুত্র পোষ্যবর্গের প্রতিপালনে নিজের যোগ্যতার পরিদর্শনে মানব যেরূপ আনন্দ বা তৃপ্তি-লাভ করিয়া থাকে, নিজের ভোগে সেরূপ পরিতৃপ্ত হয় না। রুগ্ন বা অসমর্থ ব্যক্তিরাই নিজের ভোগে নিজে তৃপ্ত হয়। তুমি ত বীরপুরুষ! কোন প্রকার সামর্থ্যের অভাব ত তোমার নাই। তখন তুমি কোন্ প্রাণে নিজের তৃপ্তি-সাধনার্থ যুদ্ধের দোষ অনুসন্ধানে তৎকার্য্যে বিরত হইয়া, জগতের উপকার করিতে বিরত হইতেছ! তুমি যদি

যেষাঞ্চ ত্বং বহুমতো ভূত্বা যাস্যসি লাঘবং ॥ ৩৫ ॥

অন্বয়ঃ।

যেষাং দুর্য্যোধনাদীনাং প্রাক্ বহুমতঃ সম্মানিতঃ ভূত্বা ইদানীং লাঘবং উপেক্ষ্যং যাস্যসি ভবিষ্যসি ॥ ৩৫ ॥

শাঙ্করভাষ্যম্।

ইত্যাহ যেষাঞ্চ ত্বং দুর্য্যোধনাদীনাং বহুমতো বহুভি র্গুণৈ র্যুক্ত ইত্যেবং বহুমতো ভূত্বা পুনস্ত্বং যাস্যসি লাঘবং লঘুভাবং ॥ ৩৫ ॥

সম্ভ্রমের শীর্ষস্থান তুমি অধিকার করিয়াছিলে, মনে মনে যাহারা তোমাকে সর্ব্বশ্রেষ্ঠ বলিয়া সম্মান করিত, আজ তাহাদিগের সমীপে তুমি অতি তুচ্ছ ও অকর্ম্মণ্য বলিয়া পরিগণিত হইবে ॥ ৩৫ ॥

আভাস।

দুষ্টের দমনে প্রতিনিবৃত্ত হও, সাধারণ লোক-দৃষ্টিতে তোমার বীরত্বের সম্মান কোথায় রহিল! কর্ণাদি মহারথ যোদ্ধৃবৃন্দের ভয়ে ভীত হইয়াই, ধর্ম্মের ভানে মাত্র তুমি রণে পশ্চাৎপদ হইয়াছ, জগতে এই কথাই সর্ব্বত্র ব্যাপ্ত হইবে। যাহারা তোমার নাম শ্রবণে ভীত হইত, সেই সমস্ত বীরবর্গ অযথা নিন্দাবাদের প্রয়োগে যদি তোমার সামর্থ্যের উপর দোষারোপ করে, তদপেক্ষা তোমার জীবনে আর দুঃখের বিষয় কি হইতে পারে! মানবের পক্ষে সম্ভ্রমের ন্যায় ধন নাই! সম্ভ্রম মানবকে যাবদীয় দুষ্কৃতি হইতে রক্ষা করে; এবং পরলোকেও সদ্গতি প্রদান করিয়া থাকে। অতুল ঐশ্বর্য্য, বল এবং বিক্রমাদি যাহাই কিছু থাকুক্ না, সম্ভ্রমহীন ব্যক্তির পক্ষে সে সমস্ত কেবল কলঙ্কেরই পরিচয় দেয় মাত্র এবং পরিণামে সে সমস্তই বিনষ্ট হইয়া যায়। গুরুজন বা আত্মীয়বর্গ রক্ষকরূপে যিনি যতই থাকুন্, আত্ম-সম্ভ্রম-শূন্য ব্যক্তিকে কেহ সৎপথে পরিচালিত করিতে পারেন না। সম্ভ্রমহীন ব্যক্তি অধঃপতিত হয়; সন্দেহ নাই! ॥ ৩৫ ॥

সম্ভ্রমের মূল ধন চরিত্র-রক্ষা; অর্থাৎ স্বধর্ম্ম প্রতিপালন। আপনার বর্ণাশ্রম-ধর্ম্মের সুচারুরূপে প্রতিপালনেই সম্ভ্রম রক্ষা হয়; এবং এই জগতে সম্মান লাভে মানব সেই সৃষ্টি-স্থিতি-সংহার-কারী জগজ্জীবনেরও প্রিয় হইয়া, পরম শান্তি লাভ করিয়া থাকেন। চরিত্র-হীন হইয়া দেবরাজ ইন্দ্রেরও নিস্তার ছিল না। প্রবাদ আছে; চরিত্রবান্ প্রহ্লাদ যখন ত্রিভুবনের রাজা হইলেন, তখন

অবাচ্যবাদাংশ্চ বহূন্ বদিষ্যন্তি তবাহিতাঃ।
নিন্দন্তস্তব সামর্থ্যং ততো দুঃখতরং নু কিং ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

তব সামর্থ্যং নিন্দন্তঃ তব অহিতাঃ শত্রবঃ বহূন্ অবাচ্য-বাদান্ অকথ্য-কথনানি বদিষ্যন্তি! নু ভোঃ ততঃ কিং দুঃখতরং অস্তি ॥ ৩৬ ॥

শাঙ্করভাষ্যম্।

কিঞ্চ অবাচ্যবাদানিতি। অবাচ্যবাদান্ অবক্তব্য-বাদান্ চ বহূননেকপ্রকারান্ বদিষ্যন্তি তবাহিতাঃ শত্রবঃ নিন্দন্তঃ কুৎসয়ন্তস্তব ত্বদীয়ং সামর্থ্যং নিভৃত-কবচাদি যুদ্ধনিমিত্তং তস্মাত্ততো নিন্দাপ্রাপ্তে দুঃখাৎ দুঃখতরং নু কিং! ততঃ কষ্টতরং দুঃখং নাস্তীত্যর্থঃ ॥ ৩৬ ॥

আনন্দগিরিকৃতটীকা।

ইতশ্চ ত্বং যুদ্ধাদুপরমং মাকার্ষীরিত্যাহ কিঞ্চেতি। নমু ভীষ্মদ্রোণাদি-বধ-প্রযুক্তং কষ্টতরং দুঃখমসহমানো যুদ্ধান্নিবৃত্তঃ স্বসামর্থ্যনিন্দাদি শত্রুকৃতং সোঢ়ুং শক্ষ্যামীত্যা-শঙ্ক্যাহ তত ইতি ॥ ৩৬ ॥

স্বামিকৃতটীকা

কিঞ্চাবাচ্যবাদানিতি। অবাচ্যান্ বাদান্ বচনানর্হান্ শব্দাংস্তবাহিতা ত্বচ্ছত্রবো বদিষ্যন্তি ॥ ৩৬ ॥

---

তোমার শত্রু ও জ্ঞাতিগণ নানাপ্রকার অকথ্য নিন্দাবাদের উল্লেখে তোমার বাহুবল ও সামর্থ্যের উপর যদি দোষারোপ করে, তাহা হইলে তদপেক্ষা আর কি দুঃখের বিষয় জীবনে হইতে পারে! ॥৩৬॥

আভাস।

স্বর্গরাজ্য হইতে বিচ্যুত ইন্দ্র গুরু বৃহস্পতির শরণাগত হইয়া, প্রতিকারের প্রার্থনা করিলেন। গুরু তাঁহাকে উপায়-কল্পে কনিষ্ঠ শুক্রাচার্য্যের শরণাগত হইতে উপদেশ প্রদান করিলেন। দেবেন্দ্র শুক্রাচার্য্যের নিকট গমন করিলে, দৈত্য-গুরু তাঁহাকে স্বয়ং কার্য্যদক্ষ প্রহ্লাদের সমীপে অবস্থান পূর্ব্বক চরিত্র লাভার্থ যত্ন করিতে আদেশ করেন। বাসব তখন অনিচ্ছা সত্ত্বেও ব্রাহ্মণের মূর্ত্তি ধারণে শিষ্য সাজিয়া, তিন বৎসর কাল প্রহ্লাদের কার্য্য কলাপ পর্য্যবেক্ষণ করিতে লাগিলেন। প্রহ্লাদ সন্তুষ্ট হইয়া ব্রাহ্মণরূপী শিষ্য ইন্দ্রকে বলিলেন, "রাজকার্য্যে আমি সর্ব্বদা বিব্রত থাকায়, তোমার ন্যায় ধৈর্য্যশীল শিষ্যকে আমি এযাবৎ কোন উপদেশ দিতে পারি নাই, তজ্জন্য বিশেষ কুণ্ঠিত! এক্ষণে তুমি যাহা

হতো বা প্রাপ্স্যসি স্বর্গং জিত্বা বা ভোক্ষ্যসে মহীং।
তস্মাদুত্তিষ্ঠ কৌন্তেয় যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ ॥ ৩৭ ॥

অন্বয়ঃ।

হে কৌন্তেয়! তস্মাৎ ত্বং (রণে) হতঃ বা চেৎ, স্বর্গং প্রাপ্স্যসি, জিত্বা বা জেতা চেৎ মহীং রাজ্যং, ভোক্ষ্যসে ইতি উভয়থা লাভঃ এব মত্বা যুদ্ধায় যোদ্ধুং কৃতনিশ্চয়ঃ নিশ্চয়ং কৃত্বা, উত্তিষ্ঠ উদ্যমং কুরু! ৩৭ ॥

শাঙ্করভাষ্যম্।

যুদ্ধে পুনঃ ক্রিয়মাণে কর্ণাদিভিঃ কিং হতো নেতি। হতোবা প্রাপ্স্যসি স্বর্গং হতঃ সন্ স্বর্গং প্রাপ্স্যসি জিত্বা কর্ণাদীন্ শূরান্, ভোক্ষ্যসে মহীং। উভয়থাপি তব লাভ এব ইত্যভিপ্রায়ঃ। যত এবং তস্মাদুত্তিষ্ঠ কৌন্তেয় যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ জেষ্যামি শত্রূন্ মরিষ্যামি বেতি নিশ্চয়ং কৃত্বেত্যর্থঃ ॥ ৩৭ ॥

আনন্দগিরিকৃতটীকা।

তর্হি যুদ্ধে গুর্ব্বাদি-বধবশাদধর্ম্মো নিন্দা ততো নিরস্তৌ শত্রুনিন্দা ইত্যুভয়তঃ পাশরজ্জুরিত্যাশঙ্ক্যাহ যুদ্ধে পুনরিতি। জয়ে পরাজয়ে চ লাভধ্রৌব্যাদ্ যুদ্ধার্থমুত্থান-

---

যুদ্ধে যদি নিতান্ত নিহতই হও, স্বর্গরাজ্যে সুখে গমন করিবে। আর যদি যুদ্ধে জয়ী হও, সম্ভ্রমের সহিত ঐহিকে নিষ্কণ্টকে রাজ্য-ভোগ করিবে! অতএব যুদ্ধে পরাঙ্মুখ থাকিয়া, ঐহিকে নিন্দা এবং জীবনান্তে পাপ সঞ্চয় করত দুঃখী না হইয়া, হে কৌন্তেয়! তুমি নিজের বুদ্ধিকে স্থির করত, যুদ্ধের জন্য প্রস্তুত হও ॥ ৩৭ ॥

আভাষ।

প্রার্থনা কর, বল! তাহাই তোমাকে প্রদান করিতে সম্মত আছি! এতৎ শ্রবণে বাসব বলিলেন," আমি আপনার চরিত্রটী মাত্র প্রার্থনা করি! তাহাই প্রদানে আপনি আমাকে কৃতার্থ করুন! প্রহ্লাদ তথাস্তু! বলিয়া স্বীয় চরিত্র ব্রাহ্মণ-রূপধারী দেবেন্দ্রকে প্রদান করিলেন; এবং চরিত্র লাভে বাসবও তৎক্ষণাৎ তথা হইতে প্রস্থান করিলেন; এবং এক চরিত্রের অনুষ্ঠান-প্রসাদে তিনি স্বর্গরাজ্যে পুনঃ প্রতিষ্ঠিত হইলেন! এদিকে প্রহ্লাদ চরিত্র-হীন হইয়া, ধর্ম্ম কর্ম্ম কীর্ত্তি শ্রীঃ এবং ঐশ্বর্য্যাদি হইতে পরিচ্যুত হইয়া, সাধারণ মানবে পরিণত হইলেন ॥ ৩৬ ॥

অতএব অর্জ্জুন! তুমি যদি রণক্ষেত্রে বিপক্ষ পক্ষের বীর-পরাক্রম "কর্ণাদি

সুখদুঃখে সমে কৃত্বা লাভালাভৌ জয়াজয়ৌ।

অন্বয়ঃ।

(তত্র সুহৃদ্বধাদি জনিতোঽঘগনিবারণোপায়মাহ)। তত্র যুদ্ধে জয়াজয়ৌ,

শাঙ্করভাষ্যম্।

তত্র যুদ্ধং স্বধর্ম্ম ইত্যেবং যুধ্যমানস্য উপদেশমিমং শৃণু সুখদুঃখে ইতি। সুখদুঃখে সমে তুল্যে কৃত্বা রাগদ্বেষাবপ্যকৃত্বেত্যেতৎ তথাচ লাভালাভৌ জয়াজয়ৌ চ সমৌ

আনন্দগিরিকৃতটীকা।

মাবশ্যকমিত্যাহ তস্মাদিতি। ন হি পরিশুদ্ধকুলস্য ক্ষত্রিয়স্য যুদ্ধায়োদ্যুক্তস্য তস্মা-দুপরমঃ সাধীয়ানিত্যাহ কৌন্তেয়েতি। জয়ে পরাজয়ে চেত্যেতদুভয়থেত্যুচ্যতে। জয়াদিনিয়মাভাবেঽপি লাভনিয়মে ফলিতমাহ যত ইতি। কৃতনিশ্চয়ত্বমেব বিষ-দয়তি জেষ্যামীতি ॥ ৩৭ ॥

পাপভীরুতয়া যুদ্ধায় নিশ্চয়ং কৃত্বা নোত্থাতুং শক্নোমীত্যাশঙ্ক্যাহ তত্রেতি। যুদ্ধস্য স্বধর্ম্মতয়া কর্ত্তব্যত্বে সতীতি যাবৎ। সুহৃজ্জীবন-মরণাদিনিমিত্তয়োঃ সুখ-দুঃখয়োঃ সমতাকরণং কথমিতি তত্রাহ রাগদ্বেষাবিতি। লাভঃ শত্রুকোষাদি-

স্বামিকৃত টীকা।

যদ্যোক্তং ন চৈতদ্বিদ্ম ইতি তত্রাহ হতো বেতি। পক্ষদ্বয়েঽপি তব লাভ এবেত্যর্থঃ ॥ ৩৭ ॥

---

দেখ অর্জ্জুন! সুখ দুঃখ, লাভ অলাভ, এবং জয় পরাজয়ের

আভাস।

বীর-চূড়ামণিগণকে অবলোকনে ভীত হইয়া থাক, তাহাতেই বা ক্ষতি কি? যদি যুদ্ধে নিহতই হও, স্বর্গলাভে ও বঞ্চিত হইবে না! ঋষিবাক্য আছে;" দ্বাবিমৌ পুরুষৌ লোকে সূর্য্যমণ্ডল-ভেদিনৌ। পরিব্রাট্ যোগযুক্তশ্চ রণে চাভিমুখে হতঃ॥ সংসারে দুই জাতীয় মানব সূর্য্যমণ্ডল ভেদ করত স্বর্গলাভে সুখী হইয়া থাকেন! একজন ভোগ-বিরত পরিব্রাজক যোগী; অপর ব্যক্তি যিনি প্রজাপালন উপলক্ষে শত্রুর সহিত যুদ্ধ করিয়া, সম্মুখ সংগ্রামে নিহত হন। অতএব সংগ্রাম-মৃত্যুতে স্বর্গলাভ এবং শত্রু পরাজয়ে রাজত্ব লাভ, উভয় পক্ষে ত তোমার কোন ক্ষতি নাই! অতএব কর্ত্তব্য পালনে উদাসীন হওয়া তোমার ন্যায় বীরচূড়ামণির পক্ষে সম্পূর্ণ অযথা ও অসঙ্গত কার্য্য ॥ ৩৭ ॥

ততো যুদ্ধায় যুজ্যস্ব নৈবং পাপমবাপ্স্যসি ॥ ৩৮ ॥

অন্বয়ঃ।

অতঃ লাভালাভৌ তথা সুখ-দুঃখে সমে তুল্যো উভয়ত্র তুল্যজ্ঞানং কৃত্বা ততঃ তস্মাৎ যুদ্ধায় যুদ্ধং কর্ত্তুং যুজ্যস্ব! এবং কৃতে পাপং ন অবাপ্স্যসি ॥ ৩৮ ॥

শাঙ্করভাষ্যম্।

কৃত্বা ততো যুদ্ধায় যুজ্যস্ব ঘটস্ব নৈবং যুদ্ধং কুর্ব্বন্ পাপফলমবাপ্স্যসি ইত্যেষ উপদেশঃ প্রাসঙ্গিকঃ ॥ ৩৮ ॥

আনন্দগিরিকৃতটীকা।

প্রাপ্তিঃ, অলাভস্তদ্বিপর্য্যয়ঃ। ন্যায়েন যুদ্ধেনাপরিভূতেন পরস্য পরিভবো জয়স্তদ্বিপর্য্যয় স্ব অজয়ঃ তয়োঃ লাভালাভয়ো র্জয়াজয়য়োশ্চ সমতাকরণং সমানমেব, রাগদ্বেষাবকৃত্বা ইত্যেতদ্দর্শয়িতুং তথেত্যুক্তং, যথোক্তোপদেশবশাৎ পরমার্থদর্শন-প্রকরণে যুদ্ধকর্ত্তব্যতোক্তেঃ সমুচ্চয়পরত্বং শাস্ত্রস্য প্রাপ্তমিত্যাশঙ্ক্যাহ এষ ইতি! ক্ষত্রিয়স্য তব শর্ম্মভূত-যুদ্ধকর্ত্তব্যতানুবাদপ্রসঙ্গাগতত্বাদস্যোপদেশস্য নানেন মিষেণ সমুচ্চয়ঃ সিদ্ধতীত্যর্থঃ ॥ ৩৮ ॥

স্বামিকৃতটীকা।

যদপ্যুক্তং পাপমেবাশ্রয়েদস্মানিতি তত্রাহ সুখদুঃখে ইতি। সুখদুঃখে সমে কৃত্বা তথা তয়োশ্চ কারণভূতৌ লাভালাভাবপি তয়োরপি কারণভূতৌ জয়াজয়াবপি সমৌ কৃত্বা এতেষাং সমত্বে হর্ষবিষাদ-রাহিত্যং, যুজ্যস্ব সন্নদ্ধো ভব সুখদুঃখাদ্যভিলাষং হিত্বা স্বধর্ম্মবুদ্ধ্যা যুধ্যমানঃ পাপং ন প্রাপ্স্যসীত্যর্থঃ ॥ ৩৮ ॥

---

বা ভাল মন্দের প্রতি কোনরূপ দৃষ্টি না করিয়া, বরং উভয়ত্র ফলের প্রতি তুল্যজ্ঞানে, নিজের কর্ত্তব্য কর্ম্ম যুদ্ধের জন্য প্রস্তুত থাকিয়া কার্য্য করিলে, আর তোমাকে পাপিষ্ঠ হইতে হইবে না ॥ ৩৮ ॥

আভাস।

এই শ্লোকে ভগবান্ শ্রীকৃষ্ণ কর্ম্ম করিবার একটী সূক্ষ্ম রহস্য শোকমোহাচ্ছন্ন অর্জ্জুনকে উপদেশ দিয়াছেন। লোকে ছেদনাদি ব্যাপার সাধনের জন্য অতি উত্তম এবং দর্শনীয় সুন্দর বাস্যাদি ছেদনাস্ত্র প্রস্তুত করিয়াও, কার্য্যে তাহা সহসা নিয়োগ করে না। অস্ত্রাদি প্রস্তুত করিয়া আবার তাহাকে অগ্নিতে উত্তপ্ত, এমন কি! অগ্নিবর্ণ করিয়া, উপযুক্ত ব্যক্তির দ্বারা জল-সংস্কার করাইয়া লয়; তাহাকে পান দেওয়া বলে। এই পান না দিয়া, যদি যন্ত্রকে ব্যবহার

আভাস।

করা হয়, তাহা হইলে, তাহার ধার মুড়িয়া যায় বা ভাঙ্গিয়া যায়। সুতরাং তিনি অর্জ্জুনকে বলিলেন যে, তুমি যখন যে কোন কর্ম্মে প্রবৃত্ত হইবে, তখন তোমার তীক্ষ্ণধার বুদ্ধিতে একবার বৈরাগ্যের পান দিয়া লইও। তুমি নিজ ইচ্ছায় বা আপন প্রয়োজনের অনুরোধে এই যুদ্ধাদি কর্ম্ম করিতেছ ভাবিয়া বুদ্ধিকে পরিচালিত করিতে অগ্রসর হইলেই, বিষম সমস্যায় নিপতিত হইবে। কারণ তখনই তোমার "আমার পর", কর্ত্তব্য অকর্ত্তব্য, এবং ইহকাল ও পরকালের চিন্তায় তোমাকে বিব্রত হইতে হইবে। তাহাতে কর্ম্মটীও সুশৃঙ্খলে নিষ্পন্ন হইবে না; এবং এ জগতে এবং পর জগতে উক্ত কর্ম্মের জন্য তুমি দায়ী হইয়া পড়িবে। অতএব নিজের স্বার্থের জন্য কর্ম্মে নিয়োজিত হইতেছি, এরূপ মনে না করিয়া, যিনি এই বিরাট্ ব্রহ্মাণ্ডের অণু পরমাণু হইতে বৃহৎ চন্দ্র সূর্য্যাদিকেও সৃজন করত এই সংসার-চক্রকে নিরন্তর কর্ম্মক্ষেত্রে চালিত করিতেছেন, তাঁহারই নির্দ্দেশে এই কার্য্য ব্যাপার উপস্থিত! তিনি তোমাকে উপযুক্ত বল এবং অবসর প্রদানে এই রণক্ষেত্রে উপস্থিত করাইয়াছেন; তখন নিজের সুখ বা দুঃখ এবং লাভ বা অলাভের প্রতি দৃষ্টি না করিয়া, তুমি সেই ব্রহ্মাণ্ড-ভাণ্ডোদরের কার্য্য-নির্ব্বাহের পদ্ধতিতে ভগবৎপ্রেম-রূপ পানকে আপনার বুদ্ধির ধারে প্রদান করিয়া, যুদ্ধার্থ উদ্‌যোগী হও! তাহা হইলে, এ কর্ম্মের জন্য তোমাকে নিজে দায়ী হইতে হইবে না! প্রভুর আজ্ঞানুসারে কার্য্য করিলে, ভৃত্যকে যেমন সেই কর্ম্মের জন্য উদ্‌বিগ্ন হইতে হয় না, সেইরূপ তুমিও নিজে সুখ দুঃখ, লাভ ও লোকসানের দিকে দৃষ্টি না করিয়া, সেই সংসার-নিয়ন্তার কার্য্য এই লোক-ক্ষয়কারী সমরে নিযুক্ত হও! অর্জ্জুনকে যুদ্ধ করিতে উৎসাহ প্রদানের উপলক্ষে ভগবান্ শ্রীকৃষ্ণ সাধারণ মানবকে স্ব স্ব বর্ণাশ্রমোচিত অবশ্য কর্ত্তব্য কর্ম্মেরই অনুষ্ঠানে প্রবৃত্তি প্রদান করিয়াছেন॥ ৩৮॥

পূর্ব্ববর্ত্তী শ্লোকসমূহে অর্জ্জুনকে শোকনির্ম্মুক্ত করিবার অভিপ্রায়ে, জীবাত্মার নিত্যত্বও সত্যত্বাদির পরিচয় প্রদান করিবার প্রসঙ্গে যুদ্ধাদি বর্ণাশ্রমোচিত কর্ম্ম করিবার উপদেশ প্রদান করিয়াছেন। জীব যদি নিজের আত্মস্বরূপের সাক্ষাৎকার করিতে পারে, আর ত তাহার কর্ম্ম করিবার প্রয়োজন বা অবসরও থাকিবে না। কারণ প্রকৃত আত্ম-সাক্ষাৎকার হইলে, জগজ্জীবন পূর্ণ ব্রহ্ম-স্বরূপেরও সাক্ষাৎকার সহজে তাহার করা হইবে! অতএব সর্ব্বানন্দ-প্রদ নিজের স্বরূপ-সাক্ষাৎকারের অনুপাতে এই বিশ্ব ব্রহ্মাণ্ডের সৃষ্টি, স্থিতি এবং লয়কারী

এষা তেঽভিহিতা সাংখ্যে বুদ্ধি র্যোগে ত্বিমাং শৃণু।
বুদ্ধ্যা যুক্তো যয়া পার্থ কর্ম্মবন্ধং প্রহাস্যসি ॥ ৩৯ ॥

অন্বয়ঃ।

হে পার্থ কুন্তীনন্দন সাংখ্যে পরমার্থতত্ত্ব-বিবেক-বিষয়ে, এষা পূর্ব্বোক্তা বুদ্ধিঃ শোক-মোহাদি-নিবৃত্তিকারণং জ্ঞানং, তে তুভ্যং অভিহিতা কথিতা; যোগে তৎপ্রাপ্ত্যুপায়ে কর্ম্মযোগে কর্ম্মানুষ্ঠানে ইমাং অনন্তরোচ্যমানাং বুদ্ধিং শৃণু, যয়া কর্ম্মবিষয়য়া বুদ্ধ্যা যুক্তঃ ত্বং কর্ম্মবন্ধং (কর্ম্ম ধর্ম্মাধর্ম্মাখ্যং বন্ধং) ত্বং প্রহাস্যসি অতি-ক্রমিষ্যসি ॥ ৩৯ ॥

শঙ্করাভাষ্যম্।

শোকমোহাপনয়নায় লৌকিকো ন্যায়ঃ স্বধর্ম্মমপি চাবেক্ষ্যেত্যাদ্যৈঃ শ্লোকৈ-রুক্তো নতু তাৎপর্য্যেণ, পরমার্থদর্শনং ত্বিহ প্রকৃতং তচ্চোক্তমুপসংহ্রিয়তে এষা তেঽভি-

আনন্দগিরিকৃতটীকা।

নম্বু স্বধর্ম্মমপি চাবেক্ষ্যেত্যাদিশ্লোকৈ র্ন্যায়াবষ্টম্ভেন শোকমোহাপনয়নস্য তাৎ-পর্য্যেণোক্তত্বাত্তস্মিন্নুপসংহর্ত্তব্যে কিমিতি পরমার্থদর্শনমুপসংহ্রিয়তে তত্রাহ শোকেতি। স্বধর্ম্মমপীত্যাদিভিরতীতশ্লোকৈঃ শোকমোহয়োঃ স্বজন-মরণ-গুর্ব্বাদি-বধ-শঙ্কা-নিমিত্তয়োঃ সম্যগ্‌জ্ঞানপ্রতিবন্ধকয়োরপনয়ার্থং বর্ণাশ্রমকৃতং ধর্ম্মমনুতিষ্ঠতঃ

স্বামিকৃত টীকা।

উপদিষ্টং জ্ঞানযোগমুপসংহরং স্তৎসাধনং কর্ম্মযোগং প্রস্তৌতি-এষেতি। সম্যক্ খ্যায়তে প্রকাশ্যতে বস্তুতত্ত্বমনয়েতি সংখ্যা সম্যগ্‌জ্ঞানং তস্যাং প্রকাশমানমাত্মতত্ত্বং সাংখ্যং তস্মিন্ করণীয়া বুদ্ধিরেষা তবাভিহিতা; এবমভিহিতায়ামপি তব চেদাত্মতত্ত্ব-মপরোক্ষং ন ভবতি তর্হ্যন্তঃকরণশুদ্ধিদ্বারাত্মতত্ত্বাপরোক্ষার্থং কর্ম্মযোগে ত্বিমাং বুদ্ধিং শৃণু! যয়া বুদ্ধ্যা যুক্তঃ পরমেশ্বরার্পিত-কর্ম্মযোগেন শুদ্ধান্তঃকরণঃ সংস্তৎপ্রসাদলব্ধা-পরোক্ষজ্ঞানেন কর্ম্মাত্মকং বন্ধং প্রকর্ষেণ হাস্যসি ত্যক্ষ্যসি ॥ ৩৯ ॥

---

হে পার্থ! পরমার্থ-তত্ত্বের বিচার বিষয়ক সাংখ্য-জ্ঞান যাহা আমি পূর্ব্বে তোমাকে বলিয়াছি; তাহা কিন্তু কেবল শুনিলেই

আভাস।

পূর্ণানন্দ পরমেশের ভূমানন্দে মন নিমগ্ন হইলে, আর তাঁহার কোন কর্ম্মে প্রবৃত্তি থাকিবে না এবং পরমানন্দ রসের অনুভূতিরও বিরাম হইবে না! সুতরাং

শাঙ্করভাষ্যম্।

[illegible] শাস্ত্রবিষয়-বিভাগ-প্রদর্শনায় ইহ হি দর্শিতে পুনঃ শাস্ত্রবিষয়-বিভাগে উপর[illegible]ং জ্ঞানযোগেন সাংখ্যানাং কর্ম্মযোগেন যোগিনামিতি নিষ্ঠাদ্বয়বিষয়ং শাস্ত্রং সুখং প্রবর্ত্তিষ্যতি শ্রোতারশ্চ বিষয়বিভাগেন সুখং গ্রহিষ্যন্তীত্যত আহ এষা

আনন্দগিরিকৃতটীকা।

স্বর্গাদি সিধ্যতি নান্যথেত্যন্বয়-ব্যতিরেকাত্মকো লোকপ্রসিদ্ধো ন্যায়ো যদ্যপি দর্শিত-স্তথাপি নাসৌ তাৎপর্য্যেণোক্ত ইত্যর্থঃ। কিং তর্হি তাৎপর্য্যেণোক্তং তদাহ পরমার্থেতি। নত্বেবাহং জাতু নাসমিত্যাদি সপ্তম্যা পরামৃশ্যতে, উক্তং ন জায়তে ম্রিয়তে বা কদাচিন্নেত্যাদিনোপপাদিতমিত্যর্থঃ। উপসংহার-প্রয়োজনমাহ শাস্ত্রেতি। তস্য বস্তুদ্বারা বিষয়ো নিষ্ঠাদ্বয়ং তস্য বিভক্তস্য তেনৈব বিভাগেন প্রদর্শনার্থং পরমার্থদর্শনোপসংহার ইত্যর্থঃ। নন্বু কিমিত্যত্র শাস্ত্রস্য বিষয়বিভাগঃ

কার্য্যে পরিণত হয় না, সুতরাং তাহার অনুষ্ঠানের প্রয়োজন। অতএব তাহা অভ্যাসে আনয়ন করিবার জন্য ভগবদারাধনা রূপ নিষ্কাম কর্ম্মযোগের কথা বলিতেছি শ্রবণ কর! এই কর্ম্মযোগের অনুষ্ঠান করিলে. তুমি বিষম ধর্ম্মাধর্ম্ম-পূর্ণ কর্ম্মবন্ধন হইতে নিষ্কৃতি পাইবে; সন্দেহ নাই ॥ ৩৯ ॥

আভাস।

আত্মসাক্ষাৎকারের উপদেশ প্রদান করিয়া, পরে আবার কর্ত্তব্য কর্ম্মের অনু-ষ্ঠানার্থ কেন উপদেশ করেন? এই আশঙ্কার নিবারণ করিবার অভিপ্রায়ে পরবর্ত্তী শ্লোকের সূচনা হইয়াছে।

শ্রীকৃষ্ণ বলিলেন, দেখ অর্জ্জুন! আমি তোমাকে যে আত্মস্বরূপের বর্ণন করিলাম, তাহা আদি জ্ঞানবান্ ভগবান্ কপিলদেব তাঁহার প্রাচীন দর্শন-শাস্ত্র সাংখ্যে বর্ণন করিয়াছেন। চতুর্বিংশতি তত্ত্বের বিচার করায় সাংখ্য নাম যথা;

সংখ্যাং প্রকুর্ব্বতে চৈব প্রকৃতিঞ্চ প্রচক্ষতে।
তত্ত্বানি চ চতুর্ব্বিংশৎ তেন সাংখ্যাঃ প্রকীর্ত্তিতাঃ ॥

সাংখ্য অতি অপূর্ব্ব শাস্ত্র! মূলা প্রকৃতি হইতে আরম্ভ করিয়া, স্থূল পৃথিবী পর্য্যন্ত চতুর্বিংশতি তত্ত্বের নিরূপণ করত, তদপেক্ষা সম্পূর্ণ পৃথক্ অধ্যাত্মভাব পুরুষ-স্বরূপের নির্ণয় এই শাস্ত্রে যেরূপ বিশদ ভাবে করা হইয়াছে, এরূপ অন্য

শাঙ্করভাষ্যম্।

তে ইতি। এষা তে তুভ্যমভিহিতোক্তা সাংখ্যে পরমার্থবস্তুবিবেক[illegible] জ্ঞানং সাক্ষাৎ-শোকমোহাদি-সংসারহেতুদোষনিবৃত্তিকারণং, যোগে তু তৎ[illegible]-পায়ে নিঃসঙ্গতয়া দ্বন্দ্বপ্রহরণ-পূর্ব্বকমীশ্বরারাধনার্থে কর্ম্মযোগে কর্ম্মানুষ্ঠানে

আনন্দগিরিকৃতটীকা।

প্রদর্শ্যতে উত্তরত্রৈব তদ্বিভাগপ্রবৃত্তিপ্রতিপত্ত্যোঃ সম্ভবাদিতি তত্রাহ ইহ ইতি। শাস্ত্রপ্রবৃত্তেঃ শ্রোতৃপ্রতিপত্তেশ্চ সৌকর্য্যার্থমাদৌ বিষয়বিভাগসূচনমিত্যর্থঃ। উপসংহারস্য ফলবত্ত্বমেবমুক্তা তমেবোপসংহারমবতারয়তি অত আহেতি। পরমার্থাত্মতত্ত্ববিষয়াং জ্ঞাননিষ্ঠামুক্তামুপসংহৃত্য বক্ষ্যমাণাং সংগৃহ্ণাতি যোগে ত্বিতি। তামেব বুদ্ধিং বিশিষ্টফলবত্ত্বেনাভিষ্টৌতি বুদ্ধ্যেতি। তত্রোপসংহারভাগং বিভজতে এবেত্যাদিনা। বুদ্ধিশব্দস্যান্তঃকরণবিষয়ত্বং ব্যাবর্ত্তয়তি জ্ঞানমিতি। তস্য সহকারি নিরপেক্ষস্য বিশিষ্ট-ফলবত্ত্বমাচষ্টে সাক্ষাদিতি। শোকমোহৌ রাগদ্বেষৌ কর্ত্তৃত্বং ভোক্তৃত্বমিত্যাদিরনর্থঃ সংসারস্তস্য হেতুর্দোষঃ স্বাজ্ঞানং তস্য নিবৃত্তৌ

আভাস

কুত্রাপি পরিদৃষ্ট হয় না। এই তত্ত্বের বিচার শ্রবণ করিলে, সংসারের মূল কারণ শোক এবং মোহের গ্রাস হইতে নিষ্কৃতি পাওয়া যায়। কিন্তু সে নিষ্কৃতি স্থায়ী নহে; ক্ষণকাল স্থায়ী! যখন শুনা যায়, তখনই আনন্দ ও শান্তির অনুভব হয় বটে, পরে আর থাকে না। কারণ যে কর্ম্মভোগের জন্য এই ভোগায়তন দেহ এবং জন্ম-জন্মান্তর ধারণ করা হইতেছে, চিরকালের জন্য দুঃখাদির হস্ত হইতে নিষ্কৃতি পাইতে হইলে, সেই পুঞ্জীকৃত কর্ম্মকে ধ্বংস করিতে হইবে। সেই কর্ম্মের সংস্কার এই বর্ত্তমান ভোগায়তন দেহে মিশাইয়া আছে। সেই সংস্কারকে ধ্বংস করিতে হইলে, সাংখ্য-জ্ঞানকে আয়ত্ত করিতে হইবে। কিন্তু সাংখ্যোক্ত জ্ঞানকে আয়ত্ত বা অপরোক্ষ-ভাবে পাইবার উপায়ই যোগ; অর্থাৎ নিষ্কাম কর্ম্ম করা অবশ্য কর্ত্তব্য। যেমন মৃত্তিকা মিশ্রিত ঘোলা জলকে পরিষ্কৃত করিতে হইলে, নির্ম্মলী ফল ঘর্ষণে কাদার মত করিয়া, সেই ঘোলা জলে মিশ্রিত করিলে, নির্ম্মলীর কর্দ্দম ময়লা জলের ময়লাকে নিবারণ করে এবং স্বয়ং নীচে পতিত হইয়া সমগ্র জলকে স্বচ্ছ করিয়া দেয়, সেইরূপ কর্ম্ম-সংস্কারে অপরিষ্কৃত চিত্তাদি ইন্দ্রিয়-বর্গ যোগোক্ত কর্ম্মের অনুষ্ঠানে পরিষ্কৃত হইয়া, সাংখ্যোক্ত আত্মস্বরূপের সাক্ষাৎকারে অধিকারী হয়। শাস্ত্রে উক্ত আছে, নাস্তি সাংখ্যসমং জ্ঞানং নাস্তি যোগ সমং বলং। অত্র বঃ সংশয়ো মাভূৎ জ্ঞানং সাংখ্যং পরং মতম্॥ পুরাণাদিতে উক্ত আছে যে,

শাঙ্করভাষ্যম্।

সমাধিযোগে চ ইমামনন্তরমেবোচ্যমানাং বুদ্ধিং শৃণু, তাঞ্চ বুদ্ধিং স্তৌতি প্ররোচনার্থং, বুদ্ধ্যা যয়া যোগবিষয়য়া যুক্তো হে পার্থ কর্ম্মবন্ধং কর্ম্মৈব ধর্ম্মাধর্ম্মাখ্যো বন্ধঃ কর্ম্মবন্ধঃ তং প্রহাস্যসি ঈশ্বরপ্রসাদনিমিত্তজ্ঞানপ্রাপ্তেরিত্যভিপ্রায়ঃ॥ ৩৯॥

আনন্দগিরিকৃতটীকা।

নিরপেক্ষং কারণং জ্ঞানমজ্ঞাননিবৃত্তৌ জ্ঞানস্যান্বয়ব্যতিরেক-সমধিগত-সাধনত্বাদিত্যর্থঃ। যোগে ত্বিমামিত্যাদি ব্যাকুর্ব্বন্ যোগ-শব্দস্য প্রকৃতে চিত্তবৃত্তিনিরোধ-বিষয়ত্বং ব্যাবনিচ্ছত্তি তৎপ্রাপ্তীতি। প্রকৃতমুক্ত্যুপযুক্তং জ্ঞানং তৎপদেন পরামৃশ্যতে। জ্ঞানোদয়োপায়মেব প্রকটয়তি নিঃসঙ্গতয়েতি। ফলাভিসন্ধি-বৈধুর্য্যং নিঃসঙ্গত্বং। বুদ্ধি-স্তুতি-প্রয়োজনমাহ প্ররোচনার্থমিতি। অভিষ্টুতা হি বুদ্ধিঃ শ্রদ্ধাতব্যা সত্যনুষ্ঠাতারমধিকরোতি তেন স্তুতিরর্থবতীত্যর্থঃ। কর্ম্মানুষ্ঠানবিষয়বুদ্ধ্যা কর্ম্মবন্ধস্য কুতো নিবৃত্তি র্নহি তত্ত্বজ্ঞানমন্তরেণ সমূলং কর্ম্ম হাতুং শক্যমিত্যাশঙ্ক্যাহ ঈশ্বর ইতি॥ ৩৯॥

আভাস।

প্রাকৃতিক জড় চতুর্বিংশতি তত্ত্বের অভ্যন্তর হইতে আত্ম-তত্ত্বকে পৃথক্ভাবে নিরূপণ করিবার ব্যাপার এবং মুক্তির স্বরূপ বর্ণনে সাংখ্য-শাস্ত্র সর্ব্বোত্তম স্থান অধিকার করিয়াছেন; এবং যোগশাস্ত্র সেই আত্মতত্ত্বকে সুস্পষ্টভাবে প্রতীত বা আয়ত্ত করিবার কর্ম্ম-পদ্ধতির প্রদর্শন-ব্যাপারে সর্ব্বশ্রেষ্ঠ স্থান অধিকার করিয়াছেন। সাংখ্যোক্ত আত্মতত্ত্বের বিচার অনির্ব্বচনীয়! এবং যোগের উপদেশে কর্ম্ম করিলে, পূর্ব্বাপর সঞ্চিত সর্ব্ব প্রকার কর্ম্মের বন্ধন হইতে নিষ্কৃতি লাভ হয়, সন্দেহ নাই।

জগতে সর্ব্বপ্রকার উন্নতির মূল মন্ত্রই বুদ্ধির স্বচ্ছতা সম্পাদন করা। বুদ্ধিকে প্রস্তুত করাই কর্ম্ম। বুদ্ধি প্রস্তুত বা মার্জ্জিত না হইলে, সকল প্রকারে বঞ্চিত হইতে হয়। যাহার বুদ্ধির উৎকর্ষ আছে, সেই ধন্য! যাহার তাহা নাই, সেই সর্ব্বপ্রকারে বঞ্চিত ও অধন্য। বাইশেকেল চড়া, বাজনা বাজান, সন্তরণ দেওয়া, গান গাওয়া প্রভৃতি কার্য্যের দক্ষতা বা নৈপুণ্য নির্ভর করে কেবল বুদ্ধিরই উপর! সাধারণ লোক এই সমস্ত ব্যাপারে ইন্দ্রিয়াদির উৎকর্ষ মনে করিতে পারেন; কিন্তু প্রণিহিত মনে চিন্তা করিলে, উত্তমরূপে বুঝা যায় যে, এক বুদ্ধির মার্জ্জনাই যাবদীয় ব্যাপারে সহায়। কারণ বুদ্ধির আধিপত্যে অহঙ্কার, মন, দশবিধ ইন্দ্রিয় এবং দেহ উত্তরোত্তর কার্য্য করিতেছে। বুদ্ধিই সকলের প্রভু। অপর ইন্দ্রিয়াদি সকলেই ভৃত্যের ন্যায়, এক বুদ্ধিরই অনুসরণ করিতেছে। এক বুদ্ধির উৎকর্ষ-

নেহাভিক্রমনাশোঽস্তি প্রত্যবায়ো ন বিদ্যতে।
স্বল্পমপ্যস্য ধর্ম্মস্য ত্রায়তে মহতো ভয়াৎ॥ ৪০॥

অন্বয়ঃ।

ইহ কর্ম্মযোগে অভিক্রমনাশঃ (অভিক্রমস্য প্রারম্ভাৎ সমাপ্তি পর্য্যন্তং অনুষ্ঠানস্য প্রমাদি-জনিত-দোষাৎ নাশঃ) ন অস্তি, তথা প্রত্যবায়ঃ (পশুবীজাদি ধ্বংস-জনিতঃ পাপসম্ভবোঽপি ন বিদ্যতে। অপিতু অস্য নিষ্কামস্য ধর্ম্মস্য কর্ম্মযোগস্য স্বল্পং অত্যল্পং অনুষ্ঠিতং চেৎ মহতঃ সংসার-ভয়াৎ ত্রায়তে॥ ৪০॥

শাঙ্করভাষ্যম্।

কিঞ্চান্যৎ নেহাভীতি। নেহ মোক্ষমার্গে কর্ম্মযোগে অভিক্রম-নাশোঽস্তি-

আনন্দগিরিকৃতটীকা।

ননু কর্ম্মানুষ্ঠানস্য অনৈকান্তিক-ফলত্বেন অকিঞ্চিৎকরত্বাৎ অনেকানর্থকলুষিতত্বেন দোষবত্বাচ্চ যোগবুদ্ধিরপি ন শ্রদ্ধেয়েতি তত্রাহ কিঞ্চেতি। অন্যচ্চ কিঞ্চিদুচ্যতে কর্ম্মানুষ্ঠানস্যাবশ্যকত্বে তৎ কারণমিতি যাবৎ। কর্ম্মণা সহ সমাধেরনুষ্ঠানমশক্য-

স্বামিকৃতটীকা।

ননু কৃষ্যাদিবৎ কর্ম্মণাং কদাচিদ্বিঘ্নবাহুল্যেন ফলে ব্যভিচারান্মন্ত্রাদ্যঙ্গ-বৈগুণ্যেন চ প্রত্যবায়-সম্ভবাৎ কুতঃ কর্ম্মযোগেন কর্ম্মবন্ধ-প্রহাণং তত্রাহ নেহেতি। ইহ নিষ্কাম-

---

সাধারণ কাম্য কর্ম্মের ন্যায়, এই ঈশ্বরাধনা রূপ নিষ্কাম কর্ম্মে অনুষ্ঠানের ব্যাঘাত বা বিপ্রতিপত্তি নাই। অঙ্গ-ভঙ্গ বা অনুষ্ঠা-

আভাস।

লাভ হইলে, তদনুচর যাবদীয় তত্ত্বের অর্থাৎ ইন্দ্রিয়াদির কার্য্যোৎকর্ষের পরিচয় পাওয়া যায়। হস্ত পদাদি যাবদীয় দেহাবয়ব সত্ত্বেও সন্তরণ দিতে পারা বা হস্ত পদাদির সঞ্চালন ব্যপার এক বুদ্ধির উপরই সম্পূর্ণ নির্ভর করে। আত্মজ্ঞান বুঝিতে পারিলেও, কর্ম্মযোগের দ্বারা তাহাকে যে আয়ত্ত করা, সে কেবল বুদ্ধিকে তত্ত্বভাবে প্রস্তুত করা মাত্র। সুতরাং ভগবান্ জনার্দ্দন বলিয়াছেন যে, "যয়া বুদ্ধ্যা যোগে অর্থাৎ কর্ম্মযোগে নিযুক্ত যোগী কর্ম্মবন্ধং প্রহাস্যসি;" অর্থাৎ কর্ম্মযোগে বুদ্ধিকে প্রস্তুত করিতে পারিলেই, কর্ম্মবন্ধন হইতে নির্ম্মুক্ত হওয়া যায়; এবং কার্য্যকালে সুখ বা দুঃখের প্রতি লক্ষ্য না করিয়া, সর্ব্বপ্রকার বিধি ও বিধানের কর্ত্তা ভগবানে চিত্ত স্থির রাখাই বুদ্ধির প্রস্তুত-ভাব জানিবে। ॥ ৩৯॥

দেখ! নিরকাঙ্ক্ষ ভাবে নিরন্তর কর্ত্তব্য কর্ম্মের অনুষ্ঠান করত জীবন যাপন

শাঙ্করভাষ্যম্।

ক্রমণমভিক্রমঃ প্রারম্ভঃ তস্য নাশো নাস্তি যথা কৃষ্যাদে র্যোগবিষয়ে প্রারম্ভস্য নানৈকান্তিক-ফলত্বমিত্যর্থঃ, কিঞ্চ নাপি চিকিৎসাবৎ প্রত্যবায়ো বিদ্যতে কিন্তু

আনন্দগিরিকৃতটীকা।

স্যাদনেকান্তরায়-সম্ভবাৎ তৎফলস্য চ সাক্ষাৎকারস্য দীর্ঘকালাভ্যাস-সাধ্যস্যৈকস্মিন্ জন্মন্যসম্ভবাদর্থাদ্যোগী ভ্রংশ্যেতানর্থে চ নিপতেদিত্যাশঙ্ক্যাহ নেহেতি। প্রতীকত্বেনোপাত্তস্য নকারস্য পুনরন্বয়ানুগুণত্বেন নাস্তীত্যনুবাদঃ। যত্তু কর্ম্মানুষ্ঠানস্য অনৈকান্তিক-ফলত্বেনাকিঞ্চিৎকরত্বমুক্তং তৎ দূষয়তি যথেতি। কৃষিবাণিজ্যাদেরারম্ভস্যানিয়তফলং সম্ভাবনামাত্রোপনীতত্বান্ন তথা কর্ম্মণি বৈদিকে প্রারম্ভস্য ফলমনিয়তং যুজ্যতে শাস্ত্রবিরোধাদিত্যর্থঃ। যত্তু কর্ম্মনেকানর্থকলুষিতত্বেন দোষবদনু

স্বামিকৃতটীকা।

কর্ম্মযোগেঽভিক্রমস্য প্রারম্ভস্য নাশো নিষ্ফলত্বং নাস্তি, প্রত্যবায়শ্চ ন বিদ্যতে, ঈশ্বরোদ্দেশেনৈব বিঘ্নবৈগুণ্যাদ্যসম্ভবাৎ। কিঞ্চাস্য ধর্ম্মস্য ঈশ্বরারাধনার্থ-কর্ম্মযোগস্য স্বল্পমপি কৃতং মহতো ভয়াৎ সংসার-লক্ষণাৎ ত্রায়তে রক্ষতি ন তু কাম্যকর্ম্মবৎ কিঞ্চিদঙ্গবৈগুণ্যাদিনা নৈষ্ফল্যমস্তেত্যর্থঃ॥ ৪০ ॥

নের তারতম্যে কোন প্রত্যবায়েরও সম্ভাবনা নাই! যতদূর সামর্থ্য এবং যে পরিমাণেই ইহার অনুষ্ঠান করা হয়, তাহাই যথেষ্ট! অতি অল্পপরিমাণে ইহার অনুষ্ঠান করিতে পারিলেও, বিষম সংসারভয় হইতে নিষ্কৃতি পাওয়া যায় সন্দেহ, নাই॥ ৪০ ॥

আভাস।

করিবার ন্যায় প্রসিদ্ধ পন্থা আর কিছুই নাই! ভোগের আকাঙ্ক্ষা অন্তরে লুকায়িত রাখিয়া যে কোন কর্ম্মে অগ্রসর হওয়া যায়, তাহাতেই পদে পদে বিপদের আশঙ্কা অপরিহার্য্য! কারণ অভিমত ফলের আকাঙ্ক্ষায় কার্য্যটী সুনিষ্পন্ন হইবার অবসর বা যোগাযোগ অর্থাৎ অনুকূল বা প্রতিকূল সম্বন্ধ এবং ফলের আগম বা নাশও কর্ম্মীর হস্তগত নহে! যিনি বিশ্ব-সংসারের অনন্ত কর্ম্ম নির্ব্বাহ করিতেছেন, মানবের আশানুরূপ কর্ম্মের গতিও তাঁহারই হস্তে ন্যস্ত রহিয়াছে। সুতরাং আশা করাটী মানবের বুদ্ধির বা অহঙ্কারের উপর নির্ভর করিলেও, তাহার নির্ব্বাহ ব্যাপার ত মানবের অধিকারে নহে; সে সমস্ত ঈশ্বরাধীন। সেই ভগবানের শরণাগত না হইয়া, আপন যোগ্যতাতে ফল প্রাপ্তির প্রত্যাশায়

শাঙ্করভাষ্যম্।

ভবতি' স্বল্পমপ্যস্য যোগধর্ম্মস্যানুষ্ঠিতং ত্রায়তে রক্ষতি মহতঃ সংসারভয়াৎ জন্ম-মরণাদিলক্ষণাৎ॥ ৪০॥

আনন্দগিরিকৃতটীকা।

ষ্ঠানমিতি তত্রাহ কিঞ্চেতি। ইতোঽপি কর্ম্মানুষ্ঠানমাবশ্যকমিতি প্রতিজ্ঞায় হেতু-স্তরমেব স্ফুটয়তি নাপীতি। চিকিৎসায়াং হি ক্রিয়মাণায়াং ব্যাধ্যাতিরেকো বা মরণং বা প্রত্যবায়োঽপি সম্ভাব্যতে কর্ম্মপরিপাকস্য দুর্ব্বিবেকত্বান্ন তথা কর্ম্মানুষ্ঠানে দোষোঽস্তি বিহিতত্বাদিত্যর্থঃ। সম্প্রতি কর্ম্মানুষ্ঠানস্য ফলং পৃচ্ছতি কিং ত্বিতি। উত্তরার্দ্ধং ব্যাকুর্ব্বন্ বিবক্ষিতং ফলং কথয়তি স্বল্পমপীতি। সম্যগ্‌জ্ঞানোৎপাদন-দ্বারেণ রক্ষণং বিবক্ষিতং, সর্ব্বপাপপ্রসক্তোঽপি ধ্যায়ন্নিমিষমচ্যুতং। ভূয় স্তপস্বী ভবতি পংক্তিপাবন পাবন ইতি স্মৃতেরিত্যর্থঃ॥ ৪০॥

আভাস।

কর্ম্ম করিতে অগ্রসর হইলে, আশা পূরণের সম্ভাবনা অতি অল্প। কৃষক ভূমি কর্ষণাদি পূর্ব্বক যথাসময়ে বীজ বপনাদি কার্য্য সমাধা করিলেও, যদি উপযুক্ত কালে বারি-বর্ষণ না হয়, তাহার সকল কার্য্যই পণ্ড হইল; এমন কি! অঙ্কুরিত হইয়াও বীজ সমূহ ফল প্রসবে আর সমর্থ হইল না। কারণ বারি-বর্ষণ ব্যাপার কৃষকের হস্তে নাই; সুতরাং কৃষকের পরিশ্রম ও বীজাদি সমস্তই নষ্ট হইল। রোগীকে ব্যাধি-নির্ম্মুক্ত করিবার বাসনায় চিকিৎসক ঔষধাদি প্রয়োগ করেন বটে, কিন্তু ব্যাধির গতি ত তাঁহার জানা নাই। যিনি এই বিশ্বের সৃজন, পালন এবং ধ্বংস করিতেছেন, তাঁহার হস্তে জগতের গতি নির্ভর করে। কে কত দিন থাকিবেন এবং কাহাকেই বা সত্বর যাইতে হইবে, এই সকল ব্যবস্থা না জানিয়া ঔষধ প্রয়োগে জীবনের আশা করিলে, বরং সেই জগজ্জীবনের কর্ম্মে হস্তক্ষেপ করায়, প্রত্যবায়-ভাগীই হইতে হয়। অতএব যাঁহার হস্তে এই বিশ্ব-সংসারের কর্ম্ম নির্ভর করি-তেছে, এক প্রাণে এক জ্ঞানে ও এক ধ্যানে সেই বিশ্ব-নিয়ন্তার দিকে দৃষ্টি রাখিয়া তাঁহারই কার্য্য-সাধনার্থ আপনাকে নিরন্তর নিযুক্ত রাখিলে, আর প্রত্যবায়-ভাগী হইতে হয় না; এবং কোন কার্য্যে নিষ্ফল হইবারও ভয় থাকে না। তোমাকে আমাকে বা জীব জগৎকে ক্রমশঃ উপযুক্ত অধিকারী করিয়া, আজ্ঞাধীন ভৃত্যকে পারিতোষিক প্রদানের ন্যায়, প্রত্যেককে ইচ্ছানুরূপ ফল তিনিই প্রদান করিয়া থাকেন। সুতরাং নির্ভর প্রাণে এক ভগবৎ-পরায়ণ বুদ্ধির বলে এই জন্ম-মরণরূপ বিষম সমস্যার হস্ত হইতে জীব নিস্তার লাভ করিয়া থাকে, সন্দেহ নাই॥ ৪০॥

ব্যবসায়াত্মিকা বুদ্ধিরেকেহ কুরুনন্দন।
বহুশাখা হ্যনন্তাশ্চ বুদ্ধয়োঽব্যবসায়িনাম্ ॥ ৪১ ॥

অন্বয়ঃ।

হে কুরুনন্দন! ইহ শ্রেয়োমার্গে কর্ম্মযোগে যা ব্যবসায়াত্মিকা নিশ্চয়-স্বভাবা বুদ্ধিঃ সা একা এব। অব্যবসায়িনাং প্রমাণ-জনিত-বিবেক-বুদ্ধি-রহিতানাং কামিনাং বুদ্ধয়ঃ হি বহুশাখাঃ অনন্তাঃ ভিন্নপ্রকারাঃ চ ভবন্তি ॥ ৪১ ॥

শাঙ্করভাষ্যম্।

যেয়ং সাংখ্যে বুদ্ধিরুক্তা যোগে চ বক্ষ্যমাণলক্ষণা সা ব্যবসায়েতি। ব্যবসায়াত্মিকা নিশ্চয়-স্বভাবা একৈব বুদ্ধিরিতর-বিপরীত-বুদ্ধিশাখাভেদস্য বাধিকা সম্যক্

আনন্দগিরিকৃতটীকা।

নমু বুদ্ধিদ্বয়াতিরিক্তানি বুদ্ধ্যন্তরাণ্যপি কাণাদাদিশাস্ত্রপ্রসিদ্ধানি বিদ্যন্তে। তথা চ কথং বুদ্ধিদ্বয়মেব ভগবতোপদিষ্টমিতি তত্রাহ যেয়মিতি। সৈবৈকা প্রমাণভূতা বুদ্ধিরিত্যাহ ব্যবসায়াত্মিকেতি। বুদ্ধ্যন্তরাণ্যবিবেকমূলান্যপ্রমাণানীত্যাহ বহুশাখা হীতি। ব্যবসায়াত্মিকায়া বুদ্ধেঃ শ্রেয়োমার্গে প্রবৃত্তায়া বিবক্ষিতং ফলমাহ ইতরেতি। প্রকৃতবুদ্ধিদ্বয়াপেক্ষয়া ইতরা বিপরীতা শ্চাপ্রমাণজনিতাঃ স্বকপোল-

স্বামিকৃতটীকা।

কুত ইত্যপেক্ষায়ামুভয়ো বৈষম্যমাহ ব্যবসায়াত্মিকেতি। ইহ ঈশ্বরারাধন-লক্ষণে কর্ম্মযোগে ব্যবসায়াত্মিকা পরমেশ্বর-ভক্ত্যৈব ধ্রুবং তরিষ্যামীতি নিশ্চয়াত্মিকা একৈব একনিষ্ঠৈব বুদ্ধি র্ভবতি, অব্যবসায়িনান্তু ঈশ্বরারাধন-বহির্মুখাণাং কামিনাং

---

ভগবানের আরাধনারূপ নিষ্কাম কর্ম্মের লক্ষ্য একটী! কেবল বিচার বুদ্ধিতে তদভিমুখে অগ্রসর হইলে, লক্ষ্যচ্যুত হইবার সম্ভাবনা নাই। কিন্তু সকাম কর্ম্মের লক্ষ্য অনন্ত! সুতরাং উত্তরোত্তর ফলের প্রতি লক্ষ্য করিতে করিতে অগ্রসর হইলে, তোমার বুদ্ধি কোন

আভাস।

সংসারে যাবদীয় জীব-জীবনের মধ্যে মনুষ্য-জীবনই উৎকৃষ্ট; কারণ অন্যান্য সকল জীবনে তাহাদের স্ব স্ব ভোগায়তন দেহের যাবদীয় প্রয়োজনের পূরণ হইলেই, তাহারা প্রায়ই সন্তুষ্ট থাকে। ক্ষুধার অন্ন, পিপাসার জল এবং শয়নও বসনাদি ভোগ লাভে ও ইন্দ্রিয়াদির চরিতার্থ হইলেই তাহারা নিশ্চিন্তে নিরীহের

শাঙ্করভাষ্যম্।

প্রমাণ-জনিতত্বাদিহ শ্রেয়োমার্গে হে কুরুনন্দন যাঃ পুনরিতরা বুদ্ধয়ো যাসাং শাখা-ভেদপ্রচারবশাদনন্তোঽপরোঽনুপরতঃ সংসারোঽপি নিত্যপ্রততো বিস্তীর্ণো ভবতি

আনন্দগিরিকৃতটীকা।

কল্পিতা যা বুদ্ধয় স্তাসাং শাখাভেদঃ সংসারহেতুস্তস্য বাধিকেতি যাবৎ। তত্র হেতুঃ সম্যগিতি। নির্দ্দোষ-বেদবাক্য-সমুত্থত্বাত্তত্তমুপায়োপেয়ভূতং বুদ্ধিদ্বয়ং সাক্ষাৎ পারম্পর্য্যাভ্যাং সংসারহেতুবাধকমিত্যর্থঃ। উত্তরার্দ্ধং ব্যাচষ্টে যাঃ পুনরিতি। প্রকৃতবুদ্ধিদ্বয়াপেক্ষয়ার্থান্তরত্বমিতরত্বং। তাসামনর্থহেতুত্বং দর্শয়তি যাসামিতি। অপ্রামাণিকবুদ্ধীনাং প্রসক্তানুপ্রসক্ত্যা জায়মানানামতীব বুদ্ধিপরিণামবিশেষঃ

স্বামিকৃতটীকা।

কামানামানন্ত্যাদনন্তাঃ তত্রাপি কর্ম্মফলগুণফলত্বাদিপ্রকারভেদাদ্বহুশাখাশ্চ বুদ্ধয়ো ভবন্তি, ঈশ্বরারাধনার্থং হি নিত্যং নৈমিত্তিকঞ্চ কর্ম্ম কিঞ্চিদঙ্গবৈগুণ্যেঽপি ন নশ্যতি যথা শক্নুয়াত্তথা কুর্য্যাদিতি হি তদ্বিধীয়তে। ন চ বৈগুণ্যমপীশ্বরোদ্দেশে-নৈব বৈগুণ্যোপশমাৎ নতু তথা কাম্যং কর্ম্ম। অতো মহদ্বৈষম্যমিতি ভাবঃ ॥৪১॥

ফলের প্রতি স্থির রাখিতে পারিবে না। কারণ বেদে শাখা প্রশাখা ভেদে অনন্ত প্রকার ফলের উল্লেখ আছে। যাহাদের বুদ্ধি সেই পরমার্থ চিন্তনে স্থির না হইয়া, ভোগ্য ফলের প্রতি ধাবিত হয়, তাহাদের বুদ্ধি চিরকালই চঞ্চল। তাদৃশ ব্যক্তি কিছুতেই শান্তিলাভে সমর্থ হয় না ॥ ৪১ ॥

আভাস।

ন্যায়, অবস্থান করে। মানবের কিন্তু তাহাতে পর্য্যাপ্ত হয় না। মানব একটি আত্মাকে সঙ্গে লইয়া এই ভব-ধামে আগমন করিয়াছে। তাহার সর্ব্বপ্রকারের প্রয়োজন পূর্ণমাত্রায় পর্য্যবসিত হইলেও, দধির উপরিভাগে যেমন নবনীত ভাসিয়া থাকে, সেইরূপ ভোগ এবং ভোগ্যের সীমাকে অতিক্রম করিয়া, মানব-হৃদয়ে একটী আশা জীবন্ত-ভাবে জাগিয়া থাকে। প্রয়োজনের পূরণ হইলেও, আশার পূরণ না হওয়ায়, আশা মানবকে এক ভোগ্য হইতে নিরস্ত করিয়া, অন্যত্র লইয়া থাকে। ভোগ্যা পত্নীকে আলিঙ্গন করিয়াও, মানব-হৃদয় আশার স্রোতে ভাসিতে ভাসিতে হয়ত, হরিদ্বারের স্রোতঃশীল জলরাশির চিন্তায় নিভৃতে আনন্দের প্রত্যাশা করিতেছে। মানুষের জীবন কেবল ভোগের জন্য নহে। কারণ সে পশু-পক্ষীর

শাঙ্করভাষ্যম্।

প্রমাণ-জনিত-বিবেকবুদ্ধিনির্ম্মিত্তবশাচ্চোপরতাঃ তু অনন্তভেদবুদ্ধিষু সংসারোহ-প্যুপরমতে তা বুদ্ধয়ো বহুশাখা বহ্ব্যঃ শাখা যাসাং তা বহুশাখা বহুভেদা ইত্যেতৎ-

আনন্দগিরিকৃতটীকা।

শাখাভেদাস্তেষাং প্রচারঃ প্রবৃত্তিঃ তদ্বশাদিত্যেতৎ, অনন্তত্বং সম্যগ্‌জ্ঞানমন্তরেণ নিবৃত্তি-বিরহিতত্বং, অপরত্বং কার্য্যস্যৈব সতো বন্ধভূতকারণবিরহিত্বং। অনুপরতত্বং স্ফোরয়তি নিত্যেতি। কথং তর্হি তন্নিবৃত্ত্যা পুরুষার্থ-পরিসমাপ্তি স্তত্রাহ প্রমাণেতি। অন্বয়-ব্যতিরেকাখ্যেনানুমানেনাগমেন চ পদার্থ-পরিশোধন-পরেণ পরিনিষ্পন্না বিবেকাত্মিকা যা বুদ্ধি স্তাং নিমিত্তীকৃত্য সমুৎপন্ন-সম্যগ্বোধানুরোধাৎ প্রকৃতাবিপরীতবুদ্ধয়ো ব্যাবর্ত্তন্তে তাস্বসংখ্যাতাসু ব্যাবৃত্তাসু সতীষু নিরালম্বনতয়া

আভাস।

স্থায় নিস্তব্ধে ভোগ্যে অবস্থান করে না। আশাই তাহার চিরসঙ্গী! সে তাহার সকল বন্ধু বান্ধব পরিজন বা ঐশ্বর্য্যকে পরিহার করাইয়া, কাণে কাণে নিরন্তর যেন কিসের পরামর্শ দিতেছে এবং মানব সেই সঙ্গীর পরামর্শে সন্তুষ্ট হইয়া, সর্ব্বত্যাগীর বেশে ইতস্তত এক বিষয় হইতে অন্য বিষয়ে ধাবিত হইতেছে। সকল ভোগকে চিত্ত পরিত্যাগ করে, কিন্তু আশাকে ত কখন কোন অবস্থায় মানব-হৃদয় পরিত্যাগ করে না। কারণ আশাই মানবের পরম বন্ধু ও হিতৈষী। আশা সংসারে মানবকে অকিঞ্চিৎকর যাবদীয় ভোগ দেখাইয়া, তদবধি পরিতৃপ্ত হইতে দেয় না, যদবধি আশারও সৃজনকারী পরমানন্দ প্রভু পরমেশের নিকট মানবকে না পহুছাইয়া দিতে পারে। আমরা দ্বারবানের সঙ্গে ছেলে মেয়েদের ইতস্ততঃ বেড়াইতে পাঠাই! বালক বালিকারা নানা প্রকার বাগান, ময়দান, অট্টালিকা প্রভৃতি বিচিত্র পদার্থের সংস্রব করিলেও এবং দ্বারবান্ ঐ সমস্ত বালকদিগকে উহা দেখাইলেও, কোন স্থানে বা বিষয়ের সংস্রবে নিস্তব্ধে থাকিতে দেয় না; সকলের সংস্রব ছাড়াইয়া, পুনঃ নিজপ্রভু উক্ত বালকদের পিতৃ-সন্নিধানে আনয়ন করিয়া দিয়া, বালকদের সংসর্গ ত্যাগ করে। সেইরূপ আশা মানবকে সংসারের বিবিধ বস্তু বা ভোগের সম্বন্ধ করাইয়া দেয় বটে, কিন্তু কোনটীকে স্থায়ী ভাবে ধরিয়া রাখিতে দেয় না; সেই বিশ্বনিয়ান্তার নিকট মানবকে পৌহুছাইয়া দিয়া, স্বয়ং বিনিবৃত্ত হইয়া যায়; এবং মানবও পূর্ণ নিবৃত্তি লাভে নিশ্চিন্ত হয়।

দেখ অর্জ্জুন। প্রাচীন সাংখ্যাচার্য্য সেই এক বিশ্বনিয়ন্তার বার্ত্তাই সংসার-

শাঙ্করভাষ্যম্।

প্রতিশাখাভেদেন হ্যনন্তাশ্চ বুদ্ধয়ঃ কেষামব্যবসায়িনাং প্রমাণজনিত-বিবেক-বুদ্ধিরহিতানামিত্যর্থঃ ॥ ৪১ ॥

আনন্দগিরিকৃতটীকা।

সংসারোঽপি স্থাতুমশক্যবন্নপরতো ভবতীত্যর্থঃ। যাঃ পুনরিত্যুপক্রান্তা তত্ত্বজ্ঞানাপনোদ্যা সংসারাস্পদীভূতা বিপরীতবুদ্ধিরনুক্রামতি তা বুদ্ধয় ইতি। বুদ্ধীনাং বৃক্ষস্যেব কুতো বহুশাখিত্বং তত্রাহ বহুভেদা ইত্যেতদিতি। একৈকাং বুদ্ধিং প্রতি শাখাভেদোঽবান্তরবিশেষ স্তেন বুদ্ধীনামসংখ্যত্বং প্রখ্যাতমিত্যাহ প্রতিশাখেতি। বুদ্ধীনামানন্ত্যপ্রসিদ্ধিপ্রদ্যোতনার্থো হি শব্দঃ। সম্যগ্‌জ্ঞানবতাং যথোক্ত-বুদ্ধিভেদভাক্ত্বমপ্রসিদ্ধমিত্যাশঙ্ক্য প্রত্যাহ কেষামিত্যাদিনা ॥ ৪১ ॥

আভাস।

ক্ষেত্রে ঘোষণা করিয়াছেন ; এবং বুঝাইয়াছেন যে, অনন্ত বিষয়ের সহিত, মানব! তুমি সম্পর্ক কর! কিন্তু কোনটীকে সত্য-বোধে আপন করিবার চেষ্টা করিও না! কারণ ইহারা কেহ সত্য নহে! যদিও ইহারা অনুপম বেশ ও মূর্ত্তি পরিগ্রহে তোমাকে সম্বর্দ্ধন করিবার জন্য পথে যেন দণ্ডায়মান আছে বটে, কিন্তু কেবল তোমাকে সেই পরমেশের সমীপে গমনের পথটী মাত্র দেখাইবার জন্য প্রতীক্ষা করিতেছে। কারণ ইহারা সকলেই সেই পথের পথিক! ইহাদের সঙ্গ ছাড়িও না! কিন্তু সংসর্গের আনন্দে ভুলিয়া, রাজপথে বিশ্রামও করিও না! নির্দ্দিষ্ট নিজ গৃহে যাইতে বিলম্ব হইয়া যাইবে। পথের পথিক জীব ও জড় ভেদে অনন্ত। তাহাদের সংস্রবে যৎসামান্য অথচ ক্ষণস্থায়ী আনন্দ তুমি উপভোগ করিতে পার সত্য! কিন্তু তাহারাত চিরস্থায়ী নহে। ট্রেণে হরিদ্বার যাইবার জন্য আরোহণ করিলে, ঐ পথের অনেক যাত্রি পাওয়া যায়; কিন্তু তাহারা, পথে সময় ক্রমে বিশ্রাম করিতে পারে; তাহাদের সহিত বিশ্রাম না করিয়া, অন্য যে কেহকে ঐরূপ পথিক দেখিবে, তাহারই সঙ্গ তোমার লইয়া অগ্রসর হওয়া কর্ত্তব্য।

মানুষ অর্থাদি বিবিধ সম্বল লইয়া বিদেশ-ভ্রমণে যাত্রা করে; এবং যতকাল হস্তে সম্বল থাকে, ততকাল হৃষ্টান্তঃকরণে গৃহের চিন্তায় অন্যমনস্ক হইয়া, বিদেশের অভিমুখে বিচিত্র দৃশ্যের অনুরোধেই গমন করিতে থাকে! কিন্তু হাতের পয়সা ফুরাইলেই বাটীর কথা মনে পড়ে এবং তখন বাহিরের সকল অনুরোধ উপেক্ষা, করিয়া সত্বর বাটী ফিরিবার চেষ্টা করে। আমরাও অন্তরে বিবিধ বাসনা-রূপ সম্বলকে সঙ্গে লইয়া, এই সংসার-বিদেশে যাত্রা করিয়াছি। যদবধি ভোগ-বাসনা সম্পূর্ণ না হয়, তদবধি অন্তর্যামী জগৎপিতা জনার্দ্দনের কথা

আভাস।

মনে পড়ে না। কিন্তু ভোগ-বাসনা ও ভোগ্যের সম্বন্ধ পরিহার করা অসম্ভব! কারণ ভোগ্যের ইয়ত্তা নাই! সুতরাং তৎপ্রতি বাসনারও ইয়ত্তা নাই! তবে কি আমরা আর শান্তির নিকেতন সেই পিতৃ-ভবনে প্রত্যাগমন করিতে পারিব না, বলিয়া অর্জ্জুন মনে মনে সন্দেহ করিও না! কারণ পরম পিতা পরমেশ প্রত্যেক মানবের সঙ্গে এক একটী আশা প্রহরীকে প্রেরণ করিয়াছেন। সেই আশা আমাদের বিবেক বুদ্ধির চক্ষে অঙ্গুলি-নির্দ্দেশ পূর্ব্বক প্রতি পদে জিজ্ঞাসা করিতেছেন যে, বুদ্ধি তুমি এত বিচক্ষণতার সহিত পরিশ্রম করাইয়া মানবকে কত অনন্ত প্রকার ভোগের সহিত মিলান ত করাইলে, কিন্তু কোথায়ও কি শান্তি প্রদানে সমর্থ হইয়াছ! তাহা হইলে, যে কোন প্রার্থনীয় ভোগ্য পদার্থ পাইবা মাত্র, মানব তজ্জন্য আর চিন্তা বা মনোনিবেশ না করিয়া বিষয়ান্তর চিন্তায় কেন অন্য-মনস্ক হইল! নিশ্চয়ই যাহা পাইবার প্রত্যাশায় সে বিষয়ের অন্বেষণ করিয়াছিল, প্রাপ্ত বিষয়ে তাহার সে শান্তির অস্তিত্ব না দেখিয়াই সে বিষয়ান্তরের জন্য ধাবিত হইতেছে। এই প্রকারে মানব এক বিষয় হইতে অন্য এবং তাহা হইতে অন্য, এইরূপ ধাবিত হইতে হইতে সমস্ত জীবন অতিবাহিত করিলেও প্রকৃত শান্তি যে সে পাইল না, অন্তিম জীবনে তাহার তাহা উপলব্ধ হইল। তখন সে নিরাশার অকূল পাথারে পতিত হইবার ন্যায়, আকুল প্রাণে যখন ক্রন্দন করিয়া উঠিল, তখন জগৎ-পিতার প্রহরী আশা তাহার কাণে কাণে বলিলেন, ভয় নাই! আমি চির-জীবনই তোমার সঙ্গে সঙ্গে ফিরিতেছি; ক্ষণ কালের জন্যও তোমাকে পরিত্যাগ করি নাই! অন্ধ বিবেকের দোষে জীব! তুমি অনন্ত ভোগের সম্বন্ধ করিয়া নিষ্ফল ও অকৃতার্থ হইলে বটে, কিন্তু কোথায়ও পতিত থাকিবে না! আমি তোমাকে তোমার প্রকৃত শান্তির নিকেতনে লইয়া যাইব। প্রকৃত শান্তি যাহা তোমার পূর্ব্ব হইতেই জানা আছে; তাহা তুমি বিষয়ে যে পাইলে না, তাহা ত বুঝিয়াছ! এতদিনে তোমার সত্য বুঝা হইল। বিষয়ে শান্তি আছে, এ বোধটী সম্পূর্ণ অলিক! তবে তাহা অলিক হইলেও, তোমার ভ্রমণটী অলিক হয় নাই! কারণ ভ্রমণ না করিলে, অর্থাৎ বিষয়ের সম্বন্ধ না করিলে, এ ভ্রমটী তোমার নিরস্ত হইত না! বিদেশ ভ্রমণে শান্তি পাওয়া যায় না, জ্ঞান বা বিচক্ষণতারই লাভ হয় মাত্র! শান্তি নিজের নিত্য নিকেতনে! সে নিকেতন পরমেশের পবিত্র পাদপদ্ম! এই বিদেশ বা বৈদেশিক ভোগভাব সেই পরমেশের পরমৈশ্বর্য্যের

আভাস ।

স্ফূর্ত্তি মাত্র। যে সকল জীব সেই পরমৈশ্বর্য্যের স্ফূর্ত্তি-ভাবকে পরমেশের পরম ভাব বলিয়া বুঝিবার সোপান মাত্র অবধারণে, ঐশ্বর্য্যের অন্তরে বিচরণ করেন, তাঁহারা নিরাশার সাগরে আর ভাসমান হন না। দিবাকরের দিব্য জ্যোতিতে আলোকিত নিবিড় বনেও ভ্রমণে কষ্ট বোধ হয় না, কিন্তু অন্ধকারে পরিজ্ঞাত সুখসেব্য অট্টালিকাও দুঃখপ্রদ হয়, সন্দেহ নাই! অতএব বুদ্ধির তীক্ষ্ণ ধারকে এক ভগবানের পরম ভাব-রসে ডুবাইয়া যদি অনন্ত ভোগেরও পরীক্ষা করা হয়, তাহাতে সেই পরমেশের পরম ভাবেরই স্ফূর্ত্তি-লাভে জীব আশার পরম ধনকে প্রাপ্ত হয়; নতুবা অন্ধের ন্যায়, অন্ধকারে ভ্রমণ করিলে, ত্রিবিধ তাপে পরিদগ্ধ হইতে হয়, সন্দেহ নাই।

ক্ষুধাতুর পুত্রের ক্ষুন্নিবৃত্তির জন্য জননী অন্নের সহিত নানাপ্রকার ব্যঞ্জন প্রস্তুত করেন বটে, কিন্তু ভোক্তার স্বীয় ক্ষুন্নিবৃত্তির প্রতি লক্ষ্য করিয়া ভোজন করা উচিত; নতুবা বহু ভোজনে উদরাময়েরই উৎপত্তি হইয়া থাকে। ভোজ্য পদার্থের আস্বাদনের জন্য ভোজন কর! তাহা হইলে, মনে জানিও! যে সেটী মাতৃ প্রদত্ত-প্রেম রস! অতএব প্রত্যেক ভোজ্য ব্যঞ্জনাদির আস্বাদ লাভে যেমন মাতাকে সম্বোধন করত বলিয়া থাক, মা! কি উত্তম রন্ধনই করিয়াছ! ধন্য তোমার হাত! তখন আর খাদ্যকে স্মরণ রাখিতে হইবে না, মাতাকে বলিলেই আপন রুচির মত খাদ্য অবলীলাক্রমে মাতৃ সন্নিধানেই পাওয়া গিয়া থাকে; সেইরূপ আমরা জগতে ইন্দ্রিয়-সংযোগে যত রকমের ভোগ্য পদার্থ সম্ভোগ করিয়া থাকি, তাহাকে ভগবানের প্রদত্ত বলিয়া অবধারণ করিতে পারিলে, আর ভোগের জন্য বিব্রত হইতে হয় না; জননীর নিকট পুত্রের মত, ভগবানের নিকট ভক্ত অভিলষিত যাবতীয় ভোগ্য লাভে সংসারের ভোগ মিটাইতে পারে। কিন্তু বেদোক্ত কর্ম্মকাণ্ডের অনুসরণে ভোগ্যলাভের আকাঙ্ক্ষা করিলে, সে আকাঙ্ক্ষার আর নিবৃত্তি হইবে না! কারণ ভোগ্য অনন্ত এবং লাভের পদ্ধতিও অনন্ত! সুতরাং নিরন্তর বিচিত্র ভোগের প্রত্যাশায় অগ্রসর হইলে, মস্তিষ্ক স্থির থাকিবে না। চিত্ত নিরন্তর চঞ্চলই হইবে। এক ভগবান্ হইতে সকল ভোগের প্রাপ্তি ঘটে জানিয়া, এক বিষয়ে অর্থাৎ ভগবৎস্বরূপে মনকে রাখিবার অভ্যাস করিলে চিত্ত আর চঞ্চল হয় না; তখন যাহাতেই চিত্ত নিযুক্ত করিবার ইচ্ছা করিবে, তাহাতেই সে স্থির থাকিবে ॥ ৪১ ॥

যামিমাং পুষ্পিতাং বাচং প্রবদন্ত্যবিপশ্চিতঃ।
বেদবাদরতাঃ পার্থ নান্যদস্তীতি বাদিনঃ॥ ৪২॥

অন্বয়ঃ।

হে পার্থ! বেদবাদরতাঃ (বেদোক্ত-কর্ম্মকাণ্ড-মাত্রস্য প্রামাণ্যবাদিনঃ) তথা স্বর্গফলাতিরিক্তং অন্যৎ নাস্তি ইতি বাদিনঃ বচনশীলাঃ, অবিপশ্চিতঃ পরমার্থ-তত্ত্ব-বিচার-বিহীনাঃ জনাঃ যাং ইমাং কাম্যকর্ম্ম-প্রধানাং পুষ্পিতাং শোভমানাং বাচং প্রবদন্তি॥ ৪২॥

শঙ্করাভাষ্যম্।

যেষাং ব্যবসায়াত্মিকা বুদ্ধি র্নাস্তি তেষাং যামিমামিতি। যামিমাং বক্ষ্যমাণাং পুষ্পিতাং পুষ্পিত ইব বৃক্ষঃ শোভমানাং শ্রূয়মাণ-রমণীয়াং বাচং বাক্যলক্ষণাং প্রবদন্তি কে অবিপশ্চিতঃ অল্পমেধসোঽবিবেকিন ইত্যর্থঃ। বেদবাদরতা ইতি, বেদবাদরতাঃ বহ্বর্থবাদ-ফলসাধন-প্রকাশকেষু বেদবাক্যেষু রতাঃ। হে পার্থ নান্যৎ স্বর্গপশ্বাদিফলসাধনেভ্যঃ কর্ম্মভ্যোঽস্তীত্যেবং বাদিনো বদনশীলাঃ॥ ৪২॥

আনন্দগিরিকৃতটীকা।

যদি সাংখ্যযোগয়োরেকৈব প্রমাণভূতা বুদ্ধিস্তর্হি সৈব সর্ব্বেষাং চিত্তে কিমিতি স্থিরা ন ভবতি তত্রাহ যেষামিতি। তেষামিমাং পুষ্পিতাং বাচং প্রবদন্তি তয়া অপহৃতচেতসাং কামিনাং। কামবশান্নিশ্চয়াত্মিকা বুদ্ধি র্ন প্রায়ঃস্থিরা ভবতীত্যাহ যামিতি। ইমামিত্যধ্যয়নবিধ্যুপাত্তত্বেন প্রসিদ্ধত্বং কর্ম্মকাণ্ডরূপায়া বাচো বিবক্ষ্যতে, বক্ষ্যমাণত্বং ক্রিয়াবিশেষবহুলামিত্যাদৌ প্রষ্টব্যং। কিংশুকো হি পুষ্পশালী শোভ-

---

হে পার্থ! পরমার্থ-তত্ত্বের বিবেকহীন ব্যক্তিগণ ভোগের লালসায় বেদোক্ত কর্ম্মকাণ্ডের প্রতি অভিনিবেশ পূর্ব্বক ঈশ্বর চিন্তায় উদাসীন হয়। অধিক কি! স্বর্গাদি ফল-ভোগের অতিরিক্ত আর যে কিছু আছে, তাহাই তাহারা স্বীকার করিতে পারে না। তাহারা স্বর্গাদি মনোহর ফলপ্রদ কর্ম্মকাণ্ডভাগকে মাত্র বেদ বলিয়া স্বীকার করে॥ ৪২॥

আভাস।

সাধারণ ভোগী জীব কেবল ভোগের অন্বেষণেই বিব্রত থাকে; সুতরাং যে সকল বেদাদি শাস্ত্রের যে যে কাণ্ডে উক্ত ভোগের কথা বিবৃত আছে, তাহাকেই

কামাত্মানঃ স্বর্গপরা জন্মকর্ম্মফলপ্রদাম্।
ক্রিয়াবিশেষবহুলাং ভোগৈশ্বর্য্যগতিম্প্রতি ॥ ৪৩ ॥

অন্বয়ঃ।

তে কামাত্মানঃ কামুকাঃ, স্বর্গপরাঃ স্বর্গপ্রধানাঃ, ভোগৈশ্বর্য্যগতিং (ভোগশ্চ ঐশ্বর্য্যং চ তয়োঃ গতিঃ প্রাপ্তিঃ তাং প্রতি সাধন-ভূতাং) ক্রিয়া-বিশেষ-বহুলাং কর্ম্মপ্রচুরাং, জন্মকর্ম্মফলপ্রদাং জন্মকর্ম্মফলং প্রদদাতি যা তাদৃশীং বাচং প্রবদন্তি ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ৪৩ ॥

আনন্দগিরিকৃতটীকা।

মানোঽনুভূয়তে ন পুনঃ রূপভোগ্যফলভাগী লক্ষ্যতে তথেয়মপি কর্ম্মকাণ্ডাত্মিকা শ্রূয়মাণ দশায়াং রমণীয়া বা গুপলভ্যতে সাধ্যসাধনসম্বন্ধপ্রতিভানাৎ ত্বেষা নিরতিশয়-ফলভাগিনী ভবতি কর্ম্মানুষ্ঠানফলস্য নিত্যত্বাদিতি মত্বাহ পুষ্পিতামিতি। বাক্যত্বেন লক্ষ্যতে অর্থবত্ত্ব-প্রতিভানাদ্বস্তুতস্ত ন বাক্যমর্থাভাসত্বাদিত্যাহ বাক্য-লক্ষণামিতি। প্রবক্তৃণাং বেদবাক্য-তাৎপর্য্য-পরিজ্ঞানাভাবং সূচয়তি অবিপশ্চিত ইতি। বেদবাদা বেদবাক্যানি তানি চ বহুনামর্থবাদানাং ফলানাং সাধনানাঞ্চ বিশেষাণাং প্রকাশকানি তেষু রতিঃ আসক্তি স্তন্নিষ্ঠত্বং তদ্বত্ত্বমপি তেষাং বিশেষণামিত্যাহ বেদবাদেতি। কর্ম্মকাণ্ডনিষ্ঠত্বং ফলং কথয়তি নান্যদিতি। ঈশ্বরো বা মোক্ষো বা নাস্তীত্যেবং বদন্তো নাস্তিকাঃ সম্যগ্‌জ্ঞানবন্তো ন ভবন্তীত্যর্থঃ ॥ ৪২ ॥

স্বামিকৃত টীকা।

নন্বু কামিনোঽপি কষ্টান্ কামান্ বিহায় ব্যবসায়াত্মিকামেব বুদ্ধিং কিমিতি ন কুর্ব্বন্তি তত্রাহ যামিমামিতি। যামিমাং পুষ্পিতাং বিষলতাবদাপাততো রমণীয়াং প্রকৃষ্টাং পরমার্থফলপরামেব বদন্তি বাচং স্বর্গাদিফলশ্রুতিং তেষাং তয়া বাচাপহৃতচেতসাং ব্যবসায়াত্মিকা বুদ্ধি র্ন সমাধৌ বিধীয়ত ইতি তৃতীয়েনান্বয়ঃ। কিমিতি তথা বদন্তি যতোঽবিপশ্চিতো মূঢ়াঃ। তত্র হেতু র্বেদবাদরতা ইতি। বেদে যে বাদা অর্থবাদাঃ, অক্ষয্যং হ বৈ চাতুর্মাস্য-যাজিনঃ সুকৃতং ভবতি; তথা, অপাম-সোমমমৃতা অভূমেত্যাদ্যাঃ; তেষেব রতাঃ প্রীতাঃ, অতএব অতঃ পরমন্যদীশ্বরতত্ত্বং প্রাপ্যং নাস্তীতি বদনশীলাঃ ॥ ৪২ ॥

আভাস।

তাহারা মূল বেদ জ্ঞানে প্রশংসা করে এবং সেই পদ্ধতির অনুসরণে কার্য্য করে। সুতরাং ধর্ম্ম কর্ম্মের ফল কেবল আপাততই মনোরম; স্বর্গাদি সুখময় ভোগ্যলাভ

শাঙ্করভাষ্যম্।

তে চ কামাত্মেতি। কামাত্মানঃ কাম-স্বভাবাঃ কামপরা ইত্যর্থঃ। স্বর্গেতি স্বর্গপরাঃ স্বর্গঃ পরঃ পুরুষার্থো যেষাং তে স্বর্গপরাঃ স্বর্গপ্রধানাঃ জন্মকর্ম্মফলপ্রদাং কর্ম্মণঃ ফলং কর্ম্মফলং জন্মৈব কর্ম্মণঃ ফলং জন্মকর্ম্মফলং তৎ প্রদদাতীতি জন্মকর্ম্ম-ফলপ্রদা তাং বাচং প্রবদন্তীত্যনুষজ্যতে, ক্রিয়াবিশেষ-বহুলাং ক্রিয়াণাং বিশেষাঃ

আনন্দগিরিকৃতটীকা।

প্রকৃতান্ প্রবক্তৃনবিবেকিনো ব্যবসায়াত্মিকা-বুদ্ধিভাক্ত্বাসত্ত্বসিদ্ধ্যর্থং বিধ্য-ন্তরেণ বিশিনষ্টি তে চেতি। তেষাং সংসার-পরিবর্ত্তমান-পরিদর্শনার্থং প্রস্তুতাং বাচমেব বিশিনষ্টি জন্মেতি। নমু পুংসাং কামস্বভাবত্বমযুক্তং চেতনস্যেচ্ছাবত্ত-স্তদাত্মত্বানুপপত্তেরিতি তত্রাহ কামপরা ইতি। তৎপরত্বং তত্তৎফলার্থিত্বেন তত্ত-দুপায়েষু কর্ম্মস্বেব প্রবৃত্ততয়া কর্ম্মসন্ন্যাস-পূর্ব্বকাৎ জ্ঞানাদ্বহির্ম্মুখত্বং। নমু কর্ম্ম-নিষ্ঠানামপি পরমপুরুষার্থাপেক্ষয়া মোক্ষোপায়ে জ্ঞানে ভবত্যাভিমুখ্যমিতি নেত্যাহ স্বর্গেতি। তৎপরত্বং তস্মিন্নেবাসক্ততয়া তদতিরিক্ত-পুরুষার্থ-রাহিত্য-নিশ্চয়বত্বং। উচ্চাবচ-মধ্যম-দেহ-প্রভেদ-গ্রহণং জন্ম। বাচো যথোক্তফলপ্রদত্বমপ্রামাণিকমিত্যা-শঙ্ক্যানুষ্ঠানদ্বারা তদুপপত্তিরিত্যাহ ক্রিয়েতি। ক্রিয়াণামনুষ্ঠানানাং যাগ-দানাদীনাং

স্বামিকৃতটীকা।

অতএব কামাত্মান ইতি। কামাত্মানঃ কামাকুলিতচিত্তা অতঃ স্বর্গএব পরঃ পুরুষার্থো যেষাং তে। জন্ম চ তত্র কর্ম্মাণি চ তৎফলানি চ প্রদদাতীতি তথা তাং, ভোগৈশ্বর্য্যয়োর্গতিং প্রাপ্তিং প্রতি সাধনভূতা যে ক্রিয়াবিশেষাস্তে বহুলা যস্যাং তাং প্রবদন্তীত্যনুষঙ্গঃ ॥ ৪৩ ॥

কিন্তু তাদৃশ ব্যক্তি ভোগেই সম্পূর্ণ উন্মত্ত। স্বর্গকেই চরম ভোগ্য জ্ঞানে, সেই স্বর্গাদি লাভের উপায়-ভূত কাম্য কর্ম্মের অনুষ্ঠানে চিত্তকে নিরন্তর নিমগ্ন রাখিয়া, ভোগ এবং ঐশ্বর্য্য লাভের জন্য যত্ন করিয়া থাকে ; এবং অন্যকেও পুনঃ জন্ম ও পুনঃ কর্ম্ম এইরূপ সংসার স্রোতে ভাসমান থাকার পরামর্শই প্রদান করিয়া থাকে ॥ ৪৩ ॥

আভাস।

ব্যতীত, ধর্ম্মানুষ্ঠানের আর কোন লক্ষ্য আছে বলিয়া তাহারা ধারণা করিতেও পারে না। তাহারা স্বর্গাদি ভোগকেই পরমার্থ জ্ঞানে তুষ্ট হইয়া থাকে

ভোগৈশ্বর্য্যপ্রসক্তানাং তয়াপহৃতচেতসাম্।
ব্যবসায়াত্মিকা বুদ্ধিঃ সমাধৌ ন বিধীয়তে ॥ ৪৪ ॥

অন্বয়ঃ।

ভোগৈশ্বর্য্য-প্রসক্তানাং ভোগৈশ্বর্য্যেষু প্রসক্তচিত্তানাং অতঃ তয়া বাচা অপহৃত-চেতসাং ( অপহৃতং আকৃষ্টং চেতো যেষাং তেষাং ) জনানাং সমাধৌ চিত্তস্য পরমেশ্বর-চিন্তায়াং ব্যবসায়াত্মিকা নিশ্চয়াত্মিকা, বুদ্ধিঃ ন বিধীয়তে ন স্থিরা ভবতি ॥ ৪৪ ॥

শাঙ্করভাষ্যম্।

ক্রিয়াবিশেষাঃ তে বহুলা যস্যাং বাচি তাং স্বর্গপশুপুত্রাদ্যর্থাঃ যয়া বাচা বাহুল্যেন প্রকাশ্যন্তে, ভোগৈশ্বর্য্যগতিং প্রতি ভোগশ্চ ঐশ্বর্য্যঞ্চ ভোগৈশ্বর্য্যে তয়োর্গতিঃ-প্রাপ্তিঃ ভোগৈশ্বর্য্যগতিঃ তাং প্রতি সাধনভূতা স্তে ক্রিয়াবিশেষাঃ তদ্বহুলাং তাং বাচং প্রবদন্তো মূঢ়াঃ সংসারে পরিবর্ত্তন্ত ইত্যভিপ্রায়ঃ ॥ ৪৩ ॥

আনন্দগিরিকৃতটীকা।

বিশেষা দেশকালাধিকারি প্রযুক্তাঃ সপ্তাহানেকাহ লক্ষণাস্তে খল্বস্যাং বাচি প্রাচুর্য্যেণ প্রতিভান্তীত্যর্থঃ। কথং যথোক্তায়াং বাচি ক্রিয়াবিশেষাণাং বাহুল্যেনাবস্থান-মিত্যাশঙ্ক্য প্রকাশ্যন্তেনৈতদ্বিশদয়তি স্বর্গেতি। তথাপি তেষাং মোক্ষোপায়স্যোপ-পত্তে স্তন্নিষ্ঠানাং মোক্ষাভিমুখ্যং ভবিষ্যতি নেত্যাহ ভোগেতি। যথোক্তাং বাচ-মভিবদতাং পর্য্যবসানং দর্শয়তি তদ্বহুলামিতি ॥ ৪৩ ॥

ভোগ এবং ঐশ্বর্য্যকেই উৎকৃষ্ট ফল বিবেচনায় যাহাদের চিত্ত নিরন্তর ব্যস্ত থাকে, তাহাদের চিত্ত কখন নিশ্চিন্ত হইতে পারে না; সুতরাং পরমার্থ-স্বরূপ পরমেশ-চিন্তনেও তাহাদের চিত্ত কখন স্থির ভাবে নিয়োজিত হয় না ॥ ৪৪ ॥

আভাস।

কিন্তু ভোগ যে পুনর্জন্মের কারণ, তাহাতেও তাহারা আপাতত বিচলিত হয় না। পরে যখন বুঝিবে যে, ভগবানে ভক্তি-মিশ্র কর্ম্ম ব্যতীত যে কোন কর্ম্মই করা হউক না, তাহাতে পুণ্য বা পাপের সম্বন্ধ যে থাকিবে, তাহাতে আর সন্দেহ নাই। সুতরাং সেই সমস্ত পুণ্য বা পাপ ফলের ভোগার্থ পুনরায়

### শাঙ্করভাষ্যম্।

তেষাঞ্চ ভোগৈশ্বর্য্যেতি। ভোগৈশ্বর্য্যপ্রসক্তানাং ভোগঃ কর্ত্তব্য ঐশ্বর্য্যঞ্চেতি ভোগৈশ্বর্য্যয়োরেব প্রবণবতাং তদাত্মভূতানাং তয়া ক্রিয়াবিশেষ-বহুলয়া বাচা অপহৃত-চেতসামাচ্ছাদিত-বিবেক-প্রজ্ঞানাং ব্যবসায়াত্মিকা সাংখ্যে যোগে বা যা বুদ্ধিঃ সমাধৌ সমাধীয়তেঽস্মিন্ পুরুষোপভোগায় সর্ব্বমিতি সমাধিরন্তঃকরণং বুদ্ধিঃ তস্মিন্ সমাধৌ ন বিধীয়তে ন স্থিতি র্ভবতীত্যর্থঃ। ৪৪ ॥

### আনন্দগিরিকৃতটীকা।

নহু কর্ম্মকাণ্ডনিষ্ঠানাং কর্ম্মানুষ্ঠায়িনামপি বুদ্ধিশুদ্ধিদ্বারেণান্তঃকরণে সাধ্য সাধনভূতবুদ্ধিদ্বয়সমুদায়-সম্ভবাদতো মোক্ষো ভবিষ্যতি নেত্যাহ তেষাঞ্চেতি। তদাত্মভূতানাং তয়োরেব ভোগৈশ্বর্য্যয়োরাত্মকর্ত্তব্যত্বেনারোপিতয়োরভিনিবিষ্টে চেতসি তাদাত্ম্যাধ্যাসবতাং বহির্ম্মুখাণামিত্যর্থঃ। তথাপি শাস্ত্রানুসারিণ্যা বিবেক প্রজ্ঞয়া ব্যবসায়াত্মিকা বুদ্ধিস্তেষামুদেষ্যতীত্যাশঙ্কাহ তয়েতি। নহু সমাধিঃ সংপ্রজ্ঞাতা সংপ্রজ্ঞাতভেদেন দ্বিধোচ্যতে তত্র বুদ্ধিদ্বয়বিধিরপ্রসক্তঃ সন্ কথং নিষিধ্যতে তত্রাহ সমাধীয়ত ইতি ॥ ৪৪ ॥

### স্বামিকৃতটীকা

ততশ্চ ভোগৈশ্বর্য্যেতি। ভোগৈশ্বর্য্যয়োঃ প্রসক্তানামভিনিবিষ্টানাং তয়া পুষ্পিতয়া বাচাপহৃতমাকৃষ্টং চেতো যেষাং। সমাধিশ্চিত্তৈকাগ্রং পরমেশ্বরাভিমুখত্ব-মিতি যাবৎ তস্মিন্ নিশ্চয়াত্মিকা বুদ্ধি র্ন বিধিয়তে, কর্ম্মকর্ত্তরি প্রয়োগঃ, সা নোৎপদ্যত ইত্যর্থঃ॥ ৪৪ ॥

### আভাস।

ভোগায়তন শরীর ধারণে পুনঃ জন্ম ধারণ করিতে হইবে। জন্ম ধারণ করিলেই, পুনঃ কর্ম্ম করিতে হইবে। অতএব বেদোক্ত কর্ম্মকাণ্ডের অনুসরণে ভোগ এবং ঐশ্বর্য্যের প্রতি লক্ষ্য করত কর্ম্ম করিলে, তাদৃশ বেদবাদিগণের জন্ম মরণ-রূপ সংসার-প্রবাহ হইতে কোন কালে নিস্তার লাভের উপায় নাই। তাদৃশ জনগণও ঈশ্বর বলিয়া একটী নিত্য সিদ্ধ পূর্ণ পরমানন্দ পদার্থে বিশ্বাস সহকারে চিত্ত রাখিতেও পারিবে না ॥ ৪২।৪৩।৪৪ ॥

কেবল বিবেক এবং বৈরাগ্যের অভাবে জীবকে এই দুরন্ত সংসার-প্রবাহে নিরন্তর দুঃখ পাইতে হয়! কারণ যাহারা ভোগকেই পরমার্থ জ্ঞানে সেবা করিতে চাহে, তাহারা প্রণিধান পূর্ব্বক অবগত হইতে পারে নাই যে, ভোগ্য

ত্রৈগুণ্যবিষয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন।
নির্দ্বন্দ্বো নিত্য-সত্ত্বস্থো নির্যোগক্ষেম আত্মবান্ ॥ ৪৫ ॥

অন্বয়ঃ।

হে অর্জ্জুন। বেদাঃ ত্রৈগুণ্যবিষয়াঃ (ত্রৈগুণ্যঃ সত্ত্বরজস্তমগুণাত্মকঃ অতঃ সুখদুঃখ-মোহবিশিষ্টঃ বিষয়ঃ ভোগ্যফলং যেষাং তাদৃশাঃ এব) অতঃ ত্বং নিস্ত্রৈগুণ্যঃ ত্রিগুণাত্মক-কর্ম্ম-বর্জ্জিতঃ ভব তথা নির্দ্বন্দ্বঃ (সুখদুঃখ-বিরুদ্ধভাব-রহিতঃ) নিত্যসত্ত্বস্থঃ (সদা সত্ত্বগুণাবলম্বী) নির্যোগক্ষেমঃ (অজ্জন-রক্ষণাদৌ প্রবৃত্তিহীনঃ) আত্মবান্ (অপ্রমত্তঃ আত্মস্থঃ) চ ভব ॥ ৪৫ ॥

শাঙ্করভাষ্যম্।

যে এবং বিবেকবুদ্ধিরহিতাঃ তেষাং কামাত্মনাং যৎ ফলং তদাহ ত্রৈগুণ্যেতি। ত্রৈগুণ্যবিষয়াঃ ত্রৈগুণ্যং সংসারো বিষয়ঃ প্রকাশয়িতব্যো যেষাং তে বেদা ত্রৈগুণ্য-

আনন্দগিরিকৃতটীকা।

অবিবেকিনামপি বেদাভ্যাসবতাং বিবেকবুদ্ধিরুদেষ্যতীত্যাশঙ্ক্যাহ য এবমিতি। তর্হি বেদার্থতয়া কামাত্মতা প্রশস্তেত্যাশঙ্ক্যাহ নিস্ত্রৈগুণ্য ইতি। ভবেতি পদং নির্দ্বন্দ্বাদিবিশেষণেষ্বপি প্রত্যেকং সম্বধ্যতে। ত্রয়াণাং সত্ত্বাদীনাং গুণানাং পুণ্য-পাপ-ব্যামিশ্র-কর্ম্ম তৎফলসম্বন্ধলক্ষণঃ সমাহারস্ত্রৈগুণ্যমিত্যঙ্গীকৃত্য ব্যাচষ্টে সংসার

---

হে অর্জ্জুন! বেদোক্ত যজ্ঞাদি কর্ম্মকাণ্ডে স্বর্গাদি যে সকল ভোগের কথা উল্লেখ আছে, সে সমস্তই ত্রিগুণাত্মক। সুতরাং প্রত্যেকটী সুখ দুঃখ এবং মোহে জড়িত এবং অকিঞ্চিৎকর, পরিণামশীল ও ধ্বংস-বিশিষ্ট। তাদৃশ ত্রিগুণময় ভোগের জন্য তুমি লালসা করিও

আভাস।

বিষয় প্রয়োজন কালে পবিত্র ও সুখময় বলিয়া প্রতীত হইলেও, প্রয়োজনের অভাবে সেই ভোগই বিষম ক্লেশ প্রদান করিয়া থাকে। ক্ষুধা বা পিপাসার সময় অন্ন বা জল অমৃতবৎ প্রতীত হইলেও, ক্ষুধা বা পিপাসার অভাবে সেই অন্ন বা জল বিষবৎ প্রতীত হয়। ভোগ্য বিষয় সংগ্রহ করিতে যেমন বহু কাল ও পরিশ্রম প্রয়োজন হয়, ভোগে চরিতার্থ হইবা মাত্র সেগুলি নিষ্প্রয়োজনের ন্যায় পরিণত হইলেও, ভবিষ্যতে তাহাদের রক্ষণাদি ব্যাপারে প্রচুর পরিশ্রম ও ক্লেশ সহ্য করিতে হয়। কারণ জগতে যাবদীয় পদার্থই সুখ, দুঃখ ও মোহময়। বেদোক্ত কাম্য কর্ম্মকাণ্ডে লভ্য যাবদীয় স্বর্গাদি ভোগও ঐরূপ ত্রিগুণময়।

শাঙ্করভাষ্যম্।

বিষয়া স্ত্বং নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন নিষ্কামো ভবেত্যর্থঃ নির্দ্বন্দ্বঃ সুখদুঃখহেতূ সপ্রতি-পক্ষৌ পদার্থৌ দ্বন্দ্ব-শব্দ-বাচ্যৌ ততো নির্গতো নির্দ্বন্দ্বো ভব। ত্বং নিত্যসত্ত্বস্থঃ সদা

আনন্দগিরিকৃতটীকা।

ইতি। বেদশব্দেনাত্র কর্ম্মকাণ্ডমেব গৃহ্যতে, তদভ্যাসবতাং তদর্থানুষ্ঠানদ্বারা সংসার-ধ্রৌব্যান্ন বিবেকাবসরোঽস্তীত্যর্থঃ। তর্হি সংসার-পরিবর্জ্জনার্থং বিবেক-সিদ্ধয়ে কিং কর্ত্তব্যমিত্যাশঙ্ক্যাহ ত্বং ত্বিতি। কথং নিস্ত্রৈগুণ্যো ভবেতি গুণত্রয়স্য রাহিত্যং বিধীয়তে নিত্যসত্ত্বস্থো ভবেতি বাক্যশেষবিরোধাদিত্যাশঙ্ক্যাহ নিষ্কাম ইতি। সপ্রতিপক্ষত্বং পরস্পর-বিরোধিত্বং, পদার্থৌ শীতোষ্ণাদিলক্ষণৌ। নিষ্কামত্বে দ্বন্দ্বান্নির্গতত্বং শীতোষ্ণাদি-সহিষ্ণুত্বং হেতুমুক্তা তত্রাপি হেত্বপেক্ষায়াং সদা

স্বামিকৃতটীকা।

নন্থ স্বর্গাদিকং পরমং ফলং যদি ন ভবতি তর্হি কিমিতি বেদৈ স্তৎসাধনতয়া কর্ম্মাণি বিধীয়ন্তে তত্রাহ ত্রৈগুণ্যবিষয়া ইতি। ত্রিগুণাত্মকাঃ সকামা যেঽধিকারিণ-স্তদ্বিষয়াঃ কর্ম্মফলসম্বন্ধপ্রতিপাদকা বেদাঃ, ত্বন্তু নিস্ত্রৈগুণ্যো নিষ্কামো ভব। তত্রোপায়মাহ নির্দ্বন্দ্বঃ সুখদুঃখশীতোষ্ণাদিযুগ্মানি দ্বন্দ্বানি তদ্রহিতো ভব তানি সহস্বেত্যর্থঃ। কথমিত্যত আহ নিত্যসত্ত্বস্থঃ সন্ ধৈর্য্যমবলম্ব্যেত্যর্থঃ, তথা নির্যোগক্ষেমঃ অপ্রাপ্তস্বীকারো যোগঃ প্রাপ্তপালনং ক্ষেমস্তদ্রহিতঃ, আত্মবান্ অপ্রমত্তঃ, ন হি দ্বন্দ্বাকুলস্য যোগক্ষেম-ব্যাপৃতস্য চ প্রমাদিন স্ত্রৈগুণ্যাতিক্রমঃ সম্ভবতীতি॥ ৪৫॥

না! এক্ষণে আর ভোগের অর্জ্জন এবং রক্ষণের অনুরোধে বিব্রত না হইয়া, বিশুদ্ধ সত্ত্বগুণের আশ্রয়ে অবস্থান পূর্ব্বক, সুখ দুঃখাদি দ্বন্দ্ব ভাবকে উপেক্ষা করত অপ্রমত্ত ভাবে আত্মস্বরূপে বিশ্রাম কর॥ ৪৫॥

আভাস।

কারণ সৃষ্টির মূল উপাদান কারণস্বরূপ মহাশক্তি প্রকৃতিই ত্রিগুণময়ী। সুতরাং স্থূল সূক্ষ্ম ভেদে যাবতীয় সৃষ্ট পদার্থই ত্রিগুণাত্মক; অতএব সুখ, দুঃখ ও মোহে জর্জ্জরিত ও অনিত্য। সুতরাং বেদোক্ত কর্ম্মকাণ্ডে যে সকল ভোগ্য ব্যাপারের উল্লেখ আছে, কর্ম্মের অনুষ্ঠানে তাহা প্রাপ্ত হইলেও, মানব সুখী হইতে

শাঙ্করভাষ্যম্।

সত্ত্বস্থঃ সত্ত্বগুণাশ্রিতো ভব ; তথা নির্যোগক্ষেমোঽনুপাত্তস্যোপার্জ্জনং যোগ উপাত্তস্য রক্ষণং ক্ষেমঃ যোগক্ষেমপ্রধানস্য শ্রেয়সি প্রবৃত্তি র্দুষ্করা ইত্যতো নির্যোগক্ষেমো ভব। আত্মবানপ্রমত্তশ্চ ভব। এষ তবোপদেশঃ স্বধর্ম্মমনুতিষ্ঠতঃ॥ ৪৫ ॥

আনন্দগিরিকৃতটীকা।

সত্ত্বগুণাশ্রিতত্বং হেতুমাহ নিত্যেতি। যোগক্ষেমব্যাবৃত্তচেতসো রজস্তমোভ্যাম-সংস্পৃষ্টে সত্ত্বমাত্রে সমাশ্রিতত্বমশক্যমিত্যাশঙ্ক্যাহ তথেতি। যোগক্ষেমযোর্জীবনহেতুতয়া পুরুষার্থসাধনত্বান্নির্যোগক্ষেমো ভবেতি কুতো বিধিরিত্যাশঙ্ক্যাহ যোগেতি। যোগ-ক্ষেমপ্রধানত্বং সর্ব্বস্য স্বারসিকমিতি ততো নির্গমনমশক্যমিত্যাশঙ্ক্যাহ আত্মবানিতি। অপ্রমাদো মনসো বিষয়পারবশ্য শূন্যত্বং। অথ যথোক্তোপদেশস্য মুমুক্ষুবিষয়ত্বাদ-র্জ্জুনস্য মুমুক্ষুত্বমিহ বিবক্ষিতমিতি নেত্যাহ এষ ইতি॥ ৪৫ ॥

আভাষ।

পারেন না। ঐহিকের ন্যায়, পারলৌকিক ভোগও দুঃখাদিতে জড়িত মলিন এবং ক্ষণধ্বংসী। অতএব অর্জ্জুন! তাদৃশ ভোগের প্রলোভনে এই দুর্ল্লভ মানব জীবনকে বৃথায় অতিবাহিত করা কর্ত্তব্য নহে। সুখ এবং দুঃখাদিকে উপেক্ষা করিতে অভ্যস্ত হও। উৎপত্তি এবং লয় অর্থাৎ গঠন এবং ভঙ্গ ভাবের নিরন্তর উদয় হওয়ার নামই সংসার! সুতরাং সংসারে থাকিতে হইলে, এই জন্ম মৃত্যু এবং আগম নিগমকে অনবরত সহ্য করত তোমাকে দ্বন্দ্বাতীত হইতে হইবে। ইহার উপায় সত্ত্বগুণকে আশ্রয় করিয়া, কেবল দর্শকের বেশে নিজের ভোগ-কালকে অতিবাহিত করিতে হইবে। কোথায়ও সুখপ্রদ ব্যাপা-রের সমাগমে হৃষ্ট এবং দুঃখপ্রদ ব্যাপারের সংস্রবে গ্লানি-বিশিষ্ট হইলে, চলিবে না। নিরন্তর আত্মস্বরূপে অবস্থান পূর্ব্বক নিরীহ ভাবে বিশ্রাম করত উপার্জ্জনার্থ উদ্বিগ্ন বা ভোগ্য রক্ষণার্থ বিব্রত হইও না! জানিও! ইহারই নাম সংসার! রাজ-পথে পথিকের যাতায়াতের ন্যায়, সেই পরমেশের উৎপত্তি ও ধ্বংস-বিশিষ্ট সংসার-পথে কোন পদার্থ বা ভাবের ক্ষণকালের জন্য স্থির ভাবে বিশ্রামের যোগ্যতা নাই! অতএব সকলই যখন ধ্বংসশীল, তুমি কাহারও জন্য চিন্তিত বা উৎকণ্ঠিত না হইয়া, আত্মচিন্তায় নিমগ্ন থাক! এবং উপস্থিত এই কর্ত্তব্য কর্ম্ম বিনা আকাঙ্ক্ষায় সম্পাদনে যত্ন কর। তাহা হইলেই তুমি কৃতার্থ হইবে॥ ৪৫ ॥

যাবানর্থ উদপানে সর্ব্বতঃ সংপ্লুতোদকে।
তাবান্ সর্ব্বেষু বেদেষু ব্রাহ্মণস্য বিজানতঃ ॥ ৪৬ ॥

অন্বয়ঃ।

উদপানে (স্বল্পোদকে বাপী-কূপ-তড়াগাদৌ) যাবান্ (স্নান-পানাদিঃ বিচিত্রঃ) অর্থঃ সম্পদ্যতে, সর্ব্বতঃ সংপ্লুতোদকে মহাহ্রদাদৌ তাবান্ অর্থঃ একত্রৈব ভবতি এবং সর্ব্বেষু বেদেষু যাবান্ অর্থঃ সম্পদ্যতে তাবান্ সর্ব্বঃ এব অর্থঃ বিজানতঃ জ্ঞান-বিজ্ঞান-সম্পন্নস্য ব্রাহ্মণস্য ভবতি ॥ ৪৬ ॥

শাঙ্করভাষ্যম্।

সর্ব্বেষু বেদোক্তেষু কর্ম্মসু যান্যুক্তান্যনন্তানি ফলানি তানি নাপেক্ষ্যন্তে চেৎ কিমর্থং তানীশ্বরায়েত্যনুষ্ঠীয়ন্ত ইত্যুচ্যতে শৃণু যাবানিতি। যথা লোকে কূপ-তড়াগাদ্যনেকস্মিন্ উদপানে পরিচ্ছিন্নোদকে যাবান্ যাবৎপরিমাণঃ স্নান-পানাদিরর্থঃ ফলং প্রয়োজনং স সর্ব্বোঽর্থঃ সর্ব্বতঃ সংপ্লুতোদকেঽপি যোঽর্থঃ

আনন্দগিরিকৃতটীকা।

ঈশ্বরার্পণধিয়া স্বধর্ম্মানুষ্ঠানেঽপি ফলকামনাভাবাদ্বৈফল্যং যোগমার্গস্যেতি মন্বানঃ শঙ্কতে সর্ব্বেষ্বিতি। কর্ম্মমার্গস্য ফলবত্ত্বং প্রতিজানীতে উচ্যত ইতি। কিং তৎ ফলমিত্যুক্তে তদ্বিষয়শ্লোকমবতারয়তি শৃণ্বিতি। যথোদপানে কূপাদৌ পরিচ্ছিন্নো-দকে স্নানাচমনাদ্যর্থো যাবানুৎপদ্যতে স তাবানপরিচ্ছিন্নে সর্ব্বতঃ সংপ্লুতোদকে সমুদ্রেঽন্তর্ভবতি পরিচ্ছিন্নোদকানামপরিচ্ছিন্নোদকাংশত্বাত্তথা সর্ব্বেষু বেদোক্তেষু কর্ম্মসু যাবানর্থো বিষয়বিশেষোপরক্তঃ সুখবিশেষো জায়তে স তাবান্ আত্মবিদঃ স্বরূপভূতে সুখেঽন্তর্ভবতি পরিচ্ছিন্নানন্দানামপরিচ্ছিন্নানন্দান্তর্ভাবাভ্যুপগমাৎ-এতস্যৈবানন্দস্যান্যানি ভূতানি মাত্রামুপজীবন্তীতি শ্রুতেঃ। তথা চাপরিচ্ছিন্নাত্মানন্দ-

স্নান পান ও বস্ত্র ধৌতাদি গৃহকার্য্য নির্ব্বাহার্থ বাপী, কূপ ও তড়াগাদি অনেক ক্ষুদ্র ক্ষুদ্র জলাশয়ের প্রয়োজন হয় বটে, কিন্তু বিস্তীর্ণ মহাহ্রদের নিকটবর্ত্তী স্থানে বাস করিতে পারিলে, এক জলাশয়েই সর্ব্ববিধ প্রয়োজনের পূরণ যেমন হইয়া থাকে, সেইরূপ

আভাস।

হে পার্থ অর্জ্জুন! যদি একের দ্বারা সকল সাধ মিটিয়া যায়, তাহা হইলে অন্যের তোষামোদ করিবার ত প্রয়োজন হয় না! যদি কল্প-তরুর সহায়ে

শাঙ্করভাষ্যম্।

তাবানেব সংপদ্যতে তত্রান্তর্ভবতীত্যর্থঃ, এবং তাবাংস্তাবৎপরিমাণ এব সংপদ্যতে সর্ব্বেষু বেদেষু বেদোক্তেষু কর্ম্মসু যোঽর্থো যৎ কর্ম্মফলং সোঽর্থো ব্রাহ্মণস্য সন্ন্যাসিনঃ পরমার্থতত্ত্বং বিজানতো যোঽর্থো যৎ বিজ্ঞানফলং সর্ব্বতঃ সংপ্লুতোদকস্থানীয়ং তস্মিংস্তাবানেব সংপদ্যতে তত্রৈবান্তর্ভবতীত্যর্থঃ। যথা কৃতায় বিজি-

আনন্দগিরিকৃতটীকা।

প্রাপ্তিপর্য্যবসায়িনো যোগমার্গস্য নাস্তি বৈফল্যমিত্যাহ যাবানিতি। উক্তমর্থমক্ষরযোজনয়া প্রকটয়তি যথেতি। উদকং পীয়তেঽস্মিন্নিতি ব্যুৎপত্ত্যা কূপাদি-পরিচ্ছিন্নোদকবিষয়ত্বমুদপানশব্দস্য দর্শয়তি কূপেতি। কূপাদিগতস্যাভিধেয়স্য সমুদ্রেঽন্তর্ভাবাসম্ভবাৎ কথমিদমিত্থমিত্যাশঙ্ক্যার্থশব্দস্য প্রয়োজন-বিষয়ত্বং ব্যুৎপাদয়তি ফলমিতি। যৎফলত্বেন নীয়তে তৎফলমিত্যুচ্যতে তৎকথং তড়াগাদিকৃতং স্নানপানাদি তথেত্যাশঙ্ক্য তস্যান্তর্ভাবো নাশোপপত্তেরিত্যাহ প্রয়োজনমিতি। তড়াগাদিপ্রযুক্তপ্রয়োজনস্য সমুদ্র-নিমিত্ত-প্রয়োজনমাত্রত্বগযুক্তমন্যস্যান্যাত্মত্বানুপপত্তেরিত্যাশঙ্ক্যাহ তত্রেতি। ঘটাকাশাদেরিব মহাকাশে পরিচ্ছিন্নোদক-কার্য্যস্যাপরিচ্ছিন্নোদক-কার্য্যান্তর্ভাবঃ

স্বামিকৃতটীকা।

ধ্যাত্মব্রহ্মৈব পরমার্থদর্শিন ইতি অন্যথা সর্ব্বস্য ব্রহ্মত্বেঽর্পণাদীনামেব বিশেষতো ব্রহ্মত্বাভিধানমনর্থকং স্যাৎ তস্মাদ্ ব্রহ্মৈবেদং সর্ব্বমিত্যভিজানতঃ বিদুষঃ সর্ব্বকর্ম্মাভাবঃ কারকবুদ্ধ্যভাবাচ্চ, ন হি কারকবুদ্ধিরহিতং যজ্ঞাখ্যং কর্ম্ম দৃষ্টং সর্ব্বমেবাগ্নিহোত্রাদিকং কর্ম্মশব্দসমর্পিতদেবতাবিশেষ-সম্প্রদানাদিকারকবুদ্ধিমৎ কর্ত্রভিমানফলাভিসন্ধিমচ্চ দৃষ্টং নোপমৃদিতক্রিয়াকারক-কর্ম্মফলভেদবুদ্ধিমৎ কর্তৃত্বা-

আনন্দগিরিকৃতটীকা।

নিবৃত্তেতি। যথা বাহ্যযজ্ঞানুষ্ঠানাসমর্থস্যাজ্ঞস্য সঙ্কল্পাত্মকযজ্ঞো দৃষ্টস্তথা জ্ঞানস্য যজ্ঞত্বসম্পাদনং স্তুত্যর্থং সুতরামুপপদ্যতে তেন স্তুতিলাভাৎ কল্পনায়াঃ স্বাধীনত্বাচ্চেত্যর্থঃ। জ্ঞানস্য যজ্ঞত্ব-সম্পাদনমভিনয়তি যদর্পণাদীতি। কেন প্রমাণেনাত্র যজ্ঞত্বসম্পাদনমবগতমিত্যাশঙ্ক্য অর্পণাদীনাং বিশেষতো ব্রহ্মত্বাভিধানানুপপত্ত্যেত্যাহ অন্যথেতি। জ্ঞানস্য যজ্ঞত্বে সম্পাদিতে ফলিতমাহ তস্মাদিতি। আত্মৈবেদং সর্ব্বমিত্যাত্মব্যতিরেকেণ সর্ব্বস্যাবস্তুত্বং প্রতিপাদ্যমানস্য কর্ম্মাভাবে হেত্বন্তরমাহ কারকেতি। কারকবুদ্ধেস্তেষ্বভিমানস্যাভাবেঽপি কিমিতি কর্ম্ম ন স্যাদিত্যাশঙ্ক্যাহ ন হীতি। উক্তমেবান্বয়ব্যতিরেকাভ্যাং দ্রঢ়য়তি সর্ব্বমেবেতি ইন্দ্রায়েত্যাদিনা শব্দেন সমর্পিতো দেবতাবিশেষঃ সম্প্রদান-কারকমাদিশব্দাদ্ব্রীহ্যাদিকরণকারকং তদ্বিষয়বুদ্ধিমৎকর্ত্তাহস্মীত্যভিমানপূর্ব্বকে মোক্ষফলমস্যেতি ফলাভি-

আভাস।

পদার্থকে প্রত্যক্ষের ন্যায় প্রতীত করিতেছে। তাহার আর অভাব কখনই ঘটে না। মাস, দিন, বৎসর এবং বাল্য যৌবন এবং জরা প্রভৃতি কতই কাল এবং অবস্থার পরিবর্ত্তন হইতেছে, সাক্ষিরূপে বিদ্যমান জ্ঞানের আর পরিবর্ত্তন নাই। সুখই আসুক দুঃখই আসুক, তুল্যভাবে যাহা সকলকে অনুভব করিতেছে, সেই আমার আমি-জ্ঞানের ত কোন পরিবর্ত্তন নাই। বাল্যে যে আমি ছিলাম, যৌবনেও সেই আমিই থাকি এবং বার্দ্ধক্যেও সেই আমি বলিতে বা ভাবিতে ত কোন ত্রুটি করি না। অতএব জ্ঞানের যতই বিষয় হউক, সবই অনিত্য! কিন্তু বিষয়ের বিষয়ী যে আমি-স্বরূপ জ্ঞান, তাহার আর নাশ নাই। আরও বিবেচনা করিয়া দেখিলে, আমরা বুঝিতে পারিব যে, জন্ম ও মৃত্যুরূপ দেহের যে পরিবর্ত্তন ঘটে, তাহারও সাক্ষী আমি! কারণ মরিতে কেহ কখন চাহে না; এবং মরণের কারণ সর্পাদিকে দর্শন করিলে, ভয়ে মানবাদি জীব-জগৎ অন্যত্র বা নিরাপদ স্থানে পলায়নে প্রবৃত্ত হয়। তখন মরণটা আমার অপ্রিয় বলিয়া স্বীকার করিতে

শাঙ্করভাষ্যম্।

ভিমানফলাভিসন্ধিরহিতঞ্চ ইদন্ত ব্রহ্মবুদ্ধ্যুপমৃদিতাৰ্পণাদিকারককর্ম্মক্রিয়াফলভেদবুদ্ধি- মৎকর্ম্মাতোঽকর্ম্মৈব তৎ, তথা চ দর্শিতং কর্ম্মণ্যভিপ্রবৃত্তোঽপি নৈব কিঞ্চিৎ করোতি সঃ, গুণা গুণেষু বর্ত্তন্তে, নৈব কিঞ্চিৎ করোমীতি, যুক্তো মন্যেত তত্ত্ববিদিত্যাদিভিস্তথা চ দর্শয়ন তত্র তত্র ক্রিয়াকারকফলভেদবুদ্ধ্যুপমর্দ্দং করোতি, দৃষ্টা চ কাম্যাগ্নিহোত্রাদেঃ কামোপমর্দ্দেন কাম্যাগ্নিহোত্রাদিহানিস্তথা মতিপূর্ব্বকামতিপূর্ব্বকত্বাদানাং এবম্বিধেন

আনন্দগিরিকৃতটীকা।

সন্ধিমচ্চ কর্ম্ম দৃষ্টমিতি যোজনা। অন্বয়মুক্ত্বা ব্যতিরেকমাহ নেত্যাদিনা। উপমৃদিতা ক্রিয়াদিভেদবিষয়া বুদ্ধি র্যস্য তৎকর্ম্ম তথা কর্ত্তৃত্বাভিমানপূর্ব্বকেণ মোক্ষে ফলমস্তেতি যোঽভিসন্ধিস্তেন রহিতঞ্চ ন কর্ম্ম দৃষ্টমিত্যন্বয়ঃ। তথাপি ব্রহ্মবিদো ভাসমানকর্ম্মাভাবে কিমায়াতমিত্যাশঙ্ক্যাহ ইদমিতি। যদিদং ব্রহ্মবিদো দৃশ্যমানং কর্ম্ম তদহমস্মি ব্রহ্মেতি বুদ্ধ্যা নিরাকৃত-কারকাদিভেদ-বিষয়বুদ্ধিমদতশ্চ কর্ম্মৈব ন ভবতি তত্ত্বজ্ঞানে সতি ব্যাপকং কারকাদি ব্যাবর্ত্তমানং ব্যাপ্যং কর্ম্মাপি ব্যাবর্ত্তয়তি তত্ত্ববিদঃ শরীরাদিচেষ্টা কর্ম্মাভাবঃ কর্ম্মব্যাপকরহিতত্বাৎ সুষুপ্তচেষ্টাবদিত্যর্থঃ।

জ্ঞানবতো দৃশ্যমানং কর্ম্মাকর্ম্মৈবেত্যত্র ভগবদনুমতিমাহ তথা চেতি। ব্রহ্মবিদো দৃষ্টং কর্ম্ম নাস্তীত্যুক্তেঽপি তৎকারণানুপমর্দ্দাৎ পুনর্ভবিষ্যতীত্যাশঙ্ক্যাহ তথা চ

আভাস।

হইবে। কিন্তু কখন যাহাকে অনুভব করা যায় নাই, তাহাকে প্রিয় বা অপ্রিয় বলিয়া কি প্রকারে স্বীকার করা যায়! মরণকে যখন অপ্রিয় বলিয়া স্বীকার করি, তখন পূর্ব্বে তাহাকে নিশ্চয়ই অনুভব করা হইয়াছে। সুতরাং জন্ম মরণেরও সাক্ষী যে আমি, তাহা আর বিশেষ ভাবে বুঝাইবার প্রয়োজন হয় না। কারণ ভূমিষ্ঠ হইয়া উচ্চ চিৎকারে রোদনের অভিনয়ই শিশুর জন্মানুভূতির প্রচুর পরিচয়! অতএব অনুভূতি-মুখিতে আমিত্বের সুস্পষ্ট প্রতীতি না হইলে, জগতের মিথ্যাত্ব কখনই প্রমাণীকৃত হয় না। অতএব জগৎ সত্য! মিথ্যা নহে; এই অজ্ঞানকে সরাইতে হইলে, এক আমি জ্ঞানকে প্রত্যক্ষে অবধারণ করা ব্যতীত গত্যন্তর নাই! এক্ষণে বিচার্য্য যে, আমি-জ্ঞান যেন এই বিশ্ব-ভাবকে বুঝে সত্য! কিন্তু এই বিচিত্র ভাবে এবং ক্রম পর্য্যায়ে বিকশিত হইয়া প্রতীয়মান জগৎকে কে গঠন করিতেছে? এমন কোন্ শক্তিমান্ এবং সর্ব্বজ্ঞ আছেন! যাঁহার হৃদয়াকাশে এই বিচিত্র জগৎ সুপ্রতিষ্ঠিত থাকিয়া একবার ব্যক্তভাবে প্রকাশ পায় এবং

শাঙ্করভাষ্যম্।

কারকাত্মনাং কর্ম্মণাং কার্য্যবিশেষস্যারব্ধত্বং দৃষ্টং তথেহাপি ব্রহ্মবুদ্ধ্যপমৃদিতাপর্ণাদি-কারকক্রিয়াফলভেদবুদ্ধের্কাহ্যচেষ্টামাত্রেণ কর্ম্মাপি বিদুষোঽকর্ম্ম সম্পদ্যতেঽত উক্তং সমগ্রং প্রবিলীয়ত ইতি। অত্র কেচিদাহুর্যদ্ ব্রহ্ম তদর্পণাদীনি ব্রহ্মৈব কিলার্প-ণাদিনা পঞ্চবিধেন কারকাত্মনা ব্যবস্থিতং সত্তদেব কর্ম্ম করোতি তত্র নার্পণাদি-বুদ্ধির্নিবর্ত্ত্যতে কিন্তু অর্পণাদিষু ব্রহ্মবুদ্ধিরাধীয়তে যথা প্রতিমাদৌ বিষ্ণ্বাদিবুদ্ধির্যথা

আনন্দগিরিকৃতটীকা।

দর্শয়তীতি। অবিদ্বানিব বিদ্বানপি কর্ম্মণি প্রবর্ত্তমানো দৃশ্যতে তথাপি তস্য কর্ম্মাকর্ম্মৈবেত্যত্র দৃষ্টান্তমাহ দৃষ্টা চেতি। বিদ্বৎকর্ম্মাপি কর্ম্মত্বাবিশেষাদিতর-কর্ম্মবৎ ফলারম্ভকমিত্যপি শঙ্কা ন যুক্তেত্যাহ তথেতি। ইদং কর্ম্মৈব কর্ত্তব্যমস্য চ ফলং ভোক্তব্যমিতি মতিস্তং পূর্ব্বকাণ্যস্তৎপূর্ব্বকাণি চ কর্ম্মাণি তেষামবান্তরভেদ-সংগ্রহার্থমাদিপদম্। দার্ষ্টান্তিকমাহ তথেতি। সপ্তম্যা বিদ্বৎপ্রকরণং পরামৃষ্টং ষষ্ঠ্যৌ সমানাধিকরণে। উক্তেঽর্থে পূর্ব্ববাক্যমনুকূলয়তি অতইতি। ব্রহ্মার্পণ-মন্ত্রস্য স্বব্যাখ্যানমুক্ত্বা স্বযূথ্যব্যাখ্যানমনুবদতি অত্রেতি। প্রসিদ্ধোদ্দেশেনাপ্রসিদ্ধ-বিধানস্য ন্যায্যত্বাদপ্রসিদ্ধোদ্দেশেন প্রসিদ্ধবিধানং কথমিত্যাশঙ্ক্যাহ ব্রহ্মৈবেতি। কিলেত্যস্মিন্ ব্যাখ্যানে সিদ্ধান্তিনোঽসংপ্রতিপত্তিং সূচয়তি। কর্ত্তৃকর্ম্মকরণ-সম্প্রদানাধিকরণরূপেণ পঞ্চবিধেন ব্রহ্মৈব ব্যবস্থিতং কর্ম্ম করোতীত্যঙ্গীকারাৎ

আভাস।

অব্যক্তভাব ধারণে সুস্থমূর্ত্তিতে তথায় শয়াম থাকে! হে অর্জ্জুন। নিজের আত্মস্বরূপ জ্ঞানের অনুপাতে এই বিরাট্ দেহের পরম আমিকে যে মানব নিরূপণ করিতে পারে, তাহার আর শোক সন্তাপ কিছু থাকে না। তিনি অমিয়-পূর্ণ পরমানন্দে নিত্য বিরাজ করত, জীবন্মুক্তের ন্যায় প্রারব্ধের পর্য্যবসান পর্য্যন্ত দেহ ধারণ করেন মাত্র।

বাল্যলীলার প্রদর্শন কালে শ্রীকৃষ্ণ কর্ত্তৃক যমলার্জ্জুন বৃক্ষদ্বয় উৎপাটিত হইয়া ভূমিসাৎ হইলে, উভয় বৃক্ষ হইতে দুইটী বিদ্যাধর অপূর্ব্ব বেশে বহির্গত হইয়া বালক-বেশধারী শ্রীকৃষ্ণকে রহস্যোদ্ঘাটনে বলিয়াছিলেন যে, হে কৃষ্ণ! প্রকৃত পক্ষে তুমি বালক নহ! ইচ্ছাধীন বিগ্রহ ধারণে তুমি সমর্থ। তজ্জন্যই আজ যশোদার সাধ মিটাইবার উপলক্ষে এই বেশে বিরাজ করিতেছ! তোমার ইচ্ছারই অব্যক্ত ভাব তুমি নিজে! এবং স্ফুটভাব এই বিশ্ব সংসার। তাঁহারা বলিয়াছিলেন হে শ্রীকৃষ্ণ! "কৃষ্ণ কৃষ্ণ মহাযোগিন্ ত্বমাদ্যঃ পুরুষঃ পরঃ। ব্যক্তাব্যক্ত মিদং বিশ্বং

শাঙ্করভাষ্যম্।

চ নামাদৌ ব্রহ্মবুদ্ধিরেবং সত্যমেবমপি স্যাদ্যদি জ্ঞানযজ্ঞস্তুত্যর্থং প্রকরণং ন স্যাৎ অত্র তু সম্যগ্দর্শনং জ্ঞান-যজ্ঞ-শব্দিতমনেকান্ যজ্ঞশব্দিতান্ ক্রিয়াবিশেষানুপক্রম্য শ্রেয়ান্ দ্রব্যময়াদ্যজ্ঞাৎ জ্ঞানযজ্ঞ ইতি জ্ঞানং স্তৌতি অত্র চ সমর্থমিদং বচনং ব্রহ্মার্পণমিত্যাদি জ্ঞানস্য যজ্ঞত্বসম্পাদনে অন্যথা সর্ব্বস্য ব্রহ্মত্বেঽর্পণাদীনামেব

আনন্দগিরিকৃতটীকা।

তদপ্রসিদ্ধাভাবাৎ তদনুবাদেনার্পণাদিষবিরুদ্ধত্বন্দৃষ্টিবিধিরিত্যর্থঃ। দৃষ্টিবিধিপক্ষে সিদ্ধান্তবিশেষং দর্শয়তি তত্রেতি। অর্পণাদিষু কর্তব্যাং ব্রহ্মবুদ্ধিং দৃষ্টান্তাভ্যাং স্পষ্টয়তি যথেত্যাদিনা। দৃষ্টিবিধানে বিধেয়দৃষ্টে মানসক্রিয়াত্বেন সম্যগ্জ্ঞান-ত্বাভাবাৎ প্রকরণভঙ্গঃ স্যাদিত্যভিপ্রেত্য পরিহরতি সত্যমেবমিতি। বিধিৎসিত-দৃষ্টিস্তুতিপরমেব প্রকরণং ন জ্ঞানস্তুতিপরমিত্যাশঙ্ক্য প্রকরণপর্য্যালোচনয়া জ্ঞানস্তুতিরেবাত্র প্রতিভাতীতি প্রতিপাদয়তি অত্র ত্বিতি। কিঞ্চ ব্রহ্মার্পণমন্ত্র-স্যাপি সম্যগ্জ্ঞানস্তৌ সামর্থ্যং প্রতিভাতীত্যাহ অত্র চেতি। নন্বর্পণাদিষু

আভাস।

রূপং তে ব্রহ্মণো বিদুঃ। অর্থাৎ মানব যেমন মনে মনে যাহা কল্পনা করে, বাহিরে তাহাই কার্য্যে প্রকাশ করে। হে ব্রহ্মন্! আপনিও অন্তরে যাহা কল্পনা করেন, তাহাই বাহিরে জগৎরূপে প্রকাশ করেন। সুতরাং আপনি যখন ইচ্ছাময়, তখন আপনিই জগন্ময়! অর্থাৎ জগদ্রূপে আপনিই একাকী বিরাজ করিতেছেন! আপনিই কর্ত্তা; আপনিই কর্ম্ম, আপনিই করণ কারক ইন্দ্রিয়; অপনিই সম্প্রদান কারক অর্পণের আধার, আপনা হইতে সকলের উৎপত্তি অর্থাৎ অপাদান কারক এবং আপনাতেই সকলের বিশ্রাম অধিকরণ কারক; এবং এই অনন্ত বিশ্ব আপনার নিজের! অন্য কাহারও নহে! অতএব যত রকম ভাবে আপনি বিরাজ করিতেছেন, সেই সর্ব্বপ্রকার ভাবকে আপনি বলিয়া অবধারণ করিতে পারিলে, উক্ত জ্ঞানীর সর্ব্বপ্রকারে এক ব্রহ্মস্বরূপ আপনাকে বুঝিলে, তাহার সকল বুঝা ব্যাপারের সমাপ্ত হইয়া যায়।

অতএব এই শ্লোকে পূর্ণব্রহ্মের কর্ম্মময় ভাবেরই পরিচয় প্রদান করা হইয়াছে। অবশ্য উপনিষদাদিতে "অসঙ্গোহয়ং পুরুষঃ", নিষ্কলং নিষ্ক্রিয়ং

শাঙ্করভাষ্যম্।

বিশেষতো ব্রহ্মত্বাভিধানমনর্থকং স্যাৎ। যে স্বর্পণাদিষু প্রতিমায়াং বিষ্ণুদৃষ্টিবৎ ব্রহ্মদৃষ্টিঃ ক্ষিপ্যতে নামাদিদ্বিব চেতি ব্রুবতে ন তেষাং ব্রহ্মবিদ্যোক্তেহ বিবক্ষিতা স্যাদর্পণাদিবিষয়ত্বাৎ জ্ঞানস্য ন চ দৃষ্টিসম্পাদন-জ্ঞানেন মোক্ষফলং প্রাপ্যতে ব্রহ্মৈব তেন গন্তব্যমিতি চোচ্যতে বিরুদ্ধঞ্চ সম্যগ্দর্শনমন্তরেণ মোক্ষফলং প্রাপ্যত

আনন্দগিরিকৃতটীকা।

ব্রহ্মদৃষ্টিং কুর্বর্তামপি ব্রহ্মবিদ্যৈবাত্র বিবক্ষিতেতি পক্ষভেদাসিদ্ধিবিতি চেৎ তত্রাহ যে ত্বিতি। যথা ব্রহ্মদৃষ্ট্যা নামাদিকমুপাস্যং তথার্পণাদিষু ব্রহ্মদৃষ্টিকরণে সত্যর্পণাদিকমেব প্রাধান্যেন জ্ঞেয়মিতি ব্রহ্মবিদ্যা যথোক্তেন বাক্যেন বিবক্ষিতা ন স্যাদিত্যর্থঃ। কিঞ্চ ব্রহ্মৈব তেন গন্তব্যমিতি ব্রহ্মপ্রাপ্তিফলাভিধানাদপি দৃষ্টি-বিধানমশ্লিষ্টমিত্যাহ ন চেতি। ন চার্পণাদ্যালম্বনা দৃষ্টির্ব্রহ্ম প্রাপয়ত্যপ্রতীকা-লম্বনান্নয়তীতি ন্যায়বিরোধাদিতিভাবঃ। দৃষ্টিবিধানেঽপি নিয়োগ-বলাদেব স্বর্গবদ-দৃষ্টো মোক্ষো ভবিষ্যতীত্যাশঙ্ক্যাহ বিরুদ্ধঞ্চেতি। জ্ঞানাদেব কৈবল্যমুক্ত্বা মার্গা-ন্তরাপবাদিন্যা শ্রুত্যা বিরুদ্ধং মোক্ষস্য অবিদ্যানিবৃত্তিলক্ষণস্য দৃষ্টস্য নৈয়োগিকত্ব-

আভাস।

শান্তং নিরবদ্যং নিরঞ্জনং। অমৃতস্য পরং সেতুং দগ্ধেন্ধন-মিবানলম্॥ ইত্যাদি মন্ত্রের উল্লেখে পরমাত্মাকে যে গুণাতীত বা নির্গুণ সুতরাং অকর্ত্তা বা নিরবয়ব ভাবে কীর্ত্তন করা হইয়াছে, সেটী কেবল তদীয় চিদংশের প্রতি লক্ষ্য করিয়াই বলা হইয়াছে! কিন্তু তাঁহার শক্তি বা প্রধান প্রকৃতি ভাগের প্রতি লক্ষ্য করিলে, কোন ক্রিয়াই যখন তিনি ব্যতীত হয় না, তখন তাঁহাকে সক্রিয় বলিতে কোন রকম দোষস্পর্শ হয় না। কারণ শক্তি ও শক্তিমানের কোন ভেদ অর্থাৎ পৃথক্ অস্তিত্ব থাকিতে পারে না। কারণ যে করে, সেই বুঝে; কিন্তু যে বুঝে, সে করিতে পারে; অবশ্য না করিলেও তাহার বুঝাভাবের অন্তর্ধান হয় না। এখানে ভগবানের উপদেশের মূল তাৎপর্য্য এই যে, যদিও মানব স্বকীয় চৈতন্যস্বরূপ জ্ঞান ভাবের প্রতীতির দ্বারা আমির স্বরূপ স্পষ্টত উপলব্ধি করায় প্রকৃতির পরিণামে গঠিত সূক্ষ্ম বুদ্ধি হইতে স্থূল দেহ-বর্গের কার্য্য হইতে আপনাকে নিষ্কৃতি করান হইল এবং আত্ম স্বরূপের অনুপাতে পরম ব্রহ্মের চিদ্রূ-

শাঙ্করভাষ্যম্।

ইতি প্রকৃতবিরোধশ্চ সম্যগ্দর্শনঞ্চ প্রকৃতং, কর্ম্মণ্যকর্ম্ম যঃ পশ্যেদিত্যত্রান্তে চ সম্যগ্দর্শনং তস্যৈবোপসংহারাৎ শ্রেয়ান্ দ্রব্যময়াদ্যজ্ঞাৎ জ্ঞানযজ্ঞঃ পরন্তপ জ্ঞানং লব্ধ্বা পরং শান্তিমিত্যাদিনা সম্যগ্দর্শনস্তুতিমেব কুর্ব্বন্ পক্ষীণোঽধ্যায়ঃ। তত্র অকস্মাদর্পণাদৌ ব্রহ্মদৃষ্টিরপ্রকরণে প্রতিমায়ামিব বিষ্ণুদৃষ্টিরুচ্যত ইত্যনুপপন্নং তস্মাদ্যথাব্যাখ্যাতার্থ এবায়ং শ্লোকঃ ॥ ২৪ ॥

আনন্দগিরিকৃতটীকা।

বচনমিত্যর্থঃ। দৃষ্টিনিয়োগান্মোক্ষো ভবতি ইত্যেতৎ প্রকরণবিরুদ্ধঞ্চেত্যাহ প্রকৃতেতি। তদেব প্রপঞ্চয়তি সম্যগ্দর্শনঞ্চেতি। অন্তে চ সম্যগ্দর্শনং প্রকৃতমিতি সম্বন্ধঃ। তত্র হেতুঃ তস্যৈবেতি। সম্যগ্জ্ঞানেনোপক্রম্য তেনৈবো-পসংহারেঽপি মধ্যে কিঞ্চিদন্যৎকমিতি প্রকরণস্তাতদ্বিষয়ত্বমিত্যাশঙ্ক্যাহ শ্রেয়া-নিতি। প্রকরণে সম্যগ্জ্ঞানবিষয়ে সত্যনুপপন্নো দর্শনবিধিরিতি ফলিতমাহ তত্রেতি। ব্রহ্মার্পণমন্ত্রে পরকীয়-ব্যাখ্যানাসম্ভবে স্বকীয়-ব্যাখ্যানং ব্যবস্থিত-মিত্যুপসংহরতি তস্মাদিতি ॥ ২৪ ॥

আভাস।

পদ্বের মীমাংসায় উপনীত হইতে পারিলেন, তথাপি পূর্ণব্রহ্ম-স্বরূপের উপলব্ধি করা তাঁহার হয় না। তাঁহাকে সর্ব্বশক্তিমান্ অর্থাৎ কর্ম্মময় এবং সর্ব্বজ্ঞানময় ভাবে অবধারণ করাই তাঁহার পূর্ণব্রহ্মত্বের পরিচয়। কারণ মহামায়া বৈষ্ণবী শক্তি প্রকৃতি সেই ব্রহ্মস্বরূপের অধীন; তিনি প্রকৃতিকে নিজ ইচ্ছাশক্তি রূপে ক্রীড়া করাইতে পারেন; জীবাত্মা তাহা পারে না। তাহারা প্রকৃতির অধীন। পরমেশ প্রকৃতির সহিত অবিনাভাব-সম্বন্ধে নিত্য বিরাজ করেন; কখন প্রকৃতিকে উপশমিত করিয়া নিজে পরমানন্দে বিশ্রাম করেন এবং কখনও বা প্রকৃতিকে প্রসারণে ব্রহ্মাণ্ড রচনা করিয়া, স্বকীয় অধিষ্ঠাতৃত্বের পরিচয় প্রচার করেন। জীবাত্মা কিন্তু অনুভবিতৃত্বের পরিচয় দেওয়া ব্যতীত, কর্ত্তৃত্বের পরিচয় দিতে পারে না। শ্রীকৃষ্ণ এখানে ভগবানের সর্ব্বজ্ঞাতৃত্ব ও সর্ব্বকর্ত্তৃত্বের পরিচয় প্রদানে অর্জ্জুনকে বুঝাইয়াছেন যে "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" অর্থাৎ যাবদীয় ক্রিয়া, ক্রিয়ার ফল, চেষ্টা এবং বিষয় সমস্তই ব্রহ্মস্বরূপ এবং ব্রহ্মময় ॥ ২৪ ॥

দৈবমেবাপরে যজ্ঞং যোগিনঃ পর্য্যুপাসতে।
ব্রহ্মাগ্নাবপরে যজ্ঞং যজ্ঞেনৈবোপজুহ্বতি ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

দৈবং ( দেবাঃ ইজ্যন্তে যেন যজ্ঞেন অসৌ দৈবঃ যজ্ঞঃ তং ) অপরে যোগিনঃ কর্ম্মিণঃ পর্য্যুপাসতে কুর্ব্বন্তি ; ব্রহ্মাগ্নৌ ( ব্রহ্ম এব অগ্নিঃ তস্মিন্ ) অপরে অন্যে ব্রহ্মবিদঃ যজ্ঞং আত্মানং বুদ্ধ্যাদ্যুপাধিসংযুক্তং, যজ্ঞেন হোমবিধিনা এব উপজুহ্বতি ( সোপাধিকং আত্মানং নিরুপাধিকে পরব্রহ্মণি মনসা অর্পয়ন্তি ॥ ২৫ ॥

শাঙ্করভাষ্যম্।

তত্র অধুনা সম্যগ্দর্শনস্য যজ্ঞত্বং সম্পাদ্য তৎস্তুত্যর্থমন্যেঽপি যজ্ঞা উপক্ষিপ্যন্তে দৈবমেবেত্যাদিনা। দৈবমেব দেবা ইজ্যন্তে যেন যজ্ঞেনাসৌ দৈবো যজ্ঞস্তমেবাপরে

আনন্দগিরিকৃতটীকা।

জ্ঞানস্য যজ্ঞত্বং সংপাদ্য পূর্ব্বশ্লোকে স্থিতে সত্যধুনা তস্যৈব জ্ঞানস্য স্তুত্যর্থং যজ্ঞান্তরনির্দ্দেশার্থমুত্তরগ্রন্থপ্রবৃত্তিরিত্যাহ তত্রেতি। সর্ব্বস্য শ্রেয়ঃসাধনস্য মুখ্য-গৌণবৃত্তিভ্যাং যজ্ঞত্বং দর্শয়ন্ আদৌ যজ্ঞদ্বয়মাদর্শয়তি দৈবমেবেতি। প্রতীকমা-

---

যাঁহারা কর্ম্মযোগী, তাঁহারা ইন্দ্রাদি দেবতার উদ্দেশে ফলের আকাঙ্ক্ষায় হবিঃ প্রভৃতির প্রদানের দ্বারা অগ্নিতে আহুতি প্রদান করিয়া থাকেন, কিন্তু জ্ঞান-যোগী ব্রহ্মস্বরূপ হুতাশনে স্বকীয় ইন্দ্রিয়াদির অধিষ্ঠাতৃরূপে বিদ্যমান চৈতন্য-স্বরূপ যজ্ঞনামক আত্মাকে সমর্পণের বিধানে যজ্ঞ করিয়া থাকেন ॥ ২৫ ॥

আভাস।

ক্রিয়া, কর্ত্তা, কর্ম্ম, করণ, সম্প্রদান, অপাদান, সম্বন্ধ, অধিকরণ এবং সম্বোধন প্রভৃতি যাবদীয় ভাব বা ব্যাপারকে ব্রহ্মময় মূর্ত্তিতে ধারণা করত কার্য্য করিলে, ব্রহ্মপ্রাপ্তি হয় ; ইহাই প্রকৃত জ্ঞান-যজ্ঞ। জ্ঞানিগণ এই যজ্ঞের অনুষ্ঠানে কৃতার্থ হন। জগতে অনুষ্ঠানের অন্ত নাই। কর্ম্মহীন হইয়া কোন পদার্থ বা ভাব নিশ্চেষ্টের ন্যায় অবস্থান করে না ; কারণ সমস্তই তিনিময়। তিনি বলিতে হইলে, প্রকৃতি-পুরুষের একাকার ভাব ; যাহার বহির্ম্মুখী মূর্ত্তি অর্থাৎ ব্যক্তভাবই জগৎ এবং অব্যক্ত ভাব অর্থাৎ স্বরূপে অবস্থানই স্বয়ং তিনি। জীবের যদবধি ভোগ্য পাইয়া পরিতৃপ্ত হইবার প্রত্যাশা থাকে, তদবধিই তাহাদের সংসার ভাব ; সুতরাং সংসার-জ্বালা বহির্ম্মুখ জীবকে ভোগ করিতে হয়।

শাঙ্করভাষ্যম্।

যজ্ঞং যোগিনঃ কর্ম্মিণঃ পর্য্যুপাসতে কুর্ব্বন্তীত্যর্থঃ। ব্রহ্মাগ্নৌ সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম বিজ্ঞানমানন্দং ব্রহ্ম; যৎ সাক্ষাদপরোক্ষাদ্ব্রহ্ম; য আত্মা সর্ব্বান্তর ইত্যাদিবচনোক্ত-মশনায়াদি সর্ব্বসংসার-ধর্ম্মবর্জ্জিতং নেতি নেতীতি নিরস্তাশেষবিশেষং ব্রহ্মশব্দেনো-চ্যতে; ব্রহ্ম চ তদগ্নিশ্চ সহোমাদিকরণত্ববিবক্ষয়া ব্রহ্মাগ্নিস্তস্মিন্ ব্রহ্মাগ্নাবপরেঽন্যে

আনন্দগিরিকৃতটীকা।

দায় দৈবযজ্ঞং ব্যাচষ্টে দেবা ইতি। সম্যগ্জ্ঞানাখ্যং যজ্ঞং বিভজতে ব্রহ্মাগ্নাবিতি। তত্র ব্রহ্মশব্দার্থং শ্রুত্যবষ্টম্ভেন স্পষ্টয়তি সত্যমিতি। যদজ্ঞমনৃতবিপরীতমপরিচ্ছিন্নং ব্রহ্ম তস্য পরমানন্দত্বেন পরমপুরুষার্থত্বমাহ বিজ্ঞানমিতি। তস্য জ্ঞানাধিকরণত্বেন জ্ঞানত্বমৌপচারিকমিত্যাশঙ্ক্যাহ যৎ সাক্ষাদিতি। জীবব্রহ্মবিভাগে কথমপরিচ্ছিন্নত্ব-মিত্যাশঙ্ক্য বিশিনষ্টি য আত্মেতি। পরস্যৈবা ব্রহ্ম সর্ব্বস্মাদ্দেহাদেরব্যাকৃতান্তাদান্তর-ত্বেন সাধয়তি সর্ব্বান্তর ইতি। বিধিমুখং সর্ব্বমেবোপনিষদ্বাক্যং ব্রহ্মবিষয়মাদি-

স্বামিকৃতটীকা।

তদেবং যজ্ঞত্বেন সম্পাদিতং সর্ব্বত্র ব্রহ্ম-দর্শন-লক্ষণং জ্ঞানং সর্ব্বযজ্ঞোপায়প্রাপ্য-ত্বাৎ সর্ব্বযজ্ঞেভ্যঃ শ্রেষ্ঠমিত্যেবং স্তোতুমধিকারিভেদেন জ্ঞানোপায়ভূতান্ বহূন্ যজ্ঞানাহ দৈবমিত্যাদিভিরষ্টভিঃ। দেবা ইন্দ্র-বরুণাদয় ইজ্যন্তে যস্মিন্, এবকারেণ ইন্দ্রাদিষু ব্রহ্মবুদ্ধিরাহিত্যং দর্শিতং, তদেবং যজ্ঞমপরে কর্ম্মযোগিনঃ পর্য্যুপাসতে শ্রদ্ধয়ানুতিষ্ঠন্তি, অপরে তু জ্ঞানযোগিনো ব্রহ্মরূপেঽগ্নৌ যজ্ঞেনৈবোপায়েন ব্রহ্মার্পণ-মিত্যাদ্যুক্তপ্রকারেণ যজ্ঞমুপজুহ্বতি যজ্ঞাদিসর্ব্বকর্ম্মাণি প্রবিলাপয়ন্তীত্যর্থঃ, সোঽয়ং জ্ঞানযজ্ঞঃ॥ ২৫॥

আভাস।

অর্পণ অর্থাৎ প্রদান, যাহা প্রদান করা যায়; যথা ঘৃত। যাহাতে অর্পণ করা যায়, যথা অগ্নি, যিনি বা যাহার দ্বারা অর্পণ, অর্থাৎ ঋত্বিক, অর্পণের ফল বা প্রাপ্তি এ সমস্তই ব্রহ্ম। এই পঞ্চ প্রকার ব্যাপার যেমন ব্রহ্ম-যজ্ঞে আছে, এই পদ্ধতিতেই প্রায় সকল ব্যাপারেরই নির্ব্বাহ হইয়া থাকে। এবং এইরূপ কর্ম্ম-স্রোত স্পষ্ট সংসারের সর্ব্বত্র পরিব্যাপ্ত! নৈসর্গিক জগতে অন্তঃ-সলিলা নদীর ন্যায়, যে ক্রিয়ার স্রোত চলিতেছে এবং মানব যাগ-যজ্ঞাদির সম্পাদনে যে ফল প্রাপ্ত হইতেছেন, এমন কি! আদান প্রদান দ্বারা পরস্পরে যে ফল দিতেছেন ও পাইতেছেন, সমস্তই সেই পরমেশের ক্রিয়ারই পরিচয়; যাহা শাস্ত্রে যজ্ঞনামে অভিহিত হইয়া থাকে। পরবর্ত্তী শ্লোক-সমূহে দ্রব্য-যজ্ঞাদির ব্যাখ্যান উপলক্ষে সেই ব্রহ্ম যজ্ঞেরই

শাঙ্করভাষ্যম্।

ব্রহ্মবিদো যজ্ঞং যজ্ঞশব্দবাচ্য আত্মা। আত্মনামসু যজ্ঞশব্দস্য পাঠাৎ তমাত্মানং যজ্ঞং পরমার্থতঃ পরমেব ব্রহ্ম সন্তং বুদ্ধ্যাদ্যুপাধিসংযুক্তমধ্যস্তসর্ব্বোপাধি-ধর্ম্মকমাহুতিরূপং যজ্ঞেনৈবাপরে জুহ্বতি। তং সোপাধিকমাত্মানং নিরুপাধিকেন পরব্রহ্মস্বরূপেণৈব যদ্দর্শনং স তস্মিন্ হোমস্তং কুর্ব্বন্তি ব্রহ্মাত্মৈকত্বদর্শননিষ্ঠাঃ সংন্যাসিন ইত্যর্থঃ॥ ২৫ ॥

আনন্দগিরিকৃতটীকা।

শব্দার্থঃ। নিবেশমুক্ত ব্রহ্মবিষয়মুপলিপ্যবাক্যমশেষমেবার্থতো নিরূপয়তি অশনায়েতি। ব্রহ্মণ্যগ্নিশব্দপ্রয়োগে নিমিত্তমাহ সহোবেতি। বুদ্ধ্যাদ্যুপাধিনা সর্ব্বস্য দাহকত্বাদিলয়স্য বা হেতুত্বাদিতি দ্রষ্টব্যং। যজ্ঞশব্দস্যাত্মনি স্বশব্দার্থে প্রয়োগে হেতুমাহ আত্মনামস্বিতি। আধারাধেয়-ভাবেন বাস্তবভেদং ব্রহ্মাত্মনো ব্যাবর্ত্তয়তি পরমার্থত ইতি। কথং তর্হি হোমো ন হি তস্যৈব তত্র হোমঃ সম্ভবতীত্যাশঙ্ক্যাহ বুদ্ধ্যাদীতি। উপাধিসংযোগফলং কথয়তি অধ্যস্তেতি। উপাধিসংযোগফলং কথয়তি অধ্যস্তেতি। উপাধ্যধ্যাসদ্বারা তদ্ধর্ম্মাধ্যাসে প্রাপ্তমর্থং নির্দ্দিশতি আহুতীতি। ইথম্ভূতলক্ষণাং তৃতীয়ামেব ব্যাকরোতি উক্তেতি। অশনায়াদি-সর্ব্ব-সংসার-ধর্ম্ম-বর্জ্জিতেন নির্ব্বিশেষেণ স্বরূপেণেতি যাবৎ। আত্মনো ব্রহ্মণি হোমমেব প্রকটয়তি সোপাধিকস্যেতি। পর ইত্যস্যার্থং স্ফোরয়তি ব্রহ্মেতি॥ ২৫ ॥

আভাস

পরিচয় প্রদান করা হইয়াছে। যাঁহারা ফলপ্রার্থী কর্ম্মী, তাঁহারা দেবতার উদ্দেশে যজ্ঞ করিয়া থাকেন। দেবতাগণও পরমাত্মারই মূর্ত্ত্যন্তর; অর্থাৎ তাঁহারই ইচ্ছা-বিগ্রহ। "সর্ব্বদেবময়ো বিষ্ণুঃ।" ফলপ্রদানের উপলক্ষে যে যে মূর্ত্তিতে তিনি আত্মপরিচয় দেন, তাঁহারাই দেবতা-নামে অভিহিত। কিন্তু দেবতাগণের উপাসনা করিলে, যদিও পরোক্ষ ভাবে পূর্ণব্রহ্মেরই উপাসনা করা হয় বটে, তথাপি কেবল প্রার্থনা বা কামনার অনুরোধে দেবযাজকগণ পুনর্জন্মের স্রোতে পতিত হন। কামনার অভাবে কেবল জ্ঞানযোগিগণ কামনার আধার আত্মস্বরূপকে পর্য্যন্ত পরমাত্মাতে সমর্পণ করার অনুরোধে, জন্মান্তর প্রাপ্তির দায় হইতে নিষ্কৃতি পান। কারণ শাস্ত্র বলিয়াছেন, সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম।" বিজ্ঞানং আনন্দং ব্রহ্ম; "যৎ সাক্ষাৎ অপরোক্ষাৎ ব্রহ্ম" য আত্মা সর্ব্বান্তর" ইত্যাদি মন্ত্রের অর্থে প্রতীয়মান হয় যে, ব্রহ্মস্বরূপ অগ্নিতে জ্ঞানিগণ যজ্ঞেন অর্থাৎ আত্মনা অর্থাৎ আত্মস্বরূপ প্রদানেন অর্থাৎ আত্মস্বরূপকে সমর্পণ করিয়া, জ্ঞান-যজ্ঞের সমাপন করেন; অর্থাৎ মুক্ত হন॥ ২৫ ॥

শ্রোত্রাদীনীন্দ্রিয়াণ্যন্যে সংযমাগ্নিষু জুহ্বতি।
শব্দাদীন্ বিষয়ানন্য ইন্দ্রিয়াগ্নিষু জুহ্বতি॥ ২৬॥

অন্বয়ঃ।

অন্যে যোগিনঃ শ্রোত্রাদীনি ইন্দ্রিয়াণি সংযমাগ্নিষু (সংযমাঃ এব অগ্নয়ঃ তেষু) জুহ্বতি; অন্যে ইন্দ্রিয়াগ্নিষু (ইন্দ্রিয়াণি এব অগ্নয়ঃ তেষু) শব্দাদীন্ বিষয়ান্ জুহ্বতি। ইন্দ্রিয়াদিভি র্বিষয়-গ্রহণং এব হোমং মন্যন্তে॥ ২৬॥

শাঙ্করভাষ্যম্।

সোঽয়ং সম্যগ্দর্শনলক্ষণো যজ্ঞো দৈব-যজ্ঞাদিষু যজ্ঞেষু প্রক্ষিপ্যতে ব্রহ্মার্পণমিত্যাদিশ্লোকৈঃ শ্রেয়ান্ দ্রব্যময়াৎ যজ্ঞাৎ জ্ঞানযজ্ঞঃ পরন্তপ ইত্যাদিনা স্তুত্যর্থং শ্রোত্রাদীনীতি। শ্রোত্রাদীনীন্দ্রিয়াণ্যন্যে যোগিনঃ সংযমাগ্নিষু প্রতীন্দ্রিয়ং সংযমো

আনন্দগিরিকৃতটীকা।

উক্তস্য জ্ঞান-যজ্ঞস্য দৈব-যজ্ঞাদিষু যজ্ঞেষু ব্রহ্মার্পণমিত্যাদিশ্লোকৈরুপক্ষিপ্য প্রাশস্ত্যং দর্শয়তি সোঽয়মিতি। উপক্ষেপ-প্রয়োজনমাহ শ্রেয়ানিতি। সম্প্রতি যজ্ঞান্তরমুপন্যস্যতি শ্রোত্রাদীনীতি। বাহ্যানাং করণানাং মনসি সংযমস্যৈকত্বাৎ কথং সংযমাগ্নিষ্বিতি বহুবচনমিত্যাশঙ্ক্যাহ প্রতীন্দ্রিয়মিতি। সংযমানাং প্রত্যাহারাধিকরণত্বেন ব্যবস্থিতানাং মনোরূপাণাং হোমাধারত্বাদগ্নিত্বং ব্যপদিশতি সংযমা

যাঁহারা ধ্যানযোগী অর্থাৎ কর্ম্মী, তাঁহারা শ্রোত্রাদি ইন্দ্রিয়-বর্গকে সংযম-স্বরূপ হুতাশনে অর্পণ করিয়া, ইন্দ্রিয়ের কর্ম্ম হইতে নিস্তার লাভ করেন; কেহ বা ইন্দ্রিয়-স্বরূপ অগ্নিতে তত্তৎ বিষয় শব্দাদি ভূত পঞ্চকের সমর্পণে কেবল প্রয়োজন মাত্রের পূরণের দ্বারা, বিষয়াসক্তি হইতে প্রতিনিবৃত্ত হন॥ ২৬॥

আভাস।

জীবাত্মা নিত্য শুদ্ধ বুদ্ধ মুক্ত ও সত্য স্বরূপ হইলেও, দেহ-ধারণ উপলক্ষে ভোগের অনুরোধে এত স্থূল নিম্ন পথে অর্থাৎ দেহেন্দ্রিয়াদিতে আত্মভাব-সম্পন্ন হইয়া পড়ে যে, স্থূল-চিন্তা ব্যতীত সূক্ষ্ম চিন্তার ধারণা পর্য্যন্ত তাহাদের হৃদয়ে উদিত হয় না। কিন্তু অতি নীচ পদার্থেও ধারণার অভ্যাসে একাগ্রতাকে কৃতকার্য্য করিলে ক্রমশঃ অতি সূক্ষ্ম ভাবেও আরোহণের যোগ্যতা লাভ করে।

শাঙ্করভাষ্যম্।

ভিদ্যত ইতি বহুবচন, সংযমা এবাগ্নয় স্তেষু জুহ্বতীন্দ্রিয়সংযমমেব কুর্ব্বন্তীত্যর্থঃ। শব্দাদীন্ বিষয়ানন্যে ইন্দ্রিয়াগ্নিষু জুহ্বতি ইন্দ্রিয়াণ্যেবাগ্নয়স্তেষিন্দ্রিয়াগ্নিষু জুহ্বতি শ্রোত্রাদিভিরবিরুদ্ধবিষয়গ্রহণং হোমং মন্যন্তে॥ ২৬॥

আনন্দগিরিকৃতটীকা।

ইতি। বিষয়েভ্যোঽন্তর্মুখানীন্দ্রিয়াণি প্রত্যাহরন্তীতি সংযম-যজ্ঞং সংক্ষিপ্য দর্শয়তি ইন্দ্রিয়েতি। শ্রোত্রাদীন্দ্রিয়াগ্নিষু শব্দাদিবিষয়হোমস্য তত্তদিন্দ্রিয়ৈ স্তত্তদ্বিষয়োপ-ভোগলক্ষণস্য সর্ব্বসাধারণত্বমাশঙ্ক্য প্রতিবিদ্ধান্ বর্জ্জয়িত্বা রাগদ্বেষ-রহিতো ভূত্বা প্রাপ্যান্ বিষয়ান্ ভুঙ্‌ক্তে। শ্রোত্রৈরিন্দ্রিয়ৈরিতি বিবক্ষিতং হোমং বিশদয়তি শ্রোত্রাদিভিরিতি॥ ২৬॥

স্বামিকৃত টীকা।

শ্রোত্রাদীনীতি। অন্যে নৈষ্ঠিকা ব্রহ্মচারিণ স্তত্তদিন্দ্রিয়-সংযমরূপেষ্বাগ্নিষু শ্রোত্রাদীনি জুহ্বতি প্রবিলাপয়ন্তি ইন্দ্রিয়াণি নিরুধ্য সংযমপ্রধানাস্তিষ্ঠন্তীত্যর্থঃ, ইন্দ্রিয়াণ্যেবাগ্নয় স্তেষু শব্দাদীনন্যে গৃহস্থা জুহ্বতি বিষয়ভোগসময়েঽপ্যনাসক্তাঃ সন্তোঽগ্নিত্বেন ভাবিতেষু ইন্দ্রিয়েষু হবিষ্ট্বেন ভাবিতান্ শব্দাদীন্ প্রক্ষিপন্তী-ত্যর্থঃ॥ ২৬॥

আভাস।

এই নিমিত্ত উত্তরোত্তর পদ্ধতির প্রতিপাদনে ইন্দ্রিয়গণের সংযমও একটী মহাযজ্ঞ বলিয়া এখানে উল্লেখ করিয়াছেন। যে সূক্ষ্মশক্তি মন ইন্দ্রিয়গণকে বিষয়-সম্ভোগে প্রেরণ করে, ইন্দ্রিয়গণকে সংযত করিলে, মনন-শক্তিও আর দুর্ব্বল বা ক্ষীণ না হইয়া, স্বকীয় পুষ্টমূর্ত্তিতে পরিণত হয়। বিষয় কিন্তু বিষয়ীকে আত্মপরিচয় দিবার জন্য স্বসমীপে আকর্ষণ করে; এবং বিষয়ী ইন্দ্রিয়গণও আত্মহারা হইয়া, বিষয়ে মিলিত হয়। ইহা কিন্তু অধঃপতনের পদ্ধতি। উন্নতির পদ্ধতি কিন্তু ঠিক ইহার বিপরীত। ইন্দ্রিয়গণ যখন মনন-শক্তির সাহায্যে বিষয়ের প্রয়োজন ভাগটীকে মাত্র গ্রহণ করিয়া বিষয়ে অভিভূত হয় না, অর্থাৎ আত্মসমর্পণ করে না, তখনই ইন্দ্রিয়স্বরূপ হুতাশনে বিষয়ের আহুতি করা হয়॥ ২৬॥

সর্ব্বাণীন্দ্রিয়-কর্ম্মাণি প্রাণকর্ম্মাণি চাপরে।
আত্মসংযম-যোগাগ্নৌ জুহ্বতি জ্ঞানদীপিতে ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

অপরে চ সর্ব্বাণি ইন্দ্রিয়-কর্ম্মাণি তথা প্রাণ-কর্ম্মাণি আকুঞ্চন-প্রসারণাদীনি জ্ঞানদীপিতে জ্ঞানেন বিবেকেন দীপিতে উজ্জ্বলীকৃতে আত্মসংযম-যোগাগ্নৌ (আত্মনি সংযমঃ এব অগ্নিঃ তস্মিন্) জুহ্বতি প্রক্ষিপন্তি ॥ ২৭ ॥

শাঙ্করভাষ্যম্।

কিঞ্চ সর্ব্বাণীতি। সর্ব্বাণীন্দ্রিয়কর্ম্মাণি ইন্দ্রিয়াণাং কর্ম্মাণীন্দ্রিয়কর্ম্মাণি তথা প্রাণকর্ম্মাণি প্রাণো বায়ুরাধ্যাত্মিক স্তৎকর্ম্মাণ্যাকুঞ্চনপ্রসারণাদীনি তানি চাপরে

আনন্দগিরিকৃতটীকা।

যজ্ঞান্তরং কথয়তি কিঞ্চেতি। ইন্দ্রিয়াণাং কর্ম্মাণি শ্রবণ-বদনাদীনি আত্মনি

স্বামিকৃতটীকা।

কিঞ্চ সর্ব্বাণীতি। অপরে ধ্যাননিষ্ঠা বুদ্ধীন্দ্রিয়াণাং শ্রোত্রাদীনাং কর্ম্মাণি শ্রবণদর্শনাদীনি কর্ম্মেন্দ্রিয়াণাং বাক্‌পাণ্যাদীনাং কর্ম্মাণি বচনোপাদানাদীনি প্রাণানাঞ্চ দশানাং কর্ম্মাণি প্রাণস্য বহির্গমনং, অপানস্যাধোগমনং, ব্যানস্য ব্যায়নাকুঞ্চন-প্রসারণাদীনি, সমানস্যাশিত-পীতাদীনাং সমুন্নয়নং, উদানস্যোর্দ্ধ-

---

যাঁহারা বিপরীত গতিতে অন্তঃকরণাদির পরিচিন্তনে সর্ব্বাতীত নির্গুণ আত্মস্বরূপের সাক্ষাৎকারে অধিকারী হন, তাঁহারা আবার ইন্দ্রিয় বর্গের কর্ম্ম দর্শনাদি এবং প্রাণ-কর্ম্ম আকুঞ্চন-প্রসারণাদি ব্যাপারও সেই চৈতন্য-বিগ্রহ আত্মা হইতে প্রসারিত অবধারণ করিয়া, সেই চৈতন্য বিগ্রহ আত্মাতেই পুনঃ প্রলীন করিবার ব্যবস্থায়, সকল কর্ম্মের তাহাতেই আহুতি প্রদান করিয়া থাকেন ॥ ২৭ ॥

আভাস।

অন্তর্মুখা বৃত্তির জাগরণে বিচক্ষণ জ্ঞানিগণ ইন্দ্রিয়াণি মনসি, মনঃ প্রাণে, প্রাণঃ তেজসি, তেজঃ পরমাত্মদেবতায়াং ইত্যাদি ছান্দোগ্য শ্রুতির উপদেশ অনুসারে প্রতিলোম পরিণামের গতিতে, ইন্দ্রিয়গণকে মনে, মনকে প্রাণে এবং প্রাণ শক্তিকে স্বকীয় পরমাত্ম দেবতা অগ্নি-ভাবে আহুতি দিতে পারেন, তিনিই এই সকল স্তরকে আত্মসাৎ করিতে পারেন। তিনি অধোগতির প্রসারণ

দ্রব্যযজ্ঞাস্তপো যজ্ঞা যোগযজ্ঞা স্তথাপরে।

অন্বয়ঃ।

অন্যে দ্রব্যযজ্ঞাঃ ( যজ্ঞবুদ্ধ্যা দ্রব্যদানং কুর্ব্বন্তি যে তে) তপোযজ্ঞাঃ ( তপঃ এব যজ্ঞঃ যেষাং তে ) যোগংযজ্ঞাঃ ( যোগঃ চিত্তবৃত্তি-নিরোধঃ এব যজ্ঞঃ যেষাং

শাঙ্করভাষ্যম্।

আত্মসংযমযোগাগ্নৌ আত্মনি সংযম আত্মসংযমঃ স এব যোগাগ্নি স্তস্মিন্নাত্মসংযম-যোগাগ্নৌ জুহ্বতি প্রক্ষিপন্তি জ্ঞানাগ্নিদীপিতে স্নেহেনেব প্রদীপিতে বিবেকবিজ্ঞানে-নোজ্জ্বলভাবমাপাদিতে জুহ্বতি প্রবিলাপয়ন্তি ইত্যর্থঃ॥ ২৭॥

দ্রব্যেতি। দ্রব্যযজ্ঞা স্তীর্থেষু দ্রব্যবিনিয়োগং যজ্ঞবুদ্ধ্যা কুর্ব্বন্তি যে তে দ্রব্য-যজ্ঞা স্তপোযজ্ঞাস্তপো যজ্ঞো যেষাং তপস্বিনাং তে তপোযজ্ঞা যোগযজ্ঞাঃ প্রাণায়াম-

আনন্দগিরিকৃতটীকা।

সংযমো ধারণাধ্যান-সমাধিলক্ষণঃ। সর্ব্বমপি ব্যাপারং নিরুধ্য আত্মনি চিত্তসমা-ধানং কুর্ব্বন্তীত্যাহ বিবেকেতি॥ ২৭॥

যজ্ঞষট্কমবতারয়তি দ্রব্যেতীতি। তত্র দ্রব্যযজ্ঞান্ পুরুষানুপাদায় বিভজতে

স্বামিকৃতটীকা।

অয়নং, উদ্গারে নাগ আখ্যাতঃ কূর্ম উন্মীলনে স্মৃতঃ, কৃকরঃ ক্ষুৎকরো জ্ঞেয়ো দেবদত্তো বিজৃম্ভণে, ন জহাতি মৃতঞ্চাপি সর্ব্বব্যাপী ধনঞ্জয়ঃ, ইত্যেবংরূপাণি জুহ্বতি। আত্মনি সংযমো ধ্যানৈকাগ্র্যং সএব যোগঃ সএবাগ্নিস্তস্মিন্ জ্ঞানেন ধ্যেয়বিষয়েন দীপিতে প্রজ্বলিতে ধ্যেয়ং সম্যগ্ জ্ঞাত্বা তস্মিন্মনঃ সংযম্য তানি সর্ব্বাণি কর্ম্মাণি উপরময়ন্তীত্যর্থঃ॥ ২৭॥

---

যাঁহারা সংসার-চক্রের নিয়মকে প্রতিপালন করাই জীবনের

আভাস।

হইতে অব্যাহতি লাভে শান্তি ভোগ করিতে পারেন, সন্দেহ নাই। এই সংসারে কোন পদার্থ বা তত্ত্ব স্থির নহে; অনুলোম পরিণামে অর্থাৎ ভোগ্য বিষয়ের পশ্চাৎ গমনে নিম্নগামী হইবে, অথবা ভোগকে উপেক্ষা করিয়া প্রতিলোম পরিণামে অর্থাৎ স্ব স্ব প্রেরক কারণের অভিমুখে প্রত্যাগমনের দ্বারা সর্ব্ব-কারণ-কারণ ভগবচ্ছক্তি মূলা প্রকৃতিতে প্রত্যাগমন করে। অধোগতি, ঊর্দ্ধগতি এবং মিশ্র-গতিতে এই অনন্ত ব্রহ্মাণ্ডের সৃষ্টি, স্থিতি এবং প্রলয় ব্যাপার নিরন্তর সাধিত হইতেছে! ॥ ২৭॥

স্থিরচিত্তে নিরীক্ষণ করিলে ভগবানের যজ্ঞ-ব্যাপার যে সর্ব্বত্র ব্যাপ্ত

স্বাধ্যায়-জ্ঞান-যজ্ঞাশ্চ যতয়ঃ সংশিতব্রতাঃ ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

(তে) স্বাধ্যায়-জ্ঞান-যজ্ঞাঃ (স্বাধ্যায়ঃ যথাবিধি বেদাদি পাঠঃ এব যজ্ঞঃ যেষাং ; তথা জ্ঞান-যজ্ঞাঃ শাস্ত্রার্থ-পরিচিন্তনং এব যজ্ঞো যেষাং তে যতয়ঃ যতন-শীলাঃ সংশিত-ব্রতাঃ সংশিতং সম্যক্ আচরিতং ব্রতং যেষাং তে চ ॥ ২৮॥

শাঙ্করভাষ্যম্।

প্রত্যাহারাদিলক্ষণো যোগো যজ্ঞো যেষাং তে যোগযজ্ঞাস্তথাপরে স্বাধ্যায়-জ্ঞান-যজ্ঞাশ্চ স্বাধ্যায়ো যথাবিধি ঋগাদ্যভ্যাসো যজ্ঞো যেষাং তে স্বাধ্যায়-যজ্ঞাঃ জ্ঞান-যজ্ঞাঃ শাস্ত্রার্থপরিজ্ঞানং যজ্ঞো যেষাং তে জ্ঞানযজ্ঞাঃ স্বাধ্যায়-যজ্ঞা জ্ঞান-যজ্ঞাশ্চ যতয়ো যতনশীলাঃ সংশিতব্রতাঃ সম্যক্ শিতানি তনূকৃতানি তীক্ষ্ণীকৃতানি ব্রতানি যেষাং তে সংশিতব্রতাঃ ॥ ২৮ ॥

আনন্দগিরিকৃতটীকা।

তীর্থেষ্বিতি। তপস্বিনাং যজ্ঞবুদ্ধ্যা তপোঽনুতিষ্ঠতাং নিয়মবতাং ইত্যর্থঃ, প্রত্যাহারাদীত্যাদিশব্দেন যম-নিয়মাসন-ধ্যানধারণাসমাধয়ো গৃহ্যন্তে, যথাবিধি প্রাঙ্মুখত্ব-পবিত্রপাণিত্বাদ্যঙ্গবিধিমনতিক্রম্যেতি যাবৎ, ব্রতানাং তীক্ষ্ণীকরণমতিদৃঢ়ত্বং ॥ ২৮ ॥

স্বামিকৃতটীকা।

কিঞ্চ দ্রব্যযজ্ঞা ইত্যাদি। দ্রব্যদানমেব যজ্ঞো যেষাং তে দ্রব্যযজ্ঞাঃ, কৃচ্ছ্র-চান্দ্রায়ণাদি তপএব যজ্ঞো যেষাং তে তপোযজ্ঞাঃ, যোগ শ্চিত্তবৃত্তিনিরোধলক্ষণঃ সমাধিঃ সএব যজ্ঞো যেষাং, তে যোগযজ্ঞাঃ, স্বাধ্যায়েন বেদেন শ্রবণমননাদিনা যত্তদর্থ-জ্ঞানং তদেব যজ্ঞো যেষাং তে, যদ্বা বেদপাঠ-যজ্ঞা স্তদর্থজ্ঞানযজ্ঞাশ্চেতি দ্বিবিধা যতয়ঃ প্রযত্নশীলাঃ সম্যক্ শিতং নিশিতং তীক্ষ্ণীকৃতং ব্রতং যেষাং তে ॥ ২৮ ॥

---

প্রধান ব্রত বলিয়া অবধারণ করেন, তাঁহারা উপযুক্ত পাত্রে ধনাদি দ্রব্য-সামগ্রীর দানকে, কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি তপস্যা, চিত্তবৃত্তির নিরোধকে যোগানুষ্ঠান, যথাবিধি বেদাদি ধর্ম্ম শাস্ত্রের পাঠ ও তাহার অনুশীলন, এবং শাস্ত্রার্থের অনুশীলনে জ্ঞান-চর্চাকেও অবশ্য কর্ত্তব্য যজ্ঞ-জ্ঞানে আচরণ করিয়া থাকেন ॥ ২৮ ॥

আভাস।

হইয়া আছে, তাহা আমরা প্রত্যেক কার্য্যে অবলোকন করিতে পারি। আমরা অনাসক্ত নিষ্কাম কর্ম্মের কর্ত্তা আপনাকে মনে করিতেও পারি, কিন্ত

অপানে জুহ্বতি প্রাণং প্রাণেঽপানং তথাপরে।

অন্বয়।

কেচিৎ অপানে প্রাণং ঊর্দ্ধবৃত্তিং জুহ্বতি, তথা প্রাণে অপানং ( কুম্ভকেন )

শাঙ্করভাষ্যম্।

কিঞ্চ অপান ইতি অপানে অপানবৃত্তৌ জুহ্বতি প্রক্ষিপন্তি, প্রাণং প্রাণবৃত্তিং পূরকাখ্যং প্রাণায়ামং কুর্ব্বন্তীত্যর্থঃ, প্রাণেঽপানং তথাপরে জুহ্বতি রেচকাখ্যঞ্চ

আনন্দগিরিকৃতটীকা।

প্রাণায়ামাখ্যং যজ্ঞমুদাহরতি কিঞ্চেতি। প্রাণায়াম-পরায়ণাঃ সন্তো রেচকং পূরকঞ্চ কৃত্বা কুম্ভকং কুর্ব্বন্তীত্যাহ প্রাণেতি। প্রাণাপানয়োর্গতী শ্বাসপ্রশ্বাসৌ

স্বামিকৃতটীকা।

কিঞ্চ অপানে ইতি। অপানেঽধোবৃত্তৌ প্রাণমূর্দ্ধবৃত্তিং পূরকেণ জুহ্বতি পূরক-কালে প্রাণমপানেনৈকীকুর্ব্বন্তি তথা কুম্ভকেন প্রাণাপানয়োরূর্দ্ধাধোগতী রুদ্ধা রেচককালেঽপানং প্রাণে জুহ্বতি এবং পূরককুম্ভকরেচকৈঃ প্রাণায়াম-পরায়ণা অপরে ইত্যর্থঃ। কিঞ্চ অপরে ইতি। অপরে ত্বাহার-সংকোচমভ্যস্যন্তঃ স্বয়মেব জীর্য্যমাণেষিন্দ্রিয়েষু তত্তদিন্দ্রিয়বৃত্তিলয়ং হোমং ভাবয়ন্তীত্যর্থঃ, যদ্বা

---

কেহ বা ঊর্দ্ধগতি প্রাণবায়ুকে পূরকের দ্বারা অধোগতি অপান বায়ুতে অর্পণ-বিধিতে যজ্ঞ করিতেছেন, আবার রেচকচ্ছলে অপান

আভাস।

মনোযোগের সহিত ভাবিলে বুঝিব, ভগবানের আজ্ঞা বা নিয়মকে অনুসরণ করি বলিয়াই সকলে ফল পাই; যথেচ্ছ কার্য্যের ত ফল কখনই ঘটে না। একটা গামলা বা টব মৃত্তিকা-পূর্ণ করিয়া একটী ফুলের চারা রোপণ করত জল সিঞ্চন করিলে ফুল-চারা ক্রমশ পরিবর্দ্ধিত হইয়া পুষ্প প্রসব করে। কেবল মাটিতে বীজ পুতিয়া জল সিঞ্চন করলেই কখন, মানব! পুষ্প বা শস্যোৎপাদনে স্বয়ং কর্ত্তা হইবার প্রত্যাশা করা যে কত ভ্রমপূর্ণ ভাব, তাহা চিন্তাতেও স্থির করা যায় না। জল সিঞ্চন করা তোমার আয়ত্তে মনে করিলেও, জল বীজের অঙ্কুরে প্রবেশ করিয়া বীজ-মধ্য-গত বৃক্ষভাব কেন প্রবোহিত হইয়া, ফল ও ফুলাদি প্রসবে সমর্থ হইবে জিজ্ঞাসা করিলে, মানবের উত্তর এইরূপই হইয়া থাকে যে, হওয়ান কাহার নিয়ম? বা আজ্ঞা? ভাবিলে আমরা প্রত্যক্ষত বুঝিতে পারি যে, সেই প্রভু পরমেশের জগৎরক্ষার পবিত্র পদ্ধতিই আমাদের লোচনে জীবন্ত কর্ম্মমূর্ত্তি বলিয়া

প্রাণাপানগতী রুদ্ধা প্রাণায়ামপরায়ণাঃ।
অপরে নিয়তাহারাঃ প্রাণান্ প্রাণেষু জুহ্বতি ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

প্রাণাপানগতীঃ রুদ্ধা প্রাণায়ামপরায়ণাঃ ভবন্তি; অপরে নিয়তাহারাঃ সন্তঃ প্রাণান্ স্ব স্ব বৃত্তিষু জুহ্বতি প্রবিলাপয়ন্তি ॥ ২৯ ॥

শাঙ্করভাষ্যম্।

প্রাণায়ামং কুর্ব্বন্তীত্যেতৎপ্রাণাপানগতী রুদ্ধা মুখনাসিকাভ্যাং বায়োর্নির্গমনং প্রাণস্য গতি স্তদ্বিপর্য্যয়েণাধোগমনমপানস্য তে প্রাণাপানগতী এতে রুদ্ধা নিরুধ্য প্রাণায়াম-পরায়ণাঃ প্রাণায়াম-তৎপরাঃ কুম্ভকাখ্যং প্রাণায়ামং কুর্ব্বন্তীত্যর্থঃ।

আনন্দগিরিকৃতটীকা।

নিরুধ্য কিং কুর্ব্বন্তীত্যপেক্ষায়ামাহ কিঞ্চেতি। প্রাণাপানগতিনিরোধরূপং কুম্ভকং কৃত্বা পুনঃ পুনর্ব্বায়ুজয়ং কুর্ব্বন্তীত্যর্থঃ, আহারস্য পরিমিতত্বং হিতত্বমেধ্যত্বোপলক্ষ-

স্বামিকৃতটীকা।

অপানে জুহ্বতি প্রাণং প্রাণেঽপানং তথাপর ইত্যনেন পুরকরেচকয়োরাবর্ত্তমান-য়োর্হংসঃ সোঽহমিত্যনুলোমতঃ প্রতিলোমত শ্চাভিব্যজ্যমানেনাজপামন্ত্রেণ তত্ত্বং-পদার্থৈক্যং ব্যতীহারেণ ভাবয়ন্তীত্যর্থঃ, তদুক্তং যোগশাস্ত্রে, সকারেণ বহির্যাতি

---

বায়ুকে প্রাণে বিলীন করিতেছেন। এই প্রকারে উভয় বায়ুর গতিরোধ করত অন্তরে কুম্ভক এবং বাহিরে শূন্য কুম্ভক উভয় প্রকারে প্রাণায়ামের অনুষ্ঠান করিতেছেন ॥ ২৯ ॥

আভাস।

প্রতীত হইতেছে। অতি স্থূল আম, জাম, নারিকেল, তাল, কাঁটাল ও বিল্বাদি বৃক্ষের মূল স্কন্ধদেশের অভ্যন্তর দিয়া রস প্রবাহিত হইয়া উর্দ্ধগতিতে পত্র পুষ্প শাখা প্রশাখাদিতে যে কেন প্ররোহিত হইতেছে? উদ্যান-স্বামীকে জিজ্ঞাসা করিলে, তাহার কোন উত্তরই পাওয়া যাইবে না। উত্তরের মধ্যে এই যে, ঈশ্বরের নিয়মে এই সমস্ত চলিতেছে। উদ্যান-স্বামীর কেবল জল সিঞ্চন করা কার্য্য মাত্র। একটী প্রচণ্ড যন্ত্রের কল চালাইবার জন্য সাধারণ চালক ব্যক্তির পক্ষে এক কিনারায় দণ্ডায়মান থাকিয়া, তৈলাদি প্রদান ও যথাস্থানে অগ্নি ও জলের সমাবেশ করিয়া দেওয়া মাত্র এবং কল কব্জার ময়লাগুলি পরিষ্কার করিয়া দেওয়া ব্যতীত, কল যে কি প্রকারে এবং কেন চলিবে তাহার উত্তর উক্ত ব্যক্তির নিকট প্রত্যাশা

শাঙ্করভাষ্যম্।

কিঞ্চ অপর ইতি, অপরে নিয়তাহারা বিজিতঃ পরিমিতঃ আহারো যেষাং তে নিয়তাহারাঃ সন্তঃ প্রাণান্ বায়ুভেদান্ প্রাণভেদেষেব জুহ্বতি যস্য যস্য বায়োর্জয়ঃ ক্রিয়তে ইতরান্ বায়ুভেদাংস্তস্মিন্ জুহ্বতি তে তত্র প্রবিষ্টা ইব ভবন্তি ॥ ২৯ ॥

আনন্দগিরিকৃতটীকা।

পার্থং। প্রাণানাং প্রাণেষু হোমমেব বিভজতে যস্তেতি। জিতেষু বায়ুভেদেষ জিতানাং ভেদানাং হোমপ্রকারং প্রকটয়তি তে তত্রেতি ॥ ২৯ ॥

স্বামিকৃতটীকা।

হকারেণ বিশেৎ পুনঃ। প্রাণস্তত্র সএবাহমহং স ইতি চিন্তয়েদিতি। প্রাণাপান-গতী রুদ্ধেত্যনেন শ্লোকেন প্রাণায়া = স্তা অপরে কথ্যন্তে, তত্রায়মর্থঃ, দ্বৌ ভাগৌ পূরয়েদন্নৈ র্জলেনৈকং প্রপূরয়েৎ। মারুতস্য প্রচারার্থং চতুর্থমংশেষয়েৎ॥ ইত্যেবমা-দিবচনোক্তো নিয়ত আহারো যেষাং তে কুম্ভকেন প্রাণাপানগতী রুদ্ধা প্রাণসংযমন-পরায়ণাঃ সন্তঃ প্রাণানিন্দ্রিয়াণি প্রাণেষু জুহ্বতি কুম্ভকেন হি সর্ব্বে প্রাণা একী-ভবন্তি তত্রৈব লীয়মানেম্বিন্দ্রিয়েষু হোমং ভাবয়ন্তীত্যর্থঃ, তদুক্তং যোগশাস্ত্রে, যথা যথা সদাভ্যাসান্মনসঃ স্থিরতা ভবেৎ। বায়ুবাক্কায়দৃষ্টীনাং স্থিরতা চ তথা তথেতি ॥ ২৯ ॥

আভাস।

করা যায় না, সেইরূপ এই বিশ্ব ব্রহ্মাণ্ড ব্যাপারের সৃষ্টি, স্থিতি এবং সংহার কার্য্য চালাইবার জন্য আমরা এক কিনারায় দণ্ডায়মান থাকিয়া, স্ব স্ব যোগ্যতা অনুসারে কর্ম্ম করিলেই সেই বিশ্ব-নিয়ন্তার কার্য্য সাধন করা হয় মাত্র।

হরিদ্বারাদি তীর্থস্থানে অন্ন বস্ত্রাদি দান করিলে তত্রত্য সর্ব্বত্যাগী সন্ন্যাসীগণ তদ্দ্বারা যে কি শান্তি লাভ করেন এবং সে শান্তি ব্রহ্মাণ্ডের কোন্ কেন্দ্রে উপনীত হইয়া, অন্নদাতার উপকার-সাধন কি প্রকারে করে, তাহা স্থূলদর্শী অভিমানী জীব কি প্রকারে প্রণিধান করিবেন! স্থূলবদ্ধ আম কাঁঠালের অন্তরে রস প্রবাহের পরিচয় যিনি প্রত্যক্ষে দর্শন করিয়াও হৃদয়ে যখন অনুভব করিতে পারেন না, তখন একাগ্র হৃদয়ে তপস্যা করিলে কেন দেবতা প্রত্যক্ষে দর্শন দিবেন? কায়মনোবাক্যে শাস্ত্র অধ্যয়ন করিলে, কেন তাহা কণ্ঠস্থ হইয়া, চিরকাল স্মৃতিতে আরূঢ় থাকিবে? দেহাভিমানী মানব তাহার উত্তর প্রদানে দিতে সমর্থ হইবেন না! হাজার হাজার লোক কল কারখানায় উপস্থিত থাকিয়া

সর্ব্বেঽপ্যেতে যজ্ঞবিদো যজ্ঞ-ক্ষয়িতকল্মষাঃ ।
যজ্ঞশিষ্টামৃতভুজো যান্তি ব্রহ্ম সনাতনম্ ॥ ৩০ ॥

অন্বয়ঃ ।

যজ্ঞবিদঃ এতে সর্ব্বে যজ্ঞক্ষয়িত-কল্মষাঃ ( যজ্ঞৈঃ ক্ষয়িতঃ নাশিতঃ কল্মষঃ যেষাং তে ) যজ্ঞশিষ্টামৃতভুজঃ যজ্ঞাবশিষ্ট-কালেন বিধিচোদিতং অন্নং তৎ অমৃতাখ্যং ভুঞ্জতে তে সনাতনং ব্রহ্ম যান্তি গচ্ছন্তি ॥ ৩০ ॥

শাঙ্করভাষ্যম্ ।

সর্ব্ব ইতি । সর্ব্বেঽপ্যেতে যজ্ঞবিদো যজ্ঞক্ষয়িতকল্মষাঃ যজ্ঞৈ র্যথোক্তৈঃ ক্ষয়িতো নাশিতঃ কল্মষো যেষাং তে যজ্ঞক্ষয়িতকল্মষাঃ এবং যথোক্তান্ যজ্ঞান্ নির্ব্বর্ত্ত্য

আনন্দগিরিকৃতটীকা ।

প্রকৃতান্ যজ্ঞানুপসংহরতি সর্ব্বেঽপীতি । যথোক্তযজ্ঞনির্ব্বর্ত্তনানন্তরং ক্ষীণে কল্মষে কিং স্যাদিত্যাশঙ্ক্যাহ এবমিতি । যথোক্তানাং যজ্ঞানাং মধ্যে কেনচিদপি

---

সংসার-চক্রের গতির প্রতি লক্ষ্য রাখিয়া পূর্ব্বোক্ত দানাদি সৎকর্ম্ম যিনি যাহাই করুন না, তাহাতেই তাঁহার প্রকৃত যজ্ঞের অনুষ্ঠান করা হয় এবং তাদৃশ ব্যক্তিই প্রকৃত যাজ্ঞিক বলিয়াই পরিচিত। যাঁহারা এই ভাবে সংসার-চক্রের কর্ম্ম দৈনন্দিন জীবনে নির্ব্বাহ করিয়া অবশিষ্ট সময় যদি দেহ-রক্ষার্থ ভোজনাদিতে অতিবাহিত করেন, তাহা হইলে, তাঁহাদিগেরই প্রকৃত অমৃতরূপ প্রসাদ ভোজন করা হইল এবং তাঁহারা সর্ব্ববিধ পাপ হইতে নিষ্কৃতি লাভে, পবিত্র ধামে গমনের উপযুক্ত পাত্র হইলেন ॥ ৩০ ॥

আভাস ।

নিজের নির্দ্দিষ্ট কর্ম্ম ফলের অধীনে করিলে যেমন কৃত-কার্য্য হয়, পরের কর্ম্মে মনোনিবেশ করিতে যায় না, করিলে কল চলিবে না এবং নিজেরও অনিষ্ট করা হয়, সেইরূপ বর্ণাশ্রমোচিত কর্ম্মের প্রতি দৃষ্টি রাখিয়া, সেই পরমেশের পবিত্র সংসার-চক্রের অনুরূপ কর্ম্মের অনুশীলন করিলে, সংসার চক্র চালাইবার নিয়মের এক প্রান্তে অবস্থান পূর্ব্বক প্রকৃত যজ্ঞের অনুষ্ঠান করা হইয়া থাকে। যদি কেহ আপন প্রয়োজন পূরণের উপলক্ষে যোজনাহীন কর্ম্মে প্রবৃত্ত হন, তিনি আপনি আপনাকে বঞ্চিত করিবেন, সন্দেহ নাই! কারণ

শাঙ্করভাষ্যম্।

যজ্ঞশিষ্টামৃতভুজো যজ্ঞানাং শিষ্টং যজ্ঞশিষ্টং যজ্ঞশিষ্টঞ্চ তদমৃতঞ্চ যজ্ঞশিষ্টামৃতং তৎ ভুঞ্জত ইতি যজ্ঞশিষ্টামৃতভুজো যথোক্তান্ যজ্ঞান্ কৃত্বা তচ্ছিষ্টেন কালেন যথা বিধিচোদিতমন্নমমৃতাখ্যং ভুঞ্জত ইতি যজ্ঞশিষ্টামৃতভুজো যান্তি গচ্ছন্তি ব্রহ্ম সনাতনং চিরন্তনং মুমুক্ষব চেৎ কালাতিক্রমাপেক্ষয়েতি সামর্থ্যাৎ গম্যতে ॥ ৩০ ॥

আনন্দগিরিকৃতটীকা।

যজ্ঞেনাবিশেষিতস্ত প্রত্যবায়ং দর্শয়তি নায়মিতি পাদান্তরেণ। কথং যথোক্তযজ্ঞানুষ্ঠায়িনামবশিষ্টেন কালেন বিহিতান্নভুজাং ব্রহ্মপ্রাপ্তিরিত্যাশঙ্ক্য মুমুক্ষুত্বে সতি চিত্তশুদ্ধিদ্বারেণেত্যাহ মুমুক্ষবশ্চেদিতি। তৎ কিমিদানীং সাক্ষাদেব মোক্ষো বিবক্ষিতঃ? তথা চ গতিশ্রুতিবিরোধঃ স্যাদিত্যাশঙ্ক্য গতিনির্দেশসামর্থ্যাৎ ক্রমমুক্তিরত্রাভিপ্রেতেত্যাহ কালাতীতি ॥ ৩০ ॥

স্বামিকৃতটীকা।

তদেবমুক্তানাং দ্বাদশানাং যজ্ঞবিদাং ফলমাহ সর্ব্বেঽপ্যেত ইতি। যজ্ঞান্ বিন্দন্তি লভন্ত ইতি যজ্ঞবিদো যজ্ঞজ্ঞা ইতি বা যজ্ঞৈঃ ক্ষপিতং নাশিতং কল্মষং যৈঃ যজ্ঞান্ কৃত্বাবশিষ্টকালেঽনিষিদ্ধমন্নমমৃতরূপং ভুঞ্জত ইতি তথা, তে সনাতনং নিত্যং ব্রহ্ম জ্ঞানদ্বারেণ প্রাপ্নুবন্তি ॥ ৩০ ॥

আভাস।

তিনিও ব্রহ্মাণ্ডভুক্ত; পৃথক্ নহেন। ব্রহ্মাণ্ড চালাইবার কর্ম্মে লিপ্ত থাকিলে, তাঁহার নিজের কর্ম্ম আপনি হইয়া যাইবে; পৃথক্‌ভাবে আপন কর্ম্মের অনুষ্ঠানের প্রয়োজন করিবে না। অনন্তের কর্ম্ম করিতে হইলে, অনন্ত লোককে অনন্ত প্রকারে লিপ্ত থাকিতে হইবে। একখানি বড় জাহাজে অনেক লোক নাবিকের কর্ম্মে নিযুক্ত থাকিয়া, এক কাপ্তেনের আজ্ঞা প্রতিপালন ব্যাপারে নিযুক্ত থাকে, আপন ইচ্ছামত কেহ কোন কর্ম্ম করে না। তারপ্রাপ্ত হইয়াই সকলে নাবিকের বেতন পায় এবং দক্ষতা অনুসারে পদোন্নত হয়। সেইরূপ সতত চিন্ত জগৎচক্রের কর্ম্ম নির্ব্বাহ করিবার জন্য, আমরা উপস্থিত। কেহ দ্রব্য বিতরণ যজ্ঞ, কেহ তপস্যা, কেহ যোগ, কেহ বিদ্যাচর্চ্চা, কেহ বা প্রাণায়াম, কেহ বা দেহকর্ম্ম, ইন্দ্রিয় কর্ম্ম, মনকর্ম্ম প্রাণকর্ম্ম পর্য্যন্ত যথেচ্ছ নির্গত হইতে না দিয়া, সংযতচিত্তে এক আত্ম-স্বরূপে সমর্পণ করত বিভিন্ন কর্ম্মের সাধনা করিতেছেন। সংসার-চক্রের নিয়ন্তাকে লক্ষ্য করিয়া কর্ম্ম

নায়ং লোকোঽস্ত্যযজ্ঞস্য কুতোঽন্যঃ কুরুসত্তম ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

হে কুরুসত্তম! অযজ্ঞস্য যজ্ঞানুষ্ঠান-রহিতস্য অয়ং মনুষ্যলোকঃ অপি যদা ন সুখপ্রদঃ ভবতি তদা বহুসুখপ্রদঃ অন্যঃ পরলোকঃ কুতঃ ভবেৎ ॥ ৩১ ॥

শাঙ্করভাষ্যম্।

নায়মিতি। নায়ং লোকঃ সর্ব্বপ্রাণিসাধারণোঽপ্যস্তি যথোক্তানাং যজ্ঞানামেকোঽপি যজ্ঞো যস্য নাস্তি সোঽযজ্ঞস্তস্য কুতোঽন্যো বিশিষ্টসাধনসাধ্যঃ কুরুসত্তম ॥ ৩১ ॥

আনন্দগিরিকৃতটীকা।

তৃতীয়ং পাদং ব্যাচষ্টে নায়মিতি। বিবক্ষিতং কৈমুতিক-ন্যায়মাহ কুতইতি। সাধারণ-লোকাভাবে পুনরসাধারণলোকপ্রাপ্তি দূরনিরস্তেত্যর্থঃ। যথোক্তেঽর্থে বুদ্ধিসমাধানং কুরুকুল-প্রধানস্যার্জ্জুনস্য অনায়াস-লভ্যমিতি বক্তুং কুরুসত্তমেত্যুক্তম্ ॥ ৩১ ॥

স্বামিকৃতটীকা।

তদকরণে দোষমাহ নায়মিতি। অয়মল্পসুখোঽপি মনুষ্যলোকোঽযজ্ঞস্য নাস্তি কুতোঽন্যো বহুসুখঃ পরলোকঃ। অতো যজ্ঞাঃ সর্ব্বথা কর্ত্তব্যা ইত্যর্থঃ ॥ ৩১ ॥

---

এই কর্ম্মভূমি জগতে কর্ত্তব্য কর্ম্মের অনুষ্ঠানে যদি সুকৃতি দ্বারা উপযোগিতা লাভে সামর্থ্য না পান, তবে কর্ম্মহীন পর জগতে গমন করিলে, তাঁহাদের মঙ্গল-লাভের সম্ভাবনা কোথায়! ॥ ৩১ ॥

আভাস।

করাই যজ্ঞ। আত্মম্ভরী না হইয়া, সংসার-চক্রের প্রতি লক্ষ্য রাখিয়া যিনিই আপন বর্ণাশ্রমোচিত কর্ম্ম করেন, তাঁহারই যজ্ঞ করা হয়; এবং তদ্দ্বারা তাঁহার মনোমালিন্য অপনোদিত হইয়া যায়। জীবন-যাত্রা নির্ব্বাহোপলক্ষে যে ভোগ, তাহাই যথেষ্ট! তাহাও ঈশ্বর-কর্ম্মে নিযুক্ত থাকিবার অবসরে মাত্র করা উচিত। অতিথি প্রভৃতি পরিবারবর্গের পোষণাবশিষ্ট অন্নের দ্বারা বা জগচ্চক্র প্রাণপণে সঞ্চালিত করিয়া অবশিষ্ট কাল বা অবশিষ্ট ভোজ্যলাভে যাহারা তুষ্ট, তাহারাই ভগবানের প্রিয়পাত্র ও তাঁহার সমীপবর্ত্তী হইতে পারে। যাহারা পরের উপকারার্থ আত্মসমর্পণ না করে, তাহারা কখনই সুখী ও সম্মানী এই জগতেই যখন হইতে পারে না, তখন পর জগতে বা পর জীবনে সুখী বা মুক্ত হইবার প্রত্যাশা কিরূপে করিতে পারে! ॥ ২৮।২৯।৩০।৩১ ॥

এবং বহুবিধা যজ্ঞা বিততা ব্রহ্মণো মুখে।
কর্ম্মজান্ বিদ্ধি তান্ সর্ব্বানেবং জ্ঞাত্বা বিমোক্ষ্যসে ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

ব্রহ্মণঃ বেদস্য মুখে বচনে এবং বহুবিধাঃ যজ্ঞাঃ বিহিতাঃ বিততাঃ! তান্ সর্ব্বান্ কর্ম্মজান্ বিদ্ধি! এবং জ্ঞাত্বা বিমোক্ষ্যসে! অতঃ কর্ম্ম কুরু! ॥ ৩২ ॥

শাঙ্করভাষ্যম্।

এবমিতি। এবং যথোক্তা বহুবিধা বহুপ্রকারা যজ্ঞা বিততা বিস্তীর্ণা ব্রহ্মণো বেদস্য মুখে দ্বারে বেদদ্বারেণাবগম্যমানাঃ। ব্রহ্মণো মুখে বিততা উচ্যন্তে তদ্ যথা বাচি হি প্রাণং জুহুম ইত্যাদয়ঃ কর্ম্মজান্ কায়িকবাচিকমানসকর্ম্মোদ্ভবান্

আনন্দগিরিকৃতটীকা।

উক্তানাং যজ্ঞানাং বেদমূলত্বেনোৎপ্রেক্ষানিবন্ধনত্বং নিরস্যতি এবমিতি। আত্মব্যাপার-সাধ্যত্বমুক্তেকর্ম্মণামাশঙ্ক্য দূষয়তি কর্ম্মজানিতি আত্মনো নির্ব্যাপারত্ব-জ্ঞানে ফলমাহ এবমিতি। কথং যথোক্তানাং যজ্ঞানাং বেদস্য মুখে বিস্তীর্ণত্বমিত্যা-

স্বামিকৃতটীকা।

জ্ঞানযজ্ঞং স্তোতুমুক্তান্ যজ্ঞানুপসংহরতি এবং বহুবিধা ইতি। ব্রহ্মণো বেদস্য বিততা বেদেন সাক্ষাদ্বিহিতা ইত্যর্থঃ, তথাপি তান্ সর্ব্বান্ বাঙ্মনঃকায়কর্ম্ম-জনিতানাত্মস্বরূপ-সংস্পর্শরহিতান্ বিদ্ধি জানীহি! আত্মনঃ কর্ম্মণোঽগোচরত্বাৎ এবং জ্ঞাত্বা জ্ঞাননিষ্ঠঃ সন্ সংসারাদ্বিমুক্তো ভবিষ্যসি ॥ ৩২ ॥

---

এই প্রকার দানাদি কর্ম্মের দ্বারা অনেক প্রকার যজ্ঞের ব্যাপার বেদ-মন্ত্রের দ্বারা অভিহিত হইয়াছে; সে সমস্তই কর্ম্মের দ্বারা সাধ্য জানিতে হইবে। বিনা কর্ম্মে নিশ্চিন্তের ন্যায় অবস্থান করিলে, সংসার-চক্রেরই ব্যাঘাত করা হয়। যাহারা ইহা প্রণিধান করিয়া, অনলস ভাবে নিত্য নৈমিত্তিকাদি কর্ম্মে নিযুক্ত থাকেন, তাঁহারাই সংসার-স্রোত হইতে নিষ্কৃতি পান! এবং তুমিও তাদৃশ অনুষ্ঠানে মুক্তিলাভ করিবে, সন্দেহ নাই। ৩২ ॥

আভাস।

বেদোক্ত কর্ম্মকাণ্ডের মধ্যে এইপ্রকার যজ্ঞের উপদেশ যথেষ্ট আছে। এস্থলে বিচারের কিছু নাই! যে স্থলে যে কার্য্যের যেরূপ পদ্ধতি বর্ণিত আছে, কায়-

শ্রেয়ান্ দ্রব্যময়াদ্‌যজ্ঞাজ্‌জ্ঞানযজ্ঞঃ পরন্তপ ।
সর্ব্বং কর্ম্মাখিলং পার্থ জ্ঞানে পরিসমাপ্যতে ॥ ৩৩ ॥

অন্বয়ঃ ।

হে পরন্তপ ! দ্রব্যময়াৎ দৈবযজ্ঞাৎ জ্ঞানযজ্ঞঃ শ্রেয়ান্ প্রশস্ততরঃ ! যতঃ সর্ব্বং অখিলং কর্ম্ম জ্ঞানে মোক্ষসাধনে পরিসমাপ্যতে অন্তর্ভবতি ॥ ৩৩ ॥

শাঙ্করভাষ্যম্ ।

বিদ্ধি তান্ সর্ব্বাননাত্মজান্ নির্ব্ব্যাপারো হ্যাত্মা অত এবং জ্ঞাত্বা মোক্ষ্যসেঽশুভাৎ ন মদ্ব্যাপারা ইমে নির্ব্ব্যাপারোঽহমুদাসীন ইত্যেবং জ্ঞাত্বাস্মাৎ সম্যগ্দর্শনাৎ মোক্ষ্যসে সংসারবন্ধনাদিত্যর্থঃ ॥ ৩২ ॥

ব্রহ্মার্পণমিত্যাদিশ্লোকেন সম্যগ্‌দর্শনস্য যজ্ঞত্বং সম্পাদিতম্, যজ্ঞাশ্চানেকবিধা

আনন্দগিরিকৃতটীকা ।

শক্যাহ বেদদ্বারেণেতি । আত্মনোঽবগম্যমানত্বমেবোদাহরতি তদ্‌যথেতি । "এতদ্ধ স্ম বৈ তৎপূর্ব্বে বিদ্বাংস আহুঃ" ইত্যুপক্রম্যাধ্যয়নাদ্যাক্ষিপ্য শ্রেত্বাকাঙ্ক্ষায়ামুক্তং বাচি হীতি । জ্ঞানশক্তিমদ্বিষয়ে ক্রিয়াশক্তিমদুপসংহারোঽত্র বিবক্ষিতঃ, "প্রাণে বা বাচং যো হ্যেব প্রভবঃ স এবাপ্যয়ঃ" ইতি বাক্যমাদিশব্দার্থঃ, জ্ঞানশক্তিমতাং ক্রিয়াশক্তিমতাং চান্যোন্যোৎপত্তি প্রলয়তা তদভাবে নাধ্যয়নাদিসিদ্ধিরিত্যর্থঃ কর্ম্মণামাত্মব্যাপার-জন্যত্বাভাবে হেতুমাহ নির্ব্ব্যাপারো হীতি । তস্য চ নির্ব্ব্যাপারত্বং ফলবত্বাজ্‌জ্ঞাতব্যমিত্যাহ অত ইতি । এবং জ্ঞানমেব জ্ঞাপয়ন্ উক্তং ব্যনক্তি নেত্যাদিনা ॥ ৩২ ॥

কর্ম্মযোগেঽনেকধাভিহিতে সর্ব্বস্য শ্রেয়ঃসাধনস্য কর্ম্মাত্মকত্বপ্রতিপত্ত্যা কেবলং

---

তবে দ্রব্যদান রূপ অর্থাৎ হোমাদি ব্যাপারের যজ্ঞের অপেক্ষা

আভাস ।

মনো-বাক্যে তাদৃশ যজ্ঞের তদনুরূপ আচরণ করিলে, স্বর্গাদি বিবিধ ফলের প্রাপ্তি তদ্দ্বারা হইয়া থাকে । দেহ ইন্দ্রিয় মন ও বুদ্ধির দ্বারা যখন তাদৃশ কর্ম্মের সমাধা হয়, তখন আত্মার সহিত তাহাদের কোন সম্পর্ক নাই । আত্মা নিত্য শুদ্ধ বুদ্ধ মুক্ত ও সত্য স্বরূপ নিষ্ক্রিয় ভাব ; তাঁহার আর উৎপত্তি বা ধ্বংস নাই ; কেবল সাক্ষী ভাবে তিনি চির বিদ্যমান ; কর্ম্মের বা ফলের সহিত তাঁহার কোন সম্পর্ক নাই, ইহা অবধারণ করিতে পারিলে, সংসার বন্ধন হইতে নিষ্কৃতি লাভ হয় ॥ ৩২ ॥

দ্রব্যযজ্ঞের সহিত জ্ঞানযজ্ঞের তুলনা হয় না ; জ্ঞানযজ্ঞ সর্ব্বশ্রেষ্ঠ ! বেদোক্ত

শাঙ্করভাষ্যম্।

উপদিষ্টা তৈঃ সিদ্ধপুরুষার্থপ্রয়োজনৈ র্জ্ঞানং স্তূয়তে, কথম্ শ্রেয়ানিতি। শ্রেয়ান্ দ্রব্যময়াৎ দ্রব্যসাধনসাধ্যাৎ যজ্ঞাৎ জ্ঞানযজ্ঞো হে পরন্তপ, দ্রব্যময়ো হি যজ্ঞঃ ফলস্যারম্ভকো, জ্ঞানযজ্ঞো ন ফলারম্ভকঃ, অতঃ শ্রেয়ান্ প্রশস্ততরঃ। কথম্? যতঃ সর্ব্বং কর্ম্ম সমস্তমখিলমপ্রতিবদ্ধং পার্থ! জ্ঞানে মোক্ষসাধনে সর্ব্বতঃ সংপ্লুতোদক-

আনন্দগিরিকৃতটীকা।

জ্ঞানমনাদ্রিয়মাণমর্জ্জুনমালক্ষ্য বৃত্তানুবাদপূর্ব্বকম্ উত্তরশ্লোকস্য তাৎপর্য্যমাহ ব্রহ্মে-ত্যাদিনা সিদ্ধেতি। সিদ্ধং পুরুষার্থভূতং পুরুষাপেক্ষিতলক্ষণং প্রয়োজনং যেষাং যজ্ঞানাং তৈরনন্তবোপদিষ্টৈরিতি যাবৎ। প্রশ্নপূর্ব্বকং স্তুতিপ্রকারং প্রকটয়তি কথমিত্যাদিনা। জ্ঞানযজ্ঞস্য দ্রব্যযজ্ঞাৎ প্রশস্ততরত্বে হেতুমাহ শ্রেয়ানিতি। দ্রব্য-সাধনসাধ্যাদিত্যুপলক্ষণং স্বাধ্যায়াদেরপি। ততোঽপি জ্ঞানযজ্ঞস্য শ্রেয়স্ত্বাবিশেষাৎ দ্রব্যময়াদি-যজ্ঞেভ্যো জ্ঞান-যজ্ঞস্য প্রশস্ততরত্বং প্রপঞ্চয়তি দ্রব্যময়ো হীতি। ফলস্য অভ্যুদয়স্যেত্যর্থঃ, ন ফলারম্ভকো ন কস্যচিৎ ফলস্যোৎপাদকঃ, কিন্তু নিত্যসিদ্ধস্য মোক্ষস্য অভিব্যঞ্জক ইত্যর্থঃ। তস্য প্রশস্ততরত্বে হেত্বন্তরমাহ যত ইতি। সমস্তং কর্ম্মেত্যগ্নিহোত্রাদিকমুচ্যতে। অখিলমবিদ্যমানং খিলং শেষোঽস্যেত্যনল্পং মহত্তর-মিতি যাবৎ, সর্ব্বমখিলমিতি পদদ্বয়োপাদানমসঙ্কোচার্থম্। সর্ব্বং কর্ম্ম জ্ঞানেঽন্ত-র্ভবতীত্যত্র ছান্দোগ্যশ্রুতিং প্রমাণয়তি যথেতি। চতুরায়কে হি দ্যূতে কশ্চিদায়-শ্চতুরঙ্কঃ সন্ কৃতশব্দেনোচ্যতে তস্মৈ বিজিতায় কৃতায় তাদর্থ্যেনাধরেয়াঃ ত্রয়ায়-

স্বামিকৃতটীকা।

জ্ঞানযজ্ঞস্য শ্রেষ্ঠ ইত্যাহ শ্রেয়ানিতি। দ্রব্যময়াদনাত্মব্যাপার-জন্যাদ্দৈবাদি-যজ্ঞাজ্ জ্ঞানযজ্ঞঃ শ্রেষ্ঠঃ, যদ্যপি জ্ঞানস্যাপি মনোব্যাপারাধীনত্বমস্ত্যেব তথাপ্যাত্ম-স্বরূপস্য জ্ঞানস্য মনঃপরিণামে অভিব্যক্তিমাত্রং ন তজ্জন্যত্বমিতি দ্রব্যময়াদ্বিশেষঃ, শ্রেষ্ঠত্বে হেতুঃ সর্ব্বং কর্ম্মাখিলং ফলসহিতং জ্ঞানে পরিসমাপ্যতে অন্তর্ভবতীত্যর্থঃ, সর্ব্বং তদভিসমেতি যৎকিঞ্চিৎ প্রজাঃ সাধু কুর্ব্বন্তীতি শ্রুতেঃ ॥ ৩৩ ॥

জ্ঞান-যজ্ঞ সর্ব্বশ্রেষ্ঠ! কারণ এক জ্ঞান-যজ্ঞের অনুষ্ঠানে যাবদীয় কর্ম্ম-যজ্ঞের ফল নিহিত আছে। জ্ঞানের উদয়ে আর কর্ম্মযোগ করিবার অপেক্ষা থাকে না ॥ ৩৩ ॥

আভাস।

দ্রব্যযজ্ঞের অনেক দোষ আছে; জ্ঞানযজ্ঞের কোন দোষ নাই; অথচ যাবতীয় কর্ম্মযোগের ফল ও তজ্জনিত আনন্দ নির্ব্বিঘ্নে ও অনায়াসে জ্ঞানযজ্ঞের অনুশীলনে

তদ্বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া।
উপদেক্ষ্যন্তি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

(আচার্য্যাণাং) প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া চ তৎ জ্ঞানং বিদ্ধি বিজানীহি; তে তত্ত্বদর্শিনঃ জ্ঞানিনঃ তে তুভ্যং জ্ঞানং উপদেক্ষ্যন্তি কথয়িষ্যন্তি ॥ ৩৪ ॥

শাঙ্করভাষ্যম্।

স্থানীয়ে পরিসমাপ্যতেঽন্তর্ভবতি ইত্যর্থঃ। "যথা কৃতায় বিজিতায়াধরেয়াঃ সংযন্ত্যেবমেনং সর্ব্বং তদভিসমেতি যৎ কিঞ্চিৎ প্রজাঃ সাধু কুর্ব্বন্তি যস্তদ্ বেদ যৎ স বেদ" ইতি শ্রুতেঃ ॥ ৩৩ ॥

তদেতদ্ বিশিষ্টং জ্ঞানং তর্হি কেন প্রমাণেন প্রাপ্যত ইত্যুচ্যতে তদ্ বিদ্ধীতি ॥

আনন্দগিরিকৃত-টীকা।

ধৃতাঙ্কাবিনস্ত্রিদ্ব্যেকাঙ্কাস্ত্রেতাদ্বাপরকলিনামানঃ সংযন্ত্যায়াঃ সংগচ্ছন্তি চতুরঙ্কে খল্বায়ে ত্রিদ্ব্যেকাঙ্কায়ানামন্তর্ভাবো ভবতি মহাসংখ্যায়ামবান্তরসংখ্যান্তর্ভাবাবষ্টম্ভাবাদেবমেনং বিদ্যাবন্তং পুরুষং সর্ব্বং তদাভিমুখ্যেন সমেতি সঙ্গচ্ছতি। কিং তৎ সর্ব্বং যদ্বিদুষি পুরুষেঽন্তর্ভবতি তদাহ যৎকিঞ্চিদিতি। প্রজাঃ সর্ব্বা যৎ কিমপি সাধু কর্ম্ম কুর্ব্বন্তি তৎসর্ব্বমিত্যর্থঃ। এনমভিসমেতীত্যুক্তং তমেব বিদ্যাবন্তং পুরুষং বিশিনষ্টি যস্তদিতি। কিং তদিত্যুক্তং তদেব বিশদয়তি যৎ স ইতি। স বৈক্বো যত্তত্বং বেদ তত্ত্বং যোঽন্যোঽপি জানাতি তমেনং সর্ব্বং সাধু কর্ম্মাভি-সমেতীতি যোজনা ॥ ৩৩ ॥

যদ্যেবং প্রশস্ততরমিদং জ্ঞানং তর্হি কেনোপায়েন তৎপ্রাপ্তিরিতি পৃচ্ছতি

---

এ জ্ঞান সহজে সংগ্রহ করা যায় না। আচার্য্য-গণের সমীপে

আভাস।

প্রাপ্ত হওয়া যায়। মোক্ষলাভ হইলে, আর পাইবার কিছু বাকী থাকে না; কর্ম্মযোগের সর্ব্বপ্রকার যজ্ঞফল একত্র এক জ্ঞানযোগের অন্তর্ভূত হইয়া থাকে। শ্রমের বিনিময়ে কর্ম্মকাণ্ড এবং অজ্ঞানের তিরোধানে জ্ঞানযজ্ঞ। কর্ম্মকাণ্ডের ফল পরিমিত কালব্যাপী, সুতরাং নশ্বর; জ্ঞানের ফল চিরস্থায়ী ও নির্ব্বিরোধী ॥ ৩৩ ॥

ক্ষুধার অন্ন বা পিপাসার জল জগতে কুড়াইয়া পাওয়া যায়; কিন্তু জ্ঞানকে

শাঙ্করভাষ্যম্।

তদ্বিদ্ধি বিজানীহি যেন বিধিনা প্রাপ্যত ইতি আচার্য্যানভিগম্য প্রকর্ষেণ নীচৈঃ পতনং প্রণিপাতো দীর্ঘনমস্কারস্তেন কথং বন্ধঃ কথং মোক্ষঃ কা বিদ্যা কা চাবিদ্যা ইতি পরিপ্রশ্নেন, সেবয়া গুরুশুশ্রূষয়া এবমাদিনা প্রশ্রয়েণ আবর্জ্জিতা আচার্য্যা উপদেক্ষ্যন্তি কথয়িষ্যন্তি তে জ্ঞানং যথোক্তবিশেষণং জ্ঞানিনো জ্ঞানবন্তোঽপি

আনন্দগিরিকৃতটীকা।

তদেতদিতি। জ্ঞানপ্রাপ্তৌ প্রত্যাসন্নমুপায়মুপদিশতি উচ্যত ইতি। তদ্বিজ্ঞানং গুরুভ্যো বিদ্ধি! গুরবশ্চ প্রণিপাতাদিভিরুপায়ৈঃ আবর্জ্জিতচেতসো বদিষ্যন্তীত্যাহ তদ্বিদ্ধীতি। উপদেষ্টৃত্বমুপদেশ-কর্তৃত্বং পরোক্ষজ্ঞানমাত্রেণ ন ভবতীত্যাহ উপদেক্ষ্যন্তীতি! তদিতি প্রেক্ষিতং জ্ঞানসাধনং গৃহ্যতে যেন বিধিনেতি বিশেষদর্শনাৎ, যথা যেনাচার্য্যাবর্জ্জনপ্রকারেণ তদুপদেশবশাদপেক্ষিতং জ্ঞানং লভ্যতে তথা তজ্জ্ঞানমাচার্য্যেভ্যো লভস্বেত্যর্থঃ। তদেব স্ফুটয়তি আচার্য্যানিতি। এবমাদিনেত্যাদিশব্দেন শমাদয়ো গৃহ্যতে, এবমাদিনা বিদ্ধীতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। উত্তরার্দ্ধং ব্যাচষ্টে প্রশ্রয়েণেতি। প্রশ্রয়ো ভক্তিশ্রদ্ধাপূর্ব্বকো নিরভিশয়োঽবনতিবিশেষঃ, যথোক্তবিশেষণং পূর্ব্বোক্তেন প্রকারেণ প্রশস্ততমমিত্যর্থঃ। বিশেষণন্ত্ব প্রৌন-

স্বামিকৃতটীকা।

এবং কৃতাত্মজ্ঞানে সাধনমাহ তদিতি। তজ্জ্ঞানং বিদ্ধি জানীহি প্রাপ্নুহী-ত্যর্থ, জ্ঞানিনাং প্রণিপাতেন নমস্কারেণ ততঃ পরিপ্রশ্নেন কুতোঽয়ং মম সংসারঃ কথং বা নিবর্ত্ততে ইতি পরিপ্রশ্নেন, সেবয়া গুরুশুশ্রূষয়া চ, জ্ঞানিনঃ শাস্ত্রজ্ঞা-স্তত্ত্বদর্শিনোঽপরোক্ষানুভবসম্পন্নাশ্চ তে তুভ্যং জ্ঞানমুপদেশেন সম্পাদয়িষ্যন্তি ॥৩৪॥

---

উপস্থিত হইয়া, হটকারিতা পরিত্যাগ পূর্ব্বক গুরু-শুশ্রূষা করা প্রয়োজন। তখন বিনয় এবং শরণাগত ভাবের উদয়ে নিজ চিত্ত মধ্যে পরমার্থ বিষয়ের প্রশ্ন উদিত হইবে। সেই তত্ত্বদর্শী জ্ঞানিগণ শিষ্যের উপর প্রসন্ন হইলে, যত্ন পূর্ব্বক তাঁহারা তোমার ন্যায় বিনীত শিষ্যকে প্রকৃত জ্ঞানের বিষয় উপদেশ দিবেন ॥ ৩৪ ॥

আভাস।

পণ্ডিত পাওয়া যায় না। বুঝিয়া লইতে হইবে। সুতরাং বুঝাইবার লোকের প্রয়োজন! যে নিজে বুঝে না; আজীবন প্রাপ্তিতেই জীবন প্রতিপালন করিয়াছেন, তিনি প্রাপ্তির কথা ব্যতীত জ্ঞানের কথা বলিতে বা বুঝিতে

যজ্‌জ্ঞাত্বা ন পুনর্মোহমেবং যাস্যসি পাণ্ডব।
যেন ভূতান্যশেষেণ দ্রক্ষ্যস্যাত্মন্যথো ময়ি ॥ ৩৫ ॥

অন্বয়ঃ।

যৎ জ্ঞানং জ্ঞাত্বা এবং ইদানীং ইব পুনঃ মোহং ন যাস্যসি প্রাপ্স্যসি; অপিতু যেন জ্ঞানেন ভূতানি ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তানি, অশেষেণ আত্মনি প্রত্যগাত্মনি অথ ময়ি দ্রক্ষ্যসি ॥ ৩৫ ॥

শাঙ্করভাষ্যম্।

কেচিদ্‌ যথাবৎ তত্ত্বদর্শনশীলাশ্চ ন ভবন্তি অপরে তু, ভবন্ত্যতো বিশিনষ্টি তত্ত্বদর্শিন ইতি, যে সম্যগ্‌দর্শিনস্তৈরুপদিষ্টং জ্ঞানং কার্য্যক্ষমং ভবতি নেতরদিতি ভগবতো মতম্ ॥ ৩৪ ॥

তথাচ সতি ইদম্ অপি সমর্থং বচনং যদিতি। যজ্‌জ্ঞাত্বা যজ্‌জ্ঞানং

আনন্দগিরিকৃতটীকা।

রুক্তিপরিহারার্থমর্থভেদং কথয়তি জ্ঞানবন্তোঽপীতি। জ্ঞানিন ইত্যুক্তা পুনস্তত্ত্বদর্শিন ইতি ব্রুবতো ভগবতোঽভিপ্রায়মাহ যে সম্যগিতি। বহুবচনকৈন্তদাচার্য্যবিষয়ং বহুভ্যঃ শ্রোতব্যং বহুধা চেতি সামাঙ্গন্যায়াভ্যনুজ্ঞানার্থং, ন ত্বাত্মজ্ঞানমধিকৃত্য আচার্য্যবহুত্বং বিবক্ষিতং তস্য তত্ত্বসাক্ষাৎকার-বদাচার্য্যমাত্রোপদেশাদেব উদয়-সম্ভবাৎ ॥ ৩৪ ॥

বিশিষ্টৈরাচার্য্যৈরুপদিষ্টে জ্ঞানে কার্য্যক্ষমে প্রাপ্তে সতি সমনন্তরবচনমপি

সেই জ্ঞানের প্রসাদে তুমি এই ব্রহ্মাণ্ড-ভরা ব্রহ্মাদি তৃণ পর্য্যন্ত যাবতীয় পদার্থকে পরমাত্ম-স্বরূপ আমাতে যে অবস্থিত, তাহা

আভাস।

শিখেন নাই; সুতরাং ভোগের দ্বারা যজ্ঞাদির প্রয়োগ-পদ্ধতি যাঁহারা জানেন, ভোগের উপদেশ প্রদানে তাঁহারা সক্ষম। কিন্তু জ্ঞান-যজ্ঞের উপদেশ-কর্ত্তা বিরল। যাঁহারা পুঙ্খানুপুঙ্খভাবে জগতের অনিত্যত্ব অবধারণে, বিষয়ে বিরক্ত হইয়াছেন এবং বিষয়ী আত্মার বিচারে পরমাত্মার সন্দর্শন লাভ করিয়াছেন, তাদৃশ তত্ত্বদর্শী জ্ঞানিগণের শরণাগত হইয়া তাঁহাদের সমীপে এই জ্ঞান-যজ্ঞের অনুসন্ধান লওয়া প্রয়োজন! তাঁহারাই এই জ্ঞান-যজ্ঞের প্রয়োগ-পদ্ধতি শিষ্যগণকে প্রদান করিয়া থাকেন ॥ ৩৪ ॥

জ্ঞানযজ্ঞে দীক্ষিত হইলে, কর্ম্ম-বাসনায় আর অভিভূত হইতে হয় না!

শাঙ্করভাষ্যম্ ।

তৈরুপদিষ্টমধিগম্য প্রাপ্য পুনর্ভূয়ো মোহমেবং যথেদানীং মোহং গতোঽসি পুনরেবং ন যাস্যসি হে পাণ্ডব। কিঞ্চ যেন জ্ঞানেন ভূতানি অশেষেণ ব্রহ্মাদীনি স্তম্বপর্য্যন্তানি দ্রক্ষ্যসি সাক্ষাদাত্মনি প্রত্যগাত্মনি মৎসংস্থানীমানি ভূতানি ইতি, অথো অপি ময়ি বাসুদেবে পরমেশ্বরে চেমানি ইতি ক্ষেত্রজ্ঞেশ্বরৈকত্বং সর্ব্বোপনিষৎপ্রসিদ্ধং দ্রক্ষ্যসীত্যর্থঃ ॥ ৩৫ ॥

আনন্দগিরিকৃতটীকা।

যোগ্যবিষয়মর্থবত্তবতীত্যাহ তথা চেতি। অতস্তস্মিন্ বিশিষ্টে জ্ঞানে ত্বদীয়মোহাপোহহেতৌ নিষ্ঠাবতা ভবতা ভবিতব্যমিতি শেষঃ। তত্র নিষ্ঠাপ্রতিষ্ঠায়ৈ তদেব জ্ঞানং পুনর্ব্বিশিনষ্টি যেনেতি। যজ্জ্ঞাত্বেত্যযুক্তং জ্ঞানাযোগাদিত্যাশঙ্ক্য প্রাপ্ত্যর্থত্বমধিপূর্ব্বস্য গমেরঙ্গীকৃত্য ব্যাকরোতি অধিগম্যেতি। ইতশ্চাচার্য্যোপদেশলভ্যে জ্ঞানে ফলবতি প্রতিষ্ঠাবতা ভবিতব্যমিত্যাহ কিঞ্চেতি। জীবে চেশ্বরে চোভয়ত্র ভূতানাং প্রতিষ্ঠিতত্ব-প্রতিনির্দ্দেশে ভেদবাদানুমতিঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ ক্ষেত্রজ্ঞেতি। মূলপ্রমাণাভাবে কথং তদেকত্ব-দর্শনং স্যাদিত্যাশঙ্ক্যাহ সর্ব্বেতি ॥ ৩৫ ॥

স্বামিকৃতটীকা

জ্ঞানফলমাহ যজ্জ্ঞাত্বেতি সার্দ্ধৈস্ত্রিভিঃ। যজ্জ্ঞানং জ্ঞাত্বা প্রাপ্য পুনর্বন্ধুবধাদিনিমিত্তং মোহং ন প্রাপ্স্যসি। তত্র হেতু র্যেন জ্ঞানেন ভূতানি পিতৃপুত্রাদীনি স্বাবিদ্যাবিজৃম্ভিতানি আত্মন্যেবাভেদেন দ্রক্ষ্যসি। অথো অনন্তরং আত্মানং ময়ি পরমাত্মন্যভেদেন দ্রক্ষ্যসীত্যর্থঃ ॥ ৩৫ ॥

প্রত্যক্ষে অবলোকন করিতে পারিবে; সুতরাং আর এ জাতীয় মোহে পুনরায় মোহিত হইবে না। দিব্য জ্ঞানে পরমানন্দ অনুভব করিবে ॥ ৩৫ ॥

আভাস।

শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে বলিলেন, হে অর্জ্জুন! জ্ঞানের উন্মেষণ হইলে এক জ্ঞানের গর্ভেই যে এই অনন্ত ব্রহ্মাণ্ড নিহিত রহিয়াছে, তাহা তুমি প্রত্যক্ষে অনুভব করিবে এবং অনন্ত দেহ-ক্ষেত্রে প্রত্যেক দেহের ক্ষেত্রজ্ঞ অর্থাৎ অন্তর্যামীরূপে বিদ্যমান আমাকে তুমি প্রত্যক্ষে অবলোকন করিতে পারিবে ॥ ৩৫ ॥

অপি চেদসি পাপিভ্যঃ সর্ব্বেভ্যঃ পাপকৃত্তমঃ।
সর্ব্বং জ্ঞান-প্লবেনৈব বৃজিনং সন্তরিষ্যসি ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

পাপিভ্যঃ পাপকৃদ্ভ্যঃ সর্ব্বেভ্যঃ অপি ত্বং পাপকৃত্তমঃ চেৎ অসি! জ্ঞানপ্লবেন জ্ঞানং এব প্লবং কৃত্বা সর্ব্বং বৃজিনং পাপ-সমুদ্রং সন্তরিষ্যসি ॥ ৩৮ ॥

শাঙ্করভাষ্যম্।

কিঞ্চৈতস্য জ্ঞানস্য মাহাত্ম্যম্ অপীতি। অপি চেদসি পাপিভ্যঃ পাপকৃদ্ভ্যঃ সর্ব্বেভ্যঃ সকাশাৎ অতিশয়েন পাপকৃৎ পাপকৃত্তমঃ, যদ্যসি ভবসি সর্ব্বং জ্ঞানপ্লবেনৈব জ্ঞানমেব প্লবং জ্ঞানপ্লবং কৃত্বা বৃজিনং বৃজিনার্ণবং পাপং সন্তরিষ্যসি ধর্ম্মোঽপীহ মুমুক্ষোঃ পাপমুচ্যতে ॥ ৩৬ ॥

আনন্দগিরিকৃতটীকা।

জ্ঞানস্য প্রকারান্তরেণ প্রশংসাং প্রস্তৌতি কিঞ্চেতি। পাপকারিভ্যঃ সর্ব্বেভ্যঃ সকাশাদতিশয়েন পাপকারিত্বমেকস্মিন্নসম্ভাবিতমপি জ্ঞানমাহাত্ম্যপ্রসিদ্ধ্যর্থমঙ্গীকৃত্য ব্রবীতি অপি চেদিতি। ব্রহ্মাত্মৈক্যজ্ঞানস্য সর্ব্বপাপ-নিবর্ত্তকত্বেন মাহাত্ম্যমিদানীং প্রকটয়তি সর্ব্বমিতি। অধর্ম্মে নিবৃত্তেঽপি ধর্ম্মরূপপ্রতিবন্ধান্ন জ্ঞানবতোঽপি মোক্ষঃ সম্ভবতীত্যাশঙ্ক্যাহ ধর্ম্মোঽপীতি। ইহেত্যধ্যাত্মশাস্ত্রং গৃহ্যতে ॥ ৩৬ ॥

স্বামিকৃতটীকা।

কিঞ্চ অপি চেদিতি। সর্ব্বেভ্যোঽপি পাপকারিভ্যো যদ্যপ্যতিশয়েন পাপকারী ত্বমসি তথাপি সর্ব্বং পাপ-সমুদ্রং জ্ঞানপ্লবেনৈব জ্ঞানপোতেনৈব সম্যক্ অনায়াসেন তরিষ্যসি ॥ ৩৬ ॥

---

ন বিদ্যতে ইতি কর্ত্তব্যান্তরাভাববচনাচ্চ ন কর্ম্মণামনারম্ভাৎ, সংন্যাসস্তু মহাবাহো দুঃখমাপ্তুমযোগতঃ ইত্যাদিবচনাচ্চাত্মজ্ঞানাঙ্গত্বেন কর্ম্মযোগস্য বিধানাৎ যোগারূঢ়স্য তস্যৈব শমঃ কারণমুচ্যতে ইত্যনেন চোৎপন্নসম্যগ্দর্শনস্য কর্ম্মযোগাভাববচনাৎ শারীরং কেবলং কর্ম্ম কুর্ব্বন্নাপ্নোতি কিল্বিষমিতি চ শরীরস্থিতি-কারণাতিরিক্তস্য কর্ম্মণো বারণাৎ নৈব কিঞ্চিৎ করোমীতি যুক্তো মন্যেত তত্ত্ববিদিত্যনেনচ শরীর-স্থিতিমাত্র-প্রযুক্তেষ্বপি দর্শন শ্রবণাদি কর্ম্মস্বাত্মযাথাত্ম্যবিদঃ করোমীতি প্রত্যয়স্য সমাহিতচেতস্তয়া সদা কর্ত্তব্যত্বোপদেশাদাত্মতত্ত্ববিদঃ সম্য-

আনন্দগিরিকৃতটীকা।

বিদুষোঽপি করোমীতি স্বাভাবিক-প্রত্যয়দ্বারা কর্ম্মযোগঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ আত্মতত্ত্বেতি। যদ্যপি বিদ্বান্ যথোক্তমুপদেশং কদাচিন্নানুসন্ধত্তে তথাপি তত্ত্ববিদ্যাবিরোধান্মিথ্যাজ্ঞানং তন্নিমিত্তং কর্ম্ম বা তস্য সম্ভাবয়িতুমশক্যমিত্যর্থঃ। আত্মবিৎকর্ত্তৃকয়োঃ সংন্যাস-কর্ম্মযোগয়োরযোগাৎ তয়োর্নিঃশ্রেয়সকরত্বম্ অন্যতরস্য বিশিষ্টত্বমিত্যেতদযুক্তমিতি সিদ্ধত্বাদ্ দ্বিতীয়ং পক্ষমঙ্গীকরোতি যস্মাদিত্যাদিনা। তদীয়াচ্চ কর্ম্মসংন্যাসাৎ কর্ম্মযোগস্য বিশিষ্টত্বাভিধানমিতি সম্বন্ধঃ। নন্বু কর্ম্মযোগেন শুদ্ধবুদ্ধেঃসংন্যাসো জায়মান স্তস্মাদুৎকৃষ্যতে কথং তস্মাৎ কর্ম্মযোগস্য উৎকৃষ্টত্ববাচো যুক্তির্যুক্তেতি তত্রাহ পূর্ব্বোক্তেতি। বৈলক্ষণ্যমেব স্পষ্টয়তি সত্যেবেতি। স্বাশ্রমবিহিত-শ্রবণাদৌ কর্ত্তৃত্ববিজ্ঞানে সত্যেব পূর্ব্বাশ্রমোপাত্ত-কর্ম্মৈকদেশবিষয়-সংন্যাসাৎ কর্ম্মযোগস্য শ্রেয়স্ত্ববচনং "নৈতাদৃশং ব্রাহ্মণস্যাস্তি বিত্তম্" ইত্যাদিস্মৃতিবিরুদ্ধমিত্যাশঙ্ক্যাহ যমনিয়মাদীতি।

"আনৃশংস্যং ক্ষমা সত্যমহিংসা দম আর্জ্জবম্।
প্রীতিঃ প্রসাদো মাধুর্য্যমক্রোধশ্চ যমা দশ।"
"দানমিজ্যা তপো ধ্যানং স্বাধ্যায়োপস্থ-নিগ্রহৌ।
ব্রতোপবাসৌ মৌনঞ্চ স্নানঞ্চ নিয়মা দশ॥"

আভাস।

যে, কর্ম্ম করিতে হইলে, তৎপ্রতি চিত্তাদি ইন্দ্রিয়-বর্গকে সম্পূর্ণ নিবিষ্ট করিতে হয় এবং তদুপলক্ষে চৈতন্যস্বরূপ স্বকীয় অনুভূতি ভাবকেও বহির্ম্মুখী বৃত্তিসহকারে ভোগ বা ভোগ্য পদার্থের প্রতি ধাবিত করাইতে হয়; আমি বলিয়া অন্তরে পৃথক্ ভাবে থাকা হয় না। অপর দিকে আমি-স্বরূপকে অনুভব করিতে হইলে, বাহিরের বিষয়ের প্রতি ইন্দ্রিয়াদি চিত্তবর্গকে প্রেরণ করা হয় না। সুতরাং আত্মচিন্তা ও বিষয়-চিন্তা পরস্পরে সম্পূর্ণ বিপরীত। একটীর চিন্তায়

শাঙ্করভাষ্যম্।

দর্শনেন বিরুদ্ধো মিথ্যাজ্ঞানহেতুকঃ কর্ম্মযোগঃ ন সম্ভাবয়িতুং শক্যতে যস্মাদনাত্মবিৎকর্তৃকয়োরেব সংন্যাস-কর্ম্মযোগয়োঃ নিঃশ্রেয়সকরত্ব-বচনং তদীয়াচ্চ কর্ম্মসংন্যাসাৎ পূর্ব্বোক্তাত্মবিৎকর্তৃকসর্ব্বকর্ম্মসংন্যাস-বিলক্ষণাৎ সত্যে কর্তৃত্ব-বিজ্ঞানে কৈর্মকদেশবিষয়ত্বাৎ যমনিয়মাদিসহিতত্বেন চ দুরনুষ্ঠেয়ত্বাৎ সুকর-ত্বেন চ কর্ম্মযোগস্য বিশিষ্টত্বাভিধানমিত্যেবং প্রতিবচনবাক্যার্থ-নিরূপণেনাপি পূর্ব্বোক্তঃ প্রষ্টুরভিপ্রায়ো নিশ্চীয়তে ইতি স্থিতং জ্যায়সী চেৎ কর্ম্মণস্ত

আনন্দগিরিকৃতটীকা।

ইত্যুক্তে যমনিয়মৈরন্যৈশ্চাশ্রমধর্ম্মৈঃ বিশিষ্টত্বেনানুষ্ঠাতুমশক্যত্বাদুক্তসংন্যাসাৎ কর্ম্মযোগস্য বিশিষ্টত্বোক্তি র্যুক্তেত্যর্থঃ। নহি কশ্চিদিতি ন্যায়েন কর্ম্মযোগস্য ইতরা-পেক্ষয়া সুকরত্বাচ্চ তস্য বিশিষ্টত্ব-বচনং শ্লিষ্টমিত্যাহ সুকরত্বেন চেতি। প্রতি-বচন-বাক্যার্থালোচনাৎ সিদ্ধমর্থমুপসংহরতি ইত্যেবমিতি। সংন্যাস-কর্ম্মযোগয়ো র্মিথো বিরুদ্ধয়োঃ সমুচ্চিত্যানুষ্ঠাতুমশক্যয়োরন্যতরস্য কর্ত্তব্যত্বে প্রশস্ততরস্য তত্ত্বাবস্থ চানির্দ্ধারিতত্বাৎ তন্নির্দ্ধারয়িষয়া প্রশ্নঃ স্যাদিতি প্রশ্নবাক্যার্থ-পর্য্যালোচনয়া প্রষ্টুরভি-প্রায়ো যথাপূর্ব্বমুপদিষ্ট স্তথা প্রতিবচনার্থ-নিরূপণেনাপি তস্য নিশ্চিতত্বাৎ প্রশ্নোপ-পত্তিঃ সিদ্ধেত্যর্থঃ।

ননু তৃতীয়ে যথোক্তপ্রশ্নস্য ভগবতা নির্ণীতত্বান্নাত্র প্রশ্নপ্রতিবচনয়োঃ সাবকাশ-ত্বমিত্যাশঙ্ক্য বিস্তরেণোক্তমেব সম্বন্ধং পুনঃ সংক্ষেপতো দর্শয়তি জ্যায়সী চেদিতি। সাংখ্যযোগয়ো র্ভিন্নপুরুষানুষ্ঠেয়ত্বেন নির্ণীতত্বান্ন পুনঃ প্রশ্নযোগ্যত্বমিত্যর্থঃ। ইতো-ঽপি ন তয়োঃ প্রশ্নবিষয়ত্বমিত্যাহ ন চেতি। এবকারবিশেষণাজ্ জ্ঞানসহিত-সংন্যাসস্য

আভাস।

নিমগ্ন হইলে, অপরটী চিন্তা করা হয় না। অথচ হে ভগবন্! আপনি বারংবার বলিতেছেন যে, বিশুদ্ধ চৈতন্যস্বরূপ আত্মাকে "আমি পারি;" ইহা আমার কর্ত্তব্য" বলিয়া অভিমান-পূর্ণ কর্ত্তা সাজান সম্পূর্ণ ভ্রম মূলক। অনাত্ম অহঙ্কা-রাদি প্রাকৃতিক ভাবসমূহ হইতে জীবাত্মাকে সম্পূর্ণ পৃথক্ করিয়া, অর্থাৎ নিষ্ক্রিয় শান্ত চিদানন্দ মূর্ত্তিতে তাহাদিগকে প্রতিষ্ঠিত প্রত্যক্ষ করিয়া, তুমি বর্ণাশ্রমোচিত কর্ত্তব্য কর্ম্মের অনুষ্ঠানে উদ্গ্রীব হও! আপনার এই উপদেশে আমি স্পষ্টত বুঝিলাম যে, নিষ্ক্রিয় চৈতন্য স্বরূপ আত্মাতে কোন কর্ম্মই নাই বরং কর্ম্মপথে চৈতন্যস্বরূপ আত্মার সমীপে একটী অদ্ভুত আবরণ আসিয়া, তাঁহাকে সুখী দুঃখী রোগী, শোক-

শাঙ্করভাষ্যম্।

ইত্যত্র জ্ঞানকর্ম্মণোঃ সন্ন্যাসম্ভবে যচ্ছ্রেয়এতয়োস্তন্মে ব্রূহি ইত্যেবং পৃষ্টোঽর্জ্জুনেন ভগবান্ জ্ঞানযোগেন সাংখ্যানাং নিষ্ঠা পুনঃ কর্ম্মযোগেন যোগিনাং নিষ্ঠা প্রোক্তেতি নির্ণয়ঞ্চকার। ন চ সংন্যসনাদেব কেবলাৎ সিদ্ধিং সমধিগচ্ছতীতিবচনাৎ জ্ঞান-সহিতস্য তস্য সিদ্ধিসাধনত্বমিষ্টং কর্ম্মযোগস্য চবিধানাৎ জ্ঞানরহিতস্য তস্য সংন্যাসঃ শ্রেয়ান্ কিম্বা কর্ম্মযোগঃ শ্রেয়ানিত্যেতয়োর্ব্বিশেষবুভুৎসয়া অর্জ্জুন উবাচ, সংন্যাসং পরিত্যাগং কর্ম্মণাং শাস্ত্রীয়াণাং অনুষ্ঠানবিশেষাণাং শংসসি প্রসংসসি কথয়-সীত্যেতৎ পুন র্যোগঞ্চ তেষামনুষ্ঠানমবশ্যং কর্ত্তব্যং শংসতো মে কতরৎ শ্রেয় ইতি সংশয়ঃ কিং কর্ম্মানুষ্ঠানং শ্রেয়ঃ কিম্বা তদ্ধ্যানমিতি প্রশস্যতরঞ্চানুষ্ঠেয়মতশ্চ যচ্ছ্রেয়ঃ প্রশস্ততরমেতয়োঃ কর্ম্মসংন্যাসকর্ম্মানুষ্ঠানয়োর্যদনুষ্ঠানাৎ শ্রেয়োঽ

আনন্দগিরিকৃতটীকা।

সিদ্ধসাধনত্বং ভগবতোঽভিমতং "ছিত্ত্বৈনং সংশয়ং যোগমাতিষ্ঠ" ইতি চ কর্ম্মযো-গস্য বিধানাৎ তস্যাপি সিদ্ধসাধনত্বমিষ্টং ততশ্চ নির্ণীতত্বান্ন প্রশ্ন স্তদ্বিষয়ঃ সিধ্যতী-ত্যর্থঃ। কেনাভিপ্রায়েণ তর্হি প্রশ্নঃ স্যাদিত্যাশঙ্ক্য জ্ঞানরহিত-সংন্যাসাৎ কর্ম্মযো-গস্য প্রশস্ততরত্ব-বুভুৎসয়েত্যাহ জ্ঞান-রহিত ইতি। প্রষ্টুরভিপ্রায়মেবং প্রদর্শ্য প্রশ্নো-পপত্তিমুক্ত্বা প্রশ্নমুত্থাপয়তি সংন্যাসমিতি। তর্হি দ্বয়ং ত্বয়ানুষ্ঠেয়মিত্যাশঙ্ক্য তদশক্তে-রুক্তত্বাৎ প্রশস্ততরস্যানুষ্ঠানার্থং তদিদমিতি নিশ্চিত্য বক্তব্যমিত্যাহ যচ্ছ্রেয় ইতি। কাম্যানাং প্রতিসিদ্ধানাঞ্চ কর্ম্মণাং পরিত্যাগো ময়োচ্যতে ন সর্ব্বেষামিত্যা-শঙ্ক্য কর্ম্মণ্যকর্ম্মেত্যাদৌ বিশেষ-দর্শনাদৈবমিত্যাহ শাস্ত্রীয়াণামিতি। অস্তু তর্হি শাস্ত্রীয়াশাস্ত্রীয়য়োরশেষয়োরপি কর্ম্মণো ত্যাগো নেত্যাহ পুনরিতি। তর্হি কর্ম্মত্যাগ-স্তদ্যোগশ্চেত্যুভয়মাদর্শিতব্যমিত্যাশঙ্ক্য বিরোধান্নৈবমিত্যভিপ্রেত্যাহ অত ইতি। দ্বয়োরেকৈকমানুষ্ঠানাযোগস্যোক্তত্বাৎ কর্ত্তব্যত্বোক্তেশ্চ সংশয়ো জায়তে তমেব সংশয়ং বিশদয়তি কিং কর্ম্মেতি। প্রশস্ততর-বুভুৎসা কিমর্থেত্যাশঙ্ক্যাহ প্রশস্ততরঞ্চেতি। তস্যৈবানুষ্ঠেয়ত্বে প্রশ্নস্য সাবকাশত্বমাহ অতশ্চেতি। তদেব প্রশস্ততরং বিশিনষ্টি যদনুষ্ঠানাদিতি। তদেকমন্যতরমস্মৈ ব্রূহীতি সম্বন্ধঃ। উভয়োরুক্তত্বে সত্তি কিমি-

আভাস।

প্রভৃতি প্রভৃতি বিক্ষেপের উদ্ভাবনে জীবাত্মাকে নিতান্ত বিব্রত করা হয়। অতএব কর্ত্তা এবং অকর্ত্তা এই উভয় ভাব একত্র আত্মাতে কি প্রকারে আনয়ন করা যায়! হে জগদীশ! এই অপূর্ব্ব রহস্যের মীমাংসা করা আপনি ব্যতীত অন্য

শ্রীভগবানুবাচ—

সংন্যাসঃ কর্ম্মযোগশ্চ নিঃশ্রেয়সকরাবুভৌ।

তয়োস্তু কর্ম্মসংন্যাসাৎ কর্ম্মযোগো বিশিষ্যতে ॥ ২ ॥

অন্বয়ঃ।

শ্রীভগবান্ শ্রীকৃষ্ণঃ উবাচ। সংন্যাসঃ কর্ম্মণাং পরিহারঃ; তথা কর্ম্মযোগঃ ইতি উভৌ যদ্যপি নিঃশ্রেয়সকরৌ মোক্ষপ্রদৌ তথাপি তয়োঃ সন্ন্যাস কর্ম্ম-যোগয়োঃ মধ্যে কর্ম্মসংন্যাসাৎ কর্ম্মযোগঃ বিশিষ্যতে প্রশস্তঃ ভবতি ॥ ২ ॥

শাঙ্করভাষ্যম্।

ব্যপ্তি র্ম ম স্যাদিতি মন্যসে তদেকমন্যতরৎ সহৈকপুরুষানুষ্ঠেয়ত্বাসম্ভবাম্মে ক্রহি সুনিশ্চিতমভিপ্রেতং তবেতি ॥ ১ ॥

স্বাভিপ্রায়মাচক্ষাণো নির্ণয়ায় ( শ্রীভগবানুবাচ ) সংন্যাসঃ কর্ম্মণাং পরিত্যাগঃ

আনন্দগিরিকৃতটীকা।

ত্যেকং বক্তব্যমিতি নিযুজ্যতে তত্রাহ সহেতি। কর্ম্মতত্ত্যাগয়োর্মিথো বিরোধা-দিত্যর্থঃ ॥ ১ ॥

প্রশ্নমেবমুত্থাপ্য প্রতিবচনমুত্থাপয়তি স্বাভিপ্রায়মিতি। নির্ণয়ায় তদ্দ্বারেণ পরস্য সংশয়নিবৃত্ত্যর্থমিত্যর্থঃ। এবং প্রশ্নে প্রবৃত্তে কর্ম্মযোগস্য সৌকর্য্যমভিপ্রেত্য

---

এতদুত্তরে ভগবান্ বলিলেন, কর্ম্মসন্ন্যাস এবং কর্ম্মানুষ্ঠান উভয়ই মঙ্গলকর বটে, তন্মধ্যে কর্ম্মত্যাগের অপেক্ষা কর্ম্মের অনুষ্ঠানই সর্ব্বতোভাবে প্রশংসনীয় ও মঙ্গলপ্রদ ॥ ২ ॥

আভাস।

কাহারও সামর্থ্যে নাই। অতএব এক্ষণে আমার কখন কোনটীর আশ্রয় করা কর্ত্তব্য, এই জ্ঞানহীন শিষ্যকে তাহার উপদেশ প্রদানে কৃতার্থ করুন! ॥ ১ ॥

এতদুত্তরে ভগবান্ শ্রীকৃষ্ণ দ্বিতীয় শ্লোকের সন্নিবেশে বলিলেন, সর্ব্বত্যাগ-রূপ সন্ন্যাস এবং সর্ব্বগ্রহণরূপ কর্ম্ম এই দুইটীই আবশ্যক। কারণ এই উভয়ই মুক্তি-ফলপ্রদ! কিন্তু কেবল ত্যাগের অপেক্ষা বিচারপূর্ব্বক গ্রহণটী বিশেষ প্রয়োজনীয়। কারণ স্বরূপের পরিচয় কেবল ত্যাগে তাদৃশ হয় না, যেরূপ বিষয় গ্রহণে অর্থাৎ কর্ম্মের অনুষ্ঠানে অনুভূত হইয়া থাকে। শ্লোকে উভয়কে নিঃশ্রেয়স প্রদ বলায় প্রত্যেকক্ষ পৃথক্ ভাবে মুক্তিপ্রদ বলা হয় নাই; দুইটী

শাঙ্করভাষ্যম্।

কর্ম্মযোগশ্চ তেষামনুষ্ঠানং তাবুভাবপি নিঃশ্রেয়সকরৌ নিঃশ্রেয়সং মোক্ষং কুর্ব্বাতে

আনন্দগিরিকৃতটীকা।

প্রশস্ততরত্বমভিধিৎসু র্ভগবান্ প্রতিবচনং কিমুক্তবানিত্যাশঙ্ক্যতে সংন্যাস ইতি। উভয়োরপি তুল্যত্বশঙ্কাং বারয়তি তয়োস্ত্বিতি। কথং তর্হি তয়োরেব জ্ঞানস্যৈব

স্বামিকৃতটীকা।

অত্রোত্তরং শ্রীভগবানুবাচ সংন্যাস ইতি। অয়ম্ভাবঃ, ন হি বেদান্তবেদ্যাত্মতত্ত্বজ্ঞং প্রতি কর্ম্মযোগমহং ব্রবীমি যতঃ পূর্ব্বোক্তেন সংন্যাসেন বিরোধঃ স্যাৎ। অপি তু দেহাদ্যাভিমানিনং ত্বাং বন্ধুবধাদিনিমিত্তশোকমোহাদিকৃতমেনং সংশয়ং দেহাত্মবিবেকজ্ঞানাসিনা ছিত্ত্বা পরমাত্মজ্ঞানোপায়ভূতং কর্ম্মযোগমাতিষ্ঠেতি ব্রবীমি, কর্ম্ম-

অ্যভাস।

একত্র অনুষ্ঠানই মুক্তিপ্রদ, এইকথাই বলা হইয়াছে। সন্ন্যাস শব্দে কেবল ত্যাগ, অর্থাৎ কর্ম্মের অভাবকে লক্ষ্য করা হয় নাই; এবং কর্ম্মযোগ বলিলে, অন্ধের ন্যায় কর্ম্ম করাকে লক্ষ্য করা হয় নাই। তাহা হইলে, মানব দৈনন্দিন জীবনে জাগ্রৎ ও নিদ্রার কল্যাণে মুক্তিসুখ অনুভব করিতে পারিত।

মানব যখন নিদ্রিত হয়, তখন প্রকৃত সন্ন্যাসীর বেশে সর্ব্বস্ব ত্যাগ করিয়া, নিষ্কর্ম্মীর অবস্থায় অবস্থান করে; এবং যখন জাগিয়া উঠে, তখন সর্ব্বান্তঃকরণে সর্ব্ব বিষয়ে আত্মীয়তার পরিচয়ে কর্ম্ম করে। সুতরাং এই উভয় অবস্থাকে আমরা সন্ন্যাসী ও কর্ম্মীর অবস্থার সহিত তুলনা করিতে পারি; এবং বুঝিতে পারি যে ভগবান্ আমাদিগকে ইহার একটী দিয়াই প্রচুর বোধ করেন নাই; দুইটীরই প্রয়োজন জানিয়া দুইটীকেই পাশাপাশী প্রদান করিয়াছেন। ভগবান্ শ্রীকৃষ্ণও সন্ন্যাস এবং কর্ম্মযোগকে পরস্পর পার্শ্ববর্ত্তী সাজাইয়া পরস্পরের সহায়তাতে যে পদ্ধতিতে আত্মসাক্ষাৎকার হয়, তাহারই উপদেশ প্রদান করিয়াছেন। কর্ম্মহীন হইয়া অঘোর নিদ্রায় অভিভূতের ন্যায় কালাতিপাত করিলে, কোন ফলোদয় নাই, এবং জাগিয়া নিরন্তর কর্ম্ম করিলে এবং তজ্জনিত সুখ দুঃখের উপলব্ধি করিলেও কোন ফলোদয় নাই। জাগিলেই যেমন ঘুমাইতে হয়, আবার ঘুমাইলেও জাগিতে হয়; দেহ থাকিতে এই উভয়ের অধিকার হইতে মানবের আর কখনই নিষ্কৃতি হইল না। দেহের হস্ত হইতে নিষ্কৃতি পাইলেই, এই উভয় জ্বালা হইতে নিষ্কৃতি আইসে।

শাঙ্করভাষ্যম্।

জ্ঞানোৎপত্তিহেতুত্বেন, উভৌ যদ্যপি নিঃশ্রেয়স-করৌ তথাপি তয়োস্তু নিঃশ্রেয়স-হেত্বোঃ কর্ম্মসন্ন্যাসাৎ কেবলাৎ কর্ম্মযোগো বিশিষ্যত ইতি কর্ম্মযোগং স্তৌতি ॥ ২ ॥

আনন্দগিরিকৃতটীকা।

মোক্ষোপায়ত্বং বিবক্ষ্যতে তত্রাহ জ্ঞানোৎপত্তীতি। তর্হি দ্বয়োরপি প্রশস্তত্বম-প্রশস্তত্বং বা তুল্যমিত্যাশঙ্ক্যাহ উভাবিতি। জ্ঞান-সহায়স্য কর্ম্মসংন্যাসস্য কর্ম্ম-যোগাপেক্ষয়া বিশিষ্টত্বাবিবক্ষয়া বিশিনষ্টি কেবলাদিতি ॥ ২ ॥

স্বামিকৃতটীকা।

যোগেন শুদ্ধচিত্তস্যাত্মতত্ত্বজ্ঞানে জাতে সতি তৎপরিপাকার্থং জ্ঞাননিষ্ঠাঙ্গত্বেন সংন্যাসঃ পূর্ব্বমুক্তঃ, এবঞ্চ সত্যঙ্গপ্রধানয়োর্ব্বিকল্পাযোগাৎ সংন্যাসঃ কর্ম্মযোগশ্চে-ত্যেতাবুভাবপি ভূমিকাভেদেন সমুচ্চিতাবেব নিঃশ্রেয়সং সাধয়তঃ, তথাপি তয়ো-র্মধ্যে কর্ম্মসংন্যাসাৎ সকাশাৎ কর্ম্মযোগো বিশিষ্টো ভবতীতি ॥ ২ ॥

আভাস।

এই জাগৎ ও নিদ্রারূপ দুইটী বৃত্তি দিয়া জীবমাত্রকে বিশেষত মানবকে সৃজন করিবার ভগবানের কি উদ্দেশ্য বলিয়া ভাবিলে, আমরা স্পষ্টত অনুভব করিতে পারিব যে, জাগ্রতের বিচিত্র ভোগে সুখও দুঃখাদির অনুভবের দ্বারা আমরা তাহার অনুভব-কর্ত্তা আপনাকে পৃথক্ ভাবে অনুভব করিতে পারিব! কিন্তু জাগ্রৎদশায় আত্মভাবকে যতই পৃথক ভাবে অনুভব করি, বিষয়-সম্বন্ধে তৎকালে এতই বিব্রত থাকি যে, আপনাকে চিনিয়াও ঠিক চিনিতে পারি না। তখন ভোগে ক্লান্ত হইয়া যখন নিদ্রিত হইয়া পড়ি, তখন বিষয় আর বিব্রত করিতে পারে না! সর্ব্বত্যাগী হইয়া, সেই আত্মভাবটী যখন নিরীহের ন্যায় নিশ্চিন্তে অবস্থান করে, তখন পরমানন্দ অনুভূত হইতে থাকে। সে পরমানন্দ বিষয়নিষ্ঠ নহে; সে আত্মনিষ্ঠ! এবং সমস্ত সম্পর্ক পরিত্যাগ করিলে, আত্মাতেই তাহার উপলব্ধি হয়। নিদ্রাতে যে আত্মানন্দের অনুভব হয়, জাগতিক কোন ভোগে তাহার তুলনা হয় না। কিন্তু অনুভব করিবার অভ্যাস ও জ্ঞান জাগ্রতে জাগতিক পদার্থের সম্বন্ধেই ঘটিয়া থাকে। নিদ্রাকালে সকল বাহ্য বৃত্তির নিরোধ হইলে, সেই অনিরুদ্ধ স্বকীয় অনুভূতি-জ্ঞানই জাগিয়া থাকে; ইহাই বৃত্তিগত নিদ্রা এবং ব্যবহারিক সন্ন্যাস।

এস্থলে নিদ্রাও জাগ্রতের তুলনায় বিচার করিলে আমরা বুঝিতে পারিব

জ্ঞেয়ঃ স নিত্যং সন্ন্যাসী যো ন দ্বেষ্টি ন কাঙ্ক্ষতি।
নির্দ্বন্দ্বো হি মহাবাহো সুখং বন্ধাৎ প্রমুচ্যতে ॥ ৩ ॥

অন্বয়ঃ।

( নিয়তং কর্ম্ম কৃত্বাপি ) যঃ কর্ম্মী ন দেষ্টি দ্বেষং ন করোতি তথা ন কাঙ্ক্ষতি সঃ নিত্যং সর্ব্বদৈব সন্ন্যাসী জ্ঞেয়ঃ, হে মহাবাহো! নির্দ্বন্দ্বঃ রাগদ্বেষাদি-দ্বন্দ্ব-শূন্যঃ জনঃ হি নিশ্চিতং বন্ধাৎ সংসারাৎ সুখং অনায়াসেন প্রমুচ্যতে ॥ ৩ ॥

শাঙ্করভাষ্যম্।

কস্মাদিত্যাহ জ্ঞেয় ইতি—জ্ঞেয়ো জ্ঞাতব্যঃ স কর্ম্মযোগী নিত্যসংন্ন্যাসীতি যো

---

কারণ কেবল কর্ম্মত্যাগে তাদৃশ গৌরব নাই; অনুরাগ ও দ্বেষভাব পরিত্যাগে যাদৃশ গৌরব আছে। যে ব্যক্তির হৃদয় হইতে সর্ব্ব-

আভাস।

যে, সন্ন্যাস এবং কর্ম্মযোগ উভয়ই একত্র প্রয়োজন এবং কর্ম্ম-সন্ন্যাসের অপেক্ষা কর্ম্মযোগের বিশেষ প্রয়োজন। বিচার পূর্ব্বক কর্ম্মের অনুষ্ঠান করিলে, আত্মোপ-লব্ধির পথ প্রশস্ত হয়; এবং তখনই কর্ম্মত্যাগ করিলে, নিরাময় আত্মভাবের প্রতীতি ঘটে। পরিশ্রম করিলে, বিশ্রাম যেমন আপনি দেখা দেয়, জাগিলে যেমন নিদ্রা আপনি আইসে, সেইরূপ বিচার সহকারে কর্ত্তব্য কর্ম্ম করিলে, কর্ম্মের অবসানে বিচার-জ্ঞান আপনি হৃদয়ে উদিত হয়। লোভ বা কাম উভয় পক্ষেই ব্যাঘাত আনয়ন করে। লোভ-শূন্য হইয়া কর্ত্তব্য-বোধে যে কর্ম্মই করা যাউক না, তাহাকেই যোগনামে অভিহিত করা যায়। কামনা পূর্ব্বক যে কর্ম্মই করা যায়, তাহাই সংসার বা বন্ধনের কারণ হয়। গমন কালে যেমন দুইটী চরণেরই প্রয়ো-জন; এক পদের উপর নির্ভর দিয়া অপর পদকে অগ্রসর করিলে, গমন কার্য্যে অগ্রসর হওয়া হয়, সেইরূপ জ্ঞানযোগ ও কর্ম্মযোগ পরস্পরে পরস্পরের মুখাপেক্ষী। করিলে বুঝা যায়; এবং বুঝিলে করা যায়। সেইরূপ আত্ম-সাক্ষাৎকার কখনই সুসিদ্ধ হয় না, যদবধি বিষয়-সাক্ষাৎকারে অর্থাৎ ভোগ্যানুভবের যোগ্যতা না হয়। ভোগের অনুভব করিতে করিতে, অনুভব করিবার যোগ্যতারও অনুভব আইসে; ইহাই নিজের স্বরূপের প্রতীতি। সুতরাং কর্ম্মযোগ ব্যতীত জ্ঞানযোগ কখনই ঘটে না ॥ ২ ॥

এক্ষণে আশঙ্কা হইতে পারে যে, করিয়া বুঝা এবং বুঝিয়া করার পদ্ধতি

শাঙ্করভাষ্যম্।

ন দ্বেষ্টি কিঞ্চিন্ন কাঙ্ক্ষতি সুখদুঃখে তৎসাধনে চ এবংবিধো যঃ কর্ম্মণি বর্ত্তমানো-

আনন্দগিরিকৃতটীকা।

কর্ম্ম হি বন্ধকারণং প্রসিদ্ধং তৎ কথং নিঃশ্রেয়সকরং স্যাদিতি শঙ্কতে কস্মা-দিতি। অকর্ত্রাত্মবিজ্ঞানাৎ প্রাগপি সর্ব্বদাসৌ সন্ন্যাসী জ্ঞেয়ো যো রাগদ্বেষৌ ক্বচিদপি ন করোতীত্যাহ ইত্যাহেতি। যথানুষ্ঠীয়মানানি কর্ম্মাণি সন্ন্যাসিনং

স্বামিকৃতটীকা।

কুত ইত্যপেক্ষায়াং সংন্যাসিত্বেন কর্ম্মযোগিনং স্তুবংস্তস্য শ্রেষ্ঠত্বং দর্শয়তি জ্ঞেয় ইতি। রাগদ্বেষাদিরাহিত্যেন পরমেশ্বরার্থং কর্ম্মাণি যোঽনুতিষ্ঠতি স নিত্যং কর্ম্মানুষ্ঠানকালেঽপি সন্ন্যাসীত্যেব জ্ঞেয়ঃ। তত্র হেতুঃ নির্দ্বন্দ্বো রাগদ্বেষাদিদ্বন্দ্ব-শূন্যো হি শুদ্ধচিত্তো জ্ঞানদ্বারা সুখমনায়াসেনৈব সংসারাৎ প্রমুচ্যতে ॥ ৩ ॥

---

প্রকার আকাঙ্ক্ষা এবং বিদ্বেষ ভাব বিদূরিত হইয়াছে, যে ব্যক্তি সকল সময়ে প্রকৃত সন্ন্যাসীর স্বরূপে বিরাজ করিয়া থাকেন, হে মহাবাহো! যাঁহারা হৃদয় হইতে রাগ দ্বেষ, সুখদুঃখ এবং প্রাপ্তি ও পরিহারের প্রত্যাশা পরিত্যক্ত হইয়াছে,তাদৃশ দ্বন্দ্বাতীত ব্যক্তি অতি সুগম উপায়ে সংসার-বন্ধনকে অতিক্রম করিয়া মুক্তি পথের অধিকারী হইয়াছেন ॥ ৩ ॥

আভাস।

প্রাণিমাত্রেরই হৃদয়ে নিরন্তর জাগরূক রহিয়াছে। অতি ক্ষুদ্র বা নিকৃষ্ট কীট পতঙ্গাদি হইতে অতি উৎকৃষ্ট মানব পর্য্যন্ত সকলে নিদ্রা এবং জাগরণের অধীন; এবং সকলেই করিবার এবং বুঝিবার অধিকারী। অনুকূল বোধে অগ্রসর হওয়া এবং প্রতিকূল বোধে প্রতিকার বা তৎসমীপ হইতে পলায়ন করার প্রবৃত্তি জীব মাত্রেরই হৃদয়ে নিরন্তর জাগরূক রহিয়াছে; অথচ সকলে ত শ্রীকৃষ্ণের উপদিষ্ট আত্মা বা পরমাত্ম-জ্ঞানের ত অধিকারী হইতেছে না। তদুত্তরে ভগবান্ পরবর্ত্তী শ্লোকের দ্বারা প্রকাশ করিয়াছেন যে, করা এবং বুঝার শক্তি প্রাণিমাত্রেরই হৃদয়ে আছে, সত্য! কিন্তু মানুষের তন্মধ্যে একটু বিশেষত্ব আছে, যাহার জন্য মানুষ উচ্চ পরমাত্মজ্ঞানের অধিকারী হইয়া, পরমা শান্তি পাইতে পারে; অন্যে কেবল সুখ দুঃখের অনুভব মাত্র করিতে পারে। মানুষ বিষয় ভোগ করিবার

শাঙ্করভাষ্যম্।

হপি স নিত্যসংন্যাসীতি জ্ঞাতব্য ইত্যর্থঃ। নির্দ্বন্দ্বঃ দ্বন্দ্ববর্জ্জিতো হি যস্মাৎ মহাবাহো সুখং বন্ধাদনায়াসেন প্রমুচ্যতে॥ ৩॥

আনন্দগিরিকৃতটীকা।

ন নিবধ্নন্তি কৃতানি চ বৈরাগ্যেন্দ্রিয়-সংযমাদীনি ফলাভিসন্ধি-রহিতানি তথৈবানভিসংহিতফলানি নিত্যনৈমিত্তিকানি যোগিনমপি ন নিবধ্নন্তিনিবর্ত্তয়ন্তিচ সঞ্চিতং দুরিতমিত্যভিপ্রেত্যাহ নিদ্বন্দ্বো হীতি কর্ম্মযোগিনো নিত্যসংন্যাসিত্বজ্ঞানমন্যথাজ্ঞানত্বাৎ মিথ্যাজ্ঞানমিত্যাশঙ্ক্যাহ এবংবিধ ইতি। কর্ম্মিণোঽপি রাগদ্বেষাভাবেন সংন্যাসিত্বং জ্ঞাতুমুচিতমিত্যর্থঃ। রাগদ্বেষ-রহিতস্যানায়াসেন বন্ধপ্রধ্বংস-সিদ্ধেশ্চ যুক্তং তস্য সংন্যাসিত্বমিত্যাহ নির্দ্বন্দ্ব ইতি॥ ৩॥

আভাস।

উপলক্ষে, কালের প্রভাবে অপর একটী সৃষ্টি-কর্ত্তাকে অনুমান করিতে পারে; সাধারণ জীব কিন্তু তৎপ্রতি ধারণা করিতেও সমর্থ হয় না। কালের প্রভাবে বস্তু মাত্রেরই উৎপত্তি, স্থিতি এবং ধ্বংসের প্রতি দৃষ্টি করিলে জীব স্পষ্টত বুঝিতে পারে যে, আমি ব্যতীত অপর একজন কেহ অবশ্য আছেন, যিনি এই প্রতীয়মান জগতের কেবল কেন! আমার বাল্য. যৌবন এবং জরাদিবিশিষ্ট এই দেহেরও সৃষ্টি, স্থিতি ও সংহার ব্যাপারে সতত ব্যস্ত আছেন। যাঁহার এই বিরাট সৃষ্টি-কার্য্যের কোনরূপ কার্য্য-সাধনার্থ আমাকে এখানে আনয়ন করিয়াছেন! আমি তাঁহার লোক হইয়া, তাঁহার কার্য্য পুঙ্খানুপুঙ্খ পর্য্যবেক্ষণ করত তাঁহার সমীপে যখন আত্ম-পরিচয় দিতে পারিব, তখনই আমার এখানে আসা সার্থক হইবে। সাধারণ জীব তাহা দেখে না। তাহারা নিজের প্রয়োজনের প্রতি দৃষ্টিমাত্র করিয়া, ভোগের অভিমুখে ধাবিত হয়; এবং স্বার্থে অন্ধ হইয়া, স্বয়ং ব্যতীত অন্য কোন কর্ত্তা আছেন বলিয়া ধারণাও করে না। সুতরাং তাহাদের তাদৃশ জ্ঞানের দ্বারা সুখ এবং দুঃখের অনুভব মাত্র করিয়াই তাহারা জন্ম জন্মান্তর অতিবাহিত করিতেছে। পরে যখন নিজের কর্ত্তৃত্বের উপর অসামর্থ্যাদি নিবন্ধন ঘৃণার উদ্রেক হইবে, তখনই তাহারা সর্ব্বশক্তি-সম্পন্ন কাল ও কাল-কর্ত্তার প্রতি দৃষ্টি করিবে এবং আত্মাভিমানে নিরস্ত হইয়া, আত্মোন্নতির প্রতি ধাবিত হইবে।

এই অভিমানই যাবতীয় ইন্দ্রিয়গ্রামকে স্বার্থে অভিভূত করিয়া, হিতাহিত বিচারে অসমর্থ করিয়া ফেলে। মানব যখন কোন রঙ্গিন চস্‌মা ধারণে বস্তুর প্রতি দৃষ্টিনিক্ষেপ করে, তখন চস্‌মার রঙ্গে রঞ্জিত বলিয়া বস্তুকে প্রতীত করে।

সাংখ্যযোগৌ পৃথগ্বালাঃ প্রবদন্তি ন পণ্ডিতাঃ।

অন্বয়ঃ।

সাংখ্যযোগৌ সংন্যাস-কর্ম্মযোগৌ পৃথক্ স্বতন্ত্রৌ ইতি বালাঃ অনভিজ্ঞাঃ এব

শাঙ্করভাষ্যম্।

নমু সংন্যাস-কর্ম্মযোগয়োর্ভিন্নপুরুষানুষ্ঠেয়য়োঃ বিরুদ্ধয়োঃ ফলেঽপি বিরোধো যুক্তো ন তূভয়োর্নিঃশ্রেয়সকরত্বমেবেতি প্রাপ্ত ইদমুচ্যতে সাংখ্যযোগাবিতি। সাংখ্যযোগৌ

আনন্দগিরিকৃতটীকা।

যদুক্তং সংন্যাস-কর্ম্মযোগয়োঃ নিঃশ্রেয়সকরত্বং তদাক্ষিপতি নমু সংন্যাসেতি। তত্রোত্তরত্বেনোত্তরশ্লোকমবতারয়তি ইতি প্রাপ্ত ইতি। বিবেকিন স্তর্হি কথং বদন্তীত্যাকাঙ্ক্ষায়ামাহ একমিতি। সংখ্যামাত্মসমীক্ষামর্হতীতি সাংখ্যঃ সংন্যাসো যোগস্ত কর্ম্মযোগ স্তাবুভাবপি পৃথগিত্যস্যার্থমাহ বিরুদ্ধেতি। শাস্ত্রার্থে বিবেক-

বালকোচিত ক্ষুদ্রবুদ্ধি ব্যক্তিগণই সাংখ্য-জ্ঞান এবং কর্ম্মজ্ঞানকে পৃথক্ বলিয়া নির্ণয় করেন, করুন! কিন্তু পণ্ডিতগণ তাহা কখনই

আভাস।

সে শুভ্র বস্ত্রকেও চস্‌মার রঙ্গে রঞ্জিত দেখে; দৃশ্যপদার্থের প্রকৃত বর্ণ চিনিতে পারে না। স্বার্থের রসে রঞ্জিত ইন্দ্রিয়াদি করণগ্রামকে যে কোন বিষয়ের প্রতি নিয়োগ করা যায়, তাহাতে পদার্থের স্বরূপ বিচারে কেবল সামর্থ্য হয় না, তাহা নহে, প্রত্যুত তাহাকে অনুকূল বা প্রতিকূল বিবেচনায় আকাঙ্ক্ষা সহকারে আহরণ বা প্রত্যাখ্যান উপলক্ষে ভোগী উৎকণ্ঠিত হইয়া পড়ে, সুতরাং তাহারা আত্মানুভূতি এবং আত্মানন্দে বঞ্চিত হয়। অতএব কাল-কর্ত্তার প্রতি দৃষ্টি সংযত করত, যাঁহারা আত্মাভিমানে নিরস্ত হন, তাঁহাদের হৃদয়ে স্বার্থের গন্ধমাত্রও স্থান পায় না; তাঁহারা নির্ম্মল চিত্তে মনে মনে পরমেশের প্রতি আত্মনির্ভর রাখিয়া, সকল কর্ম্ম করত সমগ্র সংসারে বিচরণ করিলেও রাগ, দ্বেষ বর্জ্জিত নিত্য সন্ন্যাসীর বেশে এই অপার সংসার পারাপার হইতে অবলীলাক্রমে নিষ্কৃতি লাভ করেন, সন্দেহ নাই। বর্ত্তমান জীবনে সুখ দুঃখের কোলাহলে তাঁহারা বিব্রত হন না; এবং অন্তিম জীবনে ভোগের সীমাকে অতিক্রম করিয়া, জ্ঞানের চরম সীমায় উপনীত হন ॥ ৩ ॥

জ্ঞানযোগ সাংখ্য এবং কর্ম্মানুষ্ঠানরূপ যোগ এই দুইটী প্রকৃত প্রস্তাবে

একমপ্যাস্থিতঃ সম্যগুভয়োর্বিন্দতে ফলম্ ॥ ৪ ॥

অন্বয়ঃ।

প্রবদন্তি ন তু পণ্ডিতাঃ, যতঃ উভয়োঃ সাংখ্যযোগয়োঃ একং অপি সম্যক্ আস্থিতঃ আশ্রিতবান্ জনঃ উভয়োঃ ফলং বিন্দতে লভতে ॥ ৪ ॥

শাঙ্করভাষ্যম্।

পৃথগ্ বিরুদ্ধফলৌ বালাঃ প্রবদন্তি ন পণ্ডিতাঃ। পণ্ডিতাশ্চ জ্ঞানিন একং ফলমবিরুদ্ধমিচ্ছন্তি। কথং? একমপি সাংখ্যযোগয়োঃ সম্যগাস্থিতঃ সম্যগনুষ্ঠিতবান্ ইত্যর্থঃ। উভয়োর্বিন্দতে ফলমুভয়োস্তদেব হি নিঃশ্রেসং ফলমতো ন ফলে বিরোধোঽস্তি। নন্থ সংন্যাস-কর্ম্মযোগ-শব্দেন প্রস্তুত্য সাংখ্যযোগয়োঃ ফলৈকত্বং

আনন্দগিরিকৃতটীকা।

শূন্যত্বং বালত্বম্। উত্তরার্দ্ধমবতারয়িতুং ভূমিকাং করোতি পণ্ডিতাস্থিতি। জ্ঞানিনো যোগিনশ্চেতিশেষঃ। দ্বয়োরবিরুদ্ধফলত্বমেব প্রশ্নপূর্ব্বকং প্রকটয়তি কথমিত্যাদিনা। একং সাধনমনুষ্ঠিতবতো দ্বয়োরপি ফলং ভবতীতি বিরুদ্ধমিত্যাশঙ্ক্যাহ উভয়োরিতি। সাংখ্যযোগয়োঃ সংন্যাস-কর্ম্মানুষ্ঠানয়োঃ তত্ত্বজ্ঞানদ্বারা নিঃশ্রেয়স-ফলত্বান্ন বিরুদ্ধফলত্বশঙ্কা ইত্যর্থঃ। সাংখ্যযোগয়োরেক-ফলত্ববচনং প্রকরণাননুগুণমিতি শঙ্কতে নন্বিতি। অপ্রকৃতত্বমসিদ্ধমিতি পরিহরতি নৈষ দোষ ইতি।

স্বামিকৃতটীকা।

যস্মাদেবমঙ্গপ্রধানত্বেনোভয়োরবস্থাভেদেন ক্রমসমুচ্চয়োঽতো বিকল্পমঙ্গীকৃত্যোভয়োঃ কঃ শ্রেষ্ঠ ইতি প্রশ্নোঽজ্ঞানামেবোচিতঃ ন বিবেকিনামিত্যাহ সাংখ্যযোগাবিতি। সাংখ্যশব্দেন জ্ঞাননিষ্ঠাবাচিনা তদঙ্গসংন্যাসং লক্ষয়তি, সংন্যাসকর্ম্মযোগাবেকফলৌ সন্তৌ পৃথক্ স্বতন্ত্রাবিতি বালা অজ্ঞাএব প্রবদন্তি ন তু পণ্ডিতাঃ।

---

স্বীকার করেন না; কারণ এতদুভয়ের যে কোনটীকে সম্যক্‌রূপে আশ্রয় করিলেই উভয়টীর অনুষ্ঠানের ফল প্রাপ্ত হওয়া যায় ॥ ৫ ॥

আভাস।

দুই নহে, তাহা আমরা পূর্ব্বেই প্রকাশ করিয়াছি; কারণ কেহ স্বতন্ত্র ভাবে ফল প্রদানে সমর্থ নহে। কোন সময়ে একটী অন্ধ ব্যক্তি দিক্ নির্ণয় করিতে না পারিয়া, একটী প্রচণ্ড বনের মধ্যে প্রবিষ্ট হইয়া পড়ে। সঙ্গে কেহ না থাকায়, ভীষণ কষ্টে পড়ে এবং সমস্ত রজনী অতি কষ্টে অতিবাহিত করিয়া পরদিন প্রাতে উদ্ধার প্রার্থনায় ভগবানের নাম উচ্চারণ করত চিৎকার করিলে, অপর

শাঙ্করভাষ্যম্।

কথমিহাপ্রকৃতং ব্রবীতি? নৈষ দোষঃ। যদ্যপ্যর্জ্জুনেন সংন্যাসং কর্ম্মযোগঞ্চ কেবলমভিপ্রেত্য প্রশ্নঃ কৃতো ভগবাংস্তু তদপরিত্যাগেনৈব স্বাভিপ্রেতং চ বিশেষং সংযোজ্য শব্দান্তর-বাচ্যতয়া প্রতিবচনং দদৌ সাংখ্যযোগাবিতি। তাবেব সংন্যাস-কর্ম্মযোগৌ জ্ঞান-তদুপায়-সমবুদ্ধিত্বাদিসংযুক্তৌ সাংখ্যযোগশব্দবাচ্যৌ ইতি ভগবতো মতমতো নাপ্রকৃতপ্রক্রিয়েতি ॥ ৪ ॥

আনন্দগিরিকৃতটীকা।

সংন্যাসং কর্ম্মাণামিত্যাদিনা সংন্যাসং কর্ম্মযোগঞ্চাঙ্গীকৃত্য প্রশ্নে সংন্যাসঃ কর্ম্মযোগ-শ্চেত্যাদিনা তথৈব প্রতিবচনে চ কথং সাংখ্যযোগয়োরেকফলত্বমপ্রকৃতং ন ভবতী-ত্যুচ্যতে তত্রাহ যদ্যপীতি। প্রতিবচনমপি তদনুরূপমেব ভগবতা নিরূপিতমিতি বিশেষানুপপত্তিরিত্যাশঙ্ক্যাহ ভগবাংস্থিতি। তদপরিত্যাগেনেত্যত্র তৎপদেন প্রষ্ট্রা প্রতিনির্দ্দিষ্টৌ কর্ম্মসংন্যাস-কর্ম্মযোগাবুচ্যেতে, সাংখ্যযোগাবিতি শব্দান্তরবাচ্য-তয়া তয়োরেব সংন্যাস-কর্ম্মযোগয়োরপরিত্যাগেন স্বাভিপ্রেতঞ্চ বিশেষং সংযোজ্য ভগবান্ প্রতিবচনং সন্দদাবিতি যোজনা। যদুক্তং স্বাভিপ্রেতঞ্চ বিশেষং সংযোজ্যেতি তদেতৎ ব্যক্তীকরোতি তাবেবেতি। সমবুদ্ধিত্বাদীত্যাদিশব্দেন জ্ঞানোপায়ভূতঃ শমাদিরাদীয়তে। প্রকৃতয়োরেব সংন্যাসকর্ম্মযোগয়োরুপাদানে ফলিতমাহ অত-ইতি। সাংখ্যযোগাবিত্যাদিশ্লোকব্যাখ্যানসমাপ্তিরিতিশব্দার্থঃ ॥ ৪ ॥

স্বামিকৃতটীকা

তত্র হেতুঃ অনয়োরেকমপি সম্যগাস্থিত আশ্রিতবানুভয়োঃ ফলমাপ্নোতি। তথা হি কর্ম্মযোগং সম্যগনুতিষ্ঠন্ শুদ্ধচিত্তঃ সন্ জ্ঞানদ্বারা যদুভয়োঃ ফলং কৈবল্যং তদ্বিন্দতীতি সংন্যাসঃ সম্যগাস্থিতোঽপি পূর্ব্বমনুষ্ঠিতস্য কর্ম্মযোগস্যাপি পরম্পরয়া যৎ ফলং কৈবল্যং তদ্বিন্দতীতি ন পৃথক্ ফলত্বমনয়োরিত্যর্থঃ ॥ ৪ ॥

আভাস।

মানবের কণ্ঠধ্বনি অতি নিকটে সে শুনিতে পাইল। এবং তাহার আহ্বান মত অতি কষ্টে তৎসমীপে যখন উপনীত হইল, তখন অন্ধকে সম্বোধন করিয়া উক্ত ব্যক্তি বলিল, শুন অন্ধ! তোমার চক্ষু না থাকায়, যেমন দেখিতে পাও না; আমার চরণদ্বয় না থাকায়, আমিও পঙ্গু; চলিতে পারি না। আমাদের উভয়েরই ক্লেশ! কিন্তু যদি তুমি আমাকে স্কন্ধে লইতে স্বীকার কর, তাহা হইলে তোমার চলিবার শক্তি এবং আমার দর্শন-শক্তি একত্র মিলিত হইলে, একটী পূর্ণাবয়ব মানবের

যৎ সাংখ্যৈঃ প্রাপ্যতে স্থানং তদ্‌যোগৈরপি গম্যতে।
একং সাংখ্যঞ্চ যোগঞ্চ যঃ পশ্যতি স পশ্যতি ॥ ৫ ॥

অন্বয়ঃ।

সাংখ্যৈঃ জ্ঞাননিষ্ঠৈঃ সন্ন্যাসিভিঃ যৎ স্থানং প্রাপ্যতে, যোগৈঃ কর্ম্মযোগিভিঃ অপি তৎ এব স্থানং গম্যতে লভ্যতে। যঃ সাংখ্যং যোগং চ একং একরূপতয়া তুল্যং পশ্যতি সঃ এব সম্যক্ পশ্যতি ॥ ৫ ॥

শাঙ্করভাষ্যম্।

একস্যাপি সম্যগনুষ্ঠানাৎ কথমুভয়োঃ ফলং বিন্দত ইত্যুচ্যতে যদিতি। যৎ সাংখ্যৈ জ্ঞাননিষ্ঠৈঃ সংন্যাসিভিঃ প্রাপ্যতে স্থানং মোক্ষাখ্যং, তৎ যোগৈরপি জ্ঞানপ্রাপ্ত্যুপায়ত্বেন ঈশ্বরে সমর্প্য কর্ম্মাণি আত্মনঃ ফলমনভিসন্ধায় অনুতিষ্ঠন্তি যে

আনন্দগিরিকৃতটীকা।

প্রশ্নপূর্ব্বকং শ্লোকান্তরমবতারয়তি একস্যাপীতি। কেচিদেব তয়োরেকফলত্বং পশ্যন্তীত্যাশঙ্ক্য তেষামেব সম্যগ্‌দর্শিত্বং নেতরেষামিত্যাহ একমিতি। তিষ্ঠত্যস্মিন্ ন চ্যবতে পুনরিতি ব্যুৎপত্তিমাশ্রিত্যাহ মোক্ষাখ্যমিতি। যোগশব্দার্থমাহ জ্ঞান-প্রাপ্তীতি। যে হি জিজ্ঞাসবঃ সর্ব্বাণি কর্ম্মাণি ভগবৎপ্রীত্যর্থত্বেন তেষাং ফলাভি-লাষমকৃত্বা জ্ঞানপ্রাপ্তৌ বুদ্ধিশুদ্ধিদ্বারেণোপায়ত্বেনানুতিষ্ঠন্তি তেঽত্র যোগা বিবক্ষ্যন্তে।

---

সাংখ্যতত্ত্বাভিজ্ঞ কর্ম্মত্যাগী সন্ন্যাসীগণ জ্ঞানের অনুশীলনে যে মোক্ষপদবী লাভ করেন, নিরাকাঙ্ক্ষ কর্ম্মীগণও সেই পদবীই লাভ করেন। সাংখ্য এবং কর্ম্মযোগকে এক বলিয়া যাঁহারা দর্শন করেন, তাঁহাদের দর্শনই প্রকৃত জ্ঞানমূলক ও বিচারমূলক বলিয়া স্বীকার করিতে হইবে ॥ ৫ ॥

আভাস।

কার্য্য হইতে পারিবে। তখন তাহারা উভয়ে মিলিত হইয়া সেই বিজন কানন হইতে নির্গত হইয়া, সুখে কালাতিপাত করিতে লাগিল।

যাহারা সাংখ্য ও যোগকে পৃথক্ বলিয়া ধারণা করেন, তাঁহারা নিতান্ত বালমতি বিবেকহীন ব্যক্তি। প্রকৃত পণ্ডিতগণ কখন উভয়কে পৃথক্ ব্যাপার বলিয়া মনে করেন না। কারণ উভয়ের মূর্ত্তিই প্রায় এক! তবে সাংখ্য

শাঙ্করভাষ্যম্।

তে যোগিনঃ তৈরপি পরমার্থজ্ঞান-সংন্যাস-প্রাপ্তিদ্বারেণ গম্যত ইত্যভিপ্রায়ঃ, অত একং সাংখ্যং যোগঞ্চ যঃ পশ্যতি ফলৈকত্বাৎ স সম্যক্ পশ্যতি ইত্যর্থঃ ॥ ৫ ॥

আনন্দগিরিকৃত-টীকা।

অচ্ প্রত্যয়স্য মত্বর্থত্বং গৃহীত্বোক্তং যোগিন ইতি। সর্ব্বোঽপি দ্বৈতপ্রপঞ্চো ন বস্তুভূতো মায়া-বিলাসত্বাৎ আত্মা তু অবিক্রিয়োঽদ্বিতীয়ো বস্তু সন্নিতি প্রয়োজক-জ্ঞানং পরমার্থজ্ঞানং তৎ পূর্ব্বক সংন্যাস-দ্বারেণ কর্ম্মিভিরপি তদেব স্থানং প্রাপ্য-মিত্যেকফলত্বং সংন্যাস-কর্ম্মযোগয়োরবিরুদ্ধমিত্যাহ তৈরপীতি। ফলৈকত্বে ফলিত-মাহ অত ইতি ॥ ৫ ॥

স্বামিকৃতটীকা।

এতদেব স্ফুটয়তি যৎ সাংখ্যৈ রিতি। সাংখ্যৈর্জ্ঞাননিষ্ঠৈঃ সংন্যাসিভি র্যৎ স্থানং মোক্ষাখ্যং প্রকর্ষেণ সাক্ষাদবাপ্যতে, যোগৈরিতি অর্শআদিত্বান্মত্বর্থীয়োঽৎপ্রত্যয়ো দ্রষ্টব্যস্তেন কর্ম্মযোগিভিরপি তদেব জ্ঞানদ্বারেণ গম্যতেঽবাপ্যত ইত্যর্থঃ, অতঃ সাংখ্যঞ্চ যোগঞ্চৈকফলত্বেনৈকং যঃ পশ্যতি স এব সম্যক্ পশ্যতি ॥ ৫ ॥

আভাস।

জ্ঞান-প্রধান ক্রিয়া এবং কর্ম্মযোগ ক্রিয়া-প্রধান জ্ঞান! জ্ঞানী জগতের কর্ত্তা পরমাত্মার অনুসন্ধানার্থ পৃথিবী পর্য্যটন করে এবং মূর্খ ব্যক্তি তীর্থ সেবার কল্যাণে বিচিত্র নৈসর্গিক দৃশ্য দর্শনে ভগবদ্ভাবের প্রতীতি হৃদয়ে অনুভব করে। উভয় ব্যাপারে লক্ষ্য কিন্তু এক হইয়া থাকে। আত্ম-স্বরূপকে লক্ষ্য করিয়া প্রতিবন্ধক ব্যাপারের প্রতিষেধ করা সাংখ্যযোগ এবং যমনিয়মাদি অষ্টাঙ্গ যোগের অনুশীলনে অন্তর্মুখী বৃত্তি দ্বারা আত্মস্বরূপে উপনীত হওয়ার নাম যোগ। অতএব সাংখ্যজ্ঞানে যে মুক্তিস্তরে আরোহণ করা যায়, যোগানুশীলনেও সেই মুক্তিস্তরই নিকট হইয়া যায়। পক্ষীর উভয় পক্ষই যেমন একত্র কার্য্য করিলে আকাশে বিচরণের সাহায্য করে, একাকী কোন পক্ষই কার্য্যকরী হয় না, সেইরূপ বিবেকবিহীন কর্ম্ম এবং কর্ম্মহীন বিবেক কখনই ইষ্টলাভে উপযোগী হয় না। যাঁহারা উভয় সাংখ্যজ্ঞান এবং কর্ম্মযোগকে তুল্য দৃষ্টিতে অবলোকন করেন, তাঁহারাই প্রকৃত পণ্ডিত এবং সংসার-জয়ে তাঁহারাই সুদক্ষ! ৪। ৫ ॥

সংন্যাসস্তু মহাবাহো দুঃখমাপ্তুমযোগতঃ।
যোগযুক্তো মুনির্ব্রহ্ম ন চিরেণাধিগচ্ছতি ॥ ৬ ॥

অন্বয়ঃ।

হে মহাবাহো! অযোগতঃ কর্ম্মযোগং বিনা সংন্যাসঃ দুঃখং আপ্তুং এব দুঃখ-প্রাপ্তয়ে এব ভবতি। যোগযুক্তঃ যোগেন কর্ম্মযোগেন যুক্তঃ সমাহিতঃ বিশুদ্ধচিত্তঃ মুনিঃ মননশীলঃ জ্ঞানী অচিরেণ ক্ষিপ্রমেব ব্রহ্ম পরমাত্মজ্ঞান-নিষ্ঠা-স্বরূপং অধিগচ্ছতি প্রাপ্নোতি ॥ ৬ ॥

শাঙ্করভাষ্যম্।

এবং তর্হি যোগাৎ সংন্যাস এব বিশিষ্যতে, কথং তর্হি এবমুক্তং তয়োস্তু কর্ম্ম-

আনন্দগিরিকৃতটীকা।

যদি যথোক্ত-জ্ঞানপূর্ব্বক-সংন্যাসদ্বারা কর্ম্মিণামপি শ্রেয়োঽবাপ্তিরিষ্টা তর্হি সংন্যাসস্যৈব শ্রেয়স্ত্বং প্রাপ্তমিতি চোদয়তি এবং তর্হীতি। সংন্যাসস্য শ্রেষ্ঠত্বে কর্ম্মযোগস্য

স্বামিকৃতটীকা।

যদি কর্ম্মযোগিনোঽপ্যন্ততঃ সংন্যাসেনৈব জ্ঞাননিষ্ঠা তর্হি আদিতএব সংন্যাসঃ কর্ত্তুং যুক্ত ইতি মন্বানং প্রত্যাহ সংন্যাসস্থিতি। অযোগতঃ কর্ম্মযোগং বিনা সংন্যাসঃ দুঃখং দুঃখহেতুরশক্য ইত্যর্থঃ চিত্তশুদ্ধ্যভাবেন জ্ঞাননিষ্ঠায়া অসম্ভবাৎ, যোগযুক্তস্তু শুদ্ধচিত্ততয়া সংন্যাসী ভূত্বা অচিরেণ ব্রহ্মাধিগচ্ছতি অপরোক্ষং জানাতি। অত শ্চিত্তশুদ্ধেঃ প্রাক্ কর্ম্মযোগ এব সন্ন্যাসাদ্বিশিষ্যত ইতি পূর্ব্বোক্তং সিদ্ধং, যদুক্তং বার্ত্তিককৃদ্ভিঃ, প্রমাদিনো বহিশ্চিত্তাঃ পিশুনাঃ কলহোৎসুকাঃ। সংন্যাসিনোঽপি দৃশ্যন্তে দৈবসংদূষিতাশয়া ইতি ॥ ৬ ॥

---

জ্ঞানের উৎকর্ষ-লাভ কর্ম্মানুষ্ঠানের উপর সম্পূর্ণ নির্ভর করে। কর্ম্মযোগের আশ্রয়ে বুদ্ধির বিচক্ষণতা জন্মে; সুতরাং কর্ম্মযোগের অনুষ্ঠান না করিয়া কর্ম্মত্যাগে সন্ন্যাসী হইলে, দুঃখকে বরং আহ্বান করাই হইবে। অতএব একাগ্রতা সহকারে ফলের প্রতি লক্ষ্য না করিয়া, কর্ম্মের গতির প্রতি দৃষ্টি রাখিয়া যাঁহারা চির জীবন কর্ম্ম করিয়া অগ্রসর হন, তাদৃশ মননশীল যতিগণের পক্ষে অতি সহজে ব্রহ্ম-সাক্ষাৎকার হইয়া থাকে ॥ ৬ ॥

আভাস।

অনেকের মনোমধ্যে ধারণা যে স্ত্রীপুত্রাদি পরিজন-বেষ্টিত সংসারই মানবের

শাঙ্করভাষ্যম্।

সংন্যাসাৎ কর্ম্মযোগো বিশিষ্যতে ইতি, শৃণু তত্র কারণত্বয়া পৃষ্টং কেবলং কর্ম্মসংন্যাসং কর্ম্মযোগঞ্চাভিপ্রেত্য তয়োরন্যতরঃ কঃ শ্রেয়ানিতি, তদনুরূপং প্রতিবচনং ময়োক্তং কর্ম্মসংন্যাসাৎ কর্ম্মযোগো বিশিষ্যত ইতি; জ্ঞানমনপেক্ষ্য, জ্ঞানাপেক্ষস্তু সংন্যাসঃ সাংখ্যমিতি ময়াভিপ্রেতঃ পরমার্থযোগশ্চ স এব, যস্তু কর্ম্মযোগো বৈদিকঃ

আনন্দগিরিকৃতটীকা।

প্রশস্তত্ববচনমনুচিতমিত্যাহ কথং তর্হীতি। পূর্ব্বোক্তমেবাভিপ্রায়ং স্মারয়ন্ পরিহরতি শৃণ্বিতি। কর্ম্মযোগস্য বিশিষ্টত্ববচনং তত্রেতি পরামৃষ্টং। তদেব কারণং কথয়তি ত্বয়েত্যাদিনা। কেবলং বিজ্ঞানরহিতমিতি যাবৎ, তয়োরন্যতরঃ কঃ শ্রেয়ানিতি ইতিশব্দোঽধ্যাহর্ত্তব্যঃ। ত্বদীয়ং প্রশ্নমনুসৃত্য তদনুগুণং প্রতিবচনং জ্ঞানমনপেক্ষ্য তদ্রহিতাৎ কেবলাদেব সংন্যাসাৎ যোগস্য বিশিষ্টত্বমিতি যথোক্তমিত্যাহ তদনুরূপমিতি। জ্ঞানাপেক্ষঃ সংন্যাসস্তর্হি কীদৃগিত্যাশঙ্ক্যাহ জ্ঞানেতি। তর্হি কর্ম্মযোগে কথং যোগশব্দঃ সংন্যাসশব্দো বা প্রযুজ্যতে তত্রাহ যস্ত্বিতি। তাদর্থ্যাৎ পরমার্থ-

আভাস।

অনিবার্য্য দুঃখের কারণ! ইহারা যদি না থাকিত, নিশ্চিন্তে নির্জ্জনে বসিয়া ভগবৎ প্রেমালাপে এবং আহার বিহারে সুখে কালাতিপাত করিতে পারিতাম। তাঁহারা কিন্তু জানেন না যে, অতি সুন্দর মূর্ত্তি প্রচণ্ড বল-বিক্রম-বিশিষ্ট অশ্ব সমূহের মুখে বল্গা (লাগাম) না দিয়া যদি লোকালয়াদি সহরতলীর ভিতর যথেচ্ছ দৌড়াইতে বা পর্য্যটন করিতে দেওয়া হইত, তাহা হইলে কেবল লোকালয়ের নহে, উক্ত অশ্ব সমূহের যে কি অনিষ্ট সাধন করা হইত, তাহা বর্ণনাতীত। তাহারা যথেচ্ছ বিচরণের ফলে গাড়িও ভাঙ্গিত এবং নিজেরাও খানা খোদলে চরণ বিন্যাসে ভগ্নপদাদি হইয়া চির জীবন বিবিধ দুঃখ পাইত। সেইরূপ পরিজনাদি পোষ্যবর্গ আমাদের সুখের প্রতিবন্ধক নহে। বরং লাগামের ন্যায়, আমাদিগকে যথেচ্ছাচার হইতে প্রতিনিবৃত্ত করিয়া, সরল সাধুর উচিত আচারে নিয়োজিত করে। সংসার ভীষণ কর্ম্মভূমি। নিশ্চিন্তে বসিয়া কাল কাটাইবার যোগ্যতা নাই! নিজের দেহই নিজেকে ক্ষুৎপিপাসাদি বিবিধ উপদ্রবে সর্ব্বদা বিব্রত করে; তাহার নিবারণের উপলক্ষে পরের উপাসনা করা প্রয়োজন হয়। কিন্তু পরের মন যোগাইয়া কর্ম্ম করিতে হইলে, নিজের যথেচ্ছাচারের উৎসাহ দেওয়া হয় না; বরং ক্রমশ স্বেচ্ছাচার সঙ্কুচিত হইয়া, চিত্তের সংযত হইবার অবসরই

শাঙ্করভাষ্যম্।

সঃ চ তাদর্থ্যাদ্‌যোগঃ সংন্যাস ইতি চোপচর্য্যতে কথং তাদর্থ্যমিত্যুচ্যতে সংন্যাস ইতি। সংন্যাসস্তু পারমার্থিকো হে মহাবাহো দুঃখমাপ্তুং প্রাপ্তুমযোগতঃ যোগেন বিনা যোগযুক্তো বৈদিকেন কর্মযোগেন ঈশ্বর-সমর্পিতরূপেণ ফলনিরপেক্ষেণ তেন যুক্তো মুনি র্মননাদীশ্বরস্বরূপস্য মুনি ব্রহ্ম পরমাত্মজ্ঞাননিষ্ঠালক্ষণত্বাৎ প্রকৃতঃ সংন্যাসো ব্রহ্মোচ্যতে ন্যাস ইতি ব্রহ্ম, ব্রহ্ম হি পর ইতি শ্রুতেঃ। ব্রহ্ম পরমার্থসং-

আনন্দগিরিকৃতটীকা।

জ্ঞানশেষত্বাদিতি যাবৎ। তদেব তাদর্থ্যং প্রশ্নপূর্ব্বকং প্রসাধয়তি কথমিত্যাদিনা। কর্ম্মানুষ্ঠানাভাবে বুদ্ধিশুদ্ধ্যভাবাৎ পরমার্থ-সংন্যাসস্য সম্যগ্‌জ্ঞানাত্মনো ন প্রাপ্তি-রিতি ব্যতিরেকমুপন্যস্যান্বয়মুপন্যস্যতি যোগেতি। পারমার্থিকঃ সম্যগ্‌জ্ঞানাত্মকঃ। সামগ্র্যভাবে কার্য্যপ্রাপ্তিরযুক্তেতি মত্বাহ দুঃখমিতি। যোগযুক্তত্বং ব্যাচষ্টে বৈদিকেনেতি। ঈশ্বরস্বরূপস্য সবিশেষস্যেতিশেষঃ। ব্রহ্মেতি ব্যাখ্যেয়ং পদমু-পাদায় ব্যাচষ্টে প্রকৃতইতি। তত্র ব্রহ্মশব্দ প্রয়োগে হেতুমাহ পরমাত্মেতি। লক্ষণশব্দো গমকবিষয়ঃ। সংন্যাসে ব্রহ্মশব্দপ্রয়োগে তৈত্তিরীয়ক-শ্রুতিং প্রমাণয়তি ন্যাস ইতি। কথং সংন্যাসে হিরণ্যগর্ভবাচী ব্রহ্মশব্দঃ প্রযুজ্যতে দ্বয়োরপি পরত্বাবি-

আভাস।

উপস্থিত হয় এবং চিত্তে সংযমাদি বহুবিধ যোগের অঙ্গ অজ্ঞাতসারে সংসার জীবনে সাধিত হইয়া যায়। পুত্র-কন্যার প্রতিপালন উপলক্ষে পিতামাতার মনুষ্যত্ব সংসাধিত হয়। বাহিরের সংসার প্রকৃত সংসার নহে; "সংসারো মানসং জগৎ" মনের সৃষ্টিই প্রকৃত সংসার; যাহা পূর্ব্ব পূর্ব্ব জীবনের কর্ম্ম-সংস্কার চিত্ত মধ্যে সঞ্চিত ছিল তাহারাই পর জীবনের ও দেহাদির সৃষ্টি করিয়া থাকে। মান-সিক জগৎকে ভোগের দ্বারা চিত্ত হইতে বিদূরিত করিবার জন্য এত আয়োজন! মানসিক সংস্কার-রাশিকে বিদূরিত করিবার শ্রেষ্ঠ উপায়ই ভোগজাতীয় কর্ম্ম। অশ্বকে বহনের ভার দিয়া, মুখে লাগাম দ্বারা তাহার যথেচ্ছাচারকে নিবারণ করত চলিতে দিয়াই যেমন শিক্ষিত করিতে হয়, মানবকেও সংসারের কর্ম্মভার প্রদান পূর্ব্বক ভগবান্ নিত্য নৈমিত্তিকাদি কর্ম্ম-লাগামের দ্বারা চিত্তকে বশীভূত করিবার পদ্ধতি জগতে প্রকাশ করিয়াছেন। সেই কর্ম্মের নামই কর্ম্মযোগ। নিজের ক্ষুৎপিপাসাদিকে ও আহার নিদ্রাকে উপেক্ষা করিয়া, কন্যা পুত্রকে প্রতি-পালন করিতে হইবে। এতদ্দ্বারা পিতামাতার যৌবনোচিত ঔদ্ধত্য বা যথেচ্ছা-

যোগযুক্তো বিশুদ্ধাত্মা বিজিতাত্মা জিতেন্দ্রিয়ঃ।

অন্বয়ঃ।

যোগযুক্তঃ যোগেন যুক্তঃ বিশুদ্ধাত্মা বিজিতাত্মা, জিতেন্দ্রিয়ঃ অতঃ সর্ব্বভূতাত্ম-

শাঙ্করভাষ্যম্।

ন্যাসং পরমাত্মজ্ঞাননিষ্ঠালক্ষণং ন চিরেণ ক্ষিপ্রমেবাধিগচ্ছতি প্রাপ্নোত্যতো ময়োক্তং কর্ম্মযোগো বিশিষ্যত ইতি ॥ ৬ ॥

যদা পুনরয়ং সম্যগ্‌দর্শনপ্রাপ্ত্যুপায়ত্বেন যোগেতি। যোগেন যুক্তো বিশুদ্ধাত্মা

আনন্দগিরিকৃতটীকা।

শেষাদিত্যাহ ব্রহ্ম হীতি। ব্রহ্মশব্দস্য সংন্যাস-বিষয়ত্বে ফলিতং বাক্যার্থমাহ ব্রহ্মে-ত্যাদিনা। নদ্যাঃ স্রোতাংসীব নিম্নপ্রবণানি কর্ম্মভিরত্তিতরাং পরিপক্বকষায়স্য করণানি সর্ব্বতো ব্যাপৃতানি নিরস্তাশেষকূটস্থপ্রত্যগাত্মান্বেষণপ্রবণানি ভবন্তীতি। কর্ম্মযোগস্য পরমার্থ-সংন্যাসপ্রাপ্ত্যুপায়ত্বে ফলিতমাহ অত ইতি ॥ ৬ ॥

নন্থ পারিব্রাজ্যং পরিগৃহ্য শ্রবণাদিসাধনমসকৃদনুতিষ্ঠতো লব্ধসম্যগ্‌বোধস্যাপি যথাপূর্ব্বং কর্ম্মাণ্যুপলভন্তে তানি চ বন্ধহেতূনি ভবিষ্যন্তীত্যাশঙ্ক্য শ্লোকান্তরমবতার-

---

কারণ যাঁহারা কর্ম্মস্রোতে অধিকার লাভার্থ অর্থাৎ অভ্যস্ত হইবার জন্যই কেবল কর্ম্ম করেন, তাঁহাদের চিত্ত একাগ্রতার অনু-রোধে চাঞ্চল্য দোষ পরিত্যাগে নির্ম্মল ভাব ধারণ করে; তাদৃশ

আভাস।

চার আপনা হইতে যেমন অন্তর্হিত হয়, সেইরূপ শাস্ত্রোপদিষ্ট কর্ম্মানুষ্ঠানের মাহাত্ম্যে ভোগী মানবের জীবনও যোগীর জীবনে পরিণত হয়। সকল সাধ মিটিয়া গেলে, যখন ভোগের লালসা আর থাকে না, তখনই সন্ন্যাস ভাব আপনি দেখা দেয়। সুতরাং কর্ম্মের দ্বারা ভোগের লালসা পরিহারে চিত্তের একাগ্রতা যদবধি না জন্মে, তৎপূর্ব্বে লোক-দেখান সংন্যাসের অনুষ্ঠান করিলে, আন্তরিক ভোগ-লালসার অনুরোধে মানসিক সন্তাপ এবং বাহ্যিক অকর্ম্মণ্যতার পরিচয়ে লোক নিন্দা ভোগ করিতে হয়, সন্দেহ নাই। কিন্তু যাঁহারা কর্ম্মের অনুষ্ঠানে চিত্তকে সংযত করিতে অভ্যস্ত হইয়াছেন, তাঁহারা চিন্তার প্রভাবে জগৎ চিন্তামণিকেও অবিলম্বে চিনিতে শিখিয়াছেন ॥ ৬ ॥

চিত্তকে কার্য্যের অনুরোধে মূল কোন একটী লক্ষ্যতে নিরুদ্ধ করিতে

সর্ব্বভূতাত্মভূতাত্মা কুর্ব্বন্নপি ন লিপ্যতে ॥ ৭ ॥

অন্বয়ঃ।

ভূতাত্মা (সর্ব্বেষাং ভূতানাং আত্মভূতঃ এব আত্মা চিত্তং যস্য সঃ তাদৃশঃ কর্ম্মী কর্ম্ম কুর্ব্বন্ অপি ন লিপ্যতে ন বধ্যতে ॥ ৭ ॥

শাঙ্করভাষ্যম্।

বিশুদ্ধচিত্তো বিজিতাত্মা বিজিতদেহো জিতেন্দ্রিয়শ্চ সর্ব্বভূতাত্মভূতাত্মা সর্ব্বেষাং ব্রহ্মাদীনাং স্তম্বপর্য্যন্তানাং ভূতানামাত্মভূত আত্মা প্রত্যক্‌চেতনো যস্য স সর্ব্বভূতাত্ম-

আনন্দগিরিকৃতটীকা।

য়তি যদা পুনরিতি। সম্যগ্‌দর্শনপ্রাপ্ত্যুপায়ত্বেন যদা পুনরয়ং পুরুষো যোগযুক্ত-ত্বাদিবিশেষণঃ সম্যগ্‌দর্শী সম্পদ্যতে তদা প্রাতিভাসিকীং প্রবৃত্তিমনুসৃত্য কুর্ব্বন্নপি ন লিপ্যত ইতি যোজনা, যোগেন নিত্যনৈমিত্তিক-কর্ম্মানুষ্ঠানেনেতি যাবৎ। আদৌ নিত্যাদ্যনুষ্ঠানবতো রজস্তমো-মলাভ্যামকলুষিতং সত্ত্বং সিদ্ধ্যতীত্যাহ বিশুদ্ধেতি।

স্বামিকৃতটীক।

কর্ম্মযোগাদিক্রমেণ ব্রহ্মাধিগমে সত্যপি তদুপরিতনেন কর্ম্মণা বন্ধঃ স্যাদেবে-ত্যাশঙ্ক্যাহ যোগযুক্ত ইতি। যোগেন যুক্তঃ অতএব বিশুদ্ধ আত্মা চিত্তং যস্য অতএব বিজিত আত্মা শরীরং যেন অতএব বিজিতানীন্দ্রিয়াণি যেন ততশ্চ সর্ব্বেষাং ভূতানা-মাত্মভূত আত্মা যস্য স লোকসংগ্রহার্থং স্বাভাবিকং বা কর্ম্ম কুর্ব্বন্নপি ন লিপ্যতে ॥৭॥

---

কর্ম্মীর অন্তঃকরণ কাল্পনিক বিষয় চিন্তায় আর বিব্রত হয় না; সুতরাং তাঁহার ইন্দ্রিয়গণও চিত্তের অনুরূপ কার্য্য করে। উপাধি স্বরূপ ইন্দ্রিয়গণ ও অন্তঃকরণ চাঞ্চল্য পরিহারে সুস্থভাব ধারণ করিলে, যে পরম চৈতন্য-স্বরূপ এই অনন্ত স্থাবর-জঙ্গমাত্মক ভূত-সমূহে আত্মবোধ করিতেছেন, সেই সর্ব্বাববোধক জ্ঞানভাব যোগীর হৃদয়ে অবভাসিত হন; তখন তাদৃশ যোগী সর্ব্বপ্রকার কর্ম্ম করিলেও এক ভোগপ্রার্থনার অভাবে কর্ম্মজালে জড়িত হন না ॥৭॥

আভাস।

পারিলে অন্য ভাবনা তথায় আসিতে পায় না। সুতরাং সংযমীর চিত্ত স্বচ্ছ ও মালিন্যশূন্য হইয়া থাকে। তখন অন্তঃকরণ বিষয়-চিন্তায় ব্যাকুল হয় না; সুতরাং ইন্দ্রিয়গণও বিনা প্রয়োজনে বিষয়াভিমুখে অগ্রসর হয় না। অহো!

নৈব কিঞ্চিৎ করোমীতি যুক্তো মন্যেত তত্ত্ববিৎ।

অন্বয়ঃ।

তত্ত্ববিৎ পরমার্থদর্শী অতঃ যুক্তঃ কর্ম্মযোগানুষ্ঠানেন সমাহিতচিত্তঃ তু, পশ্যন্ শৃণ্বন্ স্পৃশন্ জিঘ্রন্ অশ্নন্ গচ্ছন্ স্বপন্ শ্বসন্ প্রলপন্ বিসৃজন্ গৃহ্নন্ উন্মিষন্

শাঙ্করভাষ্যম্।

কৃতাত্মা সম্যগ্দর্শীত্যর্থঃ, স তত্রৈব বর্ত্তমানো লোক-সংগ্রহায় কর্ম্ম কুর্ব্বন্নপি ন লিপ্যতে যোগযুক্তো ন কর্ম্মভি র্বধ্যত ইত্যর্থঃ॥ ৭॥

ন চাসৌ পরমার্থতঃ করোতীত্যেতন্নৈব কিঞ্চিৎ করোমীতি। যুক্তঃ সমাহিতঃ

আনন্দগিরিকৃতটীকা।

বুদ্ধিশুদ্ধৌ কার্য্যকরণসংঘাতস্যাপি স্বাধীনত্বং ভবতীত্যাহ বিজিতেতি। তস্য যথোক্ত-বিশেষণবতো জায়তে সম্যগ্দর্শিত্বমিত্যাহ সর্ব্বভূতেতি। সম্যগ্দর্শিনস্তর্হি কর্ম্মানুষ্ঠানং কুতস্ত্যং তদনুষ্ঠানে বা কুতো বন্ধবিশ্লেষসিদ্ধিরিত্যাশঙ্ক্যাহ স তত্রেতি। সম্যগ্দর্শনং সপ্তম্যর্থঃ॥ ৭॥

কর্ম্মাণ্যঙ্গীকৃত্য তৈরস্য বিদুষো বন্ধো নাস্তীত্যুক্তমিদানীং বস্তুতস্তস্য কর্ম্মাণ্যেব

---

যিনি নিজের পরমাত্ম-স্বরূপ জ্ঞানভাগকে অবধারণ করিতে পারিয়াছেন, তিনি সেই পরম জ্ঞানের সহিত আমি সম্বন্ধ স্থাপন করিয়া দেহেন্দ্রিয়াদির সহিত আমি সম্বন্ধ অর্থাৎ অভিমান ভাবকে ছেদন করিয়া ফেলেন; সুতরাং পূর্ব্বে দেহাদির সম্বন্ধে নিজের যে কর্ত্তৃত্বভাব ছিল, জ্ঞানোদয়ের পর সে জাতীয় কর্ত্তৃত্ব আর থাকে না; সুতরাং দর্শন শ্রবণ স্পর্শ গন্ধগ্রহণ ভোজন পর্য্যটন নিদ্রিত হওয়ায় বা শ্বাস প্রশ্বাসে বিরত হওয়া ব্যাপারকে এমন কি! কথোপকথন বা বিষ্ঠা মূত্রাদির উৎসর্গকেও ঘর্ম্ম বিসর্জ্জনের ন্যায়

আভাস।

তাদৃশ চিত্ত স্বচ্ছ দর্পণ বা মণির ন্যায়, দৃষ্ট যাবদীয় পদার্থকে আপন অন্তরে লইতে পারে এবং সকলের অন্তরে স্বয়ং প্রবেশ করিতে পারে। তখন আর কর্ত্তব্যের অনুষ্ঠানে জগতের কোন উপকার না করিলেও, কোনরূপ প্রত্যবায়ের তাঁহার থাকে না॥ ৭॥

চিত্তের শুদ্ধি নিবন্ধন যাঁহাদের আত্মস্বরূপের প্রতি দৃষ্টি নিপতিত হয়,

পশ্যন্ শৃণ্বন্ স্পৃশন্ জিঘ্রন্নশ্নন্ গচ্ছন্ স্বপন্ শ্বসন্ ॥ ৮ ॥

অন্বয়ঃ।

নিমিষন্ অপি ইন্দ্রিয়াণি ইন্দ্রিয়ার্থেষু বিষয়েষু বর্ত্তন্তে ইতি ধারয়ন্ বিবেচয়ন্

শাঙ্করভাষ্যম্।

সন্ মন্যেত চিন্তয়েত তত্ত্ববিদাত্মনো যাথাত্ম্যং তত্ত্বং বেত্তীতি তত্ত্ববিৎ পরমার্থদর্শী-ত্যর্থঃ। কদা কথম্বা তত্ত্বমবধারয়ন্ মন্যেতেত্যুচ্যতে পশ্যন্নিতি। মন্যেতেতি পূর্ব্বেণ সম্বন্ধঃ ॥ ৮ ॥

আনন্দগিরিকৃতটীকা।

ন সন্তীত্যাহ ন চেতি। লোকদৃষ্ট্যা বিদুষোঽপি কর্ম্মাণি সন্তীত্যাশঙ্ক্য স্বদৃষ্ট্যা তদভাবমভিপ্রেত্যাহ নৈবেতি। সার্দ্ধং সমনন্তরশ্লোকমাকাঙ্ক্ষাপূর্ব্বকমুত্থাপয়তি কদেত্যাদিনা। চক্ষুরাদি জ্ঞানেন্দ্রিয়ৈর্ব্বাগাদিকর্ম্মেন্দ্রিয়ৈঃ প্রাণাদিবায়ুভেদৈরন্তঃ-করণচতুষ্টয়েন চ তত্তচ্চেষ্টানির্ব্বর্ত্তনাবস্থায়াং তত্তদর্থেষু সর্ব্বা প্রবৃত্তিরিন্দ্রিয়াণামে-বেত্যনুসন্দধানো নৈব কিঞ্চিৎ করোমীতি বিদ্বান্ প্রতিপদ্যতে ইত্যর্থঃ।

স্বামিকৃতটীকা।

কর্ম্ম কুর্ব্বন্নপি ন লিপ্যত ইত্যেতদ্বিরুদ্ধমিত্যাশঙ্ক্য কর্ত্তৃত্বাভিমানাভাবান্নেত্যাহ নৈবেতি দ্বাভ্যাং। কর্ম্মযোগেন যুক্তঃ ক্রমেণ তত্ত্ববিদ্ভূত্বা দর্শনশ্রবণাদীনি কুর্ব্বন্নপি

---

বা জল বায়ু সেবন ও অক্ষিপুটের উন্মেষণ ও নিমিষণের ন্যায় ভোগ্য বিষয়ের সহিত অভাব-গ্রস্ত ইন্দ্রিয়াদির নির্দ্দিষ্ট এবং অবশ্য-সম্বন্ধের ভোক্তৃত্ব-মীমাংসায়, নিজ স্বরূপকে পৃথক্ ভাবে বা নিঃসম্পর্কে রাখিতে অধিকারী হন। অতএব তাদৃশ কর্ম্মী কখন কোন কর্ম্মে আপনাকে কর্ত্তা বলিয়া ধারণা করেন না ॥ ৮ ॥

আভাস।

অনন্ত ব্রহ্মাণ্ডের অধিনায়ক পরম দেবের অগাধ চৈতন্য-সাগরের প্রতিও তাঁহা-দের দৃষ্টি নিপতিত হয়। তাদৃশ অন্তর্দর্শী মহাত্মাগণই প্রকৃত তত্ত্ববিৎ। তাঁহারা সেই মহা চৈতন্যের অন্তর্নিহিত মহাশক্তি প্রকৃতির প্রভাবে চিত্তাদি চতুর্বিংশতি তত্ত্বের সৃষ্টির দ্বারা স্থাবর জঙ্গমাত্মক যাবতীয় দেহের রচনা প্রত্যক্ষে প্রতীত করিতে পারেন। সুতরাং জড় ও প্রাকৃতিক ইন্দ্রিয়াদির সম্বন্ধ যে জড় ও প্রাকৃ-তিক বিষয়ের সহিত হইয়া থাকে, তাহাতে চৈতন্যস্বরূপ জ্ঞানের বস্তুত কোন সম্পর্ক

প্রলপন্ বিসৃজন্ গৃহ্নন্নুন্মিষন্নিমিষন্নপি।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেষু বর্ত্তন্ত ইতি ধারয়ন্ ॥ ৯ ॥

অন্বয়ঃ।

কিঞ্চিৎঅপি অহং ন করোমি ইতি মন্যেত চিন্তয়েত ইতিদ্বয়োরন্বয়ঃ ॥ ৮। ৯ ॥

শাঙ্করভাষ্যম্।

যস্যৈবং, তত্ত্ববিদঃ সর্ব্বকার্য্যকরণচেষ্টাসু কর্ম্মসু অকর্ম্মৈব পশ্যতঃ সম্যগ্দর্শিন স্তস্য সর্ব্বকর্ম্মসংন্যাস এবাধিকারঃ কর্ম্মণোঽভাবদর্শনাৎ হি মৃগতৃষ্ণিকায়ামুদকবুদ্ধ্যা পানায় প্রবৃত্ত উদকাভাবজ্ঞানেঽপি তত্রৈব পানপ্রয়োজনায় প্রবর্ত্ততে ॥ ৯ ॥

আনন্দগিরিকৃতটীকা।

যথোক্তস্য বিদুষো বিধ্যভাবেঽপি বিদ্যাসামর্থ্যাৎ প্রতিপত্তিকর্ম্মভূতং কর্ম্মসংন্যাসং ফলাত্মকমভিলপতি যস্যেতি। অজ্ঞস্যেতি। অজ্ঞস্যেব বিদুষোঽপি কর্ম্মসু প্রবৃত্তিসম্ভবাৎ কুতঃ সংন্যাসেঽধিকারঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ ন হীতি ॥ ৮ ॥ ৯ ॥

স্বামিকৃতটীকা।

ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেষু বর্ত্তন্ত ইতি ধারয়ন্ বুদ্ধ্যা নিশ্চিন্বনপি কিঞ্চিদপ্যহং ন করোমীতি মন্যতে, তত্র দর্শনশ্রবণস্পর্শনাবঘ্রাণাশনানি চক্ষুরাদিজ্ঞানেন্দ্রিয়-ব্যাপারাঃ, গতিঃ পাদয়োঃ, স্বাপো বুদ্ধেঃ, শ্বাসঃ প্রাণস্য, প্রলপনং বাগিন্দ্রিয়স্য, বিসর্গঃ পায়ূপস্থয়োঃ, গ্রহণং হস্তয়োঃ, উন্মেষণনিমেষণে কূর্ম্মাখ্যপ্রাণস্যেতি বিবেকঃ, এতানি সর্ব্বাণি কুর্ব্বন্নপি অনভিমানাৎ ব্রহ্মবিৎ ন লিপ্যতে তথাচ পারমর্ষং সূত্রং, তদধিগমে উত্তরপূর্ব্বাঘয়োরশ্লেষবিনাশৌ তদ্ব্যপদেশাদিতি ॥ ৮। ৯ ॥

---

তাঁহারা জানেন যে, কর্ম্ম করিবেন বলিয়া তাঁহারা নির্জ্জনে নিশ্চিন্তে নির্ব্যাপারে বসিলেন মাত্র বটে, কিন্তু করিতে কিছুই পারেন না; সকল করা এক সেই পরম ব্রহ্মের উপরই নির্ভর করে। সুতরাং কর্ত্তৃত্বাভিমান এবং ভোক্তৃত্বাভিমানে জলাঞ্জলি দিয়া, যাঁহারা কর্ম্মস্রোতে আপনাকে ভাসাইয়া কর্ম্ম করেন, তাঁহারা পদ্ম-পত্রস্থ জলের ন্যায়, কর্ম্মজালে কখন জড়িত হন না এবং পুণ্য-পাপেও লিপ্ত হন না ॥ ৯ ॥

আভাস।

হয় না; তবে অজ্ঞানে অন্ধ হইয়া পরকে আপন করিবার দোষেই এই যাবতীয় অনর্থের প্রাপ্তি ঘটে। অতএব যে যাহা, তাহার তাহাই থাকা ভাল; অন্যের

ব্রহ্মণ্যাধায় কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা করোতি যঃ।
লিপ্যতে ন স পাপেন পদ্মপত্রমিবাম্ভসা ॥ ১০ ॥

অন্বয়ঃ।

জলে ভাসমানং অপি পদ্মপত্রং ইব যথা অম্ভসা ন লিপ্যতে তথা ব্রহ্মণি আত্মানং জীবিতং চ আধায় ফলে সঙ্গং আসক্তিং ত্যক্ত্বা স্বাম্যর্থং ভৃত্যবৎ যঃ কর্ম্মাণি করোতি, স পাপেন ন লিপ্যতে ন সম্বধ্যতে ॥ ১০ ॥

শাঙ্করভাষ্যম্।

যস্তু পুনরতত্ত্ববিৎ প্রবৃত্তশ্চ কর্ম্মযোগে ব্রহ্মণীতি। ব্রহ্মণীশ্বরে আধায় নিক্ষিপ্য

আনন্দগিরিকৃতটীকা।

তর্হি বিদ্বানিবাবিদ্বানপি কর্ম্মণি ন প্রবর্ত্তেত পাপোপহতি-সম্ভবাদিত্যাশঙ্ক্যাহ যস্বিতি। যথা ভৃত্যঃ স্বাম্যর্থং কর্ম্মাণি করোতি ন স্বফলমপেক্ষতে তথৈব যো

স্বামিকৃতটীকা।

তর্হি যস্য করোমীত্যভিমানোঽস্তি তস্য কর্ম্মলেপো দুর্ব্বারঃ, তথা অবিশুদ্ধ-চিত্তত্বাৎ সন্ন্যাসোঽপি নাস্তীতি মহৎ সঙ্কটমাপন্নমিত্যাশঙ্ক্যাহ ব্রহ্মণীতি। ব্রহ্মণ্যাধায় পরমেশ্বরে সমর্প্য তৎফলে চ সঙ্গং ত্যক্ত্বা যঃ কর্ম্মাণি করোতি অসৌ পাপেন বন্ধ-

---

কর্ম্মের সুসম্পাদন মাত্র উদ্দেশ্যে কায়, মন, বুদ্ধি এবং ইন্দ্রিয়-গণকে একাগ্রতা-সূত্রে বদ্ধ করিয়া যোগিগণ যে নিষ্কাম ভাবে কর্ম্ম করেন, তাহাতে চিত্তের একাগ্রতা নির্ম্মলতা ও স্থির এবং নিশ্চল ভাবেরই উপচয় ঘটিয়া থাকে ॥ ১০ ॥

আভাস।

সম্বন্ধ নাতে আর সজ্জিত হওয়া নিষ্প্রয়োজন বুঝিয়া, তাঁহারা প্রত্যেক দেহাদি ইন্দ্রিয়-নিষ্ঠ কর্ম্মকে পরকর্ম্ম জ্ঞানে নিশ্চিন্ত থাকেন এবং স্বভাব সিদ্ধ দেহাদির কর্ম্মকে আপন কর্ম্ম-জ্ঞানে আর উৎকণ্ঠিত হন না ॥ ৮। ৯ ॥

কোন সমৃদ্ধিশালী গৃহস্থের গৃহে সমারোহ ভোজের উপলক্ষে নিমন্ত্রিত হইয়া যদি পরিবেশনের ভার পাওয়া যায়, তখন ভোজন দ্রব্য মিষ্টান্নাদি পরিবেশনার্থ হস্তে লইয়া অভিমান-শূন্য নিরীহ ভাবে ভোক্তাগণের পংক্তির মধ্যে উপস্থিত

শাঙ্করভাষ্যম্।

তদর্থং করোমীতি ভৃত্য ইব স্বাম্যর্থং সর্ব্বাণি কর্ম্মাণি মোক্ষেঽপি ফলে সঙ্গং ত্যক্ত্বা করোতি যঃ লিপ্যতে ন স পাপেন সংবধ্যতে পদ্মপত্রমিবাম্ভসোদকেন ॥ ১০ ॥

আনন্দগিরিকৃতটীকা।

বিদ্বান্ মোক্ষেঽপি সঙ্গং ত্যক্ত্বা ভগবদর্থমেব সর্ব্বাণি কর্ম্মাণি করোতি ন স কর্ম্মণা বধ্যতে ন হি পদ্মপত্রমম্ভসা সম্বধ্যতে তদ্বদিত্যর্থঃ ॥ ১০ ॥

স্বামিকৃতটীকা

হেতুভয়া পাপিষ্ঠেন পুণ্যপাপাত্মকেন কর্ম্মণা ন লিপ্যতে যথা পদ্মপত্রমম্ভসি স্থিতমপি তেনাম্ভসা ন লিপ্যতে তদ্বৎ ॥ ১০ ॥

আভাস।

হইতে হয় এবং কৃতীর দ্রব্য-সামগ্রী কৃতীর নিমন্ত্রিত ব্যক্তিগণকে স্বয়ং কৃতীর অনুমত্যানুসারে যথাবিধানে আমাকে পরিবেশন করিতে হইবে, এইরূপ চিন্তা করিয়া যেমন কার্য্য করা উচিত, তাহাতে নিজের স্বার্থের গন্ধ মাত্র প্রকাশ করা কর্ত্তব্য নহে, সেইরূপ যাঁহার জগতে আমি যাঁহার ইচ্ছায় আগমন করিয়াছি, এক্ষণে কায়মনোবাক্য তাঁহার এই সৃষ্টি, স্থিতি ও প্রলয়পূর্ণ সংসারক্ষেত্রে তাঁহার অভিপ্রেত কার্য্য-সাধনে আমার জীবন অতিবাহিত করিব, ইত্যাকার জ্ঞানে যাঁহারা সমস্ত জীবন কর্ম্ম করিয়া যান, তাঁহারা আর কর্ম্মজালে জড়িত হন না। অহো! পদ্মের পত্র জলেই জন্মায় বটে, কিন্তু পাতার উপর জল পড়িলে পত্র তাহাতে ভিজে না; বরং জলের সম্পর্ক শূন্য হইয়া থাকে; জল টল্ টল্ করিয়া পত্র হইতে পড়িয়া যায়, সেইরূপ কর্ম্ম-জন্য জীবের জন্ম হইলেও, ঈশ্বরার্পণ বুদ্ধিতে কার্য্য করিলে, অর্থাৎ ভগবান্ সর্ব্বেশ্বর প্রভু! 'আমি তাঁহার প্রেরিত ভৃত্য!' তাঁহার কার্য্য করিয়া, তাঁহার সমীপে আমাকে প্রত্যাবর্ত্তন করিতে হইবে! জগতের সহিত আমার কোন সম্পর্ক নাই; কেবল জগজ্জীবনের আদান-প্রদান রূপ কার্য্য উপলক্ষে যতটুকু যাহার সহিত সম্পর্ক, তদ্ব্যতীত নিজের কোন স্বার্থ বা পৃথক্ সম্পর্ক নাই, এই প্রকার বোধে যাঁহারা কার্য্য করেন, তাঁহারা সংসারের সম্পর্ক না রাখিয়া, জীবনে মরণে ভগবৎ সম্পর্কে চির সুখী হন, সন্দেহ নাই ॥ ১০ ॥

কায়েন মনসা বুদ্ধ্যা কেবলৈরিন্দ্রিয়ৈরপি।
যোগিনঃ কর্ম্ম কুর্ব্বন্তি সঙ্গং ত্যক্ত্বাত্মশুদ্ধয়ে ॥ ১১ ॥

অন্বয়

কয়েন, মনসা মমত্ববর্জ্জিতেন, বুদ্ধ্যা নিশ্চয়াত্মিকয়া, কেবলৈঃ অভিসন্ধি-বর্জ্জিতৈঃ ইন্দ্রিয়ৈঃ অপি যোগিনঃ কর্ম্মিণঃ আত্ম-শুদ্ধয়ে চিত্ত-শুদ্ধয়ে, এব সঙ্গং ভোগাভি-সন্ধিং ত্যক্ত্বা কর্ম্ম কুর্ব্বন্তি ॥ ১১ ॥

শাঙ্করভাষ্যম্।

কেবলং সত্ত্বশুদ্ধিমাত্রফলমেব তস্যৈব কর্ম্মণঃ স্যাৎ যস্মাৎ কায়েনেতি। কায়েন।

আনন্দগিরিকৃতটীকা।

অবিদুষ স্তর্হি কৃতেন কর্ম্মণা কিং স্যাদিত্যাশঙ্ক্যাহ কেবলমিতি। অজ্ঞস্যেশ্বরার্পণ-

স্বামিকৃতটীকা।

বন্ধকত্বাভাবমুক্ত্বা মোক্ষহেতুং সদাচারেণ দর্শয়তি কায়েনেতি। কায়েন স্নানাদি, মনসা ধ্যানাদি, বুদ্ধ্যা তত্ত্বনিশ্চয়াদি, কেবলৈঃ কর্ম্মাভিনিবেশ-রহিতৈঃ ইন্দ্রিয়ৈঃ শ্রবণকীর্ত্তনাদিলক্ষণং কর্ম্মফলসঙ্গং ত্যক্ত্বা চিত্তশুদ্ধয়ে কর্ম্ম যোগিনঃ কুর্ব্বন্তি ॥ ১১ ॥

---

দেখ অর্জ্জুন! কর্ম্মফলের আশায় জলাঞ্জলি দিয়া, স্থির ও সমাহিত চিত্তে অবস্থান করিলে যে অনুপম ভাবের উদয় হয়, তাহাতে অপার শান্তি অনুভূত হইয়া থাকে। কিন্তু ব্যাকুল হৃদয়ে নিরন্তর ভোগের প্রার্থনা হৃদয়ে পোষণ করিলে, সুখ দুঃখ সমন্বিত ঘোর সংসার-তরঙ্গে নিরন্তর আন্দোলিত হইতে হয় ॥ ১১ ॥

আভাস।

সংসার কর্ম্মেরই ভূমি! কর্ম্ম না করিয়া, কেহ কখন নিশ্চিন্তে কালাতিপাত করিতে পারে না। অতি ক্ষুদ্র কীট পতঙ্গ হইতে অতি বৃহৎ হস্তী পর্য্যন্ত এবং অতি মূর্খ ভোগী মানব হইতে অতি পণ্ডিত এবং জ্ঞানী বা যোগী পর্য্যন্ত কর্ম্ম না করিয়া, কেহ নিশ্চিন্তে জড়ের ন্যায় অবস্থান করিতে পারে না। তবে কেহ কর্ম্ম করে শিক্ষার জন্য; কেহ করে ভোগের জন্য। শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজের ছাত্রগণ দিবারাত্র অনর্গল পরিশ্রম করিতেছেন; তাহাদের দেহ ইন্দ্রিয় মন প্রাণ অহঙ্কার এবং বুদ্ধি কর্ম্মেতেই সর্ব্বদা নিযুক্ত আছে; তাহাদের পরিণামে ফল, কিন্ত

শাঙ্করভাষ্যম্।

দেহেন মনসা বুদ্ধ্যা চ কেবলৈরিন্দ্রিয়ৈর্মমত্ববর্জ্জিতৈরপি ঈশ্বরায়ৈব কর্ম্ম করোমীতি ন ফলায়েতি মমত্ববুদ্ধিশূন্যৈরিন্দ্রিয়ৈরপি, কেবলশব্দঃ কায়াদিভিরপি প্রত্যেকং সম্বধ্যতে, সর্ব্বব্যাপারেষু মমতাবর্জ্জনায় যোগিনঃ কর্ম্মিণঃ কর্ম্ম কুর্ব্বন্তি সঙ্গং ত্যক্ত্বা ফলবিষয় মাত্মশুদ্ধয়ে সত্ত্বশুদ্ধয় ইত্যর্থঃ ॥ ১১ ॥

আনন্দগিরিকৃতটীকা।

বুদ্ধ্যানুষ্ঠিতং কর্ম্ম বুদ্ধিশুদ্ধিফলমিত্যত্রৈব হেতুমাহ যস্মাদিতি। কেবল-শব্দস্য প্রত্যেকং সম্বন্ধে প্রয়োজনমাহ সর্ব্বব্যাপারেম্বিতি। কর্ম্মণশ্চিত্তশুদ্ধিফলত্বে তাৎপর্য্যেন কর্ম্মানুষ্ঠানমেব তব কর্ত্তব্যমিতি যস্মাদিত্যস্যাপেক্ষিতং বদন্ ফলিতমাহ তস্মাদিতি ॥ ১১ ॥

আভাস।

শিক্ষা; তাহাদের অন্তঃকরণ, ইন্দ্রিয়গ্রাম এবং দেহ কর্ম্ম করিতে করিতে এরূপ শিক্ষিত হয় যে, রাজদ্বারে এবং সাধারণ ভোগীর সমাজে তাঁহারা পূজিত বা আদৃত হইয়া, পরমানন্দ সহ সম্মান লাভ করে। হালুইকর ময়রা নানাপ্রকার মিষ্টান্ন দ্রব্যের পাক-প্রণালী পরিজ্ঞাত থাকায়, বিবিধ মিষ্টাদি প্রস্তুত করিয়া দোকান সাজাইয়া বসিয়া থাকে! যাহারা পাক-প্রণালীতে শিক্ষিত নহে, তাহারা ভোগের জন্য উক্ত দোকানদারের শরণাগত হইয়া ভোজন করে। ময়রাকে খাদ্যদ্রব্য প্রস্তুত করিবার পূর্ব্বে প্রত্যেকটীকে ভোগ করিতে হইয়াছে, কিন্তু ভোগের সঙ্গে তাহার আস্বাদ গ্রহণে তাহার পাকপ্রণালীতে মস্তিষ্ককে শিক্ষিত করিতে হইয়াছে। যে সে বিদ্যা শিক্ষা করে নাই, তাহাকে প্রতি পদে ময়রার শরণাগত হইতে হইতেছে।

অতএব সংসারে কর্ম্ম দুই প্রকার; একটী ভোগ কর্ম্ম, অপরটী শিক্ষার কর্ম্ম। শিক্ষার কর্ম্মকে ভগবান্ কর্ম্মযোগ নামে আখ্যাত করিয়াছেন; এবং ভোগ কর্ম্মকে অধোগতি লাভের উত্তম পথ বলিয়া নির্ব্বাচন করিয়াছেন। যোগী ভোগ উপলক্ষে কর্ম্মভূমিতে অবতরণ করেন বটে, কিন্তু তাঁহাকে অতি সতর্কতার সহিত নিজ দেহ, ইন্দ্রিয় এবং অন্তরিন্দ্রিয়গণকে বিচক্ষণতার সহিত কারণানুসন্ধানের পদ্ধতিতে শিক্ষিত করিতে হয়। ভোগের উপলক্ষে চিন্তাহীন ভোগীর দেহ ও ইন্দ্রিয়বর্গ অবসন্ন হইয়া পড়ে; কিন্তু যোগীর দেহাদি ইন্দ্রিয়বর্গ কেবল বিচারের আশ্রয়ে ভোগ করিয়াও উন্নতির চরম সীমায় উপনীত হইয়া থাকে ॥ ১১ ॥

যুক্তঃ কর্ম্মফলং ত্যক্ত্বা শান্তিমাপ্নোতি নৈষ্ঠিকীম্।
অযুক্তঃ কামকারেণ ফলে সক্তো নিবধ্যতে॥ ১২॥

অন্বয়।

কর্ম্মফলং ত্যক্ত্বা যুক্তঃ পরমাত্মনি সমাহিতচিত্তঃ জনঃ কর্ম্ম কুর্ব্বন্ অপি নৈষ্ঠিকীং অনুষ্ঠান-জনিতাং অভ্যাসোৎপন্নাং শান্তিং আপ্নোতি, ফলে সক্তঃ ফলাকাঙ্ক্ষা-বিশিষ্টঃ জনঃ কামকারেণ কামানুরোধেন নিবধ্যতে দুঃখী ভবতি॥ ১২॥

শাঙ্করভাষ্যম্।

তস্মাত্তত্রৈব তবাধিকার ইতি কুরু কর্ম্মৈব, যস্মাচ্চ যুক্ত ইতি। ঈশ্বরায় কর্ম্মাণি করোমি ন মম ফলায়েতি এবং সমাহিতঃ সন্ কর্ম্মফলং ত্যক্ত্বা পরিত্যজ্য শান্তিং মোক্ষাখ্যামাপ্নোতি, নৈষ্ঠিকীং নিষ্ঠায়াম্ভবাং সত্ত্বশুদ্ধি-জ্ঞানপ্রাপ্তি-সর্ব্ব কর্ম্ম-সংন্যাসজ্ঞাননিষ্ঠা-ক্রমেণেতি বাক্যশেষঃ। যস্তু পুনরযুক্তোঽসমাহিতঃ কামকারেণ

আনন্দগিরিকৃতটীকা।

ইতশ্চ সঙ্গং ত্যক্ত্বা কর্ম্মানুষ্ঠানং ত্বয়া কর্ত্তব্যমিত্যাহ যস্মাচ্চেতি। যুক্তঃ সন্ ফলং ত্যক্ত্বা কর্ম্ম কুর্ব্বন্ মোক্ষাখ্যাং শান্তিং যস্মাদাপ্নোতি তস্মাচ্চ ত্বয়া সঙ্গং ত্যক্ত্বা কর্ম্ম কর্ত্তব্যমিতি যোজনা। বিপক্ষে দোষমাহ অযুক্ত ইতি। যুক্তত্বং ব্যাকরোতি ঈশ্বরায়েতি। ফলং পরিত্যজ্য কর্ম্ম কুর্ব্বন্নিতি শেষঃ। নৈষ্ঠিকী শান্তিরিত্যেতদেব

স্বামিকৃতটীকা।

নমু কথং তেনৈব কর্ম্মণা কশ্চিন্মুচ্যতে কশ্চিদ্বধ্যতে ইতি ব্যবস্থা অত আহ যুক্ত ইতি। যুক্তঃ পরমেশ্বরৈকনিষ্ঠঃ সন্ কর্ম্মণাং ফলং ত্যক্ত্বা কর্ম্মাণি কুর্ব্বন্নাত্যন্তিকীং শান্তিং মোক্ষং প্রাপ্নোতি, অযুক্তস্তু বহির্ম্মুখঃ কামকারেণ কামতঃপ্রবৃত্ত্যা ফলে আসক্তো নিতরাং বন্ধং প্রাপ্নোতি॥ ১২॥

---

আত্মজ্ঞান বিশিষ্ট যোগীর দেহাভিমান থাকে না! নিরন্তর ক্রিয়াশীল দেহাদি ইন্দ্রিয়বর্গের কার্য্যে স্বয়ং কর্ত্তৃত্বাভিমান বিসর্জ্জন করত এই নবদ্বার বিশিষ্ট দেহের অন্তরে দেহীরূপে বিদ্যমান থাকিয়াও দেহবর্গের কর্ম্মে স্বয়ং নির্ব্যাপরীর ন্যায় সুখে বিশ্রাম করেন॥ ১২॥

আভাস।

অতএব ভোগের অনুরোধে কর্ম্মভূমিতে আগমন করিলেও, বিচারশক্তিকে নিরন্তর প্রত্যেক কার্য্যে নিজের সহায়-রূপে রাখা একান্ত কর্ত্তব্য। তাহা হইলে,

সর্ব্বকর্ম্মাণি মনসা সংন্যস্যাস্তে সুখং বশী।

অন্বয়।

বশী জিতচিত্তঃ জনঃ সর্ব্বকর্ম্মাণি আকাঙ্ক্ষাপূর্ব্বকাণি কর্ম্মাণি, মনসা বিবেক-

শাঙ্করভাষ্যম্।

করণং কারঃ কামস্য কারঃ কামকারস্তেন কামকারেণ কামপ্রেরিততয়েত্যর্থঃ মম ফলায়েদং করোমি কর্ম্মেত্যেবং ফলে সক্তো নিবধ্যতে অত ত্বং যুক্তো ভব ইত্যর্থঃ ॥ ১২ ॥

যস্তু পরমার্থদর্শী স সর্ব্বেতি। সর্ব্বাণি কর্ম্মাণি সর্ব্বকর্ম্মাণি সংন্যস্য পরিত্যজ্য

আনন্দগিরিকৃতটীকা।

বিশদয়তি সত্ত্বেতি। দ্বিতীয়মর্দ্ধং বিভজতে যস্ত্বিতি। অসমাধানে দোষাদর্জ্জুনস্য নিয়োগং দর্শয়তি অতস্ত্বমিতি ॥ ১২ ॥

তর্হি ফলে সক্তিং ত্যক্ত্বা সর্ব্বৈরপি কর্ম্ম কর্ত্তব্যমিতি কর্ম্ম-সংন্যাসস্য নিরবকাশত্ব

প্রভু পরমাত্মা জীবলোকের কোনরূপ কর্ত্তৃত্ব বা কর্ম্মের নির্দ্দেশ

আভাস।

কর্ম্ম নিষ্পাদনের সঙ্গেই যেমন তাহার ফল পাওয়া যায়, বিচারকে সঙ্গে রাখিলে, ফলের সঙ্গে আবার শিক্ষাটীও প্রাপ্ত হওয়া যায়। ফল দেখা দিয়াই চলিয়া যায়, শিক্ষা কিন্তু রহিয়া যায়। একটু মনঃসংযোগ করিয়া ভাবিলে, শিক্ষাটী জীবনের চিরসঙ্গী হইয়া থাকিয়া যায়। অবিচারিত ভাবে ভোগ করার উপলক্ষে মানব অন্ধের ন্যায়, ক্রমান্বয়ে অন্ধকারেই প্রবেশ করে; যোগী কিন্তু সেই কর্ম্মই করিয়া, কেবল বিচার ও একাগ্রতার বলে সূক্ষ্ম হইতে সূক্ষ্মতম চিত্ত-স্তরে আরোহণ করিয়া, জ্ঞানের চরম সীমায় উপনীত হন। ফলের প্রতি দৃষ্টি না রাখিলে, বিচারের প্রতি দৃষ্টি আপনিই আইসে। বিচার মুক্তির কারণ; ভোগ আপাতত ক্ষণকালের জন্য সুখের কারণ হইলেও, পরিণামে বিষ উদ্গীরণ করিয়া থাকে, সন্দেহ নাই ॥ ১২ ॥

যাহাদের ভোগ-বাসনা বিদূরিত হইয়াছে, তাহাদের আর বিপদের আশঙ্কা থাকে না; কারণ জ্ঞানের বাসনা উদিত হইলে, পুরুষের আর সুখের অবধি থাকে না। বাসনা কিন্তু পরিত্যাগের পদার্থ নহে; হৃদয়-বিলাসিনী পতিব্রতা কামিনীর ন্যায়, বাসনা পুরুষের চিরসঙ্গিনী হইয়া থাকে। কখন সে পুরুষকে পরিত্যাগ

নবদ্বারে পুরে দেহী নৈব কুর্ব্বন্ন কারয়ন্ ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

বিশিষ্টেন সংন্যস্য নবদ্বারে নবদ্বাররূপ-রন্ধ্র-বিশিষ্টে দেহে পুরে স্বয়ং এব ন কুর্ব্বন্ তথা দেহাদিভিঃ ন কারয়ন্ নির্লিপ্তঃ এব সুখং আস্তে ॥ ১৩ ॥

শাঙ্করভাষ্যম্।

নিত্যং নৈমিত্তিকং কাম্যং প্রতিষিদ্ধঞ্চ তানি সর্ব্বাণি কর্ম্মাণি মনসা বিবেকবুদ্ধ্যা

আনন্দগিরিকৃতটীকা।

ত্যাগে কিমিতি সমাধানবত্তাভাবঃ তত্রাহ ফলেতি। ব্যতিরেকমুখেনোক্তমর্থমন্বয়-মুখেনোপসংহরতি তস্মাদিতি। হি শব্দার্থস্য যস্মাদিত্যুক্তস্য তস্মাদিত্যনেন সম্বন্ধঃ। কর্ম্মিণং প্রতি যথোক্তবিধৌ হেতুহেতুমদ্ভাবমাভিপ্রেত্য দ্বিতীয়বিধৌ হেতুমাহ চিত্ত-বিক্ষেপেতি। পূর্ব্বশ্লোকে পূর্ব্বোত্তরার্দ্ধাভ্যামুক্তমনুবদতি এবমিতি ॥ ২ ॥

পরমার্থসংন্যাসস্য কর্ম্মযোগান্তর্ভাবে কর্ম্মযোগস্যৈব সদা কর্ত্তব্যত্বমাপদ্যেত

স্বামিকৃতটীকা।

তর্হি যাবজ্জীবং কর্ম্মযোগ এব প্রাপ্ত ইত্যাশঙ্ক্য তস্যাবধিমাহ আরুরুক্ষোরিতি। জ্ঞানযোগমারোঢ়ুং প্রাপ্তুমিচ্ছোঃ পুংস স্তদারোহে কারণং কর্ম্মোচ্যতে চিত্তশুদ্ধি-করত্বাৎ; জ্ঞান-যোগমারূঢ়স্য তু তস্যৈব জ্ঞাননিষ্ঠস্য শমো বিক্ষেপক-কর্ম্মোপরমো জ্ঞানপরিপাকে কারণমুচ্যতে ॥ ৩ ॥

---

যোগে অধিকার পাইতে হইলে, কর্ম্ম অবশ্য কর্ত্তব্য জানিতে হইবে; কারণ কর্ম্মই যোগের-পথ প্রদর্শনে যোগ্যতা আনয়ন করে। কিন্তু যোগে অধিকার প্রাপ্ত হইলে, নিশ্চেষ্ট ভাবকে অবলম্বন করা বিধেয়; কারণ নিশ্চেষ্ট ভাবই যোগ লাভের প্রধান উপায় ॥ ৩ ॥

আভাস।

সংকল্প ত্যাগ না করিলে, যোগী হওয়া যায় না এবং ভোগ-লালসা পরিত্যাগ না করিলে, সন্ন্যাসী হওয়া যায় না ॥ ২ ॥

গীতাতে উক্ত আছে, "দুঃখেম্বনুদ্বিগ্নমনাঃ সুখেষু বিগতস্পৃহঃ। বীত-রাগ-

শাঙ্করভাষ্যম্।

তত্রাধুনা কর্ম্মযোগস্য ধ্যানযোগসাধনত্বং দর্শয়তি আরুরুক্ষোরিতি। আরুরুক্ষো-রারোঢ়ুমিচ্ছতঃ অনারূঢ়স্য ধ্যানযোগেঽবস্থাতুমশক্তস্যৈবেত্যর্থঃ কস্য তস্যারুরুক্ষোর্ম্মুনেঃ কর্ম্মফলসংন্যাসিন ইত্যর্থঃ, কিমারুরুক্ষো র্যোগং, কর্ম্ম কারণং সাধনমুচ্যতে, যোগারূঢ়স্য পুন স্তস্যৈব শম উপশমঃ সর্ব্বকর্ম্মভ্যো নিবৃত্তিঃ কারণং যোগারূঢ়ত্বস্য সাধনমুচ্যত ইত্যর্থঃ, যাবদ্‌যাবৎ কর্ম্মভ্য উপরমতে তাবত্তাবন্নিরায়াসস্য জিতেন্দ্রিয়স্য চিত্তং সমাধীয়তে তথা সতি স ঝটিতি যোগারূঢ়ো ভবতি, তথা চোক্তং ব্যাসেন, নৈতাদৃশং ব্রাহ্মণস্যাস্তি বিত্তং যথৈকতা সমতা সত্যতা চ। শীলং স্থিতি র্দণ্ডনিধানমার্জ্জবং ততস্ততশ্চোপরমঃ ক্রিয়াভ্য ইতি॥ ৩॥

আনন্দগিরিকৃতটীকা।

তেনেতরস্যাপি কৃতত্বসিদ্ধেরিত্যাশঙ্ক্য উক্তানুবাদপূর্ব্বকমুত্তরশ্লোকতাৎপর্য্যমাহ ধ্যান-যোগস্যেতি। ভাবিন্যা বৃত্ত্যা মুনে র্যোগমারোঢ়ুমিচ্ছোরিষ্যমাণস্য যোগারোহণস্য কর্ম্মহেতুত্বঞ্চেদপেক্ষিতং যোগমারূঢ়স্যাপি তৎ ফলপ্রাপ্তৌ তদেব কারণং ভবিষ্যতি তস্য কারণত্বে ক্লৃপ্তশক্তিত্বাদিত্যাশঙ্ক্যাহ যোগারূঢ়স্যেতি। অনারূঢ়স্যেত্যেতস্যৈ-বার্থং স্ফুটয়তি ধ্যানেতি। মুনিত্বং কর্ম্মফলসংন্যাসিত্বোপচারিকমিত্যাহ কর্ম্ম-ফলেতি। সাধনং চিত্তশুদ্ধিদ্বারা ধ্যানযোগপ্রাপ্তীচ্ছায়ামিতি শেষঃ। তস্যেতি প্রকৃতস্য কর্ম্মিণো গ্রহণং, এবকারো ভিন্নক্রমঃ শমশব্দেন সম্বধ্যতে। কস্য অন্যযোগ-ব্যবচ্ছেদেন শমো হেতুরিতি তত্রাহ যোগারূঢ়ত্বস্যেতি। সর্ব্বব্যাপারোপরম-রূপোপশমস্য যোগারূঢ়ত্বে কারণত্বং বিবৃণোতি যাবদ্‌যাবদিতি। সর্ব্বকর্ম্মনিবৃত্ত্যা-বায়াসাভাবাদ্বশীকৃতেন্দ্রিয়গ্রামস্য চিত্তসমাধানে যোগারূঢ়ত্বং সিধ্যতীত্যর্থঃ। সর্ব্ব-কর্ম্মোপরমস্য পুরুষার্থ-সাধনত্বে পৌরাণিকীং সম্মতিমাহ তথা চেতি। একতা সর্ব্বেষু ভূতেষু বস্তুনো দ্বৈতাভাবোপলক্ষিতত্বমিতি প্রতিপত্তিঃ, সমতা তেষ্বেবৌ-পাধিক-বিশেষেঽপি স্বতো নির্ব্বিশেষত্বধীঃ, সত্যতা তেষামেব হিতবচনং, শীলং স্বভাব-সম্পত্তিঃ, স্থিতিঃ স্থৈর্য্যং, দণ্ডনিধানমহিংসনং, আর্জ্জবমবক্রত্বং, ক্রিয়াভ্যঃ সর্ব্বাভ্যঃ সকাশাদুপরতিশ্চেত্যেতদুক্তং সর্ব্বং যথা যাদৃশমেতাদৃশং নান্যদ্ব্রাহ্মণস্য বিত্তং পুমর্থসাধনমস্তি তস্মাদেতদেবাস্য নিরতিশয়ং পুরুষার্থসাধনমিত্যর্থঃ॥ ৩॥

আভাস।

ভয়ক্রোধঃ স্থিতধীর্ম্মুনিরুচ্যতে"॥ দুঃখে যাহার মন উদ্বিগ্ন হয় না, সুখের প্রাপ্তিতেও অনুরাগ জন্মে না এবং অনুরাগ, ভয় এবং ক্রোধের বশবর্ত্তী না হইয়া, যিনি স্থিরচিত্তে অবস্থান করেন, তিনিই মুনিশব্দ বাচ্য। অবশ্য মুনির অন্তঃকরণ

যদা হি নেন্দ্রিয়ার্থেষু ন কর্ম্মস্বনুষজ্জতে।
সর্ব্বসঙ্কল্পসন্ন্যাসী যোগারূঢ়স্তদোচ্যতে ॥ ৪ ॥

অন্বয়ঃ।

কদা যোগারূঢ় ইতি! যদাহি জনঃ ইন্দ্রিয়ার্থেষু ইন্দ্রিয়াণাং বিষয়েষু ভোগ্য-পদার্থেষু (তথা তৎসম্বন্ধিষু) কর্ম্মসু চ ন অনুষজ্জতে আসক্তিং ন করোতি তাদৃশঃ সর্ব্ব-সংকল্প-সংন্যাসী জনঃ তদা যোগারূঢ়ঃ উচ্যতে কথ্যতে ॥ ৪ ॥

শাঙ্করভাষ্যম্।

অথেদানীং কদা যোগারূঢ়ো ভবতীত্যুচ্যতে যদেতি। যদা সমাধীয়মানচিত্তো ভবতি যোগী ইন্দ্রিয়ার্থেষু ইন্দ্রিয়াণামর্থাঃ শব্দাদয় স্তেষ্বিন্দ্রিয়ার্থেষু কর্ম্মসু চ নিত্য-

আনন্দগিরিকৃতটীকা।

যোগপ্রাপ্তৌ কারণ-কথনানন্তরং তৎপ্রাপ্তিকালং দর্শয়িতুং শ্লোকান্তরমবতারয়তি অথেতি। সমাধানাবস্থা যদেত্যুচ্যতে, অতএবোক্তং সমাধীয়মানচিত্তো

স্বামিকৃতটীকা।

কীদৃশোঽয়ং যোগারূঢ়ো যস্য শমঃ কারণমুচ্যত ইত্যত্রাহ যদেতি। ইন্দ্রিয়ার্থেষিন্দ্রিয়ভোগ্যেষু তৎসাধনেষু চ কর্ম্মসু যদা নানুষজ্জতে আসক্তিং ন করোতি, তত্র হেতুঃ আসক্তিমূলভূতান্ ভোগ্যবিষয়ান্ কর্ম্মবিষয়াংশ্চ সঙ্কল্পান্ সংন্যসিতুং ত্যক্তুং শীলং যস্য স তদা যোগারূঢ় উচ্যতে ॥ ৪ ॥

---

ইন্দ্রিয়ভোগ্য বিষয়ের প্রতি মন যখন ধাবিত না হয় এবং ভোগ্য সঞ্চয়ের জন্য প্রবৃত্তিও না আইসে, এবং চিত্ত যাবদীয় কর্ম্ম-বাসনা হইতে নিশ্চেষ্ট ভাবে প্রতি-নিবৃত্ত থাকে, তখনই তাঁহাকে প্রকৃত যোগারূঢ় বলিয়া অবধারণ করিতে হইবে ॥ ৪ ॥

আভাস।

বিশুদ্ধ এবং ইন্দ্রিয়গণও বিবেক-বলে বিষয়ের অভিমুখে ধাবিত হয় না; সুতরাং প্রশান্তচিত্ত মুনি সর্ব্বত্র আদৃত ও প্রশংসনীয় বলিয়া স্বীকার্য্য। শান্তচিত্ত মুনি ব্যবহারিক দৃষ্টিতে নিরপেক্ষ জ্ঞানে আদৃত হইলেও, পারমার্থিক দৃষ্টিতে আদৃত বা উন্নত নহেন। কারণ তাঁহার অধোগতির ভয় না থাকিলেও, ঊর্দ্ধগতির আয়োজন তাঁহার তদবধি কিছু করা হয় নাই। মৃত্তিকা খনন, হল-সঞ্চালন ও কণ্টকাদি জঙ্গল পরিষ্কার করিলেই যে ক্ষেত্রের কৃষি-কার্য্য সমাপ্ত

শাঙ্করভাষ্যম্।

নৈমিত্তিক-কাম্য-প্রতিষিদ্ধেষু প্রয়োজনাভাববুদ্ধ্যা নানুষজ্জতে অনুষঙ্গং কর্ত্তব্যতা-বুদ্ধিং ন করোতীত্যর্থঃ, সর্ব্বসঙ্কল্পসংন্যাসী সর্ব্বান্ সঙ্কল্পানিহামুত্রার্থকামহেতূন্ সংন্যসিতুং শীলং অস্যেতি স সর্ব্বসংকল্প-সংন্যাসী যোগারূঢ়ঃ প্রাপ্তযোগ ইত্যেতত্তদা তস্মিন্ কালে যোগারূঢ় উচ্যতে। সর্ব্বসঙ্কল্পসংন্যাসীতি বচনাৎ সর্ব্বাংশ্চ কামান্ কামাত্মকান্ সর্ব্বাণি চ কর্ম্মাণি সংন্যসেদিত্যর্থঃ। সঙ্কল্পমূলা হি সর্ব্বে কামাঃ; সঙ্কল্পমূলঃ

আনন্দগিরিকৃতটীকা।

যোগীতি শব্দাদিষু কর্ম্মসু চানুষঙ্গস্য যোগারোহণপ্রতিবন্ধকত্বাত্তদভাবস্য তদুপায়ত্বং প্রসিদ্ধমিতি দ্যোতয়িতুং হীত্যুক্তং। সর্ব্বেষামপি সংকল্পানাং যোগারোহণ-প্রতিবন্ধকত্বমভিপ্রেত্য সর্ব্বসংকল্প-সন্ন্যাসীত্যত্র বিবক্ষিত মর্থমাহ সর্ব্বানিতি। সর্ব্বসংকল্প-সংন্যাসেঽপি সর্ব্বেষাং কামানাং কর্ম্মণাঞ্চ প্রতিবন্ধকত্ব-সম্ভবে কুতো যোগ-প্রাপ্তিরিত্যাশঙ্ক্যাহ সর্ব্বেতি। সর্ব্বসংকল্প-পরিত্যাগে যথোক্তবিধ্যনুষ্ঠানমযত্নসিদ্ধমিতি মন্বানঃ সন্নাহ সংকল্পেতি। মূলোন্মূলনে চ তৎকার্য্যনিবৃত্তিরযত্নসুলভেতি ভাবঃ। তত্র প্রমাণমাহ সংকল্পমূল ইতি। তত্রান্বয়ব্যতিরেকাবভিপ্রেত্যোক্ত-মুপপাদয়তি কামেতি। সর্ব্বসংকল্পাভাবে কামাভাববৎ কর্ম্মাভাবস্য সিদ্ধত্বেঽপি

আভাস।

করা হয়, তাহা নহে; বীজ বপনের দ্বারা তথায় শস্য উৎপাদন করিতে হইবে। সুতরাং নির্ম্মল হৃদয়ে যোগের অনুশীলনে চিত্তকে উন্নত করত যে স্থান হইতে সংসারে আগমন করত মানব সংসার জলধিতে ঝাঁপ দিয়াছিলেন, এক্ষণে প্রত্যাবর্ত্তনের পদ্ধতিতে ধীরে ধীরে তীরে উত্থিত হইয়া, নন্দন-কাননে প্রবেশ পূর্ব্বক সদানন্দ পূর্ণপ্রজ্ঞ প্রাণবল্লভের স্বরূপ সন্দর্শনে চিরকৃতার্থ হইতে হইবে। অট্টালিকার ত্রিতলোপরি প্রশস্ত প্রকোষ্ঠে যাহার বাস করা অভ্যাস, সে যদি নিম্ন তলের সঙ্কীর্ণ প্রাঙ্গণে তথাকার অধিবাসীদের সহিত আলাপ পরিচয় করিবার জন্য অবতরণ করে, ক্ষণকাল অবস্থানের পরই বিরক্ত হইয়া স্বস্থানে প্রস্থানের জন্য ব্যগ্র হইয়া উঠে। কিন্তু কেবল ব্যগ্র হইলে বা বিরক্ত হইলে চলিবে না। তিনটী সিঁড়িকে অতিক্রম করিয়া যেমন নামিতে হইয়াছিল, এক্ষণে সেই তিনটী সিঁড়িকে অবলম্বন করিয়া পুনঃ উপরে উঠিতে হইবে। সেইরূপ সংসারে কেবল বীতরাগ হইলেই মানব-জীবনের কর্ম্ম শেষ করা হয় না। একাগ্রতার আশ্রয়ে অহঙ্কার তত্ত্বকে বিশুদ্ধ চৈতন্যস্বরূপ জ্ঞানের অভিমুখে উত্তোলন করা প্রয়োজন। সুতরাং একাগ্রতারূপ যোগে আরোহণ করিতে

শাঙ্করভাষ্যম্ ।

কামো বৈ যজ্ঞাঃ সঙ্কল্পসম্ভবাঃ। কাম জানামি তে মূলং সঙ্কল্পাত্ত্বংহি জায়সে। ন ত্বাং সঙ্কল্পয়িষ্যামি তেন মে ন ভবিষ্যসি। ইত্যাদিস্মৃতেঃ সর্ব্বকামপরিত্যাগে চ সর্ব্বকর্ম্মসংন্যাসঃ সিদ্ধো ভবতি। স যথাকামো ভবতি তৎক্রতু র্ভবতি যৎক্রতু র্ভবতি তৎ কর্ম্ম কুরুতে ইত্যাদিশ্রুতিভ্যো যদ্যদ্ধি কুরুতে কর্ম তত্তৎ কামস্য চেষ্টিতমিত্যাদি স্মৃতিভ্যশ্চ ন্যায়চ্চ ন হি সর্ব্বসঙ্কল্পসংন্যাসে কশ্চিৎ স্পন্দিতুমপি শক্তস্তস্মাৎ সর্ব্বসঙ্কল্পসংন্যাসীতি বচনাৎ সর্ব্বান্ কামান্ সর্ব্বাণি কর্ম্মাণি চ ত্যাজয়তি ভগবান্ ॥ ৪ ॥

আনন্দগিরিকৃতটীকা ।

কর্ম্মণাং কামকার্য্যত্বাত্তন্নিবৃত্তিপ্রযুক্তামপি নিবৃত্তিমুপন্যস্যতি সর্ব্বকামেতি। যদুক্তং কর্ম্মণাং কামকার্য্যত্বং তত্র শ্রুতিস্মৃতী প্রমাণয়তি স যথেতি। স পুরুষঃ স্বরূপমজানন্ যৎফলকামো ভবতি তৎসাধনমনুষ্ঠেয়তয়া বুদ্ধৌ ধারয়তীতি তৎক্রতুর্ভবতি যচ্চানুষ্ঠেয়তয়া গৃহ্নাতি তদেব কর্ম্ম বহিরপি করোতীতি কামাধীনং কর্ম্মোক্তমিতি শ্রুত্যর্থঃ। কামজন্যং কর্ম্মেত্যন্বয়-ব্যতিরেকসিদ্ধমিতি দ্যোতয়িতুং স্মৃতৌ হি শব্দঃ। ন্যায়মেব দর্শয়তি ন হি সর্ব্বসংকল্পেতি, স্বাপাদাবদর্শনাদিত্যর্থঃ। নিত্যনৈমিত্তিক-কর্ম্মানুষ্ঠানং দূরনিরস্তমিতি বক্তুমপিশব্দঃ। শ্রুতি-স্মৃতি-ন্যায়-সিদ্ধমর্থমুপসংহরতি-তস্মাদিতি ॥ ৪ ॥

আভাস ।

হইলে, মনকে তত্তৎ স্বরূপে নিবিষ্ট রাখিবার জন্য যত্ন করিতে হয়। ভোগের কর্ম্ম অন্তঃকরণে সূচিত হইয়া ভোগায়তন দেহের উৎপাদন করে; যোগের কর্ম্ম দেহ-দুঃখ হইতে সূচিত হইয়া, অন্তঃকরণেই পরিসমাপ্ত হয়। অর্থাৎ দেহনিষ্ঠ দুঃখাদির অনুভব হইতে সূত্রিত হইয়া চিত্তের আনন্দস্বরূপে পরিসমাপ্ত হয়। সুতরাং ভোগ অধঃপতনের কর্ম্ম এবং যোগ ঊর্দ্ধগতিতে আত্ম-সাক্ষাৎকারের কর্ম্ম। যোগকর্ম্ম তদবধি করিতে হয়, যদবধি আত্ম-সাক্ষাৎকার না হয়। আত্মদর্শন হইলে, চিত্তের গতি বা ক্রিয়ার নিবৃত্তিতে স্থির এবং সাম্যভাবের অবলম্বনে অবস্থান করা প্রয়োজন। তখন আর আরোহণের দ্বিতীয় লক্ষ্য থাকে না; আপনাতে আপনি উপশমিত হইয়া থাকাই চিত্তের সমাধি। ব্যুত্থান বা ভোগদশা, সমাধি প্রারম্ভ, একাগ্র এবং নিরুদ্ধ এই চারিটী চিত্তের অবস্থা, যাহা পরে বর্ণিত হইবে। তন্মধ্যে ভোগের পর বিষয়ে বৈরাগ্যের আরম্ভ হইলেই, যখন চিত্তের কর্ম্মাভিমুখে বা ভোগাভিমুখে গতি শিথিল হইয়া পড়ে, তখনই যোগে আরোহণের উপযুক্ত অবস্থা। তৎপরে ক্রমশঃ একাগ্রতা এবং নিরোধ সমাধির কথা পরে বর্ণিত হইবে ॥৩-৪॥

উদ্ধরেদাত্মনাত্মানং নাত্মানমবসাদয়েৎ।
আত্মৈব হ্যাত্মনো বন্ধুরাত্মৈব রিপুরাত্মনঃ॥ ৫॥

অন্বয়ঃ।

(অতঃ) আত্মনা বিবেকবুদ্ধ্যা আত্মানং (সংসারে নিমগ্নং) উদ্ধরেৎ উৎ ঊর্দ্ধং হরেৎ; আত্মানং ন অবসাদয়েৎ ন অধো নয়েৎ গময়েৎ; যতঃ আত্মা এব হি আত্মনঃ বন্ধুঃ ন অন্যঃ কোঽপি অস্তি তথা আত্মা এব আত্মনঃ রিপুঃ॥ ৫॥

শাঙ্করভাষ্যম্।

যদৈবং যোগারূঢ়স্তদা তেনাত্মা নোদ্ধৃতো ভবতি সংসারাদনর্থব্রাতাদতঃ উদ্ধরে-

আনন্দগিরিকৃতটীকা।

যোগারূঢ়স্য কিং স্যাদিত্যাশঙ্ক্যাহ যদৈবমিতি। যোগারোহস্য দৃষ্টাদৃষ্টোপায়ৈরবশ্যকর্ত্তব্যতায়ৈ মুক্তিহেতুত্বং তদ্বিপর্য্যয়স্যাধঃপতনহেতুত্বঞ্চ দর্শয়তি অত ইতি। অত্র

স্বামিকৃতটীকা।

অতো বিষয়াসক্তিত্যাগে মোক্ষং তদাসক্তৌ চ বন্ধং পর্য্যালোচ্য রাগাদিস্বভাবং ত্যজেদিত্যাহ উদ্ধরেদিতি। আত্মনা বিবেকযুক্তেনাত্মানং সংসারাদুদ্ধরেৎ ন ত্ববসাদয়েদধো নয়েৎ, হি যত আত্মৈব মনঃসঙ্গাদ্ব্যুপরত আত্মনঃ স্বস্য বন্ধুরুপকারকঃ রিপুরপকারকঃ॥ ৫॥

---

দেখ! সংসারে কেহই কাহারও বন্ধু নহে এবং কেহই কাহারও শত্রু নহে! নিজেই নিজের শত্রু এবং নিজেই নিজের বন্ধু। এই সংসারে নিজের উদ্ধার নিজেকেই করিতে হইবে! অতএব নিজের পতনকে নিজে আহ্বান করা কোন মতে কর্ত্তব্য নহে॥ ৫॥

আভাষ।

এই শোকতাপ জরাব্যাধি দুঃখভয় ও পরিত্রাপ পূর্ণ দুস্তার সংসার পারাবার হইতে উত্তীর্ণ হইতে হইলে, আপন বিবেকের উপর নির্ভর দিতে হয়! পরের মুখাপেক্ষী হইলে, কোনমতে চলিবে না। সকলেই নিজ কর্ম্ম সাধনের জন্য জন্ম গ্রহণ করিয়াছে; অপরের প্রতীক্ষায় অপেক্ষা করা সম্পূর্ণ ভ্রম! স্নেহ বা মমতার অনুরোধে জীবনের যতটুকু অংশ তাহাদের জন্য ব্যয়িত হয়, সেই

## শাঙ্করভাষ্যম্।

দিতি। উদ্ধরেৎ সংসারসাগরে নিমগ্নমাত্মনাত্মানং ততঃ উৎ ঊর্দ্ধং হরেৎ উদ্ধরেৎ যোগারূঢ়তামাপাদয়েদিত্যর্থঃ, নাত্মানমবসাদয়েন্নাধো নয়েৎ আত্মৈব হি যস্মাদাত্মনো বন্ধুর্ন হ্যন্যঃ কশ্চিদ্বন্ধুর্যঃ সংসারমুক্তয়ে ভবতি, বন্ধুরপি তাবন্মোক্ষং প্রতি প্রতিকূল এব স্নেহাদিবন্ধনায়তনত্বাত্তস্মাদ্যুক্তমবধারণমাত্মৈব হ্যাত্মনো বন্ধুরিতি আত্মৈব রিপুঃ শত্রুর্যোঽন্যোঽপকারী বাহ্যঃ শত্রুঃ সোঽপ্যাত্মপ্রযুক্ত এবেতি যুক্তমেবাবধারণমাত্মৈব রিপুরাত্মন ইতি ॥ ৫ ॥

## আনন্দগিরিকৃতটীকা।

হেতুমাহ আত্মৈব হীতি। উদ্ধরণাপেক্ষামাত্মনঃ সূচয়তি সংসারেতি। সংসারাদূর্দ্ধং হরণং কীদৃগিত্যাশঙ্ক্যাহ যোগারূঢ়তামিতি। যোগপ্রাপ্তাবনাস্থা তু ন কর্তব্যেত্যাহ নাত্মানমিতি। যোগপ্রাপ্ত্যুপায়শ্চেন্নানুষ্ঠীয়তে তদা যোগাভাবে সংসারপরিহারাসম্ভবাদাত্মাধো নীতঃ স্যাদিত্যর্থঃ। নন্বাত্মানং সংসারে নিমগ্নং তদা যো বন্ধুস্তস্মাদুদ্ধরিষ্যতি নেত্যাহ আত্মৈব হীতি, কুতোঽবধারণমন্যস্যাপি প্রসিদ্ধস্য বন্ধোঃ সত্ত্বাত্তত্রাহ ন হীতি। অন্যো বন্ধুঃ সন্নপি সংসার-মুক্তয়ে ন ভবতীত্যেতদুপপাদয়তি বন্ধুরপীতি। স্নেহাদীত্যাদিশব্দাত্তদনুগুণপ্রবৃত্তিবিষয়ত্বং গৃহ্যতে। আত্মাতিরিক্তস্যাপি শত্রোরপকারিণঃ সুপ্রসিদ্ধত্বাদবধারণমনুচিতমিত্যাশঙ্ক্যাহ যোঽন্য ইতি ॥ ৫ ॥

## আভাস।

কালই নিষ্ফলে অতীত হয়। দারা পুত্র স্বজন ও বন্ধু-বর্গের অনুরোধে সময় অতিবাহিত করিয়াছি বলিয়া, সৃষ্টিকর্ত্তার সমীপে অব্যাহতি পাওয়া সম্ভব নহে। এই লব্ধ জীবন-কালের মধ্যে আপনাকে এই সংসার-জলধি হইতে উত্তোলন করিতে হইবে, এইরূপ জ্ঞানে আপন বিবেক বুদ্ধির উদ্দীপন করা প্রয়োজন। অজ্ঞানে অন্ধপ্রায় হইয়া এত অধোভাগে মানব নিপতিত হইয়াছেন যে, এক্ষণে উঠিতে হইলে বহুকাল আপনাকেই তজ্জন্য চেষ্টা করিতে হইবে। এ সংসারে নিজেই নিজের বন্ধু, নিজেই নিজের শত্রু। অধিক কি! জগতে আমি যে অন্যকে আমার শত্রু বা মিত্র জ্ঞানে ধারণা করি, সেও আমাদের নিজ চরিত্র বা ব্যবহারের উপর নির্ভর করে ॥ ৫ ॥

যে ব্যক্তি স্বকীয় ইন্দ্রিয় ও অন্তঃকরণকে বশীভূত করিতে সক্ষম হইয়াছেন, তিনি সমগ্র জগৎকে পরাজয়ের অধিকারী হইয়াছেন। যিনি স্বীয় দেহাদি

বন্ধুরাত্মাত্মনস্তস্য যেনাত্মৈবাত্মনা জিতঃ।
অনাত্মনস্তু শত্রুত্বে বর্ত্তেতাত্মৈব শত্রুবৎ ॥ ৬॥

অন্বয়ঃ।

আত্মা বিবেকবুদ্ধিঃ এব তস্য পুরুষস্য বন্ধুঃ যেন আত্মনা বিবেকবুদ্ধ্যা আত্মা কার্য্যকরণসংঘাতঃ দেহেন্দ্রিয়াদি জিতঃ বশীকৃতঃ; যতঃ অনাত্মনঃ অজিতেন্দ্রিয়স্য জনস্য আত্মা অন্তঃকরণং এব শত্রুত্বে শত্রুবৎ অপকারে বর্ত্তেত ॥ ৬॥

শাঙ্করভাষ্যম্।

আত্মৈব আত্মনো বন্ধুরাত্মৈব রিপুরাত্মন ইত্যুক্তং তত্র কিংলক্ষণ আত্মাঃ আত্মনো বন্ধুঃ কিংলক্ষণো বা আত্মাত্মনো রিপুরিত্যুচ্যতে বন্ধুরিতি। বন্ধুরাত্মা-

আনন্দগিরিকৃত-টীকা।

উক্তমনূদ্য প্রশ্নপূর্ব্বকং শ্লোকান্তরমবতারয়তি আত্মৈবেত্যাদিনা। একস্যৈবাত্মনো মিথো বিরুদ্ধং বন্ধুত্বং রিপুত্বঞ্চ লক্ষণভেদমন্তরেণাযুক্তমিতি চোদিতে বশীকৃতসংঘাতস্যাত্মানং প্রতিবন্ধুত্বমিতরস্য শত্রুত্বমিত্যবিরোধং দর্শয়তি বন্ধুরিত্যাদিনা।

স্বামিকৃতটীকা।

কথম্ভূতস্যাত্মৈব বন্ধুঃ কথংভূতস্য চাত্মৈবরিপুরিত্যপেক্ষায়ামাহ বন্ধুরিতি। যেনাত্মনৈবাত্মা কার্য্যকরণসংঘাতরূপো জিতো বশীকৃত স্তস্য তথাভূতস্যাত্মন আত্মৈব বন্ধুঃ, অনাত্মনোঽজিতাত্মনস্তু আত্মৈবাত্মনঃ শত্রুত্বে শত্রুবদপকারিত্বে বর্ত্তেত ॥ ৬॥

---

যে ব্যক্তি স্বীয় হিতাহিত বিচার-বলে দারুণ দুঃখপ্রদ ভোগ-পন্থা হইতে আপনাকে প্রতিনিবৃত্ত রাখিতে পারেন, তিনিই আপনার বন্ধু! কারণ অবিবেচনা পূর্ব্বক হটকারিতার সহিত যথেচ্ছ ভোগাভিমুখে যে ব্যক্তি অগ্রসর হন, তিনি আপনার বিপদ আপনিই আহ্বান করেন এবং নিজেই নিজের শত্রুতার পরিচয় দিয়া থাকেন ॥ ৬॥

আভাস।

ইন্দ্রিয়বর্গের অধীন, তিনি সকলের অধীন। কারণ অবশীভূত মন ও ইন্দ্রিয়বর্গ শত্রু-মূর্ত্তিতে তাঁহার অন্তরেই নিরন্তর বাস করিতেছে। তাহারা সকলে অন্তরঙ্গ। অন্তরঙ্গের সহিত অতি সাবধানে ব্যবহার করিতে হয়। ব্যবহারিক জীবনে আমরা পত্নী পুত্র এবং স্বজন বন্ধু বান্ধবকে সর্ব্বপ্রযত্নে প্রতিপালন

শাঙ্করভাষ্যম্ ।

অনত্মনস্তু তস্যাত্মনঃ স আত্মা বন্ধু র্যেনাত্মনাত্মৈব জিতঃ আত্মা কার্য্যকরণসংঘাতো যেন জিতো বশীকৃতো জিতেন্দ্রিয় ইত্যর্থঃ, অনাত্মনস্তু অজিতাত্মনস্তু শত্রুত্বে শত্রুভাবে বর্ত্তেত আত্মৈব শত্রুবদ্ যথানাত্মা শত্রুরাত্মনোঽপকারী তথাত্মাত্মনোঽপকারে বর্ত্তেত ইত্যর্থঃ ॥ ৬ ॥

আনন্দগিরিকৃতটীকা ।

বশীকৃতসংঘাতস্য বিক্ষেপাভাবাদাত্মনি সমাধান-সম্ভবাদুপপন্নমাত্মানং প্রতি বন্ধুত্বমিতি সাধয়তি তস্যেতি । অবশীকৃত-সংঘাতস্য পুনর্বিক্ষেপোপপত্তেরাত্মনি সমাধানাযোগাদাত্মানং প্রতি শত্রুভাবে প্রসিদ্ধশত্রুবৎ আত্মৈব শত্রুত্বেন বর্ত্তেতেত্যুত্তরার্দ্ধং ব্যাকরোতি অনাত্মন ইতি । দৃষ্টান্তং ব্যাচষ্টে যথেতি । উক্তদৃষ্টান্তবশাদবশীকৃতসংঘাতঃ স্বস্য হিতানাচরণাদাত্মানং প্রতি শত্রুরেবেতি দার্ষ্টান্তিকমাহ তথেতি ॥ ৬ ॥

আভাস ।

করিয়া থাকি ; কারণ তাহাদের দ্বারা জীবনে যেমন মহান্ উপকার সাধিত হইয়া থাকে, রুষ্ট হইলে তাহাদের দ্বারাই পরম অপকার ঘটিয়া থাকে। সপ্তশতী চণ্ডীর প্রারম্ভে সুরথ নামে প্রবল-বিক্রম রাজা সমগ্র ধরণীর আধিপত্য লাভ করিয়াও কেবল অন্তরঙ্গ অমাত্য স্বজন-বর্গকে বশীভূত রাখিতে না পারায়, রাজ্যচ্যুত হইয়া বনে গমন করিয়াছিলেন ; বর্ণিত আছে। তৎপরে সমাধি নামে অতুল ঐশ্বর্য্য-সম্পন্ন ধনমদে অভিভূত-চিত্ত বৈশ্যও স্ত্রীপুত্রাদিকে বশীভূত রাখিতে না পারায়, উক্ত রাজার ন্যায়, গৃহ হইতে বিতাড়িত হইয়া বনে গমন করিয়াছিলেন। ইহাতে সুস্পষ্ট বুঝা যায় যে, বহিরঙ্গ বহুবিধ ভোগের উপায় বিদ্যমান থাকিলেও, অন্তরঙ্গের দোষে বিবিধ দুঃখ মানবকে পাইতে হয়। পরে তাঁহারা উভয়ে বনমধ্যে মেধস্ মুনির আশ্রমে গমন পূর্ব্বক যখন তাঁহার শরণাগত হইলেন, তখনই সুখ এবং শান্তির পরাকাষ্ঠা লাভে চিরসুখী হন। শাস্ত্রপাঠ করিয়া পরের অবস্থা শ্রবণ করিলেই চরিতার্থ হওয়া যায় না ; অন্তরের সহিত সে ভাবটীকে মিলাইয়া লইতে হইবে। মেধস্শব্দে বুদ্ধিকেই লক্ষ্য করিতে হয়। বহিরঙ্গ স্বজন বর্গের প্রতি বা ধন মান এবং বল বিক্রমের প্রতি লক্ষ্য না করিয়া, যে ব্যক্তি প্রধান অন্তরঙ্গ স্বীয় বিবেকপূর্ণ বিজ্ঞানকে দেহরথে সারথিপদে নিযুক্ত রাখিতে পারেন, তিনিই পরম সুখে এই দুঃখপূর্ণ মহার্ণব সদৃশ সংসার-সাগরকে অবলীলাক্রমে অতিক্রম করিতে পারেন। কঠোপনিষদে বর্ণিত আছে ; বিজ্ঞানসারথি-র্যস্তু মনঃপ্রগ্রহবান্ নরঃ। সোঽ-

জিতাত্মনঃ প্রশান্তস্য পরমাত্মা সমাহিতঃ।

অন্বয়ঃ।

জিতাত্মনঃ (জিতঃ বশীকৃতঃ আত্মা কার্য্যকরণাদিসংঘাতঃ যেন তস্য)

শাঙ্করভাষ্যম্।

জিতাত্মন ইতি। জিতাত্মনঃ কার্য্যকরণাদিরূপসঙ্ঘাত আত্মা জিতো যেন

আনন্দগিরিকৃতটীকা।

কথং সংযতকার্য্যকরণস্য বন্ধুরাত্মেতি তত্রাহ জিতাত্মন ইতি। জিতকার্য্যকরণ-সংঘাতস্য প্রকর্ষেণোপরতবাহ্যাভ্যন্তরকরণস্য পরমাত্মা বিক্ষেপেণ পুনঃ পুনরনভি-

---

বিষয়-বাসনা হইতে বিবেক-বলে চিত্তকে নিশ্চিন্ত করিতে পারিলে, সুখ দুঃখ, রাগ দ্বেষ বা মানাপমানে চিত্ত আর দোলায়মান হয় না; সুতরাং চিত্তস্থ চিদানন্দ আমি-ভাব আত্মার নিরুদ্বিগ্ন স্থির-ভাব লাভ হয়। যে ব্যক্তি অন্তঃকরণাদি ইন্দ্রিয়বর্গকে বশীভূত

আভাস।

ধ্বনঃ পারমাপ্নোতি তদ্বিষ্ণোঃ পরমং পদং॥ যে ব্যক্তি বহিরঙ্গ ধন-সম্পদে বা স্বজন-গণের উপর নির্ভর না দিয়া, নিজের অন্তরঙ্গ বিজ্ঞানকে দেহরথের সারথি করিয়া ইন্দ্রিয়রূপ অশ্বগণের লাগাম-স্বরূপ মনকে উক্ত সারথির হস্তে সমর্পিত রাখিতে পারেন, তিনিই সেই পরম মঙ্গলময় বিষ্ণুর পরম পদে স্থান প্রাপ্ত হন, সন্দেহ নাই। যে ব্যক্তি আপন নিকট অন্তরঙ্গ অন্তঃকরণাদি ইন্দ্রিয়বর্গকে স্বীয় অধীনে রাখিতে না পারেন, তিনি তাহা-দিগকে শত্রুত্বে পরিণত করিয়া, পূর্ব্বোক্ত রাজা সুরথ এবং মহাধনী সমাধি নামক বৈশ্যের ন্যায় নিগৃহীত হইবেন, তাহাতে আর সন্দেহ কি! ॥ ৬ ॥

এই শ্লোকে যোগারম্ভের উপযুক্ত অবস্থা বর্ণিত হইয়াছে। প্রথম "জিতাত্মনঃ" জিতঃ পরাজিতঃ বশীভূত করা হইয়াছে আত্মা ও অন্তঃকরণাদি দেহবর্গ যাঁহার দ্বারা, তাঁহারই চিত্ত সর্ব্বদাই প্রশান্ত। এতদ্বারা প্রকাশ করা হইয়াছে যে, জপ তপস্যাদি ধর্ম্মানুষ্ঠানে অগ্রসর হইবার প্রথম সোপানই অন্তঃকরণাদি ইন্দ্রিয়বর্গ এবং দেহকে যথেচ্ছ ব্যবহার হইতে প্রতি নিবৃত্ত করা। তাহার ফলে চিত্ত আপনা হইতে প্রশান্ত মূর্ত্তি ধারণ করে। যাহার চিত্ত বিষয়-চিন্তায় সর্ব্বদাই উৎকণ্ঠিত, তাহার দ্বারা পারমার্থিকের কথা

শীতোষ্ণসুখদুঃখেষু তথা মানাপমানয়োঃ ॥ ৭ ॥

অন্বয়।

প্রশান্তস্য (প্রকর্ষেণ শান্তস্য উপরত-বাহ্যাভ্যন্তর-করণস্য জনস্য) শীতোষ্ণ-সুখ-দুঃখেষু তথা মানাবমানয়োঃ মানে পূজায়াং অবমানে পরিভবে চ পরমাত্মা ( অত্র শরীরে প্রত্যগাত্মা জীবঃ ) সমাহিতঃ স্বরূপে অবস্থিতঃ এব নতু চঞ্চলঃ ইতি ॥ ৭ ॥

শাঙ্করভাষ্যম্।

স জিতাত্মা তস্য জিতাত্মনঃ প্রশান্তস্য পরমাত্মা সমাহিতঃ সাক্ষাদাত্মভাবেন বর্ত্তত ইত্যর্থঃ, কিঞ্চ শীতোষ্ণসুখদুঃখেষু তথা মানেঽবমানে চ মানাবমানয়োঃ পূজা-পরিভবয়োঃ সমঃ স্যাৎ ইত্যধ্যাহারঃ ॥ ৭ ॥

আনন্দগিরিকৃতটীকা।

ভূয়মানো নিরন্তরং চিত্তে প্রথত ইত্যর্থঃ। জিতাত্মানং সংন্যস্ত-সমস্ত-কর্ম্মাণমধিকারিণং প্রদর্শ্য যোগাঙ্গানি দর্শয়তি শীতেতি। সমঃ স্যাদিত্যধ্যাহারঃ। পূর্ব্বার্দ্ধং ব্যাচষ্টে জিতেত্যাদিনা। ন কেবলং তস্য পরমাত্মা সাক্ষাদাত্মভাবেন বর্ত্ততে কিন্তু শীতোষ্ণাদিভিরপি নাসৌ চাল্যতে তত্ত্বজ্ঞানাদিত্যুত্তরার্দ্ধং বিভজতে কিঞ্চেতি। তেষু সমঃ স্যাদিতি সম্বন্ধঃ ॥ ৭ ॥

স্বামিকৃতটীকা।

জিতাত্মনঃ স্বস্মিন্ বন্ধুত্বং স্পষ্টয়তি জিতাত্মন ইতি। জিত আত্মা যেন তস্য প্রশান্তস্য রাগাদিরহিতস্যৈব পরঃ কেবলমাত্মা শীতোষ্ণাদিষু সৎস্বপি সমাহিত আত্মনিষ্ঠো ভবতি নান্যস্য, যদ্বা তস্য হৃদি পরমাত্মা সমাহিতঃ স্থিতো ভবতি ॥ ৭ ॥

---

করিতে সক্ষম হইয়াছেন ; অনন্ত প্রকারের সুখ দুঃখ, রাগ দ্বেষ এবং মান অপমানের কারণ উপস্থিত হইলেও, যিনি আর তাহাতে উদ্বিগ্ন হন না ; সুতরাং নিশ্চল ও সমাহিত চিত্তের অনুরোধে তাঁহার আত্মভাব জীব-স্বরূপেরও আর কোন উদ্বেগ থাকে না, তখনই তিনি প্রকৃত যোগস্থ বলিয়া স্বীকার করিতে হইবে ॥ ৭ ॥

আভাস

দূরে থাকুক্! সাংসারিক উন্নতি হওয়াও দুঃসাধ্য। চঞ্চল চিত্তে যিনি যে কোন কর্ম্ম করিতে চেষ্টা করিবেন, তাহাতেই তিনি ব্যর্থ-মনোরথ হইয়া বিপদ্ এবং দুঃখকেই আহ্বান করিবেন, সন্দেহ নাই। চিত্ত স্থির করিয়া যে কার্য্যেই অগ্রসর হওয়া যায়, তাহাতেই প্রায় কৃতকার্য্য হওয়া যায় ; অতএব

জ্ঞানবিজ্ঞান-তৃপ্তাত্মা কূটস্থো বিজিতেন্দ্রিয়ঃ।

অন্বয়ঃ।

জ্ঞান-বিজ্ঞান-তৃপ্তাত্মা ( জ্ঞানং শ্রৌতং, বিজ্ঞানং অনুভব-জন্যং তাভ্যাং তৃপ্তঃ

শাঙ্করভাষ্যম্।

জ্ঞানেতি। জ্ঞান-বিজ্ঞান-তৃপ্তাত্মা জ্ঞানং শাস্ত্রোক্তপদার্থানাং পরিজ্ঞানং বিজ্ঞা-

আনন্দগিরিকৃতটীকা।

চিত্তসমাধানমেব বিশিষ্টফলঞ্চেদিষ্টং তর্হি কথম্ভূতঃ সমাহিতো ব্যবহ্রিয়তে তত্রাহ

জ্ঞানেতি। পরোক্ষাপরোক্ষাভ্যাং জ্ঞানবিজ্ঞানাভ্যাং সংজাতোঽলংপ্রত্যয়োঽক্রিয়ো

---

তাদৃশ জীবাত্মা কূটের ন্যায় নিশ্চল ও নির্ব্যাপারী ভাবে অবস্থান করায়, ইন্দ্রিয়গণকে বিষয়-সম্পর্কে ব্যাকুল হইবার প্রয়োজন ঘটে না। তখন চিত্তস্থ চিদানন্দ জীবাত্মার আর কোন বিষয় অবধারণেরও বাকি থাকে না; এবং কোন বিষয়ে প্রবেশের বা অবধারণের যোগ্যতারও

আভাস।

বিপদকে আহ্বান করা হয় না। জিতেন্দ্রিয় পুরুষের হৃদয় সর্ব্বক্ষণই প্রশান্ত থাকে; এবং আপনার অবস্থা অর্থাৎ স্বীয় স্বরূপকে অবধারণ করিতে সক্ষম হন। সুতরাং অনুকূল বা প্রতিকূল বিষয়ের সমাগমে বা মান বা অবমাননার উপস্থিতিতে সাধারণ মানবের ন্যায়, তিনি কখন ব্যাকুল হন না। কারণ তিনি জানেন যে প্রকৃতির নিয়মানুসারে বায়ুর ন্যায়, সকল ভাবকেই নিরন্তর পরিবর্ত্তিত হইতে হইতেছে! ইহা সর্ব্বনিয়ন্তা জগদীশ্বরের সংসার-চক্রেরই পদ্ধতি! সংসার কাহারও অধীনে নহে! আমার বলিয়া অভিভূত না হইয়া, সর্ব্ব-নিয়ন্তার বশে ভৃত্যবৎ পর্য্যটন করাই বিধেয়। এইরূপ ভাবিয়া, জিতেন্দ্রিয় ব্যক্তিগণ সর্ব্বদাই শান্তচিত্তে নিজের স্বরূপ এবং পরম পুরুষের নিত্য নিরঞ্জন ভাবকে নিজ হৃদয়ে নিরন্তর অনুভব করিয়া থাকেন॥ ৭॥

এই শ্লোকে "জ্ঞান বিজ্ঞান তৃপ্তাত্মা" বলিয়া যোগে আরূঢ় ব্যক্তির শ্রেষ্ঠত্বের পরিচয় দিয়াছেন। শাস্ত্রে উক্ত পদার্থ বা তত্ত্ব সমূহের পরিচয় লাভের নাম জ্ঞান এবং হৃদয়ের অনুভূতির দ্বারা আলোচনা করত সেই বিষয় বা তত্ত্ব গুলিকে হৃদয়ের অনুভবের বিষয় করা, অর্থাৎ স্বীয় অন্তরে একাগ্রতার বলে তন্ময়ভাবে প্রতীতি করাকে বিজ্ঞান নামে অভিহিত করা হয়। এই জ্ঞান এবং বিজ্ঞানে অধিকার

যুক্ত ইত্যুচ্যতে যোগী সমলোষ্টাশ্মকাঞ্চনঃ ॥ ৮ ॥

অন্বয়ঃ।

আত্মা অন্তঃকরণং যস্য সঃ) বিজিতেন্দ্রিয়ঃ অতঃ সমলোষ্টাশ্মকাঞ্চনঃ উপেক্ষকত্বাৎ উত্তমাধম-ভাবেষু তুল্যবুদ্ধিঃ অতঃ কূটস্থঃ কূটবৎ নির্ব্বিকারেণ স্থিতঃ যোগী যুক্তঃ সমাহিতঃ উচ্যতে ॥ ৮ ॥

শাঙ্করভাষ্যম্।

নষ্ট শাস্ত্রতো জ্ঞাতানাং তথৈব স্বানুভবকরণং তাভ্যাং জ্ঞানবিজ্ঞানাভ্যাং তৃপ্তঃ সঞ্জাতালংপ্রত্যয় আত্মান্তঃকরণং যস্য স জ্ঞানবিজ্ঞানতৃপ্তাত্মা কূটস্থোঽপ্রকম্পো ভবতি ইত্যর্থঃ, বিজিতেন্দ্রিয়শ্চ য ঈদৃশো যুক্তঃ সমাহিত ইতি স উচ্যতে কথ্যতে স যোগী সমলোষ্টাশ্মকাঞ্চনঃ লোষ্টাশ্মকাঞ্চনানি সমানি যস্য সঃ সমলোষ্টাশ্মকাঞ্চনঃ ॥ ৮ ॥

আনন্দগিরিকৃতটীকা।

হর্ষবিষাদ-কামক্রোধাদি-রহিতো যোগী যুক্তঃ সমাহিত ইতি ব্যবহার-ভাগী ভবতীতি পাদত্রয়ব্যাখ্যানেন দর্শয়তি জ্ঞানমিত্যাদিনা। স চ যোগী পরমহংস-পরিব্রাজকঃ সর্ব্বত্রোপেক্ষাবুদ্ধিরনতিশয়বৈরাগ্যভাগীতি কথয়তি স যোগীতি ॥ ৮ ॥

স্বামিকৃতটীকা।

যোগারূঢ়স্য লক্ষণং শ্রৈষ্ঠ্যং চোক্তমুপসংহরতি জ্ঞানেতি। জ্ঞানমৌপদেশিকং বিজ্ঞানমপরোক্ষানুভব স্তাভ্যাং তৃপ্তো নিরাকাঙ্ক্ষ আত্মা চিত্তং যস্য, অতঃ কূটস্থো নির্ব্বিকারঃ, অতএব বিজিতানীন্দ্রিয়াণি যেন, অতএব সমানি লোষ্টাদীনি যস্য মৃৎখণ্ড-পাষাণ-সুবর্ণেষু হেয়োপাদেয়-বুদ্ধিশূন্যঃ স যুক্তো যোগারূঢ় ইত্যুচ্যতে ॥ ৮ ॥

---

অভাব হয় না। নিকৃষ্ট মৃৎপিণ্ড, পাষাণখণ্ড বা উৎকৃষ্ট সুবর্ণ প্রভৃতি পার্থিব পদার্থের প্রতি অনুরাগ বা বিদ্বেষ ভাবের অভাবে স্থির-প্রকৃতিতে যখন জীবাত্মার অবস্থান হয়, তখনই তিনি সমাহিত-চেতা যোগীনামে অভিহিত হন। ৮ ॥

আভাস।

জন্মিলে, আত্ম-দর্শনে সাধক যেমন পারদর্শিতা লাভে নিশ্চিন্ত হন, আবার জগন্নিয়ামক পরম-জ্যোতি সর্ব্বাধারের চিন্তায় পরমানন্দ ভোগে পরম নির্বৃত হন। সুতরাং চঞ্চল সংসারে অচল কূটের ন্যায়, সমাহিত থাকেন। ইন্দ্রিয়গণও সুপ্রতিষ্ঠিত ভাবে উর্দ্ধগতি বা অধোগতির পন্থা হইতে প্রতিনিবৃত্ত হইয়া চিত্তের

সুহৃন্মিত্রার্য্যুদাসীনমধ্যস্থ-দ্বেষ্য-বন্ধুষু।

অম্বয়ঃ।

সুহৃন্মিত্রার্য্যুদাসীন-মধ্যস্থ-দ্বেষ্য-বন্ধুষু (সুহৃৎ নিরপেক্ষ-হিতকারী, মিত্রঃ স্নেহেন উপকারকঃ, অরিঃ শত্রুঃ, উদাসীনঃ উপেক্ষকঃ, মধ্যস্থঃ মীমাংসকঃ, দ্বেষ্যঃ

শাঙ্করভাষ্যম্।

কিঞ্চ সুহৃদিতি। সুহৃদিত্যাদিশ্লোকার্দ্ধমেকপদং, সুহৃদিতি প্রত্যুপকারমন-

আনন্দগিরিকৃতটীকা।

যোগারূঢ়স্য প্রশস্তত্বমভ্যুপেত্য যোগস্যাঙ্গান্তরং দর্শয়তি কিঞ্চেতি। পদচ্ছেদঃ

---

শান্তপ্রকৃতি ও সমাহিত যোগীর সমীপে সুহৃৎ, মিত্র, উদাসীন মধ্যস্থ বিদ্বেষী বা বন্ধু জ্ঞানে এবং এমন কি! সাধু বা পাপী

আভাস।

অনুকরণে চিদানন্দে আত্মসমর্পণ করিয়া থাকে। এই অবস্থাটীকে প্রকৃত যোগাবস্থা বলা যায় এবং এই অবস্থায় যোগীর সমীপে বাহ্য বস্তুতে ভাল মন্দের কোন চিন্তা উদয় না; সুবর্ণই হউক্ বা লোষ্ট্র পষাণই হউক! সর্ব্বত্র সম দৃষ্টিতে যোগী অবস্থান করেন।

পূর্ব্ব শ্লোকে ইন্দ্রিয়গণকে জয় করিলে, চিত্তজয় করা যায়, বলা হইয়াছিল; এই শ্লোকে চিত্ত জয় করিলে, ইন্দ্রিয়াদি দেহবর্গেরও জয় করা হয়, বলা হইতেছে। অর্থাৎ ঘড়ির পেণ্ডুলেন বন্ধ করিলে যেমন সময় নির্ণায়ক কাঁটা বন্ধ হয়, সেইরূপ কাঁটার গতি রুদ্ধ করিলে, পেণ্ডুলেনেরও দোলন বন্ধ হয় ॥ ৮ ॥

এই শ্লোকের মন্তব্য ভাবটী কেবল যোগী কেন! উন্নতিকামী ভদ্রমহোদয় ব্যক্তি-মাত্রেরই অবশ্য অনুষ্ঠেয়! কারণ ইহাতে সকলকেই স্বার্থ-ত্যাগের পরামর্শ প্রদত্ত হইয়াছে। স্বার্থের চিন্তা হৃদয়ে যদবধি উদিত থাকে, তদবধি চিত্ত কখন আত্মোন্নতির পথে অগ্রসর হইতে পারে না। স্বার্থে মানব অন্ধ হইয়া পড়ে; স্বার্থকে হৃদয় হইতে অপসারিত করিতে না পারিলে, আত্মোন্নতির প্রকৃত পন্থা কিছুতেই দৃষ্টিগোচর হয় না। মহর্ষি পতঞ্জলি তাঁহার যোগ-দর্শনে এই শ্লোকের অনুরূপে একটী সূত্র করিয়াছেন যথা; "মৈত্রি-করুণা-মুদিতো-পেক্ষাণাং! সুখ-দুঃখ-পুণ্যাপুণ্যবিষয়াণাং ভাবনাত শ্চিত্ত-প্রদাদনম্"। স্বার্থের প্রতি দৃষ্টি না থাকিলে, অপরের চরিত্রের উপর কটাক্ষ করিবার অবসর ঘটে। এইটী একটী উৎকৃষ্ট উদার নীতি; ইহাকে রাজযোগ নামে শাস্ত্র কীর্ত্তন

সাধুষ্বপি চ পাপেষু সমবুদ্ধি র্বিশিষ্যতে ॥ ৯ ॥

অন্বয়ঃ।

বিরুদ্ধ-ভাবাপন্নঃ, বন্ধুঃ সম্বন্ধী আত্মীয়ঃ চ তেষু ) তথা সাধুষু চরিত্রবৎষু, পাপেষু দুরাচারেষু, চ সমবুদ্ধিঃ ঈশ্বর-প্রেরিত-জ্ঞানেন তুল্যবুদ্ধিঃ জনঃ বিশিষ্যতে সর্ব্বত্র প্রশংস্যতে ॥ ৯ ॥

শাঙ্করভাষ্যম্।

পেক্ষ্যোপকর্ত্তা, মিত্রং স্নেহবান্, অরিঃ শত্রুঃ, উদাসীনো ন কস্যচিৎ পক্ষং ভজতে, মধ্যস্থো যো বিরুদ্ধয়োরুভয়ো র্হিতৈষী, দ্বেষ্যঃ আত্মনোঽপ্রিয়ো, বন্ধুঃ সম্বন্ধীত্যে

আনন্দগিরিকৃতটীকা।

পদার্থোক্তিরিতি ব্যাখ্যানাঙ্গং সম্পাদয়তি সুহৃদিতীতি, অরির্নাম পরোক্ষমপকারকঃ, প্রত্যক্ষমপ্রিয়ো দ্বেষ্য ইতি বিভাগঃ। সমবুদ্ধিরিতি ব্যাচষ্টে কঃ কিমিতি।

স্বামিকৃতটীকা।

সুহৃন্মিত্রাদিষু সমবুদ্ধিযুক্তস্তু ততোঽপি শ্রেষ্ঠ ইত্যাহ সুহৃদিতি। সুহৃৎ স্বভাবেনৈব হিতাশংসী, মিত্রং স্নেহবশেনোপকারকঃ, অরির্ঘাতুকঃ, উদাসীনো বিবদমানয়োরুভয়োরপ্যুপেক্ষকঃ, মধ্যস্থো বিবদমানয়োরুভয়োরপি হিতাশংসী, দ্বেষ্যো দ্বেষবিষয়ঃ, বন্ধুঃ সম্বন্ধী, সাধবঃ সদাচারাঃ, পাপা দুরাচারাঃ, এতেষু সমা রাগদ্বেষশূন্যা বুদ্ধির্যস্য স তু বিশিষ্টঃ ॥ ৯ ॥

---

বলিয়াও কোন ব্যক্তির প্রতি ভেদ-ভাবের উদয় না হয়, সেই ব্যক্তিই প্রকৃত সমবুদ্ধি ও নিজেই নিজের উদ্ধার-কর্ত্তা ॥ ৯ ॥

আভাস।

করিয়াছেন। অর্থাৎ চরিত্র গঠনের শ্রেষ্ঠ যোগ। কেবল স্বার্থকে উপেক্ষা করিলে মানব অজ্ঞাতসারে আপনা হইতে আপনি বড় হয়। ইহার পদ্ধতি যোগসূত্র বলিয়াছেন যে, সুখী ব্যক্তিকে মনে মনে প্রশংসা করিবে। তাঁহাকে ঈর্ষা বা হিংসা করিবে না। দুঃখীকে করুণার দৃষ্টিতে অবলোকন করিবে। পুণ্যবানকে দর্শন করিয়া, সুখ্যাতি এবং আনন্দ প্রকাশ করা বিধেয়; এবং অপুণ্যবান্ ব্যক্তির সংসর্গ ঘটিলে কোনরূপ কটাক্ষ না করিয়া, উপেক্ষা করিবে। এই যোগবিধির অনুরূপ উপদেশ ভগবান শ্রীকৃষ্ণ বলিয়াছেন যে, সুহৃৎ ও মিত্রাদির প্রতি সমদৃষ্টিতে ব্যবহার করা যোগীর চরিত্রে প্রথম অনুষ্ঠেয়।

প্রত্যুপকারের প্রত্যাশা না করিয়া, যিনি উপকার করেন; তিনিই সুহৃৎ;

যোগী যুঞ্জীত সততমাত্মানং রহসি স্থিতঃ।

অন্বয়ঃ।

নিরাশীঃ কামনাবর্জ্জিতঃ অতঃ অপরিগ্রহঃ ভোগপ্রবৃত্তি-রহিতঃ অতঃ যত-চিত্তাত্মা (যতঃ সংযতঃ চিত্তং আত্মা দেহাদিকং চ যেন) তাদৃশঃ যোগী যোগং

শাঙ্করভাষ্যম্।

তেষু সাধুষু শাস্ত্রানুবর্ত্তিষপি চ পাপেষু প্রতিষিদ্ধকারিষু সর্ব্বেষেতেষু সমবুদ্ধিঃ কঃ কিং কর্ম্মেত্যব্যাপৃত-বুদ্ধিরিত্যর্থঃ বিশিষ্যতে, বিমুচ্যত ইতি বা পাঠান্তরং, যোগারূঢ়ানাং সর্ব্বেষাময়মুত্তম ইত্যর্থঃ ॥ ৯ ॥

অতএব উত্তম-ফল-প্রাপ্তয়ে যোগীতি। যোগী ধ্যায়ী যুঞ্জীত সমাদধ্যাৎ সততং

আনন্দগিরিকৃতটীকা।

প্রথমো হি প্রশ্নো জাতিগোত্রাদিবিষয়ঃ দ্বিতীয়ো ব্যাপার-বিষয়ঃ। উক্তপ্রকারেণাব্যা-পৃত-বুদ্ধিত্বে সর্ব্বোৎকর্ষো বা সর্ব্বোপায়বিমোক্ষো বা সিধ্যতীত্যাহ বিশিষ্যত ইতি। পাঠদ্বয়েঽপি সিদ্ধমর্থং সংগৃহ্য কথয়তি যোগারূঢ়ানামিতি ॥ ৯ ॥

যথোক্তবিশেষণবতো যোগারূঢ়েষূত্তমত্বে যোগানুষ্ঠানে প্রযতিতব্যমিত্যাহাভিধা-

---

কিন্তু এই জাতীয় ভাবটীকে আনয়ন করিতে হইলে, কর্ম্মানু-ষ্ঠানের বিশেষ প্রয়োজন! এই ভাবটীতে প্রতিষ্ঠিত হইতে হইলে,

আভাষ।

স্নেহবান্ ব্যক্তিই মিত্র। অরিশব্দে শত্রুকে বুঝায়; বিবাদী উভয় পক্ষের কোন পক্ষকে যিনি অবলম্বন না করেন, তিনিই উদাসীন নামে অভিহিত হন; এবং যে ব্যক্তি বিরুদ্ধ উভয় পক্ষেরই হিতকামনা করেন, তিনিই মধ্যস্থ; যিনি স্বভাবত সর্ব্বদা অপ্রিয়াচরণ করেন, তিনি দ্বেষ্য; জ্ঞাতিত্বাদি নিবন্ধন স্বজন ব্যক্তিই বন্ধুনামে পরিগৃহীত। চরিত্রবান্ ব্যক্তিই সাধু এবং চরিত্রহীন ব্যক্তিই পাপিষ্ঠ। এই পূর্ব্বোক্ত ব্যক্তিগণের প্রতি তুল্য দৃষ্টিতে অর্থাৎ স্বার্থের মর্য্যাদা না করিয়া, সমভাবে যিনি অবলোকন করেন, তিনিই জগতে পূজনীয় হন। এইরূপ স্বার্থশূন্য সমভাবাপন্ন হৃদয়ই যোগ-কল্পতরু রোপণের উপযুক্ত ক্ষেত্র ॥ ৯ ॥

চিত্তকে উপযুক্ত ক্ষেত্র প্রস্তুত করিয়া, সংসারে কেবল নিরীহ ভদ্রলোক সাজিয়া থাকিলেও চলিবে না; কারণ সাধারণ লোক সুখ্যাতি করিলেও, নিজের

একাকী যতচিত্তাত্মা নিরাশীরপরিগ্রহঃ ॥ ১০ ॥

অন্বয়ঃ।

আরুরুক্ষুঃ সাধকঃ, একাকী অন্য-সঙ্গবিবর্জ্জিতঃ রহসি একান্তে স্থিতঃ এব সততং আত্মানং যুঞ্জীত স্ব-স্বরূপানুসন্ধানং কুর্ব্বীত ॥ ১০ ॥

শাঙ্করভাষ্যম্।

সর্ব্বদাত্মানমন্তঃকরণং রহস্যেকান্তে যোগী গিরিগুহাদৌ স্থিতঃ সন্নেকাকী অসহায়ো রহসি স্থিত একাকী চেতি বিশেষণাৎ সংন্যাসং কৃত্বেত্যর্থঃ, যতচিত্তাত্মা

আনন্দগিরিকৃতটীকা।

নানন্তরং প্রধানমভিদধাতি অতএবমিতি। আদর-নৈরন্তর্য্য-দীর্ঘকালত্বং বিশেষণত্রয়ং যোগস্য সূচয়তি সততমিতি। তস্যৈব পঞ্চাঙ্গান্যুপন্যস্যতি রহসীত্যাদিনা। সর্ব্ব-দেত্যাদরদীর্ঘকালয়োরুপলক্ষণং! প্রত্যগাত্মানং ব্যাবর্ত্তয়তি অন্তঃকরণমিতি। গিরিগুহাদাবিত্যাদিশব্দেন যোগ-প্রতি-বন্ধক-দুর্জ্জনাদি-বিধুরো দেশো গৃহ্যতে।

একাকী একান্তে অবস্থান পূর্ব্বক নিরন্তর আত্মচিন্তা করা প্রয়োজন। সেই আত্মচিন্তার কালে হৃদয়ে অন্য কোন বিষয়ের আকাঙ্ক্ষা করা কর্ত্তব্য নহে এবং কোনরূপ ভোগেও আসক্ত থাকিবার পরিচয় দেওয়া উচিৎ নহে। সর্ব্বদা নিজের দেহ, ইন্দ্রিয় ও অন্তঃকরণাদির গতির প্রতি লক্ষ্য করত সাক্ষীস্বরূপ আত্মাকে নির্দ্ধারণে যত্নশীল হওয়া প্রয়োজন ॥ ১০ ॥

আভাস।

পরলোক-চিন্তা না করিলে, পুনঃ জন্মমরণাদি নরক-স্রোত অনিবার্য্য হইবে। অতএব ভোগাভিসন্ধিতে বিষয়ের অভিমুখ হইতে চিত্ত নিরস্ত হইলেও, উত্ত-রোত্তর স্বকীয় দেহ, ইন্দ্রিয়, মন, অহঙ্কার এবং বুদ্ধির স্বরূপ চিন্তনে চিত্তকে ঊর্দ্ধগতির আশ্রয়ে উন্নত করিবার চেষ্টা করা কর্ত্তব্য। সে চেষ্টাটী সকল সঙ্গ বর্জ্জন করত একাকী একান্তে উপবেশন করত অভ্যাস করিতে হয়। সে অভ্যাস দুই এক দিনেও হয় না। বিরক্ত বা নিরুৎসাহ হইয়া কার্য্য বন্ধ করিলে, হইবে না। মহর্ষি পতঞ্জলি বলিয়াছেন ; স তু দীর্ঘকাল-আদর-নৈরন্তর্য্য-সৎকার-সেবিতাৎ দৃঢ়ভূমিঃ" ॥ বিশেষ যত্ন সহকারে, আদর পূর্ব্বক দীর্ঘকাল যথা নিয়মে চেষ্টা করিলে চিন্তার অভ্যাস দৃঢ় হইয়া আসে। নিরাশী ও অপরিগ্রহ ভাবে কার্য্য করা উচিত। দীক্ষিত হইয়া গুরুর আদেশ অনুসারে

শাঙ্করভাষ্যম্।

চিত্তমন্তঃকরণমাত্মা দেহশ্চ সংযতৌ যস্য স যতচিত্তাত্মা নিরাশীর্বীততৃষ্ণোঽপরিগ্রহশ্চ পরিগ্রহরহিত ইত্যর্থঃ, সংন্যাসিত্বেঽপি সতি ত্যক্তসর্ব্বপরিগ্রহঃ সন্ যুঞ্জীতেত্যর্থঃ ॥ ১০ ॥

আনন্দগিরিকৃতটীকা।

বিশেষণদ্বয়স্য তাৎপর্য্যমাহ রহসীতি। যোগং যুঞ্জানস্য সন্ন্যাসিনো বিশেষণান্তরাণি দর্শয়তি যতেতি। সতি সংন্যাসিত্বে কিমিত্যপরিগ্রহগ্রহণমর্থমপুনরুক্তেরিত্যাশঙ্ক্য কৌপীনাচ্ছাদনাদিষ্বপি শক্তিনিবৃত্ত্যর্থমিত্যাহ সংন্যাসিত্বেঽপীতি ॥ ১০ ॥

স্বামিকৃতটীকা।

এবং যোগারূঢ়স্য লক্ষণমুক্তেদানীং তস্য সাঙ্গং যোগং বিধত্তে যোগীত্যাদিনা; স যোগী পরমো মত ইত্যন্তেন গ্রন্থেন। যোগী যোগারূঢ় আত্মানং মনো যুঞ্জীত সমাহিতং কুর্য্যাৎ, সততং নিরন্তরং রহসি একান্তে স্থিতঃ সন্, একাকী সঙ্গশূন্যঃ যতং সংযতং চিত্তমাত্মা দেহশ্চ যস্য, নিরাশী র্নিরাকাঙ্ক্ষঃ, অপরিগ্রহঃ পরিগ্রহশূন্যশ্চ ॥ ১০ ॥

আভাস।

১০৮ বা ১০০৮ জপ করিয়া কর্ত্তব্যের সমাপ্ত হইল মনে করিয়া, ধ্যানে নিবৃত্ত হওয়া উচিত নহে। কারণ শাস্ত্র বলিয়াছেন, "তজ্জপস্তদর্থভাবনং" যে নাম বা মন্ত্র উচ্চারণপূর্ব্বক জপ করিতে হইবে, তাহা কেবল উচ্চারণ মাত্র করিলেই যে জপ করা হয়, তাহা নহে; প্রত্যেক বার উচ্চারণের সঙ্গে সঙ্গে সেই তত্ত্ব বা অভীষ্ট দেবতার ভাবটীকে হৃদয়ে চিন্তা করা কর্ত্তব্য! সেই চিন্তার ফলে চিত্ত ক্রমশঃ তদ্ভাবাপন্ন হইয়া, উত্তরোত্তর উন্নত হইতে থাকে। চিন্তা মনুষ্য জীবনের অপূর্ব্ব ব্যাপার! অগ্নি যেমন যে জাতীয় কাষ্ঠাদিকে দগ্ধ করিতে থাকে, অগ্নি তদাকারে স্বয়ং আকারিত হইয়া তদ্রূপে পরিণত হয়। সেইরূপ চিত্ত যখন যে বিষয়কে আশ্রয় করত চিন্তা করিতে থাকে, চিন্তনীয় বিষয়ের আকারে নিজেও পরিণত হইয়া আসে। তাহাকে ক্ষুদ্র বিষয়ের চিন্তাতে নিমগ্ন রাখিলে, চিত্ত অতি সঙ্কীর্ণ হয়; এবং প্রশস্ত ও উৎকৃষ্ট বিষয়ের চিন্তাতে নিমগ্ন করিবার অভ্যাস করিলে, চিত্ত উত্তরোত্তর প্রশস্ত উৎকৃষ্ট ও তদ্ভাবাপন্ন হইয়া যায়। চিন্তা করাই প্রকৃত কর্ম্মযোগ; যাহা ভগবান্ শ্রীকৃষ্ণ সাংখ্য জ্ঞানের সহিত মিলাইয়া করিবার উপদেশ দিয়াছেন। মানব সাংসারিক গৃহচিন্তায় চিত্তকে নিমগ্ন করিয়া যেমন সাংসারিক ভোগাদির উৎকর্ষ লাভে সমর্থ হন, আবার সাংখ্যোক্ত চতুর্বিংশতি তত্ত্বের চিন্তায় চিত্তকে নিমগ্ন রাখিতে

শুচৌ দেশে প্রতিষ্ঠাপ্য স্থিরমাসনমাত্মনঃ।
নাত্যুচ্ছ্রিতং নাতিনীচং চেলাজিনকুশোত্তরম্ ॥ ১১ ॥

অন্বয়ঃ।

তথা;—ন অতি উচ্ছ্রিতং উন্নতং, (পতন-ভয়াৎ) ন অতি নীচং শৈত্য-ভয়াৎ চেলাজিনকুশোত্তরং চেলং বস্ত্রং কার্পাস-নির্ম্মিতং, অজিনং মৃগচর্ম্ম, কুশাসনং চ উত্তরোত্তরতঃ স্থাপয়িত্বা বিরচিতং তত্র কুশোপরি চর্ম্ম, তদুপরি বস্ত্রান্তরণেন প্রস্তুতং আত্মনঃ আসনং শুচৌ শুদ্ধে দেশে স্থানে স্থিরং নির্দ্দিষ্টতয়া প্রতিষ্ঠাপ্য ॥১১॥

শাঙ্করভাষ্যম্।

অথেদানীং যোগং যুঞ্জত আসনাহারবিহারাদীনাং যোগসাধনত্বেন নিয়মো বক্তব্যঃ, প্রাপ্তযোগস্য লক্ষণং তৎফলাদি চেত্যত আরভ্যতে, তত্রাসনমেব তাবৎ

আনন্দগিরিকৃতটীকা।

যোগং যোগাঙ্গানি চোপদিশ্য উত্তর-সন্দর্ভস্য তাৎপর্য্যমাহ অথেতি। যোগস্বরূপ-কতিপয়-তদঙ্গ-প্রদর্শনানন্তর্য্যমথশব্দার্থঃ। বিহারাদীনামিত্যাদিশব্দেন যথোক্তাসনা-দিগতাবান্তরভেদগ্রহণম্ তৎফলাদি চেত্যাদিশব্দেন যোগফলং সম্যগ্‌জ্ঞানঞ্চ তৎফলং

---

এ সময়ে নিজের উপবেশনার্থ আসনের প্রতি দৃষ্টি রাখা বিশেষ প্রয়োজন। পবিত্র অথচ অতি উচ্চ না হয় এবং অতি নিম্ন না হয়, এরূপ স্থানে কুশাসন, মৃগচর্ম্ম ও কার্পাসাদির আসন উত্ত-রোত্তর উপর্য্যুপরি স্থাপন করত তদুপরি উপবেশন পূর্ব্বক অন্তঃ-করণাদি ইন্দ্রিয়বর্গকে ভোগে বিরত করিয়া ॥ ১১ ॥

আভাস।

পারিলে চিত্ত উত্তরোত্তর আত্মস্বরূপের চিন্তায় পারদর্শী হইয়া উৎকৃষ্ট গতি-লাভ করিতে পারে। চিন্তাই চিত্ত-গঠনের এক মাত্র উপায়। নিকৃষ্ট সাংসারিক বস্তুর চিন্তায় চিত্ত স্থূল ভাবাপন্ন হইয়া সংসার-গতি লাভ করে; এবং উত্তরোত্তর সূক্ষ্ম সত্ত্বগুণময় বস্তু বা তত্ত্বের চিন্তায় অভ্যস্ত হইলে, তদনু-রূপ উৎকৃষ্ট গতি মানব লাভ করিয়া থাকে ॥ ১০ ॥

প্রশান্ত-চিত্ত মুক্তিকামী ব্যক্তির পক্ষে যোগের অনুষ্ঠান-কল্পে আসনের প্রতি দৃষ্টি রাখা বিশেষ প্রয়োজন। কারণ আসনের দ্বারা চিত্তের একাগ্র-তার বিশেষ আনুকূল্য হইয়া থাকে। গমনাগমন বা পর্য্যটনাদি কালে

শাঙ্করভাষ্যম্ ।

প্রথমমুচ্যতে শুচাবিতি। শুচৌ শুদ্ধে বিবিক্তে স্বভাবতঃ সংস্কারতো বা দেশে স্থানে প্রতিষ্ঠাপ্য স্থিরমচলমাত্মনঃ আসনং নাত্যুচ্ছ্রিতং নাতীবোচ্ছ্রিতং নাপ্যতিনীচং তচ্চ চেলাজিনকুশোত্তরং চেলমজিনং কুশাশ্চ উত্তরে যস্মিন্নাসনে তদাসনং চেলাজিনকুশোত্তরং পাঠক্রমাৎ বিপরীতোঽত্র অনুক্রমশ্চেলাদীনাং ॥ ১১ ॥

আনন্দগিরিকৃতটীকা।

কৈবল্যং ততো ভ্রষ্টস্যাত্যন্তিকাবিনষ্টত্বমিত্যাদি গৃহ্যতে। এবং সমুদায় তাৎপর্য্যে দর্শিতে কিমাসীনঃ শয়ানস্তিষ্ঠন্ গচ্ছন্ কুর্ব্বন্ বা যুঞ্জীতেত্যপেক্ষায়ামনন্তরশ্লোকতাৎপর্য্যমাহ তত্রেতি। নির্দ্ধারণে সপ্তমী। প্রথমং যোগানুষ্ঠানস্য প্রধানমাসীনঃ সম্ভবাদিতি ন্যায়াদিতি যাবৎ। বিবিক্তত্বং দ্বেধা বিভজতে স্বভাবত ইতি। আসন-

স্বামিকৃতটীকা।

আসন-নিয়মং দর্শয়ন্নাহ শুচাবিতি দ্বাভ্যাং। শুদ্ধে স্থানে আত্মনঃ স্বস্যাসনং স্থাপয়িত্বা, কীদৃশং স্থিরমচঞ্চলং নাত্যুচ্ছ্রিতং, ন চাতিনীচং, চেলং বস্ত্রং অজিনং ব্যাঘ্রাদিচর্ম্ম চেলাজিনে কুশেভ্য উত্তরে যস্য কুশানামুপরি চর্ম্ম তদুপরি বস্ত্রমাস্তীর্য্যেত্যর্থঃ ॥ ১১ ॥

আভাস।

মনের স্থৈর্য্য থাকে না। দেহ স্থির ভাবে নিজের একটী নির্দ্দিষ্ট আসনে উপবিষ্ট থাকিলে, চিত্ত সত্বর একনিষ্ঠ হইয়া থাকে। বিশেষত অপরের আসনেও উপবেশন করা কর্ত্তব্য নহে; কারণ অন্যের দেহের বা ইন্দ্রিয়াদির ভাব অনুসারে তদীয় আসনে জৈবীশক্তির যথেষ্ট সম্পর্ক ঘটিয়া থাকে; সুতরাং ধাতু ও দেহ-শক্তির অনুসারে নিজের রচিত নির্দ্দিষ্ট আসনেই উপবেশন শ্রেয়স্কর। পরের আসনে নিজের দেহ ও চিত্তাদির উপর বিবিধ ব্যাঘাত আসিবার সম্ভাবনা। কেহ পিত্তপ্রধান, কেহ শ্লেষ্মাপ্রধান কেহ বা বায়ুপ্রধান ধাতু বিশিষ্ট ব্যক্তির পক্ষে স্ব স্ব আসনই উত্তম। মহর্ষি পতঞ্জলি বলিয়াছেন; "স্থির-সুখমাসনং" যে জাতীয় আসনে উপবেশন করিলে, দেহে কোন কষ্ট বোধ না হয় এবং সত্ত্বগুণের উদ্রেকে চিত্ত সহজে স্থির হইয়া আসে, তাহাই সুখাসন। তন্মধ্যে প্রথমত কুশাসন তদুপরি মৃগচর্ম্ম বা ব্যাঘ্রচর্ম্ম এবং তদুপরি কার্পাস-বস্ত্র নির্ম্মিত আসন ব্যবহার করা উচিত। নিরাসনে উপবিষ্ট হওয়া উচিত নহে। কারণ সাক্ষাৎ সম্বন্ধে পৃথিবীস্থ সকল বস্তুর শক্তিই পৃথিবী স্বীয় অন্তরে গ্রাস করিয়া থাকেন। সুতরাং কেবল মৃত্তিকা বা পাষাণাদির

আনন্দগিরিকৃতটীকা ।

স্বাস্থ্যৈ তত্রোপবিশ্য যোগমনুতিষ্ঠতঃ সমাধানাযোগাৎ যোগাসিদ্ধিরিত্যভি-সন্ধায় বিশিনষ্টি অচলনমিতি। আস্যতেঽস্মিন্নিতি ব্যুৎপত্তিমনুসৃত্যাহ আসনমিতি। আত্মন ইতি পরকীয়াসনব্যুদাসার্থং পতনভয়-পরিহারার্থং নাত্যুচ্চমিত্যুক্তং, নাপা-তিনীচমিতি ভূতলপাষাণাদি সংশ্লেষে বাতক্ষোভাগ্নিমান্দ্যাদিসম্ভাবিতদোষনিরাসার্থং, চেলং বস্ত্রমজিনং চর্ম্ম পশূনাং তচ্চ মৃগস্য কুশা দর্ভাস্তে চোত্তরে যস্মিন্ পরিষ্টাদা-রভ্য তত্তথোক্তম্। প্রথমং চেলং ততোঽজিনং ততশ্চ কুশা ইতি প্রতিপন্ন-ক্রমমাপাতিকং ক্রমমতিক্রম্যাদৌ কুশাস্ততোজিনং ততশ্চৈলমিতি ক্রমং বিবক্ষিত্বাহ বিপরীতোঽত্রেতি ॥ ১১ ॥

আভাস ।

উপর নিরাসনে অধিকাল উপবিষ্ট থাকিলে, জৈবীশক্তির হ্রাস হইয়া থাকে। তৃণাদির আসন, যথা আমাদের দেশে মাদুর প্রভৃতি, বিশেষত কুশাসন পৃথিবীর সেই আকর্ষণ শক্তি হইতে উপবিষ্ট ব্যক্তিকে রক্ষা করে। কুশা-সনের উপর মৃগচর্ম্ম সত্ত্বগুণের উদ্রেক করে; কিন্তু ব্যাঘ্রচর্ম্ম রজোগুণের উদ্রেক করে; সুতরাং ব্যাঘ্রচর্ম্মে রজোগুণের উদ্রেকে সত্বর একাগ্রতাকে আনয়ন করিলেও, তপস্যায় ফলের প্রতি চিত্তকে আকর্ষণ করিতে পারে। মৃগচর্ম্ম বিশেষত কৃষ্ণসার মৃগের চর্ম্ম কেবল সত্ত্বগুণের উদ্রেক করায়, গৃহস্থের পক্ষে বিশেষ উপকারী। ব্যাঘ্রচর্ম্ম অঘোর-পন্থী প্রভৃতি দেবতা-বিশেষে ভক্তিমান্ যোগীর পক্ষেই উপকারী; কিন্তু গৃহস্থের পক্ষে নহে। অতএব কোমল মৃগচর্ম্মের উপর কার্পাস নির্ম্মিত বস্ত্রাসনে উপবেশন করিলে, দেহ সুস্থ থাকে; কোনরূপ চুলকনা প্রভৃতির উদ্রেক হয় না। সর্ব্বোপরি রোমাসনও প্রশস্ত নহে। কারণ পশুর রোমও দেহের জৈবী শক্তিকে ব্যাকুল করে; সুতরাং আত্ম-সাক্ষাকারে উদ্‌যোগী যোগীর পক্ষে সর্ব্বোপরি কার্পাসাসনই হিতকর। কম্বল আসন অধিক কাল উপবেসনে উপকারী হয় না; ইহা পিত্তকে কুপিত করে। আসনের স্থান অর্থাৎ ভূমিও অতি উচ্চ স্থান বা নিতান্ত নিম্নস্থান নির্ব্বাচন অবিধেয়। কারণ উচ্চে পতন-ভয় এবং অতি নিম্নস্থানে জলাদি জনিত শৈত্যের সম্ভাবনা থাকে। সুতরাং উভয়কে বর্জ্জন করত সমতল গঙ্গাদি পবিত্র নদীর সমীপবর্ত্তি স্থান বা গিরিগুহাদি আসনের প্রশস্ত স্থান ॥ ১১ ॥

তত্রৈকাগ্রং মনঃ কৃত্বা যতচিত্তেন্দ্রিয়ক্রিয়ঃ।

অন্বয়ঃ।

যত-চিত্তেন্দ্রিয়-ক্রিয়ঃ ( যতা সংযতা চিত্তস্য ইন্দ্রিয়াণাং চ ভোগানুকূলা ক্রিয়া যস্য সঃ তাদৃশঃ যোগী ) তত্র আসনে উপবিশ্য মনঃ একাগ্রং কৃত্বা আত্ম-বিশুদ্ধয়ে

শাঙ্করভাষ্যম্।

প্রতিষ্ঠাপ্য কিং তত্রেতি। তত্র তস্মিন্নাসনে উপবিশ্য যোগং যুঞ্জ্যাৎ কথং সর্ব্ব-বিষয়েভ্য উপসংহৃত্যৈকাগ্রং মনঃ কৃত্বা যতচিত্তেন্দ্রিয়ক্রিয়ঃ চিত্তঞ্চ ইন্দ্রিয়াণি চ

আনন্দগিরিকৃতটীকা।

যথোক্তমাসনং সম্পাদ্য কিং কর্ত্তব্যমিতি প্রশ্নপূর্ব্বকং কর্ত্তব্যং তন্নির্দ্দিশতি প্রতিষ্ঠাপ্যেতি। যোগং যুঞ্জানস্যেতিকর্ত্তব্যতাকলাপং পৃচ্ছতি কথমিতি। সর্ব্বেভ্যো

চিত্তকে বাসনাশূন্য বিশুদ্ধ ভাবে পরিণত করিবার জন্য একাগ্রতা

আভাস।

তাদৃশ আসনে উপবিষ্ট হইয়া একাগ্র-চিত্তে যোগের অনুষ্ঠান করা বিধেয়। এখানে উপবিশ্য শব্দটী প্রয়োগ করিয়া উপদেশ দেওয়া হইয়াছে যে, শয়নাদি করিয়া যোগচিন্তা যেন না করেন। অবশ্য গরুড়াসন, পদ্মাসন প্রভৃতি কর-চরণাদির সংস্থান-বিশেষে উপবেশনের জন্য অনেক প্রকার আসনের উল্লেখ তন্ত্রাদিতে আছে বটে, কিন্তু এখানে ভগবান্ শ্রীকৃষ্ণের বলিবার তাৎপর্য্য, যেরূপে উপবেশন করিলে শরীরে কোনরূপ গ্লানি বা কষ্টবোধ না হয়, সুতরাং মন চঞ্চল না হয়, সেইরূপ ভাবে উপবিষ্ট হওয়াই প্রশস্ত। চিত্ত ও ইন্দ্রিয়াদির ক্রিয়াকে সংযত করিয়া কোন একটী অভিমত বিষয়ে চিত্ত সংযত করিবে! অর্থাৎ তত্ত্বচিন্তার কালে অন্য কোন বিষয়ের চিন্তায় চিত্ত ধাবিত না হয়। সাধরণত শিবপূজাদি করিবার সময় সাংসারিক স্ত্রীপুত্রাদির চিন্তা আসিয়া যেমন গৃহস্থকে বিব্রত করে, যোগী যেন সেরূপ বিষয়-চিন্তায় বিব্রত না হন। এরূপ একাগ্রতা সহজে ও স্বল্পকালে ঘটে না বটে; কারণ চিত্তের চাঞ্চল্যই মহাপাপ! চাঞ্চল্য নিবারণে সমর্থ হওয়াই যোগীর ভোগদশা হইতে নিষ্কৃতি পাইবার একমাত্র উপায়; কারণ তাহাই চিত্তের বিশুদ্ধি। চিত্তের এই অচঞ্চল বিশুদ্ধভাব আনিতে হইলে, দুইটী ব্যাপারের প্রয়োজন; প্রথমত যে যে বিষয়ের চিন্তায় চিত্তকে সর্ব্বদা উদ্বিগ্ন করে, সেই সেই বিষয়ের উৎকৃষ্ট ও অপকৃষ্ট ভাব এবং অকিঞ্চিৎকরত্ব ও দুঃখপ্রদত্বাদি ভাবের চিন্তনে তাদৃশ বিষয়ে

উপবিশ্যাসনে যুঞ্জ্যাদ্ যোগমাত্মবিশুদ্ধয়েঃ ॥ ১২ ॥

অন্বয়ঃ।

(আত্মনঃ চিত্তস্য বিশুদ্ধয়ে বিষয়ান্তর-পরিহারায়) যোগং যুঞ্জ্যাৎ আত্মচিন্তনং অভ্যসেৎ ॥ ১২ ॥

শাঙ্করভাষ্যম্।

চিত্তেন্দ্রিয়াণি তেষাং ক্রিয়া সংযতা যস্য স যতচিত্তেন্দ্রিয়ক্রিয়ঃ স কিমর্থং যোগং যুঞ্জ্যাদিত্যাহাত্মবিশুদ্ধয়ে অন্তঃকরণস্য শুদ্ধ্যর্থমিত্যেতৎ ॥ ১২ ॥

আনন্দগিরিকৃতটীকা।

বিষয়েভ্যঃ সকাশাৎ প্রত্যাহৃত্য মনসো যদেকস্মিন্নেব ধ্যেয়ে বিষয়ে সমাধানং, যচ্চিত্তস্যেন্দ্রিয়াণাং চ বাহ্যক্রিয়াণাং সংযমনং তদুভয়ং কৃত্বা যোগমনু তিষ্ঠেদিত্যাহ সর্ব্বেতি। আসনে যথোক্তে স্থিত্বা যথোক্তয়া রীত্যা যোগানুষ্ঠানস্য প্রশ্নপূর্ব্বকং ফলমাহ স কিমর্থমিত্যাদিনা ॥ ১২ ॥

স্বামিকৃতটীকা।

তত্র তস্মিন্নাসনে উপবিশ্য একাগ্রং বিক্ষেপ-রহিতং মনঃ কৃত্বা যোগং যুঞ্জ্যাৎ অভ্যসেৎ, যতা সংযতা চিত্তস্যেন্দ্রিয়াণাঞ্চ ক্রিয়া যস্য, আত্মনো মনসো বিশুদ্ধয়ে উপশান্তয়ে ॥ ১২ ॥

---

সহকারে কোন অভিপ্রেত তত্ত্বে সন্নিবিষ্ট করা কর্ত্তব্য ॥ ১২ ॥

আভাস।

বীতরাগ হওয়া প্রয়োজন; এবং দেহের অন্তরস্থ কোন একটী তত্ত্বকে, যথা প্রথমত দেহের সর্ব্বত্র-ব্যাপী বলকে আশ্রয় করিয়া চিন্তা আরম্ভ করিতে হয়। যে বল আমাদের দেহের হস্ত পদাদি অঙ্গ প্রত্যঙ্গকে শক্তি প্রদানে কার্য্যক্ষম করিতেছে, এক্ষণে অঙ্গপ্রত্যঙ্গকে না ধরিয়া, সেই বলময়ী শক্তিকে যদি ধারণা করিয়া তাহারই চিন্তায় নিমগ্ন হওয়া যায়, সেই শক্তির চিন্তায় মন ক্রমশঃ স্থির হইয়া একাগ্রতায় অভ্যস্ত হয়। এই প্রকারে মন একবার যে কোন বিষয়ের অবলম্বনে কিছু কালের জন্যও যদি একাগ্রতায় অভ্যস্ত হয়, তখনই সে চাঞ্চল্য-রোগ হইতে নির্ম্মুক্ত হইল। তখন তাহাকে যে কোন ঐরূপ সূক্ষ্ম তত্ত্বে একাগ্র করিবার চেষ্টা করা যায়, পূর্ব্বাপেক্ষা অনেক সহজে ও সত্বর তাহাতেই চিত্ত স্থির ভাব ধারণে একাগ্র হইতে পারে। এই সকল যোগ-ব্যাপারে চিন্তনীয় বিষয় থাকায়, ইহাকে সংপ্রজ্ঞাত সমাধি নামে যোগিগণ উল্লেখ করিয়াছেন। আবার উত্তরোত্তর সূক্ষ্ম আত্মতত্ত্বের চিন্তায় একাগ্র হইবার চেষ্টা বা উদ্যমই প্রকৃত কর্ম্মযোগ ॥ ১২ ॥

সমং কায়শিরোগ্রীবং ধারয়ন্নচলং স্থিরঃ।

অন্বয়ঃ।

কায়শিরোগ্রীবং ( কায়ঃ দেহমধ্যভাগঃ, শিরঃ গ্রীবাচ তং তং ) মূলাধারাৎ

শাঙ্করভাষ্যম্।

বাহ্যসাধনমাসনমুক্তং অধুনা শরীরস্য ধারণং কথমিত্যুচ্যতে সমমিতি। সমং কায়শিরোগ্রীবং কায়শ্চ শিরশ্চ গ্রীবা চ কায়শিরোগ্রীবং তৎ সমং ধারয়ন্ অচলঞ্চ সমং ধারয়ত শ্চলনং ন সম্ভবত্যতো বিশিনষ্টি অচলমিতি, স্থিরঃ স্থিরো ভূত্বেত্যর্থঃ

আনন্দগিরিকৃতটীকা।

উক্তমনুষ্ঠানস্তরশ্লোকস্য পুনরুক্তমর্থমাহ বাহ্যমিতি। সমত্বমৃজুত্বং কায়ঃ শরীর-মধ্যম্। অচলমিতি বিশেষণমবতার্য্য তস্য তাৎপর্য্যমাহ সমমিতি। কার্য্যকরণ-য়োর্ব্বিষয়পারবশ্যশূন্যত্বমচলত্বং স্থৈর্য্যম্। কিমিতি ইবশব্দলোপোঽত্র কল্প্যতে স্বনাসিকাগ্র-সংপ্রেক্ষণমেব যোগাঙ্গত্বেনাত্র বিধিৎসিতং কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ ন হীতি। তর্হি কিমত্র বিবক্ষিতমিতি প্রশ্নপূর্ব্বকমাহ কিং তর্হীতি। দৃষ্টিসন্নিপাতো

উপবেশন কালে মূলাধার হইতে শিরোদেশ পর্য্যন্ত, অর্থাৎ পৃষ্ঠদেশ, গ্রীবা এবং মস্তক ভাগকে সরল ভাবে ধারণ করত দৃষ্টিকে

আভাস।

চিত্তের একাগ্রতা-সাধনের জন্য পূর্ব্বশ্লোকে যেমন সমতল ভূমি এবং কুশাসনাদি ব্যাহ্যিক আসনের উপদেশ দেওয়া হইয়াছে, এই পরবর্ত্তী শ্লোকে দেহধারণেরও তাদৃশ উপদেশ প্রদত্ত হইয়াছে। অর্থাৎ দেহধারণের আসন যেমন বাহিরে, অন্তঃকরণকে ধারণের আসনও সেইরূপ নিজ দেহকে জানিতে হইবে। সুতরাং বাহ্যিক আসনের ন্যায়, দেহ-আসনকেও এরূপ সরল, অবিচলিত ও শান্তভাবে রাখা উচিত যাহাকে আশ্রয় করিয়া চিত্ত বিনা বাধায়, মূলাধার হইতে সহস্রার পর্য্যন্ত সহজে যাতায়াত করিতে পারে; তজ্জন্য দেহের পৃষ্ঠদেশ হইতে গ্রীবা এবং শিরোদেশ এরূপ সরল ভাবে রাখা প্রয়োজন, যাহাতে কোন অংশ বক্র হইয়া মনন-শক্তির যাতায়াতের ব্যাঘাত না জন্মায়। কারণ মনন-শক্তি মস্তিষ্ক হইতে প্রবর্ত্তিত হইয়া যেমন মেরুদণ্ডের অভ্যন্তর দিয়া নিম্নমুখে আগমন করত মূলাধার পর্য্যন্ত ব্যাপৃত হইয়া ভোগার্থ উদ্‌যোগ করে এবং দেহ ও ইন্দ্রিয়গণকে শান্তি প্রদান করে, সেইরূপ আবার ভোগ পরিত্যাগে পুনঃ স্বস্থানে প্রত্যাগমন-কালে তাহার যেন কোন

সংপ্রেক্ষ্য নাসিকাগ্রং স্বং দিশশ্চানবলোকয়ন্ ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

আরভ্য মূর্দ্ধাগ্র পর্য্যন্তং সমং অবক্রং নিশ্চলং চ ধারয়ন্ স্বয়ং স্থিরঃ অচঞ্চলঃ ভূত্বা, স্বং স্বকীয়ং নাসিকাগ্রং সংপ্রেক্ষ্য দিশশ্চ ইতস্ততঃ অনবলোকয়ন্ আস্থিতঃ ॥ ১৩ ॥

শাঙ্করভাষ্যম্।

স্বং নাসিকাগ্রং সংপ্রেক্ষ্য সম্যক্ প্রেক্ষণং দর্শনং কৃত্বেবেতীব, শব্দো লুপ্তো দ্রষ্টব্যো ন হি স্বনাসিকাগ্র-সংপ্রেক্ষণমিহ বিধিৎসিতং কিং তর্হি চক্ষুষো দৃষ্টিসন্নিপাতঃ স চান্তঃকরণসমাধানাপেক্ষো বিবক্ষিতঃ স্বনাসিকাগ্রসংপ্রেক্ষণমেব চেদ্বিবক্ষিতং মনস্তত্রৈব সমাধীয়েত নাত্মনি, আত্মনি হি মনসঃ সমাধানং বক্ষ্যত্যাত্মসংস্থং মনঃ

আনন্দগিরিকৃতটীকা।

দৃষ্টেশ্চক্ষুষো রূপাদি-বিষয়-প্রবৃত্তিরাহিত্যম্। কথমসাবনায়াসেন সিধ্যতি তত্রাহ সচেতি। সমাধানস্য প্রাধান্যেনাত্র বিবক্ষিতত্বাৎ দৃষ্টে র্বহি র্বিষয়ত্বেন তদ্ভঙ্গপ্রসঙ্গাৎ তস্যা বিষয়েভ্যো ব্যাবৃত্ত্যান্তরে চ সন্নিপাতো বিবক্ষিতো ভবতীত্যর্থঃ। তথাপি কথং স্বনাসিকাগ্র-সংপ্রেক্ষণমত্র শ্রুতমবিবক্ষিতমিত্যাশঙ্ক্যাহ স্বনাসিকেতি। তত্রৈব মনঃসমাধানে কা হানিরিত্যাশঙ্ক্য বাক্যশেষ-বিরোধান্মৈবমিত্যাহ আত্মনি হীতি। কিং তর্হি সংপ্রেক্ষ্যেত্যাদৌ বিবক্ষিতমিত্যাশঙ্ক্যাহ তস্মাদিতি। দক্ষিণো-ত্তর-চক্ষুষো র্যা দৃষ্টি স্তস্যা বাহ্যাদ্ বিষয়াদ্ বৈমুখ্যেনান্তরেব সন্নিপতনমত্র স্বকীয়ং

স্বামিকৃতটীকা।

চিত্তৈকাগ্র্যোপযোগিনীং দেহাদি-ধারণাং দর্শয়ন্নাহ সমমিতি দ্বাভ্যাং। কায় ইতি দেহস্য মধ্যভাগো বিবক্ষিতঃ। কায়শ্চ শিরশ্চ গ্রীবা চ কায়শিরোগ্রীবং মূলাধারাৎ আরভ্য মূর্দ্ধাগ্র-পর্যন্তং সমমবক্রং নিশ্চলং ধারয়ন্ স্থিরো দৃঢ়প্রযত্নো ভূত্বেত্যর্থঃ, স্বীয়ং নাসিকাগ্রং সংপ্রেক্ষ্য চার্দ্ধনিমীলিতনেত্র ইত্যর্থঃ, ইতস্ততো দিশশ্চানবলোকয়ন্নাসী-তেত্যুত্তরেণান্বয়ঃ ॥ ১৩ ॥

---

সকল দিক্ হইতে নিরুদ্ধ করিয়া, স্বীয় নাসিকার অগ্রভাগে স্থির করত ॥ ১৩ ॥

আভাস।

প্রতি-বন্ধক না হয়, তজ্জন্য দেহ, গ্রীবা ও মস্তিষ্ককে সরল ভাবে রাখা কর্ত্তব্য। চিত্ত-চাঞ্চল্যের প্রধান দ্বারই চক্ষু। চক্ষু মুদ্রিত করিলে, পাছে নিদ্রার আবেশ আসে,

প্রশান্তাত্মা বিগতভী র্ব্রহ্মচারিব্রতে স্থিতঃ।

অন্বয়ঃ।

প্রশান্তাত্মা স্থিরচিত্তঃ বিগতভীঃ ভয়শূন্যঃ, ব্রহ্মচারিব্রতে স্থিতঃ মৎপরঃ ভগব

শাঙ্করভাষ্যম্।

ক্ষত্বেতি। তস্মাদিবশব্দলোপেনাক্ষ্যোর্দৃষ্টি-সন্নিপাত এব সংপ্রেক্ষ্যেত্যুচ্যতে দিশশ্চানব-লোকয়ন্ দিশাঞ্চাবলোকনমকুর্ব্বন্নিত্যেবমন্তরা কুর্ব্বন্নিত্যেতৎ॥ ১৩॥

কিঞ্চ প্রশান্তেতি। প্রশান্তাত্মা প্রকর্ষেণ শান্ত আত্মান্তঃকারণং যস্য সোঽয়ং

আনন্দগিরিকৃতটীকা।

নাসিকাগ্রং নাসিকান্তং সংপ্রেক্ষ্যেতি বিবক্ষিতমিত্যর্থঃ। তত্রৈবোত্তরমপি বিশেষণ-মনুকূলমিত্যাহ দিশশ্চেতি। অনবলোকয়ন্নাসীদিত্যুত্তরত্র সম্বন্ধঃ। অন্তরান্তরা দিশামবলোকনমপি যোগপ্রতিবন্ধকমিতি তৎপ্রতিষেধঃ॥ ১৩॥

যোগং যুঞ্জানস্য বিশেষণান্তরাণি দর্শয়তি কিঞ্চেতি। অন্তঃকরণস্য প্রশান্তিঃ রাগদ্বেষাদিদোষরাহিত্যং, তস্যাশ্চ প্রকর্ষো রাগাদিহেতোরপি নিবৃত্তিঃ। বিগত-

ভগবানের উপর নিশ্চিন্ত-চিত্তে আত্মসমর্পণ পূর্ব্বক নির্ভর-প্রাণে,

আভাস।

এবং সম্পূর্ণ উন্মীলিত করিলে, বাহ্য বস্তুর দর্শনে চিত্তে উৎকণ্ঠা আনয়ন করে, তজ্জন্য অর্দ্ধ নিমীলিত লোচনে স্বীয় নাসিকার অগ্রভাগে দৃষ্টি-নিক্ষেপের উপদেশ দেওয়া হইয়াছে। দৃষ্টিকে একটি নির্দ্দিষ্ট স্থানে নিরুদ্ধ রাখিলে, বিচিত্র দৃশ্যের অভাবে দর্শনেন্দ্রিয় নিষ্ক্রিয় হইয়া, স্বীয় দর্শন-শক্তির স্বরূপেই অবস্থিত হয়; আর উৎপাত করিতে পারে না॥ ১৩॥

এই শ্লোকে বিক্ষেপ-শূন্য মনকে আবার আসনরূপে পরিকল্পনার উপদেশ প্রদত্ত হইয়াছে। কারণ মন নিতান্ত ক্ষুদ্র নহে। "মনো দশেন্দ্রিয়াধ্যক্ষং হৃদ্-পদ্ম গোলকে স্থিতং"। পঞ্চ জ্ঞানেন্দ্রিয় এবং পঞ্চ কর্ম্মেন্দ্রিয়ের অধ্যক্ষ হইয়া মন জীবের হৃদয়-পটে অন্তঃকরণের আসন-রূপে বিদ্যমান রহিয়াছে। সুতরাং এই দশটি ইন্দ্রিয়ই মনের অঙ্গ-প্রত্যঙ্গরূপে কার্য্য করিতেছে। মন যেটিকে লক্ষ্য করে, ইন্দ্রিয়গণ ভৃত্যরূপে তাহারই কার্য্য নির্ব্বাহ করে। মন কখন কাহার উপরে যে নির্ভর বা লক্ষ্য করে, তাহার কিছুরই স্থির থাকে না! নিরন্তর পরিণাম-পূর্ণ দুঃখময় সংসার-জলধিতে কাহার আশ্রয়ে যে শান্তি পাওয়া যায়, যদবধি তাহার মীমাংসা না হয়, তদবধি মন চঞ্চল হইয়া, ইহকালের পদার্থ-স্ত্রী পুত্রাদি বিষয় ক্ষেত্র, কখনও

মনঃ সংযম্য মচ্চিত্তো যুক্ত আসীত মৎপরঃ ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

দেকান্তশরণঃ জনঃ মনঃ সংযম্য মচ্চিত্তঃ ময়ি ভগবতি সমর্পিত-চিত্তঃ অতএব যুক্তঃ সমাহিতঃ আসীত ॥ ১৪ ॥

শাঙ্করভাষ্যম্।

প্রশান্তাত্মা বিগতভী বিগতভয়ঃ ব্রহ্মচারিব্রতে স্থিতঃ ব্রহ্মচারিণো ব্রতং ব্রহ্মচারিব্রতং ব্রহ্মচর্য্যং গুরুশুশ্রূষাভিক্ষাভুক্ত্যাদি তস্মিন্ স্থিতস্তদনুষ্ঠাতা ভবেদিত্যর্থঃ, কিঞ্চ মনঃ সংযম্য মনসো বৃত্তিরূপসংহৃত্যেত্যেতৎ মচ্চিত্তো ময়ি পরমেশ্বরে চিত্তং যস্য সোঽয়ং

আনন্দগিরিকৃতটীকা।

ভয়ত্বং সর্ব্বকর্ম্মপরিত্যাগে শাস্ত্রীয়নিশ্চয়বশান্নিঃসন্দিগ্ধবুদ্ধিত্বম্, ভিক্ষাভুক্ত্যাদীত্যাদি-শব্দেন ত্রিসবন-স্নানশৌচাচমনাদি গৃহ্যতে। বিশেষণান্তরমাহ কিঞ্চেতি। উপ-সংহৃত্য যোগনিষ্ঠো ভবেদিতি শেষঃ। মনোবৃত্ত্যুপসংহারে ধ্যানমপি ন সিধ্যেৎ

স্বামিকৃতটীকা।

প্রশান্তেতি। প্রশান্ত আত্মা চিত্তং যস্য বিগতা ভীর্ভয়ং যস্য ব্রহ্মচারিব্রতে ব্রহ্মচর্য্যে স্থিতঃ সন্ মনঃ সংযম্য প্রত্যাহৃত্য ময্যেব চিত্তং যস্য, অহমেব পরঃ পুরু-ষার্থো যস্য স মৎপরঃ এবং যুক্তো ভূত্বা তিষ্ঠেৎ ॥ ১৪ ॥

এবং ব্রহ্মচর্য্যাবলম্বনে সর্ব্বনিয়ন্তা পরমেশের স্বরূপে একাগ্র-চিত্তে মনকে সংযত করা প্রয়োজন ॥ ১৪ ॥

আভাস।

বা পরলোকের সুখ কামনায় ইন্দ্রাদি দেব-বৃন্দের উপাসনায় অগ্রসর হইতে হয়। সুতরাং চিত্তের নিকট-আসন মনকে ইতস্ততঃ চঞ্চল হইতে না দিয়া, বিশ্ব-বিধাতা পরম কারুণিক পরমেশের চরণে আশ্রয় পাইবার প্রত্যাশায় অবিক্ষিপ্ত ভাবে অবস্থান করিতে শিক্ষা দিতে হইবে; ভোগে যত প্রকার আনন্দ লাভের সম্ভাবনা, পরমাত্ম স্বরূপের অবধারণে সেই যাবতীয় আনন্দ নিশ্চয় পাওয়া যাইবে, ইহা মনকে বুঝাইয়া স্থির করিতে হইবে; কারণ শাস্ত্রেরও এই গূঢ় রহস্য। এই যোগ ব্যাপার সামান্য কার্য্য নহে! জাগতিক ধন রত্নাদি পদার্থ, বা স্ত্রী পুত্রাদির সমাগমের ন্যায়, জীবন-রহস্য অত তুচ্ছ নহে। দ্রব্য সামগ্রী বা পরি-জনবর্গ একবার হারাইলে পুনঃ প্রাপ্তির উপায় আছে; দুর্ল্লভ মানব-জীবন একবার হারাইলে পুনঃ প্রাপ্তির কি সম্ভাবনা! নির্ভীত, বিশুদ্ধ এবং সর্ব্বলোকের

যুঞ্জন্নেবং সদাত্মানং যোগী নিয়তমানসঃ।

অন্বয়ঃ।

এবং সদা আত্মানং যুঞ্জন্ নিয়তমানসঃ ( নিয়তং একাগ্রীকৃতং মানসং চিত্তং

শাঙ্করভাষ্যম্।

মচ্চিত্তো যুক্তঃ সমাহিতঃ সন্ন্যাসী চোপবিশেৎ মৎপরোঽহং পরো যস্য সোঽয়ং মৎপরো ভবতি কশ্চিৎ রাগী স্ত্রীচিত্তো ন তু স্ত্রিয়মেব পরত্বেন গৃহ্নাতি, কিং তর্হি রাজানং মহাদেবং বা, অয়ন্তু মচ্চিত্তো মৎপরশ্চ ॥ ১৪ ॥

অথেদানীং যোগফলমুচ্যতে যুঞ্জন্নিতি। যুঞ্জন্ সমাধানং কুর্ব্বন্নেবং যথোক্তেন

আনন্দগিরিকৃতটীকা।

তস্য তদ্বৃত্ত্যাবৃত্তিরূপত্বাৎ ইত্যাশঙ্ক্যাহ মচ্চিত্ত ইতি। বিষয়ান্তরবিষয়মনোবৃত্ত্যুপসংহারেণ আত্মন্যেব তন্নিয়মনান্ন ধ্যানানুপপত্তিরিত্যর্থঃ। মচ্চিত্তত্বেনৈব মৎপরত্বসিদ্ধত্বাৎ মৎপর ইতি পৃথগ্ বিশেষণমনর্থকমিত্যাশঙ্ক্যাহ ভবতীতি। অন্তঃকরণশুদ্ধি র্যোগস্যাবান্তরফলম্ ॥ ১৪ ॥

সংপ্রতি পরমফলকথনপরত্বেন অনন্তরশ্লোকমাদত্তে অথেতি। যোগস্বরূপং তদঙ্গমাসনমপি তৎকর্ত্তৃবিশেষণমিত্যস্যার্থস্য প্রকথনানন্তরমিত্যর্থশব্দার্থঃ। আত্মানং

---

এই প্রকারে নিরন্তর নিরবচ্ছেদে চিত্তকে সংযত করিবার অভ্যাস কিছু কাল করিলে, মন মদীয় পরমাত্ম-স্বরূপে ক্রমশঃ স্থির

আভাস।

অনুমোদিত পন্থা না হইলে, তাহাতে অগ্রসর হইতে ভয় হয়। কিন্তু হে অর্জ্জুন! এই যোগপথ সর্ব্বভয়-বিবর্জ্জিত, নিশ্চয় ফলপ্রদ এবং দুঃখের নিবারণে অপার শান্তিপ্রদ! ভগবান্ নারায়ণের উপর প্রাণ মন সমর্পণ পূর্ব্বক স্থির-চিত্তে অগ্রসর হওয়া মনুষ্য মাত্রেরই কর্ত্তব্য। ইহার এক উপায় ব্রহ্মচর্য্যব্রতে স্থির ও ধীরভাবে অবস্থান করা। এখানে কেবল উপস্থের সংযমে অর্থাৎ কামিনী ও কাঞ্চনের পরিত্যাগে যে ব্রহ্মচর্য্য, কেবল সেইটিকে লক্ষ্য করা হয় নাই; আহার ব্যবহার, জাগরণ এবং নিদ্রাদি সর্ব্বপ্রকার দৈহিক ও মানসিক ব্যাপারে পরিমিত আচরণই ব্রহ্মচর্য্য। অতএব সর্ব্বাপেক্ষা ভগবানে নির্ভর প্রাণে ও নিশ্চিন্ত বেশে আত্মসমর্পণ পূর্ব্বক একাগ্রতার সহিত চিত্ত নিয়োগই প্রকৃত যোগ॥ ১৪ ॥

যোগের পরিণাম ফল কি? তাহারই পরিচয়ার্থ এই শ্লোকে বর্ণিত হইয়াছে যে, যোগের পরিণাম ফল নির্ব্বাণ-পরমা শান্তি! সে শান্তির আর বিরাম নাই!

শান্তিং নির্ব্বাণপরমাং মৎসংস্থামধিগচ্ছতি ॥ ১৫ ॥

অন্বয়ঃ ।

যস্ত সঃ ) যোগী নির্ব্বাণপরমাং ( নির্ব্বাণং নিরুদ্বেগং এব পরমং প্রাপ্যং যস্যাং তাং মৎসংস্থাং মদ্রূপেণাবস্থিতিং শান্তিং সংসারোপরতিং অধিগচ্ছতি প্রাপ্নোতি ॥ ১৫॥

শাঙ্করভাষ্যম্ ।

বিধানেন সদা যোগী নিয়তমানসঃ নিয়তং মানসং মনো যস্য সংযতং সোঽয়ং নিয়তমানসঃ স শান্তিমুপরতিং নির্ব্বাণপরমাং নির্ব্বাণং মোক্ষস্তৎপরমা নিষ্ঠা যস্যাঃ শান্তেঃ সা নির্ব্বাণপরমা তাং নির্ব্বাণপরমাং মৎসংস্থাং মদধীনতামধিগচ্ছতি প্রাপ্নোতি ॥ ১৫ ॥

আনন্দগিরিকৃতটীকা ।

গুণের উদ্রেকের তত সুবিধা না হওয়ায়, স্থির সত্ত্ব গুণের উদ্রেকে যোগীর চিত্ত সংসার-বেষ্টন হইতে মুক্তিলাভ করে এবং অনন্ত জ্ঞান-সমুদ্রের অবধারণে আপনিও কেবল জ্ঞানময় ভাবে অবস্থান করিতে পায়। তৎপ্রাপ্তির প্রত্যাশায় ধর্ম্ম বা অধর্ম্মানুষ্ঠানের অনুরোধে আর ভয় থাকে না ॥ ২৭ ॥

এই জ্ঞানময় নিজের স্বরূপ-চিন্তায় নিমগ্ন হইয়া কিছুকাল তাহার অভ্যাস

শাঙ্করভাষ্যম্।

সর্ব্বদা যুঞ্জন্ বিগতকল্মষঃ বিগতপাপঃ সুখেন অনায়াসেন ব্রহ্মসংস্পর্শং ব্রহ্মণা পরেণ সংস্পর্শো যস্য তদ্‌ব্রহ্মসংস্পর্শং সুখমত্যন্তমুৎকৃষ্টং সুখং নিরতিশয়ং সুখমশ্নুতে ব্যাপ্নোতি॥ ২৮॥

আনন্দগিরিকৃতটীকা।

যথোক্তো মনসৈবেন্দ্রিয়গ্রামমিত্যাদিঃ যোগান্তরায়ো রাগদ্বেষাদিঃ সদাত্মানং যুঞ্জন্নিতি সম্বন্ধঃ। পাপপদমুপলক্ষণং পুণ্যস্যাপি। সংস্পর্শ স্তাদাত্ম্যমেকরসম্ উৎকর্ষো বিষয়াসংস্পর্শঃ॥ ২৮॥

স্বামিকৃতটীকা।

ততশ্চ কৃতার্থো ভবতীত্যাহ যুঞ্জন্নিতি। এবমনেন প্রকারেণ সর্ব্বদা আত্মানং মনো যুঞ্জন্ বশীকুর্ব্বন্ বিশেষেণ সর্ব্বাত্মনা বিগতং কল্মষং যস্য স যোগী সুখেনানায়াসেন ব্রহ্মণঃ সংস্পর্শোঽবিদ্যানিবর্ত্তকঃ সাক্ষাৎকারস্তদেবাত্যন্তং সর্ব্বোত্তমং সুখমশ্নুতে জীবন্মুক্তো ভবতীত্যর্থঃ॥ ২৮॥

আভাস।

করিলে, একটী অসীম জ্ঞানের বেষ্টনে জীবাত্মা বেষ্টিত হইয়া যে পরমানন্দ অনুভব করে, তাহা উপলব্ধ হইবে। কারণ স্বকীয় দেহের অন্তরে অনুভব মূর্ত্তিতে স্বকীয় জ্ঞান-ভাবের উপলব্ধি হইলে, এই বিরাট্ ব্রহ্মাণ্ডের অন্তরেও অনুভবের মূর্ত্তিতে অপর একটী জ্ঞানময় বিশ্বস্রষ্টার অস্তিত্বের প্রতীতি কেন হইবে না! তবে দেহের মধ্যে নিজের প্রতীতি কেবল অনুভব মূর্ত্তিতে মাত্র; কিন্তু বিরাটের অন্তরে বিশ্বস্রষ্টার প্রতীতি কেবল অনুভব মূর্ত্তিতে নহে, তৎসঙ্গে তদীয় সৃষ্টি, স্থিতি ও পালন শক্তিরও প্রতীতি হয়। সুতরাং সংসার-চিন্তায় যেমন সংসার-জালে জীবাত্মার বেষ্টন, সুতরাং বন্ধন; বিশ্বস্রষ্টার সেই অনন্ত জ্ঞান ও শক্তির চিন্তায় মনকে অভ্যস্ত করিলে, সেই পরমানন্দ স্বরূপ পরমেশের ব্রহ্মময় ভাবের বেষ্টনেও জীবাত্মার অবস্থিতি অনুভব-সিদ্ধ বলিয়া স্বীকার করিতে হইবে। অতএব মুক্তিতে আনন্দানুভবের কোন অভাব থাকে না॥ ২৮॥

এই আত্মসাক্ষাৎকার পূর্ব্বক ব্রহ্মসাক্ষাৎকার লাভে চিরকৃতার্থ যোগীর মাহাত্ম্য অনির্ব্বচনীয়! তিনি আকারে এবং প্রকারে সাধারণ মানবের ন্যায় জগতে বিচরণ করিলেও, তাদৃশ যোগীর সহিত কাহারও তুলনা হয় না। কারণ সাধারণ মানব আপনার দেহের অনুপাতে জগতের যাবতীয় দৃশ্য পদার্থকে সম্পূর্ণ পৃথক্ ও নিজ হইতে সম্পূর্ণ বিভিন্ন মূর্ত্তিতে অবলোকন করিয়া থাকেন;

সর্ব্বভূতস্থমাত্মানং সর্ব্বভূতানি চাত্মনি।
ঈক্ষতে যোগযুক্তাত্মা সর্ব্বত্র সমদর্শনঃ ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

সর্ব্বভূতস্থং সর্ব্বেষু ভূতেষু অন্তর্যামিতয়া, স্থিতং আত্মানং ব্রহ্ম তথা সর্ব্বভূতানি ব্রহ্মাদি-স্তম্বপর্য্যন্তানি আত্মনি ব্রহ্মণি এব একতাং গতানি ইতি সর্ব্বত্র সমদর্শনঃ যোগ-যুক্তাত্মা যোগেন যুক্তঃ আত্মা অন্তঃকরণং যস্য তাদৃশঃ যোগী ঈক্ষতে পশ্যতি ॥ ২৯ ॥

শাঙ্করভাষ্যম্।

ইদানীং যোগস্য যৎ ফলং ব্রহ্মৈকত্বদর্শনং সর্ব্বসংসারবিচ্ছেদকারণং তৎ প্রদর্শ্যতে সর্ব্বেতি। সর্ব্বভূতস্থং সর্ব্বেষু ভূতেষু স্থিতং স্বমাত্মানং সর্ব্বভূতানি চাত্মনি ব্রহ্মা-

আনন্দগিরিকৃতটীকা।

যোগমনুতিষ্ঠতো ব্রহ্মভূতস্য সর্ব্বানর্থনিবৃত্তিনিরতিশয়সুখপ্রাপ্তিলক্ষণো দ্বিবিধো মোক্ষো হেতুনা কেন স্যাদিতি শঙ্কমানং প্রত্যাহ—ইদানীমিতি। স্বমাত্মানমীক্ষত

আত্মানুভূতি পূর্ব্বক পরমাত্ম-সাক্ষাৎকারে যে কেবল পরমানন্দেরই উপস্থিতি হয়, তাহা নহে; জ্ঞানেরও চরম সীমায় যোগী আরোহণ করেন, সন্দেহ নাই। যোগে পূর্ণাভিষিক্ত যোগী স্থাবর-জঙ্গমাত্মক প্রত্যেক ভূতের অন্তরে সর্ব্বনিয়ন্তা ও সর্ব্বান্তর্যামী পরমেশকে, যেমন প্রত্যক্ষে অনুভব করেন, আবার বিশাল চৈতন্য-গর্ভে অনন্ত বিশ্ব-সংসার ও ভূত-সমূহকে সেইরূপ নিরুদ্বেগে বিদ্যমান যখন প্রতীতি করিতে পারেন, তখনই যোগীর সর্ব্ব বিষয়ে প্রকৃত সম জ্ঞানের উদয় হইল বলিয়া স্বীকার্য্য ॥ ২৯ ॥

আভাস।

কিন্তু ব্রহ্মজ্ঞানী যোগী আপন চৈতন্য-স্বরূপ সর্ব্বসাক্ষী জ্ঞানভাবের অনুপাতে প্রত্যেক জীবের অন্তরে সুখদুঃখাদির অনুভবকারী কেবল চৈতন্যমূর্ত্তি জ্ঞানভাবকেই অবলোকন করত, সর্ব্বত্র সমভাবেই দর্শন করিয়া থাকেন। যোগী যেমন নিজের অন্তরে একটী নির্ম্মল আমি-ভাব প্রত্যক্ষে উপলব্ধি করেন, প্রত্যেক জীবদেহেও তিনি ঐরূপ একটী নির্ম্মল আমি-ভাবের অস্তিত্ব স্পষ্টত পরিদর্শন করিতে পারেন। এমন কি! সর্প, ভল্লুক, ব্যাঘ্র, মনুষ্য, প্রজাপতি, কীট, পতঙ্গের

শাঙ্করভাষ্যম্।

দীনি স্তম্বপর্য্যন্তানি চ সর্ব্বভূতান্যাত্মন্যেকতাং গতানি ঈক্ষতে পশ্যতি যোগযুক্তাত্মা সমাহিতান্তঃকরণঃ সর্ব্বত্র সমদর্শনঃ সর্ব্বেষু ব্রহ্মাদিস্থাবরান্তেষু বিষমেষু সর্ব্বভূতেষু

আনন্দগিরিকৃতটীকা।

ইতি সম্বন্ধঃ। সর্ব্বভূতান্যপি তদ্‌বিশেষণত্বেন পশ্যতি চেন্ন শুদ্ধবস্তুজ্ঞানমিতি নাবিদ্যানিবৃত্তিরিত্যাশঙ্ক্যাহ সর্ব্বভূতানীতি। উক্তে দর্শনে চিত্তসমাধানমুপায়ং

স্বামিকৃতটীকা।

ব্রহ্মসাক্ষাৎকারমেব দর্শয়তি সর্ব্বভূতস্থমিতি। যোগেনাভ্যস্যমানেন যুক্তাত্মা সমাহিতচিত্তঃ সর্ব্বত্র সমং ব্রহ্মৈব পশ্যতীতি, তথা স্বমাত্মানমবিদ্যাকৃতদেহাদি-

আভাস।

মধ্যেও তিনি নির্ম্মল আমি-ভাব দেখিতে পান; এবং পুরাণাদিতে উল্লিখিত দেবাদির অন্তরেও অনুভব করিতে পারেন। কারণ দেহের অভাবাদির অনু-রোধে অন্তরস্থ চিত্তকে বিকৃত হইয়া তত্তৎ অভাবের পূরণার্থ বিচিত্র ভাব-স্রোতকে অবলম্বনে সংসারে বিচিত্র মূর্ত্তির পরিচয় দিতে হয়। কাম ক্রোধ ক্ষুধা পিপাসাদির অনুরোধে তত্তৎ ভাবাপন্ন সাজিতে হয়। কিন্তু কোনরূপ দেহনিষ্ঠ অভাবের উপস্থিতি না ঘটিলে, চিত্তকে বিকৃত হইয়া স্থান-চ্যুত হইতে হয় না; সুতরাং চিত্তস্থ চিদানন্দ-কেও চিত্তবৃত্তির আকারে পরিণত হইয়া ক্ষুধার্থ, কামাতুর, বিদ্বেষী, ক্রোধী বা স্বার্থপরত্বেরও পরিচয় দিতে হয় না। মানব যেমন নিশ্চিন্ত নির্ব্বিকার নির্ম্মম হইলে, আপন চিত্তে নিজ স্বরূপের আনন্দ-মূর্ত্তি অর্থাৎ নির্ম্মল আমি-ভাবকে উপ-লব্ধি করে, প্রত্যেক জীবজন্তুও নিজেদের উদ্‌বেগ-শূন্য অবস্থাতেও ঐরূপ নির্ম্মল আনন্দপূর্ণ আমি-ভাবকে উপলব্ধি করিয়া থাকে। জ্ঞান বা উপলব্ধি-শক্তি জীব-মাত্রেরই হৃদয়ে নিরন্তর জাগরূক আছে। তবে বিচার-বুদ্ধি থাকায়, মানব তাহা মীমাংসায় আনিতে পারে, সাধারণ জীব-জন্তু আনন্দ বা দুঃখকে অনুভব করে মাত্র, কিন্তু কারণের অনুসন্ধানে তাহার প্রতীকারে তাদৃশ যোগ্য হয় না। যদিও নিরু-পদ্রুত স্থানাদিতে পলায়নে শান্তি বা রক্ষা পাইবার প্রবৃত্তি বা চেষ্টা যে তাহাদের নাই, তাহাও নহে; তথাপি আত্মস্বরূপে অবস্থানে যে আনন্দ লাভ হয়, জীবজন্তু তাহা জানিয়াও তৎপ্রাপ্তির উপায় অন্বেষণে অসমর্থ বলিয়াই, মানব অপেক্ষা নিকৃষ্টশ্রেণীর মধ্যে গণ্য।

অতএব উদ্বেগ-শূন্য নিরাময় ভাব জীবমাত্রেরই হৃদয়ে যখন কখন না কখন উদয় হয়, তখনই তাহাতে নির্ম্মল আমি-ভাব যে বিরাজ করে, তাহাতে সন্দেহ নাই!

শাঙ্করভাষ্যম্।

সমং নির্ব্বিশেষং বিক্রিয়ারহিতং ব্রহ্মাত্মৈকত্ববিষয়ং দর্শনং জ্ঞানং যস্য স সর্ব্বত্র সমদর্শনঃ ॥ ২৯ ॥

আনন্দগিরিকৃতটীকা।

দর্শয়তি যোগেতি। বিষমেষূপাধিষু তদনুরোধাদ্বিষমমেব দর্শনং তদুপদর্শিত-দর্শনপ্রতিবন্ধকং প্রত্যুদস্যতি সর্ব্বত্রেতি ॥ ২৯ ॥

স্বামিকৃতটীকা।

পরিচ্ছেদশূন্যং সর্ব্বভূতেষু ব্রহ্মাদিস্থাবরান্তেষবস্থিতং পশ্যতি তানি চ আত্মন্যভেদেন পশ্যতি ॥ ২৯ ॥

আভাস।

কারণ তাহারও জাগরণ এবং নিদ্রাভাব আছে। সুতরাং তাদৃশ নির্ম্মল আমি-ভাবের অনুভূতিতে যোগী স্বীয় অন্তরের ন্যায়, প্রত্যেক জীবের অন্তরেও নির্ম্মল পরমাত্মভাব অনুভব করিয়া থাকেন। এবং যিনি আমার দেহে অধিষ্ঠিত থাকিয়া হৃষীকেশ-মূর্ত্তিতে যেমন সকল ইন্দ্রিয়াদি তত্ত্বগ্রামের যথাযথ নিয়োগে দেহাদির স্ব স্ব কার্য্য সাধিত করিতেছেন, সেইরূপ তিনিই এই যাবদীয় স্থাবর-জঙ্গমাত্মক জগতেরও কার্য্য সাধিত করিতেছেন; এইরূপ জ্ঞানে সর্ব্বত্র সমভাবে এক পরমাত্ম ভাবেরই উপলব্ধি যোগী করিয়া থাকেন। অতএব ভোগীর নিকট সকলেই পর; কিন্তু যোগীর সমীপে সকলেই তাঁহার নিজের স্বরূপ। তিনি কাহাকেও পর ভাবেন না। সুতরাং কেহ তাঁহার অনিষ্ট-সাধনে অগ্রসর হয় না। যোগী নিজের উপাধি-স্বরূপ সম্পূর্ণ পর উত্তরোত্তর স্থূল, সূক্ষ্ম ও কারণ ভেদে ত্রিবিধ পুরীর অন্তর্নিহিত গুপ্তধন আত্ম-স্বরূপকে অবধারণ করিয়া যেমন ত্রিপুরারি সদাশিবের সমতা লাভ করিয়া থাকেন, আবার জীব-মাত্রেরই অন্তরে সেই গুপ্তধন নিত্য বিদ্যমান তিনি দেখিতে পাইতেছেন এবং সদাশিবের হৃদয়-বিলাসিনী ইচ্ছাশক্তি মূলা প্রকৃতির গর্ভে স্থাবর জঙ্গমাত্মক বিশ্ব ব্রহ্মাণ্ড অবলোকনে চির কৃতার্থ হইয়া থাকেন।

শ্রীরামচন্দ্র যখন লক্ষ্মণ ও সীতা সহ বনে গমন করিতেছিলেন, তখন অতি দূর হইতে দেখিলেন যে, কোন এক ঋষির আশ্রমে বিপরীত চরিত্র-বিশিষ্ট জীব জন্তুগণ হিংসা দ্বেষাদি পরিত্যাগে সখ্যভাবে বিচরণ করিতেছে। এমন কি! হরিণ এবং ব্যাঘ্র সিংহ, অহি-নকুল এবং আকাশচারী পারাবত বা শিকারী বাজ-পক্ষীসমূহ একত্র হইয়া মুনি-কন্যাগণের প্রদত্ত অন্নাদি একত্র ভোজন

যো মাং পশ্যতি সর্ব্বত্র সর্ব্বঞ্চ ময়ি পশ্যতি।
তস্যাহংন প্রণশ্যামি স চ মে ন প্রণশ্যতি ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

যঃ যোগী সর্ব্বত্র অধিষ্ঠাতৃত্বেন স্থিতং মাং বাসুদেবং পশ্যতি, তথা ময়ি পরমাত্মনি বাসুদেবে এব সর্ব্বং ব্রহ্মাদি ভূত-জাতং স্থিতং পশ্যতি, তস্য অহং ন প্রণশ্যামি ন পরোক্ষতাং গচ্ছামি, সঃ চ মে ন প্রণশ্যতি ন পরোক্ষঃ অদৃশ্যঃ ভবতি ॥ ৩০ ॥

শাঙ্করভাষ্যম্।

এতস্যাত্মৈকত্বদর্শনস্য ফলমুচ্যতে যো মামিতি। যো মাং পশ্যতি বাসুদেবং

আনন্দগিরিকৃতটীকা।

উক্তস্যৈকত্বজ্ঞানস্য ফলবিকল্পত্বশঙ্কাং শিথিলয়তি এতস্যেতি। তত্রৈকত্বদর্শনমনুবদতি যো মামিতি। তৎফলমিদানীমুপন্যস্যতি তস্যেতি। জ্ঞানানুবাদভাগং

হে অর্জ্জুন! যে আমি বিগ্রহ-ধারণে কৃপার পরিচয়ে তোমার সমক্ষে অবস্থান করিতেছি, উক্ত পরমানন্দ-স্বরূপ পরম চৈতন্য ব্রহ্মময় ভাবই সেই আমি! আমার উক্ত চৈতন্যময় নিয়ন্তৃভাবকে যে ব্যক্তি সকল ভূত বা পদার্থের অন্তরে নিরন্তর বিদ্যমান অবলোকন করেন এবং সর্ব্বশক্তিমান্ অনন্ত চৈতন্য-স্বরূপ আমার গর্ভে সেই সমস্ত বস্তু বিরাজিত দর্শন করেন, আমি কখন তাঁহার দৃষ্টির অন্তরালে গমন করি না! এবং তাদৃশ ভক্তকে আমি দৃষ্টির অন্তরালেও রাখি না ॥ ৩০ ॥

আভাস।

করিতেছে। এতদ্দর্শনে সেই আশ্রমে গমনার্থ রামচন্দ্রের নিতান্ত কৌতূহল জন্মিল। তিনি লক্ষ্মণকে তথায় প্রেরণ করতঃ নিজের উপস্থিত হইবার অনুমতি ঋষিবরের নিকট প্রার্থনা করিলেন। ঋষিবর ভরদ্বাজ এতৎ শ্রবণে শ্রীরামের আগমন প্রতীক্ষায় অতি আনন্দের সহিত অপেক্ষায় রহিলেন। কিন্তু শ্রীরামচন্দ্র যেমন আশ্রমে প্রবেশ করিলেন, তথায় উপস্থিত জন্তুগণ স্বজাত্যুক্ত স্বভাবের পরিচয়ে তৎক্ষণাৎ সকলে তথা হইতে প্রস্থান করিল। তৎদর্শনে শ্রীরাম দুঃখিত-চিত্তে মুনিবরকে তাহাদের প্রস্থানের কারণ জিজ্ঞাসা করায়, ভরদ্বাজ উত্তর করিলেন, রামচন্দ্র! এ আশ্রমে হিংসা-বৃত্তির অস্তিত্বই নাই। সুতরাং

শাঙ্করভাষ্যম্।

সর্ব্বভূতাত্মানং সর্ব্বত্র সর্ব্বেষু ভূতেষু পশ্যতি সর্ব্বঞ্চ ব্রহ্মাদিভূতজাতং ময়ি সর্ব্বাত্মনি পশ্যতি তস্যৈবমাত্মৈকত্বদর্শিনঃ অহমীশ্বরো ন প্রণশ্যামি ন পরোক্ষতাং গমিষ্যামি স চ মে ন প্রণশ্যতি স চ বিদ্বান্ মে মম বাসুদেবস্য ন প্রণশ্যতি ন পরোক্ষো

আনন্দগিরিকৃতটীকা।

বিভজতি যো মামিতি। তৎফলোক্তিভাগং ব্যাচষ্টে তস্যৈবমিতি। অনেকত্বদর্শিনোঽপীশ্বরো নিত্যত্বান্ন প্রণশ্যতীত্যাশঙ্ক্যাহ নেতি। অহং পরমানন্দো ন তং প্রতি পরোক্ষো ভবামীত্যর্থঃ। স চেত্যাদি ব্যাচষ্টে বিদ্বানিতি। বিদ্বানিবাবিদ্বানপীশ্বরস্য ন নশ্যতীত্যাশঙ্ক্যোক্তং নেত্যাদিনা। অবিদুষস্চ স্বরূপেণ সতোঽপি ব্যবহিতত্বাদবিদ্যয়া নষ্টপ্রায়তেত্যর্থঃ। ঈশ্বরস্য বিদুষস্চ পরস্পরমপরোক্ষত্বে হেতুমাহ তস্য চেতি। আত্মৈকত্বেঽপি কথং মিথোঽপরোক্ষত্বং তত্রাহ স্বাত্মেতি। বিদ্বদীশ্বরয়োরেকত্বাস্নু-

স্বামিকৃতটীকা।

এবম্ভূতাত্মজ্ঞানে চ সর্ব্বভূতাত্মতয়া মদুপাসনং মুখ্যং কারণমিত্যাহ যো মামিতি। মাং পরমেশ্বরং সর্ব্বত্র ভূতমাত্রে যঃ পশ্যতি সর্ব্বং চ প্রাণিমাত্রং ময়ি যঃ পশ্যতি তস্যাহং ন প্রণশ্যামি অদৃশ্যো ন ভবামি স চ মমাদৃশ্যো ন ভবতি প্রত্যক্ষো ভূত্বা কৃপাদৃষ্ট্যা তং বিলোক্যানুগৃহ্নামীত্যর্থঃ॥ ৩০॥

আভাস।

হিংসাপরতন্ত্র জীব এক্ষণে উপস্থিত হইলেও আশ্রমবাসী মুনিগণের সংস্রবে তাহারাও হিংসা-বৃত্তি ভুলিয়া সখ্যতা সূত্রে মিলিত হয়। কোন হিংস্র ব্যক্তির সমাগমে তাহাদের হিংসা বৃত্তির উদয়ে পরস্পরের মধ্যেও স্বজাতিনিষ্ঠ হিংসাবৃত্তির স্মরণ হইয়া থাকে। এক্ষণে তোমারই ভয়ে তাহারা সকলে পলায়ন করিয়াছে। তোমাকে দর্শন করিবার জন্য আমি অপেক্ষা করিতেছি, সত্য! কিন্তু তুমি মোক্ষদাতা হইলেও, সম্প্রতি রাবণ-বধার্থ হিংসা-বৃত্তি হৃদয়ে রাখিয়া অগ্রসর হইতেছ! সুতরাং তোমার সমাগমে তাহাদের পলায়ন কিছু অযথা হয় নাই। তুমি ভূভার-হারী ব্রহ্মণ্যদেব হইলেও, যখন যে কার্য্যের জন্য যেরূপ পরিচয় দাও, সামান্য জীব তোমার সেই ভাবেরই পরিচয় লাভে তদ্রূপ কার্য্য করিয়া থাকে। আমি তোমাকে বুঝি! তোমার সন্দর্শন লাভে আমার পারমার্থিক উপকার হইল বটে, কিন্তু সাধারণের তাহা নহে। অতএব যোগীর সমস্ত ব্রহ্মময় হৃদয়-ভাবের সংস্রবে জীব তদ্ভাব-ভাবাপন্ন হইয়া পড়ে; তাহাদের হিংসাবৃত্তি দূরে অপসারিত হইয়া,

সর্ব্বভূতস্থিতং যো মাং ভজত্যেকত্বমাস্থিতঃ।

অন্বয়ঃ।

যঃ জনঃ সর্ব্বভূতেষু স্থিতং মাং একত্বং অস্থিতঃ অভেদেন আস্থিতঃ আশ্রিতঃ

শাঙ্করভাষ্যম্।

ভবতি তস্য চ মম চৈকাত্মকত্বাৎ, স্বাত্মা হি নামাত্মনঃ প্রিয়এব ভবতি॥ ৩০॥

যস্মাচ্চাহমেব স সর্ব্বাত্মৈকত্বদর্শী ইত্যেতৎ পূর্ব্বশ্লোকার্থং সম্যগ্দর্শনমনূদ্য তৎ-

আনন্দগিরিকৃত-টীকা।

বাদেন বিদ্যাফলং বিবৃণোতি যস্মাচ্চেতি। তস্মাদেকত্বদর্শনার্থং প্রযতিতব্যমিতি শেষঃ॥ ৩০॥

পূর্ব্বার্দ্ধেনানূদ্যোত্তরার্দ্ধেন ফলবিধিরিতি মত্বাহ ইত্যেতদিতি। রাগাদি-রহিতস্য

যে ব্যক্তি সকল ভূতের অন্তরে এবং বাহিরে চির-বিদ্যমান আমার স্বরূপকে অবধারণ পূর্ব্বক নিজের অস্তিত্বকেও ভগবৎ সত্তায় চির-বিদ্যমান প্রত্যক্ষে প্রতীত করেন, তিনিই প্রকৃত যোগী এবং

আভাস।

প্রেমের পুলকে যোগীর প্রতি নিরীক্ষণ করিয়া থাকে। যোগীও বিশ্ব ব্রহ্মাণ্ডকে পরমাত্মশক্তিতে রচিত এবং তদন্তরস্থ স্থাবর জঙ্গমাত্মক পদার্থের অন্তরে অন্তর্যামী মূর্ত্তিতে পরমাত্মভাবকে নিরন্তর অবস্থিত অবলোকন করায়, কখন কোথায়ও ভগবদ্দর্শনে বঞ্চিত হয় না। বিদেশ হইতে প্রত্যাগত পুত্রকে পাইয়া, জননী যেমন তাহাকে বক্ষে ধারণ করত স্বয়ং আনন্দ পান এবং মুখচুম্বনাদির দ্বারা পুত্রকে আনন্দ প্রদান করেন, পূর্ণ পরমাত্মাও সংসার-কোলাহল হইতে প্রত্যাগত যোগীকে আত্ম-সমর্পণ পূর্ব্বক আনন্দের পরাকাষ্ঠা প্রদান করেন এবং সতত আত্মসন্নিধানে রাখিয়া আনন্দিত থাকেন॥ ২৯॥ ৩০॥

ছান্দোগ্য শ্রুতিতে উক্ত আছে, "সদেব সৌম্যেদমগ্র আসীৎ একমেবাদ্বিতীয়ং"; এই জগৎ-সংসার সৃষ্টির পূর্ব্বে অতি সূক্ষ্ম সৎশক্তিতে বিদ্যমান ছিল। অর্থাৎ একটী কড়াতে প্রথমত চিনির রস মাত্র ছিল, সেই উষ্ণ রস বিভিন্ন ছাঁচের আশ্রয়ে যেমন অনন্ত প্রকারের কঠিন পুত্তলিকাদি মঠের মূর্ত্তিতে প্রস্তুত হয়, সেইরূপ প্রকৃতি-পুরুষের অবিনাভাব-সম্বন্ধে পরিচিত পরম ব্রহ্মভাব হইতে এই বিচিত্র ব্রহ্মাণ্ড রচিত হইয়াছে। পুরুষ চৈতন্যস্বরূপ জ্ঞপ্তি ভাব মাত্র এবং প্রকৃতি অচেতন জড়-স্বভাব শক্তি-মাত্র। পুরুষও প্রকৃতির মধ্যে পরস্পরে কখন

সর্ব্বথা বর্ত্তমানোঽপি স যোগী ময়ি বর্ত্ততে ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

সন্ ভজতি সঃ যোগী সর্ব্বথা সর্ব্বপ্রকারেণ বর্ত্তমানঃ অপি ময়ি এব বর্ত্ততে অতঃ মুচ্যতে এব ন ভ্রশ্যতি ॥ ৩১ ॥

শাঙ্করভাষ্যম্।

ফলং মোক্ষোঽভিধীয়তে সর্ব্বেতি। সর্ব্বথা সর্ব্বপ্রকারৈর্ব্বর্ত্তমানোঽপি সম্যগ্দর্শী

আনন্দগিরিকৃতটীকা।

যমনিয়মাদিসংস্কারবতঃ স্বৈরপ্রবৃত্ত্যসম্ভবেঽপি তামঙ্গীকৃত্য জ্ঞানং স্তৌতি সর্ব্বথেতি।

---

সংসার-ক্ষেত্রে যে কোন ব্যবহারে তিনি জীবন-যাত্রা নির্ব্বাহ করুন, তাঁহার আমাতে আত্ম-সমর্পণ করাই রহিয়াছে। তাঁহারা মাতৃক্রোড়ে শয়ান শিশুর ন্যায়, ভগবৎ ক্রোড়ে শয়ান থাকিয়া, নিশ্চিন্তে ও নিরুদ্বেগে জীবদ্দশতেই মুক্তিসুখ অনুভব করিয়া থাকেন ॥ ৩১ ॥

আভাস।

বিভিন্ন হইতে পারেন না। এবং কখন পরস্পরের মিলনও হয় নাই। শক্তিও শক্তিমানের মিলন বা বিচ্ছেদ যেমন কখন কল্পনাতেও আসে না, সেইরূপ পুরুষ ও প্রকৃতির মিলন কখন হয় নাই এবং বিচ্ছেদও কখন ঘটিবে না। অতএব পূর্ণব্রহ্মের শক্তিভাগেই স্থূল সূক্ষ্মাদি ভেদে তত্ত্ব সমূহের উৎপত্তি হয়, যাহা পৃথিব্যাদি বস্তুর পরিচয়ে জ্ঞেয় বিষয়-নামে তোমার আমার নিকট অভিহিত হইতেছে; এবং পুরুষও চৈতন্যস্বরূপ জ্ঞাতা নামে অভিহিত হইতেছে। এই জ্ঞাতা ও জ্ঞেয় ভাবে যদিও উভয়ের ব্যাপার পৃথক্ ভাবে প্রতীত হয়, তথাপি সম্পূর্ণ পৃথক্ ভাবে কেহ কখন অবস্থান করেন না; চিরকালই অবিনাভাব সম্পর্কে উভয়ে পরস্পরের আশ্রয়ে চির-বিদ্যমান রহিয়াছেন। তবে শক্তির উৎকর্ষে জ্ঞেয়-ভাব যখন স্থূষ্ট জগৎ-রূপে পরিণত এবং অবভাসিত হয়, তখন জ্ঞাতা চৈতন্য পুরুষ-মূর্ত্তিতে অর্থাৎ অন্তর্নিহিত সাক্ষী ভাবে ও নিয়ন্তার বেশে অবস্থান করেন। আবার চৈতন্যের উৎকর্ষে জ্ঞেয়া প্রকৃতি স্থূল-মূর্ত্তির বিপরিণামে উত্তরোত্তর লীন হইয়া, কেবল শক্তিরূপে চৈতন্যের অন্তরে অবস্থান করেন; তখনই প্রলয়। প্রকৃতির প্রশ্রয়ে সৃষ্টি; এবং চৈতন্যের প্রশ্রয়ে প্রলয়। প্রকৃতির প্রকর্ষে সংসার এবং পুরুষের অর্থাৎ চৈতন্য-স্বরূপের প্রকর্ষে মুক্তি। এস্থলে পাঠকবর্গের অবধারণ করা কর্ত্তব্য যে, উভয় চৈতন্য-স্বরূপ বা জড় প্রকৃতি-স্বরূপের যতই উৎকর্ষ হউক না, পরস্পরের

শাঙ্করভাষ্যম্।

যোগী ময়ি বৈষ্ণবে পরমে পদে বর্ত্ততে নিত্যমুক্ত এব সঃ ন মোক্ষং প্রতি কেনচিৎ প্রতিবধ্যত ইত্যর্থঃ ॥ ৩১ ॥

আনন্দগিরিকৃতটীকা।

প্রতিভাবতোঽপি যথেষ্টচেষ্টাঙ্গীকারে কুতো জ্ঞানবতো নিত্যমুক্তত্বং প্রাতীতিক-দুরাচার-প্রতিবন্ধাদিত্যাশঙ্ক্যাহ ন মোক্ষমিতি ॥ ৩১ ॥

স্বামিকৃতটীকা।

ন চৈবং ভূতো বিধিকিঙ্করঃ স্যাদিত্যাহ সর্ব্বভূতস্থিতমিতি। সর্ব্বভূতেষু স্থিতং মামভেদমাস্থিত আশ্রিতো যো ভজতি স যোগী জ্ঞানী সন্ সর্ব্বথা কর্ম্মপরিত্যাগেনাপি বর্ত্তমানো ময্যেব বর্ত্ততে মুচ্যতে ন তু ভ্রশ্যতীত্যর্থঃ ॥ ৩১ ॥

আভাস।

অবিনাভাবের সম্বন্ধ কখনই বিচ্যুত হয় না। আমরা বুঝিয়া করি এবং করিয়া বুঝি ; এই উভয় ভাবই উভয়ের মিলিত ভাবেই ঘটে। বুঝিবার সময় জ্ঞানের ক্রিয়ার জন্য কিছু আশ্রয়ের প্রয়োজন ! অঙ্গার ( কয়লাদির ) আশ্রয় ব্যতীত যেমন অগ্নির প্রকাশ-মূর্ত্তি হয় না, সেইরূপ আমার কিছু সম্বন্ধ ব্যতীত, অমি-ভাবের উপলব্ধি হয় না। সেইরূপ অতি সূক্ষ্ম অন্তরঙ্গ ভাবে বিদ্যমান নিজ শক্তির আশ্রয় ব্যতীত, কেবল চৈতন্য-স্বরূপের প্রকাশ-জ্ঞান বা বুদ্ধিক্রিয়ার পরিচয় হয় না। এদিকে কেবল জড়া প্রকৃতিতেও কোন পরিণামাদি ক্রিয়ার উদ্দীপন হইতে পারে না, যদি চিৎ-স্বরূপের বুঝাভাব প্রবাহ-মূর্ত্তিতে শক্তির সহিত অবিনাভাবে সংলগ্ন না থাকে।

অতএব ক্ষিতি বা পাষাণ প্রভৃতি যতই জড়-পদার্থ আমরা দেখি বা ভাবি, সকলের অন্তরে সাক্ষী ও নিয়ন্তা-মূর্ত্তিতে চৈতন্যভাব চির-বিদ্যমান আছেন এবং বুদ্ধি বা বিজ্ঞান-নামে যতই সূক্ষ্ম জ্ঞানের কল্পনা আমরা করি, সে জ্ঞান বা ধারণা প্রভৃতি চিৎবিকাশের কার্য্যে অন্তর্নিহিত জড়াশক্তিও সূক্ষ্মবেশে নিরন্তর অন্তরে বিদ্যমান আছে। অতএব সামশ্রুতি ছান্দোগ্যের উক্তি অনুসারে পরমব্রহ্মকে এক ও অদ্বিতীয় বলিয়া প্রতিপাদিত হইলেও, মানবের চিত্তে তাঁহার প্রকৃত স্বরূপ অপরোক্ষ ভাবে উপলব্ধ হয় না ; এবং এক ভাব হইতে চিৎজড়াত্মক দ্বিবিধ সৃষ্টিরও সামঞ্জস্য থাকে না। সুতরাং আদি জ্ঞানবান্ কপিলদেব তাঁহার দর্শন-শাস্ত্রে এই পরম ব্রহ্মস্বরূপের অন্তরেই জ্ঞেয় এবং জ্ঞাতাভাবে দুইটী ভাবের নিরূপণ একত্র করিয়াছেন। এই উভয় ভাবের একত্ব সমাবেশই যে পূর্ণ পরমাত্মা, তাহা

আভাস।

আর্য্য ঋষিগণের বেদ, পুরাণ, স্মৃতি, ইতিহাস এবং গূঢ় কর্ম্মতত্ত্ব-ব্যঞ্জক তন্ত্রাদিতেও যথেষ্ট প্রমাণীকৃত হইয়াছে। এই মীমাংসায় যে কেবল মানব-চিত্তে পরম ব্রহ্ম ভাব অনুভব-যোগ্য হইয়াছে তাহা নহে; ধর্ম্ম-জগতে এই মীমাংসাই সর্ব্বোচ্চ স্থান প্রাপ্ত হইয়া, ভাবুক-হৃদয়ে শান্তিলাভের মীমাংসা হইয়াছে। এই পূর্ণব্রহ্ম স্বরূপকেই ভগবান্ শ্রীকৃষ্ণ "মাং" বলিয়া স্ব স্বরূপের উল্লেখ করিয়াছেন।

যেমন তুমি আমি নিজের অপ্রতিহত আত্মভাবে চির-বিদ্যমান থাকিয়াও, পুত্রের প্রয়োজন-মূলক আহ্বান-ধ্বনি "বাবা" শব্দ শুনিয়া, আমরা পিতৃ ভাবে পরিণত হই এবং "কেন বাবা? এই যে আমি আসিয়াছি; তোমার কি প্রয়োজন বল? আমি দিব" বলিয়া উত্তর প্রদান করি এবং পিতা হইয়া দাঁড়াই, সেইরূপ কংসাদি দুর্ব্বিনীত দুষ্টের দলনে বিহ্বল-প্রাণ সাধুগণের বুক-ভরা "প্রাণবল্লভ ও ভক্তবাঞ্ছাকল্পতরু এবং নারায়ণ প্রভৃতি পবিত্র শব্দের উচ্চারণ শ্রবণে জগৎপতি জনার্দ্দন কৃষ্ণ-বেশে দেখা দিয়া নিকটবর্ত্তী হইয়াছেন। তাহাতে তাঁহার প্রকৃত পূর্ণব্রহ্ম পরমাত্ম ভাবের যে কোন ব্যাঘাত হয় নাই, তাহারই পরিচয়ার্থ শ্রীকৃষ্ণ বলিয়াছেন, "সর্ব্বভূত-স্থিতং যো মাং ভজতি"। আমি শ্রীকৃষ্ণ ভাবে তোমার সমীপে উপনীত হইলেও, নিজের ব্রহ্মময় ভাবের কোন বৈলক্ষণ্য বা সংকোচন করা হয় নাই। আমার স্বীয় শক্তি প্রকৃতির গর্ভে এই বিশ্ব সংসার বিচিত্র বেশে প্রস্তুত এবং আমি সর্ব্বজ্ঞ ও সর্ব্বশক্তিমান্ মূর্ত্তিতে সেই সকলের অন্তরে এবং বাহিরে সঞ্চার করিতেছি! এই বিশ্ব মূর্ত্তির কেন্দ্রস্থান আমাকে যে যোগী স্বকীয় আত্মানুভূতির অনুকরণে সমগ্র ব্রহ্মাণ্ডের অন্তর্বহিঃ অনুভবকারী চিদানন্দ-বিগ্রহবেশে অবধারণ করিতে পারেন, তিনিই সংসারের অতীত পরম জ্ঞানবান্ এবং চির-সুখী বলিয়া প্রতিপন্ন!॥ ৩১ ॥

শুন অর্জ্জুন! পূর্ব্বোক্ত যোগে পূর্ণ অধিকার লাভে স্বয়ং কৃতার্থ হইলেই যে তাঁহার জন্ম সুসম্পন্ন হইল, তাহা নহে। কারণ জন্মগ্রহণ করিলেই যেমন নিজের সুখসম্পদাদির প্রতিপাদন প্রয়োজন, আবার যাঁহার প্রসাদে এতাদৃশ ভৌতিক দেহ এবং ভোগ লাভে পরিতৃপ্ত হইয়াছি, সেই জগজ্জীবনের সৃষ্টি কার্য্যে আমার দ্বারা কি আনুকূল্য সাধিত হইল, তৎপ্রতি বিশেষ দৃষ্টি করা প্রয়োজন। লতা পাদপাদি উদ্ভিদ্ দেহ প্রাপ্ত হইয়াও কেহত নীরবে জগৎ হইতে প্রস্থান করে না! সকলেই যখন স্ব স্ব সামর্থ্য অনুসারে ফল পুষ্প পত্র ছায়া, এমন কি! দেহ পর্য্যন্ত বিতরণে সৃষ্টি কার্য্যের আনুকূল্য করিয়া, কৃতার্থের ন্যায় প্রস্থান

আত্মৌপম্যেন সর্ব্বত্র সমং পশ্যতি যোঽর্জ্জুন।

অন্বয়ঃ।

হে অর্জ্জুন! যঃ জনঃ সর্ব্বত্র সর্ব্বভূতেষু আত্মৌপম্যেন (আত্মা স্বয়মেব

শাঙ্করভাষ্যম্।

কিঞ্চান্যৎ আত্মেতি। আত্মৌপম্যেন আত্মা স্বয়মেব উপমীয়ত ইতি উপমা তস্যাঃ উপমায়াঃ ভাব ঔপম্যং তেন আত্মৌপম্যেন সর্ব্বত্র সর্ব্বভূতেষু সমং তুল্যং পশ্যতি যোঽর্জুন স চ কিং সমং পশ্যতীত্যুচ্যতে যথা মম সুখমিষ্টং তথা সর্ব্বপ্রাণিনাং সুখমনুকূলং বাশব্দশ্চার্থে যদি বা যচ্চ দুঃখং মম প্রতিকূলমনিষ্টং যথা

আনন্দগিরিকৃতটীকা।

স্বৈরাচরণস্যাপ্রতিবন্ধকত্বকথনাৎ পরপীড়নস্য যোগিনঃ সম্যগ্দর্শনং প্রতি অপ্রতিবন্ধকত্বপ্রসক্তাবুক্তং কিঞ্চেতি। অন্যদপি কিঞ্চিদুচ্যতে, পরমযোগিনো নির্দ্দেশ-দ্বারা যোগমাহাত্ম্যমিত্যর্থঃ। উপমৈবৌপম্যম্, আত্মা চ তদৌপম্যঞ্চ তেন

---

দেখ অর্জ্জুন! ব্যবহারিক জীবনে যে ব্যক্তি আপনার অর্থাৎ নিজের তুলনায় পরের সুখদুঃখের প্রতি তুল্যদৃষ্টিতে সকল অবস্থাতে

আভাস।

করিতেছে! তখন মানব-মূর্ত্তিতে জন্ম পরিগ্রহ করত জ্ঞান-বিজ্ঞান-সম্পন্ন হইয়া, যদি আপনার উপকারের অনুপাতে জীবের উপকার সাধন করা না হয়, সৃষ্টিকর্ত্তার প্রিয়পাত্র হওয়া অসম্ভব হইবে। অতএব নিজের সুখ বা দুঃখের তুলনায়, পরের প্রতি দৃষ্টি করত, তাহাদের উপকার সাধনে যাঁহারা কৃতকার্য্য হন, তাঁহারাই ভগবানের অভিমত প্রিয়পাত্র সন্দেহ নাই। কেবল নিজে ধনী মানী ও জ্ঞানী হইলে, প্রকৃত কৃতার্থ হওয়া যায় না! যে যে পদার্থ বা যোগ্যতা লাভে নিজে কৃতী বলিয়া মনে হয়, সেই সকলগুলি অন্যের উপলক্ষে নিয়োগ করিলে, অধিকতর আনন্দ লাভ হয়। অন্যান্য সুখপ্রদ বস্তুর কথা দূরে থাকুক্! ঋষিগণ নিজেরা মুক্তিলাভেও তাদৃশ আনন্দ অনুভব করেন নাই, যাদৃশ আনন্দ তাঁহারা অন্যকে মুক্ত করিয়া প্রাপ্ত হইয়াছিলেন। অতএব নিজের নিমিত্ত সংগ্রহকে প্রকৃত সংগ্রহ বলা হয় না; যে কোন বস্তু পরকে দান করাই প্রকৃত সংগ্রহ। অতএব অর্জ্জুন! নিজে যোগ্য হইয়া, পরকে যোগ্য করাই মনুষ্য জীবনের প্রধান ধর্ম্ম! শাস্ত্র বলেন "প্রাণা যথাত্মনোঽভীষ্টা ভূতানামপি তে তথা। আত্মৌপম্যেন ভূতানাং দয়াং কুর্ব্বন্তি সাধবঃ॥ প্রকৃত প্রস্তাবে সচ্চরিত্র সাধু ব্যক্তিগণ নিজের প্রাণকে যেমন প্রিয় জ্ঞান করেন, অপরের প্রাণকেও তাহার পক্ষে সেইরূপ প্রিয় বলিয়া

সুখং বা যদি বা দুঃখং স যোগী পরমো মতঃ ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

উপমা যস্যাঃ তস্যা উপমায়াঃ ভাবঃ এব ঔপম্যং তেন স্বসাদৃশ্যেন ) সমং তুল্যং সুখং দুঃখং বা পশ্যতি সঃ যোগী পরমঃ উৎকৃষ্টঃ মতঃ অভিপ্রেতঃ ॥ ৩২ ॥

শাঙ্করভাষ্যম্।

তথা সর্ব্বপ্রাণিনাং দুঃখমনিষ্টং প্রতিকূলমিত্যেবমাত্মৌপম্যেন সুখদুঃখে অনুকূল-প্রতিকূলে তুল্যতয়া সর্ব্বভূতেষু সমং পশ্যতি ন কস্যচিৎ প্রতিকূলমাচরত্যহিংসক ইত্যর্থঃ, য এবমহিংসকঃ সম্যগ্দর্শননিষ্ঠঃ স যোগী পরম উৎকৃষ্টো মতোঽভিপ্রেতঃ সর্ব্বযোগিনাং মধ্যে ॥ ৩২ ॥

আনন্দগিরিকৃতটীকা।

সর্ব্বভূতেষু যঃ সমং পশ্যতীত্যুক্তে তদেব সমদর্শনং প্রশ্নপূর্ব্বকং বিবৃণোতি কিমিত্যাদিনা। বিকল্পার্থত্বং বারয়তি বাশব্দ ইতি। উপদর্শিত-সমদর্শনফলমভিলপতি ন কস্যচিদিতি। কিমপেক্ষয়া তস্য পরমত্বং তত্রাহ সর্ব্বেতি ॥ ৩২ ॥

স্বামিকৃতটীকা।

এবঞ্চ মাং ভজতাং যোগিনাং মধ্যে সর্ব্বভূতানুকম্পী শ্রেষ্ঠ ইত্যাহ আত্মৌপম্যেনেতি। আত্মৌপম্যেন স্বসাদৃশ্যেন যথা মম সুখং প্রিয়ং দুঃখঞ্চাপ্রিয়ং তথান্যেষামপীতি সর্ব্বত্র সমং পশ্যন্ সুখমেব সর্ব্বেষাং যো বাঞ্ছতি ন তু কস্যাপি দুঃখং স যোগী শ্রেষ্ঠো মমাভিমত ইত্যর্থঃ ॥ ৩২ ॥

---

অবলোকন করে, আমি তাহাকে পরম যোগী বলিয়া জ্ঞান করিয়া থাকি ॥ ৩২ ॥

আভাস

ধারণা করত নিজের মত পরের প্রতি সদ্ব্যবহার করিতে কখন ত্রুটি করেন না; সুতরাং জীবের প্রতি দয়ার পরিচয় দেওয়া যোগী মাত্রেরই অবশ্য কর্ত্তব্য। যোগে সমাহিত থাকাই যোগীর সংসার হইতে অবসর বা নিদ্রা; এবং সমাধি ত্যাগে জগৎ জনের উপকারে ব্যাপৃত থাকাই তাঁহার জীবনের সংসার ব্যাপার ॥ ৩২ ॥

অর্জ্জুনউবাচ—

যোঽয়ং যোগ স্ত্বয়া প্রোক্তঃ সাম্যেন মধুসূদন।
এতস্যাহং ন পশ্যামি চঞ্চলত্বাৎ স্থিতিং স্থিরাম্॥ ৩৩॥

অন্বয়ঃ।

অর্জ্জুনঃ উবাচ। হে মধুসূদন! সাম্যেন চিত্তোপশমেন সম্পাদ্যঃ যঃ যোগঃ অয়ং ত্বয়া প্রোক্তঃ এতস্য স্থিরাং স্থিতিং বিদ্যমানতাং (মনসঃ) চঞ্চলত্বাৎ অহং ন পশ্যামি॥ ৩৩॥

শাঙ্করভাষ্যম্।

এতস্য যথোক্তস্য সম্যগ্দর্শনলক্ষণস্য যোগস্য দুঃসম্পাদ্যতামালক্ষ্য শুশ্রূষুঃ ধ্রুবং তৎপ্রাপ্ত্যুপায়মর্জুন উবাচ যোঽয়মিতি। যোঽয়ং যোগ স্ত্বয়া প্রোক্তঃ সাম্যেন·

আনন্দগিরিকৃতটীকা।

মনশ্চঞ্চলমস্থিরমিত্যুপশ্রুত্য নির্ব্বিশেষে চিত্তস্থৈর্য্যং দুঃশকমিতি মন্বানস্তদুপায়-বুভুৎসয়া পৃচ্ছতীতি প্রশ্নমুত্থাপয়তি এতস্যেতি। তৎপ্রাপ্ত্যুপায়ং শুশ্রূষুরিতি সম্বন্ধঃ.

স্বামিকৃতটীকা।

উক্তলক্ষণস্য যোগস্যাসম্ভবং মন্বানোঽর্জুন উবাচ যোঽয়মিতি। সাম্যেন· মনসো লয়বিক্ষেপশূন্যতয়া কেবলাত্মাকারাবস্থানেন যোঽয়ং যোগস্ত্বয়া প্রোক্ত এতস্য যোগস্য স্থিরাং দীর্ঘকালাং স্থিতিং ন পশ্যামি মনসশ্চঞ্চলত্বাৎ॥ ৩৩॥

---

অর্জ্জুন বলিলেন, হে মধুসূদন? বিষয়-চিন্তার বিসর্জ্জনে চিত্ত সাম্যভাবের আশ্রয়ে যে যোগের উপদেশ আমাকে আপনি প্রদান করিলেন, হৃদয়ের উৎকট চাঞ্চল্য নিবন্ধন তাদৃশ যোগকে কার্য্যে আনয়ন করা নিতান্ত অসম্ভব বলিয়াই আমার মনে ধারণা হই-তেছে। ৩৩॥

আভাস।

আত্মজ্ঞান পূর্ব্বক পরমাত্মজ্ঞানে সমাহিত হইবার অলৌকিক মহিমা এবং পরমানন্দের বার্ত্তা শ্রবণে অর্জ্জুন উৎসাহান্বিত হইলেন বটে, কিন্তু কোন্ উপায়ে তিনি তাহা আয়ত্ত করিতে পারেন, তজ্জন্য বিশেষ উৎকণ্ঠিত হইলেন। কারণ তিনি ভাবিলেন যে, শ্রীকৃষ্ণ বাক্যে যত সহজে ব্যক্ত করিলেন, অভ্যাসে তাহা

চঞ্চলং হি মনঃ কৃষ্ণ প্রমাথি বলবদ্দৃঢ়ম্।
তস্যাহং নিগ্রহং মন্যে বায়োরিব সুদুষ্করম্॥ ৩৪॥

অন্বয়ঃ।

হে কৃষ্ণ! হি যতঃ মনঃ চিত্তং চঞ্চলং চপলং, প্রমাথি প্রমথনশীলং, বলবৎ নিয়ন্তুমশক্যং তথা দৃঢ়ং দুর্ভেদ্যং চ অতঃ বায়োঃ নিগ্রহমিব তস্য মনসঃ নিগ্রহং নিরোধং সুদুষ্করং কর্ত্তুং অশক্যং ইত্যহং মন্যে॥ ৩৪॥

শাঙ্করভাষ্যম্।

সমত্বেন হে মধুসূদন এতস্য যোগস্যাহং ন পশ্যামি নোপলভে চঞ্চলত্বান্মনসঃ কিং স্থিরামচলাং স্থিতিং প্রসিদ্ধমেতৎ॥ ৩৩॥

চঞ্চলমিতি। চঞ্চলং হি মনঃ কৃষ্ণ ইতি কৃষতের্বিলেখনার্থস্য রূপং ভক্তজন-পাপাদিদোষাকর্ষণাৎ কৃষ্ণ, হি যস্মান্মনঃ চঞ্চলং ন কেবলমত্যর্থং চঞ্চলং প্রমাথি চ

আনন্দগিরিকৃতটীকা।

মনসশ্চঞ্চলত্বেঽপি তন্নিগ্রহদ্বারা যোগৈশ্বর্য্যং সম্পাদ্যতামিত্যাশঙ্ক্যাহ এতস্যেতি প্রসিদ্ধমিতি সম্বন্ধঃ॥ ৩৩॥

মনসশ্চঞ্চলত্বেঽপি কৃষ্ণপদপরিনিষ্পত্তিপ্রকারং সূচয়তি কৃষেরিতি। কথং কর্ষকত্ব-মাপ্তকামস্য ভগবতঃ সম্ভবতীত্যাশঙ্ক্যাহ ভক্তেতি। ঐহিকামুষ্মিকসর্ব্বসম্পদামা-

কারণ হে শ্রীকৃষ্ণ! মন যে কেবল নিজেই চঞ্চল, তাহা নহে; মন দেহকে এবং ইন্দ্রিয়-গ্রামকেও চঞ্চল করিয়া তুলে। বিষয়-বাসনাতে মন এতই পরিপুষ্ট যে, আকাশ-পথে প্রচণ্ড-বেগে গমন-শীল বায়ুর গতিকে শান্ত করা যেমন অসম্ভব, মনের গতিকে রোধ করা তদপেক্ষা কোন অংশে ন্যূন নহে” সুতরাং মনের নিবৃত্তি একান্ত অসম্ভব বলিয়াই আমার ধারণা হইতেছে॥ ৩৪॥

আভাস।

আনয়ন করা বড়ই দুরূহ। কারণ যাহাকে বশীভূত করিতে পারিলে, সকল মনস্কামনা পূর্ণ হয়, সে মন অতীব চঞ্চল; তাহাকে অচল বা স্থির করা সম্পূর্ণ অসম্ভব!॥ ৩৩॥

অর্জ্জুন ভগবানকে হে শ্রীকৃষ্ণ! বলিয়া সম্বোধন করত মনোগত অভিপ্রায় প্রকাশ করিয়াছেন যে, হে দীনবন্ধো! ভক্তের অন্তরস্থ পাপাদি বৃত্তি কর্ষণ

শাঙ্করভাষ্যম্।

প্রমথনশীলং প্রমথ্নাতি শরীরমিন্দ্রিয়াণি চ বিক্ষিপতি পরবশীকরোতি কিঞ্চ বলবৎ প্রবলং ন কেনচিন্নিয়ন্তুং শক্যং দুর্নিবারত্বাৎ কিঞ্চ দৃঢ়ং তন্তুনাগবদচ্ছেদ্যং তস্যৈবম্ভূতস্য মনসোঽহং নিগ্রহং রোধং মন্যে বায়োরিব যথা বায়োর্দুষ্করো নিগ্রহস্ততোঽপি মনসো দুষ্করো মন্য ইত্যভিপ্রায়ঃ ॥ ৩৪ ॥

আনন্দগিরিকৃতটীকা।

কর্ষণশীলত্বাচ্চেতি দ্রষ্টব্যম্। প্রমথ্নাতি ক্ষোভয়তি। তদেব ক্ষোভকত্বং প্রকটয়তি বিক্ষিপতীতি। দুর্নিবারত্বমভিপ্রেত্যাদ্ বিষয়াদাক্রষ্টুমশক্যত্বং বিশেষণান্তরমাহ কিঞ্চেতি। অচ্ছেদ্যত্বং বিশেষণান্তরমাহ কিঞ্চ দৃঢ়মিতি। তন্তুনাগো বরুণপাশশব্দিতো জলচারী পদার্থোঽত্যন্তদৃঢ়তয়া ছেত্তুমশক্যত্বেন প্রসিদ্ধো বিবক্ষিতঃ। বায়োরিবেত্যুক্তং ব্যনক্তি যথেতি ॥ ৩৪ ॥

স্বামিকৃতটীকা।

এতৎ স্ফুটয়তি চঞ্চলমিতি। চঞ্চলং স্বভাবেনৈব চপলং, কিঞ্চ প্রমাথি প্রথমনশীলং দেহেন্দ্রিয়ক্ষোভকরমিত্যর্থঃ, কিঞ্চ বলবদ্বিচারেণাপি জেতুমশক্যং কিঞ্চ দৃঢ়ং বিষয়বাসনানুবন্ধতয়া দুর্ভেদ্যং অতো যথাকাশে দোধূয়মানস্য বায়োঃ কুম্ভাদিষু নিরোধনমশক্যং তথাহং তস্য মনসো নিগ্রহং নিরোধং সুদুষ্করং সর্ব্বথা কর্ত্তুমশক্যং মন্যে ॥ ৩৪ ॥

আভাস।

করিয়া পরিত্যাগ করাও বলিয়াই, অপূর্ব্ব কৃষ্ণ নাম তুমি গ্রহণ করিয়াছ! কিন্তু এই মনকে ত আমি গঠন করি নাই; তুমিই ত ইহাকে আমার হৃদয়-পিঞ্জরে বসাইয়াছ! কিন্তু কেন যে এত চঞ্চল করিয়াছ, তাহা তুমিই জান! কোন ভোগ্য পাইয়াও ত চিত্ত স্থির হইতে চায় না! কি যেন, কাহার উদ্দেশে এক পদার্থ ছাড়িয়া অন্য ভোগ্যের অভিমুখে ধাবিত হইতেছে! এই চাঞ্চল্যটী তাহার গুণ কি দোষ, তাহা এপর্য্যন্ত ধারণা করিতে পারিলাম না! অথচ হে প্রভো! তুমি তাহাকে অচল করিতে উপদেশ দিতেছ। কিন্তু স্ত্রীপুত্র ও ধন রত্নাদিতে যদি চিত্ত বা মন অচল হয়, তাহা হইলে, অধঃপতনের আর কোন সন্দেহই নাই! সুতরাং সে সকল বিষয়ে নিমগ্ন করত অচল করিলে চলিবে না! অথচ বিজ্ঞান বলে ভোগের দোষ দেখাইয়া যে তাহাকে অচল করিব, তাহারও কোন উপায় দেখি না! কারণ দেহাদিতে প্রয়োজনের বেগ উঠাইয়া, প্রারব্ধ-ফলে তাদৃশ ভোগ্যও সম্মুখে উপস্থিত হইলে, মানব কোন উপায়ে আত্ম-

অসংশয়ং মহাবাহো মনো দুর্নিগ্রহং চলম্।
অভ্যাসেন তু কৌন্তেয় বৈরাগ্যেণ চ গৃহ্যতে ॥ ৩৫ ॥

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ! হে মহাবাহো! মনঃ হি দুর্নিগ্রহং তথা চলং ইতি যৎ বদসি তৎ অসংশয়ং এব! তু কিন্তু হে কৌন্তেয়! বৈরাগ্যেণ তৎপূর্ব্বকেন অভ্যাসেন তৎ মনঃ গৃহ্যতে নিরুধ্যতে ॥ ৩৫ ॥

শাঙ্করভাষ্যম্।

শ্রীভগবানুবাচ এবমেতদ্ যথা ব্রবীষি অসংশয়ং নাস্তি সংশয়ো মনো দুর্নিগ্রহং চঞ্চলমিত্যত্র হে মহাবাহো কিন্তু অভ্যাসেন তু অভ্যাসো নাম চিত্তভূমৌ কস্যাঞ্চিৎ

আনন্দগিরিকৃতটীকা।

প্রশ্নমঙ্গীকৃত্য প্রতিবচনমুথাপয়তি শ্রীভগবানিতি। কুত্র সংশয়রাহিত্যং তত্রাহ মন ইতি। কথং তর্হি মনোনিরোধো ভবতি তত্রাহ কিন্ত্বিতি। অভ্যাসস্বরূপং সামান্যেন নিদর্শয়তি অভ্যাসো নামেতি। কস্যাঞ্চিচ্চিত্তভূমাবিত্যবিশেষিতো ধ্যেয়ো বিষয়ো নির্দ্দিশ্যতে, সমানপ্রত্যয়াবৃত্তি র্বিজাতীয়প্রত্যয়ানন্তরিতেতি শেষঃ। চিত্ত-

---

এতদুত্তরে ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন, হে মহাবাহো! মন যে নিতান্ত চঞ্চল এবং তাহার নিগ্রহ করা অতীব দুরূহ, সে বিষয়ে আর সন্দেহ নাই; কিন্তু মানবের অসাধ্য কিছুই নাই! হে কুন্তি-পুত্র! অভ্যাস এবং বৈরাগ্যবলে সে মনেরও নিরোধ করা সুগম হইয়া যায় ॥ ৩৫ ॥

আভাস।

সম্বরণ করত, মনকে নিরস্ত করিতে পারে না। প্রবল ঝটিকার বেগ যেমন কোন উপায়ে নিবারিত হয় না, মনের বেগও সম্বরণ করা মানবের পক্ষে সেইরূপ দুঃসাধ্য হইয়া পড়ে ॥ ৩৪ ॥

এতদুত্তরে ভগবান্ বলিয়াছেন যে, অর্জ্জুন! তোমার আশঙ্কা অযথা নহে; মন প্রকৃতই চঞ্চল বটে। তাহাকে সহজে নিবৃত্ত রাখা যায় না। সে কোন বিষয়ে স্থির থাকিতে চাহে না; ব্যাকুল ভাবে এক বিষয় হইতে অন্য বিষয়ে আরাম লাভের প্রত্যাশায় নিরন্তর ধাবিত হয়, সত্য! কিন্তু যদি মনকে অবিচারিত ভাবে নিরন্তর ধাবিত হইতে প্রশ্রয় দেওয়া হয়, তাহা হইলে, তাহার এইরূপ ধাবিত

### শাঙ্করভাষ্যম্।

সমানপ্রত্যয়াবৃত্তিশ্চিত্তস্য, বৈরাগ্যং নাম দৃষ্টাদৃষ্টেষু ভোগেষু দোষদর্শনাভ্যাসাৎ বৈতৃষ্ণ্যং বিষয়েষু বিতৃষ্ণাং বৈরাগ্যং তেন চ বৈরাগ্যেণ গৃহ্যতে, বিক্ষেপরূপঃ প্রচারশ্চিত্তস্যৈবং তন্মনো গৃহ্যতে নিরুধ্যত ইত্যর্থঃ॥ ৩৫॥

### আনন্দগিরিকৃতটীকা।

স্যেতি ষষ্ঠী প্রত্যয়স্য তদ্বিকারত্বদ্যোতনার্থম্। বৈরাগ্যস্বরূপং নিরূপয়তি বৈরাগ্যমিতি। তেষু বৈতৃষ্ণ্যং বৈরাগ্যং নামেতি সম্বন্ধঃ। তত্র হেতুং সূচয়তি দোষেতি। বিষয়েষু বিতৃষ্ণা বিষয়েষু দোষদর্শনমভ্যস্যতে তেন বৈতৃষ্ণ্যং জায়তে। তেন নিগৃহ্যমাণং নির্দিশতি বিক্ষেপেতি। তস্মিন্ গৃহীতে নিরুদ্ধে মনোনিরোধেঽস্য কিং স্যাদিত্যপেক্ষয়ামাহ এবমিতি। অভ্যাস-হেতুক-বৈরাগ্য-দ্বারা চিত্তপ্রচারনিরোধে নিরুদ্ধ-বৃত্তিকং মনো বিষয়-বিমুখমন্তর্নিষ্ঠং ভবতীত্যর্থঃ॥ ৩৫॥

### স্বামিকৃতটীকা।

তদুক্তং চঞ্চলাদিকমঙ্গীকৃত্যৈব মনোনিগ্রহোপায়ং শ্রীভগবানুবাচ অসংশয়মিতি। চঞ্চলত্বাদিনা মনো নিরোদ্ধুমশক্যমিতি যদ্বদসি এতন্নিঃসংশয়মেব তথাপি তু অভ্যাসেন পরমাত্মাকারয়া বৃত্ত্যা বিষয়বৈতৃষ্ণ্যেন চ গৃহ্যতে, অভ্যাসেন লয়প্রতিবন্ধাদ্বৈরাগ্যেণ চ বিক্ষেপ-প্রতিবন্ধাদুপরতবৃত্তিকং সৎ পরমাত্মাকারেণ পরিণতং তিষ্ঠতীত্যর্থঃ, তদুক্তং যোগশাস্ত্রে, মনসো বৃত্তিশূন্যস্য ব্রহ্মাকারতয়া স্থিতিঃ। যাসংপ্রজ্ঞাতনামাসৌ সমাধিরভিধীয়ত ইতি॥ ৩৫॥

### আভাস।

হইবার অভ্যাস মজ্জাগত হইয়া যাইবে; কোন বিষয়েই সে স্থির হইতে পারিবে না। তাহার এই অভ্যাসটীকে নষ্ট করিতে হইলে, তাহাকে জিজ্ঞাসা করিতে হইবে যে, সে কেন একটী বিষয় ধরিল এবং কেনই বা তাহা অকস্মাৎ ত্যাগ করিল? তদুত্তরে মন বলিবে যে, যে আনন্দ লাভের জন্য আসিয়াছিল, সে আনন্দ না পাওয়াতেই তাহা পরিত্যাগ করিয়াছে। তখন তাহাকে বলিতে হইবে যে, আনন্দ যে পাইলে না কেন এবং তাহার দোষ আর কি কি আছে, তাহার কিছু অন্বেষণ করিয়াছ কি? কেবল হটকারিতার সহিত গ্রহণ এবং ত্যাগ করিয়াই যদি কাল অতিবাহিত করা হয়, তাহা হইলে সমস্ত জীবনেও ত তোমার উদ্দেশ্য সাধন হইবে না। অতএব যে উদ্দেশ্যে কোন বিষয়কে একবার গ্রহণ করা হইল, ধৈর্য্য সহকারে তাহার দোষগুণের প্রতি দৃষ্টি করিয়া, পরে তাহাকে ত্যাগ

অসংযতাত্মনা যোগো দুষ্প্রাপ ইতি মে মতিঃ।
বশ্যাত্মনা তু যততা শক্যোঽবাপ্তুমুপায়তঃ॥ ৩৬॥

অন্বয়ঃ।

অসংযতাত্মনা (ন সংযতঃ আত্মা অন্তঃকরণং যস্য তেন) জনেন যোগঃ দুষ্প্রাপঃ দুঃখেনাপি প্রাপ্তুং অশক্যঃ ইতি মে মম মতিঃ অভিপ্রায়ঃ। তু কিন্তু উপায়তঃ যততা যত্নং কুর্ব্বতা, বশ্যাত্মনা জিতেন্দ্রিয়েণ পুরুষেণ যোগঃ অবাপ্তুং শক্যঃ॥ ৩৬॥

শাঙ্করভাষ্যম্।

যঃ পুনরসংযতাত্মা তেন অসংযতেতি। অসংযতাত্মনা অভ্যাস-বৈরাগ্যাভ্যাং

আনন্দগিরিকৃতটীকা।

সংযতাত্মনো যোগপ্রাপ্তিঃ স্থূলভেত্যুক্ত্বা ব্যতিরেকং দর্শয়তি যঃ পুনরিতি।

যে চিত্তকে বশীভূত করিতে অক্ষম, তাহার পক্ষে যোগে অধিকার হওয়া অসম্ভব; ইহা আমার অভিপ্রায় বটে; কিন্তু যে চিত্তাদি ইন্দ্রিয়-বর্গকে বশীভূত করিতে পারে, তাহার পক্ষে চেষ্টা ও যত্নের দ্বারা যোগ সহজ-সাধ্য হইয়া থাকে; সন্দেহ নাই॥ ৩৬॥

আভাস।

কর! এই দোষগুণের বিচার করিতে হইলেই কিছুক্ষণ সময় মনকে নিশ্চয়ই স্থির হইয়া থাকিতে হইবে; বিষয়ান্তরে যাওয়া হইবে না। এই কিছুক্ষণ যে মন স্থির হইল, তাহাতেই তাহার চঞ্চল হইবার অভ্যাস পরিহারে, ক্ষণকালের জন্যও সে নিশ্চিন্ত হইল। এই রূপ বিচারকে সঙ্গে রাখিলে, মনকে আপনা হইতেই ক্রমশঃ স্থির-ভাব গ্রহণ করিতে হইবে। পরে একটী বিষয়ের দোষ দৃষ্টিতে পতিত হইলে, তখন তাহাকে পুনঃ প্রশ্ন করিবার অবসর পাইবে যে, সে অন্য যে কোন বিষয়ের প্রতি যে ধাবিত হইতেছে, তাহাতেও সেই জাতীয় দোষ আছে কি না, তাহা চিন্তা করিয়া তৎপ্রতি মন! তুমি ধাবিত হও! এই প্রকারে প্রত্যেক বস্তুর গুণের সহিত দোষের ভাগ বিচার করিতে অভ্যস্ত হইলে, মনের বিষয়ের প্রতি আসক্তির বেগ ক্রমশ কমিয়া আসিবে। সুতরাং তাহাকে তখন বাধ্য হইয়া, স্থির হইতে হইবে; তখন তাহার চাঞ্চল্যও বিনষ্ট হইবে।

মন কথঞ্চিৎ স্থির হইলে এবং চিন্তা করিবার যোগ্যতা আসিলে, তাহাকে জিজ্ঞাসা করা কর্ত্তব্য যে, এতকাল আনন্দ বা শান্তির কামনায় বিষয়ের অভিমুখে

শাঙ্করভাষ্যম্।

অসংযত আত্মা অন্তঃকরণং যস্য সোঽয়মসংযতাত্মা তেনাসংযতাত্মনা যোগো দুষ্প্রাপো দুষ্প্রাপ্য ইতি মে মতিঃ, যস্য পুন র্বশ্যাত্মা অভ্যাসবৈরাগ্যাভ্যাং বশ্যত্বমাপাদিত আত্মা

আনন্দগিরিকৃতটীকা।

ব্যতিরেকোপন্যাসপরং পূর্ব্বার্দ্ধমনূদ্য ব্যাকরোতি অসংযতেতি। পূর্ব্বোক্তান্বয়-ব্যাখ্যানপরমুত্তরার্দ্ধং ব্যাচষ্টে যস্যিত্যাদিনা। অন্তঃকরণস্য স্ববশত্বে সিদ্ধেঽপি

স্বামিকৃতটীকা।

এতাবাংস্ত্বিহ নিশ্চয় ইত্যাহ অসংযতেতি। উক্তপ্রকারেণাভ্যাসবৈরাগ্যাভ্যাম-সংযত আত্মা চিত্তং যস্য তেন যোগো দুষ্প্রাপঃ প্রাপ্তু মশক্যঃ, অভ্যাসবৈরা-গ্যাভ্যাং বশ্যো বশবর্ত্তী আত্মা চিত্তং যস্য তেন পুরুষেণ পুনশ্চানেনৈবোপায়েন প্রযত্নং কুর্ব্বতা যোগঃ প্রাপ্তুং শক্যঃ॥ ৩৬॥

আভাস।

ধাবিত হইয়াও আশার অনুরূপ ফল না পাইয়াই যদি ফিরিয়া আসিয়া থাক, তবে চিত্ত! তুমি বল দেখি? কোন্ আনন্দ বা শান্তির তুলনায় এই বিষয়ানন্দকে তুচ্ছ করিতেছ? সে আনন্দ এক্ষণে তোমার হৃদয়ের কোন্ কক্ষে আছে, যাহার তাৎ-কালিক স্মরণে তুলনার দ্বারা বিষয়ানন্দকে তুচ্ছ করিয়া দিতেছ? তখন চিত্তকে বাধ্য হইয়া বলিতে হইবে যে, সে আনন্দ তাহার পূর্ব্বে অনুভব করা আছে! সুতরাং তাহার স্মৃতিও তাহার হৃদয়ে আছে; যখনই বিষয়কে সম্ভোগ করিয়া আনন্দ অনুভূত হয়, সেই মুহূর্ত্তে স্মৃতি সেই পূর্ব্ব আনন্দকে জাগাইয়া দেয়; এবং বিষয়ানন্দ তখন তুচ্ছ হইয়া পড়ে। বৈদ্যুতিক আলোকের সমীপে যেমন তৈলাধার প্রদীপের আলোক মন্দ হইয়া পড়ে, সেইরূপ স্মৃতির আনীত অন্তরের আনন্দের তুলনায় বিষয়ানন্দ স্তিমিত হইয়া যায়। অতএব চিত্ত! তুমি অন্তরস্থ পরমানন্দের সংস্রব পরিহার করিয়া, দুগ্ধের সাধ তক্রে মিটাইবার ন্যায়, কেন আর বৃথা বিষয়ানন্দের প্রাপ্তির আশায় বিষয়ের সেবা করিতেছ! রূপ-লাবণ্য-সম্পন্না চিত্তানুকারিণী পরিণীতা সহধর্ম্মিণী পত্নীকে পরিহার করিয়া, বেশ্যা বারবনিতার মনোরঞ্জনে প্রবৃত্ত কাপুরুষের ন্যায়, তুমি আর বিষয়ের তোষামোদে নিযুক্ত থাকিও না! চিত্তানুকারিণী শান্তিদেবীর অনুসরণে অন্তর প্রকোষ্ঠে প্রবেশ কর! প্রেমানন্দ অন্তরেই প্রকটিত রহিয়াছে। বিচারের দ্বারা চিত্তকে বিষয় হইতে প্রত্যাবর্ত্তন করাইতে পারিলেই, মন বা চিত্ত আপনিই শান্ত হইয়া আইসে। হে অর্জ্জুন! বিচারের আশ্রয়ে মনকে স্থির হইতে অভ্যস্ত

অর্জ্জুন উবাচ—

অযতিঃ শ্রদ্ধয়োপেতো যোগাচ্চলিত-মানসঃ।
অপ্রাপ্য যোগ-সংসিদ্ধিং কাং গতিং কৃষ্ণ গচ্ছতি ॥ ৩৭ ॥

অন্বয়ঃ।

অর্জ্জুনঃ উবাচ। হে কৃষ্ণ! প্রথমং শ্রদ্ধয়া উপেতঃ যোগে প্রবৃত্তঃ, তদনন্তরং যোগাৎ চলিতমানসঃ ভ্রষ্টচিত্তঃ, অযতিঃ যোগ-সংসিদ্ধিং অপ্রাপ্য কাং গতিং গচ্ছতি প্রাপ্নোতি ॥ ৩৭ ॥

শাঙ্করভাষ্যম্।

মনো যস্য সোঽয়ং বশ্যাত্মা তেন বশ্যাত্মনা তু যতত্তা ভূয়োঽপি প্রযত্নং কুর্ব্বতা শক্যোঽবাপ্তুং যোগ উপায়তো যথোক্তাদুপায়াৎ ॥ ৩৬ ॥

তত্র যোগাভ্যাসাঙ্গীকরণেন পরলোকেহলোকপ্রাপ্তিনিমিত্তানি কর্ম্মাণি সন্ন্য-

আনন্দগিরিকৃতটীকা।

বৈরাগ্যাদাবাস্থাবতা ভবিতব্যমিত্যাহ যততেতি। উপায়ো বৈরাগ্যাদিপূর্ব্বকো মনোনিরোধঃ ॥ ৩৬ ॥

প্রশ্নান্তরমুত্থাপয়তি তত্রেত্যাদিনা। মনোনিরোধস্য দুঃখসাধ্যত্বমাশঙ্ক্য পরিহৃতে সতি প্রষ্টা পুনরবকাশং প্রতিলভ্যোবাচেতি সম্বন্ধঃ। লোকদ্বয়প্রাপক-কর্ম্ম-

---

অর্জ্জুন পুনরায় জিজ্ঞাসা করিয়া বলিলেন, হে শ্রীকৃষ্ণ! আপনি বলুন দেখি! যাহারা যোগ করিতে ইচ্ছুক এবং শ্রদ্ধা সহকারে যোগের অনুষ্ঠানেও প্রবৃত্ত; কিন্তু কিছুদিন অনুষ্ঠান করিবার পর, যদি যোগ-ক্রিয়া হইতে বিচলিত হয়, তাদৃশ ব্যক্তিগণ যোগসিদ্ধির অভাবে পরিণামে কোন্ গতি লাভ করিবে? ॥ ৩৭ ॥

আভাস।

না করিলে, যোগে কখনই উপযোগিতা লাভ করা যায় না। এই অভ্যাসও কেবল মনে মনে করিলেই হয় না। মহামুনি পতঞ্জলি বলিয়াছেন, "স তু দীর্ঘকালাদর-নৈরন্তর্য্য-সৎকারসেবিতাং দৃঢ়ভূমিঃ ॥ এই অভ্যাস ও বৈরাগ্য বহুকাল নিরন্তর আদরাতিশয়ে কর্ত্তব্য; তবে ফলে পরিণত হয়। আবার যিনি যত আগ্রহাতিশয়ে তাহার অনুষ্ঠান করিবেন, তিনি তত সত্বর তাহার ফল পাইবেন ॥ ৩৫ ॥ ৩৬ ॥

অর্জ্জুন ভগবানের উপদেশ-বাক্যে সম্পূর্ণ বিশ্বস্ত এবং উৎসাহান্বিত হইয়া,

শাঙ্করভাষ্যম্।

স্তানি যোগসিদ্ধিফলঞ্চ মোক্ষসাধনং সম্যগ্দর্শনং ন প্রাপ্তমিতি যোগী যোগমার্গাশ্মরণকালে চলিত-চিত্ত ইতি তস্য নাশমাশঙ্ক্যার্জ্জুন উবাচ অযতিরিতি। অযতির প্রযত্নবান্ যোগমার্গে শ্রদ্ধয়াস্তিক্যবুদ্ধ্যা যোগতো যোগাদন্তকালেঽপি চলিতং মানসং মনো যস্য স চলিতমানসো ভ্রষ্টস্মৃতিঃ সোঽপ্রাপ্য যোগসংসিদ্ধিং যোগফলং সম্যগ্দর্শনং কাং গতিং হে কৃষ্ণ গচ্ছতি ॥ ৩৭ ॥

আনন্দগিরিকৃতটীকা।

সম্ভবে কুতো যোগিনো নাশাশঙ্কেত্যাশঙ্ক্যাহ যোগাভ্যাসেতি। তথাপি যোগানুষ্ঠানপরিপাকপরিপ্রাপ্তিসম্যগ্দর্শনসামর্থ্যাম্মোক্ষোপপত্তৌ কুতস্তস্য নাশাশঙ্কেতি চেন্মৈবমনেকান্তরায়বত্ত্বাদ্ যোগস্যেহ জন্মনি প্রায়েণ সংসিদ্ধেরসিদ্ধিরিত্যভিসন্ধায়াহ যোগসিদ্ধীতি। অভ্যুদয়নিঃশ্রেয়স-বহির্ভাবো নাশো যোগমার্গে তৎফলস্য সম্যগ্দর্শনস্যাদর্শনাদিতি শেষঃ। তর্হি ততো বহির্মুখত্বমেবাত্যন্তিকং সংবৃত্তমিত্যাশঙ্ক্যাহ শ্রদ্ধয়েতি। তর্হি য়োগমার্গমাশ্রয়তে নেত্যাহ যোগাদিতি। মরণকালে ব্যাকুলেন্দ্রিয়স্য জ্ঞানসাধনানুষ্ঠানাবকাশাভাবাদ্ যুক্তং ভ্রতশ্চলিতমানসত্বমিত্যাশঙ্ক্যাহ ভ্রষ্টেতি। গম্যত ইতি গতিঃ পুরুষার্থঃ সামান্যপ্রশ্নমন্তর্ভাব্য-বিশেষ-প্রশ্নো দ্রষ্টব্যঃ ॥ ৩৭ ॥

স্বামিকৃতটীকা।

অভ্যাসবৈরাগ্যাভাবেন কথঞ্চিদপ্রাপ্তসম্যগ্জ্ঞানঃ কিং ফলং প্রাপ্নোতীত্যর্জ্জুন উবাচ অযতিরিতি। প্রথমং শ্রদ্ধয়োপেত এব যোগে প্রবৃত্তঃ নতু মিথ্যাচারতয়া ততঃ পরন্ত্বযতিঃ সম্যক্ ন যততে শিথিলাভ্যাস ইত্যর্থঃ, তথা যোগাচ্চলিতং মানসং বিষয়প্রবণং চিত্তং যস্য মন্দবৈরাগ্য ইত্যর্থঃ। এবং অভ্যাস-বৈরাগ্য-শৈথিল্যাদ্ যোগস্য সংসিদ্ধিং ফলং জ্ঞানমপ্রাপ্য কাং গতিং প্রাপ্নোতি ॥ ৩৭ ॥

আভাস।

যোগাভ্যাসেই মন স্থির করা যে প্রশস্ত, তাহা তিনি মনে মনে অবধারণ করিলেন বটে, কিন্তু ভাবিলেন যে, ভবিষ্যতের ঘটনা ত কাহারও অধীনে নহে! এক্ষণে ঐহিকের সুখ স্বচ্ছন্দের উদ্যম এবং পরলোকে স্বর্গাদি সুখভোগের চেষ্টায় জলাঞ্জলি দিয়া সম্পূর্ণ শান্তিপ্রদ যোগের অনুষ্ঠানে যত্ন করা মানব মাত্রেরই অবশ্য কর্ত্তব্য বটে; কিন্তু ভাগ্যচক্রের দোষে যদি সম্পূর্ণ কৃতকার্য্য হইবার পূর্ব্বে কালগ্রাসে যোগীকে পতিত হইতে হয়, কিম্বা প্রথমত বিশেষ শ্রদ্ধা ও আগ্রহ সহকারে যোগে প্রবৃত্ত হইয়াও, সাধ্যে কুলান না হওয়ায় অনুষ্ঠানে অসমর্থ হয়, তখন যোগসিদ্ধির অভাবে তাহার পরিণাম ফল কি হইবে! তাহার তত্ত্ব-সাক্ষাৎকার হইবে না,

কচ্চিন্নোভয়বিভ্রষ্টশ্ছিন্নাভ্রমিব নশ্যতি ।
অপ্রতিষ্ঠো মহাবাহো বিমূঢ়ো ব্রহ্মণঃ পথি ॥ ৩৮ ॥

অন্বয়ঃ ।

হে মহাবাহো ! ব্রহ্মণঃ পথি জ্ঞানমার্গে বিমূঢ়ঃ অজ্ঞঃ সন্ অপ্রতিষ্ঠঃ নিরাশ্রয়ঃ অতঃ উভয়-বিভ্রষ্টঃ ( কর্ম্মমার্গাৎ জ্ঞানমার্গাৎ চ বিভ্রষ্টঃ ) ছিন্নাভ্রং ছিন্নমেঘঃ ইব ন নশ্যতি কচ্চিৎ ? ॥ ৩৮ ॥

শাঙ্করভাষ্যম্ ।

কচ্চিদিতি। কচ্চিৎ কিং নোভয়বিভ্রষ্টঃ কর্ম্মমার্গাৎ যোগমার্গাচ্চ বিভ্রষ্টঃ সন্

আনন্দগিরিকৃত-টীকা।

প্রশ্নমেব বিবৃণোতি কচ্চিদিতি। প্রশস্তপ্রশ্নার্থত্বং কচ্চিদিত্যস্যাঙ্গীকৃত্য ব্যাচষ্টে কিমিতি। উভয়বিভ্রষ্টত্বং স্পষ্টয়তি কর্ম্মেত্যাদিনা। বায়ুনা ছিন্নং বিশকলিতমভ্রং

স্বামিকৃতটীকা ।

প্রশ্নাভিপ্রায়ঃ বিবৃণোতি কচ্চিদিতি। কর্ম্মণামীশ্বরেঽর্পিতত্বাদনন্থুষ্ঠানাচ্চ তাবৎ কর্ম্মফলং স্বর্গাদিকং ন প্রাপ্নোতি যোগানিষ্পত্তেশ্চ মোক্ষং ন প্রাপ্নোতি এবমুভয়স্মাদ্ভ্রষ্টঃ অপ্রতিষ্ঠো নিরাশ্রয়ঃ অতএব ব্রহ্মপ্রাপ্ত্যুপায়ে পথি মার্গে বিমূঢ়ঃ সন্ কচ্চিৎ কিং ন নশ্যতি কিম্বা নশ্যতীত্যর্থঃ, নাশে দৃষ্টান্তঃ যথা ছিন্নমভ্রং পূর্ব্বস্মাদভ্রাদ্বিশ্লিষ্টমভ্রান্তরমপ্রাপ্তং সমধ্য এব বিলীয়তে তদ্বদিত্যর্থঃ ॥ ৩৮ ॥

তাহারা কি উভয় কর্ম্মপথ এবং যোগপথ হইতে বিভ্রষ্ট হইয়া, উভয় ফলে বঞ্চিত হইবে ? আকাশ-পথে উদিত বিশ্লিষ্ট মেঘখণ্ডের ন্যায়, তাহারা কোন পথে আশ্রয় না পাইয়া, ভগবৎপ্রাপ্তির পথে প্রতিষ্ঠার অভাবে কি বিমোহিতের ন্যায়, বিধ্বস্ত হইয়া যাইবে ! ॥ ৩৮ ॥

আভাস ।

এবং পরলোকে স্বর্গাদি ফলেরও কোন সম্ভাবনা ত রহিল না ! সুতরাং হে শ্রীকৃষ্ণ ! এই ভীষণ সংসার-সমুদ্রের একমাত্র কাণ্ডারী তুমি ! তাদৃশ জনের পরিত্রাণের উপায় নির্দ্ধারণে আমাকে প্রতিবোধিত করুন ! ॥ ৩৭ ॥

তাদৃশ ব্যক্তি যোগপথ হইতে পরিভ্রষ্ট এবং বেদ-প্রতিপাদ্য স্বর্গাদির প্রাপক কর্ম্মমার্গ হইতেও পরিভ্রষ্ট হইয়া, নিরাশ্রয় ভাবে কি বিনষ্ট হইবে ? বিচ্ছিন্ন জলদ-

এতন্মে সংশয়ং কৃষ্ণ ছেত্তুমর্হস্যশেষতঃ।
ত্বদন্যঃ সংশয়স্যাস্য ছেত্তা ন হ্যুপপদ্যতে ॥ ৩৯ ॥

অন্বয়ঃ।

হে কৃষ্ণ! এতৎ এতং মে মম সন্দেহং অশেষতঃ নিঃশেষেণ ছেত্তুং নিরাকর্ত্তুং ত্বং অর্হসি যোগ্যো ভবসি ; তথা ত্বদন্যঃ ত্বত্তোঽন্যঃ অস্য সংশয়স্য ছেত্তা ন উপপদ্যতে দৃশ্যতে ॥ ৩৯ ॥

শাঙ্করভাষ্যম্।

ছিন্নাভ্রমিব নশ্যতি কিং বা ন নশ্যতি অপ্রতিষ্ঠো নিরাশ্রয়ো হে মহাবাহো বিমূঢ়ঃ সন্ ব্রহ্মপ্রাপ্তিমার্গে ॥ ৩৮ ॥

এতদিতি। এতন্মে মম সংশয়ং কৃষ্ণ ছেত্তুমপনেতুমর্হসি অশেষতঃ ত্বদন্যঃ

আনন্দগিরিকৃতটীকা।

যথা নশ্যতি তদ্বদিত্যাহ ছিন্নেতি। নাশাশঙ্কানিমিত্তমাহ নিরাশ্রয় ইতি। কর্ম্ম-মার্গরূপাবষ্টম্ভাভাবেঽপি জ্ঞানমার্গাবষ্টম্ভ স্যস্য ভবিষ্যতীত্যাশঙ্ক্যাহ বিমূঢ়ঃ সন্নিতি। ন হি কর্ম্মিণং প্রতীয়মাশঙ্কা মুক্তাভিলাষং ত্যক্তেশ্বরে সমর্প্যার্ব্বাক্ কর্ম্মানুতিষ্ঠতো নিরুপচারেণ তদ্ভ্রংশবচনাসম্ভবাৎ সর্ব্বকর্ম্মসন্ন্যাসিনস্তু বিহিতানাং ত্যাগাৎ জ্ঞাতোপায়াচ্চ বিচ্যুতেরনর্থপ্রাপ্তিশঙ্কাযুক্তেতি ভাবঃ ॥ ৩৮ ॥

যথোপদর্শিতসংশয়াপাকরণার্থমর্জ্জুনো ভগবন্তং প্রেরয়ন্নাহ এতদিতি। মত্তো

স্বামিকৃতটীকা।

ত্বয়ৈব সর্ব্বজ্ঞেনায়ং মম সন্দেহো নিরসনীয়ঃ। ত্বত্তোঽন্যস্ত এতৎসন্দেহনিবর্ত্তকো নাস্তীত্যাহ এতদিতি। এতৎ। এতং ছেত্তা নিবর্ত্তকঃ স্পষ্টমন্যৎ ॥ ৩৯ ॥

---

হে হৃদয়বিহারি শ্রীকৃষ্ণ! আমার অন্তর্নিহিত এই সংশয়কে আপনি অপনোদিত করুন! এ সংসারে আপনি ব্যতীত এতাদৃশ সংশয়ের নিঃশেষে নিবৃত্তি করিবার উপদেষ্টা আর অন্য কাহাকেও উপস্থিত দেখিতেছি না! ॥ ৩৯ ॥

আভাষ।

খণ্ড যেমন আকাশেই বিলীন হইয়া যায়; সেইরূপ যোগভ্রষ্ট যোগী কি ব্রহ্ম সাক্ষাৎকারে অসমর্থ হইল এবং স্বর্গাদি লাভেও বঞ্চিত হইয়া সৃষ্টির কোন স্তরেই কি আর স্থান পাইবে না! ৩৮ ॥

হে মহাবাহো শ্রীকৃষ্ণ! আপনি সর্ব্বজ্ঞ ও সর্ব্বদর্শী! কোন বিষয়

শ্রীভগবানুবাচ—পার্থ নৈবেহ নামুত্র বিনাশ স্তস্য বিদ্যতে।
ন হি কল্যাণকৃৎ কশ্চিদ্দুর্গতিং তাত গচ্ছতি ॥ ৪০ ॥

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। হে পার্থ! তস্য যোগভ্রষ্টস্য ইহলোকে অমুত্র পরস্মিন্ লোকে বা বিনাশঃ ন বিদ্যতে। হি যতঃ হে তাত! কল্যাণকৃৎ শুভকৃৎ কশ্চিৎ জনঃ দুর্গতিং কুৎসিতাং গতিং ন গচ্ছতি ন প্রাপ্নোতি ॥ ৪০ ॥

শাঙ্করভাষ্যম্।

ত্বত্তোঽন্যঃ ঋষির্দেবো বা ছেত্তা নাশয়িতা সংশয়স্যাস্য ন হি যস্মাদুপপদ্যতেন সম্ভবতি অত ত্বমেব ছেত্তুমর্হসীত্যর্থঃ ॥ ৩৯ ॥

পার্থেতি। হে পার্থ নৈব ইহ লোকে নামুত্র পরস্মিন্ বা লোকে বিনাশ স্তস্য

আনন্দগিরিকৃতটীকা।

ত্বন্যঃ কশ্চিদৃষির্ব্বা দেবো বা ত্বদীয়ং সংশয়ং চ্ছেৎস্যতীত্যাশঙ্ক্যাহ ত্বদন্য ইতি। অন্যস্য সংশয়চ্ছেত্তুরভাবে ফলিতমাহ অত ইতি ॥ ৩৯ ॥

যোগিনো নাশাশঙ্কাং পরিহরন্নুত্তরমাহ ভগবানিতি। যদুক্তমুভয়ভ্রষ্টো যোগী

---

এতদুত্তরে ভগবান্ বাসুদেব বলিলেন, হে পৃথানন্দন! তাদৃশ যোগভ্রষ্ট ব্যক্তির কোন কালেই বিনাশের সম্ভাবনা নাই। হে প্রিয়! মঙ্গলের অনুষ্ঠানে অগ্রসর হইলে, কখন অমঙ্গল ঘটে না। এ জগতে বা পর-জীবনে তাদৃশ ব্যক্তির দুর্গতি-লাভের কোন সম্ভাবনা নাই ॥ ৪৫ ॥

আভাস।

আপনার ত অজ্ঞাত নাই! আপনি সমস্ত জানেন এবং সমস্ত পারেন! আমার ক্ষুদ্র হৃদয়ে এই একটী বিষম সংশয় জন্মিয়াছে! আপনি ব্যতীত ইহার নিরাকরণ করিবার উপযুক্ত পাত্র ত দেখি না! অতএব কৃপা করিয়া আমার এই সংশয়কে অপনোদিত করত, আমার চিত্তে উৎসাহ প্রদান করুন! যাহাতে জগতে জীব নিঃসন্দিগ্ধ-চিত্তে এই দুর্লভ যোগ-মার্গে অগ্রসর হইতে সাহসী হয় ॥ ৩৯ ॥

ভগবান্ এই শ্লোকে অর্জ্জুনকে পার্থ বলিয়া প্রথমত সম্বোধন করত একটী আশ্বাস প্রদান করিয়াছেন যে, তুমি যখন আমার পিতৃস্বসার পুত্র, নিকট

শাঙ্করভাষ্যম্।

বিদ্যতে নাস্তি নাশো নাম পূর্ব্বস্মাদ্ধীনজন্মপ্রাপ্তিঃ স তস্য যোগভ্রষ্টস্য নাস্তি, ন হি যস্মাৎ কারণাৎ কল্যাণকৃৎ শুভকৃৎ কশ্চিদ্দুর্গতিং কুৎসিতাং গতিং হে তাত

আনন্দগিরিকৃতটীকা।

নশ্যতীতি তত্রাহ পার্থেতি। তত্র হেতুমাহ ন হীতি। যোগিনো মার্গদ্বয়াদ্বিভ্রষ্টস্য ঐহিকো নাশঃ শিষ্টাগর্হালক্ষণো ন ভবতীতি শ্রদ্ধাদেঃ সম্ভাবাত্তথাপি কথমামুষ্মিক-নাশশূন্যত্বমিত্যাশঙ্ক্য তদ্রূপ-নিরূপণ-পূর্ব্বকং তদভাবং প্রতিজানীতে নাশো নামেতি। তত্র হেতুভাগং বিভজতে ন হীত্যাদিনা। উভয়ভ্রষ্টস্যাপি শ্রদ্ধেন্দ্রিয়সংযমাদেঃ সমি-

স্বামিকৃতটীকা।

অত্রোত্তরং শ্রীভগবানুবাচ পার্থেতি সার্দ্ধৈশ্চতুর্ভিঃ। ইহ লোকে নাশ উভয়-ভ্রংশাৎ পাতিত্যং অমুত্র পরলোকে নাশো নরকপ্রাপ্তিস্তদুভয়ং তস্য নাস্ত্যেব যতঃ কল্যাণকৃৎ শুভকারী কশ্চিদপি দুর্গতিং ন গচ্ছতি। অয়ঞ্চ শুভকারী শ্রদ্ধয়া যোগে প্রবৃত্তত্বাৎ। তাতেতি লোকরীত্যা উপলালয়ন্ সম্বোধয়তি॥ ৪০॥

আভাস।

আত্মীয়, তখন তোমাকে রঞ্জিত বাক্যে উৎসাহ প্রদান করি নাই। ইহা প্রকৃত ও পরমার্থপ্রদ বাক্য। তুমি জানিও যে, যোগভ্রষ্ট ব্যক্তির পতন হয় না। পতন অর্থে যে অবস্থায় বর্ত্তমানে তিনি আছেন, তদপেক্ষা অধোগতি অর্থাৎ নিকৃষ্ট যোনি প্রভৃতিতে যে গমন, তাহারই নাম তাহার বিনাশ। যে কোন কারণেই তিনি যোগভ্রষ্ট হউন, যত দূর তিনি অগ্রসর হইয়াছিলেন, তাহার ফল তিনি নিশ্চয়ই পাইবেন। যোগীর পতনের কথা দূরে থাকুক! "জিজ্ঞাসুরপি যোগস্য শব্দ ব্রহ্মাতিবর্ত্ততে!" যোগানুষ্ঠানের লালসায় আগ্রহাতিশয়ে যে ব্যক্তি যোগানুষ্ঠানের পদ্ধতি জিজ্ঞাসা মাত্র করেন এবং আদ্যোপান্ত শ্রবণও করেন, তিনি বেদোক্ত যাবদীয় কর্ম্মকাণ্ডের অনুষ্ঠান না করিয়াও, তাহার ফললাভে অধিকারী হন। সুতরাং ভ্রষ্টযোগী পরলোকে বঞ্চিত হন না। ইহ জীবনে যোগী সুযশ ব্যতীত নিন্দার পাত্র হইবার কোন সম্ভাবনা নাই। বিশেষত যে ব্যক্তির উদ্দেশ্য ভাল হয়, সে নিজ অভিপ্রেত সাধনে অক্ষম হইলেও, তাহার লোকনিন্দা বা অধোগতির আশঙ্কা হয় না। পর চরণে তাত বলিয়া অর্জ্জুনকে সম্বোধন করিবার তাৎপর্য্য এই যে, পিতা পত্নী-গর্ভে প্রসূত হইয়া পুত্র-মূর্ত্তিতে জন্মগ্রহণ করেন; সুতরাং তন ধাতুর অর্থ বিস্তার; তজ্জন্য পিতা এবং পুত্র তাত শব্দে কথিত হন।

প্রাপ্য পুণ্যকৃতাং লোকানুষিত্বা শাশ্বতীঃ সমাঃ।
শুচীনাং শ্রীমতাং গেহে যোগভ্রষ্টোঽভিজায়তে॥৪১॥

অন্বয়ঃ।

যোগভ্রষ্টঃ জনঃ পুণ্যকৃতাং অশ্বমেধাদি-যাজিনাং লোকান্ স্বর্গাদীন্ প্রাপ্য শাশ্বতীঃ নিত্যাঃ সমাঃ সম্বৎসরান্ (বহূন্ ইতি) উষিত্বা বাস-সুখং অনুভূয়, শুচীনাং সদাচারাণাং শ্রীমতাং ঐশ্বর্য্যবিশিষ্টানাং গেহে জায়তে জন্ম লভতে॥ ৪১॥

শাঙ্করভাষ্যম্।

তনোত্যাত্মানং পুত্ররূপেণেতি পিতা তাত উচ্যতে পিতৈব পুত্র ইতি পুত্রোঽপি তাত উচ্যতে শিষ্যোঽপি পুত্রতুল্য উচ্যতে, যতো ন গচ্ছতি॥ ৪০॥

কিন্ত্বস্য ভবতি প্রাপ্যেতি। যোগমার্গেষু প্রবৃত্তঃ সন্ন্যাসী সামর্থ্যাৎ প্রাপ্য গত্বা

আনন্দগিরিকৃতটীকা।

কৃতশ্রবণাদেশ্চ ভাবাদুপপন্নং শুভকৃত্ত্বং। তাতেতি কথং পুত্রস্থানীয়ঃ শিষ্যঃ সম্বোধ্যতে পিতুরেব তাত-শব্দত্বাদিত্যাশঙ্ক্যাহ তনোতি। তেন পুত্রস্থানীয়স্য শিষ্যস্য তাতেতি সম্বোধনমবিরুদ্ধমিত্যর্থঃ, ন গচ্ছতি কুৎসিতাং গতিং কল্যাণকরত্বাদিতি নাশাভাবঃ॥ ৪০॥

যোগভ্রষ্টস্য লোকদ্বয়েঽপি নাশাভাবে কিং ভবতীতি পৃচ্ছতি কিংত্বিতি। শ্লোকেনোত্তরমাহ প্রাপ্যেতি। কথং সন্ন্যাসীতি বিশিষ্যতে তত্রাহ সামর্থ্যাদিতি। কর্ম্মণি ব্যাপৃতস্য কর্ম্মিণো যোগমার্গপ্রবৃত্ত্যনুপপত্তিস্তৎপ্রবৃত্তাবপি ফলাভিলাষবিকলস্যেশ্বরে সমর্পিতসর্ব্বকর্ম্মণস্তদ্ভ্রংশাশঙ্কানবকাশাদিত্যর্থঃ, সমানাং নিত্যত্বং মানুষ-

যোগানুষ্ঠানে কিয়ৎ পরিমাণেও যাঁহারা অগ্রসর হইয়াছেন, তাদৃশ ব্যক্তিগণ জন্মান্তরে কর্ম্মফল এবং যোগফল উভয় ফলই লাভ করিয়া থাকেন। বেদোক্ত অশ্বমেধাদি যাগ-যজ্ঞের অনুষ্ঠানে কর্ম্মী

আভাস।

পুত্রের ন্যায় শিষ্যও তাত-শব্দ বাচ্য হন; এই নিমিত্ত শিষ্য অর্জ্জুন কৃষ্ণ-সমীপে তাত-শব্দে স্নেহের পাত্র এবং প্রকৃত সত্য উপদেশ লাভের অধিকারী নামে শব্দিত হইয়াছেন। ৪০॥

যোগমার্গে প্রবৃত্ত যোগীর কোনরূপ ভোগের আকাঙ্ক্ষা না থাকিলেও, পাছে

শাঙ্করভাষ্যম্।

পুণ্যকৃতামশ্বমেধাদিযাজিনাং লোকাংস্তত্র চ উষিত্বা বাসমনুভূয় শাশ্বতী র্নিত্যাঃ সমাঃ সম্বৎসরান্ তদ্ভোগক্ষয়ে শুচীনাং যথোক্তকারিণাং শ্রীমতাং বিভূতিমতাং গেহে যোগভ্রষ্টোঽভিজায়তে ॥ ৪১ ॥

আনন্দগিরিকৃতটীকা।

সমাবিলক্ষণত্বং, বৈরাগ্যাভাববিবক্ষয়া বিভূতিমতাং গৃহে জন্মেতি বিশিষ্যতে ॥ ৪১ ॥

শ্রদ্ধাবৈরাগ্যাদিকল্যাণাধিক্যে পক্ষান্তরমাহ অথবেতি। যোগিনামিতি কর্ম্মিণাং গ্রহণং মাভূদিতি বিশিনষ্টি ধীমতামিতি। ব্রহ্মবিদ্যাবতাং শুচীনাং দরিদ্রাণাং কুলে জন্ম দুর্ল্লভং প্রমাদকারণাভাবাদিত্যাহ এতদ্ধীতি। কিমপেক্ষ্যাস্ত

স্বামিকৃতটীকা।

তর্হি কিমসৌ প্রাপ্নোতীত্যপেক্ষায়ামাহ প্রাপ্যেতি। পুণ্যকারিণামশ্বমেধাদিযাজিনাং লোকান্ প্রাপ্য তত্র শাশ্বতীঃ সমা বহ্বীন্ সংবৎসরানুষিত্বা বাসসুখমনুভূয় শুচীনাং সদাচারাণাং শ্রীমতাং ধনিনাং গেহে স যোগভ্রষ্টো জন্ম প্রাপ্নোতি॥ ৪১ ॥

---

যাজ্ঞিকগণ পুণ্যফলে যে স্বর্গাদি পুণ্যভূমে গমন করিয়া থাকেন, যোগভ্রষ্ট যতিগণও মরণান্তে তাদৃশ পুণ্যভূমে গমন করত বহু সম্বৎসর কাল তত্রত্য সুখ-স্বচ্ছন্দ ভোগ করিয়া, মর্ত্ত্যধামে সদাচার-সম্পন্ন ধনীর গৃহে জন্ম গ্রহণ করেন॥ ৪১ ॥

আভাস।

স্বর্গাদি ভোগের অভিজ্ঞতা তাঁহার না জন্মে, সুতরাং তজ্জন্য হৃদয়ে ক্ষোভ থাকে, তজ্জন্য ভগবানই তাহার ব্যবস্থা করিয়াছেন। ভক্তের অনুষ্ঠান সুসম্পন্ন করিবার অভিপ্রায়ে ভ্রষ্ট যোগীকে অশ্বমেধাদি যাগ-যজ্ঞের অনুষ্ঠাতা পুণ্যবান্ ব্যক্তিগণের লভ্য ব্রহ্মলোকাদি স্বর্গভূমে অনন্ত সুখ ভোগের জন্য প্রেরণ করেন। ভ্রষ্ট যোগিগণ স্বীয় সামর্থ্যের অনুসারে অর্থাৎ যাঁহার যে জাতীয় ভোগ করা হয় নাই, তাঁহাদিগকে সেই সেই ভোগে পরিতৃপ্ত করত পূর্ণ বৈরাগ্যে প্রবৃত্তি উৎপাদনার্থ সেই সেই লোকে অর্চ্চিরাদি মার্গ অবলম্বনে উপস্থিত করিয়া লোকানুরূপ বহু সম্বৎসর ভোগ-সুখ অনুভব করান। তথায় তাঁহাদের ভোগ-প্রবৃত্তির অবসান

অথবা যোগিনামেব কুলে ভবতি ধীমতাম্।
এতদ্ধি দুর্লভতরং লোকে জন্ম যদীদৃশম্ ॥ ৪২ ॥

অন্বয়ঃ।

অথবা যোগিনাং ধনহীনানাং ধীমতাং বুদ্ধিমতাং এব কুলে জায়তে। হি নিশ্চিতং ঈদৃশং যৎ এতৎ জন্ম লোকে দুর্লভতরং ॥ ৪২ ॥

শাঙ্করভাষ্যম্।

অথেতি। অথ বা শ্রীমতাং কুলাদন্যস্মিন্ যোগিনামেব দরিদ্রাণাং কুলে ভবতি জায়তে ধীমতাং বুদ্ধিমতাং, এতদ্ধি জন্ম যদ্দরিদ্রাণাং যোগিনাং কুলে দুর্লভতরং দুঃখেন লভ্যতরং পূর্ব্বমপেক্ষ্য লোকে জন্ম যদীদৃশং যথোক্তবিশেষণে কুলে যস্মাৎ ॥ ৪২ ॥

আনন্দগিরিকৃতটীকা।

জন্মনো দুঃখলভ্যাদপি দুঃখলভ্যতরত্বং তদাহ পূর্ব্বমিতি যদ্যপি বিভূতিমতাং শুচীনাং গৃহে জন্ম দুঃখলভ্যং তথাপি তদপেক্ষয়া ইদং জন্ম দুঃখলভ্যতরং যদীদৃশং দরিদ্রাণাং বিদ্যাবতামিতি বিশেষণোপেতে কুলে লোকে জন্মলক্ষণমিত্যর্থঃ। যদুত্তমতরং জন্মোক্তং তস্যোত্তমত্বে হেত্বন্তরমাহ যস্মাদিতি ॥ ৪২ ॥

স্বামিকৃতটীকা।

অল্পকালাভ্যস্তযোগভ্রংশে গতিবিশেষমুক্ত্বা চিরাভ্যস্তযোগভ্রংশে পক্ষান্তরমাহ অথবেতি। যোগনিষ্ঠানাং ধীমতাং জ্ঞানিনামেব কুলে জায়তে নতু পূর্ব্বোক্তানামনারূঢ়যোগানাং কুলে, এতজ্জন্ম স্তৌতি ঈদৃশং জন্মেতি, এতদ্ধি লোকে দুর্লভতরং মোক্ষহেতুত্বাৎ ॥ ৪২ ॥

যাঁহারা যোগপথে বিশেষ অগ্রসর হইবার অবস্থাতেই যোগভ্রষ্ট হন, তাঁহারা ধনাভিমানশূন্য ধীমান্ যোগীর কুলে জন্ম পরিগ্রহ করিয়া, পুনরায় যোগচর্য্যাই করিয়া থাকেন। মর্ত্ত্যভূমে তাদৃশ যোগীর কুলে জন্ম গ্রহণ করা অতীব দুর্লভ ব্যাপার, সন্দেহ নাই ॥ ৪২ ॥

আভাস।

হইলে, ধর্ম্মপ্রাণ পবিত্র-হৃদয় শ্রীমান্ রাজ্যেশ্বরাদির গৃহে তাঁহারা জন্ম পরিগ্রহ করেন। অথবা যোগীর বংশে জন্ম পরিগ্রহ করত পুনরায় যোগের অনুশীলনে যত্ন করিয়া থাকেন। মর্ত্ত্যভূমে জন্ম কিন্তু ভোগীর বংশ অপেক্ষা যোগীর বংশ অতীব প্রার্থনীয়! ৪১।৪২ ॥

তত্র তং বুদ্ধিসংযোগং লভতে পৌর্ব্বদৈহিকম্।
যততে চ ততো ভূয়ঃ সংসিদ্ধৌ কুরু-নন্দন ॥ ৪৩॥

অন্বয়ঃ।

তত্র যোগিনাং কুলে, পৌর্ব্বদৈহিকং পূর্ব্বদেহোৎপন্নং বুদ্ধিসংযোগং যোগবিষয়য়া বুদ্ধ্যা সংযোগং লভতে; ততঃ চ হে কুরুনন্দন! ভূয়ঃ পুনরপি সংসিদ্ধৌ মোক্ষলাভায় যততে প্রযত্নং করোতি ॥ ৪৩ ॥

শাঙ্করভাষ্যম্।

তত্রেতি। তত্র যোগিনাং কুলে তং বুদ্ধিসংযোগং বুদ্ধ্যা সংযোগং বুদ্ধিসংযোগং লভতে পৌর্ব্বদৈহিকং পূর্ব্বস্মিন্ দেহে ভবং পৌর্ব্বদৈহিকং যততে চ

আনন্দগিরিকৃতটীকা।

বুদ্ধ্যোত্যাত্মবিষয়য়েতি শেষঃ, পূর্ব্বস্মিন্ দেহে ভবং তত্রানুষ্ঠিতসাধনবিশেষযুক্তমিত্যর্থঃ। তর্হি যথোক্তজন্মান সাধনানুষ্ঠানমন্তরেণৈব বুদ্ধিসম্বন্ধঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ যততে চেতি। প্রযত্নঃ শ্রবণাদ্যনুষ্ঠানবিষয়ঃ॥ ৪৩ ॥

---

সদ্বংশে জন্ম পরিগ্রহ করত যোগভ্রষ্ঠ যতিগণ পূর্ব্বজন্মে লব্ধ সংস্কার বর্ত্তমান জীবনে প্রাপ্ত হইয়া, হে কুরুনন্দন? পুনঃ যোগে সিদ্ধ হইবার জন্য যত্ন করিয়া থাকেন ॥ ৪৩ ॥

আভাস।

মানব দেহ-ত্যাগ করিলেও, তাহার লিঙ্গদেহের কোন বৈকল্য ঘটে না। মরণকালে মোহ বা বিকলতাদি যে সমস্ত ভাবের পরিচয় দেহে পরিদৃষ্ট হয়, সে সমস্ত ক্লেশ দেহের অনুরোধেই ঘটিয়া থাকে। দেহ অবসন্ন, পীড়িত এবং জীবন-ধারণে অক্ষম হইলে, দেহ-নিষ্ঠ যন্ত্রণাদি লিঙ্গদেহকেও তৎকালে আক্রমণ করে বটে, কিন্তু দেহ পরিত্যাগে লিঙ্গদেহ পৃথক্ হইলে, দেহ-জনিত উপদ্রব আর লিঙ্গদেহকে স্পর্শ করে না; সুতরাং মরণান্তে লিঙ্গদেহ স্বভাবস্থ হইয়া, স্বকীয় সংস্কার অনুসারে ভোগদেহের রচনা করিয়া লয়। অর্থাৎ বৃক্ষ, লতাদির বীজ যেমন পার্থিব উর্ব্বরা শক্তির আশ্রয়ে যথাকালে স্বীয় ভাবানুসারে অঙ্কুরিত হইয়া বৃক্ষাদি মূর্ত্তিতে পরিণত হয়, সেইরূপ জীবাত্মা লিঙ্গদেহও স্বীয় কর্ম্মানুসারে অর্থাৎ কর্ম্মের সংস্কার অনুসারে বিশ্বব্যাপিনী অনন্তশক্তি প্রকৃতির আশ্রয়ে উর্ব্বরিত হইয়া, জাতি আয়ু এবং ভোগানুরূপ ভোগদেহ পাইয়া মাতৃগর্ভে জন্মগ্রহণ করে। তাহার তাহাতে পূর্ব্বস্মৃতি ও সংস্কারের উত্তরোত্তর শ্রীবৃদ্ধিই হইতে থাকে। মরণটা জীবের ধ্বংসের কারণ নহে; তদ্দ্বারা ভগবৎ-সৃষ্ট জগৎকে পরীক্ষা করিবার

শাঙ্করভাষ্যম্।

যত্নং করোতি ততস্তস্মাৎপূর্ব্বকৃতাৎ সংস্কারাদ্ভূয়ো বহুতরং সংসিদ্ধিনিমিত্তং হে কুরু-নন্দন ॥ ৪৩ ॥

স্বামিকৃতটীকা।

ততঃ কিমত আহ তত্রেতি সার্দ্ধেন। স তত্র দ্বিপ্রকারেঽপি জন্মনি পূর্ব্বদেহ-ভবং পৌর্ব্বদৈহিকং তমেব ব্রহ্মবিষয়য়া বুদ্ধ্যা সংযোগং লভতে, ততশ্চ ভূয়োঽধিকং সংসিদ্ধৌ মোক্ষে প্রযত্নং করোতি ॥ ৪৩ ॥

আভাস।

জ্ঞান এবং সামর্থ্য উত্তরোত্তর পরিবর্দ্ধিতই হইয়া থাকে। এই শ্লোকে ভগবান্ শ্রীকৃষ্ণ বলিয়াছেন যে, পূর্ব্ব সংস্কার এবং তাহার আগ্রহ মরণান্তে বিলুপ্ত হয় না। বরং পূর্ব্বদেহ-জনিত বুদ্ধি-সংযোগ অর্থাৎ বুদ্ধি-পূর্ব্বক কৃত কর্ম্মের ফলাফল এবং তজ্জনিত আসক্তি বা বৈরাগ্য-সংস্কার জীবাত্মা বিস্মৃত হয় না। অবশ্য পর জীবনে কিছুকাল অনভিজ্ঞ বালকবেশে অবস্থান করিলেও, উক্ত সংস্কার সমূহ প্রসুপ্তের ন্যায় অন্তরেই অবস্থান করে; পরে দেহাদি ইন্দ্রিয়বর্গের বলাধানের সঙ্গে সঙ্গে তাহারা উত্তরোত্তর জাগিয়া উঠে এবং অনুকূল বা প্রতিকূল বিষয়ের সংসর্গে উক্ত সংস্কার সমূহ কার্য্যে পরিণত হয়, বা অন্তর হইতে বিলুপ্ত হইয়া যায়।

এই শ্লোকে ভগবান্ শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে কুরু-নন্দন বলিয়া সম্বোধন করিয়া তাঁহাকে প্রতিবোধিত করিয়াছেন যে, মহারাজ কুরু যুধিষ্ঠিরাদি উভয় কুরু-পাণ্ডবকুলের পূর্ব্ব-পুরুষ একজন অতি পবিত্র রাজ চক্রবর্ত্তী রাজা ছিলেন। ধর্ম্মানুষ্ঠানে তিনি বিখ্যাত! অনেক বার অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করায়, এই বর্ত্তমান যুদ্ধের স্থানটী ধর্ম্মক্ষেত্র কুরুক্ষেত্র নামে অভিহিত হইয়াছে। তুমিও যোগভ্রষ্ট হইয়া এই পবিত্র কুরুকুলে জন্ম পরিগ্রহ করিয়াছ! নতুবা সম্পূর্ণ হিংসামূলক রণক্ষেত্রে যুদ্ধার্থ উপনীত লোকের মধ্যে কেবল তোমারই এতাদৃশ বৈরাগ্যের উদয় কেন হইল!, তোমার পূর্ব্ব জন্মার্জ্জিত অহিংসামূলক সংস্কারের অনুরোধেই এ জন্মে এ জাতীয় বিপক্ষ-পক্ষের উপস্থিতিতেও অহিংসা-বৃত্তির উদয় হইয়াছে। এক্ষণে ভোগদেহের প্রয়োজনকে উপেক্ষা করিয়া, তুমি অন্তর্জ্জগতের উদ্রেক দ্বারা আত্ম-সাক্ষাৎকারে অগ্রসর হইলে, সংসার হইতে যে তুমি মুক্ত হইবে, এই বৈরাগ্যই তাহার যথেষ্ট পরিচয়।

ভোগায়তন দেহ পরিত্যাগ করিলে, লিঙ্গদেহাবচ্ছিন্ন জীবাত্মার শক্তি অনির্ব্বচনীয়; এবং তাহার গতিও অপ্রতিহত! লিঙ্গদেহ অবাধে ব্রহ্মলোকাদি সকল

পূর্ব্বাভ্যাসেন তেনৈব হ্রিয়তে হ্যবশোঽপি সঃ।
জিজ্ঞাসুরপি যোগস্য শব্দব্রহ্মাতিবর্ত্ততে ॥ ৪৪ ॥

অন্বয়ঃ।

তেন এব পূর্ব্ব-ভ্যাসেন পূর্ব্বজন্ম-কৃতাভ্যাস-বশেন সঃ জনঃ অবশঃ অনিচ্ছন্ এব যোগমার্গে হ্রিয়তে আকৃষ্যতে। কিং পুনঃ প্রবৃত্তঃ যোগী! অপ্রবৃত্তঃ যোগস্য স্বরূপং জিজ্ঞাসুঃ অপি শব্দব্রহ্ম বেদঃ বেদোক্ত-কর্ম্ম-ফলানি চ অতিবর্ত্ততে অতিক্রামতি ॥ ৪৪ ॥

শাঙ্করভাষ্যম্।

কথংভূতং পূর্ব্বদেহবুদ্ধিসংযোগং ইতি তদুচ্যতে পূর্ব্বেতি। যঃ পূর্ব্বজন্মনি কৃতোঽভ্যাসঃ স পূর্ব্বাভ্যাসস্তেনৈব বলবতা হ্রিয়তে সংসিদ্ধৌ হি যস্মাদবশোঽপি স যোগভ্রষ্টঃ, ন কৃতং চেৎ যোগাভ্যাসজাৎ সংস্কারাৎ বলবত্তরমধর্ম্মাদিলক্ষণং কর্ম্ম তদা যোগাভ্যাস-জনিতেন সংস্কারেণাহ্রিয়তে অধর্ম্মশ্চেদ্বলবত্তরঃ কৃত স্তেন যোগজো-

আনন্দগিরিকৃতটীকা।

যদি পূর্ব্বসংস্কারোঽস্যেচ্ছামুপনয়ন্ প্রবর্ত্তয়তি তথা চাপ্রবৃত্তিরনিচ্ছয়া স্যাদিত্যা-শঙ্ক্যাহ পূর্ব্বেতি। স হি যোগভ্রষ্টঃ সমনন্তরজন্মকৃতসংস্কারবশাদুত্তরস্মিন্ জন্মনি অনিচ্ছন্নপি যোগং প্রত্যেবাকৃষ্টো ভবতীত্যর্থঃ। তত্র কৈমুতিকন্যায়ং সূচয়তি জিজ্ঞাসুরিতি। পূর্ব্বার্দ্ধং বিভজতে পূর্ব্বেতি। তস্যানিচ্ছয়া তস্য প্রবৃত্তিরিতি শেষঃ। যোগভ্রষ্টস্যাধর্ম্মাদি প্রতিবন্ধেঽপি তর্হি পূর্ব্বাভ্যাসবশাদ্বুদ্ধিসম্বন্ধঃ স্যাদিত্যা-

আভাস।

লোকে বিচরণ করিতে পারে; কিন্তু কোন লোকে ভোগার্থ বাস করিতে পারে না। সংস্কারের অনুরূপ ভোগদেহের রচনা হইলে, সেইরূপ ভোগ-লোকে আশ্রয় লাভে ভোগ করিতে থাকে। সেখানে ভোগের অনুভবে ও বিচারে শিক্ষিত হইয়া, ভোগদেহ পুনঃ পরিত্যাগে সংস্কারানুরূপ ভোগদেহ প্রাপ্ত হয়। এইরূপ জন্ম-মরণের প্রবাহে পর্য্যটন করত, যখন ভোগানুরূপ সংস্কার-বন্ধন হইতে মুক্ত হইবে, তখনই সংসার-বন্ধন হইতে সে জীব মুক্ত হইল, জানিতে হইবে॥ ৪৩ ॥

যত বারই জন্ম পরিগ্রহ করা হয়, ভোগের পরীক্ষায় প্রতিবারই জ্ঞানেরই উৎকর্ষ সাধন হইয়া থাকে। তবে সাত্বিক, রাজসিক এবং তামসিক বৃত্তি-ভেদে চিত্তের পরিবর্ত্তন অল্প কাল বা বহু কালের অপেক্ষা করিতে পারে। সত্বগুণ-প্রধান চিত্তে ভ্রম অতি অল্পই হয়; একবার সে যাহা বুঝে, আর দ্বিতীয়বার

শাঙ্করভাষ্যম্।

হপি সংস্কারোঽভিভূয়ত এব তৎক্ষয়ে তু যোগজঃ সংস্কারঃ স্বয়মেব কার্য্যমারভতে ন দীর্ঘকালস্থস্যাপি বিনাশ স্তস্যাস্তীত্যতো জিজ্ঞাসুরপি যোগস্য স্বরূপং জ্ঞাতুমিচ্ছন্ যোগমার্গে প্রবৃত্তঃ সংন্যাসী যোগভ্রষ্টঃ সামর্থ্যাৎ সোঽপি শব্দব্রহ্ম বেদোক্তকর্ম্মা-

আনন্দগিরিকৃতটীকা।

শঙ্ক্যাহ নেত্যাদিনা। যদি যোগভ্রষ্টেন যোগাভ্যাসজনিত-সংস্কারপ্রাবল্যাৎ প্রবলতর-ধর্ম্মপ্রভেদরূপং কর্ম্ম ন কৃতং স্যাত্তদা তেন সংস্কারেণ বশীকৃতং সন্নিচ্ছাদি রহিতোঽপি বুদ্ধিসম্বন্ধভাগ্ ভবতীত্যর্থঃ। বিপক্ষে যোগসংস্কারস্যাভিভূতত্বান্ন কার্য্যা-রম্ভকত্বমিত্যাহ অধর্ম্মশ্চেদিতি। যোগজ-সংস্কারস্যাধর্ম্মাভিভূতস্য কার্য্যমকৃত্বৈবা-ভিভাবক-প্রাবল্যে প্রণাশঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ তৎক্ষয়ে ত্বিতি। কালব্যবধানান্নিবৃত্তিং শঙ্কিত্বোক্তং নেতি। তৃণজলৌকাদৃষ্টান্তশ্রুত্যা সংস্কারস্য দীর্ঘতায়াঃ সমধিগতত্বাদিতি

বর্ত্তমান জীবনে যোগসিদ্ধির জন্য বিশেষ যত্ন করিতে আর হয় না। কারণ তাহার প্রারব্ধই অবশভাবে যোগের অনুকূল পথে ও সুসংযোগের সঙ্কুলনে যোগীকে পূর্ব্বাভিলষিত পথেই উত্তোলন করিয়া থাকে। কারণ যোগানুষ্ঠানের কথা দূরে থাকুক্, যাহারা কেবল যোগের স্বরূপ মাত্র জানিবার জন্য গুরু-সন্নিধানে জিজ্ঞাসু মাত্র হন, তাঁহারাও বেদোক্ত কর্ম্ম-কাণ্ডকে অনুষ্ঠানে আনয়ন না করিলেও, সকল কর্ম্মের ফল প্রাপ্ত হইয়া থাকেন; বরং তদপেক্ষা সুখতম স্থানে গমন করেন, সন্দেহ নাই। অহো! সৃষ্টিপথে যোগের এতই আদর! ॥ ৪৪ ॥

আভাস।

বুঝিবার প্রয়োজন হয় না, রাজসিক বা তামস চিত্তে তাদৃশ ফল সত্বর পাওয়া যায় না। বুদ্ধি-পূর্ব্বক বিষয়-বিচার ও নিত্য-নৈমিত্তিক কর্ম্মের অনুষ্ঠান করায়, যাহার চিত্ত সত্ত্বগুণময় হয়, সেই ব্যক্তিই যোগে আরোহণের উপযুক্ত পাত্র। তাহার হৃদয়ে আর ভ্রম বা প্রমাদের সম্ভাবনা থাকে না; সুতরাং তাদৃশ যোগী মরণান্তে জ্ঞান ও বৈরাগ্যের বলে উত্তরোত্তর উন্নতির পথেই অগ্রসর হইয়া থাকেন।

মরণান্তে সংস্কারের বশবর্ত্তী হইয়া যখন সকল লিঙ্গদেহকেই দেহান্তর গ্রহণ করিতে হয়, তখন যোগীও স্বীয় সংস্কার অনুসারে তাদৃশ দেহই প্রাপ্ত হইয়া থাকেন।

শাঙ্করভাষ্যম্।

মুষ্ঠানফলমতিবর্ত্ততে কর্ম্মানুষ্ঠানলক্ষণমাতিক্রামতি অপাকরিষ্যতি কিমুত বুদ্ধ্যা যো যোগং তন্নিষ্ঠো২ভ্যাসং কুর্য্যাৎ ॥ ৪৪ ॥

আনন্দগিরিকৃতটীকা।

ভাবঃ কৈমুতিকন্যায়োক্তিপবমুত্তরার্দ্ধং বিভজতে জিজ্ঞাসুরপীত্যাদিনা। অত্রাপি সংন্যাসীতি বিশেষণং পূর্ব্ববদবধেয়মিত্যাহ সামর্থ্যাদিতি। ন হি কর্ম্মী কর্ম্মমার্গে প্রবৃত্তস্ততো ভ্রষ্টঃ শঙ্কিতুং শক্যতে। অতঃ সংন্যাসী পূর্ব্বোক্তৈর্বিশেষণৈঃ বিশিষ্টো-যোগভ্রষ্টো২ভীষ্টঃ সো২পি বৈদিকং কর্ম্ম তৎফলঞ্চাতিবর্ত্ততে কিমুত যোগং বুদ্ধা তন্নিষ্ঠঃ সদাভ্যাসং কুর্ব্বন্ কর্ম্ম তৎফলঞ্চাতিবর্ত্ততে কিমিতি বক্তব্যমিতি যোজনা, যোগনিষ্ঠস্য কর্ম্ম তৎফলাতিবর্ত্তনং ততো২ধিকফলাবাপ্তি র্বিবক্ষ্যতে ॥ ৪৪ ॥

স্বামিকৃতটীকা।

তত্র হেতুঃ পূর্ব্বেতি। তেনৈব পূর্ব্বদেহকৃতাভ্যাসেনাবশো২পি কুতশ্চিদন্তরায়া-দনিচ্ছন্নপি স ক্রিয়তে বিষয়েভ্যঃ পরাবৃত্ত্য ব্রহ্মনিষ্ঠঃ ক্রিয়তে। তদেবং পূর্ব্বাভ্যাস-বশেন প্রযত্নং কুর্ব্বন্ শনৈর্মুচ্যত ইতীমমর্থং কৈমুত্যন্যায়েন স্পষ্টয়তি জিজ্ঞাসুরিতি সার্দ্ধেন। যোগস্য স্বরূপং জিজ্ঞাসুরেব কেবলং ন তু প্রাপ্তযোগঃ এবংভূতো যোগে প্রবিষ্টমাত্রো২পি পাপবশাদ্যোগভ্রষ্টো২পি শব্দব্রহ্ম বেদমতিবর্ত্ততে বেদোক্ত-কর্ম্মফলান্যতিক্রামতি তেভ্যো২ধিকং ফলং প্রাপ্য মুচ্যত ইত্যর্থঃ ॥ ৪৪ ॥

আভাস।

এবং সংস্কার অনুসারে তাঁহাদের চিত্তে তদনুরূপ স্মৃতিও জাগিয়া উঠে এবং অবশ ভাবে যেন বাধ্য হইয়া সংস্কারানুরূপ কর্ম্মে তাঁহারাও প্রবৃত্ত হন। কিন্তু যোগীতে কিছু বিশেষত্ব আছে। সাধারণ ভোগী অর্থাৎ ঈশ্বর জ্ঞানহীন বা আত্মজ্ঞান-শূন্য বিষয়াসক্ত ভোগী জীব স্বীয় সংস্কার বা স্মৃতির অনুসারে ভোগের জন্য যে ভোগ-দেহ বা ভোগলোক প্রাপ্ত হয়, তাহার আর উৎকৃষ্ট বা অপকৃষ্ট বলিয়া কোন বিচার বা নিয়ম থাকে না। সংস্কার অনুসারে ঊর্দ্ধ বা অধোলোকে এবং দেব তির্য্যক্ বা মনুষ্য বলিয়া কোন নির্দ্দিষ্ট লোক বা যোনির স্থির থাকে না। কারণ বিচারিত ভোগ এবং অন্ধের ন্যায় অবিচারিত ভোগের বিশেষ পার্থক্য আছে। ভোগের জন্য সকল জীবই সংসারে অবতীর্ণ হইয়াছে বটে, কিন্তু ভোগ্যের স্বরূপ, সম্বন্ধ, ফল এবং পরিণামাদির প্রতি তীক্ষ্ণ দৃষ্টি করিয়া, যাহারা ভোগ করেন, তাঁহাদের ভোগ বা জন্মান্তরের আর কারণ হয় না। কিন্তু যাহারা অন্ধের ন্যায়, অন্ধকারে অভিভূত ভাবে ভোগ করে, তাদৃশ জনগণকে মৃত্যুর পর ঊর্দ্ধ বা অধঃভেদে কোন্

প্রযত্নাদ্ যতমানস্তু যোগী সংশুদ্ধকিল্বিষঃ।
অনেক-জন্মসংসিদ্ধ স্ততো যাতি পরাং গতিম্॥ ৪৫॥

অন্বয়ঃ।

প্রযত্নাৎ উত্তরোত্তরং অধিকং যোগে প্রযতমানঃ যত্নং কুর্ব্বন্ সংশুদ্ধ-কিল্বিষঃ নিরস্তপাপঃ, যোগী অনেক-জন্ম-সংসিদ্ধঃ অনেকৈঃ জন্মভিঃ পুণ্যোপচয়াৎ চ সংসিদ্ধঃ সন্ পরাং প্রকৃষ্টাং গতিং মুক্তিং যাতি লভতে॥ ৪৫॥

শাঙ্করভাষ্যম্।

কুতশ্চ যোগিত্বং শ্রেয় ইতি প্রযত্নাদিতি। প্রযত্নাৎ প্রযতমানাদধিকতরং যতমান ইত্যর্থঃ। তত্র যোগী বিদ্বান্ সংশুদ্ধকিল্বিষো বিশুদ্ধকিল্বিষঃ সংশুদ্ধপাপোঽনে-

আনন্দগিরিকৃতটীকা।

যোগনিষ্ঠস্য শ্রেষ্ঠত্বে হেত্বন্তরং বক্তুং উত্তরশ্লোকমবতারয়তি কুতশ্চেতি। মৃদু-প্রযত্নোঽপি ক্রমেণ মোক্ষ্যতে চেদধিকপ্রযত্নস্য ক্লেশহেতোরকিঞ্চিৎকরত্বমিত্যাশঙ্ক্য

---

দেখ অর্জ্জুন! বিষয়-সম্ভোগ জনিত পাপ তাপ ও হৃদয়-গ্লানিকে তুচ্ছের ন্যায় তাচ্ছিল্য করিয়া, যাঁহারা মন-প্রাণে যত্ন করত আত্ম-সাক্ষাৎ-কারে যত্নশীল হন এবং এই প্রকারে বহু জন্ম জন্মান্তরের চেষ্টায় কৃত-কার্য্য হইলে, তবে পরম ব্রহ্মস্বরূপ গতি লাভ করিতে পারেন॥ ৪৫॥

আভাস।

যোনিতে যে জন্মগ্রহণ করিতে হয়, তাহার নিশ্চয় থাকে না। যোগী বিচার পূর্ব্বক ভোগ করায়, নিকৃষ্ট তির্য্যগাদি যোনিতে তাঁহাকে গমন করিতে হয় না; বরং যোগে কথঞ্চিৎ অগ্রসর যোগীর পক্ষে মরণের পর, উন্নত যোনিতে গমনের কথা দূরে থাকুক, যোগের জিজ্ঞাসু অর্থাৎ বিশ্বাস এবং শ্রদ্ধা সহকারে যোগানুষ্ঠানে ইচ্ছুক ব্যক্তিও বেদোক্ত যাগ যজ্ঞাদির অনুষ্ঠানে কৃতকর্ম্মা পুণ্যবান্ ব্যক্তির প্রাপ্তব্য পুণ্যভূমে গমনের অধিকার লাভ করিয়া থাকেন। প্রকৃত যোগী অভ্যাস ও বৈরাগ্য-বলে বলীয়ান্ হইয়া, মরণের পর যে জন্ম ধারণ করেন, তাহাতে তাঁহাদের পূর্ব্ব জন্মের অভ্যস্ত যোগ-সংস্কারের পর অবশিষ্ট স্তরে আরোহণের জন্য চেষ্টা করিতে থাকেন এবং পরিণামে আত্ম-সাক্ষাৎকারে কৃতার্থ হইয়া, মুক্তিলাভ করেন॥ ৪৪॥

যিনি যতদূর অগ্রসর হইয়াছেন, তিনি ঠিক পর জন্মেই যে পরাগতি লাভ

শাঙ্করভাষ্যম্।

কেষু জন্মসু কিঞ্চিৎ কিঞ্চিৎ সংস্কারজাতমুপচিত্য তেনোপচিতেনানেকজন্মকৃতেন সংসিদ্ধোঽনেকজন্ম-সংসিদ্ধঃ ততো লব্ধসম্যগ্দর্শনঃ সন্ যাতি পরাং প্রকৃষ্টাং গতিং ॥ ৪৫ ॥

আনন্দগিরিকৃতটীকা।

হেত্বন্তরমেব প্রকটয়তি প্রযত্নাদিতি। তত্র যোগবিষয়ে প্রযত্নাতিরেকে সতীত্যর্থঃ, ততঃ সঞ্চিত-সংস্কার-সমুদায়াদিতি যাবৎ, সমুৎপন্ন-সম্যগ্দর্শনবশাৎ প্রকৃষ্টা গতিঃ সংন্যাসিনা লভ্যতে তেন শীঘ্রং মুক্তিমিচ্ছন্নধিকপ্রযত্নো ভবেদল্পপ্রযত্নস্তু চিরেণৈব মুক্তিভাগিত্যর্থঃ ॥ ৪৫ ॥

স্বামিকৃতটীকা।

যদৈবং মন্দপ্রযত্নোঽপি যোগী পরাং গতিং যাতি তদা যস্তু যোগী প্রযত্নাদুত্তরোত্তরমধিকং যোগে যতমানো যত্নং কুর্ব্বন্ যোগেনৈব সংশুদ্ধকিল্বিষো বিধূতপাপঃ সোঽনেকেষু জন্মসূপচিতেন যোগেন সংসিদ্ধঃ সম্যগ্জ্ঞানী ভূত্বা ততঃ শ্রেষ্ঠাং গতিং যাতীতি কিংবক্তব্যমিত্যর্থঃ ॥ ৪৫ ॥

আভাস।

করিবেন, তাহার কোন স্থিরতা নাই। কারণ "তীব্র সংবেগানাং আসন্নঃ ফল-প্রাপ্তিঃ"। আগ্রহের আতিশয্য থাকিলে, ফল নিকট হয়; এবং মৃদু মন্দ ভেদে মুক্তিলাভে বিলম্বও হইতে পারে। মোট কথা, তথাপি সাধারণ যাজ্ঞিক পুণ্যবান্ ব্যক্তিদের ন্যায়, যোগীর আর পুনঃ পতনের সম্ভাবনা থাকে না। তাঁহাদের ভোগ-বাসনা অন্তরে লুক্কায়িত থাকিলেও, স্বর্গাদি পুণ্যভূমেই ভোগ করিয়া, পুনঃ জ্ঞান-সংস্কারের কল্যাণে তাঁহারা পুনঃ পুনঃ জন্ম পরিগ্রহ করিয়াও উন্নতির পথেই অগ্রসর হন। এমন কি! অনেক জন্ম জন্মান্তর অপার সুখ-স্বচ্ছন্দ ভোগ করত, সর্ব্বান্তে মুক্ত হন ॥ ৪৫ ॥

অহো! "দুর্ল্লভং মানুষং জন্ম কুলে জন্ম সুদুর্ল্লভং! দুর্ল্লভং জ্ঞান-রত্নঞ্চ ঘোরে চাত্র মহার্ণবে" ॥ এই সংসার-মহাসমুদ্রে কত প্রকারের কত জীব যে জন্ম পরিগ্রহে বিচরণ করিতেছে, কে তাহার ইয়ত্তা করিতে পারে! কিন্তু কেহই নিশ্চিন্তে সুস্থ ভাবে অবস্থিত নহে; অতি ক্ষুদ্র কীট পতঙ্গ হইতে অতি বৃহৎ মাতঙ্গ কুরঙ্গ পর্য্যন্ত এবং দেব তির্য্যক্ ও নর জাতিস্থ সকল জীবই সুখ বা শান্তির প্রার্থনায় নিরন্তর প্রাণপাত পরিশ্রম করিতেছে। এই সংসার মহাসমুদ্রের কুল কিনারা কেহ

তপস্বিভ্যোঽধিকো যোগী জ্ঞানিভ্যোঽপি মতোঽধিকঃ।
কর্ম্মিভ্যশ্চাধিকো যোগী তস্মাদ্ যোগী ভবার্জ্জুন ॥৪৬॥

অন্বয়ঃ।

তপস্বিভ্যঃ কৃচ্ছ্র চান্দ্রায়ণাদিকৃদ্ভ্যঃ যোগী অধিকঃ উৎকৃষ্টঃ, জ্ঞানিভ্যঃ তত্ত্বজ্ঞানোত্তরং মনোনাশ-বাসনা-ক্ষয়কারী যোগী অধিকঃ মতঃ স্বীকৃতঃ, কর্ম্মিভ্যঃ চ

শাঙ্করভাষ্যম্।

যস্মাদেবং তস্মাৎ তপস্বিভ্য ইতি। তপস্বিভ্যোঽধিকো যোগী জ্ঞানিভ্যোঽপি জ্ঞান-

আনন্দগিরিকৃতটীকা।

সম্যগ্জ্ঞানদ্বারা মোক্ষহেতুত্বং যোগস্যোক্তমনূদ্য যোগিনঃ সর্ব্বাধিকত্বমাহ যস্মাদিতি। যোগস্য সর্ব্বস্মাদুৎকর্ষাদবশ্যকর্ত্তব্যতায় যোগিনঃ সর্ব্বাধিক্যং সাধয়তি

সংসারে যোগীর তুলনায় কেহ দণ্ডায়মান হইতে পারেন না। যাহারা কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি ব্রতের অনুষ্ঠানে ঘোরতর তপস্বীর পরিচয় দেন, যোগী তাঁহাদের অপেক্ষা অনেক উৎকৃষ্ট। যাঁহারা শাস্ত্রার্থ বিচারে তত্ত্বজ্ঞানের চরম মীমাংসায় উপনীত হইয়াছেন, তাঁহাদের অপেক্ষা মনোবাসনার ক্ষয়কারী যোগী অনেক শ্রেষ্ঠ! এবং যাঁহারা

আভাস।

কথনও পান নাই; এবং পাইবেন বলিয়াও প্রত্যাশা নাই। কারণ ইহা সম্পূর্ণ সকল রকমে গোলাকার। কেবল পৃথিবী গোলাকার নহে; পৃথিবী যাহার অন্তরে, সে আকাশও গোলাকার; চন্দ্র সূর্য্য গ্রহ নক্ষত্র সকলই গোলাকার; বীজ গোলাকার এবং বৃক্ষের স্কন্ধ শাখা পুষ্প পত্র এবং ফলও গোলাকার। এমন কি! জীব জন্তুও গোলাকার। কেবল উদ্যমের মুখে কথঞ্চিৎ ক্ষণকালের জন্য লম্বা দেখায়; কার্য্যের সমাপনে সকলেই তাল-গোল পাকাইয়া পড়িয়া যায়। অর্জ্জুনাদির ন্যায় খ্যাতনামা বলবীর্য্য-সম্পন্ন কত লোক এই পৃথিবী পর্য্যটনে প্রবৃত্ত হইয়া দেখিয়াছেন যে, পর্য্যটন যে স্থান হইতে আরম্ভ করিয়াছেন, বহুকালের পর আবার সেই স্থানেই তাঁহারা প্রত্যাগত হইয়াছেন। অতএব এ সংসারে যিনি দুঃখের আক্রমণ হইতে নিস্তার পাইবার প্রত্যাশায় বাল্যকাল হইতে যত্নপূর্ব্বক কর্ম্ম করিয়াছেন, বৃদ্ধ জীবনে সেই দুঃখের আক্রমণেই পুনঃ পতিত, প্রত্যেককে অনুভব করিতে হইতেছে। কৈ! মরণ কালে হাস্যমুখে ও স্বচ্ছন্দ- চিত্তে

অন্বয়ঃ।

সদক্ষিণ-জ্যোতিষ্টোমাদি-কর্ম্মানুষ্ঠায়িভ্যঃ চ যোগী অধিকঃ উৎকৃষ্টঃ; তস্মাৎ হে অর্জ্জুন! ত্বং যোগী ভব ॥ ৪৬ ॥

শাঙ্করভাষ্যম্।

অত্র শাস্ত্রার্থপাণ্ডিত্যং তদ্বদ্ভ্যোঽপি মতো জ্ঞাতোঽধিকঃ শ্রেষ্ঠঃ ইতি কর্ম্মিভ্যোঽগ্নিহোত্রাদি কর্ম্ম তদ্বদ্ভ্যোঽধিকো যোগী বিশিষ্টঃ তস্মাদ্যোগী ভবার্জ্জুন ॥ ৪৬ ॥

আনন্দগিরিকৃতটীকা।

তপস্বিভ্য ইতি। যোগিনো জ্ঞানিনশ্চ পর্য্যায়ত্বাৎ কথং তস্য জ্ঞানিভ্যোঽধিকত্বমিত্যাশঙ্ক্যাহ জ্ঞানমিতি। যোগিনঃ সর্ব্বাধিকত্বে ফলিতমাহ তস্মাদিতি ॥ ৪৬ ॥

স্বামিকৃতটীকা।

যস্মাদেবং তস্মাত্তপস্বিভ্য ইতি। কৃচ্ছ্রচান্দ্রায়ণাদি-তপোনিষ্ঠেভ্যোঽপি, জ্ঞানিভ্যঃ শাস্ত্রবিজ্ঞানবদ্ভ্যোঽপি, কর্ম্মিভ্য ইষ্টাপূর্ত্তাদি-কর্ম্মকারিভ্যোঽপি যোগী শ্রেষ্ঠো মমাভিমতঃ তস্মাত্ত্বং যোগী ভব ॥ ৪৬ ॥

বেদোক্ত জ্যোতিষ্টোমাদি যজ্ঞের সদক্ষিণ প্রতিষ্ঠা দ্বারা স্বর্গাদি পুণ্যভূমে গমনের অধিকারী হইয়াছেন, তাদৃশ কর্ম্মবীরগণের অপেক্ষা সকল কর্ম্মফলত্যাগী জিতেন্দ্রিয় যোগী সর্ব্বাংশে শ্রেষ্ঠ! অতএব যোগীর আদরই যখন সর্ব্বাংশে সর্ব্বত্র, হে অর্জ্জুন! তখন তুমিও যোগী হইবার চেষ্টা কর! ॥ ৪৬ ॥

আভাস।

এবং আগ্রহ-সহকারে মৃত্যুকে আলিঙ্গন করিতে ত কাহাকেও দেখা যায় না। মরণকালে সকলকেই প্রায় মনে ও মুখে স্বীকার করিতে হয় যে, আজীবন সকল কার্য্যেই পণ্ডশ্রম হইয়াছে! কি এক অলৌকিক ভ্রমের অনুরোধে বৃথা পরিশ্রমে জীবন অতিবাহিত করা হইয়াছে। অতএব এই ভ্রমের সংশোধনের জন্য জ্ঞানের শরণাগত হওয়া একান্ত প্রয়োজন।

জ্ঞানী বা জ্ঞানমূর্ত্তি শাস্ত্র মানবের জীবন-যাত্রার সৌকর্য্যার্থ চারিটী পন্থার উপদেশ দিয়াছেন। তপস্যা, জ্ঞান, কর্ম্ম এবং যোগ; ইহার প্রত্যেকটী ইষ্টপ্রদ এবং জীবাত্মার উত্তরোত্তর উন্নতি-সাধক। তন্মধ্যে কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি ব্রত এবং পঞ্চাগ্নি তপস্যা প্রভৃতির দ্বারা যাঁহারা দেহকে সর্ব্বপ্রকার ভোগ-বাসনা হইতে নিরস্ত করত একাগ্রতায় যত্ন করেন, তাঁহারাই তপস্বী। তপোবলে আধ্যাত্মিক উন্নতি

আভাস।

লাভে তাঁহারা মরণান্তে পুণ্যলোকে গমন করত, পুণ্যফল ভোগ করিয়া থাকেন। তাদৃশ তপস্বীর অপেক্ষা তত্ত্ব-বিচারে নিপুণ হিতাহিত বিচারে বিবেকী জ্ঞানীই শ্রেষ্ঠ। কেবল জ্ঞানী অপেক্ষা পুনঃ কর্ম্মী শ্রেষ্ঠ; কারণ বিচারে অবধারণ মাত্র করিয়া নিরস্ত থাকা অপেক্ষা, ক্রিয়া দ্বারা জ্ঞাত বিষয়কে অভ্যাসে আনয়ন করা উৎকৃষ্ট। বাইসিকেল (দুই চাকার গাড়িতে) চড়িবারও পদ্ধতিকে মনোমধ্যে ধারণা করিলেই, চড়া যায় না; চড়িবার অভ্যাস করিতে হয়। অনেক বঙ্গদেশী সংস্কৃতজ্ঞ লোক আছেন যাঁহারা দেব-নাগর ভাষা পড়িতে পারেন এবং অক্ষরও চিনেন, কিন্তু মাতৃভাষার ন্যায় লিখিতে পারেন না। তবে যাঁহারা পড়েন এবং লিখিতেও পারেন, তাঁহারা যেমন শ্রেষ্ঠ, সেইরূপ যাঁহারা পূজা হোমাদি দ্বারা নিষ্পন্ন যাগ যজ্ঞ করিবার পদ্ধতি জানেন এবং দেবতাদিগকে প্রত্যক্ষে জাগরিত করিয়া ফল-সংগ্রহে অধিকারী হন, তাঁহারাই শ্রেষ্ঠ। অনেক পুরোহিত ঘটস্থাপন বা প্রতিমাদির প্রাণপ্রতিষ্ঠা কেবল মন্ত্রোচ্চারণে মাত্র করিয়া যান, কিন্তু দেবতার আবির্ভাব করাইতে পারেন না; তাঁহাদের অপেক্ষা জ্ঞানবান্ কর্ম্মী শ্রেষ্ঠ। যথা "অর্চ্চনস্য তপোযোগাৎ অর্চ্চনস্যাতিশায়নাৎ। আভিরূপ্যাচ্চ বিম্বানাং দেবঃ সান্নিধ্যমৃচ্ছতি"॥ শালগ্রামাদি প্রতিমাতে পূজা করিবার পদ্ধতি আর্য্য সন্তানগণের মধ্যে বিশেষ প্রচলিত আছে; এবং তাহার ফলশ্রুতিও যথেষ্ট আছে। কিন্তু তাহা এক্ষণে প্রকৃত কার্য্যে পরিণত হওয়া নিতান্তই স্বল্প। পূজকের প্রথমত তপোবল থাকা প্রয়োজন। অর্থাৎ ভোগ বাসনাদি পরিহারে পূজা ব্যাপারে পূজকের তপোবল অর্থাৎ একাগ্রতার বিশেষ প্রয়োজন। তৎপরে পূজাকার্য্যে প্রাণ মনের তীব্র সংযোগ অর্থাৎ উৎকট অধ্যবসায় ও যত্ন সহকারে দেব-ভাবের সহিত আত্ম-ভাবের বিনিময়ে আত্মসমর্পণ পূর্ব্বক পূজা করা বিধেয়। তৃতীয়ত যে দেবতার পূজা করিতেছেন, তাঁহার ধ্যানের সহিত প্রতিমাতে যদি আভিরূপ্য থাকে, অর্থাৎ ধ্যেয় মূর্ত্তির সহিত বাহিক প্রতিমার সৌসাদৃশ্য থাকে, তাহা হইলে ধ্যেয় দেবতা অন্তরীক্ষে প্রতিমাতে অধিষ্ঠিত হন। সুতরাং তাদৃশ পূজক তপস্বী ও জ্ঞানীর অপেক্ষা কর্ম্মী শ্রেষ্ঠ ব্যক্তি নামে আখ্যাত হন।

তাদৃশ কর্ম্মীও যোগীর নিকট পরাস্ত। কারণ ইহাদের তপস্যা, জ্ঞান এবং কর্ম্মের উপর প্রতিপত্তি থাকিলেও নিজের বিশুদ্ধ চৈতন্যস্বরূপ আত্মভাব এবং পরম চৈতন্য পরমেশ-ভাবের ধারণা হয় নাই। তাঁহারা তদবধি ফলের

যোগিনামপি সর্ব্বেষাং মদ্গতেনান্তরাত্মনা।
শ্রদ্ধাবান্ ভজতে যো মাং স মে যুক্ততমো মতঃ ॥ ৪৭ ॥

অন্বয়ঃ :

যোগিনাং যমনিয়মাদি-পরাণাং সর্ব্বেষাং মধ্যে অন্তরাত্মনা সর্ব্বান্তঃকরণেন

শাঙ্করভাষ্যম্।

যোগিনামিতি। যোগিনামপি সর্ব্বেষাং রুদ্রাদিত্যাদিধ্যানপরাণাং মধ্যে মদ্গতেন

আনন্দগিরিকৃতটীকা।

নম্বাদিত্যো বিরাড়াত্মা সূত্রং কারণমক্ষরমিত্যোতেষামুপাসকা ভূয়াংসো যোগিনো গম্যন্তে তেষাং কতমঃ শ্রেয়ানিষ্যতে তত্রাহ যোগিনামিতি। যো ভগবন্তং সগুণং নির্গুণংবা যথোক্তেন চেতসা শ্রদ্দধানঃ সন্ননবরতমনুসন্ধত্তে স যুক্তানাং

আবার যম নিয়মাদি অষ্টাঙ্গ যোগের অনুশীলনে সিদ্ধ যোগীগণের মধ্যে যাঁহারা ভগবৎপরায়ণ হইয়া সর্ব্বান্তঃকরণে সর্ব্বভূতের অন্তরাত্মা পরম পুরুষ পরমেশ আমাকে বিশেষ শ্রদ্ধা সহকারে ভজনা করেন, আমার মতে তাঁহারাই সর্ব্ব রকমের যোগীর অপেক্ষা শ্রেষ্ঠতম বলিয়াই প্রসিদ্ধ ॥ ৪৭ ॥

ইতি শ্রীখগেন্দ্র নাথ শাস্ত্রিকৃত ষষ্ঠাধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

প্রতি দৃষ্টি করিয়া আমি-ভাব ও বিশাল পরমেশ-শক্তির প্রতি দৃষ্টি রাখিয়া কর্ম্ম করিয়া থাকেন। যোগীর কিন্তু ফলের প্রতি দৃষ্টি থাকে না। তাঁহারা একাগ্রতার সহিত মন ও প্রাণকে নিরোধ করত, চতুর্বিংশতি তত্ত্বের প্রত্যেক স্তরকে আপনার আয়ত্ত করত বিশুদ্ধ আমি-স্বরূপে আরোহণে অগ্রসর হন। তাঁহারা জড় দেহকে উপেক্ষা করত চিন্ময় আত্ম-স্বরূপকে অবধারণে প্রাপ্তি বা অপ্রাপ্তির প্রতিরোধে সংসার-জ্বালা হইতে নিষ্কৃতি লাভ করেন। সুতরাং যোগী পূর্ব্বোক্ত তপস্বী, জ্ঞানী এবং কর্ম্মীর অপেক্ষা সর্ব্বাংশে শ্রেষ্ঠ, তাহাতে আর অণুমাত্র সন্দেহ নাই। অতএব মানব-জীবনের উৎকৃষ্ট কার্য্য যোগী হইবার উপদেশ-বাণী অর্জ্জুনকে প্রদান করত উৎসাহবান্ করায় শ্রীকৃষ্ণ এই কলিদোষগ্রস্ত মানবের যে কি উপকার করিয়াছেন, তাহা বর্ণনাতীত ॥ ৪৬ ॥

পরলোকে ভক্তির পরাকাষ্ঠা প্রদর্শনে অতি ক্ষুদ্র অথচ অতি সরল উপায়ের আশ্রয়ে মানব-জীবনকে কৃতার্থ হইবার ইঙ্গিত করত বলিয়াছেন যে, চতুর্বিংশতি

অন্বয়ঃ।

মদ্গতেন ময়ি আসক্তেন মনসা শ্রদ্ধাবান্ শ্রদ্ধাযুক্তঃ এব সন্ যঃ মাং পরমাত্মানং ভজতে সঃ মে মম যুক্ততমঃ শ্রেষ্ঠঃ মতঃ সম্মতঃ ॥ ৪৭ ॥

ইতি শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ষষ্ঠোঽধ্যায়ঃ

শাঙ্করভাষ্যম্।

ময়ি বাসুদেবে সমাহিতেনান্তরাত্মনান্তঃকরণেন শ্রদ্ধাবান্ শ্রদ্দধানঃ সন্ ভজতে সেবতে যো মাং স মে মম যুক্ততমোঽতিশয়েন যুক্তো মতোঽভিপ্রেত ইতি ॥ ৪৭ ॥

ইতি শ্রীভগবদ্গীতাভাষ্যে ষষ্ঠোঽধ্যায়ঃ।

আনন্দগিরিকৃতটীকা।

মধ্যেঽতিশয়েন যুক্তঃ শ্রেয়ানীশ্বরস্যাভিপ্রেতঃ ন হি তদীয়োঽভিপ্রায়োঽন্যথা ভবিতুমর্হতীত্যর্থঃ, তদনেনাধ্যায়েন কর্ম্মযোগস্য সংন্যাসহেতো মর্য্যাদাং দর্শয়তা সাঙ্গং যোগং বিবৃণ্বতা মনোনিগ্রহোপায়োপদেশেন যোগভ্রষ্টস্যাত্যন্তিকনাশশঙ্কাঞ্চ শিথিলয়তা ত্বম্পদার্থাভিজ্ঞস্য জ্ঞাননিষ্ঠত্বোক্ত্যা বাক্যার্থজ্ঞানান্মুক্তিরিতি সাধিতং ॥ ৪৭ ॥

ইতি শ্রীমদানন্দগিরিকৃতটীকায়াং ষষ্ঠোঽধ্যায়ঃ।

স্বামিকৃতটীকা।

যোগিনামপি যমনিয়মাদিপরাণাং মধ্যে মদ্ভক্তঃ শ্রেষ্ঠ ইত্যাহ যোগিনামপীতি। মদ্গতেন মষ্যাসক্তেনান্তরাত্মনা মনসা যো মাং পরমেশ্বরং শ্রদ্ধাযুক্তঃ সন্ ভজতে স যোগযুক্তেভ্যঃ শ্রেষ্ঠো মম সম্মতঃ। অতো মদ্ভক্তো ভবেতি ভাবঃ।

আত্মযোগমবোচদ্ যো ভক্তিযোগশিরোমণিং।
তং বন্দে পরমানন্দং মাধবং ভক্তসেবধিং ॥ ৪৭ ॥

ইতি শ্রীশ্রীধরস্বামিকৃতটীকায়াং ষষ্ঠোঽধ্যায়ঃ।

আভাস।

তত্ত্বের সাক্ষাৎকারের পর অন্তে চৈতন্য-স্বরূপ আত্মার সাক্ষাৎকার করিয়া যোগী যেন নিরস্ত না থাকেন! কারণ তখনও তাঁহাকে নিরাশ্রয়ে থাকিতে হইবে। আশ্রয় ব্যতীত শান্তি নাই! স্বাধীন ভাবে জগতে কেহ কোথায়ও নাই। পূর্ণ চৈতন্যস্বরূপ জ্ঞানই স্বাধীন! তিনিই পরমেশ পূর্ণব্রহ্ম পরমাত্মা! তিনি অন্তর্যামী মূর্ত্তিতে স্থাবর জঙ্গমাত্মক সৃষ্ট জগতের অন্তরে এবং উপসংহার-শক্তি কাল-মূর্ত্তিতে

আভাস।

বিশ্বের আধার ভাবে বিরাজ করিতেছেন। তাঁহারই অন্তর্নিহিত স্বকীয় বৈষ্ণবী শক্তি প্রকৃতির বিকারে বিশ্ব রচিত হয় এবং নিদ্রাকালে জীব-চৈতন্যে চিত্তবৃত্তির নিবিশমান হইবার ন্যায়, এই অনন্ত বিশ্ব-সংসার ঈশবৃত্তির ন্যায় সেই পরম চৈতন্য স্বরূপে নিবিশমান হইয়া যায়। হে অর্জ্জুন! সেই তিনিই আমি! আমি যে মনুষ্য বিগ্রহে তোমার সমীপে উপস্থিত আছি, ইহা কেবল ভক্তের প্রার্থনার উত্তর দিবার জন্য, সাধক ভক্তের গ্রাহ্য পরম-ব্রহ্মের বৃত্তি বা রূপ মাত্র। অতএব যোগী স্বীয় দেহাবচ্ছিন্ন চৈতন্য-স্বরূপের অনুসরণে, দেহাতীত আত্ম-স্বরূপকে অবধারণ পূর্ব্বক যখন পরম চৈতন্য-স্বরূপ সর্ব্বাধার আমাতে আত্ম-সমর্পণ করিবে, তখনই তিনি আশ্রয় লাভে চির কৃতার্থ হইবেন ॥ ৪৭ ॥

ইতি শ্রীখগেন্দ্র নাথ শাস্ত্রিকৃত ষষ্ঠাধ্যায়ের আভাস সমাপ্ত ॥

# শ্রীমদ্ভগবদ্গীতা।

## সপ্তমোঽধ্যায়ঃ।

শ্রীভগবানুবাচ—ময্যাসক্তমনাঃ পার্থ যোগং যুঞ্জন্মদাশ্রয়ঃ।
অসংশয়ং সমগ্রং মাং যথা জ্ঞাস্যসি তচ্ছৃণু ॥১॥

অন্বয়ঃ।

ঐশ্বরং রূপং নিরূপয়িষ্যন্ শ্রীভগবান্ উবাচ। হে পার্থ! ময়ি পরমেশ্বরে আসক্তমনাঃ আসক্তং অভিনিবিষ্টং মনো যস্য সঃ তথা মদাশ্রয়ঃ অনন্যশরণঃ সন্ যোগং যুঞ্জন্ অভ্যস্যন্ অসংশয়ং তথা সমগ্রং বিভূতি-বলৈশ্বর্য্যাদি-সহিতং মাং যথা জ্ঞাস্যসি তৎ শৃণু॥ ১ ॥

শাঙ্করভাষ্যম্।

"যোগিনামপি সর্ব্বেষাং মদ্গতেনান্তরাত্মনা। শ্রদ্ধাবান্ ভজতে যো মাং স মে যুক্ততমো মতঃ॥" ইতি প্রশ্নবীজমুপন্যস্য স্বয়মেব ঈদৃশং মদীয়ং তত্ত্বমেবং মদ্গতান্তরাত্মা স্যাদিত্যেতদ্ বিবক্ষুঃ—শ্রীভগবান্ উবাচ ময়ীতি। ময়ি বক্ষ্যমাণবিশে·

আনন্দগিরিকৃতটীকা।

কর্ম্মসংন্যাসাত্মকসাধনপ্রধানং তৎপদার্থপ্রধানং বা প্রথম-ষট্‌কং ব্যাখ্যায় মধ্যম-ষট্‌কমুপাস্যনিষ্ঠং তৎপদার্থনিষ্ঠং বা ব্যাখ্যাতুমারভমানঃ সমনন্তরাধ্যায়মবতারয়তি যোগিনামিতি। অতীতাধ্যায়ান্তে মদ্গতেনান্তরাত্মনা যো ভজতে মামিতি প্রশ্ন-

---

হে পার্থ! ভগবানের শরণাগত হইয়া, পরমাত্মস্বরূপ আমারই সাক্ষাৎকার-লাভের প্রত্যাশায় সমাহিত-চিত্তে যোগের অনুষ্ঠানে প্রবৃত্ত যোগী যে প্রকারে আমার সর্ব্বস্বরূপের ভাব নিঃসংশয়ে অবগত হইতে পারেন, তাহার প্রকার আমি বর্ণন করিতেছি, তুমি শ্রবণ কর! ॥ ১ ॥

আভাস।

ব্যবসাদার মহাজনগণ ব্যাপারীর নিকট হইতে মাল খরিদ করিবার কালে নিজেরা একটী তুলাদণ্ড সহ পরিমাপক মন ও বাট্‌খারাদি রাখেন, যদ্দারা ওজন

শাঙ্করভাষ্যম্।

যণে পরমেশ্বরে আসক্তং মনো যস্য স ময্যাসক্তমনাঃ, হে পার্থ যোগং যুঞ্জন্ মনঃসমাধানং কুর্ব্বন্, মদাশ্রয়ঃ অহমেব পরমেশ্বর আশ্রয়ো যস্য স মদাশ্রয়ঃ যোহি কশ্চিৎ পুরুষার্থেন কেনচিদর্থী ভবতি, স তৎসাধনং কর্ম্ম অগ্নিহোত্রাদি তপোদানং বা কিঞ্চিদাশ্রয়ং প্রতিপদ্যতে, অয়ং তু যোগী মামেব আশ্রয়ং প্রতিপদ্যতে, হিত্বা অন্যৎ

আনন্দগিরিকৃতটীকা।

বীজং প্রদর্শ্য কীদৃশং ভগবত্তত্ত্বং কথং বা মদ্গতান্তরাত্মা স্যাদিত্যর্জ্জুনস্য প্রশ্নদ্বয়ে জাতে স্বয়মেব ভগবান্ অপৃষ্টমেব তদ্বক্তুমিচ্ছন্নুক্তবানিত্যর্থঃ। পরমেশ্বরস্য বক্ষ্যমাণবিশেষণত্বং সকলজগদায়তনত্বাদি-নানাবিধ-বিভূতি-ভাগিত্বং তত্রাসক্তির্মনসো বিষয়ান্তরপরিহারেণ তন্নিষ্ঠত্বম্। মনসো ভগবত্যেবাসক্তৌ হেতুমাহ যোগমিতি বিষয়ান্তরপরিহারে হি গোচরমালোচ্যমানে ভগবত্যেব প্রতিষ্ঠিতো ভবতীত্যর্থঃ।

স্বামিকৃতটীকা।

বিজ্ঞেয়মাত্মনস্তত্ত্বং সযোগং সমুদাহৃতং। ভজনীয়মথেদানীমৈশ্বরং রূপমীর্য্যতে॥ পূর্ব্বাধ্যায়ান্তে মদ্গতেনান্তরাত্মনা যো মাং ভজতে স মে যুক্ততমো মত ইত্যুক্তং তত্র কীদৃশস্ত্বং যস্য ভক্তিঃ কর্ত্তব্যেত্যপেক্ষায়াং স্বস্বরূপং নিরূপয়িষ্যন্ শ্রীভগবানুবাচ ময্যীতি। ময়ি পরমেশ্বরে আসক্তমভিনিবিষ্টং মনো যস্য সঃ মদাশ্রয়োঽহমেবাশ্রয়ো যস্য অনন্যশরণঃ সন্ যোগং যুঞ্জন্নভ্যস্যন্নসংশয়ং যথা ভবত্যেবং মাং সমগ্রং বিভূতি-বলৈশ্বর্য্যাদিসহিতং যথা জ্ঞাস্যসি তদিদং ময়া বক্ষ্যমাণং শৃণু॥ ১॥

আভাস।

করিয়া সমস্ত দ্রব্য সামগ্রী বুঝিয়া লইতে পারেন। রাশীকৃত মাল দেখিয়া সাধারণ লোক বিস্মিত হন বটে, কিন্তু তৌল করিবার উপকরণ মহাজনের নিকট থাকায়, বিস্ময়ের পরিবর্ত্তে বুঝিয়া পাইবার উপলক্ষে বরং তাহার আনন্দই জন্মে।

এই বিশ্বসংসারের মূর্ত্তি এবং গতি দর্শনে সাধারণ মানব-হৃদয়ে বিস্ময়, ভীতি এবং ঔদাসীন্যেরই উদয় হইয়া থাকে। কুরুক্ষেত্র রণ-প্রাঙ্গণে গাণ্ডীব-ধন্বা অর্জ্জুনই তাহার উত্তম দৃষ্টান্ত। অর্জ্জুনকে রণজয়ী করত সুখী করিবার অভিপ্রায়ে ভগবান্ শ্রীকৃষ্ণ আত্ম-স্বরূপের অবধারণার্থ এবং ব্রহ্ম-সাক্ষাৎকারের জন্য উপদেশ উপলক্ষে এই অপূর্ব্ব গীতার উল্লেখ করিয়াছিলেন। যুদ্ধক্ষেত্রে বিমুগ্ধ-হৃদয় অর্জ্জুনকে যুদ্ধার্থ উৎসাহ প্রদান না করিয়া, আত্ম-সাক্ষাৎকার পূর্ব্বক ব্রহ্ম-সাক্ষাৎকারের উপদেশটী যেন সম্পূর্ণ অপ্রাসঙ্গিক বলিয়া অনেকের ধারণা হইতে পারে;

শাঙ্করভাষ্যম্।

সাধনান্তরং ময্যেবাসক্তমনা ভবতি। যস্ত্বমেবংভূতঃ সন্ অসংশয়ং সমগ্রং সমস্তং বিভূতিবলশক্ত্যৈশ্বর্য্যাদিগুণসম্পন্নং মাং যথা যেন প্রকারেণ জ্ঞাস্যসি সংশয়মন্তরেণ এবমেব ভগবানিতি তৎ শৃণু উচ্যমানং ময়া ॥ ১ ॥

আনন্দগিরিকৃতটীকা।

তথাপি স্বাশ্রয়ে পুরুষো মনঃ স্থাপয়তি নান্যত্রেত্যাশঙ্ক্যাহ মদাশ্রয় ইতি। যোগিনো যদীশ্বরাশ্রয়ত্বেন তস্মিন্নেবাসক্তমনস্ত্বমুপপন্নস্তং তদুপপাদয়তি যো হীতি। ঈশ্বরাখ্যাশ্রয়স্য প্রতিপত্তিমেব প্রকটয়তি হিত্বেতি। অস্তু যোগিনস্তদাশ্রয়প্রতিপত্ত্যা মনসস্তয্যেবাসক্তিস্তথাপি মম কিমায়াতমিত্যাশঙ্ক্য দ্বিতীয়ার্দ্ধং ব্যাচষ্টে যস্ত্বমেবমিতি। এবম্ভূতো যথোক্তধ্যাননিষ্ঠপুরুষবদেব ময্যাসক্তমনা যস্ত্বং তথাবিধঃ সন্নসংশয়মবিদ্যমানঃ সংশয়ো যত্র জ্ঞানে তদ্‌যথা স্যাত্তথা মাং সমগ্রং জ্ঞাস্যসীতি সম্বন্ধঃ।

আভাস।

কিন্তু শ্রীকৃষ্ণ পূর্ণব্রহ্ম ভগবান্! অযথা বাক্যের প্রযোগ তাঁহার দ্বারা কখন সম্ভব নহে। কারণ অর্জ্জুনের ন্যায় মানব মাত্রেই এই সংসার-রণ-ক্ষেত্ররূপ দেহক্ষেত্রে হিতাহিতের সংগ্রামে নিরন্তর প্রবৃত্ত! সুতরাং অর্জ্জুনকে উপলক্ষ মাত্র করিয়া, ভগবান্ শ্রীকৃষ্ণ গীতার উপদেশ মানবকে প্রদান করিয়াছেন।

এই উপদেশের প্রথম উপকরণ নিজ-স্বরূপের পরিচয় লাভ। কারণ তৌলদণ্ড ও বাটখারা না থাকিলে যেমন ব্যাপারীর মাল বুঝিয়া লওয়া যায় না, সেইরূপ নিজের জ্ঞানের ওজন বা স্বরূপ না জানিলে, এই অনন্ত ব্রহ্মাণ্ড এবং তাহার স্রষ্টা মূল ব্যাপারী পরমাত্মার স্বরূপ কি করিয়া অবধারণ করা সঙ্গত হইবে! এবং অর্জ্জুনেরও আত্মীয় স্বজন ও বন্ধু বান্ধবগণের প্রতি আত্মীয়তা বা মায়া মোহের ওজন কি প্রকারে হইতে পারে! সুতরাং ভগবান্ শ্রীকৃষ্ণ তাহার উপদেশ-বাক্য গীতাকে তিনটী ভাগে বিভক্ত করিয়াছেন। প্রথম ছয় অধ্যায়ের প্রথম অধ্যায়ে অজ্ঞান-কুহকের অবতারণাকে প্রয়োজন বলিয়া নির্দ্দেশ করত, জীবের নিজের স্বরূপ আত্মা যদ্দ্বারা জগৎ ও জগজ্জীবনকে বুঝিতে এবং পরিমাণ করিতে হইবে, সেই আত্মার স্বরূপাবধারণের পদ্ধতি বর্ণন করিয়াছেন। কারণ বুঝিবার বা সংগ্রহের দ্বারা আপনার করিতে যত মালই উপস্থিত হউক না, মহাজনের পরিমাপক মনাদি বাট্ যদি খারা হয়, ওজন করিতে যেমন অধিক বিলম্ব হয় না, সেইরূপ যাহার দ্বারা বুঝিয়া আত্মসাৎ করিতে হইবে, সেই বুঝিবার দ্রব্য নিজের আত্মার অবধারণটী অপর পাঁচ অধ্যায়ে সমাপ্ত করিয়াছেন! দ্বিতীয় ছয় অধ্যায়ে যাহাকে

আনন্দগিরিকৃতটীকা।

সমগ্রমিত্যস্যার্থমাহ সমস্তেতি বিভূতি-র্নানাবিধৈশ্বর্য্যোপায়সম্পত্তিঃ। বলং শরীর-গতং সামর্থ্যম্। শক্তির্মনোগতং প্রাগ্‌ল্ভ্যম্। ঐশ্বর্য্যমীশিতব্যবিষয়মীশনসামর্থ্যম্, আদিশব্দেন জ্ঞানেচ্ছাদয়ো গৃহ্যন্তে। অসংশয়মিতি পদস্য ক্রিয়াবিশেষণত্বং বিশদয়ন্ ক্রিয়াপদেন সম্বন্ধং কথয়তি সংশয়মিতি। বিনা সংশয়ং ভগবত্তত্ত্বপরিজ্ঞানমেব স্ফোরয়তি এবমেবেতি। ভগবত্তত্ত্বে জ্ঞাতব্যে কথং মম জ্ঞানমুপদেক্ষ্যতি, ন হি ত্বামৃতে তদুপদেষ্টা কশ্চিদস্তীত্যাশঙ্ক্যাহ তচ্ছৃণ্বিতি ॥ ১ ॥

আভাস।

এই আত্মার দ্বারা বুঝিতে হইবে সেই পরমাত্ম-স্বরূপ এবং তাহার সৃষ্ট ব্রহ্মাণ্ডের পরিচয় প্রদান করিয়াছেন। এই দুইটীর নির্ণয় হইলে, কি প্রকারে তাহা ওজন করত আত্মসাৎ অর্থাৎ আয়ত্ত করিতে হইবে, তাহার পদ্ধতি তৃতীয় ষট্ক অধ্যায়ে বর্ণন করিয়াছেন।

ষষ্ঠাধ্যায়ের পরি-সমাপ্তিতে বলিয়াছেন যে, "যোগীনামপি সর্ব্বেষাং মদ্গতে-নান্তরাত্মনা। শ্রদ্ধাবান্ ভজতে যো মাং স মে যুক্ততমো মতঃ॥ প্রথমত তপস্বী জ্ঞানী, কর্ম্মী ও যোগীর প্রশংসা করিয়া, সর্ব্বপেক্ষা যোগীর শ্রেষ্ঠত্বের পরিচয়ে বিশেষ আদরের উল্লেখ করিয়াছেন। কারণ পূর্ব্বোক্ত তিনটী তপস্বী, জ্ঞানী এবং কর্ম্মী উত্তরোত্তর শ্রেষ্ঠ ও অদরণীয় হইলেও, সকলে প্রকৃত মুক্তির অধিকারী নহেন। উক্ত তিনটীর কার্য্য যোগের পরিকর্ম্ম মাত্র। যেমন অঙ্ক-শাস্ত্রে যোগ, বিয়োগ, হরণ এবং পূরণ কার্য্য স্বয়ংসিদ্ধ নহে; কেবল প্রধান কর্ম্ম অঙ্ক-বিদ্যার সাহায্য-কারী মাত্র; অথচ না জানিলে, অঙ্ক-বিদ্যায় অধিকার জন্মে না, সেইরূপ তপস্যা, শাস্ত্রালোচনা-জনিত জ্ঞান এবং নিত্য নৈমিত্তিকাদি যাগ যজ্ঞ কর্ম্ম মুক্তিদানে স্বয়ং সিদ্ধ না হইলেও, যোগের আনুকূল্য এবং তাহার ভিত্তি স্থাপন করিয়া দেয়। সুতরাং আদরাতিশয়ে তাহারা অনুষ্ঠেয়। কিন্তু যোগ একটী অপূর্ব্ব অনুষ্ঠান, যাহার কল্যাণে যোগী সেই অভিলষিত মোক্ষ-পদে আরোহণ করিতে পারেন। তিনি পূর্ব্বোক্ত ত্রিবিধ ভাবে দক্ষ হইয়া উচ্চস্তরে আরোহণ করত আত্মসাক্ষাৎকারে অধিকারী হইলে, সংসার-জ্বালা হইতে নিষ্কৃতি লাভে আত্মানন্দ অনুভব করেন সত্য! কিন্তু সমগ্র ব্রহ্মাণ্ড-ব্যাপী পরমানন্দ লাভ তাঁহার হয় না! সে পরমানন্দ প্রাপ্ত হইতে হইলে, পরমেশে প্রাণ-সমর্পণ করা প্রয়োজন। অতএব যোগের চরম উৎকর্ষই আত্ম-সাক্ষাৎকার; এবং তাহার চরম ফল ভগবৎসন্দর্শন!

ভগবৎস্বরূপের অবধারণ করিতে হইলে, তৎসম্বন্ধীয় জ্ঞানের প্রয়োজন; যাহার

জ্ঞানং তেঽহং সবিজ্ঞানমিদং বক্ষ্যাম্যশেষতঃ ।
যজ্‌জ্ঞাত্বা নেহ ভূয়োঽন্যজ্‌জ্ঞাতব্যমবশিষ্যতে ॥ ২ ॥

অন্বয়ঃ।

অহং তে তুভ্যং সবিজ্ঞানং অনুভব-সহিতং ইদং মদ্বিষয়ং জ্ঞানং শাস্ত্রীয়ং অশেষতঃ সাকল্যেন বক্ষ্যামি যং জ্ঞাত্বা ইহ ( শ্রেয়োমার্গে বর্ত্তমানস্য তব ) ভূয়ঃ পুনঃ অন্যৎ জ্ঞাতব্যং ন অবশিষ্যতে ॥ ২ ॥

শাঙ্করভাষ্যম্ ।

তচ্চ মদ্‌বিষয়ং জ্ঞানং ইতি তে তুভ্যমহং সবিজ্ঞানং বিজ্ঞানসহিতং স্বানুভব-

আনন্দগিরিকৃতটীকা ।

জ্ঞাস্যসীত্যুক্ত্যা পরোক্ষজ্ঞানশঙ্কায়াং তন্নিবৃত্ত্যর্থং তদুক্তিপ্রকারমেব বিবৃণোতি তচ্চেতি । ইদমপরোক্ষং জ্ঞানং চৈতন্যম্ । তস্য সবিজ্ঞানস্য প্রতিলম্ভে কিং স্যাদিত্যা-

---

শাস্ত্র এবং আচার্য্যগণের উপদিষ্ট তত্ত্ব সমূহের জ্ঞান এবং সে গুলিকে ধারণার দ্বারা প্রত্যক্ষে প্রতীত করিবার পদ্ধতি সমূহ এরূপ বিস্তৃত ভাবে ও এরূপ বিশদরূপে আমি তোমার নিকট বর্ণন করিব, যাহা তুমি হৃদয়ঙ্গম করিলে, এ জগতে আর কিছু তোমার বুঝিবার অবশিষ্ট থাকিবে না ॥ ২ ॥

আভাস।

আশ্রয়ে যোগী তন্নিষ্ঠ এবং তৎপরায়ণ হইয়া, চির আনন্দ অনুভব করিবেন। প্রথম শ্লোকে ভগবান্ শ্রীকৃষ্ণ যোগীর অবধারণ-যোগ্য নিজের স্বরূপকে বর্ণনের অভিপ্রায়ে অর্জ্জুনকে উৎসাহ প্রদানে বলিয়াছিলেন যে, হে অর্জ্জুন! উপনিষদাদি উৎকৃষ্ট বেদান্ত গ্রন্থও যাঁহাকে "যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ" মন বুদ্ধি অহঙ্কার ইন্দ্রিয়গ্রাম যাঁহাকে অবধারণে অক্ষম হইয়া প্রতিনিবৃত্ত হয়, বলিয়া বারংবার স্বীকার করিয়াছেন, সেই পরমাত্ম-স্বরূপের প্রকৃত অবধারণ তোমার নিকট করিতেছি। কেবল নির্ভরপ্রাণে এবং ঐকান্তিক ভক্তি-সহকারে অগ্রসর হইলে, সমগ্র বল, বিভূতি এবং ঐশ্বর্য্যপূর্ণ আমার পরমার্থ ভাবকে যাহাতে অবধারণ করা যায়, আমি সেই ভাবে সমস্ত বর্ণন করিতেছি; সে সমস্ত তুমি শ্রবণ কর! ॥ ১ ॥

যে সকল উপদেশ বাক্য শাস্ত্রানুমোদিত এবং যুক্তিযুক্ত তাহাই পণ্ডিতগণ

মনুষ্যাণাং সহস্রেষু কশ্চিদ্ যততি সিদ্ধয়ে।

অন্বয়ঃ।

মনুষ্যাণাং সহস্রেষু মধ্যে কশ্চিৎ পুণ্যবান্ জনঃ সিদ্ধয়ে আত্মজ্ঞানায় যততি

শাঙ্করভাষ্যম্।

সংযুক্তমিদং বক্ষ্যামি কথয়িষ্যামি অশেষতঃ কার্ৎস্নেন। তজ্ জ্ঞানং বিবক্ষিতং স্তৌতি শ্রোতুরভিমুখীকরণায়। যৎ জ্ঞাত্বা যজ্ জ্ঞানং জ্ঞাত্বা নেহ ভূয়ঃ পুনর্জ্ঞাতব্যং পুরুষার্থসাধনম্ অবশিষ্যতে নাবশেষো ভবতীতি মত্তত্ত্বজ্ঞো যঃ স সর্ব্বজ্ঞো ভবতী-ত্যর্থঃ। অতো বিশিষ্টফলত্বাৎ দুর্ল্ভং জ্ঞানম্॥ ২॥

কথমিত্যুচ্যতে মনুষ্যাণ্যাং মধ্যে সহস্রেষু কশ্চিদ্ যততি প্রযত্নং করোতি সিদ্ধয়ে

আনন্দগিরিকৃত-টীকা।

শক্যাহ যজ্ জ্ঞাত্বেতি। ইদমা চৈতন্যস্য পরোক্ষত্বং ব্যাবর্ত্ত্যতে। তদেব সবিজ্ঞান-মিতি বিশেষণেন স্ফুটয়তি, অশেষতঃ অনবশেষেণ। তদ্বেদনফলোপন্যাসেন শ্রোতারং তচ্ছ্রবণপ্রবণং করোতি তজ্ জ্ঞানমিতি। একবিজ্ঞানেন সর্ব্ববিজ্ঞান-শ্রুতিমাশ্রিত্যোত্তরার্দ্ধতাৎপর্য্যমাহ যজ্ জ্ঞাত্বেতি। ভগবত্তত্ত্বজ্ঞানস্য বিশিষ্টফলত্বমুক্তা ফলিতমাহ অত ইতি॥ ২॥

জ্ঞানস্য দুর্ল্ভত্বং প্রশ্নপূর্ব্বকং প্রকটয়তি কথমিত্যাদিনা। সহস্র-শব্দস্য বহু-

স্বামিকৃতটীকা।

বক্ষ্যমাণং স্তৌতি জ্ঞানমিতি। জ্ঞানং শাস্ত্রীয়ং, বিজ্ঞানমনুভব স্তৎসহিতমিদং মদ্বিষয়মশেষতঃ সাকল্যেন বক্ষ্যামি যজ্ জ্ঞাত্বা ইহ শ্রেয়োমার্গে বর্ত্তমানস্য পুনরন্য-জ্ জ্ঞাতব্যমবশিষ্টং ন ভবতি তেনৈব কৃতার্থো ভবতীত্যর্থঃ॥ ২॥

---

দেখ! তত্ত্বজ্ঞান শ্রবণে মৌখিক সন্তোষ প্রকাশের লোক

আভাস।

গ্রহণ করিয়া থাকেন; নতুবা অসদৃশ বাক্যকে উন্মাদের প্রলাপোক্তি স্বরূপ উপেক্ষা করিয়া থাকেন। এই শ্লোকে ভগবান্ সবিজ্ঞান জ্ঞানের কথা বলিবেন বলিয়া প্রকাশ করিয়াছেন। শাস্ত্র এবং আচার্য্য বাক্যে শ্রুত বিষয়ের ধারণাকে জ্ঞান বলা যায় এবং সেই সমস্ত অবধারিত বিষয়কে প্রণিধান পূর্ব্বক চিত্তে একাগ্রভাবে বা তন্ময় ভাবে চিন্তা করার নাম বিজ্ঞান। সুতরাং ভগবানের উপ-দেশ শাস্ত্রানুমোদিত এবং হৃদয়গ্রাহী। বিশেষত তন্ময় ভাবে তাদৃশ উপদেশকে বিচার পূর্ব্বক হৃদয়ে স্থান দিলে, অপরোক্ষভাবে সত্যস্বরূপে তাহা প্রতীত হয়, তজ্জন্য আর সংশয়ের সম্ভাবনা থাকে না এবং আধ্যাত্মিক সকল তত্ত্বই সুস্পষ্ট হইবে, আর জিজ্ঞাসার প্রয়োজন হইবে না, বলিয়া শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে বলিয়াছিলেন॥ ২॥

মানব মাত্রেই প্রায় প্রয়োজনের দাস। ভোগদেহের অভ্যন্তরে আশ্রিতের

যততামপি সিদ্ধানাং কশ্চিন্মাং বেত্তি তত্ত্বতঃ ॥ ৩ ॥

অন্বয়ঃ।

প্রযততে ; যততাং সিদ্ধানাং আত্মজ্ঞানবিশিষ্টানাং সহস্রেষু মধ্যে কশ্চিৎ এব জনঃ মাং পরমাত্মানং তত্ত্বতঃ যাথার্থ্যেন বেত্তি জানাতি ॥ ৩ ॥

শাঙ্করভাষ্যম্।

সিদ্ধ্যর্থম্। তেষাং যততামপি সিদ্ধানাং সিদ্ধা এব হি তে যে মোক্ষায় যতন্তে তেষাং, কশ্চিদেব মাং বেত্তি তত্ত্বতো যথাবৎ ॥ ৩ ॥

আনন্দগিরিকৃতটীকা।

বাচকত্বমুপেত্য ব্যাকরোতি অনেকেম্বিতি। সিদ্ধয়ে সত্ত্বশুদ্ধিদ্বারা জ্ঞানোৎপত্ত্যর্থং ইত্যর্থঃ। সিদ্ধ্যর্থং যতমানানাং কথং সিদ্ধত্বমিত্যাশঙ্ক্যাহ সিদ্ধা এবেতি। সর্ব্বেষামেব তেষাং জ্ঞানোদয়াৎ তস্য সুলভত্বমিত্যাশঙ্ক্যাহ তেষামিতি ॥ ৩ ॥

স্বামিকৃতটীকা।

মদ্ভক্তিং বিনা তু মজ্জ্ঞানং দুর্ল্লভমিত্যাহ মনুষ্যাণামিতি। অসংখ্যাতানাং জীবানাং মধ্যে মনুষ্যাণান্তু সহস্রেষু মধ্যে কশ্চিদেব পুণ্যবশাৎ সিদ্ধয়ে আত্মজ্ঞানায় প্রযততে, প্রযত্নং কুর্ব্বতামপি সহস্রেষু প্রাক্তনপুণ্যবশাদাত্মানং বেত্তি, তদৃশানাঞ্চ আত্মজ্ঞানাং সহস্রেষু কশ্চিদেব মাং পরমাত্মানং মৎপ্রসাদেন তত্ত্বতো বেত্তি, তদেবমতিদুর্ল্লভমপ্যাত্মতত্ত্বং তুভ্যমহং বক্ষ্যামীত্যর্থঃ ॥ ৩ ॥

---

অনেক আছে ; কিন্তু শ্রবণের পর সেই তত্ত্বসমূহকে অন্তরে ধারণা করিবার লোক অতি বিরল। তত্ত্বসমূহের বিবরণ শ্রবণ করিয়া সহস্রের মধ্যে অতি অল্প লোক তাহা ধারণার দ্বারা সিদ্ধি লাভে চেষ্টা করে ; এবং তাদৃশ সিদ্ধ-কাম সহস্র ব্যক্তির মধ্যে কদাচিৎ দুই একজন ব্যক্তি পরমার্থত আমার ভাব অবধারণ করিতে সক্ষম হন ॥ ৩ ॥

আভাস।

ন্যায় অবস্থান করায়, দেহের অভাব এবং অভিযোগের পূরণার্থই নিরন্তর ব্যতিব্যস্ত থাকে ; নিজের নিষ্কৃতি লাভের প্রতি মনোযোগী হয় না। পুত্রের বিবাহ দিবার উপলক্ষে অভিমানী বরকর্ত্তা বরের গাড়ি সাজান, সাজ পোষাক সংগ্রহ; বরযাত্রের অভ্যর্থনা ও সঙ্গী লোকজন সংগ্রহ করিতেই রাত্রি দ্বিপ্রহর

ভূমিরাপোহনলো বায়ুঃ খং মনো বুদ্ধিরেব চ।

অন্বয়ঃ।

ভূমিঃ পৃথিবীতন্মাত্রং, আপঃ, অনলঃ, বায়ুঃ, আকাশতন্মাত্রং, মনঃ মনসঃ কারণং অহঙ্কারঃ, বুদ্ধিঃ অহঙ্কার-কারণং মহত্তত্ত্বং, অহঙ্কারঃ ইতি অবিদ্যাযুক্তং

শাঙ্করভাষ্যম্।

অতঃ শ্রোতারং প্ররোচনেনাভিমুখীকৃত্যাহ। ভূমিরিতি পৃথিবীতন্মাত্রমুচ্যতে,

আনন্দগিরিকৃতটীকা।

জ্ঞানার্থং প্রযত্নস্য তদ্দ্বারা জ্ঞানলাভস্য তদুভয়দ্বারেণ মুক্তেশ্চ দুর্লভত্বাভিধানস্য শ্রোতৃপ্ররোচনং ফলমিতি মত্বাহ শ্রোতারমিতি। আত্মনঃ সর্ব্বাত্মকত্বেন পরিপূর্ণত্ব-মবতারয়ন্নাদাবপরাং প্রকৃতিমুপন্যস্যতি আহেতি। ভূমিশব্দস্য ব্যবহার-যোগ্যস্থূল-

---

এই পরিদৃশ্যমান স্থূল জগতের উত্তরোত্তর কারণ-মূর্ত্তিতে বিদ্যমান ক্ষিতি অপ্ তেজ মরুৎ এবং ব্যোম নামক পঞ্চ তন্মাত্র,

আভাস।

অতীত করিলেন। এদিকে রাত্রি আটটার মধ্যে বিবাহের লগ্ন স্থির ছিল। কন্যার পিতা দুঃখিত হৃদয়ে সেই গ্রামের অপর একটী পাত্রকে ধরিয়া কন্যা পাত্রস্থ করত বিবাহ কার্য্য শেষ করিয়া নিশ্চিন্ত আছেন। এদিকে পূর্ব্ব বর মহা সমারোহে গ্রামে উপস্থিত। তখন কি করা যায় মনে করিয়া, গ্রামস্থ লোক একটী দাসী-কন্যার সহিত বরের বিবাহ দিয়া বলিলেন, বাপু হে! এবার এই কন্যা লইয়াই ফিরিয়া যাও! আমরা তোমাকেত চিনিলাম! বারান্তরে দেখা যাইবে। মানব দেহ-রথকে সজ্জিত করিতেই বৃথা জীবন অতিবাহিত করিয়া ফেলে; মরণকালে মনে পড়ে যে, অকিঞ্চিৎকর দেহের কল্যাণে এ জীবন বৃথায় অতিবাহিত করা হইয়াছে, আর এরূপ করা হইবে না। এবার জন্মের আরম্ভ হইতে এরূপ কর্ম্মে মনোনিবেশ করিব, যাহাতে গর্ভবাসে আর যাইতে না হয়। এইরূপ বহুবার জন্ম গ্রহণে ক্রমশঃ বিচক্ষণতা লাভ হইলে, জ্ঞানী ব্যক্তি ভব-বন্ধন হইতে মুক্তিলাভের কামনা করেন। এইরূপ বহুবার কামনা করত হাজার হাজার ব্যক্তির মধ্যে অতি অল্প লোকই পরমার্থ ভাবে আত্মার স্বরূপ এবং পরমাত্ম ভাবের অবধারণে পরম পদ প্রাপ্ত হয়। পরবর্ত্তী শ্লোক সমূহে জ্ঞাতব্য ভগবৎ স্বরূপের বর্ণন হইয়াছে ॥ ৩ ॥

ব্রহ্ম স্বরূপের নির্ণয় ব্যাপারে বেদান্তাদি দর্শন শাস্ত্র দুইটী পদ্ধতির পরিচয়

অহঙ্কার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরষ্টধা ॥ ৪ ॥

অন্বয়ঃ।

অব্যক্তং ইতি ইয়ং যথোক্তা প্রকৃতিঃ মে মম অষ্টধা ভিন্না ঐশ্বরী মায়াশক্তিঃ ইতি ॥ ৪ ॥

শাঙ্করভাষ্যম্।

ন স্থূলা, ভিন্না প্রকৃতিরষ্টধা ইতি বচনাৎ তথাবাদয়োঽপি তন্মাত্রাণ্যেব উচ্যন্তে।

আনন্দগিরিকৃতটীকা।

পৃথিবীবিষয়ত্বং ব্যাবর্ত্তয়তি ভূমিরিতীতি। তত্র হেতুমাহ ভিন্নেতি। প্রকৃতি-সমভিব্যাহারাৎ গন্ধতন্মাত্রং স্থূলপৃথিবীপ্রকৃতিরুত্তর-বিকারো ভূমিরিত্যুচ্যতে ন বিশেষইত্যর্থঃ। ভূমিশব্দবদবাদিশব্দানামপি সূক্ষ্মভূতবিষয়ত্বমাহ তথেতি। তেষামপি

স্বামিকৃতটীকা।

এবং শ্রোতারমভিমুখীকৃত্যেদানীং প্রকৃতিদ্বারা সৃষ্ট্যাদিকর্ত্তৃত্বেনেশ্বরতত্ত্বং প্রতিজ্ঞাতং নিরূপয়িষ্যন্ পরাপরভেদেন প্রকৃতিদ্বয়মাহ ভূমিরিতি দ্বাভ্যাং। ভূম্যাদীনি পঞ্চ ভূতসূক্ষ্মাণি মনঃশব্দেন তৎকারণভূতোঽহঙ্কারঃ, বুদ্ধিশব্দেন তৎকারণ-মহত্তত্ত্বং। অহঙ্কার-শব্দেন তৎকারণমবিদ্যা ইত্যেবমষ্টধা ভিন্না, যদ্বা ভূম্যাদিশব্দৈঃ পঞ্চ মহাভূতানি সূক্ষ্মৈঃ সহৈকীকৃত্য গৃহ্যন্তে, অহঙ্কার-শব্দেনৈবাহঙ্কারস্তেনৈব তৎকার্য্যাণীন্দ্রিয়াণ্যপি গৃহ্যন্তে, বুদ্ধিরিতি মহত্তত্ত্বং, মনঃশব্দেন তু মনসৈবোন্নেয়মব্যক্তস্বরূপং প্রধানমিত্যনেন প্রকারেণ, মে প্রকৃতি র্মায়াখ্যা শক্তিরষ্টধা ভিন্না বিভাগং প্রাপ্তা, চতুর্ব্বিংশতি-ভেদভিন্নাপ্যষ্টস্বেবান্তর্ভাব-বিবক্ষয়াষ্টধা-ভিন্নেত্যুক্তং, তথাচ ক্ষেত্রাধ্যায়ে ইমামেব প্রকৃতিং চতুর্ব্বিংশতি-তত্ত্বাত্মনা প্রপঞ্চয়িষ্যতি, মহাভূতান্যহঙ্কারো বুদ্ধিরব্যক্তমেব চ। ইন্দ্রিয়াণি দশৈকঞ্চ পঞ্চ চেন্দ্রিয়গোচরা ইতি ॥ ৪ ॥

অহঙ্কার, মহত্তত্ত্ব অর্থাৎ বুদ্ধি এবং অব্যক্তা প্রকৃতি এই আটটী মদীয়া শক্তির বহির্মুখা প্রকৃতি। এই বহির্মুখা প্রকৃতির পর পর পরিণামে স্থূল স্থাবর-জঙ্গমাত্মক জগৎ রচিত হইয়াছে ॥ ৪ ॥

আভাস।

পাওয়া যায়; একটী অতি সূক্ষ্ম পরমাত্ম-চৈতন্য-স্বরূপ হইতে অবতরণ করত উত্তরোত্তর প্রত্যক্ষে পরিদৃষ্ট স্থূল পৃথিবী ও দেহাদি তত্ত্বের অনুসন্ধানে তত্ত্বের অনুশীলন; এবং অপরটী অতি স্থূল পৃথিব্যাদি তত্ত্ব হইতে আরম্ভ করিয়া, উত্তরোত্তর কারণের অনুসন্ধানে মূল কারণ পূর্ণব্রহ্ম ভাবে উপনীত হওয়া। উভয়টীই প্রশস্ত

শাঙ্করভাষ্যম্।

আপোঽনলঃ বায়ুঃ খং মন ইতি মনসঃ কারণমহঙ্কারঃ গৃহ্যতে। বুদ্ধিরিত্যহঙ্কার-

আনন্দগিরিকৃতটীকা।

প্রকৃতিসমানাধিকৃতত্বাবিশেষাৎ তন্মাত্রাণাং পূর্ব্বপূর্ব্ব-প্রকৃতীনামুত্তর-বিকারাণাং ন বিশেষত্বসিদ্ধিরিত্যর্থঃ। মনঃশব্দস্য সংকল্পবিকল্পাত্মক-করণ-বিষয়ত্বমাশঙ্ক্যাহ মন ইতীতি। ন খল্বহঙ্কারাভাবে সংকল্পবিকল্পয়োরসম্ভবাত্তদাত্মকং মনঃ সম্ভবতীত্যর্থঃ।

আভাস।

পথ হইলেও, পশ্চাৎ উক্ত পথটীকে শ্রেয়ঃকল্প জ্ঞানে ভগবান্ শ্রীকৃষ্ণ নিম্ন স্তর হইতে আরোহণের পদ্ধতি অনুসরণে শ্লোকে ব্যাখ্যা করিয়াছেন। দুঃখ দারিদ্র্য-ক্লিষ্ট কলিরোগগ্রস্ত মানবের পক্ষে অতি স্থূল হইতে আরম্ভ করিয়া ক্রমশ উন্নতির পথে আরোহণ করাই মঙ্গল বিবেচনা করিয়া, স্থূল পৃথিবী, জল, অনল, অনিল, আকাশ, অহঙ্কার, বুদ্ধি বা মহত্তত্ত্ব এবং চিত্ত বা অবিদ্যাযুক্ত অব্যক্ত শক্তি মায়া, এই আটটীকে সৃষ্টির উত্তরোত্তর তত্ত্বকে কারণ-রূপে তিনি নির্ণয় করিয়াছেন। এই আটটী কারণ-তত্ত্বকে ভগবান্ নিজ শক্তি বলিয়া বর্ণন করিয়াছেন। কিন্তু শক্তি ও শক্তিমান্ চৈতন্যস্বরূপের পরস্পরের মধ্যে স্বরূপত বিভিন্ন ভাব ধারণাতে আসিলেও, প্রকৃত প্রস্তাবে কেহ কাহাকে পরিত্যাগে সম্পূর্ণ পৃথক্ ভাবে অর্থাৎ নিঃসঙ্গের ন্যায় থাকিতে পারেন না; অবিনাভাব-সম্বন্ধে উভয়ে চির কাল একত্রই আছেন। তবে কখনও কাহার উৎকর্ষ, কখনও বা কাহার অপকর্ষ ভাবের পরিচয় হয় মাত্র। শক্তির উৎকর্ষে উত্তরোত্তর প্রকৃতি, মহত্তত্ত্ব, অহঙ্কার, একাদশ ইন্দ্রিয়, পঞ্চতন্মাত্র ও পঞ্চমহাভূত ক্ষিত্যাদি এই চতুর্ব্বিংশতি পরিণামে পরিণত হইয়া ব্রহ্মাণ্ড রচনার উপকরণ হয় এবং শক্তিমান্ পূর্ণব্রহ্ম পরমাত্মস্বরূপ সর্ব্বজ্ঞ জ্ঞানভাবের উৎকর্ষে উক্ত ব্রহ্মাণ্ড রচনার উপকরণ সমূহ প্রতিলোম পরিণামে স্বস্ব কারণে লীন হইতে হইতে মূল শক্তি প্রধানা প্রকৃতিতে আত্মসমর্পণ করত, শক্তিমানের শক্তিরূপে অবিনাভাব-সম্বন্ধে তাঁহাতেই লীন থাকে; তখনই ব্রহ্মাণ্ডের প্রলয়, এবং জীবস্বরূপের চির শান্তিতে অবস্থান স্বীকার্য্য। অর্থাৎ যে জগৎস্বরূপ মৃত্তিকাভাব আমরা নয়নগোচর করিতেছি, ইহা স্থূলভূত পৃথিবী হইলেও, স্বয়ং স্বাধীন নহে; ইহাও তাহার অন্তর্নিহিত অতি সূক্ষ্ম উর্ব্বরা শক্তিরূপ ক্ষিতি তন্মাত্রের উপর নির্ভর করে। ধরণী হইতে সমুৎপন্ন পাদপাদি তৃণ সমূহ, আম্র কাঁঠালাদি ফল মূল এবং শস্য জাতীয়

শাঙ্করভাষ্যম্।

কারণং মহত্তত্ত্বম্, অহঙ্কার ইতি অবিদ্যাসংযুক্তমব্যক্তম্। যথা বিষসংযুক্তমন্নং বিষ-

আনন্দগিরিকৃতটীকা।

নিশ্চয়-লক্ষণা বুদ্ধিরিত্যুপগমাদ্বুদ্ধিশব্দস্য নিশ্চয়াত্মক করণ বিষয়ত্বমাশঙ্ক্যাহ বুদ্ধিরি-তীতি। ন হি হিরণ্যগর্ভসমষ্টিবুদ্ধিরূপমন্তরেণ ব্যষ্টিবুদ্ধিঃ সিধ্যতীত্যর্থঃ। অহঙ্কার-স্যাভিমানবিশেষাত্মকত্বেনান্তঃকরণপ্রভেদত্বং ব্যাবর্ত্তয়তি অহঙ্কার ইতি। অবিদ্যা-

আভাস।

পদার্থ, এমন কি! পৃথিবীর উপরে বিপুল কলেবরে প্রকাশমান কঠিন প্রস্তরময় পর্ব্বত এবং ধরণীর অভ্যন্তরে উপচিত অভ্র, তাম্র, পারদ, সীসা, বঙ্গ, রূপা এবং স্বর্ণ, অঙ্গার (পথুরিয়া কয়লা) কেরোসিন তৈল এবং আরও কত অনন্ত প্রকারের পদার্থ বিচিত্র মূর্ত্তিতে যাহাই আমরা দেখি বা শুনি, সে সমস্তই উক্ত উর্ব্বরা শক্তি বা ক্ষিতি তন্মাত্রার রূপান্তরিত পরিণাম মাত্র। বাহ্যিক আকারে পরিদৃষ্ট শাক অন্ন ফল ফুলাদির মূর্ত্তিতে আমরা যাহাই ভোগাদির উপলক্ষে সেবন করি, প্রত্যেক পদার্থের অন্তরে উৎপাদিকা শক্তি-মূর্ত্তিতে চির দণ্ডায়-মানা ক্ষিতি তন্মাত্র-রূপ উর্ব্বরাশক্তিকেই গ্রহণ করিয়া থাকি। অতএব ভগবান্ শ্রীকৃষ্ণ এই শ্লোকে ভূমিরাপ প্রভৃতি তত্ত্বের উল্লেখে নিজ ত্রৈণী শক্তির পরিচয়ে তত্তৎ স্থূল ভূতের তত্তৎ তন্মাত্রেরই পরিচয় প্রদান করিয়াছেন।

আবার আপ্ শব্দে রস তন্মাত্রের পরিচয় দিয়াছেন। অর্থাৎ ক্ষিতি যে উর্ব্বরা-শক্তির ঘনীভূত ভাবে মৃন্ময়ী মূর্ত্তিতে পরিণতা, সে উর্ব্বরা শক্তিও রসতন্মাত্রার ঘনীভূত তত্ত্বান্তর ভাব। সে রসতন্মাত্র জলে আছে বটে; কিন্তু ধরণী সংলগ্ন জলে যতটুকু আছে, তদপেক্ষা বৃষ্টির জলে অনেক অধিক। বৃষ্টির মূর্ত্তিতে নভোভাগ হইতে উৎকৃষ্ট উৎপাদিকা শক্তি রসতন্মাত্র হইয়া জলের অন্তর দিয়া ভূমিতে আগমন করত, ভূমির উর্ব্বরাশক্তিকে বলপ্রদান করিতেছে। এই শক্তি ভূমির উর্ব্বরা শক্তিরও উৎপাদিকা এবং কারণ-স্থানীয়া। ইহার সুস্পষ্ট প্রমাণ! আমরা টবে ফুলগাছাদি গাছে যে জল প্রদান করি, তাহাতে তাহারা কেবল জীবিত থাকে; কখন তাহাও থাকে না! কিন্তু এক পশ্লা সামান্য বৃষ্টি হইলে, উক্ত টবের গাছগুলি যেন নবীন মূর্ত্তিতে জীবন্তের ন্যায় প্রতীত হয়। রস তন্মাত্রও রূপতন্মাত্র অর্থাৎ তেজ-শক্তিতে পরিবর্দ্ধিত ও পরিণত হইয়া স্থূল জলের আকারে জগতে দেখা দেয়। তেজ তন্মাত্রও গতিরূপ ধারণে বায়ুতত্ত্ব হইতে

শাঙ্করভাষ্যম্।

মুচ্যতে এবমহঙ্কার-বাসনাবদব্যক্তং মূলকারণমহঙ্কার ইত্যুচ্যতে, প্রবর্ত্তকত্বাদহঙ্কারস্য।

আনন্দগিরিকৃতটীকা।

সংযুক্তমিত্যবিদ্যাত্মকমিত্যর্থঃ। কথং মূলকারণস্যাহঙ্কারশব্দত্বমিত্যাশঙ্ক্যোক্তমর্থং দৃষ্টান্তেন স্পষ্টয়তি যথেত্যাদিনা। মূলকারণস্যাহঙ্কারশব্দত্বে হেতুমাহ প্রবর্ত্তকত্বাদিতি। তস্য প্রবর্ত্তকত্বং প্রপঞ্চয়তি অহঙ্কার এবেতি। সত্যেবাহঙ্কারে মমকারো

আভাস।

তাহার ঘনীভূত মূর্ত্তিতে প্রকাশমান হইয়া, জগতে অগ্নি মূর্ত্তিতে প্রকাশ পাই-তেছে এবং বায়ুতত্ত্বও আকাশের ঘনীভূত ভাব-মূর্ত্তিতে অনুপম উর্ব্বরা শক্তি-রূপে প্রকটিত হইয়া পর পর বায়ু, তেজ, রস এবং পৃথিবী তন্মাত্র সাজিয়া অন্তরে উর্ব্বরা-শক্তির মূর্ত্তিতে এবং বাহিরে স্থূল বায়ু, অনল, জল এবং পৃথিবী সাজিয়া স্থূল মহাভূতের পরিচয় দিতেছে। সকলেই সেই চৈতন্য ঘন বিগ্রহ পরম ব্রহ্মের ঐশী শক্তির পরিণাম মাত্র।

শ্রুতি বলিয়াছেন, তস্মাৎ বা এতস্মাৎ আত্মন আকাশঃ সম্ভূতঃ। আকাশাদ্বায়ুঃ, বায়োরগ্নিঃ, অগ্নেরাপঃ, অদ্ভ্যঃ পৃথিবী, পৃথিব্যাঃ ওষধয়ঃ, ওষধিভ্যঃ অন্নং, অন্নাৎ রেতঃ, রেতসঃ পুরুষঃ॥

এই মন্ত্রে আত্মাশব্দে সমষ্টি অহঙ্কার-তত্ত্বকেই লক্ষ্য করা হইয়াছে। যেমন নিদ্রাভঙ্গের পরই মানুষ "জাগিয়াছি" মাত্র অনুভব করে; আমি কি কি আমার বলিয়া কিছুরই ধারণা করিতে পারে না; কারণ তখন বহির্মুখা বৃত্তির অনুপস্থিতে আত্মাভিমুখী বৃত্তিরই অর্থাৎ অনুভবের বিষয় ছাড়িয়া, আত্মভাবেই বিশ্রাম করে; কিন্তু পরে কে যেন তাহাকে নিস্তব্ধ বিশ্রাম-ভাব হইতে বিশ্লিষ্ট করে; এবং প্রথম আত্মানুভূতির উদ্রেকে অন্তরে কেবল তাহার নিজের বুদ্ধিভাবেরই উদয় হয়। পরক্ষণেই কি বুঝিব! বলিয়া উক্ত বুঝি-ভাবের অন্তরঙ্গা বৃত্তির বিরুদ্ধে বহিরঙ্গ ভাবের যখন প্রকটন হয়, তখনই মানব আত্মচিন্তা হারাইয়া বহির্দৃষ্টি অর্থাৎ নিজের শক্তির প্রতি দৃষ্টির নিপতনে বুঝিবার প্রতি তাহার দৃষ্টি ধাবিত হয়। জাগিবার পরই বহির্দৃষ্টির সূচনায় প্রথম নিজের অভিমানে আমির প্রতি দৃষ্টি পড়ে; পরে আমার সম্পর্কিত পদার্থের প্রতি চিন্তা ও দৃষ্টি পড়ে। অহো! নিদ্রাকালে এই আমি ও আমার ভাব সমস্তই চিত্তে নিশ্চেষ্টের ন্যায় নিরিশমান ছিল; এবং তখন তাহাদের পরস্পরের পার্থক্যকে কে যে রক্ষা করিয়াছিলেন,

শাঙ্করভাষ্যম্।

অহঙ্কার এবহি সর্ব্বস্য প্রবৃত্তিবীজং দৃষ্টং লোকে। ইতীয়ং যথোক্তা প্রকৃতি র্মে মম ঐশ্বরী মায়াশক্তিরষ্টধা ভিন্না ভেদমাগতা ॥ ৪ ॥

আনন্দগিরিকৃতটীকা।

ভবতি তয়োশ্চ ভাবে সর্ব্বা প্রবৃত্তিরিতি প্রসিদ্ধিরিত্যর্থঃ। উক্তাং প্রকৃতিমুপসংহরতি ইতীয়মিতি। ইয়মিত্যপরোক্ষা সাক্ষিদৃশ্যেতি যাবৎ, ঐশ্বরী তদাশ্রয়া তদৈশ্বর্য্যোপাধিভূতা। প্রক্রিয়তে মহদাদ্যাকারেণেতি প্রকৃতিঃ, ত্রিগুণং জগদুপাদানং প্রধানমিতি মতং ব্যুদস্যতি মায়েতি। তস্যাস্তৎকার্য্যাকারেণ পরিণামযোগ্যত্বং দ্যোতয়তি শক্তিরিতি। অষ্টধেতি অষ্টভিঃ প্রকারৈরিতি যাবৎ ॥ ৪ ॥

আভাস।

মানব তাহার কিছুমাত্র অবধারণ করেন নাই! অথচ জানিবা মাত্র সেই বিচিত্র ভাব সমূহকে সম্পূর্ণ পৃথক্‌ভাবে সুস্পষ্ট করিয়া কে যে স্মৃতিতে আনিয়া দিল, মানব তাহার অনুসন্ধানও কখন করিল না। ভগবান্ সেই শক্তিকে পরাপ্রকৃতি নামে অভিহিত করিয়াছেন। কারণ পরম পুরুষের তৎপ্রতি ঈক্ষণে সেই শক্তিও শক্তের ন্যায় আত্মপরিচয় দেন। স্বামীর আত্মীয়তার অনুরোধে পত্নী যেমন স্বামীর সকল সম্পত্তির উপর নিজের আধিপত্যের পরিচয় প্রদানরূপ কার্য্য করেন, সেইরূপ পরমা শক্তি প্রকৃতি স্বয়ং জড়া হইয়াও, পরমাত্মার ঈক্ষণ লাভে চেতনায়মানা হইয়া, সর্ব্বজ্ঞ ও সর্ব্বশক্তিমানের পরিচয় দিয়া থাকেন। সুতরাং সেই চেতনায়মানা পরাশক্তিই জীবদেহে অনুভূতির মূর্ত্তিতে জীব-সংজ্ঞালাভ করিয়াছেন এবং বিশ্বব্যাপী বিরাটে অনুভূতি ও অন্তর্যামীর মূর্ত্তিতে পরমেশ সংজ্ঞা লাভে সৃষ্টি, স্থিতি এবং প্রলয়ের ব্যবস্থা করিতেছেন। সাধারণ মানব যেমন নিজের আমিভাব বা অনুভূতি-স্বরূপকে বজায় রাখিয়া বহির্মুখীন সাংসারিক বিচিত্র ভাবে চিত্তের পরিচয় প্রদান করে, অর্থাৎ কখন গৃহী, কখন উদাসীন বা বানপ্রস্থ এবং ভিক্ষু ভাব নিজের স্বরূপের একাংশে বিকাশ করেন এবং কার্য্যের সমাপনে যে তিনি সেই আপন ভাবেই বিশ্রাম করেন, সেইরূপ পূর্ণ পরমাত্মা নিজের ব্রহ্মভাবে বজায় থাকিয়াও, শক্তির একাংশে বিশ্বের সৃজন, পালন এবং সংহার ব্যাপার একবার পরিস্ফুট, আবার অন্তর্লীন করত সেই পূর্ণব্রহ্ম আপনাতেই লীন করিয়া রাখেন। পরম ব্রহ্মের ঈক্ষণ যে আংশিক শক্তির উপর পতিত হয়, সেই চেতনায়মানা আংশিক শক্তিকেই পঞ্চম শ্লোকে শ্রীকৃষ্ণ জীবভূত এবং ব্রহ্মাণ্ড-প্রসবিনী পরা প্রকৃতি নামে অভিহিত করিয়াছেন।

অপরেয়মিতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্।

অন্বয়ঃ।

ইয়ং মে প্রকৃতিঃ অপরা নিকৃষ্টা বন্ধনাত্মিকা সংসার-রূপাচ, ইতঃ অন্যাং বিশুদ্ধাং

শাঙ্করভাষ্যম্।

অপরেতি। অপরা ন পরা নিকৃষ্টা অশুদ্ধা অনর্থকরী সংসাররূপ বন্ধনাত্মিকেয়-

আনন্দগিরিকৃতটীকা।

অচেতন-বর্গমেকীকর্ত্তুং প্রকৃতেরষ্টধা পরিণামং অভিধায় বিকারাবচ্ছিন্নং কার্য্য-কল্পং চেতন-বর্গমেকীকর্ত্তুং পুরুষস্য চৈতন্যস্য বিদ্যাশক্ত্যবচ্ছিন্নস্যাপি প্রকৃতিত্বং

---

সত্ত্ব, রজ এবং তমোগুণের বৈষম্য নিবন্ধন অর্থাৎ গুণত্রয়ের সমভাবের বিচ্যুতির অনুরোধে এই আটটী প্রকৃতিই সৃষ্টির অভিমুখে গতি নিবন্ধন ভোগদায়িনী; সুতরাং নিকৃষ্টা। এই আটটী ব্যতীত অপর একটী আমার প্রকৃতি আছেন, যিনি গুণত্রয়ের সাম্যত্ব নিবন্ধন উৎকৃষ্টা এবং শক্তিরূপে অভেদ ভাবে বিদ্যমান থাকায়, তিনি নিত্য চেতনময়ী ও অনুভবাত্মিকা। তিনি অনুভব করিবার উপলক্ষে প্রত্যেক উৎকৃষ্ট বা অপকৃষ্ট দেহ-পুরিতে জীবাত্মা পুরুষ-মূর্ত্তিতে সর্ব্বত্র সমস্ত প্রতীত করিয়া থাকেন। এবং এই চৈত্যনময়ী প্রকৃতিই

আভাস।

এই চৈতনময়ী পরা প্রকৃতিই পুরাণাদি শাস্ত্রে পরমেশ নামে এবং তন্ত্রাদিতে মহাকালী নামে অভিহিত হইয়াছেন। অনাদি অনন্ত অদ্বিতীয় শান্ত চৈতন্যস্বরূপ শিবের অন্তর হইতে তাঁহার জ্ঞানশক্তি ও ক্রিয়াশক্তির একত্র সমবায়ে সর্ব্বপ্রসবিনী কালীর উদয় হইয়া বিশ্ব-ব্রহ্মাণ্ডের স্থাবর অর্থাৎ জড় জগৎ এবং চেতনস্বরূপ জীব-নিচয়ের আবির্ভাব ঘটিতেছে। সেই ব্রহ্মময়ী কালী স্বীয় গলদেশে অতি প্রিয় যে মুণ্ডমালা ধারণ করিতেছেন, তাহা ছিন্ন মুণ্ড নহে! জীবতত্ত্বের মালা তিনি ধারণ করিয়াছেন। একখানি প্রশস্ত দর্পণে সূর্য্যের একটী প্রতিবিম্বই পরিলক্ষিত হয় বটে, কিন্তু সেই দর্পণের কিয়দংশ ভগ্ন এবং চূর্ণ হইলে, প্রত্যেক চূর্ণ খণ্ডে তদনুরূপ অনন্ত চিকৃচিকে প্রতিবিম্ব এবং অবশিষ্ট প্রশস্ত অংশে পূর্ণ প্রতিবিম্ব যেমন পরিলক্ষিত হয়, সেইরূপ অবিনাভাব-সম্বন্ধে চির-বিদ্যমান মহাশক্তি মুলা প্রকৃতিতে পূর্ণ পরমাত্ম-ভাব চির-বিদ্যমান থাকিলেও, ত্রিগুণময়ী

জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্য্যতে জগৎ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

পরাং প্রকৃষ্টাং জীবভূতাং ক্ষেত্রজ্ঞ-লক্ষণাং প্রকৃতিং বিদ্ধি! হে মহাবাহো! যয়া প্রকৃত্যা জ্ঞান-লক্ষণয়া ইদং জগৎ ধার্য্যতে ॥ ৫ ॥

শাঙ্করভাষ্যম্।

মিতোঽন্যা যথোক্তা যা ত্বন্যাং বিশুদ্ধাং প্রকৃতিং মমাত্মভূতাং বিদ্ধি মে পরাং প্রকৃষ্টাং

আনন্দগিরিকৃতটীকা।

কথয়িতুমুক্তাং প্রকৃতিমনূদ্য দর্শয়তি অপরেতি। নিকৃষ্টত্বং স্পষ্টয়তি অনর্থকরীতি। অনর্থকরত্বমেব স্ফোরয়তি সংসারেতি। কথঞ্চিদপ্যনন্যত্বব্যাবৃত্ত্যর্থস্তুশব্দঃ অন্যা-

স্বামিকৃতটীকা।

অপরামিমাং প্রকৃতিমুপসংহরন্ পরাং প্রকৃতিমাহ অপরেয়মিতি। অষ্টধা যা প্রকৃতিরুক্তা ইয়মপরা নিকৃষ্টা জড়ত্বাৎ পরার্থত্বাচ্চ, ইতঃ সকাশাৎ পরাং প্রকৃষ্টা-মন্যাং জীবভূতাং জীবস্বরূপাং মে প্রকৃতিং জানীহি, পরত্বে হেতুঃ যয়া চেতনয়া ক্ষেত্রজ্ঞ-স্বরূপয়া স্বকর্ম্মদ্বারেণেদং জগদ্ধার্য্যতে ॥ ৫ ॥

---

বিশ্বাধার হইয়া চির বিদ্যমান রহিয়াছেন এবং ইহাঁরই জাড্যাংশে অর্থাৎ গুণত্রয়ের বৈষম্য নিবন্ধন জড়ভাবাপন্ন অংশে পূর্ব্বোক্ত অব্যক্তাদি ক্ষিতি পর্য্যন্ত আটটী নিকৃষ্টা প্রকৃতি উত্তরোত্তর ভাবে পরিণত হইয়া দেব, তির্য্যক্ এবং মানবাদির দেহ এবং পৃথিবী; চন্দ্র, সূর্য্য গ্রহ, নক্ষত্র, বৃক্ষ, পর্ব্বত এবং জল স্থলাদি জড় দেহ সৃজিত হইয়াছে; অথচ চেতনাময়ী মূর্ত্তিতে সর্ব্বত্র অনুস্যূত থাকিয়া, বাহ্যাভ্যন্তর-ভেদে সর্ব্বাধার হইয়া একা পরা প্রকৃতিই বিরাজ করিতেছেন ॥ ৫ ॥

আভাস।

মায়া বা প্রকৃতি-শক্তিরও গুণবৈষম্যে মূলা প্রকৃতি হইতে আংশিক বিচ্ছিন্ন ভাবে প্রতীয়মানা শক্তিতে জগৎ এবং জীব-ভাবের পরিচয় হইয়া থাকে। মহাকাশের স্থানে স্থানে মেঘের উদয়ে ঝড় বিদ্যুৎ বজ্রধ্বনি শিলাবৃষ্টি ও জলবর্ষণ হইলেও, মূল আকাশ যেমন স্বরূপচ্যুত হয় না, সেইরূপ চৈতন্যস্বরূপের অবিনাভাব সম্বন্ধে চৈতন্যগর্ভেই চির বিদ্যমান মহাশক্তি! সেই মহাশক্তির কোন এক

এতদ্‌যোনীনি ভূতানি সর্ব্বাণীত্যুপধারয়।

অন্বয়ঃ।

সর্ব্বাণি ভূতানি এতদযোনীনি ( এতে পরাপরে ক্ষেত্র-ক্ষেত্রজ্ঞলক্ষণে প্রকৃতী যোনী কারণং যেষাং তানি ) ইত্যেবং উপধারয় জানীহি। ( যতঃ মম প্রকৃতিঃ এব

শাঙ্করভাষ্যম্।

জীবভূতাং ক্ষেত্রজ্ঞলক্ষণাং প্রাণধারণনিমিত্তভূতাং হে মহাবাহো যয়া প্রকৃত্যা ইদং জগৎ ধার্য্যতে জগদন্তঃপ্রবিষ্টয়া ॥ ৫ ॥

এতদিতি। এতদযোনীনি এতে পরাপরে ক্ষেত্রক্ষেত্রজ্ঞলক্ষণে প্রকৃতী যোনীনি

আনন্দগিরিকৃতটীকা।

মত্যন্তবিলক্ষণামিতি যাবৎ। অন্যত্বমেব স্পষ্টয়তি বিশুদ্ধামিতি। প্রকৃতিশব্দস্যাপ্রযুক্তস্যার্থান্তরমাহ মমেতি। প্রকৃষ্টত্বমেব ভোক্তৃত্বেন স্পষ্টয়তি জীবভূতামিতি। প্রকৃত্যন্তরাদস্যাঃ প্রকৃতেরবান্তরবিশেষমাহ যয়েতি। নহি জীবরহিতং জগদ্ধারয়িতুং শক্যমিত্যাশয়েনাহ অন্তরিতি ॥ ৫ ॥

উক্ত প্রকৃতিদ্বয়ে কার্য্যলিঙ্গকমনুমানং প্রমাণয়তি এতদ্‌যোনীনীতি। প্রকৃতি-

---

এই স্থাবর এবং জঙ্গমাত্মক জাবতীয় ভূতনিচয় আমারই এই

আভাস।

অংশের বিক্ষোভে অনন্ত বিশ্বের রচনা হইলে, তাহাতে মূলা প্রকৃতির কোন স্বরূপচ্যুতি হয় না। আমাদের ইন্দ্রিয়াদি যে কোন অংশে চিত্তাদির সংস্রবে প্রত্যেক ইন্দ্রিয়ই যেমন চেতন অর্থাৎ আমির ভাব লাভে কার্য্য করে; এবং ইন্দ্রিয় কার্য্য করিলে, আত্মার স্বয়ং কার্য্য করা হয়, সেইরূপ মূলা প্রকৃতির কোন অংশে চৈতন্যের সংযোগে অর্থাৎ দৃষ্টির নিপতনে সেই অংশ চেতনায়মান হইয়া সমগ্র ব্যষ্টি এবং সমষ্টি-অনুভূতির কার্য্য করা হয়। অর্থাৎ এই চেতনায়মানা প্রকৃতির অংশে ব্রহ্মা বিষ্ণু মহাদেব, দেবতা, নর এবং তির্য্যক্‌যোনিস্থ যাবতীয় জীব-জগতের পরিচয়ে ব্রহ্মাণ্ড রচিত হয়। চেতনায়মানা ত্রিগুণাত্মিকা প্রকৃতির সত্ত্ব-গুণময় ভাবে জীবাত্মা, রজোগুণময়ভাবে বৃক্ষ লতাদি তির্য্যক্‌যোনি এবং তমো-ময় ভাবে পঞ্চমহাভূতের সৃষ্টি হইয়া, দ্রষ্টা ও দৃশ্য ভাবের বা জ্ঞেয় ও জ্ঞাতাভাবের পরিচয়ে সৃষ্টি-কার্য্যের পরিণাম চলিতেছে ॥ ৪ ॥ ৫ ॥

সাংখ্য দর্শনে উক্ত আছে যে, দ্রষ্টা এবং দৃশ্যের সম্বন্ধই সংসার। যোগ-

অহং কৃৎস্নস্য জগতঃ প্রভবঃ প্রলয়স্তথা ॥ ৬ ॥

অন্বয়ঃ ।

সর্ব্বভূতানাং যোনিঃ কারণং অতঃ) অহং এব কৃৎস্নস্য জগতঃ প্রভবঃ উৎপত্তিঃ, তথা প্রলয়ঃ বিনাশঃ চ ॥ ৬ ॥

শাঙ্করভাষ্যম্ ।

যেষাং ভূতানাং তানি এতদ্যোনীনি ভূতানি সর্ব্বাণীত্যুপধারয় জানীহি! যস্মান্মম

আনন্দগিরিকৃতটীকা ।

দ্বয়স্য জগৎকারণত্বে কথমীশ্বরস্য জগৎকারণত্বং তদুপগতমিত্যাশঙ্ক্যাহ অহমিতি। এতদ্যোনীত্যুক্তে সমনন্তরপ্রকৃতজীবভূতপ্রকৃতাবেতচ্ছব্দস্যাব্যবধানাৎ প্রবৃত্তি-

স্বামিকৃতটীকা ।

অনয়োঃ প্রকৃতিত্বং দর্শয়ন্ স্বস্য তদ্বারা সৃষ্ট্যাদিকারণত্বমাহ এতদিতি। এতে ক্ষেত্র-ক্ষেত্রজ্ঞস্বরূপে প্রকৃতী যোনী কারণভূতে যেষাং তানি এতদ্যোনীনি স্থাবর-জঙ্গমাত্মকানি সর্ব্বাণি ভূতানীতি উপধারয় বুধ্যস্ব, তত্র জড়া প্রকৃতি র্দেহরূপেণ পরিণমতে চেতনা তু মদংশভূতা ভোক্তৃত্বেন দেহেষু প্রবিশ্য স্বকর্ম্মণা তানি ধারয়তি, তে চ মদীয়ে প্রকৃতী মত্তঃ সংভূতে অতোঽহমেব কৃৎস্নস্য সপ্রকৃতিকস্য জগতঃ প্রভবঃ প্রকর্ষেণ ভবত্যস্মাদিতি প্রভবঃ পরমকারণমহমিত্যর্থঃ, তথা প্রলীয়তেঽনেনেতি প্রলয়ঃ সংহর্ত্তাপ্যহমেবেত্যর্থঃ ॥ ৬ ॥

অপরা এবং পরা প্রকৃতির আশ্রয়ে উপচিত হইয়া ক্ষেত্র দেহ এবং ক্ষেত্রজ্ঞ অর্থাৎ নিয়ন্তা ও অনুভব কর্ত্তার বেশে পরিলক্ষিত হইয়া, বিরাজ করিতেছে ; এবং আমি এই উভয় প্রকৃতি পরা ও অপরা শক্তির শক্তিমান্ ভাবে বিরাজ করত সমগ্র সৃষ্টির উৎপত্তি, স্থিতি এবং প্রলয়ের একমাত্র কারণরূপে অবস্থান করিতেছি ॥ ৬ ॥

আভাস।

সূত্রকার মহামুনি পতঞ্জলি বলিয়াছেন, দ্রষ্টৃদৃশ্যয়োঃ সংযোগো হেয়-হেতুঃ, অর্থাৎ দ্রষ্টা পুরুষ অনুভব কর্ত্তা এবং দৃশ্য বিষয় এই উভয়ের সংযোগই হেয় দুঃখাদি ভোগপ্রদ সংসারের হেতু। বেদান্ত-দর্শনেও (অস্মৎ শব্দে) আমি এবং (যুষ্মৎ শব্দে) তুমি অর্থাৎ ভোগ্য বিষয় লইয়াই সংসারের প্রবৃত্তি। অতএব সর্ব্বত্র দ্রষ্টা পুরুষ বা অনুভূতির স্বরূপ এবং দৃশ্য অনুভবের বিষয়, এই দুই লইয়াই যাবদীয়

শাঙ্করভাষ্যম্।

প্রকৃতী যোনিঃ কারণং সর্ব্বভূতানাম্, অতোঽহং কৃতস্নস্য সমস্তস্য জগতঃ প্রভব উৎপত্তিঃ প্রলয়ো বিনাশস্তথা প্রকৃতিদ্বয়দ্বারেণাহং সর্ব্বজ্ঞ ঈশ্বরো জগতঃ কারণমিত্যর্থঃ॥ ৬॥

আনন্দগিরিকৃতটীকা।

মাশঙ্ক্য ব্যাকরোতি এতে ইতি। সর্ব্বাণি চেতনাচেতনানি জনিমন্তীত্যর্থঃ। সর্ব্বভূতকারণত্বেনত্বেন প্রকৃতিদ্বয়মঙ্গীকৃতঞ্চেৎ কথমহমিত্যাদ্যুক্তমিত্যাশঙ্ক্যাহ যস্মাদিতি। মম প্রকৃতী পরমেশ্বরস্যোপাধিতয়া স্থিতে ইত্যর্থঃ। তর্হি প্রকৃতিদ্বয়ং কারণমীশ্বরশ্চেতি জগতোঽনেকবিধকারণাঙ্গীকরণং স্যাদিত্যাশঙ্ক্যাহ প্রকৃতীতি। অপর প্রকৃতেরচেতনত্বাৎ পরপ্রকৃতেশ্চেতনত্বেঽপি কিঞ্চিজ্‌জ্ঞত্বাৎ ঈশ্বরস্যৈব সর্ব্বজ্ঞস্য সর্ব্বকারণত্বং যুক্তমিত্যাহ সর্ব্বজ্ঞেতি॥ ৬॥

আভাস।

সংসারের বা সৃষ্টির প্রবাহ। দুই ব্যতীত আর তিন বলিয়া কিছু নাই। অনুভব করি আমি এবং অনুভবের বিষয় আমার সমস্ত দেহ বা দৈহিক সুখ দুঃখাদি ভাব থাকিলে আমি বলিয়া উপলব্ধি কর্ত্তা একজন, হৃদয়ের একদেশে এবং দেহের সর্ব্বত্র ব্যাপ্ত আছেন, তাহাতে আর সন্দেহ নাই। আবার জগতের দিকে দৃষ্টি করিলে বুঝিতে পারিবে যে, জগতের অণু-পরমাণু হইতে অতি বৃহৎ পৃথিবী চন্দ্র সূর্য্যাদি প্রত্যেক পদার্থ যখন ক্রমান্বয়ে পরিবর্ত্তনের পদ্ধতিতে পরিচালিত হইতেছে, তখন এই বিরাট্ কলেবরেরও অনুভব করিবার কর্ত্তারূপে একটী ঐজাতীয় প্রকাণ্ড অনুভব-কর্ত্তা ইহার অন্তরে ও বাহিরে নিরন্তরই বিদ্যমান আছেন। যিনি আমার দেহে আমির ন্যায়, এই বিরাট্ দেহে আমি সাজিয়া, নিরন্তর বিরাজ করিতেছেন। অতএব এই বিশ্বদেহ বিরাট্ এবং প্রত্যেক পৃথক্ পৃথক্ ব্যষ্টি জীবদেহ কোথা হইতে বা কি উপাদানে গঠিত এবং এই উভয়ের অনুভব উপলক্ষে সমষ্টি এবং ব্যষ্টি অনুভব-কর্ত্তা পুরুষ চৈতন্যই বা কোন উপাদানে গঠিত তাহার মীমাংসা করা প্রয়োজন।

ভগবান্ শ্রীকৃষ্ণ এতদুভয়ের উত্তর দিয়াছেন যে, এতদ্ যোনীনি ভূতানি সর্ব্বাণি ইতি উপধারয়। অহং কৃৎস্নস্য জগতঃ প্রভবঃ প্রলয় স্তথা॥ এই যে দ্বিবিধ প্রকৃতির কথা বলিয়াছি, সেই দুইটী হইতেই এই স্থাবর জঙ্গমাত্মক উভয় প্রকার সৃষ্টির সন্নিবেশ হইয়াছে এবং ইহারা উভয় প্রকৃতিই যখন আমার অবিনাভাবে অবস্থিতা মূলা শক্তিরই বহির্ম্মুখা বৃত্তিমাত্র, তখন আমিই এই

মত্তঃ পরতরং নান্যৎ কিঞ্চিদস্তি ধনঞ্জয়।
ময়ি সর্ব্বমিদং প্রোতং সূত্রে মণিগণা ইব ॥ ৭ ॥

অন্বয়ঃ।

হে ধনঞ্জয়! মত্তঃ পরমেশ্বরাৎ, পরতরং শ্রেষ্ঠং (জগতঃ সৃষ্টিসংহারয়োঃ) অন্যৎ কারণান্তরং কিঞ্চিৎ নাস্তি। সূত্রে মণিগণাঃ ইব ময়ি পরমাত্মনি সর্ব্বং ইদং জগৎ প্রোতং গ্রথিতং আশ্রিতং চ ॥ ৭ ॥

শাঙ্করভাষ্যম্।

যতস্তস্মাৎ মত্তঃ পরমেশ্বরাৎ পরতরম্ অন্যৎ কারণান্তরং কিঞ্চিন্নাস্তি ন বিদ্যতে

আনন্দগিরিকৃতটীকা।

প্রধানং পরতোঽক্ষরাৎ পুরুষবৎ পরমাত্মনোঽপি পরাদন্যং পরং স্যাদিত্যাশঙ্ক্য প্রকৃতিদ্বয়দ্বারা সর্ব্বকারণত্বমীশ্বরস্যোক্তমুপজীব্য পরিহরতি যতস্তস্মাদিতি। নান্য-

স্বামিকৃতটীকা।

যস্মাদেবং তস্মান্মত্ত ইতি। মত্তঃ সকাশাৎ পরতরং শ্রেষ্ঠং। জগতঃ সৃষ্টি-সংহারয়োঃ স্বতন্ত্রং কারণং কিঞ্চিদপি নাস্তি, স্থিতিহেতুরপ্যহমেবেত্যাহ ময়ীতি, ময়ি সর্ব্বমিদং জগৎ প্রোতং গ্রথিতমাশ্রিতমিত্যর্থঃ, দৃষ্টান্তঃ স্পষ্টঃ ॥ ৭ ॥

---

হে ধনঞ্জয়! আমনার উৎপত্তির আর কারণান্তর কিছু নাই! যেমন সূত্রে গ্রথিত মণিসমূহ হারের আকারে পরিচিত হয়, সেইরূপ সর্ব্বজ্ঞানবান্ এবং সর্ব্বশক্তিমান্ আমারই অন্তরে এই বিশ্ব ব্রহ্মাণ্ড ব্যক্তভাবে পরস্পরে প্রতীত হইতেছে। স্থূল দেহ এবং অনুভব কর্ত্তা চেতন-মূর্ত্তি জীব-রূপে আমিই একা বিরাজ করিতেছি ॥ ৭ ॥

আভাস।

জীবভাব এবং জগদ্ভাবের আশ্রয়, নিয়ন্তা এবং উপসংহারকারী পরমপুরুষ পরমাত্মা! যেমন অসীম অবকাশ-ভাব আকাশের গর্ভ হইতে মেঘ, ঝড়, বিদ্যুৎ, বজ্রাঘাত, শিলাবর্ষণ এবং জলবর্ষণ প্রভৃতি হইয়া থাকে, আবার ক্ষণ-কালের মধ্যে সমস্তই মূল আধার আকাশেই লীন হইয়া, জলদ-শূন্য নিরবয়ব আকাশই পরিদৃষ্ট হয়, সেইরূপ আমার শক্তির পরিণামে এই অনন্ত বিশ্ব রচিত, রক্ষিত এবং অন্তর্হিত হইয়া আমার নিত্যসিদ্ধা অবিনাভাবে অবস্থিতা স্বরূপ-শক্তিতেই বিলীনের ন্যায় অবস্থিত হয়।

শাঙ্করভাষ্যম্।

অহমেব জগৎকারণমিত্যর্থঃ। হে ধনঞ্জয়, যস্মাদেবং তস্মান্ময়ি পরমেশ্বরে সর্ব্বাণি ভূতানি সর্ব্বমিদং জগৎ প্রোতমনুস্যূতমনুগতমনুবিদ্ধং গ্রথিতমিত্যর্থঃ। দীর্ঘতন্তুষু পটবৎ সূত্রে চ মণিগণা ইব॥ ৭॥

আনন্দগিরিকৃতটীকা।

নাস্তি পরমিত্যত্র হেতুমাহ ময়ীতি। পরতর-শব্দার্থমাহ অন্যদিতি। স্বাতন্ত্র্যব্যাবৃত্ত্যর্থমন্তরশব্দঃ, নিষেধফলং কথয়তি অহমেবেতি। সর্ব্বজগৎকারণত্বেন সিদ্ধমর্থং দ্বিতীয়ার্দ্ধব্যাখ্যানেন বিশদয়তি যস্মাদিতি। অতো দীর্ঘেষু তির্য্যক্ষু চ পটঘটিতেষু তন্তুষু পটস্থানগতিরবগম্যতে তদন্বয়ব্যেবানুগতং জগদিত্যাহ দীর্ঘেতি। যথা চ মণয়ঃ সূত্রেঽনুস্যূতাস্তেনৈব ধ্রিয়ন্তে তদভাবে বিপ্রকীর্য্যন্তে, তথা ময়ৈবাত্মভূতেন সর্ব্বং ব্যাপ্তং ততো নিষ্কৃষ্টং বিনষ্টমেব স্যাদিতি শ্লোকোক্তং দৃষ্টান্তমাহ সূত্র ইতি॥৭॥

আভাস।

এই উভয় প্রকৃতিই আমার সিত্যসিদ্ধাস্বরূপশক্তির বহির্ম্মুখী বৃত্তি মাত্র। তবে সত্ত্বগুণের প্রাধান্যে এবং চৈতন্যস্বরূপ আমার ঈক্ষণ উপলক্ষে বহির্মুখী প্রবৃত্তিতে উপজায়মানা আমার মূলাশক্তির পরা উৎকৃষ্টা প্রকৃতি চৈতন্যময়ী এবং সত্ত্ব, রজঃ এবং তমোগুণের একত্র বৈষম্যে উক্ত পরা প্রকৃতিরই উত্তরোত্তর ঘনীভূত আংশিক স্থূলভাবের পরিচয়ে বুদ্ধি, অহঙ্কার, মন, দশবিধ ইন্দ্রিয়, পঞ্চতন্মাত্র এবং পঞ্চ মহাভূতের স্বরূপে পরিণত হইয়া, অপরা প্রকৃতি সংসারের ভাবে পরিণত হইয়া জড়ত্বের পরিচয় দিয়াছেন। অতএব বৈষ্ণবী শক্তি মদীয়া প্রকৃতি একা অদ্বিতীয়া ও অনির্ব্বাচ্যা হইলেও, কেবল গুণত্রয়ের পরিণামে প্রথমত পরা, পরে ক্রমশঃ তিনিই অপরা নামে অভিহিত হইয়াছেন। সুতরাং গুণময়ী আমার মায়া-স্বরূপা প্রকৃতি হইতেই যখন প্রথমত সত্ত্বগুণের উৎকর্ষে চৈতন্যময় জীবভাব এবং রজঃ ও তমোগুণের উৎকর্ষে উত্তরোত্তর পরিণত হইয়া মহত্তত্ত্ব, অহঙ্কার, মন, ইন্দ্রিয়, পঞ্চতন্মাত্র ও পঞ্চমহাভূতের রচনা হইয়াছে, তখন মদীয়া শক্তি প্রকৃতির অনুরোধে আমিই জড় ও চেতন ভাবে এই বিশ্ব সংসারে বিরাজ করিতেছি। শ্রুতিও এতদর্থে বলিয়াছেন, "মায়াং তু প্রকৃতিং বিদ্যাৎ মায়িনং তু মহেশ্বরং। তস্যাবয়বভূতৈস্তু ব্যাপ্তং সর্ব্বমিদং জগৎ॥" অর্থাৎ মায়াই প্রকৃতি; এবং মায়ীই পূর্ণব্রহ্ম সনাতন পরমাত্মা। তাঁহারই অবয়বভূত এই বিশ্ব সংসার।

এখানে প্রকৃতি ও মায়া-শব্দকে এক অর্থে প্রয়োগের তাৎপর্য্য এই যে, যিনি প্রকৃষ্টরূপে করেন, অর্থাৎ যে যাহা, তাহাকে সেই ভাবে সাজাইয়া দেন,

রসোঽহমপ্সু কৌন্তেয় প্রভাস্মি শশিসূর্য্যয়োঃ।
প্রণবঃ সর্ব্ববেদেষু শব্দঃ খে পৌরুষং নৃষু ॥ ৮ ॥

অন্বয়ঃ।

অপ্সু (রসতন্মাত্র-রূপেণ) রসঃ অহং অস্মি; হে কৌন্তেয়! শশিসূর্য্যয়োঃ (সাবন্বেন) প্রভা অহং অস্মি; সর্ব্ববেদেষু অহং প্রণবঃ ওঙ্কারঃ, খে আকাশে, সারভূতঃ অহমেব শব্দঃ, নৃষু চ পৌরুষং উদ্যমঃ অহংএব ॥ ৮ ॥

শাঙ্করভাষ্যম্।

কেন কেন ধর্ম্মেণ বিশিষ্টে ত্বয়ি সর্ব্বমিদং প্রোতমিত্যুচ্যতে রস ইতি।

আনন্দগিরিকৃতটীকা।

অবান্দীনাং রসাদিষু প্রোতত্বপ্রতীতেস্তয়োব সর্ব্বং প্রোতমিত্যযুক্তমিতি মত্বা

---

প্রত্যেক স্থূল আকার বিশিষ্ট পদার্থের অন্তরে তৎকারণ-স্থানীয় সূক্ষ্ম সার-পদার্থের অন্বেষণ করিবার অভ্যাসে অগ্রসর হইলে, সর্ব্বান্তে আমারই সমীপে উপনীত হইতে পারিবে। যথা জলের সার পদার্থ রস-তন্মাত্র আমি! সূর্য্য বা চন্দ্রের আকারে যে প্রভা, তাহাই আমি! সমগ্র বেদের সার প্রণবই আমি! আকাশের শব্দ-তন্মাত্র এবং মানবের অন্তরে যে পুরুষকার, তাহাও আমি! ॥৮॥

আভাস।

তিনিই প্রকৃতি। কিন্তু যাহাদিগকে প্রকৃতি স্বীয় অন্তর হইতে সাজাইয়া প্রকৃত আকারে ও প্রকারে প্রকাশ করিলেন, তাহারা যে কোথায় কি মূর্ত্তিতে ছিল এবং বর্ত্তমানে কেন বিকশিত হইল এবং কেনই বা অভাব-মূর্ত্তিতে ছিল, ইহার তত্ত্ব বিজ্ঞান-মূর্ত্তি পুরুষ অবধারণ করিতে পারেন না, তজ্জন্য প্রকৃতির নাম মায়া। একটী পূর্ণ বিকশিত আম্রাদির বৃক্ষ দেখিয়া, তাহার স্কন্ধ, শাখা, পত্র পুষ্প ফল মূল ও রসাদির অস্তিত্ব একটী অতি ক্ষুদ্র আম্রাদি-বীজের অন্তরে নিহিত ছিল ভাবিতে হইলে, অনুমানের শরণ লওয়া ব্যতীত গত্যন্তর নাই; অথচ বীজে বৃক্ষের সমস্ত ভাব যে ছিল, সে বিষয়ে আর সন্দেহ নাই। কারণ না থাকিলে, আইসে কেন? ইত্যাদি চিন্তাতে জ্ঞান অভিভূত হওয়ায়, প্রকৃতিকে মায়ানামে অভিহিত করিতে বাধ্য হইয়াছেন ॥ ৬ ॥ ৭ ॥

অহো! অর্জ্জুন! আমার শক্তির আশ্রয়ে গঠিত সকল পদার্থের অন্তরে

## শাঙ্করভাষ্যম্।

রসোঽহমপাং যঃ সারঃ স রসঃ, তস্মিন্ রসভূতে ময়ি আপঃ প্রোতাঃ ইত্যর্থঃ। এবং সর্ব্বত্র। যথাহমপ্সু রসঃ এবং প্রভাস্মি শশিসূর্য্যয়োঃ। প্রণব ওঙ্কারঃ সর্ব্ববেদেষু, তস্মিন্ প্রণবভূতে ময়ি সর্ব্বে বেদাঃ প্রোতাঃ তথা খে আকাশে শব্দঃ সারভূত স্তস্মিন্ময়ি খং প্রোতং। তথা পৌরুষং পুরুষস্য ভাবঃ যতঃ পুংবুদ্ধি র্নৃষু তস্মিন্ ময়ি পুরুষাঃ প্রোতাঃ ॥ ৮ ॥

## আনন্দগিরিকৃতটীকা।

পৃচ্ছতি কেনেতি। তত্রোত্তরমুত্তরগ্রন্থেন দর্শয়তি উচ্যত ইতি। সারো মধুর-হেতুরিতি যাবৎ। রসোঽহমিতি কথং তত্রাহ তস্মিন্নিতি। অপ্সু যো রসঃ সারস্তস্মিন্ময়ি মধুররসে কারণভূতে প্রোতা আপ ইতিবদুত্তরত্র সর্ব্বত্র ব্যাখ্যানং কর্ত্তব্যমিত্যাহ এবমিতি। উক্তমর্থং দৃষ্টান্তং কৃত্বা প্রভাস্মীত্যাদি ব্যাচষ্টে যথেতি। চন্দ্রাদিত্যয়োর্যা প্রভা তদ্ভূতে ময়ি তৌ প্রোতাবিত্যর্থঃ। উক্ত বাক্যার্থং কথয়তি তস্মিন্নিতি। প্রণবভূতে তস্মিন্ বেদানাং প্রোতত্ববদাকাশে যঃ সারভূতঃ শব্দস্ত-দ্রূপে পরমেশ্বরে প্রোতমাকাশমিত্যাহ তথেতি। পৌরুষং নৃষিতি ভাগং পূর্ব্ববদ্বি-ভজতে তথেত্যাদিনা। পুরুষত্বমেব বিশদয়তি যত ইতি। পুংস্বসামান্যাত্মকে পরস্মিন্নীশ্বরে প্রোতা স্তদ্বিশেষাস্তদুপাদানত্বেন তৎস্বভাবত্বাদিত্যর্থঃ ॥ ৮ ॥

## স্বামিকৃতটীকা।

জগৎস্থিতিহেতুত্বমেব প্রপঞ্চয়তি রসোঽহমিতি পঞ্চভিঃ। অপ্সু রসোঽহং রসতন্মাত্রস্বরূপয়া বিভূত্যা আশ্রয়ত্বেনাপ্সু স্থিতোঽহমিত্যর্থঃ, তথা শশিসূর্য্যয়োঃ প্রভাঽস্মি চন্দ্রে সূর্য্যে চ প্রকাশরূপয়া বিভূত্যা তদাশ্রয়ত্বেন স্থিতোঽহমিত্যর্থঃ অন্যত্রাপ্যেবং দ্রষ্টব্যং, সর্ব্বেষু বেদেষু বৈখরীরূপেষু তন্মূলভূত ওঙ্কারোঽস্মি, খে আকাশে শব্দঃ শব্দতন্মাত্ররূপোঽস্মি, নৃষু পুরুষেষু পৌরুষমুদ্যমোঽস্মি উদ্যমে হি পুরুষাস্তিষ্ঠন্তি ॥ ৮ ॥

## আভাস।

যদি তুমি আমাকে চিনিতে চাও, তাহার সহজ ও সুন্দর উপায় তোমাকে অতি সংক্ষেপে বলিতেছি, শ্রবণ কর! সকল বস্তুর অবয়বে বিকশিত অভিনব প্রিয় এবং মনোমোহন ভাবটীই আমি। কারণ সেই অবয়বটীকে গঠিবার উদ্দেশ্যে সেই মূর্ত্তিতে যখন আমি প্রকাশ পাই, তখনই তুমি তাহাকে ভাল বাসিতে বা দেখিতে অগ্রসর হও! তবে দেহাদিতে ক্ষুৎ পিপাসা অভাবের পূরণার্থই তৎপ্রতি

পুণ্যো গন্ধঃ পৃথিব্যাঞ্চ তেজশ্চাস্মি বিভাবসৌ।
জীবনং সর্ব্বভূতেষু তপশ্চাস্মি তপস্বিষু ॥ ৯ ॥

অন্বয়ঃ।

পৃথিব্যাং পুণ্যঃ আধারভূতঃ গন্ধঃ অহং; বিভাবসৌ অগ্নৌ, অহং তেজঃ দীপ্তিঃ; সর্ব্বভূতেষু জীবনং প্রাণধারণং বায়ুঃ, তথা তপস্বিষু অহং তপঃ ॥ ৯॥

শাঙ্করভাষ্যম্।

পুণ্যঃ ইতি। পুণ্যঃ সুরভির্গন্ধঃ পৃথিব্যাং চাহং তস্মিন্ময়ি গন্ধরূপে পৃথিবী

আনন্দগিরিকৃতটীকা।

ময়ি সর্ব্বমিদং প্রোতমিত্যস্যৈব পরিমাণার্থং প্রকারান্তরমাহ পুণ্য ইতি। পৃথিব্যাং পুণ্যশব্দিতো যঃ সুরভির্গন্ধঃ সোঽহমস্মীত্যত্র বাক্যার্থং কথয়তি তস্মি-

গন্ধগুণা পৃথিবীর পবিত্র গন্ধতন্মাত্রও আমি এবং প্রজ্বলনশীল হুতাশনের পরম সূক্ষ্ম পবিত্র তেজতন্মাত্রও আমি! অধিক কি! ভূতমাত্রেরই স্থায়িত্ব ব্যঞ্জক জীবনবৃত্তিরূপে আমিই বিরাজ করিয়াছি এবং তপস্বিগণের তপোব্যঞ্জক বলমূর্ত্তিতে আমি বিদ্যমান থাকি! ॥৯॥

আভাস।

মানবের দৃষ্টি পড়ে; সুতরাং আমাকে তাহারা ধরিতে পারে না। প্রত্যেক পদার্থের অভিনব উন্মুখী ভাবই আমি; এবং তৎপ্রতি বিমুখতাতে তাহার অবসাদ-ভাবও আমি। উন্মুখী অভিনব যৌবনাদি ভাবকে যে মানব প্রেম করে, গৌণভাবে আমাকেই তাহার ভালবাসা হয়; কিন্তু প্রত্যক্ষে বিষয়কে ভালবাসার অনুরোধে; তাহার অধোগমন হয়। ভাল দেখিয়া, আমাকে ভাবিলে, ঊর্দ্ধগতি লাভ হয়। পিপাসার্ত্ত ব্যক্তি জলপানে যে অপূর্ব্ব রসের আস্বাদনে পরিতৃপ্ত হইল, সে আনন্দপ্রদ রসও ভগবানেরই স্বরূপ। ইহারই উদাহরণে ভগবান্ তিনটী শ্লোকের দ্বারা প্রত্যেক পদার্থের উৎকৃষ্টাংশই যে ভগবান্ তাহারই পরিচয় প্রদান করিয়াছেন।

জলের রস, চন্দ্র সূর্য্যের অপূর্ব্ব প্রভা, বেদের প্রণব অর্থাৎ ওঙ্কার, আকাশের ধ্বনি, মানবের মনুষ্যত্ব, পৃথিবীর সার সুগন্ধ, অগ্নির ঔজ্জ্বল্য বা দীপ্তি, জীব

## শাঙ্করভাষ্যম্।

প্রোতা। পুণ্যত্বং গন্ধস্য পৃথিব্যাং স্বভাবতএব দর্শিতমবাদিষু রসাদেঃ পুণ্যত্বো-পলক্ষণার্থম্। অপুণ্যত্বন্তু গন্ধাদীনাম্ অবিদ্যাধর্ম্মাদ্যপেক্ষং সংসারিণাং ভূতবিশেষ-সংসর্গনিমিত্তং ভবতি। তেজো দীপ্তিশ্চাস্মি বিভাবসৌ অগ্নৌ। তথা জীবনং সর্ব্বভূতেষু যেন জীবন্তি সর্ব্বাণি ভূতানি তজ্জীবনম্। তপশ্চাস্মি তপস্বিষু তস্মিন্ তপসি ময়ি তপস্বিনঃ প্রোতাঃ ॥ ৯ ॥

## আনন্দগিরিকৃতটীকা।

ম্রিতি। কথং পৃথিব্যাং গন্ধস্য পুণ্যত্বং তত্রাহ পুণ্যত্বমিতি। যত্তু পৃথিব্যাং গন্ধস্য স্বাভাবিকং পুণ্যত্বং দর্শিতং তদবাদিষু রসাদেরপি স্বাভাবিকপুণ্যত্বস্যোপলক্ষণার্থ-মিত্যাহ পৃথিব্যামিতি। প্রথমোৎপন্নাঃ পঞ্চাপি গুণাঃ পুণ্যাএব সিদ্ধাদিভিরেব ভোগ্যত্বাদিতিভাবঃ। কথং তর্হি গন্ধাদীনামপুণ্যত্বপ্রতিভানং তত্রাহ অপুণ্যত্বন্ত্বিতি। তদেব স্ফুটয়তি সংসারিণামিতি। গন্ধাদয়ঃ স্বকার্য্যৈর্ভূতৈঃ সহ পরিণমমানাঃ প্রাণিনাং পাপাদিবশাদপুণ্যাঃ সম্পদ্যন্ত ইত্যর্থঃ। যচ্চাগ্নৌ তেজঃ তদ্ভূতে ময়ি প্রোতোঽগ্নিরিত্যাহ তেজ ইতি। জীবনভূতে চ ময়ি সর্ব্বাণি ভূতানি প্রোতানীত্যাহ তথেতি। জীবনশব্দার্থমাহ যেনেতি। অন্নরসেনামৃতাখ্যেনেত্যর্থঃ। তপশ্চাস্মী-ত্যাদেস্তাৎপর্য্যমাহ তস্মিন্নিতি। চিত্তৈকাগ্র্যমনাশকাদি বা তপস্তদাত্মনীশ্বরে প্রোতাস্তপস্বিনো বিশেষণাভাবে বিশিষ্টস্য বস্তুনো ভাবাদিত্যর্থঃ ॥ ৯ ॥

## স্বামিকৃতটীকা।

কিঞ্চ পুণ্য ইতি। পুণ্যোঽবিকৃতো গন্ধো গন্ধতন্মাত্রং পৃথিব্যাশ্রয়ভূতোঽহ-মিত্যর্থঃ, যদ্বা বিভূতিরূপেণাশ্রয়ত্বস্য বিবক্ষিতত্বাৎ সুরভিগন্ধস্যৈবোৎকৃষ্টতয়া বিভূতি-ত্বাৎ পুণ্যো গন্ধ ইত্যুক্তং, তথা বিভাবসৌ অগ্নৌ যত্তেজো দুঃসহা দীপ্তিস্তদহং, সর্ব্বভূতেষু জীবনং প্রাণধারণমায়ুরহমিত্যর্থঃ, তপস্বিষু বানপ্রস্থাদিষু দ্বন্দ্বসহনরূপং তপোঽস্মি ॥ ৯ ॥

## আভাস।

সমূহের প্রাণধারণের যোগ্যতা এবং তপস্বিগণের অক্ষুণ্ণ একাগ্রতারূপ তপস্যা সকলই সেই তিনি। অর্থাৎ পূর্ণ পরমাত্মা আমি। ৮ ॥ ৯ ॥

বীজং মাং সর্ব্বভূতানাং বিদ্ধি পার্থ সনাতনম্।
বুদ্ধি র্বুদ্ধিমতামস্মি তেজস্তেজস্বিনামহম্॥ ১০॥

অন্বয়ঃ।

হে পার্থ! মাং সর্ব্বভূতানাং সনাতনং নিত্যসিদ্ধং বীজং প্ররোহকারণং বিদ্ধি। বুদ্ধিমতাং অহমেব বুদ্ধিঃ বিবেকশক্তিঃ, তেজস্বিনাং অহং এব তেজঃ॥ ১০॥

শাঙ্করভাষ্যম্।

বীজমিতি। বীজং প্ররোহকারণং মাং বিদ্ধি সর্ব্বভূতানাং হে পার্থ, সনাতনং চিরন্তনম্। কিঞ্চ বুদ্ধির্বিবেকশক্তিঃ অন্তঃকরণস্য বুদ্ধিমতাং বিবেকশক্তিমতাং অস্মি তেজঃ প্রাগল্ভ্যং তদ্বতাং তেজস্বিনামহম্॥ ১০॥

আনন্দগিরিকৃতটীকা।

ননু সর্ব্বাণি ভূতানি স্বকারণে প্রোতানি কথং তেষাং ত্বয়ি প্রোতত্বং তত্রাহ বীজমিতি। বীজান্তরাদ্যপেক্ষয়ানবস্থাং বারয়তি সনাতনমিতি। চৈতন্যস্যাভিব্যঞ্জকং তত্ত্বনিশ্চয়সামর্থ্যং বুদ্ধিস্তদ্বতাং যা বুদ্ধিস্তদ্ভূতে ময়ি সর্ব্বে বুদ্ধিমন্তঃ প্রোতা ভবন্তীত্যাহ কিঞ্চেতি। প্রাগল্ভ্যবতাং যৎ প্রাগল্ভ্যং তদ্ভূতে ময়ি তদ্বন্তঃ প্রোতা ইত্যাহ তেজ ইতি। তদ্ধি প্রাগল্ভ্যং যৎ পরাভিভবসামর্থ্যং পরৈশ্চাপ্রধৃষ্যত্বম্॥ ১০॥

স্বামিকৃতটীকা।

কিঞ্চ বীজমিতি। সর্ব্বেষাং চরাচরাণাং ভূতানাং বীজং স্বজাতীয়কার্য্যোৎপাদনসামর্থ্যং, সনাতনং নিত্যং উত্তরোত্তরসর্ব্বকার্য্যেষনুস্যূতং তদেব বীজং মদ্বিভূতিং বিদ্ধি নতু প্রকৃতিব্যক্তিরিব নশ্যৎ, তথা বুদ্ধিমতাং বুদ্ধিঃ প্রজ্ঞাহমস্মি, তেজস্বিনাং প্রগল্ভানাং তেজঃ প্রাগল্ভ্যমহং॥ ১০॥

প্রত্যেক বৃক্ষের সার যেমন বীজ, সেইরূপ প্রত্যেক ব্যক্ত পদার্থের অব্যক্ত অভিপ্রেত বা মন্তব্য সনাতন ভাব-মূর্ত্তিতে একা আমাকেই হে পার্থ! তুমি নিরূপণ কর! বুদ্ধিমানের বুদ্ধিশক্তিই আমি এবং তেজস্বিগণের তেজোভাগও আমি!॥ ১০॥

আভাস।

স্থাবর জঙ্গমাত্মক যাবদীয় দেহের মূল কারণস্বরূপ বীজ আমাতেই অব্যক্ত মূর্ত্তিতে বিরাজ করিতেছে। আমি যখন সনাতন, তখন এই বিচিত্র জগতের বিচিত্র অব্যক্ত ভাব সমূহও সনাতন-বেশে আমাতেই চির নিহিত রহিয়াছে। বুদ্ধিমানের বুদ্ধিরূপে এবং তেজস্বিগণের তেজোমূর্ত্তিতে আমিই বিকশিত হইতেছি!॥ ১০॥

বলং বলবতাং চাহং কামরাগবিবর্জ্জিতম্।
ধর্ম্মাবিরুদ্ধো ভূতেষু কামোঽস্মি ভরতর্ষভ ॥ ১১ ॥

অন্বয়ঃ।

বলবতাং কামরাগ-বিবর্জ্জিতং বলং সামর্থ্যং অহং এব, হে ভরতর্ষভ! ভূতেষু ধর্ম্মাবিরুদ্ধঃ কামঃ অহমস্মি ॥ ১১ ॥

শাঙ্করভাষ্যম্।

বলমিতি। বলং সামর্থ্যমোজোবলবতামহং তচ্চ বলং কামরাগবর্জ্জিতং কামশ্চ রাগশ্চ কামরাগৌ কামস্তৃষ্ণা অসন্নিকৃষ্টেষু বিষয়েষু রাগো রঞ্জনাপ্রাপ্তেষু বিষয়েষু তাভ্যাং কামরাগাভ্যাং বিবর্জ্জিতং দেহাদিধারণার্থং বলমস্মি নতু যৎ সংসারিণাং তৃষ্ণা রাগকারণম্। কিঞ্চ ধর্ম্মাবিরুদ্ধো ধর্ম্মেণ শাস্ত্রার্থেন অবিরুদ্ধো যঃ প্রাণিষু ভূতেষু কামো যথা দেহধারণমাত্রাদ্যর্থঃ অশনপানাদিবিষয়ঃ কামোঽস্মি হে ভরতর্ষভ ॥ ১১ ॥

আনন্দগিরিকৃতটীকা।

যচ্চ বলবতাং বলং তদ্ভূতে ময়ি তেষাং প্রোতত্বমিত্যাহ বলমিতি। কামক্রোধাদিপূর্ব্বকস্যাপি বলস্যানুমতিং বারয়তি তচ্চেতি। কামরাগয়োরেকার্থত্বমাশঙ্ক্য অর্থভেদমাবেদয়তি কামস্তৃষ্ণেত্যাদিনা। বিশেষণ-সামর্থ্যসিদ্ধং ব্যাবর্ত্ত্যং দর্শয়তি নত্বিতি। শাস্ত্রার্থাবিরুদ্ধ-কামভূতে ময়ি তথাবিধকামবতাং ভূতানাং প্রোতত্বং বিবক্ষিত্বাহ কিঞ্চেতি। ধর্ম্মাবিরুদ্ধং কামমুদাহরতি যথেতি ॥ ১১ ॥

স্বামিকৃতটীকা

কিঞ্চ বলমিতি। কামোঽপ্রাপ্তেষু বস্তুষভিলাষো রাজসঃ রাগঃ, পুনরভিলষিতেঽর্থে প্রাপ্তেঽপি পুনরধিকেঽর্থে চিত্তরঞ্জনাত্মকস্তৃষ্ণাপর্য্যায়স্তামসস্তাভ্যাং বিবর্জ্জিতং বলবতাং বলমস্মি সাত্ত্বিকং স্বধর্ম্মানুষ্ঠানসামর্থ্যমহমিত্যর্থঃ, ধর্ম্মেণাবিরুদ্ধঃ স্বদারেষু পুত্রোৎপাদনমাত্রোপযোগী কামোঽহমিতি ॥ ১১ ॥

---

বলবানের অন্তরস্থ অভিসন্ধি-শূন্য বল-শক্তি আমি; অথচ যে কামনা বা বিষয়ানুরাগের বশবর্ত্তী হইয়া বলের প্রয়োগ হয়, সে কাম বা আসক্তি আমি নই। অর্থাৎ হে ভরত-শ্রেষ্ঠ! সত্য-ধর্ম্মের অবিরোধে জীব মাত্রেরই হৃদয়ে প্রয়োজনের পূরণার্থ যে কামনার বা প্রার্থনার বেগ উদয় হয়, সে সকল কাম-বৃত্তিও আমি ॥ ১১ ॥

আভাস।

অতএব রজঃ এবং তমোগুণের উৎকর্ষে আমিই কাম এবং বলের মূর্ত্তিতে সর্ব্বত্র প্রতীত হইতেছি। কিন্তু সে বল বা কামের প্রয়োগ-কর্ত্তা আমি নিজে নহি।

যে চৈব সাত্ত্বিকা ভাবা রাজসাস্তামসাশ্চ যে।
মত্ত এবেতি তান্ বিদ্ধি ন ত্বহং তেষু তে ময়ি ॥ ১২ ॥

অন্বয়ঃ।

যে চ সাত্ত্বিকাঃ শমদমাদয়ঃ, রাজসাঃ রাগদ্বেষাদয়ঃ, তামসাঃ শোকমোহাদয়ঃ ভাবাঃ পদার্থাঃ বা জায়ন্তে মত্তঃ এব তান্ জাতান্ বিদ্ধি জানীহি! তেষু অহং, তদধীনঃ অহং ন; তে ভাবাঃ ময়ি মদধীনাঃ এব ॥ ১২ ॥

শাঙ্করভাষ্যম্।

কিঞ্চ, যেচৈব সাত্ত্বিকাঃ সত্ত্বনির্বৃত্তা ভাবাঃ পদার্থাঃ, রাজসাঃ রজোনির্বৃত্তাঃ, তামসাঃ তমোনির্বৃত্তাশ্চ যে কেচিৎ প্রাণিনাং স্বকর্ম্মবশাৎ জায়ন্তে ভাবাঃ, তান্

আনন্দগিরিকৃত-টীকা।

চিদানন্দয়োরভিব্যঞ্জকানাং ভাবানাং ঈশ্বরাত্মত্বাভিধানাদন্যেষামতদাত্মত্বপ্রাপ্তা-বুক্তং কিঞ্চেতি। প্রাণিনাং ত্রৈবিধ্যে হেতুং দর্শয়ন্ বাক্যার্থমাহ যে কেচিদিতি। তর্হি পিতুরিব পুত্রাধীনত্বং ত্বত্তো জায়মানানাং তদধীনত্বং তবাপি স্যাদিতি বিক্রিয়া-

অর্থাৎ জীব-মাত্রেরই হৃদয়ে সাত্ত্বিক রাজসিক ও তামসিক ভেদে যে যে বৃত্তির উদয় হইয়া থাকে, সে সমস্তই আমারই শক্তি হইতে সুতরাং আমা হইতেই উৎপন্ন তুমি জানিবে! সে সমস্ত আমারই শক্তিতে নিহিত; অথচ আমি তাহার কোনটীতে বাধ্য নহি। অর্থাৎ অভিসন্ধির প্রশ্রয় আমি কখন দিই না॥ ১২ ॥

আভাস।

যে জীবের দেহে উক্ত কাম বা বলের উদয় হয়, সেই জীবই তাহার স্বীয় বিবেক অনুসারে আমার প্রদত্ত বল এবং কামকে যথারুচি প্রয়োগ করিয়া থাকে; আমার তাহাতে কোনরূপ নিষেধ থাকে না। তবে প্রয়োগের ফল তাহাকে যথাকালে আমি প্রদান করি। আমি জীবের অন্তরে অন্তর্যামী হইয়া অচ্যুত-ভাবে নিরন্তরই বিরাজ করিয়া থাকি! কিন্তু বল বা কাম লাভে উন্মত্ত হইয়া, আমার প্রতি দৃষ্টি না করিয়া তাহারা নিজের অভিমানের উপর নির্ভর করত প্রয়োজন বোধে উক্ত ভাবদ্বয়কে যথাভিমত প্রয়োগ করে; কিন্তু উপযুক্ত ফল প্রাপ্ত হইলে, হিতাহিত বিচারে ক্রমশঃ সমর্থ হয়, সুতরাং আমি প্রয়োগে নিষেধ করি না। মানব দেখিয়া বা শুনিয়া তাদৃশ সতর্ক হয় না, ভোগ করিয়া যতদূর জ্ঞান লাভ

শাঙ্করভাষ্যম্।

মত্ত এব জায়মানান্ ইত্যেবং বিদ্ধি, সর্ব্বান্ সমস্তানেব। যদ্যপি তে মত্তো জায়ন্তে, তথাপি ন তু অহং তেষু তদধীনঃ তদ্বশঃ, যথা সংসারিণঃ; তে পুনর্ময়ি মদ্বশাঃ মদধীনাঃ॥ ১২॥

আনন্দগিরিকৃতটীকা।

বস্তু-দুষ্যত্বপ্রসক্তিরিত্যাশঙ্ক্যাহ যদ্যপীতি। মম পরমার্থত্বাৎ তেষাং কল্পিতত্বান্ন তদ্‌গুণদোষৌ ময়ি স্যাতামিত্যর্থঃ। তেষামপি তদ্বদেব স্বতন্ত্রতাসম্ভবাৎ কিমিতি কল্পিতত্বমিত্যাশঙ্ক্যাহ তে পুনরিতি। ত্রিবিধানাং ভাবানাং ন স্বাতন্ত্র্যমীশ্বর-কার্য্যত্বেন তদধীনত্বাৎ তথা চ কল্পিতস্যাধিষ্ঠানসত্তাপ্রতীতিভ্যামেব তদ্বত্বাৎ তন্মাত্রত্ব-সিদ্ধিরিত্যর্থঃ॥ ১২॥

স্বামিকৃতটীকা।

কিঞ্চ যে চৈবেতি। যে চান্যেঽপি সাত্ত্বিকা ভাবাঃ শমদমাদয়ঃ, রাজসাশ্চ হর্ষদর্পাদয়ঃ, তামসাশ্চ যে শোকমোহাদয়ঃ, প্রাণিনাং স্বকর্ম্মবশাজ্জায়ন্তে তান্ সর্ব্বান্ মত্তএব জাতান্ বিদ্ধি মদীয়-প্রকৃতি-গুণত্রয়-কার্য্যত্বাৎ, এবমপি তেষ্বহং ন বর্ত্তে জীববত্তদধীনোঽহং ন ভবামীত্যর্থঃ, তে তু মদধীনাঃ সন্তো ময়ি বর্ত্তন্ত ইত্যর্থঃ॥ ১২॥

আভাস।

করে। আমি ঐশ্বর্য্য-মূর্ত্তিতে জীবের নিকট উপস্থিত হই বটে, কিন্তু প্রয়োগ-কর্ত্তার সমীপে ফলদাতা কালমূর্ত্তিতে নিরন্তর উপস্থিত থাকি! প্রয়োগের পুরস্কার বা তিরস্কার প্রদানে আমিই তাহাদের বুদ্ধির মালিন্য অপসারিত করিয়া থাকি। সাত্ত্বিক, রাজসিক এবং তামসিক ভেদে বিচিত্র ভাব আমার শক্তি হইতেই উৎপন্ন হয় বটে, কিন্তু সে সমস্ত জ্ঞানবান্ জীবের চিত্তশুদ্ধি এবং জ্ঞানের শ্রীবৃদ্ধির জন্য মাত্র জানিতে হইবে। জ্ঞানবান্ মানব একবার তাদৃশ নিকৃষ্ট ভাবের অধীনে কার্য্য করত নিকৃষ্ট এবং উৎকট দুঃখপ্রদ ফল তদুপলক্ষে ভোগ করিলে, ভবিষ্যতের জন্য সাবধান হইবে এবং বিজ্ঞানের চর্চ্চায় বিশুদ্ধচিত্ত হইয়া আত্মদর্শন ও পরমাত্মাদর্শনে অধিকারী হইবে। এই সমস্ত উৎকৃষ্ট বা নিকৃষ্ট ভাব সমূহ আমার শক্তি হইতে উৎপন্ন হইলেও, অজ্ঞানী জীবের ন্যায়, আমি তাহাদের অধীন নহি; সুতরাং তদনুসারে কার্য্য করি না। বরং তাহারা আমাকে আশ্রয় করিয়াই ভাব বা বস্তু রূপে প্রতীত হইয়া থাকে॥ ১১॥ ১২॥

ত্রিভির্গুণময়ৈর্ভাবৈরেভিঃ সর্ব্বমিদং জগৎ।
মোহিতং নাভিজানাতি মামেভ্যঃ পরমব্যয়ম্ ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

এভিঃ গুণময়ৈঃ সত্ত্ব, রজ, তমো গুণ, বিকারৈঃ ত্রিভিঃ ভাবৈঃ মোহিতং বিবেকান্ধং ইদং সর্ব্বং জগৎ প্রাণিজাতং এভ্যঃ গুণময়-ভাবেভ্যঃ পরং ব্যতিরিক্তং বিলক্ষণং চ অব্যয়ং জন্মাদি-ষড়্ভাব-বিকার-বর্জ্জিতং মাং ন অভিজানাতি নঃ অবধারয়তি ॥ ১৩ ॥

শাঙ্করভাষ্যম্।

এতদ্ভূতমপি পরমেশ্বরং নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বভাবং সর্ব্বভূতাত্মানং নির্গুণং সংসারদোষবীজপ্ররোহকারণং মাং নাভিজানাতি জগদিত্যনুক্রোশং দর্শয়তি

আনন্দগিরিকৃতটীকা।

সতীশ্বরস্য স্বাতন্ত্র্যে নিত্যশুদ্ধত্বাদৌ চ কুতো জগতস্তদাত্মকস্য সংসারিত্ব-

---

এই যাবদীয় জীব-জগৎ সাত্বিক রাজসিক ও তামসিক দেহাদি উপাধির অনুরোধে তত্তদ্ভোগ নির্ব্বাহার্থ এতই অভিভূত হইয়া পড়ে যে, প্রকৃত সত্যের অনুসন্ধানে তাহারা অসমর্থ হয়, সুতরাং সৃষ্টি কার্য্যের নির্ব্বাহার্থ সত্য স্বরূপ অকপট ভাবে বিদ্যমান আমার স্বরূপকে বা মদীয় পরম ভাবকে তাহারা অবধারণ করিতে সক্ষম হয় না ॥ ১৩ ॥

আভাস।

পরিজ্ঞাত বিষয়ের পুনর্দর্শনে বিশেষ আনন্দ বা বিস্ময়ের কোন কারণ হয় না! অজ্ঞাত বিষয়কে দর্শন বা শ্রবণাদির দ্বারা নিকটে পাইলে, আনন্দিত বিস্মিত বা অভিভূত হইবার সম্ভাবনা হয়। কামাদি বৃত্তি এবং বলাদি ঐশ্বর্য্য পরমেশের পরিজ্ঞাত ও স্বকীয় শক্তিতে সৃজিত; সুতরাং তাহাদের প্রতি অবলোকনে বা তাহাদের উপস্থিতিতে পরমেশের কোন বিস্ময়, আনন্দ বা অভিভবের কোন কারণ নাই। এই বৃত্তিগুলি বা ঐশ্বর্য্য সমূহ জীবকে সংসার-ভোগ করাইবার উত্তম উপায়। সুতরাং এই সকল উপকরণের সাহায্যে জীব মহামায়া প্রকৃতির অন্তর্নিহিত ঐশ্বর্য্যাদি ভাব সমূহকে পরিজ্ঞাত হইবার উদ্দেশ্যেই জীবাত্মা রূপে জন্ম পরিগ্রহ করিয়াছে। কিন্তু যে চৈতন্যময়ী পরা প্রকৃতির উপাদানে

### শাঙ্করভাষ্যম্।

ভগবান্। তচ্চ কিংনিমিত্তং জগতোঽজ্ঞানমিত্যুচ্যতে। ত্রিভিঃ গুণময়ৈঃ গুণ-বিকারৈঃ রাগদ্বেষমোহাদিপ্রকারৈঃ ভাবৈঃ পদার্থৈরেভিঃ যথোক্তৈঃ সর্ব্বমিদং প্রাণিজাতং জগৎ মোহিতম্ অবিবেকতামাপাদিতং সন্নাভিজানাতি মাম্ এভ্যঃ যথোক্তগুণেভ্যঃ পরং ব্যতিরিক্তং বিলক্ষণং চ অব্যয়ং ব্যয়রহিতং জন্মাদিসর্ব্ব-ভাববিকার-বর্জ্জিতম্ ইত্যর্থঃ ॥ ১৩ ॥

### আনন্দগিরিকৃতটীকা।

মিত্যাশঙ্ক্য তদজ্ঞানাদিত্যাহ এবম্ভূতমপীতি। বস্তুপ্রপঞ্চোঽবিক্রিয়শ্চ ত্বং কস্মাত্বা-মাত্মভূতং স্বয়ংপ্রকাশং সর্ব্বো জনস্তথা ন জানাতীতি মত্বা শঙ্কতে তচ্চেতি। শ্লোকেনোত্তরমাহ উচ্যত ইতি। এভ্যঃ পরমিত্যপ্রপঞ্চকত্বমুচ্যতে। অব্যয়মিতি সর্ব্ববিক্রিয়ারাহিত্যম্॥ ১৩ ॥

### স্বামিকৃতটীকা।

এবংভূতমীশ্বরং ত্বাময়ং জনঃ কিমিতি ন জানাতীত্যত আহ ত্রিভিরিতি। ত্রিভিস্ত্রিবিধৈরেভিঃ পূর্ব্বোক্তৈর্গুণময়ৈঃ কামলোভাদিভি গুর্ণবিকারৈ র্ভাবৈঃ স্বভাবৈ র্মোহিতমিদং জগৎ অতো মাং নাভিজানাতি, কথংভূতং এভ্যো ভাবেভ্যঃ পরং এভিরস্পৃষ্টং এতেষাং নিয়ন্তারং, অতএবাব্যয়ং নির্বিকারমিত্যর্থঃ ॥ ১৩ ॥

### আভাস।

জীবত্বের স্থাপনা হইয়াছে, তিনিও ত্রিগুণময়ী। কারণ আমার অবিনাভাবে অব-স্থিতা মূলা প্রকৃতিই যখন গুণত্রয়ের সাম্যাবস্থা মাত্র, তখন সেই মূলা শক্তির বহি-র্মুখা ভাবে যখন পরা প্রকৃতির সত্বগুণের উৎকর্ষে মূলা হইতে জন্ম বা পার্থক্যের পরিচয়, তখন তাহাতেও নিরন্তর গুণত্রয়ের বৈষম্যেরই সম্ভাবনা। সুতরাং চঞ্চল জলে যেমন সূর্য্য চন্দ্রাদির প্রতিবিম্ব চঞ্চল ভাবে পরিলক্ষিত হয়, সেইরূপ পরা প্রকৃতির গুণবৈষম্যে তত্রস্থ জ্ঞানাভিমানী পুরুষও উত্তরোত্তর চঞ্চল হইয়া পড়েন। সত্ব রজঃ ও তমোগুণের তুল্য-রূপতার বিপর্য্যয়ে বিষম-ভাবের পরিচয়ই গুণ-বৈষম্য। এই বৈষম্যে দ্বিবিধ ভাবের পরিচয় হইয়া থাকে। প্রকৃতির জাড্যাংশে বুদ্ধি হইতে আরম্ভ করিয়া স্থূল ক্ষিতিতত্ব পর্য্যন্ত চতুর্বিংশতি তত্ত্বের পরিণামে জীবদেহ এবং বিরাট্ দেহের রচনায় দৃশ্য ব্রহ্মাণ্ডের সৃষ্টি হইয়াছে ; এবং চেতনাং-শের চাঞ্চল্যের অনুরোধে চিত্তস্থ চিদানন্দ জীবভাবে "আমি ও আমার" পরিচয়ে সুখী দুঃখী, কর্ম্মী অকর্ম্মী, রোগী সুস্থ প্রভৃতি চিত্র ভাবের সৌসাদৃশ্যে পুরুষ চৈতন্য বিমোহিত হইয়া সংসার-পথের পথিক হইয়া পড়েন।

দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

হি যতঃ এষা গুণময়ী ত্রিগুণাত্মিকা (পুরুষস্য ভোগদায়িনী চিন্তানুকারিণী চ) মম দৈবী দেবভাবাপন্না অলৌকিকী মায়া দুরত্যয়া দুস্তরা এব; তথাপি যে মাং প্রপদ্যন্তে শরণং গচ্ছন্তি, তে এতাং মায়াং তরন্তি অতিক্রামন্তি ॥ ১৪ ॥

শাঙ্করভাষ্যম্।

কথং পুনর্দৈবীমেতাং ত্রিগুণাত্মিকাং বৈষ্ণবীং মায়ামতিক্রামন্তীত্যুচ্যতে

আনন্দগিরিকৃতটীকা।

যথোক্তানাদিসিদ্ধমায়াপারবশ্যপরিবর্জনাযোগাজ্জগতো ন কদাচিদপি তত্ত্ববোধসমুদয়সম্ভাবনেত্যাশঙ্কতে কথং পুনরিতি। ভগবদেকশরণতয়া তত্ত্বজ্ঞানদ্বারেণ

---

এই "আমি ও আমার" ভাবের উদয়-কারিণী মোহশক্তি মহামায়াও আমারই চিন্তানুকারিণী শক্তি! ইহার অধিকার হইতে সর্ব্ব-প্রযত্নে উত্তীর্ণ হওয়া মানবের সাধ্য নাই! সৃষ্টিমার্গে অর্জ্জনের দ্বারা মানব যতই অগ্রসর হউক্! আমি ও আমার ভাবের প্রসারণ ব্যতীত কখনই তাহার সঙ্কোচন হইবে না। তবে অভিমান পূর্ব্বক কর্ম্ম

আভাস।

সাংখ্যদর্শনে উক্ত আছে; তস্মাৎ তৎসংযোগাদচেতনং চেতনাবদ্ ইব লিঙ্গং। গুণকর্ত্তৃত্বেচ তথা কর্ত্তেব ভবত্যুদাসীন ইতি॥

চৈতন্য স্বরূপের ঈক্ষণে অচেতনা প্রকৃতি চেতনবতী হন এবং প্রকৃতিতে প্রতিবিম্বাকারে পরিণতের ন্যায় হইয়া, চৈতন্যস্বরূপ পুরুষ স্বয়ং উদাসীন অর্থাৎ নির্লিপ্ত হইলেও, কর্ত্তা সাজিয়া "আমি ও আমার" সম্বন্ধ লাভে যেন সংসারী ও ভোগীর ন্যায় হইয়া পড়েন; সুতরাং নিজের আমি ব্যতীত যে পরম আমি পূর্ণ শক্তিমান্ জগৎযোনি আছেন সেই পরমাত্মাকে অবধারণে সক্ষম হয় না এবং নিজের ব্যষ্টিভাবও ভুলিয়া যায়। স্বীয় দেহে অনুভূতির মূর্ত্তিতে নিজের স্বরূপ এবং বিরাট্ কলেবরে সর্ব্ব-নিয়ন্তা ও সর্ব্বজ্ঞ পরমাত্মার পৃথক্ অস্তিত্ব অবধারণে সক্ষম হয় না ॥ ১৩ ॥

আব্রহ্ম স্তম্ব পর্য্যন্ত যাবতীয় জীব জগৎ এই মায়ার প্রভাবে মোহিত হইয়া কেবল "আমি ও আমার" ভাবেরই পরিপোষণ করিতেছেন। কীট পতঙ্গ

শাঙ্করভাষ্যম্।

দৈবীতি। দৈবী দেবস্য মমেশ্বরস্য বিষ্ণোঃ স্বভূতা হি যস্মাৎ এষা যথোক্তা গুণময়ী

আনন্দগিরিকৃতটীকা।

মায়াতিক্রমঃ সম্ভবতীতি পরিহরতি উচ্যত ইতি। কথং দুরত্যয়ত্বেন তদত্যয়ঃ স্যাদিতি তত্রাহ মামেবেতি। প্রধানস্যৈব স্বাতন্ত্র্যং মায়ায়াঃ ব্যুদস্যতি দেবস্যেতি। স্বাতন্ত্র্যে

মার্গে অগ্রসর না হইয়া, নিজেকে কর্ম্মমার্গে প্রেরিত পরমেশের ভৃত্য জ্ঞানে তাঁহার উপর নির্ভর প্রাণে কেবল সংসার যাত্রা নির্ব্বাহ করে, তাহারাই এই অভিমানাত্মিকা মায়ার হস্ত হইতে নিষ্কৃতি লাভ করে, সন্দেহ নাই ॥ ১৪ ॥

আভাস।

হইতে নরলোক দেবলোক এমন কি! লোকপাল এবং দিক্‌পালগণও "আমি পারি এবং আমার কর্ত্তব্য" ইত্যাদি জ্ঞানে উন্মত্ত হইয়া সুদর্শন- চক্রীর, সংসার প্রবাহে প্রসৃত হইতেছেন। দৃশ্য বা জ্ঞেয় জগৎ যে পূর্ণব্রহ্ম স্বরূপ আমারই বৈষ্ণবী শক্তির প্রসারণ মাত্র এবং প্রত্যেক প্রসারণ ব্যাপারের আদিতে মধ্যে ও অন্তে সর্ব্বজ্ঞ বুদ্ধি-মূর্ত্তিতে আমিই যে চির বিদ্যমান রহিয়াছি, তাহা মানব ধারণা করিতে পারে না; সুতরাং অভিমানে নিজে কর্ত্তা সাজিয়া যথেচ্ছ আচরণে সংসার-কার্য্য নিজের স্কন্ধে উত্তোলন করত ভ্রমে বিহ্বল হইতেছে। গৃহস্বামী স্ত্রী পুত্র কন্যা ভ্রাতা মাতা ও পিতা প্রভৃতি দশটী স্বজন বর্গকে প্রতিপালন করেন এবং প্রত্যেকের অভাব অভিযোগ পূরণার্থ সর্ব্বদাই প্রস্তুত থাকেন। পরিবার-গণের মধ্যে যখন যিনি যে সম্পর্কের উল্লেখে গৃহস্বামীকে আহ্বান করেন, গৃহস্বামীকে সেই সম্পর্কের অনুসারে আপনাকে তদ্ভাবে ভাবিত হইয়া উত্তর দিতে হয়; এবং তাহার অভাব অভিযোগের নিবৃত্তিও করিতে হয়! কিন্তু তৎ-কালে তাঁহার নিজের মূল অস্তিত্বকে তিনি হারান না। অর্থাৎ যদি পিতা ডাকেন তখন পুত্র সাজিয়া, পত্নীর আহ্বানে স্বামী সাজিয়া, পুত্রের আহ্বানে পিতা সাজিয়া এবং ভৃত্যের আহ্বানে প্রভু সাজিয়া উত্তর দিতে হয় বটে, কিন্তু যিনি সাজেন তাঁহার নিজের পৃথক্ অস্তিত্ব তাহাতে লুপ্ত হয় না। রঙ্গ-মঞ্চে একজন ব্যক্তিই বিচিত্র সাজে সজ্জিত হইয়া, নটের কার্য্য করেন, সেইরূপ এই গার্হস্থ্য রঙ্গমঞ্চে প্রত্যেক মানবকে বিচিত্রভাবে সাজিয়া কার্য্য নির্ব্বাহ করিতে হয়। অভিনয় কালে নট বা নটী যদি নিজের স্বরূপের প্রতি মনোযোগী থাকেন,

শাঙ্করভাষ্যম্।

মম মায়া দুরত্যয়া দুঃখেন অত্যয়োঽতিক্রমণং যস্যাঃ সা দুরত্যয়া। তত্রৈবং

আনন্দগিরিকৃতটীকা।

মায়ায়ানুপপত্তিং হিশব্দোতিতাং হেতূকরোতি যস্মাদিতি। অনুভবসিদ্ধা সা নাকস্মাদপলাপমর্হতীত্যাহ এষেতি। জগত্তত্ত্বপ্রতিপত্তিপ্রতিবন্ধকভূতা গুণাঃ

স্বামিকৃতটীকা।

কে তর্হি ত্বাং জানন্তীত্যত আহ দৈবীতি। দৈবী অলৌকিকী অত্যদ্ভুতেত্যর্থঃ, গুণময়ী সত্ত্বাদিগুণবিকারাত্মিকা মম পরমেশ্বরস্য শক্তির্মায়া দুরত্যয়া দুস্তরা হি প্রসিদ্ধমেতত্তথাপি মামেবেত্যেবকারেণাব্যভিচারিণ্যা ভক্ত্যা যে প্রপদ্যন্তে ভজন্তি মায়ামেতাং সুদুস্তরামপি তে তরন্তি ততো মাং জানন্তীতি ভাবঃ॥ ১৪॥

আভাস।

রঙ্গকার্য্য ঠিক স্বরূপত সম্পন্ন হয় না। সুতরাং রঙ্গকার্য্যে যেমন মিথ্যার প্রয়োজন, সংসার-কার্য্যে সেইরূপ মিথ্যারই প্রয়োজন। প্রকৃত প্রস্তাবে জীব নিত্য সিদ্ধ বুদ্ধ মুক্ত ও সত্যস্বরূপ হইলেও, মোহের আবেশে বহির্মুখী বৃত্তি-সহকারে ভোগ্যের অনুরূপ ভোক্তা বা জ্ঞাতা না সাজিলে সংসার-ব্যাপারের প্রসার হয় না। প্রতি পদবিক্ষেপে কর্ত্তা আমি এবং সংসারের রক্ষণাবেক্ষণ আমারই কর্ত্তব্য ইত্যাকার জ্ঞান না থাকিলে, সংসারের কার্য্য কিছুতেই চলিতে পারে না। সুতরাং সংসার-প্রবাহরূপ সৃষ্টিকার্য্যের ব্যাপারে সৃষ্ট পদার্থের সহিত পরস্পরের সম্বন্ধ-স্থাপন উপলক্ষে মায়া বা মোহের অস্তিত্ব নিতান্তই প্রয়োজন স্বীকার করিতে হইবে। জড় জগতে পরস্পরের মধ্যে আকর্ষণ বিকর্ষণ, বা পোষণ ক্ষয় এবং উন্নতি এবং অবনতির দ্বারা উক্ত মায়া মোহের পরিচয় নিরন্তর হইতেছে; এবং জীব-জগতেও আমি ও আমার বেশে সেইরূপ মায়ামোহেরই পরিচয় হইতেছে। উৎপাদিকা শক্তির আশ্রয়ে একটী অতি ক্ষুদ্র সামান্য বীজও বৃক্ষ, শাখা, পত্র পুষ্প ও ফলে পরিণত হইতেছে; আবার অগ্নি সূর্য্য বায়ু বা অন্যান্য পদার্থের সংস্রবে তাহার উন্নতি অবনতি বা হ্রাস বৃদ্ধির দ্বারা অন্তর্ধানেরও পরিচয় হইতেছে। এদিকে আবার আত্মা পুরুষও দেহাদি উপাধির অনুরোধে মোহিত এবং আত্মবিস্মৃত হইয়া আমি ও আমার পরিচয়ে সংসার-লীলা সাধিত করিতেছে।

শাঙ্করভাষ্যম্।

সতি সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেব মায়াবিনং স্বাত্মভূতং সর্ব্বাত্মনা যে প্রপদ্যন্তে

আনন্দগিরিকৃতটীকা।

সম্প্রদায়ঃ। মমেতিপ্রাগুক্তমেব মায়ায়াঃ সম্বন্ধমনূদ্য বিধিৎসিতং দুরত্যয়ত্বং বিভজতে দুঃখেনেতি। মামেবেত্যাদি ব্যাচষ্টে তত্রেতি। তস্মিন্ মায়ারূপে যথোক্ত-

আভাস।

এই সংসার লীলা সাধনের উপকরণ কি? জিজ্ঞাসা করিলে, ভগবান্ শ্রীকৃষ্ণ উত্তর দিয়াছেন যে, মদীয়া ইচ্ছাশক্তি মায়াই ইহার মূল উপকরণ। এই শক্তিতে দুইটী ভাব নিহিত আছে; শক্তি স্বয়ং প্রসারিত হইয়া যেমন অনির্ব্বচনীয় অনন্ত মূর্ত্তিতে পরিণত হইতেছেন, আবার প্রত্যেক ভাবকে আত্ম-বিস্মৃত করাইয়া তদ্দ্বারা অন্য পদার্থের উন্নতি-সাধনে যত্নবান্ করাইতেছেন। বেদান্তাদি দর্শন-শাস্ত্রে মায়াতে দ্বিবিধা শক্তির উল্লেখ করিয়াছেন; যথা আবরণ ও বিক্ষেপ। আবরণ-শক্তির বলে জীবাত্মাতে আত্মবিস্মৃতি আনয়ন পূর্ব্বক পরের প্রতি আনুগত্যের ব্যবস্থা করিয়াছেন। এই আনুগত্যের উপলক্ষে যে শোক দুঃখাদির সৃষ্টি, তাহারই নাম বিক্ষেপ। মানব নিজের প্রেমানন্দের স্বরূপ বিস্মৃত হইয়া, সন্তান সন্ততির উন্নতি-সাধন ও তাহাদের প্রতিপালনেই উন্মত্ত। এই নীতি যে কেবল মানবাদি যোনিতেই দেখা যায়, তাহা নহে; সমগ্র জগতের প্রত্যেক পদার্থের প্রতি দৃষ্টি করিলে, আমরা তাহা সুস্পষ্ট প্রতীত করিতে পারিব। তির্য্যক্ যোনি পশু পক্ষিগণ নিজের কষ্ট স্বীকার করিয়া শিশু সন্তান-গণকে খাদ্য প্রদানাদির দ্বারা প্রতি-পালন করিয়া থাকে। অধিক কি! লাউ কুমড়ার লতা গাছগুলিও যখন ফল ধারণ করে, তখন রসদানে সেই ফলগুলির পুষ্টিলাভ ও বৃহৎ কলেবর হইবার উপলক্ষে সেই সেই ডগা স্বয়ং সঙ্কুচিত হইয়া মরিয়া যায়। ডগাগুলি আত্ম-রক্ষায় বিস্মৃত হইয়া ফলেরই উন্নতি-কল্পে মনোযোগী হয়। অতএব আবরণ শক্তিতে আত্মবিস্মৃতি এবং বিক্ষেপ শক্তিতে সংসারাভিমুখে গতি; এই উভয় প্রকার প্রবৃত্তি যখন মায়ারই স্বভাব, তখন মায়াকে তৎকার্য্য হইতে প্রতিনিবৃত্ত করা অসম্ভব। তবে মায়া যাঁহার ইচ্ছা শক্তি; এবং সৃষ্টির উপকরণ-রূপে যিনি উক্ত মায়াকে এই দ্বিবিধা প্রবৃত্তি দিয়া প্রসারিত করিয়াছেন, তাঁহার শরণাগত হওয়া ব্যতীত মায়ার হস্ত হইতে নিস্তার পাইবার উপায় নাই।

ভগবানে শরণাগত হইবার উপায় কি চিন্তা করিলে, আমরা বুঝিতে পারিব যে, ভগবানের অভিপ্রায় অনুসারে কার্য্য করাই শরণাগত হইবার অপূর্ব্ব

শাঙ্করভাষ্যম্।

তে মায়ামেতাং সর্ব্বভূতচিত্তমোহিনীং তরন্তি অতিক্রামন্তি সংসারবন্ধনান্মুচ্যন্ত ইত্যর্থঃ ॥ ১৪ ॥

আনন্দগিরিকৃতটীকা।

রীত্যা দুরত্যয়ে সতীতি যাবৎ। মামেবেত্যেবকারেণ মায়ায়া বেদ্যকোটিনিবেশাভাবো বিবক্ষ্যতে। সর্ব্বাত্মনা ধর্ম্মানুষ্ঠানাদি ব্যগ্রতামন্তরেণেত্যর্থঃ। মায়াতিক্রমে মোহাতিক্রমো ভবতীতি মত্বা বিশিনষ্টি সর্ব্বেতি। মায়াতৎপ্রযুক্তমোহয়োরতিক্রমেঽপি কথং পুরুষার্থসিদ্ধিরিত্যাশঙ্ক্যাহ সংসারেতি ॥ ১৪ ॥

আভাস।

উপায়। পিতার অভিমত কার্য্য করাই যেমন পিতৃভক্তির প্রকৃত পরিচয়, ভগবানের সংসার-সৃষ্টির অভিপ্রায় অনুসারে নিরন্তর তদ্গত হইয়া কার্য্য করাই ভগবানের শরণাগত হওয়া। অনুভব-মূর্ত্তিই জীব এবং অনুভবের বিষয় অনন্ত প্রকারের সৃষ্টি; এতদুভয়ের সম্পর্ক হইলেই পরস্পরের কার্য্য আরম্ভ হয়। জীবের কার্য্য অনুভব করা, কিন্তু অনুভবের বিষয় না থাকিলে কি অনুভব করিবেন? সুতরাং সৃষ্টির প্রয়োজন। দাহ্য বস্তু যদি অগ্নির সংস্রব না করে, দহন-কারী অগ্নি তখন আপনা হইতেই উপশমিত হইয়া পড়ে; সেইরূপ জ্ঞাতা জীবাত্মা জ্ঞেয় বস্তুর অভাবে অস্তমিত হইবারই বিশেষ সম্ভাবনা। সুতরাং জ্ঞাতৃভাবে জ্ঞাতাকে জীবিত রাখিবার জন্য জ্ঞেয় সৃষ্টির উদ্দীপিত করা প্রয়োজন। অগ্নি যেমন দাহ্য বস্তুকে দগ্ধ করিবার উপলক্ষেই স্বয়ং উজ্জ্বল ও দীপ্তিমান্ হয়, সেইরূপ সৃষ্ট বস্তুর সম্বন্ধ উপলক্ষেই জ্ঞাতা জীবাত্মাও বস্তুকে বুঝিয়া এবং নিজের বুঝিবার স্বরূপকেও অবধারণ করিয়া আত্মরক্ষা করিয়া থাকে। এই অবধারণের নামই আত্ম-সাক্ষাৎকার। সুখ দুঃখাদির ভোগ উপলক্ষে আত্ম-সাক্ষাৎকার একবার উপলব্ধ হইলে, তদনুপাতে সৃষ্টির উপলক্ষে ব্রহ্ম-সাক্ষাৎকারও সুগম এবং সহজ-সাধ্য হইয়া থাকে। অর্থাৎ আমি যেমন সুখ-দুঃখ-প্রদ সংসারের সকল ভাবকে অনুভব করি, সেইরূপ এই পরিদৃশ্য-মান অনন্ত ব্রহ্মাণ্ডের সৃষ্টি-ব্যাপারের সৃজনাদি করিবার উপলক্ষে সর্ব্ব-শক্তিমান্ এবং সর্ব্ব জ্ঞানবান্ অনন্ত ব্রহ্মভাব যে চির বিদ্যমান আছেন, তাহাও অনুভব করিতে পারা যায়। ইহারই নাম "মামেব যে প্রপদ্যন্তে" ভগবানে শরণাগতি। এই ভাবের উপচয় যখন যে মানবের হৃদয়ে জাগরূক হয়, তখনই সেই মানবের জন্য মায়ার আর অভিনব কর্ত্তব্যের কিছু বাকী থাকে না। মায় সেই বিবেকীর সম্বন্ধে ভোগদানে নিরস্তা হন ॥ ১৪ ॥

ন মাং দুষ্কৃতিনো মূঢ়াঃ প্রপদ্যন্তে নরাধমাঃ।

অন্বয়ঃ।

মায়য়া অপহৃত-জ্ঞানাঃ বিবেকশূন্যাঃ আসুরং হিংসাদি লক্ষণং ভাবং আশ্রিতাঃ

শাঙ্করভাষ্যম্।

যদি ত্বাং প্রপন্নাঃ মায়ামেতাং তরন্তি কস্মাৎ ত্বামেব সর্ব্বে ন প্রপদ্যন্তে ইত্যুচ্যতে, ন মাং পরমেশ্বরং দুষ্কৃতিনঃ পাপকারিণঃ মূঢ়াঃ প্রপদ্যন্তে নরাধমাঃ নরাণাং

আনন্দগিরিকৃতটীকা।

ভগবন্নিষ্ঠায়া মায়াতিক্রমহেতুত্বে তদেকনিষ্ঠত্বমেব সর্ব্বেষামুচিতমিতি পৃচ্ছতি যদীতি। পাপকারিত্বেনাবিবেকভূয়স্তয়া হিংসানৃতাদিভূয়স্ত্বাচ্চ সাং জন্তূনাং ন

---

অভীষ্ট লাভে চির কৃতার্থ হইবার প্রত্যাশায় যে সমস্ত অনভিজ্ঞ ব্যক্তিগণ পরম পুরুষ পরমাত্মা আমার প্রতি লক্ষ্য করে না, তাহারাই ভোগ-বাসনা চরিতার্থের দ্বারা কৃতার্থ হইবার প্রত্যাশায়,

আভাস।

ভগবান্ জীবাত্মাকে ভোগ করাইবার জন্য যেমন মায়া বা মোহ দিয়াছেন, আবার ভোগ্য পদার্থের সর্ব্ববিধ ভাবের পরীক্ষার জন্য একটী বিবেক-শক্তি বুদ্ধিও দিয়াছেন। বিবেক-বলে ভোগের উপলক্ষে ভোগ্য বিষয়ের ভাব সমূহকে উত্তমরূপে পরীক্ষা করা কর্ত্তব্য। কিন্তু সাধারণ ব্যক্তি বিষয়ের পরীক্ষা করাটীকে উপেক্ষা করিয়া, নিজের প্রয়োজনীয় অংশটী মাত্র গ্রহণ বা দর্শন করিয়াই ক্ষান্ত হইয়া যায়। সুতরাং তাহাদের দর্শন বা ভোগ কোনরূপ কার্য্যকরী হয় না। সেই এক পদার্থকে দর্শন বা পরীক্ষা করিতে বারংবার তাহার সহিত সম্পর্ক করিতে হয়। এদিকে বিষয়ের প্রতি আকৃষ্ট হইবার জন্য জীবাত্মাকে যেমন মায়া বা মোহ দিয়াছেন, কিন্তু বিষয়কে প্রয়োজন মত অতি উৎকৃষ্ট এবং মনোহর মূর্ত্তিতে সাজাইয়া ও তদন্তরে ভূরি ভূরি দোষ, অহিতকর ভাব এবং ক্ষণধ্বংসিত্বের পরিচয় এত রাখিয়াছেন যে, মানব প্রয়োজনের অনুরোধে তৎপ্রতি অগ্রসর হইয়া বিবেক বুদ্ধিতে যদি তাহা পরীক্ষা করেন, তাহা হইলে, বিষয়ের প্রতি আসক্ত হওয়া দূরে থাকুক, শরীর রক্ষার অনুরূপ মাত্র ভোগ করিয়াই ভোগে বিরত হইয়া পড়েন। মায়া-শক্তির অপেক্ষা বিবেকের শক্তি অনেক প্রবল। কিন্তু দোষের মধ্যে এই যে, মায়ার ব্যাপার অগ্রে, বিবেকের ব্যাপার বা কার্য্য পরে। ক্ষুধায় কাতর হইলে, অন্নের বিচার থাকে না;

মায়য়াপহৃতজ্ঞানা আসুরং ভাবমাশ্রিতাঃ ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

দুষ্কৃতিনঃ পাপকারিণঃ মূঢ়াঃ নরাধমাঃ জনাঃ মাং ন প্রপদ্যন্তে ॥ ১৫ ॥

শাঙ্করভাষ্যম্।

মধ্যেঽধমা নিকৃষ্টাস্তে চ মায়য়া অপহৃতজ্ঞানাঃ আসুরং ভাবং হিংসানৃতাদিলক্ষণং মাশ্রিতাঃ ॥ ১৫ ॥

আনন্দগিরিকৃতটীকা।

ভগবন্নিষ্ঠত্বসিদ্ধিরিত্যাহ উচ্যত ইতি। যৌঢ্যং পাপকারিত্বে হেতুরত এব নিকৃষ্টাঃ। সংমুষিতমির তিরস্কৃতং জ্ঞানং স্বস্বরূপচৈতন্যমেষামিতি তে তথা ॥ ১৫ ॥

স্বামিকৃতটীকা।

কিমিতি তর্হি সর্ব্বে ত্বামেব ন ভজন্তীত্যত আহ ন মামিতি। নরেষু যেঽধমাস্তে মাং ন প্রপদ্যন্তে ন ভজন্তি, অধমত্বে হেতুঃ মূঢ়া বিবেকশূন্যাঃ, তৎকৃতঃ দুষ্কৃতিনঃ পাপশীলাঃ অতো মায়য়াপহৃতং নিরস্তং শাস্ত্রাচার্য্যোপদেশাভ্যাং জাতমপি জ্ঞানং যেষাং তে তথা অতএব দম্ভো দর্পোঽভিমানশ্চ ক্রোধঃ পারুষ্যমেব চেত্যাদিনা বক্ষ্যমাণমাসুরং ভাবং স্বভাবং প্রাপ্তাঃ সন্তো ন মাং ভজন্তি ॥ ১৫ ॥

---

পূর্ব্ব পূর্ব্ব সংস্কারের অনুরোধে বারংবার মায়ার কুহকেই পতিত হইয়া সংসারে পরিভ্রমণ করিয়া থাকে এবং আসুরিক ভাবে অভিভূত হইয়া পড়ে ॥ ১৫ ॥

আভাস।

ভোজনের পর দোষ গুণের প্রতি বিচার আইসে। সুতরাং যাহারা প্রয়োজনকেই প্রধান জ্ঞান করত বিষয়ের অভিমুখে ধাবিত হয়, তাহারা বিষয়ের মধ্য হইতে তাহার প্রয়োজনীয় অনুকূল অংশ মাত্র গ্রহণে বিষয়ের অবশিষ্ট ভাগকে উপেক্ষা করত পলায়ন করে। তাদৃশ বিবেকহীন ভোগান্ধ ব্যক্তিগণের পক্ষে ভগবৎসাক্ষাৎকার অতীব অসম্ভব। তাহারা প্রয়োজনের দাস হইয়া বিবেক জ্ঞানকে দূরে অপসারিত করত জন্ম-জন্মান্তর ভোগ করিয়া থাকে ॥ ১৫ ॥

চতুর্ব্বিধা ভজন্তে মাং জনাঃ সুকৃতিনোঽর্জ্জুন।

অন্বয়ঃ।

হে ভরতর্ষভ অর্জ্জুন! আর্ত্তঃ রোগাদিভিঃ বিপন্নঃ, জিজ্ঞাসুঃ ভগবত্তত্ত্বং

শাঙ্করভাষ্যম্।

যে পুন র্নরোত্তমাঃ পুণ্যকর্ম্মাণঃ চতুর্ব্বিধা ইতি। চতুর্ব্বিধা শ্চতুঃপ্রকারা ভজন্তে সেবন্তে মাং জনাঃ সুকৃতিনঃ পুণ্যকর্ম্মাণো হে অর্জ্জুন আর্ত্তঃ অর্ত্তিপরিগৃহীতঃ

আনন্দগিরিকৃতটীকা।

কেষাং তর্হি তন্নিষ্ঠতা সুকরেতি তত্রাহ যে পুনরিতি। তে ভজন্তে ভগবন্তমিতি শেষঃ। যে ত্বাং ভজন্তে তে কিং সর্ব্বে মায়াং তরন্তি নৈবং প্রার্থনাবৈচিত্র্যা-

স্বামিকৃতটীকা।

সুকৃতিনশ্চ মাং ভজন্ত্যেব তে চ সুকৃত-তারতম্যেন চতুর্বিধা ইত্যাহ চতুর্বিধা ইতি। পূর্ব্বজন্মসু যে কৃতপুণ্যা স্তে মাং ভজন্তি তে চতুর্ব্বিধাঃ, আর্ত্তো রোগাদ্যভিভূতঃ স যদি পূর্ব্বং কৃতপুণ্য স্তর্হি মাং ভজতি অন্যথা ক্ষুদ্রদেবতাভজনেন সংসরতি

---

হে ভরত শ্রেষ্ঠ! এ সংসারে সৎকর্ম্মের অনুষ্ঠান ফলে চারি জাতি বা শ্রেণীর লোকই মদীয় পরমাত্ম বিষয়ে অনুসন্ধানে অগ্রসর হইয়া থাকে। যাহারা আর্ত্ত; অর্থাৎ রোগাদি দুঃখ-জালে জড়িত; জিজ্ঞাসু অর্থাৎ উপস্থিত সকল বিষয়ের বা ভাবের

আভাস।

কিন্তু চিরকাল কাহারও ভোগে অভিভূত থাকিবার উপায় নাই! কারণ বিচার করিয়া আত্ম-সাক্ষাৎকার করিবার উপলক্ষেই আমি মানবকে সৃষ্টির প্রবাহে প্রেরণ করি এবং মায়া প্রদানে বিষয়াভিমুখে ধাবিত করাই বটে, কিন্তু যম-দণ্ডরূপ কাল-দণ্ড উত্তোলনে প্রত্যেক অভিভূত মানবকে রোগ, শোক, ভয় এবং বিবিধ অনর্থ-প্রদানে তাহাদের বিলুপ্ত-প্রায় বিবেক-শক্তিকে জাগরিত করিয়া পুনরায় আপন করিয়া লই! স্নেহময় পিতা যেমন চরিত্রহীন পুত্রকে বিবিধ দণ্ডের ব্যবস্থায় পুনরায় আপন করিয়া লন, জগৎপিতা আমিও ভোগী মানবকে নানা প্রকার ক্লেশ প্রদানে বিবেকী করত, নিজ সন্নিধানে আনয়ন করি। এই শ্লোকে মায়া-মোহিত মানব যে যে পদ্ধতি অনুসারে বিষয়ের মায়াকে পরিহার করিয়া বিবেক লাভে মুক্ত হইতে পারে, তাহারই পরিচয় প্রদান করিয়াছেন। অর্থাৎ অর্জ্জুন! আমার পরম প্রেমের আধার ও আত্মীয়

আর্ত্তো জিজ্ঞাসুরর্থার্থী জ্ঞানী চ ভরতর্ষভ ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

জ্ঞাতুং ইচ্ছুঃ, অর্থার্থী ঐশ্বর্য্যপ্রার্থী, তথা জ্ঞানী আত্মবিৎ ইতি চতুর্বিধাঃ জনাঃ বিদ্যন্তে সুকৃতিনঃ এব তে মাং ভজন্তে ॥ ১৬ ॥

শাঙ্করভাষ্যম্।

তস্কর-ব্যাঘ্র-রোগাদিনা অভিভূতঃ অভিভবং আপন্নো জিজ্ঞাসু র্ভগবত্তত্বং জ্ঞাতুমিচ্ছতি যোঽর্থার্থী ধনকামো জ্ঞানী বিষ্ণো স্তত্ত্ববিচ্চ হে ভরতর্ষভ ॥ ১৬ ॥

আনন্দগিরিকৃতটীকা।

দিত্যাহ চতুর্ব্বিধা ইতি। আপন্নস্তন্নিবৃত্তিমিচ্ছন্নিতি শেষঃ। তত্ত্ববিদিতি। শব্দ-জ্ঞানবানাত্মতত্বসাক্ষাৎকারমাত্রার্থী মুমুক্ষুরিত্যর্থঃ ॥ ১৬ ॥

স্বামিকৃতটীকা।

এবমুত্তরত্রাপি দ্রষ্টব্যং, জিজ্ঞাসুরাত্মজ্ঞানেচ্ছুঃ, অর্থার্থী অত্র পরত্র চ ভোগসাধন-ভূতার্থপ্রেপ্সুঃ, জ্ঞানী চাত্মবিৎ ॥ ১৬ ॥

সন্ধান পাই, কিন্তু যিনি এই সমস্ত রচনা করেন, তিনি কে? বা কি প্রকারে তাঁহার সাক্ষাৎকার পাইব বলিয়া আচার্য ও জ্ঞানিগণের নিকট জিজ্ঞাসা করেন; তৃতীয় অর্থার্থী অর্থাৎ অভাবগ্রস্থ ব্যক্তি; এবং চতুর্থ জ্ঞানী অর্থাৎ জগত্তত্ত্বের বিচারকারী ॥ ১৬ ॥

আভাস।

পুত্রগণকে আমার ঐশ্বর্য্য দর্শনার্থ সংসার-ক্ষেত্রে প্রেরণ করিয়া কি কখন নিশ্চিন্ত থাকিতে পারি! দশটী ইন্দ্রিয়রূপ অশ্বে সংযোজিত দেহরথে মানবাদি উৎকৃষ্ট জীব-নিচয়কে আরোহণ করাইয়া আমার ঐশ্বর্য্যের পূর্ণ বিকাশ ব্রহ্মাণ্ডকে পরিদর্শনার্থ প্রেরণ করিয়াছি বটে, কিন্তু দেহাদির এতাদৃশ অভাব ও অভি-যোগের ব্যবস্থা আছে যে, তাহাদের পূরণ করিতেই মানবের সত্বর নিরাপদে ভ্রমণের অনেক ব্যাঘাত হইবে। যদি দেহাদিতে অভাবের সৃষ্টি না করিতাম, তাহা হইলে, মানব আমার ঐশ্বর্য্যের কোন অংশটীকে আগ্রহ-সহকারে গ্রহণ করত পরীক্ষার বুদ্ধিতে অবলোকন করিত না। কিন্তু অভাবের পূরণ উপলক্ষে যে ঐশ্বর্য্যের দ্বারা তাহার অভাবের পূরণ হইল, পাছে তাহাতেই তুষ্ট হইয়া সে পর্য্যটনে নিরস্ত থাকে, তজ্জন্য ভোগে উৎকট দুঃখ এবং ত্যাগে অপূর্ব্ব শান্তির পরিচয় দিয়া রাখিয়াছি। এই রোগ শোকাদি দুঃখ কেবল ভোগীকে

তেষাং জ্ঞানী নিত্যযুক্ত একভক্তি র্বিশিষ্যতে ।

অন্বয়ঃ ।

তেষাং চতুর্ণাং মধ্যে নিত্যযুক্তঃ সদা সংযতবুদ্ধিঃ একভক্তিঃ একস্মিন্ পরমা-

শাঙ্করভাষ্যম্ ।

তেষামিতি । তেষাং চতুর্ণাং মধ্যে জ্ঞানী তত্ত্ববিত্ত্বান্নিত্যযুক্তো ভবত্যেক-ভক্তিশ্চান্যস্য ভজনীয়স্যাদর্শনাদতঃ স একভক্তিবির্শিষ্যতে বিশেষমাধিক্যমাপদ্যতে

আনন্দগিরিকৃতটীকা ।

চতুর্ব্বিধানাং তেষাং সুকৃতিনাং ভগবদভিমুখানাং তুল্যত্বমাশঙ্ক্যাহ তেষামিতি । তস্য বিশিষ্যমাণত্বে হেতুমাহ প্রিয়ো হীতি । নিত্যযুক্তত্বং ভগবত্যাত্মনি সদা সমাহিতচেতস্ত্বং অসারে সংসারে ভগবানেব সারঃ সোঽহমস্মীত্যেকস্মিন্নদ্বিতীয়ে স্বস্মাদত্যন্তমভিন্নে ভগবতি ভক্তিঃ স্নেহবিশেষোঽস্যেত্যেকভক্তিঃ, তস্যাধিক্যে

স্বামিকৃতটীকা ।

তেষাং মধ্যে জ্ঞানী শ্রেষ্ঠ ইত্যাহ তেষামিতি । তেষাং মধ্যে জ্ঞানী বিশিষ্টঃ, তত্র হেতবঃ নিত্যযুক্তঃ সদা মন্নিষ্ঠঃ, একস্মিন্ ময্যেব ভক্তি র্যস্য সঃ জ্ঞানিনো

---

এই চারি প্রকারের মধ্যে যিনি নিরন্তর তত্ত্বানুসন্ধানে নিমগ্ন থাকিয়া একাগ্রতা সহকারে ভক্তি পূর্ব্বক পূর্ণ পরমাত্ম স্বরূপের

আভাস ।

নিদ্রিতের ন্যায় মোহিত হইতে নিষেধ করা মাত্র। বুদ্ধিরূপ সারথীর হস্তে কশাঘাত না খাইলে, ইন্দ্রিয়রূপ অশ্ব সমূহ কেবল ভোগের পথেই বিশ্রাম করিত, বিষয়কে পরীক্ষার জন্য ক্রমাগত দৌড়াইত না। *

অতএব বিষয়ের দোষগুণাদির বিচারে উদাসীন হইয়া কেবল সম্ভোগে হতজ্ঞান মানবই প্রকৃত প্রস্তাবে মোহান্ধ এবং নারকী। কারণ ভগবানের সন্নিধানে তাহাদের প্রত্যাবর্ত্তনের অনেক বিলম্ব। যাহারা রোগ, শোক ভয় এবং বিবিধ অনর্থে প্রপীড়িত, তাহারা ভব-মোহ হইতে ক্রমশঃ জাগরিত; যাহারা বিষয়ের প্রতি আত্মবৎ প্রেম করিতে বিরত হইয়া, প্রত্যক্ষে প্রতীয়মান জগৎ ও জাগতিক সুখ দুঃখাদির প্রদাতা যে কে? তাঁহারই অনুসন্ধানার্থে মনকে সর্ব্বদা জিজ্ঞাসা করে। তৃতীয় ব্যক্তি অর্থার্থী। রজঃস্বলা একবস্ত্রা দ্রৌপদীর কেশাকর্ষণে দুঃশাসন যখন কৌরব-সভায় তাঁহাকে আনয়নে নীবিবন্ধন উন্মোচন পূর্ব্বক বস্ত্রাকর্ষণে দ্রৌপদীকে উলঙ্গ করিতে চেষ্টা করে, তখন দ্রৌপদী বাম করে

প্রিয়ো হি জ্ঞানিনোঽত্যর্থমহং স চ মম প্রিয়ঃ ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

যদি একভক্তিঃ বিশিষ্টঃ জ্ঞানী বিশিষ্যতে বিশিষ্টো ভবতি। অহং জ্ঞানিনঃ অত্যর্থং অতীব প্রিয়ঃ; সঃ জ্ঞানী চ মম প্রিয়ঃ ॥ ১৭ ॥

শাঙ্করভাষ্যম্।

অতিরিচ্যত ইত্যর্থঃ প্রিয়ো হি যস্মাদহমাত্মা জ্ঞানিনোঽতস্তস্যাহমত্যর্থং প্রিয়ঃ

আনন্দগিরিকৃতটীকা।

হেতুং বিবৃণোতি প্রিয়ো হীত্যাদিনা। ভগবতো জ্ঞানিনশ্চ পরস্পরং প্রেমাস্পদত্বে প্রসিদ্ধিং প্রমাণয়তি প্রসিদ্ধং হীতি। আত্মনো জ্ঞানিনং প্রতি প্রিয়ত্বেঽপি

স্বামিকৃতটীকা।

দেহাদ্যভিমানাভাবেন চিত্তবিক্ষেপাভাবান্নিত্যযুক্তত্বমেকান্তভক্তিত্বঞ্চ সম্ভবতি

---

অনুসন্ধান করেন, তাদৃশ জ্ঞানী ব্যক্তিই সর্ব্বতোভাবে উৎকৃষ্ট ও শ্রেষ্ঠ। এই জ্ঞানবান্ ব্যক্তির সমীপে আমার ন্যায় প্রিয় পাত্র আর কেহ থাকে না এবং আমার সমীপে তাহার ন্যায় প্রিয় পাত্রও আর কেহ হয় না ॥ ১৭ ॥

আভাস।

কুচযুগল বস্ত্রাবরণে চাপিয়া দক্ষিণ করে বস্ত্রাঞ্চল আকর্ষণ করত রক্ষার প্রার্থনায় ভীষ্ম, কর্ণ, দ্রোণাচার্য্য, কৃপাচার্য্য, পরে ভীমার্জ্জুন নকুল সহদেব এবং রাজা যুধিষ্ঠিরের অভিমুখে নয়ন উন্মীলন করত প্রাণের ব্যথা অবগত করিলেন; কিন্তু সকলকেই অবনত মস্তকে আত্মভাবে বিহ্বল অবলোকন করত বুঝিলেন যে, আমার অনেক আছে বলিয়া অনেক ভরসা ছিল; কিন্তু বুঝিলাম সংসারে কেহ কাহারও নহে; তবে কি আমার লজ্জা নিবারণ করেন এমন কি কেহই নাই! এই প্রবল দুর্বৃত্ত দুঃশাসনের করে এই অবলার আত্মরক্ষার সামর্থ্য কোথায়! হে অনাথনাথ প্রাণ-গোবিন্দ! রক্ষা কর! তোমার করে সমস্ত সমর্পণ করিলাম বলিয়া, দ্রৌপদী উভয় হস্ত উত্তোলন পূর্ব্বক করজোড়ে পরমেশকে প্রণাম করিতে যখন সাহস করিলেন, তাদৃশ অর্থার্থী জীব তৃতীয় অধিকারী। চতুর্থ অধিকারী জ্ঞানী। তিনি স্বকীয় দেহের অন্তরে নিজ-স্বরূপ আত্ম-চৈতন্যের অবধারণ করিয়াছেন এবং

শাঙ্করভাষ্যম্।

প্রসিদ্ধং হি লোকে আত্মা প্রিয়ো ভবতি ইতি তস্মাৎ জ্ঞানিন আত্মত্বাদ্বাসুদেবঃ প্রিয়ো ভবতীত্যর্থঃ স চ জ্ঞানী মম বাসুদেবস্যাত্মৈবেতি মমাত্যর্থং প্রিয়ঃ ॥ ১৭ ॥

আনন্দগিরিকৃত-টীকা।

ভগবতো বাসুদেবস্য কথং তং প্রতি প্রিয়ত্বমিত্যাশঙ্ক্যাহ তস্মাদিতি। অহং জ্ঞানিনো নিরুপাধিকপ্রেমাস্পদং পরমপুরুষার্থত্বেনাত্মত্বেন চ গৃহীতত্বাদিত্যর্থঃ। জ্ঞানিনোঽপি ভগবন্তং প্রতি প্রিয়ত্বং প্রকটয়তি স চেতি ॥ ১৭ ॥

স্বামিকৃতটীকা

নাস্যস্য, অতএব তস্যাহমত্যন্তং প্রিয়ঃ স চ মম, তস্মাদেতৈর্নিত্যযুক্তত্বাদিভিশ্চতুর্ভি র্হেতুভিঃ স উত্তমঃ ইত্যর্থঃ ॥ ১৭ ॥

আভাস।

ব্রহ্মাণ্ডের অধিপতি পরমেশের স্বরূপ নিরূপণের সিদ্ধান্তে উপনীত হইয়াছেন। আর্ত্ত, জিজ্ঞাসু, অর্থার্থী এবং জ্ঞানী এই চারি প্রকারের মানবই ভোগী মানব অপেক্ষা ভাগ্যবান্ এবং পুণ্যশীল। তন্মধ্যে ভোগের নিদ্রাভঙ্গে আর্ত্ত শ্রেষ্ঠ; তদপেক্ষা শ্রেষ্ঠ জিজ্ঞাসু, তদপেক্ষা অর্থার্থী শ্রেষ্ঠ; ইহাদের সকলের অপেক্ষা জ্ঞানী সর্ব্বোৎকৃষ্ট। আর্ত্ত অর্থাৎ রোগ, শোক এবং দুঃখ দারিদ্র্য দোষে প্রপীড়িত ব্যক্তি নিজ পুরুষকারে সফলকাম না হইয়া ঈশ্বরের শরণাগত যে হয়, তাহাও তৎপ্রতি ভগবানের কৃপা। এই কৃপাবলে অন্তরে বৈরাগ্যের উদয় হইলে, আচার্য্য ও শাস্ত্র সন্নিধানে ঈশ্বর বিষয়ের অভিজ্ঞান লাভের জন্য জিজ্ঞাসা আইসে। সুতরাং আর্ত্ত, জিজ্ঞাসু, অর্থার্থী এবং জ্ঞানী এই চারি জনই সংসার জ্বালা হইতে অব্যাহতি পাইবার পাত্র বটে, কিন্তু যিনি যোগের অনুষ্ঠানে আত্মস্বরূপের সাক্ষাৎকার লাভ করিতে পারেন, তিনিই তন্মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ। কারণ নিজের পরমানন্দ-স্বরূপ আত্মাকে অবধারণ করায় তিনি ভোগের বাসনাকেও পরিত্যাগ করিতে সমর্থ হন; এবং নির্ভয় পরমপুরুষ পরমাত্মাতে আত্ম-সমর্পণ করত কৃতার্থ হন। বিদেশাগত পুত্রের প্রতি পিতার যেমন মমতা জন্মে, সংসার ভ্রমণ হইতে প্রতিনিবৃত্ত জীবও আমার সেইরূপ প্রিয়পাত্র হয়। সে যেমন সকল পরিহারে প্রীত-প্রসন্নচিত্তে আমাকে প্রার্থনা করে, আমিও প্রাণপ্রিয় পুত্রধনের ন্যায় তাহাকে প্রেম করিয়া থাকি। ১৬। ১৭ ॥

উদারাঃ সর্ব্ব এবৈতে জ্ঞানী ত্বাত্মৈব মে মতম্।
আস্থিতঃ স হি যুক্তাত্মা মামেবানুত্তমাঙ্গতিম্ ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

সর্ব্বে এতে চত্বারঃ উদারাঃ উৎকৃষ্টাঃ সুকৃতিনঃ মোক্ষভাজঃ এব ; জ্ঞানীতু পুনঃ যুক্তাত্মা মদেকচিত্তঃ অতঃ অনুত্তমাং উৎকৃষ্টাং গতিং মাং আস্থিতঃ আশ্রিতঃ যতঃ অতঃ সঃ মে মম আত্মা ইতি মতং নিশ্চয়ঃ ॥ ১৮ ॥

শাঙ্করভাষ্যম্।

ন তর্হি আর্ত্তাদয় স্ত্রয়ো বাসুদেবস্যাপ্রিয়ঃ ন, কিং তর্হি উদারা ইতি। উদারা উৎকৃষ্টাঃ সর্ব্ব এবৈতে ত্রয়োঽপি মম প্রিয়া এবেত্যর্থঃ ন হি কশ্চিন্মদ্ভক্তো মম বাসুদেবস্যাপ্রিয়ো ভবতীতি, জ্ঞানী ত্বত্যর্থং প্রিয়ো ভবতীতি বিশেষঃ, তৎ কস্মাদিত্যাহ জ্ঞানী ত্বাত্মৈব নান্যো মত্তমিতি মে মম মতং নিশ্চয়ঃ, আস্থিত

আনন্দগিরিকৃতটীকা।

জ্ঞানী চেদত্যর্থমীশ্বরস্য প্রিয়ো ভবতি তর্হি বিশেষণসামর্থ্যাদিতরেষামপ্রিয়ত্বং প্রাপ্তমিতি শঙ্কতে ন তর্হীতি। তেষাং ভগবন্তং প্রতি প্রিয়ত্বমত্র বিবক্ষিতমিত্যাহ নেতি। অত্যর্থমিতি বিশেষণস্য তর্হি কিং প্রয়োজনমিতি পৃচ্ছতি কিং তর্হীতি। সর্ব্বেষাং ভগবদভিমুখত্বাদুৎকর্ষেঽপি জ্ঞানিনি তদতিরেকমঙ্গীকৃত্য বিশেষণমিত্যাহ উদারা ইতি। কিং তত্র প্রমাণমিত্যাশঙ্ক্য ঈশ্বরজ্ঞানমিত্যাহ মে মতমিতি। জ্ঞানীত্বাত্মৈবেত্যত্র হেতুমাহ আস্থিত ইতি। সর্ব্বশব্দস্য জ্ঞানিব্যতিরিক্তবিষয়ত্বমাহ ত্রয়োঽপীতি। জ্ঞানিব্যতিরিক্তানাং ভগবদভিমুখত্বেঽপি জ্ঞানাভাবাপরাধান্ন ভগবৎপ্রীতিবিষয়তেত্যাশঙ্ক্যাহ ন হীতি। কস্তর্হি জ্ঞানবতি সতি বিশেষস্তত্রাহ জ্ঞানী-

অবশ্য সংসারী মানবের মধ্যে পূর্ব্বোক্ত চারি শ্রেণীর মানবই প্রশংসার পাত্র বটে ; কিন্তু জ্ঞানীকে আমি আমার বলিয়া জ্ঞান করি ; কারণ সংযত-চিত্ত জ্ঞানী আমার উপরই নির্ভর করে এবং আমার স্বরূপ উৎকৃষ্ট পদবীতে তাহারা চির প্রতিষ্ঠিত থাকে ॥১৮॥

আভাস।

যাহারা নিজের পুরুষকার-বলে বিষয় ভোগেই বিরত থাকে, তাহাদের অপেক্ষা ভগবানের নিকট কাম্য প্রার্থনায় ভক্ত হইলেও অনেক প্রশংসনীয়। কারণ অনেক পুণ্যানুষ্ঠান না করিলে ভগবানের প্রতি লক্ষ্য পড়িত না

বহূনাং জন্মনামন্তে জ্ঞানবান্ মাং প্রপদ্যতে।

অন্বয়ঃ।

জ্ঞানার্থ-সংস্কারার্জ্জনায় ব্যতীতানাং বহূনাং জন্মনাং অন্তে চরমে বাসুদেবঃ

শাঙ্করভাষ্যম্।

আরোঢ়ুং প্রবৃত্তঃ স চ জ্ঞানী হি যস্মাদহমেব ভগবান্ বাসুদেবো নান্যোঽস্মীত্যেবং যুক্তাত্মা সমাহিতচিত্তঃ সন্ মামেব পরং ব্রহ্ম গন্তব্যমনুত্তমাং গতিং গন্তুং প্রবৃত্ত ইত্যর্থঃ॥ ১৮॥

জ্ঞানী পুনরপি স্তূয়তে বহূনামিতি। বহূনাং জন্মনাং জ্ঞানার্থসংস্কারার্জনা-

আনন্দগিরিকৃতটীকা।

য়িতি। তমেব বিশেষং প্রশ্নপূর্ব্বকং প্রকটয়তি কস্মাদিত্যাদিনা। সর্ব্বমাত্মানং পশ্যতোঽপি অপক্ষপাতিনঃ তস্য তব কথং যথোক্তো নিশ্চয়ঃ স্যাদিত্যাশঙ্ক্যাস্থিত ইত্যেতদ্ব্যাকরোতি আরোঢুমিতি। আরোহে হেতুং সূচয়তি স চ জ্ঞানীতি। আরোঢ়ুং প্রবৃত্তত্বমেব স্ফুটয়তি মামেবিতি॥ ১৮॥

উত্তরশ্লোকস্য গতার্থত্বং পরিহরতি জ্ঞানীতি। জ্ঞানার্থসংস্কারো বাসনা তত্ত-

স্বামিকৃতটীকা।

তর্হি ইতরে ত্রয়স্তদ্ভক্তাঃ কিং সংসরন্তি ন হি ন হীত্যাহ উদারা ইতি। সর্ব্বেঽপ্যেতে উদারা মহান্তঃ মোক্ষভাজ এবেত্যর্থঃ জ্ঞানী তু পুনরাত্মৈবেতি মে মতং নিশ্চয়ঃ হি যস্মাৎ স জ্ঞানী যুক্তাত্মা মদেকচিত্তঃ সন্ ন বিদ্যতে উত্তমা যস্যাস্তামনুত্তমাং সর্ব্বোত্তমাং গতিং মামেবাস্থিত আশ্রিতবান্ মদ্ব্যতিরিক্তমন্যৎ ফলং ন মন্যত ইত্যর্থঃ॥ ১৮॥

---

বিশেষ সুকৃতির বলে তত্ত্বানুসন্ধানে অগ্রসর হইয়া অনেক জন্মের অভ্যাসে জ্ঞানের চরম সীমায় যখন উপনীত হন, তখনই জ্ঞানী

আভাস।

এক্ষণে সেই লক্ষ্য পড়ার গুণে এবং কামনা পূরণের বলে তাদৃশ ভক্তগণের কার্য্যের প্রতি আসক্তি কমিয়া বাঞ্ছাপূর্ণকারী শ্রীহরির প্রতিই তাঁহাদের মতি গতি ক্রমশঃ প্রবল হইতে থাকে এবং পরিণামে ভগবানে শরণাগত হইবার মতি এবং তৎপ্রাপ্তিরূপ গতি ব্যতীত অন্য কোন গতির আর প্রত্যাশা রাখে না; সুতরাং অন্তিমে সেই চরণেই আত্ম-সমর্পণ করিয়া কৃতার্থ হয়॥ ১৮॥

দেখ অর্জ্জুন! সামশ্রুতি বলেন, "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" এই পরিদৃশ্যমান

বাসুদেবঃ সর্ব্বমিতি স মহাত্মা সুদুর্লভঃ ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

সর্ব্বং ইতি জ্ঞানবান্ যোগী মাং প্রত্যগাত্মানং অপরোক্ষতয়া প্রপদ্যতে উপাস্তে ; সঃ তাদৃশঃ মহাত্মা ( মহতি পরমেশ্বরে আত্মা যস্য সঃ ) সুদুর্লভঃ ॥ ১৯ ॥

শাঙ্করভাষ্যম্।

প্রয়াণাং অন্তে সমাপ্তৌ জ্ঞানবান্ প্রাপ্তপরিপাকজ্ঞানো মাং বাসুদেবং প্রত্য-

আনন্দগিরিকৃতটীকা।

জন্মনি পুণ্যকর্ম্মানুষ্ঠানজনিতা বুদ্ধিশুদ্ধিস্তদাশ্রয়াণাং তদ্বতাবনস্থানাং জন্মনামিতি যাবৎ। জ্ঞানবত্বং প্রাক্তনেষপি জন্মসু সম্ভাবিতমিত্যাশঙ্কাহ প্রাপ্তেতি। জ্ঞান-

প্রকৃত মৎস্বরূপ উপলব্ধি করিতে পারেন। জ্ঞানী হওয়া সহজ নহে। যাহা দেখি বা শুনি স্থূল সূক্ষ্ম ভাব অভাব বা জড় চেতন এই সমস্তই বাসুদেব চৈতন্য-ঘন সর্ব্বশক্তি-ময় রূপে একা তিনিই বিরাজ করিতেছেন এইরূপ স্থির জ্ঞানে পরমেশে আত্মসমর্পণ করিয়া অবস্থান করিতে যিনি পারেন, তাদৃশ মহাত্মা জ্ঞানী অটল-হৃদয় ব্যক্তি জগতে দুর্লভ। ১৯ ॥

আভাস।

সমগ্র ব্রহ্মাণ্ড ব্রহ্মময় ; যাহা দেখি সমস্তই ব্রহ্ম! এ জ্ঞানলাভ নিতান্ত সহজ নহে। দেহ ধারণে এতাদৃশ জ্ঞানে অধিকারী হইতে এক কমলাসন ব্রহ্মাকেই শুনা যায়। বৃন্দাবনে অঘাসুরের নিধনবার্ত্তা শ্রবণে পুলকিত হইয়া ব্রহ্মা ইষ্টদেবতার দর্শন কামনায় মর্ত্ত্যলোক বৃন্দাবনে উপস্থিত হইলেন। কিন্তু অতি শিশু রাখালবেশে বৎসচারণ উপলক্ষে গোপবালকে পরিবৃত বনমালীকে নয়নগোচর করত বিস্মিত হইলেন। ভাবিলেন, পাপাসুরের নিধন ত পূর্ণ পরমেশ ব্যতীত অন্য কাহারও দ্বারা সাধিত হইবে না। অঘাসুর নিহত হইয়াছে সত্য! পূর্ণ-ব্রহ্ম আমাকে অনধিকারী জ্ঞানে কি দর্শন না দিয়াই অন্তর্হিত হইলেন! ভাল! মাতৃদত্ত বন্যবেশ পরিধানে এবং বামহস্তে দধি-কবল এবং দক্ষ হস্তে বেণু ধারণে ঈষৎ বঙ্কিম-দৃষ্টিতে আমার প্রতি কৃপা কটাক্ষের পরিচয়ে কেন দৃষ্টি করিতেছেন, ঐ বালকটী কে? বুঝি না! তুমি হইলেও হইতে পার! কিন্তু আমার ন্যায় চতুরানন ব্রহ্মার ইষ্টদেবতা হইতে

শাঙ্করভাষ্যম্।

গাত্মানং প্রত্যক্ত্বতঃ প্রতিপদ্যতে কথং বাসুদেবঃ সর্ব্বমিতি। য এবং সর্ব্বাত্মানং মাং প্রতিপদ্যতে স মহাত্মা ন তৎসমোঽন্যোঽস্ত্যধিকো বাঽতঃ সুদুর্লভো মনুষ্যাণাং সহস্রেষ্বিত্যুক্তং॥ ১৯॥

আনন্দগিরিকৃতটীকা।

বতো ভগবৎপ্রতিপত্তিং প্রশ্নদ্বারা বিবৃণোতি কথমিতি। যথোক্তজ্ঞানস্য তদ্বতশ্চ দুর্লভত্বং সূচয়তি যএবমিতি। মহৎ সর্ব্বোৎকৃষ্টমাত্মশব্দিতং চিত্তমস্যেতি। মহাত্মত্বে ফলিতং হেতুমাহ অত ইতি। তত্র বাক্যোপক্রমানুকূল্যং কথয়তি মনুষ্যাণামিতি॥ ১৯॥

স্বামিকৃতটীকা।

এবংভূতো মদ্ভক্তোঽতিদুর্লভ ইত্যাহ বহূনামিতি। বহূনাং জন্মনাং কিঞ্চিৎ কিঞ্চিৎ পুণ্যোপচয়েন অন্তে চরমে জন্মনি জ্ঞানবান্ সন্ সর্ব্বমিদং চরাচরং বাসুদেব ইতি সর্ব্বাত্মদৃষ্ট্যা মাং প্রপদ্যতে ভজতি অতঃ স মহাত্মা অপরিচ্ছিন্নদৃষ্টিঃ সুদুর্লভঃ॥ ১৯॥

আভাস।

হইলে, তাহার অনুরূপ সাজে দেখা দাও! না দাও! পরীক্ষায় এস! আজ তুমি হার কি আমি হারি তাহারই পরিচয় হউক! "হে কৃষ্ণ করুণাসিন্ধো ন ক্ষুদ্রোঽহং মহার্ণবঃ। করুণা পাপয়োর্মধ্যে প্রপশ্যামি বলং তব"॥ হে দীন দয়াল! আজ ক্ষুদ্র সাজিলে চলিবে না! বড় সাজিয়া এই প্রবল অহঙ্কারীর দর্প খর্ব্ব করত প্রাণে শান্তি বিতরণ কর! তুমি যেমন করুণার সাগর! আমিও সেইরূপ অভিমানরূপ পাপের বিরাট সমুদ্র। আজ দেখিব, কেমন তোমার করুণার বলে আমার পাপ সমুদ্র শুকাইয়া যায়! এই বলিয়া চতুরানন সমবেত বৎস এবং বালকগুলিকে মোহিত করত অন্যত্র রাখিয়া আসিলেন। কিন্তু কৃষ্ণ সন্নিধানে প্রত্যাগত হইয়া দেখিলেন যে, তিনি যে যে গুলিকে স্থানান্তরিত করিয়াছেন, সেই সকলগুলি বৎস ও বালক সেই সেই মূর্ত্তিতে পূর্ব্ববৎ তৎসমীপে বিচরণ করিতেছে। তখন ব্রহ্মা বিস্ময়ে অভিভূত হইয়া বলিলেন, হে ভক্ত-বাঞ্ছা-কল্পতরু! তথাপি ত তোমাকে চিনিলাম না! অধীনের প্রতি কৃপা কর! তৎক্ষণাৎ ব্রহ্মা দেখিলেন যে, উপস্থিত বৎস ও বালক সমূহ এবং অধিক কি তাহাদের পরিধেয় বসনাদি ও পাচনী পর্য্যন্ত চতুর্ভুজ বিষ্ণুমূর্ত্তি ধারণ করত উক্ত কৃষ্ণ-কলেবরে সকলে বিলীন হইয়া গেলেন। তখন ব্রহ্মা

কামৈস্তৈস্তৈর্হৃতজ্ঞানাঃ প্রপদ্যন্তেঽন্যদেবতাঃ।
তং তং নিয়মমাস্থায় প্রকৃত্যা নিয়তাঃ স্বয়া ॥ ২০ ॥

অন্বয়ঃ।

তৈঃ তৈঃ পুত্রবিত্তস্বর্গাদি-বিষয়নিষ্ঠৈঃ কামৈঃ হৃত-জ্ঞানাঃ বিবেকহীনাঃ জনাঃ দেবারাধনে প্রসিদ্ধো যো যো নিয়মঃ তং তং নিয়মং আস্থায় আশ্রিত্য স্বয়া স্বকীয়য়া প্রকৃত্যা স্বভাবেন নিয়তাঃ বশীকৃতাঃ সন্তঃ অন্যদেবতাঃ প্রপদ্যন্তে ভজন্তে ॥ ২০ ॥

শাঙ্করভাষ্যম্।

আত্মৈব সর্ব্বো বাসুদেব ইত্যেবমপ্রতিপত্তৌ কারণমুচ্যতে কামৈরিতি।

আনন্দগিরিকৃতটীকা।

কিমিতি তর্হি সর্ব্বেষাং প্রত্যগ্‌ভূতে ভগবতি যথোক্তজ্ঞানং নোদেতীত্যাশঙ্ক্য ন

জগতে ভক্তিমান্ লোক অনেক আছেন বটে, কিন্তু তাঁহাদের সে ভক্তি মুক্তির কামনায় ভগবানে নহে; ভোগের প্রার্থনায় তত্ত ভোগদাতা বিভিন্ন দেবতাদের প্রতি। সুতরাং অভিলাষিত ভোগের প্রার্থনায় ভোগী মানব স্ব স্ব রুচি অনুসারে দেবতা পূজনের পদ্ধতি ক্রমে মোহিতের ন্যায় ভোগপ্রদ দেবতাগণেরই আরাধনা করিয়া থাকেন ॥ ২০ ॥

আভাস।

বলিলেন, প্রচুর হইয়াছে! এখন বুঝিলাম! তুমি সব হইতে পার, এবং সব লইতেও পার! এক্ষণে যে অপরাধের অনুরোধে আমি ব্রহ্মা সাজিয়া, ব্রহ্মাণ্ড রচনা করিতেছি, সেই অহঙ্কার আমার যে মস্তকে রহিয়াছে সেই মস্তকটী তোমাকে সমর্পণ করিলাম। এই বলিয়া বালক কৃষ্ণের চরণে ভূলুণ্ঠিতভাবে প্রণাম করত ব্রহ্মা প্রস্থান করিলেন। অহো! বহু জন্ম-জন্মান্তরের সুকৃতি এবং জ্ঞানের পরিচয় না হইলে, বাসুদেবময় বিশ্ব ব্রহ্মাণ্ড বুঝা যায় না। অর্জ্জুনকেও ভরসা দিয়া ভগবান্ ইঙ্গিত করিয়াছেন যে, অর্জ্জুন! অনেক পুণ্যফলে তুমিও পবিত্র বংশে জন্ম গ্রহণ করত এই পুণ্যতীর্থ কুরুক্ষেত্রে আমার সঙ্গলাভ করিয়াছ! এক্ষণে আমি ও আমার এই অভিমান পরিত্যাগ করিয়া, এই জীবনেই ভগবানের বিশ্বরূপ দর্শনে কৃতার্থ হইবে ॥ ১৯ ॥

এক্ষণে প্রশ্ন হইতে পারে যে, রোগ শোক এবং দারিদ্র্যাদি বিচিত্র দুঃখ

শাঙ্করভাষ্যম্।

কামৈস্তৈস্তৈঃ পুত্রপশুস্বর্গাদিবিষয়ৈ র্হৃতজ্ঞানা অপহৃত-বিবেক-বিজ্ঞানাঃ প্রপদ্যন্তে অন্যদেবতাঃ প্রাপ্নুবন্তি বাসুদেবাদাত্মনোঽন্যা দেবতা স্তং তং নিয়মং দেবতারাধনে প্রসিদ্ধো যো যো নিয়ম স্তং তমাস্থায়াশ্রিত্য প্রকৃত্যা স্বভাবেন জন্মান্তরার্জ্জিত-সংস্কার-বিশেষেণ নিয়তা নিয়মিতাঃ স্বয়া আত্মীয়য়া॥ ২০॥

আনন্দগিরিকৃতটীকা।

মামিত্যনেনোক্তং হৃদি নিধায় জ্ঞানানুদয়ে হেত্বন্তরমাহ আত্মেবেতি। কামৈর্নানাবিধৈরপহৃতবিবেকবিজ্ঞানস্য দেবতান্তরনিষ্ঠত্বমেব প্রত্যগ্‌ভূতপরদেবতাপ্রতিপত্ত্যভাবে কারণমিত্যাহ কামৈরিতি। দেবতান্তরনিষ্ঠত্বে হেতুমাহ তং তমিতি। প্রসিদ্ধো নিয়মো জপোপবাসপ্রদক্ষিণনমস্কারাদিঃ। নিয়মবিশেষাশ্রয়ণে কারণমাহ প্রকৃত্যেতি॥ ২০॥

স্বামিকৃতটীকা।

তদেবং কামিনোঽপি সন্তঃ কামপ্রাপ্তয়ে পরমেশ্বরমেব যে ভজন্তি তে কামান্ প্রাপ্য শনৈ র্মুচ্যন্ত ইত্যুক্তং। যে ত্বত্যন্তং রাজসা স্তামসাশ্চ কামাভিভূতাঃ ক্ষুদ্র-দেবতাঃ সেবন্তে তে সংসরন্তীত্যাহ কামৈরিতি চতুর্ভিঃ। যে তু তৈস্তৈঃ পুত্রকীর্ত্তিশত্রুজয়াদিবিষয়ৈঃ কামৈরপহৃতবিবেকাঃ সন্তোঽন্যাঃ ক্ষুদ্রা ভূতপ্রেত-যক্ষাদিদেবতা ভজন্তি, কিং কৃত্বা তত্তদ্দেবতারাধনে যো যো নিয়ম উপবাসাদি-লক্ষণ স্তং তং নিয়মং স্বীকৃত্য তত্রাপি চ স্বীয়য়া প্রকৃত্যা পূর্ব্বাভ্যাসবাসনয়া নিয়তা বশীকৃতাঃ সন্তো দেবতাবিশেষং ভজন্তি॥ ২০॥

আভাস।

এবং অভাব অভিযোগাদি থাকিতে চিত্তের একাগ্রতা জন্মে না; সুতরাং আত্ম-সাক্ষাৎকারে বা পরমাত্ম-সাক্ষাৎ-কারে প্রবৃত্তি এবং অধিকার জন্মে না। অতএব নিশ্চিন্ত হইয়া ভগবৎ-সন্দর্শন কোন্ উপায়ে প্রাপ্ত হওয়া যায়, তদুত্তরে ভগবান্ চারিটী শ্লোকের দ্বারা তাহার উত্তর প্রদান করিয়াছেন। অর্জ্জুন! রোগ, শোক ভয় এবং অনর্থাদি যে কোন ক্লেশ মানবের অদৃষ্টে ঘটে, সেও তাহাদের সৌভাগ্যের পরিচয় জানিবে! পিতা যেমন প্রিয় পুত্রের চরিত্র সংশোধনার্থে বিবিধ দণ্ডনীতির প্রয়োগ তাহার উপর করিয়া থাকেন, আমি জগৎপিতা জনার্দ্দনও সেইরূপ প্রিয় মানবের প্রতি রোগ, শোক, ভয় এবং অনর্থাদির প্রয়োগে চরিত্রবান্ করত আমার প্রতি একমুখী করিয়া লই। রোগ শোকাদি আপাততঃ দৃষ্টিতে বিশেষ

যো যো যাং যাং তনুং ভক্তঃ শ্রদ্ধয়ার্চ্চিতুমিচ্ছতি।
তস্য তস্যাচলাং শ্রদ্ধাং তামেব বিদধাম্যহং ॥ ২১ ॥

অন্বয়ঃ।

(তেষাং কামিনাং মধ্যে) যঃ যঃ কামী যাং যাং দেবতনুং ভক্তঃ ভক্তিবিশিষ্টঃ সন্ শ্রদ্ধয়া অর্চ্চিতুং ইচ্ছতি, তস্য তস্য কামিনঃ ভক্তস্য তাং তত্তন্মূর্ত্তিবিষয়াং শ্রদ্ধাং অচলাং অহং বিদধামি স্থিরীকরোমি ॥ ২১ ॥

শাঙ্করভাষ্যম্।

তেষাঞ্চ কামিনাং যো য ইতি। যো যঃ কামী যাং যাং দেবতাতনুং শ্রদ্ধয়া

আনন্দগিরিকৃতটীকা।

তত্তদ্দেবতাপ্রসাদাৎ কামিনামপি সর্ব্বেশ্বরে সর্ব্বাত্মকে বাসুদেবে ক্রমেণ

কিন্তু তাদৃশ ভোগপ্রার্থী মানব আগ্রহ সহকারে যিনি যিনি যে যে দেবমূর্ত্তির অর্চ্চনায় প্রবৃত্ত হন, সেই সেই দেব মূর্ত্তিতে তাঁহাদের অচলা ভক্তির ব্যবস্থা আমিই করিয়া থাকি! ॥ ২১ ॥

আভাস।

কষ্টকর হইলেও চিত্তকে সংযত করিবার এমন সহজ ও সরল উপায় আর নাই। সম্পদ্ মানবের চিত্তকে অভিমানে আত্মহারা করাইয়া বরং বিপন্নই করে। রোগ শোকাদি দারিদ্র্যভাব অভিমানকে তিরোহিত করাইয়া, মনুষ্যের চিত্তকে স্ববশেও স্বরূপে আনয়ন করে। সুতরাং প্রচুর সম্পদের পরিবর্ত্তে রোগ শোকাদি প্রদানে উপযুক্ত মানবের প্রতি অনুগ্রহেরই প্রকাশ করা হয়। ২০ ॥

রোগ শোকাদিতে কাতর ব্যক্তিগণের তাদৃশ রোগাদির প্রতিকারার্থ বিভিন্ন দেবতার সৃষ্টি আমি ভাগবানই করিয়াছি। মানব নিজের পুরুষকারকে উপেক্ষা করত, তত্তৎ প্রতিকারার্থ বিনম্র-চিত্তে সেই সেই দেবতার উপাসনা করিয়া থাকে; এবং ভগবান্ই সেই সেই দেবমূর্ত্তির দ্বারা তাহাদের অভাব ও অভিযোগের প্রতিকার করাইয়া, সেই সেই দেবগণের প্রতি তাহাদের প্রগাঢ় ভক্তি করিবার অভ্যাস করাইয়া দেন। সাধারণ দেবতাগণের উপাসনা অতীব সুগম! সামান্য পূজা হোম এবং মন্ত্র-জপাদির দ্বারাই দেবতাগণের উপাসনা হইয়া থাকে; সুতরাং আত্মসাক্ষাৎ-কারের ন্যায়, তাহা তাদৃশ কঠিন ব্যাপার নহে। উচাটন, বশীকরণ, ধনাগমাদি সাংসারিক সুখ বা প্রতিপত্তি-লাভাদি দেবার্চ্চনাতেই হইয়া থাকে। সুতরাং অভিপ্রেত ইষ্টসিদ্ধির জন্য গণপত্যাদি বিভিন্ন

স তয়া শ্রদ্ধয়া যুক্তস্তস্যারাধনমীহতে।

অন্বয়ঃ।

সঃ তয়া শ্রদ্ধয়া যুক্তঃ সন্ তস্যাঃ দেবতায়াঃ আরাধনং ঈহতে করোতি ততঃ চ

শাঙ্করভাষ্যম্।

সংযুক্তো ভক্তশ্চ সন্নর্চ্চিতুং পূজয়িতুমিচ্ছতি তস্য তস্য কামিনোঽচলাং স্থিরাং শ্রদ্ধাং তামেব বিদধামি স্থিরীকরোমি যয়ৈবং পূর্ব্বং প্রবৃত্তঃ স্বভাবতো যো যো যাং যাং দেবতাতনুং শ্রদ্ধয়ার্চ্চিতুমিচ্ছতীতি ॥ ২১ ॥

স তয়েতি। স তয়া মদ্বিহিতয়া শ্রদ্ধয়া যুক্তঃ সন্ তস্যা দেবতায়াঃ তন্বা

আনন্দগিরিকৃতটীকা।

ভক্তির্বৈবিধ্যতীত্যাশঙ্ক্যাহ তেষাঞ্চেতি। স্বভাবতো জন্মান্তরীয়-সংস্কারবশাদিত্যর্থঃ। ভগবদ্বিহিতয়া স্থিরয়া শ্রদ্ধয়া সংস্কারাধীনয়া দেবতাবিশেষমারাধয়তোঽপি ভগবদনুগ্রহাদেব ফলপ্রাপ্তিরিত্যাহ যো যো যামিতি। ঈহতে নির্ব্বর্ত্তয়তীত্যর্থঃ ॥ ২১ ॥

আরাধিতদেবতাপ্রসাদাৎ ফলপ্রাপ্তৌ কিমীশ্বরেণেত্যাশঙ্ক্য তস্য সর্ব্বজ্ঞস্য

স্বামিকৃতটীকা।

তেষাং মধ্যে যো য ইতি। যো যো ভক্তো যাং যাং তনুং দেবতারূপাং মদীয়ামেব মূর্ত্তিং শ্রদ্ধয়া অর্চ্চিতুং ইচ্ছতি প্রবর্ত্ততে তস্য তস্য ভক্তস্য তত্তন্মূর্ত্তিবিষয়াং তামেব শ্রদ্ধামচলাং দৃঢ়ামহমন্তর্যামী বিদধামি করোমি ॥ ২১ ॥

এবং তিনি ভক্তি ও শ্রদ্ধা সহকারে যেমন দেবতাগণের অর্চ্চনা

আভাস।

দেবতার প্রতি যাহাতে ভক্তিযোগের উদ্রেক হয়, তাহার ব্যবস্থা ভগবান্‌ই করিয়া থাকেন; কারণ রাজকর্ম্মচারীর প্রতি সম্ভ্রম বা আদর প্রদর্শন করিলে যেমন মূল রাজারই সম্মান করা হয়, সেইরূপ দেবতাগণের আরাধনা করিলে, অবান্তর ভাবে মূল দেবতা সেই পূর্ণব্রহ্মেরই আরাধনা করা হইয়া থাকে। ২১॥

দেবতাগণের আরাধনা একাগ্রচিত্তে করিলে যে ফল-লাভ হয়, তাহা পূর্ণ-ব্রহ্ম ভগবানেরই প্রদত্ত জানিতে হইবে। লোক জলের সুসার করিবার জন্য বাস-ভবনাদির নিকটবর্ত্তী স্থানে এক একটী গভীর কূপ (কোত্তয়া) খনন করিয়া রাখে; এবং ইচ্ছা ও প্রয়োজন মত জল উঠাইয়া স্বস্ব কার্য্যের সমধা করিয়া থাকে। জল প্রদানের শক্তি কূপের নিজের নাই; এবং যে পরিমাণের জল কূপে দৃষ্টিগোচর

লভতে চ ততঃ কামান্ ময়ৈব বিহিতান্ হি তান্॥ ২২॥

অন্বয়ঃ।

(সর্ব্বদেবময়েন) ময়া এব বিহিতান্ নিয়োজিতান্ তান্ অভিলষিতান্ কামান্ লভতে॥ ২২॥

শাঙ্করভাষ্যম্।

আরাধনমীহতে চেষ্টতে, লভতে চ ততঃ তস্যা আরাধিতায়া দেবতাতন্বাঃ কামানীপ্সিতান্ ময়ৈব পরমেশ্বরেণ সর্ব্বজ্ঞেন কর্ম্মফলবিভাগজ্ঞতয়া বিহিতান্নির্ম্মিতাংস্তান্ হি যস্মাত্তে ভগবতা বিহিতাঃ কামাস্তস্মাত্তানবশ্যং লভন্তে ইত্যর্থঃ, হিতানিতি পদচ্ছেদে হিতত্বং কামানামুপচরিতং কল্প্যং ন হি কামা হিতাঃ কস্যচিৎ॥ ২২॥

আনন্দগিরিকৃতটীকা।

সর্ব্বকর্ম্মফলবিভাগাভিজ্ঞস্য তত্তদ্দেবতাধিষ্ঠাতৃত্বাত্তস্যৈব ফলদাতৃত্বমিত্যাহ সর্ব্বজ্ঞেনেতি। একো বহূনাং যো বিদধাতি কামানিত্যাদিশ্রুতিমাশ্রিত্য হিতানিতি পদদ্বয়ং ব্যাচষ্টে যস্মাদিতি। হিতানিত্যেকং পদমিতি পক্ষং প্রত্যাহ হিতানিতি মুখ্যত্বসম্ভবে কিমিত্যোপচারিকত্ব মিত্যাশঙ্ক্যাহ ন হীতি॥ ২২॥

স্বামিকৃতটীকা।

ততশ্চ স তয়েতি। স ভক্ত স্তয়া দৃঢ়য়া শ্রদ্ধয়া তস্যা স্তনোরারাধন মীহতে করোতি ততশ্চ কামঃ যে সঙ্কল্পিতা স্তাংস্ততো দেবতাবিশেষাল্লভতে, কিন্তু ময়ৈব তত্তদ্দেবতান্তর্যামিণা বিহিতান্ নির্ম্মিতান্ হি স্ফুটমেতৎ তত্তদ্দেবতামামপি মদধীনত্বান্মদ্মূর্ত্তিত্বাচ্চেত্যর্থঃ॥ ২২॥

---

করিতে থাকেন এবং যে কাম্য ফল লাভ করেন, আমিই তাহার ব্যবস্থা করিয়া থাকি॥ ২২॥

আভাস।

হয়, দিবারাত্রি তাহা তুলিলে আর জল পাওয়া যাইত না, যদি কূপ পৃথিবীর গর্ভ হইতে জলের যোগান না পাইত। অতএব ভূগর্ভস্থ জল অন্তঃসলিল স্রোতো-বেগে সর্ব্বত্র সকল খাদকে যোগান দিতেছে; তাই আমরা পুষ্করিণী প্রভৃতিকে জলপূর্ণ অবলোকন করি। সেইরূপ পূর্ণ পরমেশের প্রভাবে হৃষ্ট-পুষ্ট হইয়া দেবগণ স্ব স্ব ভক্তকে প্রয়োজনানুরূপ ঐশ্বর্য্যাদি ফল প্রদানে পরিতৃপ্ত করিতে পারেন। "সর্ব্বদেবময়ো বিষ্ণুঃ"। দেবতাগণ সেই পূর্ণ-পরমেশেরই এক একটী ব্যক্ত ভাবের পরিচয় বিশেষ। ২২॥

অন্তবত্তু ফলং তেষাং তদ্ভবত্যল্পমেধসাম্।

অন্বয়ঃ।

অল্প-মেধসাং অল্পা মেধা বুদ্ধিঃ যেষাং তেষাং) পরিচ্ছিন্ন-দৃষ্টীনাং তেষাং তু ফলং

শাঙ্করভাষ্যম্।

যস্মাদন্তবৎসাধনব্যাপারা অবিবেকিনঃ কামিনশ্চ তে অতঃ অন্তবদিতি।

আনন্দগিরিকৃতটীকা।

প্রেক্ষাপূর্ব্বকারিণি কামানাং হিতত্বাভাবে হেতুমাহ যস্মাদিতি। কিঞ্চ যে কামিনস্তে ন বিবেকিন স্তুতশ্চাবিবেকপূর্ব্বকত্বাৎ কামানাং কুতো হিতত্বাশঙ্কে-

তাদৃশ স্বল্পবুদ্ধি ব্যক্তিগণ দেবারাধনে যে সমস্ত ফল প্রাপ্ত হন, সে ফলের কোন বিশেষ মূল্য নাই; কারণ সে সমস্ত ঐশ্বর্য্য অতি অল্পকাল-স্থায়ী ও পরিণামী। কারণ দেবযাজিগণ সেই সেই দেবলো-

আভাস।

দেবার্চ্চনার দ্বারা আপাততঃ অভাবের পূরণ এবং অভিযোগাদির নিবৃত্তি হয় বটে, কিন্তু নিঃশেষে দুঃখের নিবৃত্তি এবং অভাবের পূর্ত্তি ত ঘটে না এবং পরমা শান্তিরও সমাবেশ হয় না। কারণ দেবতারা কেহ স্বয়ংসিদ্ধ মুক্তপুরুষ নহেন। মানবের ন্যায়, ভগবানের কর্ম্ম-ভার প্রাপ্ত হইয়া, তাঁহারাও সংসার-চক্রে ভ্রমণ করিতেছেন। শ্রুতি বলিয়াছেন, "ভয়াদস্যাগ্নি স্তপতি ভয়াত্তপতি সূর্য্যঃ। ভয়াদিন্দ্রশ্চ বায়ুশ্চ মৃত্যুর্ধাবতি পঞ্চমঃ॥ সেই পরমেশের প্রতাপে অগ্নি, সূর্য্য, বায়ু ও ইন্দ্রাদি-দেবতাগণ স্ব স্ব অর্পিত কর্ম্মভার স্কন্ধে লইয়া সংসারের কর্ম্মচক্রকে সুনিষ্পন্ন করিতেছেন। এমন কি! স্বয়ং যমরাজও ভারপ্রাপ্ত হইয়া অতিক্রূর কর্ম্মকেও সুনিষ্পন্ন করিবার জন্য ক্ষণমাত্র কালকেও উপেক্ষা করিতে পারেন না; স্ব স্ব কর্ম্মের ভারে তাঁহারা এতই বিব্রত যে, আত্মচিন্তারও সাবকাশ পান না। সূত্রকার মহর্ষি পতঞ্জলির যোগসূত্রে বর্ণিত আছে যে, স্থান্যুপনিমন্ত্রণে সঙ্গস্ময়াকরণং পুনরনিষ্ট-প্রসঙ্গাৎ। দুর্লভ মনুষ্য-জীবন প্রাপ্ত হইয়া হে মানবগণ! আত্মচিন্তায় এবং পরমাত্মস্বরূপ চিন্তনে তোমরা অধিকারী হইয়াছ! যোগের অনুষ্ঠানে অতি উচ্চ চতুর্থ স্তরে আরোহণ করিলে, তোমাদের প্রতি দেবতাগণের দৃষ্টি পতিত হয়। তখন তাঁহারা তোমাদিগকে উপযুক্ত অধিকারী জ্ঞান করত, স্ব স্ব কর্ম্মভার তোমাদের উপর সমর্পণ করিবার জন্য সাদরে আহ্বান করেন এবং নিজে ঈশ্বর চিন্তার জন্য চেষ্টা করেন। কিন্তু দেখিও! যেন তাঁহাদের

দেবান্ দেবযজো যান্তি মদ্ভক্তা যান্তি মামপি ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

অন্তবৎ বিনাশি ভবতি। যতঃ দেবযজঃ দেবোপাসকাঃ দেবান্ অন্তবতঃ, এব যান্তি; মদ্ভক্তাঃ তু অনন্তং অপি মাং যান্তি প্রাপ্নুবন্তি ॥ ২৩ ॥

শাঙ্করভাষ্যম্।

অন্তবদ্বিনাশি তু ফলং তেষাং তদ্ভবত্যল্পমেধসামল্পপ্রজ্ঞানাং, দেবান্ দেবযজো যান্তি দেবান্ যজন্তি ইতি দেবযজঃ তে দেবান্ যান্তি, মদ্ভক্তা যান্তি মামপি, এবং

আনন্দগিরিকৃতটীকা।

তত্রাহ অবিবেকিন ইতি। কামানামনন্তফলত্বেন, হিতত্বমাশঙ্ক্যাহ অত ইতি। তেষামবিবেকপূর্ব্বকত্বমতঃশব্দার্থঃ, তুশব্দোঽবধারণার্থঃ। কামফলস্য বিনাশিত্বে কিমিতি কামনিগ্রহং জন্তুর্নাস্মিত্যাশঙ্ক্য প্রজ্ঞামান্দ্যাদিত্যাহ অল্পেতি। কিং তর্হি সাধনমনন্তফলায়েত্যাশঙ্ক্য ভগবদ্ভক্তিরিত্যাহ মদ্ভক্তা ইতি। অক্ষরার্থমুক্ত্বা-শ্লোকস্য তাৎপর্য্যার্থমাহ এবমিতি। দেবতাপ্রাপ্তৌ ভগবৎপ্রাপ্তৌ চেতি শেষঃ।

স্বামিকৃতটীকা।

তদেবং যদ্যপি সর্ব্বা অপি দেবতা মমৈব তনবোঽতস্তদারাধনমপি বস্তুতো মদারাধনমেব তত্তৎফলদাতাপি চাহমেব তথাপি সাক্ষান্মদ্ভক্তানাঞ্চ তেষাঞ্চ ফলবৈষম্যং ভবতীত্যাহ অন্তবদিতি। অল্পমেধসাং পরিচ্ছিন্নদৃষ্টীনাং ময়া দত্তমপি তৎফলমন্তবৎ বিনাশি ভবতি, তদেবাহ, দেবান্ যজন্তীতি দেবযজস্তে দেবানন্ত-বতো যান্তি মদ্ভক্তাস্তু মামনাদ্যনন্তং পরমানন্দং প্রাপ্নুবন্তি ॥ ২৩ ॥

---

কেই গমন করত তদনুরূপ ফল ভোগেরঅন্তে পুনঃ জন্ম লাভ করিয়া থাকেন; কিন্তু আমার ভক্ত মদীয় নিত্য নিকেতনে গমন করত মদীয় নিত্য স্বরূপই প্রাপ্ত হইয়া থাকেন। ২৩॥

আভাস।

পদবী লাভের প্রলোভনে নিজের ইষ্টচিন্তায় পরাঙ্মুখ হইও না! কারণ সে পদবী হইতেও স্খলিত হইয়া পুনঃ মর্ত্ত্যভূমে আগমন করিতে হইবে। যেমন যমকেও মাণ্ডব্য-মুনির অভিসম্পাতে বিদুর-মূর্ত্তিতে মনুষ্য জন্ম পরিগ্রহ করিতে হইয়াছিল। অতএব দেবার্চনাদির দ্বারা ইহলোকে অতুল ঐশ্বর্য্য এবং সেই সেই দেবলোকে গমন করিতে পারে সত্য! কিন্তু তাহারও ত পুনঃ পতনের সম্ভাবনা আছে।

অব্যক্তং ব্যক্তিমাপন্নং মন্যন্তে মামবুদ্ধয়ঃ।

অন্বয়ঃ

মম অব্যয়ং নিত্যসিদ্ধং, অনুত্তমং উৎকৃষ্টং ভাবং স্বরূপং অজানন্তঃ মূঢ়াঃ

শাঙ্করভাষ্যম্।

সমানেঽপ্যায়াসে মামেব ন প্রতিপদ্যন্তে অনন্তফলায়াহো খলু কষ্টং বর্ত্তত ইত্যনুক্রোশং দর্শয়তি ভগবান্॥ ২৩॥

কিং নিমিত্তং ত্বামেব ন প্রপদ্যন্তে ইত্যুচ্যতে অব্যক্তমিতি। অব্যক্তমপ্রকাশং

আনন্দগিরিকৃতটীকা।

মামেবেত্যাদৌ দেবতাবিশেষং প্রতিপদ্যন্তে অন্তবৎফলায়েতি বক্তব্যং। উক্ত-বৈপরীত্যে কারণমবিবেকাতিরিক্তং নাস্তি ইত্যাভিপ্রেত্যাহ অহো খল্বিতি॥ ২৩॥

ভগবদ্ভজনস্যোত্তমফলত্বেঽপি প্রাণিনাং প্রায়েণ তন্নিষ্ঠত্বাভাবে প্রশ্নপূর্ব্বকং

পরমাত্মতত্ত্বে যাহাদের প্রণিধানের যোগ্যতা নাই, তাদৃশ সাধারণ মানব আমার সর্ব্বোৎকৃষ্ট নিত্যসিদ্ধ পরমানন্দ স্বরূপ ক্ষয়

আভাস।

শ্রুতি বলিয়াছেন; যথা ইহ কর্ম্মচিতো লোকঃ ক্ষীয়তো তথা অমুত্র পুণ্যচিতো লোকঃ ক্ষীয়তে। এই জগতে কৃতকর্ম্মের ফল যেমন তাহার উদয়ের সঙ্গে-সঙ্গেই অস্তমিত হইয়া যায়, পুণ্যের দ্বারা সঞ্চিত স্বর্গাদি ফলও কালক্রমে ক্ষীণ হইয়া থাকে। সুতরাং সুখময় স্বর্গভোগের পর পুনঃ মর্ত্ত্যধামে আগমন করা কত দুঃখময় হইবে, তাহা ধারণা করিয়া লও! কিন্তু আত্মচিন্তার দ্বার পরমেশ-স্বরূপের সাক্ষাৎকার হইলে, আর প্রত্যাবর্ত্তনের সম্ভাবনা থাকে না। ২৩॥

শ্রীমদ্ভগবদ্গীতা বেদের সার এবং আর্য্য-জীবনের অমূল্য রত্ন। ঘোর কলিযুগে মানবগণকে ক্ষীণসত্ত্ব অল্পায়ুঃ এবং মন্দবুদ্ধি জানিয়া স্বয়ং পরমাত্মা শ্রীকৃষ্ণ-মূর্ত্তিতে আবির্ভূত হইয়াছেন এবং বেদের সার মীমাংসা উপনিষদ্ সমূহকে মন্থন করিয়া দধির মন্থনে নবনীর ন্যায়, এই গীতারহস্য মানব-সমাজে সমর্পণ করিয়াছেন। গীতার উপদেশ বাণীতে প্রায় প্রতিপদে নিজের ব্রহ্মস্বরূপত্বের পরিচয় অর্জ্জুনকে উপলক্ষ করিয়া প্রকাশ করিয়াছেন। সুতরাং ভগবদ্বাক্যে অর্জ্জুন পরিতৃপ্ত হইয়া পাছে রণভূমেই জিজ্ঞাসা করেন যে, ধ্যান ধারাণা ও সমাধি প্রভৃতি বহুকালোচিত পরিশ্রমের ফলে যাঁহাকে হৃদয়ে ধারণা করত মুক্তিলাভ

পরং ভাবমজানন্তো মমাব্যয়মনুত্তমম্ ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

অবুদ্ধয়ঃ জনাঃ মাং অব্যক্তং অপ্রকাশিতং অপি ব্যক্তং আপন্নং প্রকাশ-প্রাপ্তং ইতি মন্যন্তে ॥ ২৪ ॥

শাঙ্করভাষ্যম্।

ব্যক্তিমাপন্নং প্রকাশং গতং ইদানীং মন্যন্তে মাং নিত্যপ্রসিদ্ধমীশ্বরমপি সন্তমবুদ্ধয়ো-

আনন্দগিরিকৃতটীকা।

নিমিত্তং নিবেদয়তি কিং নিমিত্তমিত্যাদিনা। অপ্রকাশং শরীরগ্রহণাৎ পূর্ব্ব-মিতি শেষঃ, ইদানীং লীলাবিগ্রহ-পরিগ্রহাবস্থায়ামিত্যর্থঃ। প্রকাশস্তু তর্হি

স্বামিকৃতটীকা।

নন্বু চ সমানে প্রয়াসে মহতি চ ফলবিশেষে সতি সর্ব্বেঽপি কিমিতি দেবতান্তরং হিত্বা ত্বামেব ন ভজন্তি তত্রাহ অব্যক্তমিতি। অব্যক্তং প্রপঞ্চাতীতং মাং ব্যক্তিং মনুষ্যমৎস্যকূর্ম্মাদিভাবং প্রাপ্তমল্পবুদ্ধয়ো মন্যন্তে, তত্র হেতুঃ মম পরং ভাবং স্বরূপম-জানন্তঃ, কথংভূতং অব্যয়ং নিত্যং, ন বিদ্যতে উত্তমো ভাবো যস্মাৎ তং মদ্ভাবং, অতো জগদ্রক্ষণার্থং লীলয়াবিষ্কৃত-নানাবিশুদ্ধোর্জ্জিতসত্ত্বমূর্ত্তিং মাং পরমেশ্বরং কর্ম্ম-নির্ম্মিতভৌতিকদেহং দেবতান্তর-সমং পশ্যন্তো মন্দমতয়ো মাং নাতীবাদ্রিয়ন্তে প্রত্যুত ক্ষিপ্রফলদং দেবতান্তরমেব ভজন্তে, তে চোক্তপ্রকারেণান্তবৎ ফলং প্রাপ্নুবন্তী-ত্যর্থঃ ॥ ২৪ ॥

ব্যয়াদিশূন্য পরম ব্রহ্মভাবের অবধারণে অক্ষম হইয়া আমাকে সাধারণ জীবের ন্যায় জন্ম পরিগ্রহে অবতীর্ণ মনে করিয়া থাকে। ২৪

আভাস।

করিতে হইবে, সেই জগৎ-জীবন তোমাকে প্রত্যক্ষে পাইয়াও কেন এই দুর্ব্বিষহ পাপপ্রদ হিংসামূলক যুদ্ধের আয়োজন আমি অবলোকন করিতেছি! কেন এই কুরুকুল এবং পাণ্ডবকুল তোমাকে প্রত্যক্ষে নয়নগোচর করিয়াও মুক্তিসোপানে আরোহণ করিতেছে না। অন্তর্যামী শ্রীহরি অর্জ্জুনের অন্তর বুঝিয়া প্রবোধ প্রদানে বলিলেন, অর্জ্জুন! আমি যে কেবল এই কৃষ্ণ-মূর্ত্তিতে আবির্ভূত হইয়া আত্ম-পরিচয় দিতেছি, তাহা নহে; বিচিত্র বেশে বিবিধ ভাবে এবং অনন্ত পৃথক্ পৃথক্ মূর্ত্তির সমষ্টি এই বিরাট্ ব্রহ্মাণ্ড-

শাঙ্করভাষ্যম্।

হ্যবিবেকিনঃ পরং ভাবং পরমাত্মস্বরূপমজানন্তোঽবিবেকিনো মমাব্যয়ং ব্যয়রহিত-মনুত্তমং নিরতিশয়ং মদীয়ং ভাবমজানন্তো মন্যন্ত ইত্যর্থঃ ॥ ২৪ ॥

আনন্দগিরিকৃতটীকা।

কাদাচিৎকত্বং ভগবতি প্রাপ্তং নেত্যাহ নিত্যেতি। কথং তর্হি ভগবন্তমাগন্তুক-প্রকাশং মন্যন্তে তত্রাবুদ্ধয় ইত্যুত্তরং তদ্বিবৃণোতি পরমিতি। পরমনুত্তমমিতি বিশেষণ-দ্বয়ং সোপাধিক-নিরুপাধিকভাবার্থং ॥ ২৪ ॥

আভাস।

রূপে আমি একাই বিরাজমান রহিয়াছি। তবে জীব যাহা কিছু নয়নগোচর করিতেছে, এ সমস্ত আমার শক্তিরই পরিচয় মাত্র। আমার ইচ্ছাশক্তির বিকাশে আমিই এই অনন্ত হইয়া রহিয়াছি; এই ইচ্ছা ও শক্তি আমারই অন্তরে অব্যক্তভাবে চির বিদ্যমান। সুতরাং বিশ্বের বিকাশে আমারই বিকাশ হওয়া হইয়াছে। কিন্তু অর্জ্জুন! তুমি জানিও। যে, আমি এই বিশ্বরূপে পরিদৃষ্ট হইতেছি, সে আমি এ আমি নহি। বাণিজ্যাদির উপলক্ষে বহুকাল বিদেশগত-স্বামী দেশে প্রত্যাবর্ত্তন পূর্ব্বক ষ্টেসনে উপস্থিত হইয়াই প্রথমত দ্রব্য সামগ্রী স্বীয় ভবনে পাঠাইয়া দিলেন; এবং পরিবারস্থ প্রত্যেক ব্যক্তির নাম করিয়া, বসন-ভূষণ ও অভিলষিত দ্রব্যসামগ্রী বিভাগ করিয়াই পাঠাইয়া দিলেন। দ্রব্য সামগ্রী পাইয়া পরিবারস্থ সকলেই পরস্পরে বিশেষ সন্তোষের পরিচয় দিতে লাগিলেন; কিন্তু সহধর্ম্মিণীর তাহাতে কোন সন্তোষ বা তৃপ্তির অনুভব হইল না; তাহার নয়নদ্বয়ে অজস্র বারিধারা নিপতিত হইতে লাগিল। এতদ্দর্শনে পত্নীর সহচরী তাঁহাকে সম্বোধন করিয়া বলিলেন, সখিরে! তোমার নাম করিয়া এত বিচিত্র বসন-ভূষণ ও আভরণাদি তোমার স্বামী তোমাকে পাঠাইয়াছেন, আদর করিয়া ওগুলি ঘরে তুল! স্ত্রী বলিলেন, আর ওকথা বলিও না! আমার জীবন-সর্ব্বস্ব প্রাণকান্তকে তুমি আনিয়া দাও! তাঁহার বাহুযুগলে আলিঙ্গিত হইয়া এবং নিজে আলিঙ্গন করিয়া চির-নির্ব্বৃতি যাহা আমি অনুভব করিব, সে শান্তি এ দ্রব্য সামগ্রী আমাকে দিতে পারে না! বল সখি! সেই হৃদয়-নাথ এই দ্রব্য সামগ্রী পাঠাইয়া আমাকে দর্শন দানে বঞ্চিত করিবেন না ত? এই দ্রব্য-সামগ্রীই তাঁহার নিকটে আসিবার পরিচয় বটে, কিন্তু যতক্ষণ তাঁহাকে না পাইতেছি, তদবধি ইহারা তাঁহার বিরহানলকে দ্বিগুণিত করিতেছে। পরে ভুলে ভুলুক! ইহারা আমাকে

নাহং প্রকাশঃ সর্ব্বস্য যোগমায়াসমাবৃতঃ।
মূঢ়োঽয়ং নাভিজানাতি লোকো মামজমব্যয়ম্ ॥২৫॥

অন্বয়ঃ।

যোগমায়াসমাবৃতঃ (যোগমায়া সংকল্পবিধায়িনী অঘটন-ঘটনা-পটীয়সী যা মায়া ইচ্ছাশক্তিরূপা তয়া সমাবৃতঃ অহং সর্ব্বস্য দৃষ্টিবিষয়ে ন প্রকাশঃ ভবামি। অয়ং মূঢ়ঃ লোকঃ অতঃ অজং জন্মাদিরহিতং অব্যয়ং ক্ষয়াদিশূন্যং মাং ন জানাতি ॥ ২৫ ॥

শাঙ্করভাষ্যম্।

তদজ্ঞানং কিং নিমিত্তং ইত্যুচ্যতে নাহমিতি। নাহং প্রকাশঃ সর্ব্বস্য লোকস্য কেষাঞ্চিদেব মদ্ভক্তানাং প্রকাশোঽহমিত্যভিপ্রায়ঃ, যোগমায়াসমাবৃতঃ যোগো

আনন্দগিরিকৃতটীকা।

অবিবেকরূপমজ্ঞানং ভগবন্নিষ্ঠাপ্রতিবন্ধকমুক্তং তস্মিন্নপি নিমিত্তং প্রশ্নপূর্ব্বক-মনাদ্যজ্ঞানমুপন্যস্যতি তদজ্ঞানমিত্যাদিনা। ত্রিভির্গুণময়ৈরিত্যনৌপাধিকরূপস্য অপ্রতিপত্তৌ কারণমুক্তমত্র তু সোপাধিকস্যাপীতি বিশেষং গৃহীত্বা ব্যাচষ্টে নাহ-

---

তত্ত্বানুসন্ধী জ্ঞানী ব্যতীত সাধারণ ভোগী ব্যক্তি আমার স্বরূপের অবধারণে সক্ষম হয় না। সর্ব্বশক্তিময়ী মদীয়া যোগমায়ার বিকাশে

আভাস।

সেই মূর্ত্তিরই স্মরণ করাইয়া দিতেছে। সহচরি! তুমি এ দ্রব্য-সামগ্রী সরাইয়া ফেল; পথ পরিষ্কার রাখ! নতুবা আমার জীবন-সর্ব্বস্বের আমার সমীপে আসিবার প্রতিবন্ধক হইবে। অহো অর্জ্জুন! যাহারা ঐশ্বর্য্য পাইয়া ভুলে বা তুষ্ট হয়, তাহারা আমাকে এই বাসুদেব-মূর্ত্তিতে উপস্থিত সেই পরমেশের ঐশ্বর্য্য-জাতীয় বিকশিত ভাব বলিয়াই অবধারণ করিয়া থাকে। কিন্তু আমি তাহা নহি। তুমি নর! এবং আমি নারায়ণ! সর্ব্বস্ব-ত্যাগে আত্মসমর্পণ করিবার উপযুক্ত পাত্রই তুমি! এবং মায়াশক্তির, উপসংহারে সচ্চিদানন্দ-বিগ্রহ-বেশে তোমাকে আশ্রয় দিবার পাত্রই আমি! ভোগী মানবের নিকট ঐশ্বর্য্য-মূর্ত্তিতে আমি উপস্থিত হইলেও, জ্ঞানীর সমীপে পূর্ণ জ্ঞান-মূর্ত্তিতেই উপস্থিত হইয়া থাকি! সাধারণ লোক আমাকে দেহে-ন্দ্রিয়াদিময় দেখিলেও, জ্ঞানীর নিকট আমি জ্ঞানময় ভাবে বিদ্যমান রহিয়াছি। ভোগী আমার জ্ঞানময় ভাব অবধারণ করিতে পারে না ॥ ২৪ ॥

অহো! কিরণ-জাল-মণ্ডিত প্রচণ্ড মার্ত্তণ্ড যেমন স্বরূপত সাধারণ মানবের

বেদাহং সমতীতানি বর্ত্তমানানি চার্জ্জুন।

অন্বয়ঃ।

হে অর্জ্জুন! সমতীতানি সমতিক্রান্তানি, বর্ত্তমানাণি চ ভবিষ্যাণিচ ভূতানি

শাঙ্করভাষ্যম্।

গুণানাং যুক্তির্ঘটনং সৈব মায়া যোগমায়া তয়া যোগমায়য়া সমাবৃতঃ সংচ্ছন্ন ইত্যর্থঃ। অতএব মূঢো লোকোঽয়ং নাভিজানাতি মামজমব্যয়ং॥ ২৫॥

যয়া যোগমায়য়া সমাবৃতং মাং লোকো নাভিজানাতি নাসৌ যোগমায়া মদীয়া

আনন্দগিরিকৃতটীকা।

মিতি। তর্হি ভগবদ্ভক্তিরনুপযুক্তেভ্যাশঙ্ক্যাহ কেষাঞ্চিদিতি। সর্ব্বস্থ লোকস্থ ন প্রকাশোঽহমিত্যত্র হেতুমাহ যোগেতি। অনাত্মনির্ব্বাচ্যাজ্ঞানাচ্ছন্নত্বাদেব মদ্বিষয়ে লোকস্থ মৌঢ্যং ততশ্চ মদীয়স্বরূপবিবেকাভাবাৎসন্নিষ্ঠত্বরাহিত্যমিত্যাহ অত এবেতি॥ ২৫॥

মায়য়া ভগবানাবৃতশ্চেত্তস্যাপি লোকস্যেব জ্ঞানপ্রতিবন্ধঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ

স্বামিকৃতটীকা।

তেষাং স্বাজ্ঞানে হেতুমাহ নাহমিতি। সর্ব্বস্থ লোকস্থ নাহং প্রকাশঃ প্রকটো ন ভবামি কিন্তু মদ্ভক্তানামেব যতো যোগমায়য়া সমাবৃতঃ যোগো যুক্তির্মদীয়ঃ কোঽপ্যচিন্ত্যঃ প্রজ্ঞাবিলাসঃ স এব মায়া অঘটমান-ঘটনা-পটীয়স্বাৎ তয়া সংচ্ছন্নঃ, অতএব মৎস্বরূপজ্ঞানে মূঢ়ঃ সন্নয়ং লোকোঽজমব্যয়ঞ্চ মাং ন জানাতীতি॥ ২৫॥

---

আমি যে তদন্তরে প্রচ্ছন্নের ন্যায় অবস্থান করি, তাহা এই ভোগান্ধ জন-সাধারণ বুঝে না; সুতরাং আমাকে অজ অর্থাৎ জন্ম-রহিত এবং অব্যয়-জ্ঞানে প্রণিধান করিতে সক্ষম হয় না॥ ২৫॥

অতীত বর্ত্তমান এবং ভবিষ্যৎগর্ভে নিহিত ভাব এব পদার্থ-নিচয়

আভাস।

অক্ষিগোচর হয় না, কিরণ-জাল অবলোকনেই মানব-লোচন বিমুগ্ধ হইয়া পড়ে, সেইরূপ অঘটন-ঘটনা-পটীয়সী আমার যোগমায়ার অপূর্ব্ব কার্য্য-দর্শনে মোহিত-চিত্ত মানব জন্মাদি ষড়্ভাব বিকার-বর্জ্জিত আমার পরম অব্যয় ভাব অবধারণে সক্ষম হয় না॥ ২৫॥

পরমাত্মা ভগবান্ সর্ব্বজ্ঞ ও সর্ব্বশক্তিমান্! তাঁহার শক্তির অব্যক্ত মূর্ত্তিই

ভবিষ্যাণি চ ভূতানি মাং তু বেদ ন কশ্চন ॥ ২৬॥

অন্বয়ঃ।

অহং বেদ জানামি, কশ্চন তু কোঽপি ন মাং বেদ জানাতি ॥ ২৬ ॥

শাঙ্করভাষ্যম্।

সতী মমেশ্বরস্য মায়াবিনো জ্ঞানং প্রতিবধ্নাতি যথান্যস্যাপি মায়াবিনো মায়াজ্ঞানং অদ্বং যত এবমতঃ বেদাহমিতি। অহন্তু বেদ জানে সমতীতানি সমতিক্রান্তানি ভূতানি তথা বর্ত্তমানানি চার্জ্জুন ভবিষ্যাণি চ ভূতানি বেদাহং মান্তু বেদ ন কশ্চন মদ্ভক্তং মচ্ছরণমেকং মুক্ত্বা মত্তত্ত্ববেদনাভাবাদেব ন মাং ভজতে ॥ ২৬ ॥

আনন্দগিরিকৃতটীকা।

যয়েতি। ন হীশ্বরং মায়া মায়াবিনো বিজ্ঞানং প্রতিবধ্নাতি মায়াবিত্বাৎ লৌকিকমায়াবৎ অথবা নেশ্বরো মায়াপ্রতিবদ্ধজ্ঞানো মায়াবিত্বাৎ লৌকিকমায়াবিবদিত্যর্থঃ, ভগবতো মায়াপ্রতিবদ্ধজ্ঞানত্বাভাবেন সর্ব্বজ্ঞত্বমপ্রতিবদ্ধং সিদ্ধমিত্যাহ যত ইতি। লোকস্য মায়াপ্রতিবদ্ধবিজ্ঞানত্বাদেব ভগবদভিমুখ্যশূন্যত্বমিত্যাহ মাং ত্বিতি। কালত্রয়পরিচ্ছিন্নসমস্তবস্তুপরিজ্ঞানে প্রতিবন্ধো নেশ্বরস্যাস্তীতি দ্যোতনার্থ তুশব্দঃ, মাং ত্বিতি লোকস্য ভগবত্তত্ত্বজ্ঞানে প্রতিবন্ধং দ্যোতয়তি। তর্হি ত্বদ্ভক্তির্বিফলে-ত্যাশঙ্ক্যাহ মদ্ভক্তমিতি। তর্হি সর্ব্বোঽপি ত্বদ্ভক্তিদ্বারা ত্বাং জ্ঞাস্যতি নেত্যাহ মত্তত্ত্বেতি। বিবেকবতো মদ্ভজনং ন তু বিবেকশূন্যসব্বস্যাপীত্যর্থঃ ॥ ২৬ ॥

স্বামিকৃতটীকা।

সর্ব্বোত্তমং মৎস্বরূপমজানন্ত ইত্যুক্তং তদেব স্বস্য সর্ব্বোত্তমত্বমনাবৃতজ্ঞানশক্তিত্বেন দর্শয়নন্যেষামজ্ঞানমেবাহ বেদাহমিতি। সমতীতানি বিনষ্টানি বর্ত্তমানানি চ ভাবীনি চ ত্রিকালবর্ত্তীনি ভূতানি স্থাবর-জঙ্গমানি সর্ব্বাণ্যহং বেদ জানামি মায়াশ্রয়ত্বান্মম তস্যাঃ স্বাশ্রয়-ব্যামোহকত্বাভাবাৎ, মান্তু কোঽপি ন বেত্তি মন্মায়া-মোহিতত্বাৎ, প্রসিদ্ধং হি লোকে মায়ায়াঃ স্বাশ্রয়াধীনত্বমন্যমোহকত্বঞ্চেতি ॥ ২৬ ॥

---

প্রত্যক্ষের ন্যায় আমার জ্ঞানে উদ্ভাসিত রহিয়াছে ; বর্ত্তমানের ন্যায়, সে সমস্ত আমি জানি। কিন্তু হে অর্জ্জুন ! আমার এই পরমাত্ম-ভাবকে কেহই অবধারণে সক্ষম হইতেছে না ॥ ২৬ ॥

আভাস।

অতীত এবং ভবিষ্যৎ ; এবং ব্যক্তভাবই বর্ত্তমান অবস্থা। অতএব তাঁহার শক্তিই যখন জগৎ রূপে ব্যক্ত হয় এবং আবার অব্যক্ত-মূর্ত্তিতে সেই জ্ঞান-ময়ের জ্ঞানগর্ভে লীন হয় ; তখন ভূত-ভবিষ্যৎ এবং বর্ত্তমান ভাব ভগবান্ সমস্তই

ইচ্ছাদ্বেষ-সমুত্থেন দ্বন্দ্বমোহেন ভারত।

অন্বয়ঃ।

হে পরন্তপ শত্রুনিসূদন, ভারত ভরত-বংশাবতংস অর্জ্জুন! সর্গে স্থূল-দেহোৎপত্তৌ সত্যাং ইচ্ছাদ্বেষ-সমুত্থেন ( অনুকূলে ইচ্ছা, প্রতিকূলে দ্বেষঃ তাভ্যাং সমুত্থঃ-

শাঙ্করভাষ্যম্।

কেন পুনস্তত্ত্ববেদনপ্রতিবন্ধেন প্রতিবদ্ধানি সন্তি জায়মানানি সর্ব্বভূতানি ত্বাং ন বিদন্তি ইত্যপেক্ষায়ামিদমাহ ইচ্ছেতি। ইচ্ছাদ্বেষসমুত্থেন ইচ্ছা চ দ্বেষশ্চ ইচ্ছা-

আনন্দগিরিকৃতটীকা।

ভগবত্তত্ত্ববিজ্ঞানপ্রতিবন্ধকং মূলাজ্ঞানাতিরিক্তং প্রশ্নদ্বারেণোদাহরতি কেনেত্যাদিনা। পুনঃশব্দাৎ প্রতিবন্ধকান্তরবিবক্ষা গম্যতে, অপরোক্ষমবান্তরপ্রতিবন্ধক-

স্বামিকৃতটীকা।

তদেবং মায়া-বিষয়ত্বেন জীবানাং পরমেশ্বরজ্ঞানমুক্তং তস্যৈবাজ্ঞানস্য দৃঢ়ত্বে কারণমাহ ইচ্ছেতি। সৃজ্যত ইতি সর্গঃ সর্গে স্থূলদেহোৎপত্তৌ সত্যাং তদনুকূলে ইচ্ছা তৎপ্রতিকূলে চ দ্বেষ স্তাভ্যাং সমুত্থঃ সমুদ্ভূতো যঃ শীতোষ্ণসুখদুঃখাদিদ্বন্দ্ব-

---

অনুকূল বিষয়ের প্রাপ্তিতে সুখের লালসা এবং প্রতিকূল বিষয়ের সম্বন্ধজনিত দুঃখের প্রতি বিদ্বেষ ভাব ভোগী মাত্রেরই হৃদয়ে নিরন্তর জাগরূক থাকে। হে ভরত-বংশাবতংস অর্জ্জুন! এই সুখ-দুঃখ-রূপ বিরুদ্ধ ভাবের সমাবেশে নিরন্তর মোহিতচিত্ত

আভাস।

জানেন। কিন্তু তাঁহাকে কেহ পরিজ্ঞাত হইতে পারে না। এস্থলে ভগবানের ঐশ্বর্য্য-পূর্ণ মূর্ত্তি সম্যক্ অবধারণে জ্ঞানীও সক্ষম হন না, ইহাই বলিবার তাৎপর্য্য ॥ ২৬ ॥

আত্মবিস্মৃতিই যে পরানুরক্তির কারণ এবং তাহাই প্রকৃত মোহ, তাহা পূর্ব্বে যথেষ্ট প্রতিপাদিত হইয়াছে। দাহ্য বস্তুর অসংপ্রাপ্তিতে দাহক অগ্নি যেমন আপনাতেই আপনি বিলীনের ন্যায় হইয়া পড়ে, সেইরূপ মহাপ্রলয়ে জীব এবং জগৎ অব্যক্ত মূর্ত্তিতে সেই পরম-জ্ঞানের গর্ভে তাঁহার অবসন্ন শক্তি-মূর্ত্তিতেই অবস্থান করিয়া থাকে। জাগতিক শক্তি যেমন দর্শকের যাচকের অভাবে আত্ম-প্রকাশ করিতে পারে না, জীবও দৃশ্য জাগতিক ভাবের অভাবে আপনাকে দর্শক বলিয়া অবধারণ করিতেও পারে না। পরমেশ যখন

সর্ব্বভূতানি সম্মোহং সর্গে যান্তি পরন্তপ ॥২৭॥

অন্বয়ঃ।

সম্ভূতঃ তেন) দ্বন্দ্ব-মোহেন (দ্বন্দ্বঃ শীতোষ্ণাদিঃ তেন যঃ মোহঃ তেন) সর্ব্বভূতানি সম্মোহং অভিনিবেশং প্রপ্নুবন্তি, মাং ন ভজন্তি ॥ ২৭ ॥

শাঙ্করভাষ্যম্।

দ্বেষৌ তাভ্যাং সমুত্তিষ্ঠতীতি ইচ্ছাদ্বেষসমুত্থস্তেন ইচ্ছাদ্বেষসমুত্থেন কেনেতি বিশেষা-পেক্ষায়ামিদমাহ দ্বন্দ্বমোহেনেতি দ্বন্দ্বনিমিত্তো মোহো দ্বন্দ্বমোহস্তাবেব ইচ্ছাদ্বেষৌ

আনন্দগিরিকৃতটীকা।

মিদমা গৃহ্যতে, বিশেষমাকাঙ্ক্ষাপূর্ব্বকং নিক্ষিপতি কেনেতি। বিশেষাপেক্ষায়ামিতি দ্বন্দ্বশব্দেন গৃহীতয়োরপি ইচ্ছাদ্বেষয়োর্গ্রহণং। দ্বন্দ্ব-শব্দার্থোপলক্ষণার্থমিত্যভি-

স্বামিকৃতটীকা।

নিমিত্তো মোহো বিবেকভ্রংশস্তেন সর্ব্বাণি ভূতানি সম্মোহং যান্তি অহমেব সুখী দুঃখী চেতি গাঢ়তরমভিনিবেশং প্রাপ্নুবন্তি অতস্তানি মজ্জ্ঞানাভাবান্মাং ন ভজন্তীতি ভাবঃ॥ ২৭ ॥

---

জীব-সমূহ তৎপ্রতিকারার্থ নিরন্তর চেষ্টা করায়, হে পরন্তপ শত্রু-নিসূদন অর্জ্জুন! ভোগ-প্রকৃতি মানবগণ সংসারের অভিমুখে অগ্রসর হইয়া জন্ম-জন্মান্তরই ভোগ করিতেছে! মুক্তি বা নিষ্কৃ-তির জন্য চিন্তা করিবারও সাবকাশ তাহারা পায় না॥ ২৭ ॥

আভাস।

সৃষ্টি করিবার উপলক্ষে উভয় দৃশ্য এবং দর্শককে অব্যক্ত ভাব হইতে ব্যক্ত-ভাবে আনয়ন করেন, তখন উভয়ে উভয়ের সংযোগে স্ব স্ব ভাবের পরিচয় প্রাপ্ত হইয়া থাকে; এবং জীব জগৎ দেখিয়া দর্শকবেশে আত্ম-পরিচয় লাভে নিবৃত্ত হয় এবং দৃশ্য জগৎও নিজগুণের পরিচয় দর্শক পুরুষকে দেখাইয়া শান্ত হইয়া যায়। নর্ত্তকী যেমন নিজের নৃত্য গীতাদি দর্শকবৃন্দকে দেখাইয়া ও শুনাইয়া প্রতিনিবৃত্ত হয়, প্রকৃতিও স্বীয় গুণের পরিচয় পুরুষকে প্রদর্শন করাইয়া, সৃষ্টিকার্য্য হইতে প্রতিনিবৃত্ত হয় এবং চৈতন্যস্বরূপ পুরুষও প্রকৃতির আদ্যোপান্ত ক্রীড়া দর্শনে স্বকীয় অনুভূতিস্বরূপ আপন পরিচয় লাভে নিবৃত্ত হন। পরমেশ ভাবান্ও নিজ শক্তির বিলাসে নিজের সর্ব্বশক্তিমান্ পরমা-

### শাঙ্করভাষ্যম্।

শীতোষ্ণবৎ পরস্পরবিরুদ্ধৌ সুখদুঃখতদ্ধেতুবিষয়ৌ যথাকালং সর্ব্বভূতৈঃ সংবধ্যমানৌ দ্বন্দ্বশব্দেনাভিধীয়েতে তত্র যদা ইচ্ছাদ্বেষৌ সুখদুঃখতদ্ধেতুসংপ্রাপ্ত্যা লব্ধাত্মকৌ ভবত স্তদা তৌ সর্ব্বভূতানাং প্রজ্ঞায়াঃ স্ববশাপাদনদ্বারেণ পরমার্থাত্মতত্ত্ববিষয়-জ্ঞানোৎপত্তিপ্রতিবন্ধকারণং মোহং জনয়তঃ ন হীচ্ছাদ্বেষদোষবশীকৃতচিত্তস্য যথাভূতার্থবিষয়জ্ঞান মুৎপদ্যতে বহিরপি, কিমু বক্তব্যং তাভ্যামাবিষ্টবুদ্ধেঃ সংমূঢ়স্য প্রত্যগাত্মনি বহুপ্রতিবন্ধে জ্ঞানং নোৎপদ্যত ইত্যতস্তেনেচ্ছাদ্বেষসমুত্থেন দ্বন্দ্বমোহেন ভারত ভরতান্বয় সর্ব্বভূতানি সংমোহিতানি সন্তি সংমোহং সংমূঢ়তাং সর্গে জন্মনি উৎপত্তিকাল ইত্যেতৎ যান্তি গচ্ছন্তি হে পরন্তপ মোহবশান্যেব সর্ব্বভূতানি জায়মানানি জায়ন্ত ইত্যভিপ্রায়ঃ॥ ২৭ ॥

### আনন্দগিরিকৃতটীকা।

প্রত্যাহ ভাবেবেতি। তয়োরপর্য্যায়মেকত্রানুপপত্তিং গৃহীত্বা বিশিনষ্টি যথাকাল-মিতি। ন চ তয়োরনধিকরণং কিঞ্চিদপি ভূতং সংসারমণ্ডলে সম্ভবতীত্যাহ সর্ব্বভূতৈরিতি। তথাপি কথং তয়োর্মোহহেতুত্বমিত্যাশঙ্ক্যাহ তত্রেতি। তয়োরা-শ্রয়ঃ সপ্তম্যর্থঃ। উক্তমেবার্থং কৈমুতিক-ন্যায়েন প্রপঞ্চয়তি ন হীতি। পূর্ব্বভাগা-নুবাদপূর্ব্বকমুত্তরভাগেন ফলিতমাহ অত ইতি। প্রত্যগাত্মন্যহঙ্কারাদিপ্রতিবন্ধ-প্রভাবতো জ্ঞানোৎপত্তেরসম্ভবোঽতঃশব্দার্থঃ, কুলপ্রযুক্তমহিম্না স্বরূপশক্ত্যা চ যুক্তস্যৈব যথোক্তপ্রতিবন্ধপ্রতিবিধানসামর্থ্যমিতি দ্যোতনার্থং ভারত পরন্তপেতি সম্বোধনদ্বয়ং। তত্ত্বজ্ঞানপ্রতিবন্ধে প্রকৃতমবান্তরকারণমুপসংহরতি মোহেতি॥ ২৭ ॥

### আভাস।

নন্দ ভাবের পরিচয় লন এবং সমস্ত শক্তিকে আপনাতে উপসংহার করত যোগ-নিদ্রায় বিশ্রাম করেন।

অতএব মূল অবিদ্যার প্রভাবে আত্মবিস্মৃত জীবাত্মাগণ সৃষ্টির উপলক্ষে দৃশ্য জাগতিক পদার্থে যখন অনুরক্ত হয় তখন পদার্থের উৎপত্তি, স্থিতি এবং ধ্বংসের অনুরোধে সুখ দুঃখ এবং তৎপ্রতি ইচ্ছা ও দ্বেষাদি বিপরীত ভাবে অভিভূত হইয়া তাহারা চঞ্চল হইয়া পড়ে। সুতরাং অভিলষিত বিষয়ের প্রার্থনার অনুরোধে জন্ম-জন্মান্তর পরিগ্রহ করিয়া থাকে। এস্থলে পরন্তপ বলিয়া অর্জ্জুনকে সম্বোধন করিবার প্রধান তাৎপর্য্য এই যে, হে অর্জ্জুন! এই ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে যুদ্ধার্থ সমবেত সৈন্যকুলকে শত্রু বা মিত্র বলিয়া তথা ধারণা করা কর্ত্তব্য নহে। কারণ ইহার মূল শত্রু অহঙ্কার স্বস্ব দেহেই

যেষাং ত্বন্তগতং পাপং জনানাং পুণ্যকর্ম্মণাম্।
তে দ্বন্দ্বমোহনির্ম্মুক্তা ভজন্তে মাং দৃঢ়ব্রতাঃ ॥ ২৮

অন্বয়।

পুণ্যকর্ম্মণাং পুণ্যকর্ম্মকৃতানাং যেষাং জনানাং পাপং অন্তগতং নষ্টং, তে এব দ্বন্দ্বমোহ-নির্ম্মুক্তাঃ অতঃ দৃঢ়ব্রতাঃ সন্তঃ মাং ভজন্তে॥ ২৮ ॥

শাঙ্করভাষ্যম্।

যত এবমতস্তেন দ্বন্দ্বমোহেন প্রতিবদ্ধপ্রজ্ঞানানি সর্ব্বভূতানি সংমোহিতানি

আনন্দগিরিকৃতটীকা।

জায়মানভূতানাং মোহপরতন্ত্রত্বে ফলিতমাহ যত ইতি। ভগবত্তত্ত্ববেদনাভাবে

স্বামিকৃতটীকা।

কুতস্তর্হি কেচন ত্বাং ভজন্তো দৃশ্যন্তে তত্রাহ যেষামিতি। যেষান্তু পুণ্যাচরণ-শীলানাং সর্ব্বপ্রতিবন্ধকং পাপমন্তগতং নষ্টং তে দ্বন্দ্বনিমিত্তেন মোহেন বিনির্ম্মুক্তাঃ দৃঢ়ব্রতাঃ একান্তিনঃ সন্তো মাং ভজন্তি ॥ ২৮ ॥

তবে বহুকাল বিবিধ পুণ্য-কর্ম্মের অনুষ্ঠানে যাহাদের পূর্ব্ব-কৃত পাপরাশির নিঃশেষে নিবৃত্তি হয়, তাদৃশ একাগ্র-চিত্ত ভাগ্যবান্ পুরুষগণই সুখদুঃখ, রাগ-দ্বেষ এবং শীতোষ্ণাদি দ্বন্দ্ব অর্থাৎ পরস্পর বিরুদ্ধ ভাবাপন্ন ভাবের মোহগ্রাস হইতে নির্ম্মুক্ত হইয়া একাগ্র চিত্তে আমার প্রতি চিত্ত সমর্পণে ভজনা করিতে সমর্থ হয় ॥ ২৮ ॥

আভাস।

অন্তরেই আবৃত রহিয়াছে। তোমার দেহে সেই কুরুরাজের শোণিত এখনও প্রবাহিত রহিয়াছে; সুতরাং তোমার দেহই কুরুরাজের প্রকৃত ক্ষেত্র। এই ক্ষেত্রে বসবাস করায় সেই বংশে জন্ম পরিগ্রহের ফলে যদি তুমি মোহরূপ রণ-প্রাঙ্গণে ইচ্ছা দ্বেষের পরস্পর কলহে বা সংগ্রামে জয়-লাভ করিতে পার, তবেই তোমার এই দেহই প্রকৃত ধর্ম্ম-ক্ষেত্র নামে অভিহিত হইবে। আর সংসার-জ্বালা থাকিবে না; অসীম আনন্দ লাভে তুমিও নিবৃত্ত হইবে ॥২৭॥

মোহের আক্রমণ হইতে নিষ্কৃতি লাভের একমাত্র উপায় ধর্ম্মানুষ্ঠান। মোহ কেবল আত্মম্ভরিতার প্রশ্রয় দেয় এবং ভোগেই মানবকে অগ্রসর হইতে পরামর্শ দেয় বটে, কিন্তু প্রত্যেক ভোগ-ব্যাপারে বিচার-বুদ্ধি প্রজ্ঞাকে

শাঙ্করভাষ্যম্।

মামাত্মভূতং ন জানন্তি অতএবাত্মভাবেন মাস্তু ন ভজন্তে, কে পুনরনেন দ্বন্দ্বমোহেন নির্ম্মুক্তাঃ সন্তঃ ত্বাং বিদিত্বা যথাশাস্ত্রমাত্মভাবেন ভজন্ত ইত্যপেক্ষিতমর্থং দর্শয়িতুমুচ্যতে যেষামিতি। যেষান্ত পুনরন্তগতং সমাপ্তপ্রায়ং ক্ষীণং পাপং জনানাং পুণ্যকর্ম্মণাং পুণ্যং কর্ম্ম যেষাং সত্ত্বশুদ্ধিকারণং বিদ্যতে তে পুণ্যকর্ম্মাণ স্তেষাং পুণ্যকর্ম্মণাং তে দ্বন্দ্বমোহনির্ম্মুক্তা যথোক্তেন দ্বন্দ্বমোহেন নির্ম্মুক্তা ভজন্তে মাং পরমাত্মানং দৃঢ়ব্রতা এবমেব পরমার্থতত্ত্বং নান্যথেত্যেবং সর্ব্বপরিত্যাগ-ব্রতেন নিশ্চিতবিজ্ঞানা দৃঢ়ব্রতা উচ্যন্তে ॥ ২৮ ॥

আনন্দগিরিকৃত-টীকা।

তন্নিষ্ঠত্ববৈধুর্য্যং ফলতীত্যাহ অতএবেতি। যদি সর্ব্বাণি ভূতানি জন্ম প্রতিপদ্যমানানি সংমূঢ়ানি সন্তি ভগবত্তত্ত্বপরিজ্ঞানশূন্যানি ভগবদ্ভজনপরাঙ্মুখানি তর্হি শাস্ত্রানুবোধেন ভগবদ্ভজনমুচ্যমানমধিকার্য্যভাবাদনর্থকমাপদ্যেতেতি শঙ্কতে কে পুনরতি। অনেকেষু জন্মসু সুকৃতবশাদপাকৃতদুরিতানাং দ্বন্দ্বপ্রযুক্তমোহবিরহিণাং ব্রহ্মচর্য্যাদিনিয়মবতাং ভগবদ্ভজনাধিকারিত্বান্ন শাস্ত্রবিরোধোঽস্তীতি পরিহরতি উচ্যত ইতি। তুশব্দদ্যোত্যমর্থমাহ পুনরিতি। মুক্তেরর্ব্বাক্সিদ্ধ্যর্থং সমাপ্তপ্রায়মিত্যুক্তং। প্রকৃতোপযোগং পুণ্যস্য কর্ম্মণো দর্শয়িতুং বিশিনষ্টি সত্ত্বেতি। উভয়বিধশুদ্ধের্দ্বন্দ্বনিমিত্তমোহনিবৃত্তিফলমাহ তে দ্বন্দ্বেতি। মোহনিবৃত্তের্ভগবন্নিষ্ঠাপর্য্যন্তত্বমাহ ভজন্ত ইতি। তেষাং নানাপরিগ্রহবতাং ভগবদ্ভজনপ্রতিহতিমাশঙ্ক্যাহ দৃঢ়েতি ॥ ২৮ ॥

আভাস।

সহায় রাখিলে, অন্ধের ন্যায় অভিভূত হইতে না। সাধারণ মানব স্বার্থের অনুরোধে পরার্থে অন্ধ হইয়া যথেষ্ট কার্য্য করিয়া থাকে। তাহারা পরোপকারাদি কর্ম্মকে মূর্খতার পরিচয় বলিয়াই মনে করিয়া থাকেন; নিজের ভোগের জন্য সংগ্রহ করাই পুরুষার্থ ও শ্রেষ্ঠ কর্ম্ম মনে করেন। কিন্তু রোগাদিতে অভিভূত হইয়া কালগ্রাসে কবলিত হইবার পূর্ব্বক্ষণে তাঁহারা সারা-জীবনের কর্ম্মকে নিরর্থক বোধে পরিতাপ করেন। অতএব বেদাদি ধর্ম্ম-শাস্ত্রে মানব জীবনের অবশ্য-কর্ত্তব্য বলিয়া যে সমস্ত দানাদি পুণ্য-কর্ম্মের উপদেশ প্রদত্ত হইয়াছে, তাহার অনুষ্ঠান করা অবশ্য কর্ত্তব্য। তাহাতে চিত্ত স্বার্থপরতাকে ক্রমশ পরিহার করত আত্মচিন্তার পথে অগ্রসর হইয়া থাকে। স্বার্থপরতার প্রবৃত্তি ক্রমশ প্রতিনিবৃত্ত হইয়া যখন পরোপকারের জন্য চিত্ত উদার ভাব ধারণ করে,

জরামরণমোক্ষায় মামাশ্রিত্য যতন্তি যে ।
তে ব্রহ্ম তদ্বিদুঃ কৃৎস্নমধ্যাত্মং কর্ম্ম চাখিলম্ ॥ ২৯

অন্বয়ঃ

জরামরণ-মোক্ষায় ( জরামরণয়োঃ মোক্ষায় ) মাং পরমাত্মানং আশ্রিত্য যে যতন্তি চেষ্টন্তে, তে যদ্ পরংব্রহ্ম তৎ বিদুঃ, কৃৎস্নং সমস্তং অধ্যাত্মং দেহ-ব্যতিরিক্তং বিশুদ্ধং আত্মস্বরূপং বিদুঃ তথা তৎসাধনভূতং অখিলং কর্ম্মচ বিদুঃ জানন্তি ॥ ২৯ ॥

শাঙ্করভাষ্যম্ ।

তে কিমর্থং ভজন্ত ইত্যুচ্যতে জবেতি । জরামরণমোক্ষায় জরামরণয়োর্মোক্ষার্থং মাং পরমেশ্বরং আশ্রিত্য মৎসমাহিতচিত্তাঃ সন্তো যতন্ত প্রযতন্তে যে তে যদ্ব্রহ্ম

আনন্দগিরিকৃতটীকা ।

যথোক্তানামধিকারিণাং ভগবদ্ভজনফলং প্রশ্নদ্বারা দর্শয়তি তে কিমর্থমিতি । জরামরণাদিলক্ষণো যো বন্ধ স্তদ্বিশ্লেষার্থং ভগবদ্ভজনমিত্যর্থঃ । সম্প্রতি সগুণস্য সপপঞ্চস্য মধ্যমানুগ্রহার্থং ধ্যেয়ত্বমাহ মামাশ্রিত্যেতি । জরাদিসংসারনিবৃত্ত্যর্থং

---

জরা এবং মরণ-জনিত দুর্দ্দমনীয় যাতনার হস্ত হইতে নিষ্কৃতি লাভের প্রার্থনায় শরণাগত হইয়া যাঁহারা আমার উপর নির্ভর-প্রাণে যম-নিয়মাদির অনুষ্ঠানে যত্ন করেন, তাঁহারাই আমার সেই সর্ব্বকারণ-কারণ পূর্ণ ব্রহ্মভাব প্রত্যক্ স্থাবর-জঙ্গমে প্রত্যগাত্ম-ভাবের এবং নিখিল কর্ম্মময় ভাব-স্রোতে অধিষ্ঠাতৃ-ভাবের অবধারণে কৃতার্থ হইয়া থাকেন ॥ ২৯ ॥

আভাস ।

তখনই পরমেশের প্রতি দৃষ্টি নিপতিত হয় । এইরূপ একাগ্র-চিত্তে উদার ভাবের উদ্দীপন হইলে, পরিণামে জাগতিক পদার্থ সুখ-দুঃখাদিতে উপেক্ষা এবং ভগবানে ভক্তি জন্মিয়া থাকে ॥ ২৮ ॥

সংসারে নানাপ্রকারের দুঃখ ভোগ করিতে হয় এবং তাহা তখন সহ্যও হয়; কিন্তু জরা ও মরণের দুঃখ অতীব ভীষণ । তাহার প্রকোপ এতই অধিক যে, জন্মান্তরেও তাহার বিস্মৃতি হয় না । অহো মরণ যেন না হয়, বলিয়া প্রতিপদে জীব উৎকণ্ঠার পরিচয় দেয় । কালভয় না থাকিলে ভগবানের

সাধিভূতাধিদৈবং মাং সাধিযজ্ঞং চ যে বিদুঃ।

অন্বয়ঃ।

যে সাধকাঃ মাং সাধিভূতং ভূতানি অধিকৃত্য বর্ত্তমানং, সাধিদৈবং দেবান্

শাঙ্করভাষ্যম্।

পরং তদ্বিদুঃ কৃৎস্নং সমস্তমধ্যাত্মং প্রত্যগাত্মবিষয়ং বস্তু তদ্বিদুঃ কর্ম্ম চাখিলং সমস্তং বিদুঃ॥ ২৯॥

সাধীতি। সাধিভূতাধিদৈবং অধিভূতং চাধিদৈবঞ্চ অধিভূতাধিদৈবং তেন সহ

আনন্দগিরিকৃতটীকা।

নির্গুণং নিষ্প্রপঞ্চং মামুত্তমাধিকারিণো জানন্তীত্যুক্তং মামেব যে প্রপদ্যন্তে ইত্যাদাবিত্যাহ জরেতি। মধ্যমাধিকারিণং প্রত্যাহ মামিতি। পরমেশ্বরাশ্রয়ণং নাম বিষয়বিমুখত্বেন ভগবদেকনিষ্ঠত্বমিত্যাহ মৎসমাহিতেতি। প্রযতনং ভগবন্নিষ্ঠা-সিদ্ধ্যর্থং বহিরঙ্গানাং যজ্ঞাদীনামন্তরঙ্গানাঞ্চ শ্রবণাদীনামনুষ্ঠানং। প্রাগুক্তং জগদুপাদানং পরং ব্রহ্ম কথং ব্রহ্ম বিদুরিত্যপেক্ষায়াং সমস্তাধ্যাত্মবস্তুত্বেন সকল-কর্ম্মত্বেন চ তদ্বিদুরিত্যাহ কৃৎস্নমিতি॥ ২৯॥

ন কেবলং ভগবন্নিষ্ঠানাং সর্ব্বাধ্যাত্মক-কর্ম্মাত্মক-ব্রহ্মবিত্ত্বমেব কিন্ত্বধিভূতাদি-

স্বামিকৃতটীকা।

এবঞ্চ মাং ভজন্তস্তে সর্ব্বং বিজ্ঞেয়ং বিজ্ঞায় কৃতার্থা ভবন্তীত্যাহ জরেতি। জরামরণয়োর্নিরসনার্থং মামাশ্রিত্য যে প্রযতন্তে তে তৎ পরং ব্রহ্ম বিদুঃ, কৃৎস্নমধ্যাত্মঞ্চ বিদুঃ যেন তৎপ্রাপ্তব্যং তং দেহাদিব্যতিরিক্তং শুদ্ধমাত্মানঞ্চ জানন্তীত্যর্থঃ, তৎসাধনভূতমখিলং সরহস্যং কর্ম্ম চ জানন্তি ইত্যর্থঃ॥ ২৯॥

যাঁহারা ব্যবহারিক জীবদ্দশাতেই আমার অধিভূত ভাব অর্থাৎ

আভাস।

নামটী পর্য্যন্ত কেহ স্মরণ করিতেও চাহিত না। এই জরা ও মরণ ভয়ে কাতর ব্যক্তিগণ উগ্র উৎকণ্ঠার সহিত ভগবান্‌কে আত্মসমর্পণ করায় ভগবৎসাক্ষাৎ-কার, আত্মসাক্ষাৎকার এবং জাগতিক কর্ম্মের গতি তাঁহারা প্রত্যক্ষে প্রণিধান করিতে পারেন। অর্থাৎ স্থূল, সূক্ষ্ম ও কারণ মূর্ত্তিতে পরমাত্ম-স্বরূপের চিন্তনে অভ্যস্ত হওয়া প্রয়োজন। কারণ গুণের অতীত কেবল চৈতন্য-স্বরূপ পরমানন্দ ভাবের চিন্তনে অভ্যস্ত হওয়া যেমন প্রয়োজন, আবার বিরাট্ জগন্মূর্ত্তিতে বিরাটের অন্তর্নিহিত শান্ত, সূক্ষ্মাতিসূক্ষ্ম শক্তি-মূর্ত্তিতে এবং তদনন্তরে কারণ-দেহ বীজমূর্ত্তিতে স্থিত সগুণ পরমাত্মভাব যাঁহারা অবধারণ করিতে পারেন, তাঁহাদের আর ভবযন্ত্রণা ভোগ করিতে হয় না॥ ২৯॥

মানুষ সজল-শরীরেও নিশ্চিন্ত-ভাবে সর্ব্বদা যে বিষয়ের চিন্তা করে, অন-

প্রয়াণকালেঽপি চ মাং তে বিদু র্যুক্তচেতসঃ ॥ ৩০

ইতি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে বিজ্ঞানযোগো নাম সপ্তমোঽধ্যায়ঃ।

অন্বয়ঃ।

অধিকৃত্য বর্ত্তমানং, তথা সাধিযজ্ঞং যজ্ঞাত্মকং কর্ম্ম অধিকৃত্য বর্ত্তমানং নিত্য-প্রতিষ্ঠিতং যে বিদুঃ চিন্তয়ন্তি তে তাদৃশাঃ যুক্তচেতসঃ জনাঃ প্রয়াণকালে মৃত্যুজনিতাবসন্নাবস্থায়াং অপি মাং সর্ব্বস্বরূপং বিদুঃ অবধারয়ন্তি ॥৩০॥

ইতি—শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত শ্রীমদ্ভগবদ্গীতান্বয়ে সপ্তমোঽধ্যায়ঃ।

শাঙ্করভাষ্যম্।

অধিভূতাধিদৈবেন বর্ত্ততে ইতি সাধিভূতাধিদৈবং মাং যে বিদুঃ সাধিযজ্ঞঞ্চ সহ অধি-

আনন্দগিরিকৃতটীকা।

সহিতং তদ্বেদিত্বমপি সিধ্যতীত্যাহ সাধিভূতেতি। অধ্যাত্মং কর্ম্মাধিভূতমধিদৈব-মধিযজ্ঞঞ্চেতি পঞ্চকমেতদ্ব্রহ্ম যে বিদুস্তেষাং যথোক্তজ্ঞানবতাং সমাহিতচেতসা-মাপদবস্থায়ামপি ভগবত্তত্ত্বজ্ঞানমপ্রতিহতং তিষ্ঠতীত্যাহপ্রয়াণেতি। অপিচেতি

ভূতভাবে আমার অবস্থান, অধিদৈব ভাব অর্থাৎ সূক্ষ্ম ইন্দ্রিয়াদি দেবগণের মূর্ত্তিতে অবস্থান এবং অধিযজ্ঞ ভাব অর্থাৎ যজ্ঞাদি কর্ম্ম কলাপের সূক্ষ্মা গতির মূর্ত্তিতে অবস্থানটী ধারণা করিতে পারেন এবং সেই সেই ভাবে চিত্ত সংযত করেন, তাঁহারা ঘোর কষ্টপ্রদ মরণ-কালেও অবসন্ন বা বিহ্বল না হইয়া, প্রশান্ত-চিত্তে আমার পরমাত্ম-ভাব অবধারণে সক্ষম হন, সন্দেহ নাই ॥ ৩০ ॥

ইতি শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত গীতানুবাদের সপ্তম অধ্যায় সমাপ্ত।

আভাস।

সন্ন দেহে বাহ্যিক চিন্তা করিবার অসমর্থতা কালে, পূর্ব্বাভ্যস্ত চিন্তার বিষয়গুলি আপনা হইতে চিত্তে জাগিয়া উঠে। যেমন আমরা স্বপ্ন দেখি। মৃত্যুকালে শরীর যখন সম্পূর্ণ অবসন্ন হইয়া পড়ে; এমন কি! মূর্চ্ছিতের ন্যায় হইতে হয়, সে সময় ইন্দ্রিয়বর্গেরও অবসাদ আসিলে বিষয়ী বিষয় চিন্তার মূর্ত্তি এবং ভগবদুপাসকের ভগবানের স্মৃতি হৃদয়ে জাগিয়া উঠে। তখন যে সকল

শাঙ্করভাষ্যম্।

যজ্ঞেন সাধিযজ্ঞং যে বিদুঃ প্রয়াণকালে মরণকালেঽপি চ তে মাং বিদুঃ যুক্তচেতসঃ সমাহিতচিত্তা ইতি॥ ৩০॥

ইতি শ্রীমদ্ভগবদ্গীতাভাষ্যে সপ্তমোঽধ্যায়ঃ।

আনন্দগিরিকৃতটীকা।

নিপাতাভ্যাং তস্যামবস্থায়াং করণগ্রামস্য ব্যগ্রতয়া জ্ঞানাসম্ভবেঽপি ময়ি সমাহিত-চিত্তানামুক্তজ্ঞানবতাং ভগবত্তত্ত্বজ্ঞানমযত্নলভ্যামিতি দ্যোত্যতে। তদনেন সপ্তমে-নোত্তমমধিকারিণং প্রতি জ্ঞেয়ং নিরূপয়তা তদর্থমেব সর্ব্বাত্মকত্বাদিকমুপদিশতা প্রকৃতিদ্বয়দ্বারেণ সর্ব্বকারণত্বাদিতি চ বদতা তৎপদবাচ্যং তল্লক্ষ্যঞ্চোপক্ষি-প্তম্॥ ৩০॥

ইতি সপ্তমোঽধ্যায়ঃ সমাপ্তঃ।

স্বামিকৃতটীকা।

নচৈবংভূতানাং যোগভ্রংশ-শঙ্কাপীত্যাহ সাধিভূতেতি। অধিভূতাদিশব্দা-নামর্থং শ্রীভগবানেবোত্তরাধ্যায়ে ব্যাখ্যাস্যতি, অধিভূতেনাধিদৈবেন চ সহ অধিযজ্ঞেন চ সহ মাং যে জানন্তি তে যুক্তচেতসো মষ্যাসক্তমনসঃ প্রয়াণকালেঽপি মরণ-সময়েঽপি মাং বিদুর্জানন্তি ন তু তদাপি ব্যাকুলীভূয় মাং বিস্মরন্তি অতো মদ্ভক্তানাং ন যোগভ্রংশ-শঙ্কেতি ভাবঃ। কৃষ্ণভক্ত্যৈব যত্নেন ব্রহ্মজ্ঞানমবাপ্যতে।

ইতি বিজ্ঞানযোগাখ্যে সপ্তমে সম্প্রকাশিতম্। ৩০॥

ইতি শ্রীশ্রীধরস্বামিকৃতটীকায়াং সপ্তমোঽধ্যায়ঃ।

আভাস।

ভাবকে হৃদয়ে আনয়নের জন্য কোন উদ্যম করিতে হয় না। সুতরাং আজীবন ভগবানের অধিভূত অধিদৈব এবং অধিযজ্ঞ ভাবের আলোচনায় যিনি সময় অতিবাহিত করেন, মরণকালে পূর্ব্ব আলোচিত ভাব-সমূহ আপনা হইতে মুমূর্ষুর হৃদয়ে জাগরিত হইয়া, সমগ্র জগতে ব্রহ্মময় ভাবের উদয়ে তাহাকে সেই পদবীতেই আরোহণ করায়। দেহ-পতনের পর তাদৃশ জ্ঞানীর হৃদয়ে ভোগের চিন্তা আর স্থান পায় না। তিনি ব্রহ্মময় ভাবে পরিতৃপ্ত হন এবং সেই গতিই লাভ করেন॥ ৩০॥

ইতি শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত আভাসের সপ্তম অধ্যায় সমাপ্ত॥

# অষ্টমোঽধ্যায়ঃ।

অর্জ্জুন উবাচ—

কিন্তদ্ব্রহ্ম কিমধ্যাত্মং কিং কর্ম্ম পুরুষোত্তম
অধিভূতঞ্চ কিং প্রোক্তমধিদৈবং কিমুচ্যতে ॥ ১ ॥

অন্বয়ঃ।

অর্জ্জুনঃ উবাচ! হে পুরুষোত্তম শ্রীকৃষ্ণ! তৎ পূর্ব্বোক্তং ব্রহ্ম কিং? অধ্যাত্মং বা কিং? কর্ম্মৈব কিং উচ্যতে? অধিভূতং কিং প্রোক্তং তথা অধিদৈবং বা কিং উচ্যতে ॥ ১ ॥

শাঙ্করভাষ্যম্।

তে ব্রহ্ম তদ্বিদুঃ কৃৎস্নমিত্যাদিনা ভগবতার্জ্জুনস্য প্রশ্নবীজানি উপদিষ্টানি অতস্তৎপ্রশ্নার্থং অর্জ্জুন উবাচ। কিং তদিতি ॥ ১ ॥

আনন্দগিরিকৃতটীকা।

সপ্তমাধ্যায়ান্তে যেষামন্তগতং পাপমিত্যাদিনা যেষাং ব্রহ্মাদীনামনুসন্ধানমুক্তং যচ্চ প্রয়াণকালে ভগবতঃ স্মরণং দর্শিতং তদিদং জিজ্ঞাসমানঃ সন্ পৃচ্ছতীতি প্রশ্ন-

---

অর্জ্জুন বলিলেন, হে পুরুষোত্তম! আপনি যে ব্রহ্মশব্দের কীর্ত্তন করিলেন, সে ব্রহ্ম কাহাকে বলে; অধ্যাত্মই বা কি? কর্ম্ম কি? অধিভূত অধিদৈব এবং অধিযজ্ঞ বলিয়া কাহাকে চিন্তা করিতে হয়! ॥ ১ ॥

আভাস।

সপ্তম অধ্যায়ের পরিসমাপ্তিকালে ভগবান্ শ্রীকৃষ্ণ সাতটী অলৌকিক ভাবের উল্লেখে অর্জ্জুনকে উৎসাহিত করিয়াছিলেন। অষ্টম অধ্যায়ে ভক্ত অর্জ্জুন উক্ত সাতটী ভগবানের ভাব এই মানব দেহে এবং বিরাট্ কলেবরে অবধারণের পদ্ধতি জানিবার জন্য প্রশ্ন করিয়াছিলেন। শ্রীকৃষ্ণ পরমপুরুষ সর্ব্বজ্ঞ ও সর্ব্বেশ্বর; সুতরাং কোন বিষয় তাঁহার অবিদিত নাই। ভোগাকাঙ্ক্ষ

আনন্দগিরিকৃতটীকা।

সমুদায়মবতারয়তি তে ব্রহ্মেতি। প্রশ্নবীজানি তদ্বিষয়ভূতানি ব্রহ্মাণি বস্তূনীতি যাবৎ। বুভুৎসিতবিষয়প্রতিলম্ভানন্তরং তেষাং প্রশ্নদ্বারা নির্ণয়ার্থমাহ অত ইতি। যদুক্তং তে ব্রহ্ম তদ্বিদুরিতি তৎ কিং সোপাধিকং নিরুপাধিকম্বা ব্রহ্মশব্দস্যোভয়ত্রাপি সম্ভবাদিতি মত্বাহ কিং তদিতি। যচ্চোক্তং কৃৎস্নমধ্যাত্মমিতি তত্রাত্মানং দেহমধিকৃত্য তস্মিন্নধিষ্ঠানে তিষ্ঠতীত্যধ্যাত্মশব্দেন শ্রোত্রাদিকরণগ্রামো বা প্রত্যগ্ভূতং ব্রহ্মৈব বাবিবক্ষিতমিত্যাহ কিমধ্যাত্মমিতি। "বিজ্ঞানং যজ্ঞং তনুতে কর্ম্মাণি তনুতেঽপি চ" ইতি শ্রুতৌ কর্ম্মণো দ্বৈবিধ্যনির্দ্ধারণাৎ কর্ম্ম চাখিলমিত্যত্র কীদৃক্ কর্ম্ম গৃহীতমিতি পৃচ্ছতি কিমিতি। ক্ষরাক্ষরাভ্যাং কার্য্যকারণাভ্যাম্ অতীতস্য ভগবতো ন কিঞ্চিদবেদ্যমস্তীতি সূচয়তি পুরুষোত্তমেতি। সাধিভূতাধিদৈবমিত্যত্র অধিভূত-শব্দেন পৃথিব্যাদিষু ভূতেষু বর্ত্তমানং কিঞ্চিদেব গৃহ্যতে কিম্বা সমস্তমেব কার্য্যমিতি নির্দ্ধারয়িষয়া পৃচ্ছতি অধিভূতমিতি। অধিদৈবমিতি চ দৈবতবিষয়মনুধ্যানং বা দৈবতেষাদিত্যমণ্ডলাদিষু বর্ত্তমানং চৈতন্যং বা জিঘৃক্ষিতমিতি প্রশ্নান্তরং প্রস্তৌতি অধিদৈবমিতি ॥ ১॥

স্বামিকৃতটীকা।

ব্রহ্মকর্ম্মাধিভূতাদি বিদুঃ কৃষ্ণৈকচেতসঃ। ইত্যুক্তং ব্রহ্মকর্ম্মাদি স্পষ্টমষ্টম উচ্যতে। পূর্ব্বাধ্যায়ান্তে ভগবতোপক্ষিপ্তানাং ব্রহ্মাধ্যাত্মাদিসপ্তপদার্থানাং তত্ত্বং জিজ্ঞাসুরর্জুন উবাচ কিং তদ্ব্রহ্মেতি দ্বাভ্যাং। স্পষ্টোঽর্থঃ ॥ ১ ॥

আভাস।

জীবকে উপদেশ দিবার উপযুক্ত শিক্ষক তাঁহার অপেক্ষা অন্য কেহ নাই। তিনি যখন মধু নামা দৈত্যকে নিহত করিয়াছেন, তখন এই সামান্য মোহ-দৈত্যকে নিহত করিয়া শান্তির পথে ভক্ত মানবকে অনায়াসে প্রেরণ করিবেন, তাহাতে আর সন্দেহ নাই! এই ভাবিয়া ভগবানকে মধুসূদন নামের উচ্চারণে নিজের অজ্ঞানকে তিরোহিত করিবার ইঙ্গিত করিয়া বলিলেন, হে পুরুষোত্তম হে মধুসূদন! আমাকে আপনি উদ্ধার করুন! আপনার উল্লিখিত ভগবানের সাতটী ভাব আমাকে প্রতিবোধিত করিয়া এই মোহ-সমুদ্র হইতে আমাকে নিস্তার করুন!

প্রথম ব্রহ্ম কি? অধ্যাত্ম কাহাকে বলে; কর্ম্ম-স্রোত জগতে কিরূপে প্রবাহিত হইতেছে? ভূত সমূহের গতি বা স্থিতি কিরূপে সাধিত হইতেছে

অধিযজ্ঞঃ কথং কোঽত্র দেহেঽস্মিন্ মধুসূদন।
প্রয়াণকালে চ কথং জ্ঞেয়োঽসি নিয়তাত্মভিঃ ॥ ২ ॥

অন্বয়ঃ।

হে মধুসূদন! অত্র দেহে কঃ অধিযজ্ঞঃ যজ্ঞপ্রয়োজকঃ তস্য ফলদাতা চ কথং কেন প্রকারেণ বা বর্ত্ততে। নিয়তাত্মভিঃ সংযত-চিত্তৈঃ জনৈঃ অন্তঃকালে কথং কেনোপায়েন ত্বং জ্ঞেয়ঃ অসি ভবসি ॥ ২ ॥

শাঙ্করভাষ্যম্।

অধিযজ্ঞ ইতি ॥ ২ ॥

আনন্দগিরিকৃতটীকা।

সাধিযজ্ঞঞ্চেত্যত্রাধিযজ্ঞশব্দেন যজ্ঞমধিকৃতো বিজ্ঞানাত্মা বা পরদেবতা বেতি প্রশ্নোত্তরং প্রতিকরোতি অধিযজ্ঞ ইতি। স চ কথং কেন প্রকারেণ ব্রহ্মত্বেন চিন্তনীয়ঃ কিং তাদাত্ম্যেন কিম্বাত্যন্তাভেদেনেত্যাহ কথমিতি। সর্ব্বব্যাপি স কিমস্মিন্ দেহে বর্ত্ততে ততো বহির্বা, দেহে চেৎ স কোঽত্র বুদ্ধ্যাদিস্তদ্ব্যতিরিক্তো বেতি জিজ্ঞাসয়া ব্রূতে কোঽত্রেতি। অধিযজ্ঞঃ কথং কোঽত্রেতি ন প্রশ্নভেদঃ কথমিতি তু প্রকারভেদবিবক্ষয়েতি দ্রষ্টব্যং। যত্তু সমাহিতচিত্তানামুক্তং তৎ

---

হে পুরুষোত্তম মধুসূদন! এই দেহের মধ্যে অধিযজ্ঞ ভাব কি রূপে অবস্থিত রহিয়াছে; সমাহিত-চেতা পুরুষগণ মরণ কালে তোমাকে কি ভাবে অবধারণ করিতে পারেন; এবং কোন্ উপয়েই বা তাহা সিদ্ধ হইতে পারে! ॥ ২ ॥

আভাস।

এবং কোন্ শক্তির বলে দেব নিচয় ব্রহ্মাণ্ডে আপন আপন কার্য্যের পরিচয় দিতেছেন? অধিযজ্ঞ নামে কোন্ শক্তি এই ব্রহ্মাণ্ডে অবস্থান পূর্ব্বক যজ্ঞের ফল প্রদান করিতেছেন? হে দেব! মানব স্বকীয় দেহে কিরূপ চিন্তার দ্বারা এই সমস্ত গূঢ় রহস্য অবধারণে সক্ষম হয় এবং মরণ-কালরূপ ভীষণ অবস্থায় যখন যাবতীয় ইন্দ্রিয়-গ্রাম ও অন্তঃকরণ অবসন্ন হইয়া পড়ে, এবং কোন বিষয় অবধারণের যোগ্যতা থাকে না, তখন হে জগজ্জীবক জগন্নাথ! তোমাকে আর কি প্রকারে জীব অবধারণ করিবে? হে হৃদয়-বল্লভ। সুস্থাবস্থায় যতই চিত্তের একাগ্রতা করা যাউক! প্রায় প্রয়াণকালে সম্পূর্ণ অসমর্থ দশায় হে ব্রহ্মাণ্ড

শ্রীভগবানুবাচ।

অক্ষরং ব্রহ্ম পরমং স্বভাবোঽধ্যাত্মমুচ্যতে।

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ! পরমং শ্রেষ্ঠং যৎ অক্ষরং জগতাং মূলকারণং তৎ ব্রহ্ম এব, ...ণঃ স্বভাবঃ (স্বস্য ব্রহ্মণঃ ভাবরূপেণ জীবরূপতয়া ভবনং এব স্বভাবঃ,

শাঙ্করভাষ্যম্।

এষাং প্রশ্নানাং যথাক্রমং নির্ণয়ায় অক্ষরমিতি। অক্ষরং ন ক্ষরতীতি পরমাত্মা

আনন্দগিরিকৃতটীকা।

প্রয়াণকালেঽপি ভগবদনুসন্ধানং সিধ্যতীতি তদ্যুক্তমুৎক্রমণদশায়াং করণগ্রাম-বৈয়গ্র্যাচ্চিত্তসমাধানানুপপত্তেরিত্যভিপ্রেত্যাহ প্রয়াণেতি ॥ ২ ॥

ব্যাখ্যাতপ্রশ্নসপ্তকস্য প্রতিবচনং ভাগবতমবতারয়তি এষামিতি। ক্রমেণ কৃতানাং প্রশ্নানাং ক্রমেণৈব প্রতিবচনে প্রষ্টুরভীষ্টপ্রতিপত্তিসৌকর্য্যঞ্চ সিধ্যতীতি বুধ্যমানো

স্বামিকৃতটীকা।

কিঞ্চ অধিযজ্ঞ ইতি। অত্র দেহে যো যজ্ঞো বর্ত্ততে তস্মিন্ কোঽধিযজ্ঞোঽ-ধিষ্ঠাতা প্রযোজকঃ ফলদাতা চ ক ইত্যর্থঃ, স্বরূপং পৃষ্টাধিষ্ঠানপ্রকারং পৃচ্ছতি কথং কেন প্রকারেণ অসাবস্মিন্ দেহে স্থিতঃ যজ্ঞমধিতিষ্ঠতীত্যর্থঃ, যজ্ঞগ্রহণং সকল-কর্ম্মণামুপলক্ষণার্থং, অন্তকালে চ নিয়তচিত্তৈঃ কথং কেনোপায়েন জ্ঞেয়োঽসি ॥ ২।

---

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন, এই বিশ্ব ব্রহ্মাণ্ড যাঁহার অব্যক্ত ... ক্ত হইতে ব্যক্ত ভাব ধারণে তদন্তরেই বিচিত্র বেশে পরিলক্ষিত হইতে-ছে, অথচ ক্ষয় ব্যয় ও অপচয়াদি দোষে দূষিত না হইয়া যিনি পরম উৎকৃষ্ট অক্ষর ভাবে নিত্য অবস্থান করিতেছেন, তিনিই পরম ব্রহ্ম।

আভাস।

ভাগোদর তোমাকে কি প্রকারে অবধারণ দ্বারা পাইতে পারে! এই সাতটী প্রশ্নের প্রকৃত উত্তর প্রদানে আমাকে কৃতার্থ করুন বলিয়া, অর্জ্জুন নিরস্ত হইলেন। ১।২ ॥

অর্জ্জুনের প্রশ্নে ভগবান্ তিনটী শ্লোকে উক্ত সাতটী রহস্যের উত্তর প্রদান করিয়াছেন। নিরুপাধিক ব্রহ্মই এস্থলে অক্ষর নামে অভিহিত হইয়াছেন। শ্রুতি বলিয়াছেন "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে যেন জাতানি জীবন্তি। যৎ প্রযন্ত্যভিসংবিশন্তি তৎ বিজিজ্ঞাসস্ব তৎ ব্রহ্মেতি"। উৎপত্তি এবং বিনাশ

ভূতভাবোদ্ভবকরো বিসর্গঃ কর্ম্মসংজ্ঞিতঃ ॥ ৩ ॥

অন্বয়ঃ ।

তথা জীবদেহে আত্মভাবনা ভোক্তৃত্বেন বর্ত্তমানো ভাবঃ এব অধ্যাত্মং উচ্যতে। ভূতভাবোদ্ভবকরঃ ভূতানাং ভাবঃ সত্তা, উদ্ভবঃ ক্রমেণ বৃদ্ধিঃ চ তৌ ভূতভাবোদ্ভবৌ করোতি যঃ সঃ বিসর্গঃ হোমাদিরূপঃ যজ্ঞঃ সঃ কর্ম্মশব্দবাচ্যঃ কর্ম্মসংজ্ঞিতঃ ॥ ৩ ॥

শাঙ্করভাষ্যম্ ।

এতস্য বা অক্ষরস্য প্রশাসনে গার্গীতি শ্রুতেঃ ; ওঁকারস্য চোমিত্যেকাক্ষরং ব্রহ্মেতি

আনন্দগিরিকৃতটীকা ।

বিশিনষ্টি-যথাক্রমমিতি। তত্র প্রশ্নত্রয়ং নির্ণেতুং ভগবদ্বচনমুদাহরতি অক্ষরমিতি। কিং তদ্ ব্রহ্মেতি প্রশ্নস্য প্রতিবচনম্ অক্ষরং ব্রহ্মপরমমিতি। তত্রাক্ষরশব্দস্য

স্বামিকৃতটীকা ।

ও যথারীতি অন্তঃকরণে বিলীন রাখিয়া, প্রাণন-শক্তি কুণ্ডলিনীকে মূলাধার হইতে উন্নয়ন পূর্ব্বক শিরোদেশে সহস্রারে সন্নিবেশপূর্ব্বক যোগস্থ যোগী ॥ ১২ ॥

আভাস।

সমস্ত ইন্দ্রিয়-গ্রামকে বিষয়-সংগ্রহ-ব্যাপার হইতে নিবৃত্ত রাখা মানবের প্রথম কার্য্য। এতদ্দ্বারা বিষয়-বৈরাগ্যের পরিচয় দেওয়া হইয়াছে। জ্ঞানীও বিষয়-সংসর্গে অধঃপতিত হইয়া থাকেন। কেবল জ্ঞানী হইলেই অধিকারী নহেন; জ্ঞানের অনুসারে কর্ম্ম করা প্রয়োজন। অষ্টাবক্র বলিয়াছেন, মুক্তিমিচ্ছসি চেত্তাত বিষয়ান্ বিষবৎ ত্যজ। ক্ষমার্জ্জব-দয়া তোষ-সত্যং পীযূষবৎ ভজ ॥ সংসার হইতে অব্যাহতি লাভের প্রথম উপকরণ বিষের ন্যায় বিষয়কে বিসর্জ্জন করা প্রয়োজন। ক্ষমা ঋজুতা অর্থাৎ সরলতা, দয়া, সন্তোষ এবং সত্যকে অমৃতের ন্যায় আশ্রয় করা কর্ত্তব্য। এইরূপ আচরণে জ্ঞানের পরিচয় হয়। দ্বিতীয় কার্য্য মনের নিরোধ। লোক-ব্যবহারে বিষয় সম্ভোগ হইতে প্রতিনিবৃত্ত হইলেও মনে মনে

শাঙ্করভাষ্যম্ ।

সংযমনং কৃত্বা মনো হৃদি হৃদয়-পুণ্ডরীকে নিরুধ্য নিরোধং কৃত্বা নিষ্প্রচারতামা-

আনন্দগিরিকৃতটীকা ।

দর্শনদ্বারা তেভ্যো বৈমুখ্যাপাদনং। কোঽয়ং মনসো হৃদয়ে নিরোধস্তত্রাহ নিঃপ্রচারমিতি। মনসো বিষয়াকারবৃত্তিং নিরুধ্য হৃদি বশীকৃতস্ত কার্য্যং দর্শয়তি তত্রেতি। ঊর্দ্ধমিত্যত্রাপি হৃদয়াদিতি সম্বধ্যতে সর্ব্বাণ্যুপলব্ধিদ্বারাণি শ্রোত্রাদীনি সংনিরুধ্য বায়ুমপি সর্ব্বেভ্যো নিগৃহ্য হৃদয়মানীয় ততো নির্গতয়া সুষুম্নয়া কণ্ঠভ্রূমধ্য-

আভাস।

বিষয়-চিন্তা বা পরলোক স্বর্গাদি সুখের চিন্তাও পরিহারে মনকে একাগ্রতা সহকারে চিত্তে অর্থাৎ নিজের আত্মস্বরূপের চিন্তনে নিরুদ্ধ রাখা প্রয়োজন। তৃতীয়ত; নিজের চেষ্টাশক্তি প্রাণ যিনি মানবের সমগ্র দেহে সর্ব্বত্র ব্যাপ্ত থাকিয়া কর্ম্মক্ষেত্রে জীবকে বিচরণ করান, সেই প্রাণন-শক্তির দেহ-মধ্যে প্রসারণের ব্যাপারকে উপলব্ধি করিয়া, মস্তকে অর্থাৎ সহস্রারে তুলিয়া তাহা নিরুদ্ধ রাখা কর্ত্তব্য। এতদ্দ্বারা কর্ম্মীর পরিচয় দেওয়া হইয়াছে। তন্ত্রে উল্লেখ আছে যে, বুদ্ধিতে অর্থাৎ চিত্তে যাহা কর্ত্তব্য বলিয়া অবধারিত হয়, সেই কর্ত্তব্যাবধারণের বেগ যে পদ্ধতিতে ও যে যে পথ দিয়া ক্রমান্বয়ে নিম্নগামী হইয়া বাহেন্দ্রিয় হস্ত পদাদিতে পরিচিত হয়, অর্থাৎ দর্শনাদি ব্যাপার মানব করে, তাহাকে অতি সূক্ষ্ম নাড়ি সুষুম্না-নামে আখ্যাত করিয়াছেন। এই সুষুম্না নাড়ির মধ্য দিয়া তাড়িৎ শক্তির অপেক্ষা অনেক সূক্ষ্ম জৈবীশক্তি ক্রমশ নি ম্ন পথ অবলম্বনে যখন মূলাধার অর্থাৎ গুহ্য ও লিঙ্গমূল এতদুভয়ের মধ্যবর্ত্তী দুই অঙ্গুলি পরিমিত স্থানে উপস্থিত হয়, তখনই মানব-দেহে ক্রিয়ার স্ফুরণ ঘটে। মস্তকে সহস্রার হইতে কার্য্যের উদ্যম মূলাধারে উপনীত হইতে হইলে, মধ্যপথে আর পাঁচটি গ্রন্থিরূপ পদ্মাকার চক্র আছে। যথা ভ্রূমধ্যে আজ্ঞা, কণ্ঠে বিশুদ্ধ, বক্ষে অনাহত, নাভিতে মণিপুর, লিঙ্গমূলে স্বাধিষ্ঠান এবং লিঙ্গাধঃ মূলাধার। চিত্তে কর্ত্তব্যের অবধারণ হইবা মাত্র, তৎকার্য্য করিবার বেগ ক্রমান্বয়ে প্রথমত আজ্ঞা-চক্র প্রভৃতিকে অবলম্বন করিয়া পর পর নিম্নগামী হইয়া যখন মূলাধারে উপস্থিত হয়, তখনই মানব সেই কার্য্য করিতে বাধ্য হয়। এক্ষণে কর্ম্মযোগী নিজ দেহের অভ্যন্তরে এই কর্ম্মশক্তির অবতরণ এবং আরোহণ ভাবকে সর্ব্বদা অনুভব করত যখন অভ্যস্ত হন, তখনই তাঁহার কর্ম্মের উপর অধিকার জন্মে। এই শক্তির রূপ অনির্ব্বচনীয়! সূর্য্য কিরণের অপেক্ষাও সূক্ষ্ম ও দীপ্তি-শালী। সহস্রার হইতে সর্ব্বশক্তিমতী জ্যোতিঃস্বরূপা শক্তি অবতরণ কালে

ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম ব্যাহরন্ মামনুস্মরন্।
যঃ প্রয়াতি ত্যজন্ দেহং স যাতি পরমাং গতিম্ ॥ ১৩ ॥

অন্বয়ঃ

ওম্ ইতি একাক্ষরং ব্রহ্ম ব্যাহরন্ উচ্চারয়ন্ মাং পরমাত্মানং অনুস্মরন্ চিন্তয়ন্ যঃ প্রযাতি ম্রিয়তে সঃ দেহং ত্যজন্ পরমাং গতিং পদং যাতি প্রাপ্নোতি ॥ ১৩ ॥

শাঙ্করভাষ্যম্।

পাদ্য তত্র বশীকৃতেন মনসা হৃদয়াদূর্দ্ধগামিন্যা নাড্যা ঊর্দ্ধমারুহ্য মূর্দ্ধন্যাধায়াত্মনঃ প্রাণমাস্থিতঃ প্রবৃত্তো যোগধারণাং ধারয়িতুং ॥ ১২ ॥

তত্রৈব চ ধারয়ন্—ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম ব্রহ্মণোঽভিধানভূতমোঙ্কারং

আনন্দগিরিকৃতটীকা।

ললাট-ক্রমেণ প্রাণং মূর্দ্ধন্যাধায় যোগধারণামারূঢ়ো ব্রহ্ম ব্যাহরন্ মাঞ্চ তদর্থমনুস্মরন্ পরমাং গতিং যাতীতি সম্বন্ধঃ ॥ ১২ ॥

তথোক্তযোগধারণার্থং প্রবৃত্তো মূর্দ্ধনি প্রাণমাধায় ধারয়ন্ হি কিং কুর্য্যাদিত্যা-

বেদোপদেশের সারতত্ত্ব ওঁ এই একাক্ষর ব্রহ্ম-মন্ত্র উচ্চারণ পূর্ব্বক আমার পরমাত্ম ভাবের স্মরণে যদি দেহত্যাগে প্রাণ

আভীস।

দেহের যাবতীয় ব্যাপারকে পরিস্ফুট করিয়া কার্য্যক্ষেত্রে নিয়োজিত করিতেছেন, সে শক্তিও জ্ঞান-পূর্ণা। সুতরাং প্রতিকার্য্যে জ্ঞানের পরিচয় তাঁহাতে থাকে। তন্ত্র এই শক্তিকে কুণ্ডলিনী নামে আখ্যাত করিয়াছেন। দেহের অন্তরে এই কুণ্ডলিনী শক্তির সঞ্চরণ ব্যাপারকে যে কর্ম্মযোগী লক্ষ্য করিতে পারেন, তাঁহার দেহাভ্যন্তরের কোন তত্ত্বের বা ভাবের অবধারণে ব্যাঘাত হয় না; তিনি প্রত্যক্ষের ন্যায়, সমস্ত সূক্ষ্ম বিষয় অবধারণ করিতে পারেন। এই কুণ্ডলিনী শক্তির অবতরণে জীবের ভোগ প্রবৃত্তি এবং আরোহণে যোগের চরম সীমা আত্ম-স্বরূপে অবস্থিতিরই পরিচয়। অতএব জ্ঞানের, যোগের এবং কর্ম্মের পরিসমাপ্তিতে মন অচল ভাবে প্রতিষ্ঠিত হইলে, মানব ওঙ্কার সাধনের উপযোগী হয়। ১২ ॥

ওঙ্কারকে প্রণব নামে শাস্ত্র অভিহিত করিয়াছেন। প্র প্রকৃষ্টেন নৌতি

শাঙ্করভাষ্যম্।

ব্যাহরন্ উচ্চরন্ তদর্থভূতং মামীশ্বরম্ অনুস্মরন্ অনুচিন্তয়ন্ যঃ প্রযাতি

আনন্দগিরিকৃতটীকা

শক্যানন্তরশ্লোকমবতারয়তি তত্রৈবেতি। একঞ্চ তদক্ষরং চেতি একাক্ষরমোমি-

স্বামিকৃতটীকা।

ওমিতি। ওমিত্যেকং যদেব ব্রহ্মপ্রতিমাদিবদ্ ব্রহ্মপ্রতীকত্বাদ্বা ব্রহ্ম তদ্ব্যাহরন্নু-চ্চারয়ন্ তদর্থাচ্যঞ্চ মামনুস্মরন্নেব দেহং ত্যজন্ যঃ প্রকর্ষেণ যাতি অর্চ্চিরাদিমার্গেণ স পরমাং শ্রেষ্ঠাং মদ্গতিং প্রাপ্নোতি॥ ১৩॥

বিসর্জ্জন করিতে পারেন, তাহা হইলে সর্ব্বোৎকৃষ্ট পরমা গতি যে তিনি প্রাপ্ত হন, তাহাতে আর সন্দেহ নাই॥ ১৩॥

আভাস।

স্তৌতি ইতি প্রণবঃ"। প্রণব ওঙ্কারটি উচ্চারণ করিলে, যে ধ্বনি তাহা ভগবৎস্বরূপে অস্তমিত হয় এবং পূর্ণ পরমাত্মভাব হৃদয়ে জাগরিত হয়। ভগবান্ শ্রীকৃষ্ণই যে কেবল ওঙ্কারকে আশ্রয় করিতে বলিয়াছেন, তাহা নহে; সমগ্র শ্রুতিও একবাক্যে প্রণবের প্রশংসা করিয়া বলিয়াছেন, যথা;

> সর্ব্বে বেদা যৎপদমামনন্তি, তপাংসি সর্ব্বাণি যৎ চ বদন্তি।
> যদিচ্ছন্তো ব্রহ্মচর্য্যং চরন্তি তত্তে পদং সংগ্রহেণ ব্রবীম্যোম্ ইত্যেতৎ॥
> এতদেবাক্ষরং ব্রহ্ম এতদেবাক্ষরং পরং।
> এতদেবাক্ষরং জ্ঞাত্বা ব্রহ্মলোকে মহীয়তে॥
> প্রণবো ধনুঃ শরো হ্যাত্মা, ব্রহ্ম তল্লক্ষ্যমুচ্যতে।
> অপ্রমত্তেন বেদ্ধব্যং শরবত্তন্ময়ো ভবেৎ॥

সমগ্র বেদ যে পদের আদর করিয়া থাকেন, সর্ব্ববিধ তপস্যা যে পদের প্রাপ্তির জন্য কীর্ত্তন করিয়া থাকেন, যে পদ প্রাপ্তির অভিপ্রায়ে ব্রহ্মচর্য্যাদির অনুষ্ঠান জ্ঞানিগণ করিয়া থাকেন, আমি সংক্ষেপে এই একাক্ষরের উল্লেখে তোমার নিকট তাহা কীর্ত্তন করিতেছি বলিয়া, যম নচিকেতাকে বলেন। সেই একাক্ষরই পরম ব্রহ্মরূপ গুণাতীত ভাব! এই অক্ষর স্বরূপকে হৃদয়ে অবধারণ করিতে পারিলে, ব্রহ্মলোকে গমন করত মানব চিরশান্তি অনুভব করিতে পারেন।

প্রণব ধনুঃ স্থানীয় এবং মানবের আত্মাই তাহার শর-স্থানীয়। বিষয়-চিন্তাদি পরিহার করত এই প্রণব শরাসনে যে যোগী স্বকীয় আত্মা-শরকে সংযোজিত

শাঙ্করভাষ্যম্।

ম্রিয়তে স ত্যজন্ পরিত্যজন্ দেহং শরীরং ত্যজন্ দেহমিতি প্রয়াণ-বিশেষণার্থং

আনন্দগিরিকৃতটীকা।

ত্যেবং রূপং তৎকথং ব্রহ্মেতি-বিশিষ্যতে তত্রাহ ব্রহ্মণ ইতি। যঃ প্রয়াতীতি মরণ-

আভাস।

করিয়া পূর্ণব্রহ্ম স্বরূপ পরমাত্মাতে সন্ধান করিতে পারিবেন, শরের ন্যায় তাঁহার আত্মা ব্রহ্মস্বরূপে নিমজ্জিত হইয়া তন্ময়-ভাবে অবস্থান করিবে।

সেই শর-সন্ধানের পদ্ধতি ভগবান্ বলিলেন, পরমাত্ম স্বরূপ আমার ভাব হৃদয়ে ধারণ করিয়া এই একাক্ষর মন্ত্র ওঙ্কার উচ্চারণে প্রাণত্যাগ করিতে যদি যোগী পারেন, দেহান্তে তিনি পরম পদে গমন করিবেন, তাহাতে আর সন্দেহ নাই।

মহর্ষি পতঞ্জলি বলিয়াছেন, "তদ্বাচকঃ প্রণবঃ"। নাম উচ্চারণে আহ্বান করিলে নামী যেমন স্বয়ং আহ্বান-কারীর সমীপে উপস্থিত হন, সেইরূপ প্রণব উচ্চারণ করত প্রাণত্যাগ করিলে, প্রণবের বাচ্য পরমাত্মা উচ্চারণ-কারীর সমীপে পূর্ণ-স্বরূপে প্রকাশমান হইয়া, তাঁহার উদ্দেশ্য-সাধন করিয়া থাকেন। ওঙ্কার প্রণবের শিষ্টার্থপ্রয়োগ যথা, অকারো বিষ্ণুরুদ্দিষ্ট উকারস্তু মহেশ্বরঃ। মকারস্তু স্মৃতো ব্রহ্মা প্রণবস্তু ত্রয়াত্মকঃ॥ অ+উ+ম্=অকার অর্থে বিষ্ণু, অর্থাৎ পালন-কর্ত্তা, উকার অর্থে মহাদেব রুদ্র অর্থাৎ সংহার-কর্ত্তা এবং মকার অর্থে ব্রহ্মা অর্থাৎ সৃজন-কর্ত্তা। সন্ধি সূত্রের দ্বারা উক্ত তিনের মিলনে ওম্ বা ওঁ হয়। এই একাক্ষর প্রণবের লক্ষ্য ও বাচ্য এই ত্রিবিধ শক্তি-সম্পন্ন পূর্ণ ব্রহ্ম। অর্থাৎ সৃজন, পালন এবং সংহার-শক্তি অবিনাভাবে যে পরম চৈতন্যস্বরূপ পরমেশে নিত্য বিদ্যমান থাকে, তিনিই ওম্ পদ-বাচ্য। এই অনন্ত ব্রহ্মাণ্ড উৎপত্তি, স্থিতি এবং ধ্বংসের পর্য্যায়ে আলোড়িত হইয়া যে সর্ব্বজ্ঞ সর্ব্বশক্তিমান্ পরমেশের পরমাশক্তির অন্তরে সৎস্বরূপে বিরাজ করিতেছে, সেই সৃষ্টি, পালন এবং সংহার কার্য্যেরও অতীত স্বপ্রকাশ পরম ভাবই ওঁকার-শব্দ-বাচ্য। তিনি এই তিনের অতীত, তুরীয় অর্থাৎ চতুর্থ ভাবে অবস্থিত পূর্ণব্রহ্ম!

আমরা প্রত্যেকেই নিজের অন্তরে তিনটী ব্যাপার নিত্যই অনুভব করিতে পারি; যথা জাগ্রৎ, স্বপ্ন ও নিদ্রা। কিন্তু এই তিনটী অবস্থা যাহার দ্বারা বুঝি, সে জ্ঞান কিন্তু অন্তরে নিত্য বিরাজমান বলিয়াই অনুভূত হয়; এবং সেই জ্ঞানের

শাঙ্করভাষ্যম্।

দেহত্যাগেন প্রয়াণমাত্মনো ন স্বরূপনাশেন ইত্যর্থঃ। স এবং ত্যজন্ যাতি গচ্ছতি পরমাং প্রকৃষ্টাং গতিম্॥ ১৩॥

আনন্দগিরিকৃতটীকা।

মুক্ত্বা ত্যজন্ দেহমিতি ব্রুবতা পুনরুক্তিপ্রাপ্তিতা স্যাদিত্যাশঙ্ক্য বিশেষণার্থং বিবৃণোতি

আভাস।

কল্যাণেই এই তিনটী ভাব যথাক্রমে পরিবর্ত্তিত হয়। জাগ্রত কালে আমরা বিবিধও বিচিত্র পদার্থ অনুভব করি; কিন্তু পদার্থের অনুভব উপলক্ষে এই একটী অনুভব শক্তিকেও ধরিতে পারি, যাহা পদার্থের অভাবেও চির বিদ্যমান থাকে। যেমন প্রশস্ত নদীগর্ভে কত অসংখ্য নৌকা ষ্টীমার চলিয়া যাইতেছে; কিন্তু নৌকাদি না থাকিলেও, জলস্রোতের অভাব হয় না; কারণ জলের উপরই নৌকাদি ভাসিয়া বেড়ায়। আমাদের জ্ঞানের নিত্য বিরাজমান ভাবের উপরই যেমন বিষয়ের অনুভূতি ঘটে, আবার জাগ্রৎ, স্বপ্ন এবং সুষুপ্তিও বিষয়-রূপে যে জ্ঞানের নিকট পরিচিত হয়, সেই জ্ঞান স্বরূপই আমি। আমি থাকি-লেই সুখ দুঃখাদির যেমন উপলব্ধি হয়, সেইরূপ আমি জ্ঞানের উপরই জাগ্রত, স্বপ্ন ও সুষুপ্তি জ্ঞেয় মূর্ত্তিতে পরিজ্ঞাত হয়। বাল্য, যৌবন এবং জরাদি অবস্থা সমূহের সাক্ষী যেমন আমি, জাগ্রত, স্বপ্ন এবং সুষুপ্তিরও সাক্ষী সেই আমি; এবং ইহকাল ও পরকালেরও সাক্ষী সেই আমি এবং জন্ম মৃত্যুরও সাক্ষী সেই চৈতন্যস্বরূপ আমি। অতএব অতীত বর্ত্তমান এবং ভবিষ্যৎ নামে যে অবস্থাত্রয় আছে, তাহারও আশ্রয়-মূর্ত্তিতে কাল যেমন নিত্য-সিদ্ধ ভাবে বিদ্যমান স্বীকার করিতে হয়, সেইরূপ কার্য্যের বা ভাবের উৎপত্তি, স্থিতি এবং ধ্বংস ব্যাপারও একটী নিত্যসিদ্ধ চির-বিদ্যমান জ্ঞানের অস্তিত্বের উপর স্বীকার করিতে হয়। সেই চির-বিদ্যমান সর্ব্বসাক্ষী জ্ঞানই ওঙ্কার শব্দ-বাচ্য।

অ+উ+ম্ এই তিনটী অক্ষরের একত্র সন্নিবেশে উৎপন্ন ওঁ এই একা-ক্ষরীকে প্লুতস্বরে সার্দ্ধত্রি-মাত্রায় উচ্চারণ করত পূর্ব্বোক্ত ব্রহ্মভাবের অবধারণ করিবার উপদেশ ভগবান্ দিয়াছেন। গান-শিক্ষার্থী ব্যক্তি সা রে গা মা পা ধা নি যা প্রভৃতি সপ্তগ্রামের মাত্রা পরিমাণে কণ্ঠে স্বর-সংযোগে উচ্চারণ করত যেমন কেবল কণ্ঠে অভ্যস্ত হন, সেইরূপ ওঁ এই একাক্ষর প্রণবকে মাত্রা প্রমাণে উচ্চারণ করত কণ্ঠে এবং তদ্ভাবে অভ্যস্ত কর্ম্মযোগী ব্রহ্মপদ চিন্তনে

আনন্দগিরিকৃতটীকা।

ন্তি দেহেতি। এবমোঙ্কারমুচ্চারয়ন্নর্থং চাভিধ্যায়ন্ ধ্যাননিষ্ঠঃ স পুমানিত্যর্থঃ, পরমামিতি গতিবিশেষণং ক্রমমুক্তিবিবক্ষয়া দ্রষ্টব্যং ॥ ১৩ ॥

আভাস।

অভ্যস্ত হন। স্বর-সংযোগে উচ্চারিত হইলে ওঙ্কার-ধ্বনি প্রথমত অনাহত হইলেও, অ+উ+ম্ এই তিনের অর্থ বিকাশে অন্তরে আহত হয়; অর্থাৎ অ বিষ্ণু, অর্থাৎ সৎস্বরূপে প্রতীয়মান সৃষ্ট সংসার তখন মনোমধ্যে উদিত হয়। পর-ক্ষণেই ইহার পরিবর্ত্তন বা ধ্বংস আগত-প্রায় বা চলিতেছে বলিয়া, উ শব্দে রুদ্রের প্রতি মন নিবিষ্ট হয়। তৎপরক্ষণে আবার জন্ম বা অভিনব ভাব পরিদৃষ্ট হইতেছে বলিয়া, মকার নামক বিধাতা ব্রহ্মার সৃষ্টিকার্য্য মনে উদিত হয়। এই ত্রিবিধ কার্য্য পালন, ধ্বংস এবং সৃষ্টি ব্যাপার পর্য্যায়ক্রমে আলোচনা করত বিষয়ের নিরর্থকতা সিদ্ধান্তে স্থিরীকৃত হইলে, এই ত্রিবিধ কার্য্যের কর্ত্তা সর্ব্বশক্তিমান্ ব্রহ্মা, বিষ্ণু এবং রুদ্র শক্তিরও অধিনায়ক সর্ব্বশক্তিমান্ তুরীয় অর্থাৎ চতুর্থ পরমাত্মার প্রতি চিত্ত স্থির হয়।

গায়কের সম্বল ধ্বনি মাত্র! যাহা তাঁহার আভ্যন্তরীণ চেতনাশক্তি হইতে প্রকাশমান হইয়া, পদার্থ-স্বরূপে শ্রোতৃবৃন্দের কর্ণকে স্পর্শ করে; এবং বস্তু বলিয়া পরিচিত হয়। এই ধ্বনি যে সৎ বা অসৎ পদার্থ তাহা নিরূপণ করা বড়ই কঠিন! যখন চেতন পুরুষ অন্তরে বেগ দেন, তখনই ধ্বনির উদয় হয় এবং সত্য পদার্থ-বলিয়া প্রতীত হয়; কিন্তু গায়কের বেগ নিবৃত্ত হইলেই ধ্বনি কোথায় যে নিবৃত্ত হইয়া প্রস্থান করে, স্বয়ং গায়কই তাহার অনুসন্ধান করিতে পারে না। আবার সেই ধ্বনিতেই উদারা, মুদারা ও তারা ভেদে মৃদু, মধ্য ও তীব্র ভাবেরও পরিচয় হয়। জলের অন্তরে স্রোত বা তরঙ্গাদির উদয়ে যেমন বিচিত্র ভাবের বিকাশ পায়, ধ্বনির অন্তরে স্ফোট-রূপ শব্দ "আমি তুমি" প্রভৃতি শব্দের পরস্পর সম্বন্ধ এবং তদুত্থ শৃঙ্গার, বীর, করুণ, অদ্ভুত, হাস্য, ভয়ানক, বীভৎস, রৌদ্র ও শান্তাদি রস এবং রস-নিবন্ধন পরস্পর কর্য্যের পরিচয় জীব জগতে পরিদৃষ্ট হয়। অর্জ্জুন! এই ধ্বনিই আজ জগতে এই বিপুল সংগ্রামের আয়োজন করিয়াছে; এবং কত জীব যে কত রকমে পর্য্যুদস্ত হইবে, তাহারও নিরূপণ নাই! ইহার প্রত্যেক কার্য্যকে তোমার নিকট সত্যজ্ঞানে প্রতিভাত হইলেও, ইহার মূল আধার ধ্বনির অস্তিত্বই যখন কেহ সৎ কি অসৎভাব বলিয়া নিরূপণ করিতে সমর্থ হইতেছেন

আভাস।

না, তখন তদুৎপন্ন কার্য্য রাগ দ্বেষাদির আশ্রয়ে কার্য্য করা কতদূর সঙ্গত, তাহা তুমি মনে মনে অবধারণ কর! এই ধ্বনি-মূলক জীবের কার্য্য-কলাপের স্রোত যেমন সত্যবৎ প্রতীত হইতেছে, পরম চৈতন্য-শক্তির ওঙ্কার ধ্বনিমূলক ব্রহ্মাণ্ডের রচনা-ব্যপারও ঐরূপ সত্য-মিথ্যা মূর্ত্তিতে প্রতিভাত হইতেছে! অতএব যে মেধাবী বিচক্ষণ ব্যক্তি জগৎকে মিথ্যা বলিয়া অবধারণ করিতে পারেন, তিনিই এই সংসার-কুহক হইতে নিষ্কৃতি লাভে পরম চৈতন্য-শক্তিতে বিশ্রাম করিতে পারেন।

পিতা বা পুত্রের কণ্ঠধ্বনি শ্রবণ মাত্রই যেমন পিতৃমূর্ত্তি বা পুত্রমূর্ত্তি স্মৃতি-পথে আরূঢ় হয়, সৃষ্ট-জগতের সার উপকরণ প্রণব-ধ্বনি হৃদয়ে প্রস্ফুটিত হইবা মাত্র, ভগবন্মূর্ত্তি এবং তাঁহার অনির্ব্বচনীয় শক্তি ভক্তের অন্তরাকাশে সুস্পষ্ট প্রতিভাত হইতে থাকে। চেতনাশক্তি হইতেই যেমন কণ্ঠধ্বনি নিনাদিত হয়, সেইরূপ অনন্ত চৈতন্যশক্তি হইতেই প্রণব ওঙ্কার-ধ্বনি অনাহত মূর্ত্তিতে নিরন্তর প্রতিভাত হইতেছে। সেই ওঙ্কার-ধ্বনির স্ফোট-মূর্ত্তিই এই স্থাবর জঙ্গমাত্মক ব্রহ্মাণ্ড। সেই বিশ্বম্ভরের গান-মূর্ত্তিই তুমি আমি সংসার। সাংসারিক যাবতীয় সুখ সচ্ছন্দের সারই এই প্রণব! ইহা অনন্ত বেশে প্রকাশমান হইয়া বিশ্বের রচনা এবং পরস্পরের আকর্ষণের পরিচয় হইয়াছে; এবং বেণুকে আশ্রয় করিয়া শ্রীকৃষ্ণের মুখ-নির্গত এই ধ্বনিতে গোপী-জগতে তুমুল প্রেমোন্মাদের সৃজন হইয়াছিল।

অতএব কণ্ঠধ্বনিই যেমন আত্ম-স্বরূপে সঙ্গীতকে রচনা করিয়া তাহার তাল-মানানুগত রাগ-রাগিনীযুক্ত সুস্বর সহকারে কবিতা ছন্দোবদ্ধ বাক্য-সমূহের স্ফুরণ করে, অথচ আশ্রয়রূপে স্বয়ং বিরাজমান থাকে, সেইরূপ প্রণব ওঙ্কারও আত্মস্বরূপে এই অনন্ত বিশ্বের রচনা করিয়াও নিজে অনাহত মূর্ত্তিতে চির-বিদ্যমান রহিয়াছেন। গীতির আশ্রয়ই মানবের কণ্ঠধ্বনি! ব্রহ্মাণ্ডের আশ্রয় পরমাত্মার সৃষ্টি করিবার বেগ-ধ্বনিই প্রণব। এই ওঙ্কার-ধ্বনি যদবধি প্রবাহ-মূর্ত্তিতে প্রসারিত থাকে, তদবধি সৃষ্টির পরিচয়; এবং বেগের নিবৃত্তিতেই প্রলয়। এই বেগ ভগবানের আন্তরিক শক্তির উচ্ছ্বাস; সুতরাং প্রণবই তাঁহার স্বরূপের বিকাশ এবং সগুণ-মূর্ত্তির পরিচয়! প্রণবের বিরামই তাঁহার গুণাতীত ভাব। অতএব প্রণবের বাহ্য-বিকাশই ব্রহ্মাণ্ড; এবং নিগুঢ়ভাব অর্থাৎ স্বরূপে বিশ্রামই অদ্বৈত ব্রহ্মভাব। মানব যদবধি সৃষ্টির

অনন্যচেতাঃ সততং যো মাং স্মরতি নিত্যশঃ।
তস্যাহং সুলভঃ পার্থ নিত্যযুক্তস্য যোগিনঃ ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

হে পার্থ! অনন্যচেতাঃ একাগ্রচিত্তঃ সন্ যঃ মাং নিত্যশঃ নিরন্তরং স্মরতি, তস্য নিত্যযুক্তস্য সমাহিতস্য যোগিনঃ অহং সুলভঃ সুখেন লভ্যঃ ভবামি ॥ ১৪ ॥

শাঙ্করভাষ্যম্।

কিঞ্চ অনন্যচেতাঃ নান্যবিষয়ে চেতো যস্য সোঽয়মনন্যচেতা যোগী সততং

আনন্দগিরিকৃতটীকা।

নমু বায়ুনিরোধবিধুরাণাং উদীরিতয়া রীত্যা স্বেচ্ছাপ্রযুক্তোৎক্রমণাসম্ভবাদ্-

অন্য কোন বিষয়ের চিন্তা না করিয়া একমনে যে ব্যক্তি নিরন্তর আমার চিন্তাতেই নিবিষ্ট থাকেন, তিনিই প্রকৃত নিত্য সমাহিত যোগী। আমার স্বরূপ-সাক্ষাৎকারার্থ তাঁহার আর অন্য কোন উপায় বা চেষ্টা করিতে হয় না; আমি সর্ব্বদা তাহারই হইয়া থাকি? ১৪ ॥

আভাস।

প্রতি বৃত্তির আশ্রয়ে প্রণব চিন্তা করেন, তদবধি তাঁহার পরমাত্মার ঐশ্বর্য্য-মূর্ত্তি হৃদয়ে প্রতিভাত হয়; কিন্তু ঐশ্বর্য্য-মূর্ত্তির অনুভূতি হৃদয় হইতে অপসারিত হইবা মাত্র যোগীর হৃদয়ে প্রেমাধার সর্ব্বকারণ-কারণ জগন্মঙ্গল-ময় পরমাত্মভাব জাগিয়া উঠে এবং তখনই যোগীর পরম-গতি লাভ হয়; সন্দেহ নাই! ॥ ১৩ ॥

ভগবানের বাচকই প্রণব। "পাতঞ্জল দর্শনে উক্ত আছে; "তস্য বাচকঃ প্রণবঃ"; তজ্জপ-স্তদর্থধারণং। ততঃ প্রত্যক্‌চেতনাধিগমোঽপ্যন্তরায়াভাবশ্চ। সতু দীর্ঘকালাদর-নৈরন্তর্য্য সংকারসেবিতো দৃঢ়ভূমিঃ ॥ প্রণব ভগবনের স্বরূপের পরিচয় দেয়। বাবা বলিয়া আহ্বানে করিলে পিতাই যেমন উত্তর দেন এবং পুত্রের সহিত পিতার সম্বন্ধ যেমন "বাবা" শব্দে অভিব্যক্ত হয়, সেইরূপ যোগী ওঙ্কার উচ্চারণের দ্বারা প্রাণ মন ভগবানে সমর্পণ করিলে, সাধকের অন্তরে ভগবানের উভয় মূর্ত্তি প্রত্যক্‌চেতনার উদয় হয়। মহর্ষি পতঞ্জলি এই প্রত্যক্ চেতনার পরিচয় দিয়া যোগী সমাজে একটী অদ্ভুত রহস্যের উদ্ঘাটন করিয়াছেন। চিত্তের বহির্ম্মুখা বৃত্তিতে বিষয়ানুভূতির সম্বন্ধ ঘটে,

শাঙ্করভাষ্যম্।

সর্ব্বদা যো মাং পরমেশ্বরং স্মরতি নিত্যশঃ সততমিতি নৈরন্তর্য্যমুচ্যতে। নিত্যশ ইতি দীর্ঘকালত্বমুচ্যতে। ন ষণ্মাসং সংবৎসরং বা, কিং তর্হি যাবজ্জীবং নৈরন্তর্য্যেণ যো মাং স্মরতীত্যর্থঃ তস্য যোগিনঃ অহং সুলভঃ সুখেন লভ্যঃ।

আনন্দগিরিকৃতটীকা।

স্বর্ভা পরমা গতিরাপতেদিতি তত্রাহ কিঞ্চেতি। ইতশ্চ ভগবদনুস্মরণে প্রবৃত্তি-ক্তব্যমিত্যর্থঃ। সততং নিত্যশ ইতি বিশেষণয়োরপুনরুক্তত্বমাহ সততমিত্যাদিনা।

স্বামিকৃতটীকা।

এবঞ্চান্তকালে ধারণয়া মৎপ্রাপ্তি র্নিত্যাভ্যাসবশত এব ভবতি নান্যস্যেতি পূর্ব্বোক্তমেবানুস্মারয়তি অনন্যেতি। নাস্ত্যন্যস্মিন্ চেতো যস্য তথাভূতঃ সন্ যো মাং সততং নিরন্তরং নিত্যশঃ প্রতিদিনং স্মরতি তস্য নিত্যযুক্তস্য সমাহিতস্যাহং সুখেন লভ্যোঽস্মি নান্যস্যেতি॥ ১৪॥

আভাস।

কিন্তু বিষয়ের সম্বন্ধ করিবার গতি নিরস্ত হইলে, চিত্তের গতি অন্তর্মুখী গতির অবলম্বনে আপন স্বরূপের অভিমুখে নামিয়া আইসে। অবশ্য বাহ্যবিষয়ের অভাবে মন আন্তরিক বিষয়ের আলোচনা করে বটে, কিন্তু প্রণবাদি মন্ত্রের জপ এবং তাহার অর্থ-চিন্তা করিলে, বাহ্যবিষয়ের সম্পর্ক পরিত্যাগ করিবার সঙ্গে মানসিক বিষয়ের চিন্তাও উপশমিত হইয়া যায়। সেই সময়ে ঈশ্বর চিন্তা করিবার অবসরে এমন একটী অবসর উপস্থিত হয়, যখন কোন বিষয়-চিন্তা বা ঈশ্বর চিন্তা হইতেও চিত্ত নিরস্ত হইয়া স্বরূপে অর্থাৎ যে শক্তি বহির্মুখে অগ্রসর হইয়া বিষয়ের স্বরূপ প্রকাশ করিতেছিল, প্রকাশ্যের অভাবে তখন স্বয়ং একাকীই প্রকাশ্য মূর্ত্তিতে বিশ্রাম করে। এই কর্ম্মহীন প্রকাশ-মূর্ত্তিই প্রত্যক্‌চেতনা এবং জীবাত্মার নিজ-স্বরূপ। বাহ্যিক বা আন্তরিক বিষয়ের চিন্তা হইতে পশ্চাৎপদ থাকিলেই, নিজের স্বপ্রকাশ স্বরূপ-ভাব আপনা হইতেই দেখা দেয়। এইটী মনুষ্য জীবনের দুর্ল্লভ, অথচ অপূর্ব্বভাব। ইহাকে সংগ্রহ করিতে হয় না; অন্তরে চির বিদ্যমানই রহিয়াছে; তবে অন্যকে প্রকাশ করিবার উপলক্ষে সারা জীবন এতই ব্যস্ত থাকে যে, নিজে চির-সুস্থ হইয়াও, পরের সম্বন্ধ উপলক্ষে আত্মহারা হইয়া পড়ে। জগতের প্রত্যেক পদার্থকে পরীক্ষা করিবার উপলক্ষে নিরন্তর তাহাদের সংসর্গ করিতে হয়; সুতরাং আত্মস্বরূপের প্রতি উপেক্ষা আইসে। বিষয়ের প্রতি উপেক্ষা আসিলেই, আত্ম

মামুপেত্য পুনর্জ্জন্ম দুঃখালয়মশাশ্বতম্।

নাপ্নুবন্তি মহাত্মানঃ সংসিদ্ধিং পরমাং গতাঃ ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

মহাত্মানঃ যতয়ঃ মাং পরমাত্মানং উপেত্য প্রাপ্য পুনঃ দুঃখালয়ং দুঃখানাং আলয়ং স্থানং, অশাশ্বতং অনিত্যং জন্ম ন আপ্নুবন্তি অপি তু তে পরমাং সংসিদ্ধিং মোক্ষং এব গতাঃ প্রাপ্তাঃ ॥ ১৫ ॥

শাঙ্করভাষ্যম্।

পার্থ! নিত্যযুক্তস্য সদা সমাহিতস্য যোগিনঃ যত এবং অতঃ অনন্যচেতাঃ সন্ ময়ি সদা সমাহিতো ভবেৎ ॥ ১৪ ॥

তব সৌলভ্যেন কিং স্যাদিত্যুচ্যতে শৃণু তন্মম সৌলভ্যেন যদ্ ভবতি। মামু-

আনন্দগিরিকৃতটীকা।

উক্তমেবাপৌনরুক্তিং ব্যক্তী করোতি নেত্যাদিনা। জিতাশ্বরিচ্ছয়া দেহং ত্যজতি তদিতরস্য কর্ম্মক্ষয়েণৈবেতি বিশেষং বিবক্ষন্নাহ যত ইতি ॥ ১৪ ॥

অনন্যচেতসং প্রতীশ্বরস্য সৌলভ্যমেবমিত্যুচ্যতে কিং স্যাৎ প্রাপ্তাস্তব্যেবাবতিষ্ঠন্তে

অধিক কি! মহাত্মা যতিগণ মনী। পরমার্থ-ভাবে প্রাণ সমর্পণ

আভাস।

স্বরূপের প্রতিষ্ঠা ঘটে। এই প্রত্যক্ চেতনা অর্থাৎ বিষয়-চিন্তার প্রতিকূলে স্বরূপে প্রতিষ্ঠিত সর্ব্বপ্রকাশক আপন চিন্ময় ভাবের প্রতিষ্ঠা একবার হৃদয়-মন্দিরে জাগরিত হইলে, পুনরায় আর তাহা হারায় না। নিশ্চিন্ত হইলেই সেই আপন চিন্ময় ভাব দেখা দেয়। এমন কি! একটী বিষয়ের চিন্তা পরিত্যাগ করিয়া অপর একটী বিষয়ের চিন্তা করিবার মধ্যে যে সামান্য নিশ্চিন্ত ক্ষণ ঘটে, তন্মধ্যেও আপন সুস্থ নিরাময় চৈতন্য-স্বরূপের প্রতীতি চিত্ত চিন্তা করিয়া থাকে। অতএব এই চেতনা-স্বরূপ নিজ দৃক্-শক্তিকে সমগ্র দেহ হইতে পৃথক্ ভাবে যিনি অবধারণ করিতে পারেন, তিনি সমগ্র ব্রহ্মাণ্ড হইতে পৃথক্ ভাবে আমার (ভগবানের) সর্ব্বদর্শী চেতন-ভাব বা দর্শন-শক্তিকেও অন্তরাকাশে অবধারণ করিতে পারেন। প্রণবের উচ্চারণ এবং তদর্থ-চিন্তনের দ্বারা এই উভয় কার্য্যই হইয়া থাকে। অর্থাৎ আত্মস্বরূপের উপলব্ধি এবং পরমাত্ম-স্বরূপের অবধারণ এক ওঙ্কারের অভ্যাসেই ঘটিয়া থাকে। ইহাই ভগবান্ শ্রীকৃষ্ণের উপদেশের তাৎপর্য্যার্থ ॥ ১৪ ॥

লৌকিক জীবনে যাহাকে জ্ঞানী নামে অভিহিত করা যায়, পারমার্থিক জীবনে

শাঙ্করভাষ্যম্।

পেত্য মাম্ ঈশ্বরমুপেত্য মদ্ভাবমাপন্ন পুনর্জন্ম পুনরুৎপত্তিং ন প্রাপ্নুবন্তি কিংবিশিষ্টং পুনর্জন্ম ন প্রাপ্নুবন্তীতি তদ্বিশেষণমাহ—দুঃখালয়ং দুঃখানামাধ্যাত্মিকাদীনামালয়মাশ্রয়ম্। আলীয়ন্তে যস্মিন্ দুঃখানি ইতি দুঃখালয়ং জন্ম। ন কেবলং দুঃখালয়মশাশ্বতম্ অনবস্থিতস্বরূপং চ নাপ্নুবন্তীদৃশং পুনর্জন্ম মহাত্মানঃ যতয়ঃ সংসিদ্ধিং মোক্ষাখ্যাং পরমাং প্রকৃষ্টাং। গতাঃ প্রাপ্তাঃ। যে পুনর্মাং ন প্রাপ্নুবন্তি তে পুনরাবর্ত্তন্তে॥ ১৫॥

আনন্দগিরিকৃতটীকা।

কিম্বা পুনরাবর্ত্তন্তে চন্দ্রলোকাদিবেতি সন্দেহাৎ পৃচ্ছতি তবেতি। তত্রোত্তরশ্লোকেন নিশ্চয়ং দর্শয়তি উচ্যত ইতি। ঈশ্বরোপগমনং ন সামীপ্যমাত্রমিতি ব্যাচষ্টে মদ্ভাবমিতি। পুনর্জন্মনোঽনিষ্টত্বং প্রশ্নদ্বারা স্পষ্টয়তি কিমিত্যাদিনা। মহাত্মত্বং প্রকৃষ্টসত্ত্ববৈশিষ্ট্যং, যতয়স্তস্মিন্নেবেশ্বরে সমুৎপন্নসম্যগ্দর্শিনো ভূত্বেতি শেষঃ॥ ১৫॥

স্বামিকৃতটীকা।

যদ্যেবং ত্বং স্থূলভোঽসি ততঃ কিমত আহ মামিতি। উক্তলক্ষণা মহাত্মানো মদ্ভক্তা মাং প্রাপ্য পুনর্দুঃখাশ্রয়মনিত্যঞ্চ জন্ম ন প্রাপ্নুবন্তি যতস্তে পরমাং সিদ্ধিং মোক্ষমেব প্রাপ্তাঃ পুনর্জন্মনো দুঃখানাঞ্চালয়ং স্থানং মামুপেত্য ন প্রাপ্নুবন্তীতি বা॥ ১৫॥

---

করিয়া অনন্ত দুঃখের নিত্যনিকেতন অথচ আপাতত মনোরম এই অনিত্য সংসারের প্রগাঢ় প্রবাহে তাঁহাদিগকে আর জন্ম-পরিগ্রহ করিতে হয় না; তাঁহারা স্বীয় যোগ-বলে পরমা গতি লাভে চির নিবৃত্ত হন, সন্দেহ নাই॥ ১৫॥

আভাস।

তিনি প্রকৃত জ্ঞানী নহেন। কারণ লৌকিক জ্ঞান পদার্থ-নিষ্ঠ। অর্থাৎ সৃষ্ট ব্রহ্মাণ্ডের স্থূল সূক্ষ্ম ভেদে পদার্থ নিচয়কে যিনি প্রত্যক্ষের ন্যায় অবধারণ করিতে পারেন, পরমাণু হইতে পরম মহৎ পদার্থ পর্য্যন্ত যাঁহার জ্ঞানে প্রতীত হয়, তিনিই লৌকিক দৃষ্টিতে জ্ঞানী-নামে অভিহিত হইয়া থাকেন। কিন্তু পারমার্থিক দৃষ্টিতে যিনি সমগ্র ব্রহ্মাণ্ডকে তন্ন তন্ন করিয়া পরিদর্শন করিবার পর, যে চেতনা শক্তির দ্বারা সমস্ত বুঝিলেন, সেই চেতনা-শক্তিকে অর্থাৎ স্বীয় দৃক্শক্তিকে অবধারণ করিতে পারিলেন, তিনিই প্রকৃত জ্ঞানী। পুনরায় স্বীয় চেতনা-

আব্রহ্মভুবনাল্লোকাঃ পুনরাবর্ত্তিনোঽর্জ্জুন।
মামুপেত্য তু কৌন্তেয় পুনর্জন্ম ন বিদ্যতে ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

হে অর্জ্জুন। আব্রহ্মভুবনাৎ ব্রহ্মলোকং আরভ্য সর্ব্বে লোকাঃ পুনরাবর্ত্তিনঃ পুনরাবর্ত্তনশীলাঃ। হে কৌন্তেয়! মাং তু উপেত্য পুনর্জন্ম ন বিদ্যতে ॥ ১৬ ॥

শাঙ্করভাষ্যম্।

কে পুনস্ত্বত্তোঽন্যৎ প্রাপ্তাঃ পুনরাবর্ত্তন্তে? ইত্যুচ্যতে আব্রহ্মেতি আব্রহ্ম-ভুবনাৎ

আনন্দগিরিকৃতটীকা।

ভগবন্তমুপগতানামপুনরাবৃত্তৌ ততো বিমুখানামনুপজাতসম্যগ্ধিয়াং পুনরা-

---

দেখ অর্জ্জুন! পরমাত্ম-স্বরূপে আত্মসমর্পণের দ্বারা কৃতার্থ হইবার ন্যায়, উত্তম গতিও আর নাই! কারণ ব্রহ্মলোক হইতে আরম্ভ করিয়া যাবদীয় লোকই জন্মমৃত্যুরূপ পুনরাবৃত্তির স্রোতে নিমগ্ন রহিয়াছে। সুতরাং তত্রত্য জীব-নিচয়কেও জন্ম-মৃত্যুরূপ সংসার-স্রোতে ব্যাকুলিত হইতে হয়। কেবল আমার শরণাগত জীবকে মদীয় পদবী হইতে আর ভ্রষ্ট হইতে হয় না! এবং পুনর্জ্জন্মেরও আর সম্ভাবনা থাকে না ॥ ১৬ ॥

আভাস।

শক্তি অর্থাৎ দৃক্‌শক্তির অনুপাতে ব্রহ্মাণ্ড-ভরা এবং ব্রহ্মাণ্ডের আধার যে পরম শক্তিমান্ দৃক্‌শক্তির অন্তরে বিশ্ব সৃজিত হইয়া বিরাজ করিতেছে, সেই পরম জ্ঞানবান্ ও শক্তিশালী পরমাত্মস্বরূপের অবধারণ করিতে পারেন, তিনিই প্রকৃত পরম জ্ঞানী এবং সংসারের পর পারে দণ্ডায়মান স্বীকার্য্য। এই মহামায়া তাদৃশ জ্ঞানীকে আর সংসার জালে জড়ীভূত করিতে পারেন না; সাধক ভগবৎ পার্ষদ হইয়া, চির শান্তিতে অবস্থান করেন। এই অকিঞ্চিৎকর অনিত্য ঘোর দুঃখের আলয় সংসার-ক্ষেত্রে পুনরায় জন্ম পরিগ্রহের আর বাসনা করেন না; কারণ তাঁহার দেখা বা অনুভব করিবার সাধ মিটিয়া গিয়াছে; এক্ষণে সেই সৃষ্টিকর্ত্তার সমীপে সৃষ্টি স্থিতি এবং সংসার ব্যাপার সম্যক্ অবধারণ করিয়া, সুস্থ চিত্তে ও পূর্ণানন্দে বিশ্রাম সুখ অনুভব করেন ॥ ১৫ ॥

জ্ঞান, তপস্যা যোগ যাগ বা নিত্য নৈমিত্তিকাদি কর্ম্মের অনুষ্ঠানে যে কোন

শাঙ্করভাষ্যম্।

ভবন্তি যস্মিন্ ভূতানি ইতি ভুবনং ব্রহ্মভুবনং ব্রহ্মলোকঃ ইত্যর্থঃ। আব্রহ্ম-ভুবনাৎ সহ ব্রহ্মভুবনেন লোকাঃ সর্ব্বে পুনরাবর্ত্তিনঃ পুনরাবর্ত্তন-স্বভাবাঃ হে অর্জ্জুন! মামেকমুপেত্য তু কৌন্তেয় পুনর্জ্জন্ম পুনরুৎপত্তি র্ন বিদ্যতে॥ ১৬॥

আনন্দগিরিকৃতটীকা।

মুক্তিরর্থসিদ্ধেত্যাহ যে পুনরিতি। অপাম সোমমমৃতা অভূমেতি শ্রুতেঃ, স্বর্গাদি-গতানামপি সমানৈবানাবৃত্তিরিতি আশঙ্কতে কে পুনরিতি। অর্থবাদশ্রুতৌ কর্ম্মি-ণামমৃতত্বস্যাপেক্ষিকত্বং বিবক্ষিত্বা পরিহরতি উচ্যত ইতি। এতেন ভূরাদিলোক-চতুষ্টয়ং প্রবিষ্টানাং পুনরাবৃত্তাবপি জনাদিলোকত্রয়ং প্রাপ্তানামপুনরাবৃত্তিরিতি বিভাগোক্তিরপ্রমাণিকত্বাদেব হেয়েত্যবধেয়ং। তর্হি তদ্বদেবেশ্বরং প্রাপ্তানামপি পুনরাবৃত্তিঃ শঙ্কতে নেত্যাহ মামিতি। যাবৎ সম্পাতশ্রুতিবদীশ্বরং প্রাপ্তানাং নিবৃত্তাবিদ্যানাং পুনরাবৃত্তিরপ্রমাণিকীত্যর্থঃ॥ ১৬॥

স্বামিকৃতটীকা।

তদেবং সর্ব্বেষপি লোকেষু পুনরাবৃত্তিং দর্শয়ন্ নির্দ্ধারয়তি আ ব্রহ্মভুবনাদিতি। ব্রহ্মণো ভুবনং বাসস্থানং ব্রহ্মলোকস্তমভিব্যাপ্য সর্ব্বে লোকাঃ পুনরাবর্ত্তনশীলাঃ ব্রহ্মলোকস্যাপি বিনাশিত্বাৎ তৎপ্রাপ্তানামনুৎপন্নজ্ঞানানামবশ্যংভাবি পুনর্জ্জন্ম য এবং ক্রমমুক্তিফলাভি রুপাসনাভি র্ব্রহ্মলোকং প্রাপ্তা স্তেষামেব তত্রোৎপন্নজ্ঞানানাং ব্রহ্মণা সহ মোক্ষো নান্যেষাং তথা চ, ব্রহ্মণা সহ তে সর্ব্বে সম্প্রাপ্তে প্রতিসঞ্চরে। পরস্যান্তে কৃতাত্মানঃ প্রবিশন্তি পরং পদং। পরস্যান্তে ব্রহ্মণঃ পরময়ুষোঽন্তে কৃতাত্মানো ব্রহ্মভাবাপাদিতমনোবৃত্তয়ঃ কর্ম্মদ্বারেণ যেষাং ব্রহ্মলোক-প্রাপ্তিস্তেষাং ন মোক্ষ ইতি পরিনিষ্ঠিতঃ, মামুপেত্য বর্ত্তমানানান্তু পুনর্জ্জন্ম নাস্ত্যেবেতি॥ ১৬॥

আভাস।

ব্রহ্মলোকাদি ভুবনে মানবের সংগতি লাভ হয়; এবং অকর্ম্ম বা বিকর্ম্ম প্রভৃতির অনুষ্ঠানে অধো লোকে জীবের গমন হয়, সে সমস্ত কোন লোকই চিরস্থায়ী নহে। সমস্তই সংসারের অন্তর্গত; একবার দেখা দেয়; পরক্ষণে কোথায় যে অন্তর্হিত হয়, তাহা সেই করুণাময় ব্যতীত অন্য কেহ নির্দ্ধারণে সক্ষম হন না। সুতরাং উৎকৃষ্ট ব্রহ্ম-লোকে গমন করিয়াই যে কেহ নিশ্চিন্ত হইতে পারিবেন, তাহার যোগ্যতা নাই। যাদুকরের অগণ্য যাদুকার্য্য অবলোকনে চিত্ত বিমোহিত হয় বটে, কিন্তু দেখিবার সাধ মিটে না! বিহ্বল প্রাণে কেবল তাকিয়া থাকিতেই সাধ হয় মাত্র। কিন্তু যাদু-কার্য্যের দিকে মনোনিবেশ বা দৃষ্টিসংযোগ না করিয়া,

আভাস।

যাদুকরের শরণাগত হইয়া তন্নিষ্ঠ যোগ্যতার প্রতি দৃষ্টি করিলে, আর যেমন অভিভূত হইতে হয় না; সেইরূপ সৃষ্টির অনুকূল বা প্রতিকূল ভাবের প্রতি মনোযোগ বা আসক্তি না দেখাইয়া, সেই ব্রহ্মাণ্ডভাণ্ডোদরের যোগ্যতাটীকে এক বার হৃদয়ে ধারণা করিতে পারিলে, আর ভব-ঘোরে ভ্রান্তের ন্যায় পরিভ্রমণ করিতে হয় না॥ ১৬॥

এই শ্লোকে যাহাকে সর্ব্বশ্রেষ্ঠ ব্রহ্মলোক বলিয়া শাস্ত্র কীর্ত্তন করিয়াছেন, তাহারও অস্তিত্বের সীমা আছে। যে সমর্থা জগত্যস্মিন্ সৃষ্টি-সংহার-কারকাঃ। তেঽপি কালেন লীয়ন্তে কালো হি বলবত্তরঃ॥ অহো! এই সংসারে যে সকল ব্রহ্মাদি লোকপালগণ সৃষ্টি স্থিতি এবং পালন কার্য্যের অধিকারী সাজিয়া এই বিপুল ব্রহ্মাণ্ডের পরিচালন করিতেছেন, তাঁহারাও কালের বশবর্ত্তী; কালের প্রভাবে আবির্ভূত হইয়া, সেই বিশ্ব-নিয়ন্তার আজ্ঞানুসারে কার্য্য করিয়া থাকেন এবং কালের বশে অন্তর্হিত হইয়া অজ্ঞান-সাগরে বা তদ্গর্ভেই নিমজ্জিত হন। এই কালও সেই পরম বিভুর নিয়তি মাত্র। শ্রীমদ্ভাগবতাদি ধর্ম্মশাস্ত্রে কালকে সেই পরমেশের চেষ্টা বা নিয়তি নামে কীর্ত্তন করিয়াছেন। "কালং তু চেষ্টা মাহু মনীষিণঃ"। কারণ কালের কোন স্বীয় পৃথক্ অস্তিত্বের পরিচয় পাওয়া যায় না; ক্রিয়ার দ্বারাই কালের পরিমাণ হইয়া থাকে। বিশ্বপতির কার্য্যই কাল নামে অর্থাৎ কর্ম্মের নিয়োগই কাল নামে অভিহিত। কিন্তু ব্যবহারিক নিয়মে যেন কালের দ্বারাই কর্ম্মের গতি নিরূপিত হইয়া থাকে। সুতরাং ভগবান্ শ্রীকৃষ্ণ মনুষ্যের দিবা ও রাত্রির তুলনায় ব্রহ্মলোকের অস্তিত্ব-কাল জগদ্বাসীকে বুঝাইতে অগ্রসর হইয়াছেন। তিনি স্পষ্টত বুঝাইয়াছেন যে, জগতে কোন বস্তু বা লোক চিরস্থায়ী নহে। ব্রহ্মলোকাদি স্থানকে যে চির সুখের আশ্রয় বলিয়া পুরাণাদিতে কীর্ত্তিত হইয়াছে; যথা তপস্বিনো দানশীলাঃ বীতরাগা স্তিতিক্ষবঃ। ত্রৈলোক্যস্যোপরিস্থানং লভন্তে শোকবর্জ্জিতং॥ ইত্যাদি; বেদবাক্যও আছে, যথা; অপাম সোমমমৃতা অভূম ইতি। এ সমস্ত বাক্য কেবল প্রশংসা-পর মাত্র! অর্থাৎ অমরত্ব শব্দ বহুকাল বাপিত্বের পরিচায়ক মাত্র। বাক্যান্তরে উল্লেখ আছে যে, আভূত-সংপ্লবং স্থানং অমৃতত্বং হি ভাষ্যতে॥ অর্থাৎ ক্ষিত্যপ্ তেজ মরুৎব্যোমাদি সূক্ষ্ম তন্মাত্র উৎপন্ন হইয়া পুনঃ অব্যক্তে লীন না হওয়া পর্য্যন্ত কালকে অমরত্ব নামে অভিহিত করা হইয়াছে; সুতরাং সমস্তই প্রশংসা-পর বাক্য। কারণ অব্যক্ত ভাব হইতে সৃষ্টিকালে যে কোন লোক

সহস্র-যুগ-পর্য্যন্তমহ র্যদ্ ব্রহ্মণোঃ বিদুঃ।

অন্বয়ঃ।

সহস্রযুগপর্য্যন্তং যৎ ব্রহ্মণঃ অহঃ দিনং তথা যুগসহস্রান্তাং রাত্রিং যে বিদুঃ

শাঙ্করভাষ্যম্।

ব্রহ্মলোকসহিতা লোকাঃ কস্মাৎ পুনরাবর্ত্তিনঃ কালপরিচ্ছিন্নত্বাৎ কথম্— সহস্রযুগপর্য্যন্তং সহস্রং যুগানি পর্য্যন্তং পর্য্যবসানং যস্যাহ্নঃ তদহঃ সহস্রযুগপর্য্যন্তং ব্রহ্মণঃ প্রজাপতেঃ বিরাজঃ বিদুঃ, রাত্রিমপি যুগসহস্রান্তাম্ অহঃপরিমাণামেব।

আনন্দগিরিকৃতটীকা।

যস্য স্বাভাবিকী বংশপ্রযুক্তা চ শুদ্ধিস্তস্যৈবোক্তেঽর্থে বুদ্ধিরুদেতীতি মত্বা সম্বুদ্ধিষয়ং। ব্রহ্মলোকসহিতানাং পুনরাবৃত্তৌ হেতুং প্রশ্নদ্বারা দর্শয়তি ব্রহ্মেতি।

স্বামিকৃতটীকা।

নমু চ তপস্বিনো দানশীলা বীতরাগা স্তিতিক্ষবঃ। ত্রৈলোক্যস্যোপরিস্থানং লভন্তে শোকবর্জ্জিতং। ইত্যাদিপুরাণবাক্যৈস্ত্রিলোক্যাঃ সকাশান্মহর্লোকাদীনা-মুৎকৃষ্টত্বং গম্যতে বিনাশিত্বে চ সর্ব্বেষামবৈশিষ্ট্যে কথমসৌ বিশেষঃ স্যাদিত্যাশঙ্ক্য বহুকালাবস্থায়িত্বনিমিত্তোঽসৌ বিশেষ ইত্যাশয়েন স্বমানেন শতবর্ষায়ুষো ব্রহ্মণোঽ-হন্যহনি ত্রিলোক্যা উপত্তির্নিশি নিশি চ প্রলয়ো ভবতীতি দর্শয়িষ্যন্ ব্রহ্মণো-ঽহোরাত্রয়োঃ প্রমাণমাহ সহস্রেতি। সহস্রং যুগানি পর্য্যন্তোঽবসানং যস্য তদ্ব্রহ্মণো যদহস্তদ্যে বিদুঃ যুগসহস্রমন্তো যস্যাস্তাং রাত্রিঞ্চ যোগবলেন যে

---

আমাদের এই জগতে চন্দ্র সূর্য্যের উদয় এবং অস্তের দ্বারা যেমন মনুষ্যলোকে দিবা রাত্রির পরিচয় হইয়া থাকে, সেইরূপ একটী অসীম ধ্রুব সূর্য্যলোকের পরিবেষ্টনে ব্রহ্মলোকেরও দিবা রাত্রির কল্পনা হইয়া থাকে। সেস্থলে মনুষ্য পরিমাণের চারি যুগে দেব

আভাস।

বা পদার্থ ব্যক্ত মূর্ত্তিতে পরিদৃষ্ট হইয়াছে, সকলকেই পুনঃ অব্যক্ত মূর্ত্তি ধারণে লীন হইতে হয়। ব্রহ্মলোকেরও লীনভাব পাইতে হইবে। তবে অপেক্ষাকৃত দীর্ঘকাল স্থায়ীত্বের পরিচয়ে মাত্র, শাস্ত্র অমর শব্দের কীর্ত্তন করিয়াছেন ॥ ১৬ ॥

এক্ষণে সেই ব্রহ্মলোকের স্থায়িত্বকাল যে কত, তাহাই এই শ্লোকে বর্ণিত হইয়াছে। ১৭২৮০০০ বর্ষ সত্যযুগের পরিমাণ; ১২৯৬০০০ বর্ষ ত্রেতাযুগ,

রাত্রিং যুগ-সহস্রান্তাং তেঽহোরাত্রবিদো জনাঃ ॥১৭॥

অন্বয়ঃ।

জানন্তি, তে জনাঃ অহো-রাত্রবিদঃ ॥ ১৭ ॥

শাঙ্করভাষ্যম্।

কে বিদুরিত্যাহ তে অহোরাত্রবিদঃ কালসঙ্খ্যাবিদঃ জনাঃ ইত্যর্থঃ। যত এবং কালপরিচ্ছিন্নাস্তেঽতএব পুনরাবর্ত্তিনঃ লোকাঃ ॥ ১৭ ॥

আনন্দগিরিকৃতটীকা।

উক্তমেব হেতুমাকাঙ্ক্ষাপূর্ব্বকমুত্তরশ্লোকেন সাধয়তি কথমিত্যাদিনা। যথোক্তা-হোরাত্রাবয়বমাসর্ত্ত্বয়নসম্বৎসরাবয়ব শতসংখ্যায়ুরবচ্ছিন্নত্বাৎ প্রজাপতেস্তদন্তর্ব্বর্ত্তিনা-মপি লোকানাং যথাযোগ্যকালপরিচ্ছিন্নত্বেন পুনরাবৃত্তিরিত্যভিপ্রেত্য ব্যাচষ্টে সহস্রেত্যাদিনা ॥ ১৭ ॥

স্বামিকৃতটীকা।

বিদুস্তএব সর্ব্বজ্ঞা জনা অহোরাত্রবিদঃ। যেযান্তু কেবলং চন্দ্রাদিত্যগত্যৈব জ্ঞানং তে তথাহোরাত্রবিদোঃ ন ভবন্তি অল্পদর্শিত্বাৎ। যুগশব্দেনাত্র চতুর্যুগমভিপ্রেতং চতুর্যুগসহস্রন্তু ব্রহ্মণো দিনমুচ্যত ইতি বিষ্ণুপুরাণোক্তেঃ, ব্রহ্মণ ইতি চ মহর্লোকা-দিবাসিনামুপলক্ষণার্থং। তত্রায়ং কালগণনাপ্রকারঃ, মনুষ্যাণাং যদ্বর্ষং তদ্দেবা-নামহোরাত্রং তাদৃশৈরহোরাত্রৈঃ পক্ষমাসাদিকল্পনয়া দ্বাদশভি বর্ষসহস্রৈশ্চতুর্যুগং ভবতি, চতুর্যুগসহস্রন্তু ব্রহ্মণো দিনং তাবৎপ্রমাণৈব রাত্রিস্তাদৃশৈশ্চাহোরাত্রৈঃ পক্ষমাসাদিক্রমেণ বর্ষশতং ব্রহ্মণঃ পরমায়ুরিতি ॥ ১৭ ॥

লোকের এক যুগ; তাদৃশ সহস্র যুগে অর্থাৎ মনুষ্য পরিমাণের চারি সহস্র যুগে ব্রহ্মার এক দিন এবং দেব পরিমাণে সহস্র এবং মনুষ্য পরিমাণে চারি-সহস্র যুগে ব্রহ্মার এক রাত্রি। এই ব্রহ্মার দিবা রাত্রির ধারণা যাঁহারা করিতে পারেন, তাঁহারাই প্রকৃত যোগী ও অহোরাত্রজ্ঞ ॥ ১৭ ॥

আভাস।

৮৬৪০০০ বর্ষ দ্বাপর এবং কলিযুগ ৪৩২০০০ বর্ষ। মনুষ্য পরিমাণে এই যুগ চতুষ্টয়ের গণনায় যে ৪৩২০০০০ বর্ষ, তাহাতে দেবলোকের একযুগ হয়। এইরূপ দেব পরিমাণের সহস্রযুগ ব্যাপিয়া প্রজাপতি ব্রহ্মার এক দিন এবং এক সহস্র যুগে এক রাত্রি হয়। এইরূপ পঞ্চদশ দিবসে ব্রহ্মার এক পক্ষ এবং

অব্যক্তাদ্ ব্যক্তয়ঃ সর্ব্বাঃ প্রভবন্ত্যহরাগমে।

অন্বয়ঃ।

অহরাগমে ব্রহ্মণঃ দিনস্য আরম্ভে অব্যক্তাৎ কারণরূপেণ বিদ্যমানায়াঃ

শাঙ্করভাষ্যম্।

প্রজাপতেরহনি যদ্ ভবতি রাত্রৌ চ তদুচ্যতে। অব্যক্তাৎ অব্যক্তং প্রজাপতেঃ স্বাপাবস্থা, তস্মাদব্যক্তাৎ ব্যক্তয়ঃ ব্যজ্যন্তে ইতি ব্যক্তয়ঃ স্থাবরজঙ্গম-লক্ষণাঃ সর্ব্বাঃ প্রভবন্তি অভিব্যজ্যন্তে; অহ্ন আগমঃ অহরাগমঃ তস্মিন্ অহরা-

আনন্দগিরিকৃতটীকা।

অক্ষরার্থমুক্ত্বা তাৎপর্য্যার্থমাহ যত ইতি। যৎ প্রজাপতেরহস্তদ্‌যুগসহস্রপরি-মিতং যা চ তস্য রাত্রিঃ সাপি তথেতি কালবিদামভিপ্রায়মনুস্মৃত্য ব্রাহ্মস্যাহোরাত্রস্য কালপরিমাণং দর্শয়িত্বা তত্রৈব বিভজ্য কার্য্যং কথয়তি প্রজাপতেরিতি। অব্যক্ত-

স্বামিকৃতটীকা।

ততঃ কিমত আহ অব্যক্তাদিত্যাদি। কার্য্যস্যাব্যক্তরূপং কারণাত্মকং তস্মা-দব্যক্তাৎ কারণরূপাৎ ব্যজ্যন্ত ইতি ব্যক্তয় শ্চরাচরাণি ভূতানি প্রাদুর্ভবন্তি, কদা, অহরাগমে ব্রহ্মণো দিবসস্যোপক্রমে, তথা রাত্রেরাগমে ব্রহ্মশয়নে তস্মিন্নেবা-

ব্রহ্মার দিবার আগমে মহাশক্তি অব্যক্তা প্রকৃতির অন্তর হইতে

আভাস।

দুই পক্ষে এক মাস; দ্বাদশ মাসে এক বৎসর এবং শত বৎসরে ব্রহ্মার পরমায়ুঃ। তৎপরে ব্রহ্মারও মৃত্যু। এতদর্থে দর্শনকার সাংখ্যাচার্য্য, সাংখ্যতত্ত্ব কৌমুদীতে প্রকাশ করিয়াছেন যে, "তত্র জরামরণকৃতং দুঃখং প্রাপ্নোতি চেতনঃ পুরুষঃ। লিঙ্গস্যাবিনিবৃত্তেস্তস্মাৎ দুঃখং স্বভাবেন॥ ৫৫॥ সাংখ্যচার্য্যের এই কারিকাতে স্পষ্টত প্রকাশ করা হইয়াছে যে, চেতন পুরুষমাত্রেই জরা বা মরণ-জনিত দুঃখ প্রাপ্ত হইয়া থাকেন। লিঙ্গদেহে যে চৈতন্যস্বরূপ পুরুষ অবস্থান করেন, তিনি সম্পূর্ণ বিশুদ্ধ চৈতন্য, কি তৎসঙ্গে প্রকৃতিও বিশুদ্ধ সত্বস্বরূপে অবিনাভাবে বিদ্যমান আছেন কি না? এতদুত্তরে বলা যাইতে পারে যে, প্রকৃতি ও পুরুষ কখন পৃথক্‌ভাবে অবস্থিত নহেন। এতদর্থে শ্রুতিও বলিয়াছেন যে, "মায়ান্তু প্রকৃতিং বিদ্যান্মায়িনন্তু মহেশ্বরং। তস্যাবয়বভূতৈস্তু ব্যাপ্তং সর্ব্বমিদং জগৎ॥ মায়া বা প্রকৃতি নামে যে মহাশক্তির উল্লেখ সমগ্র শাস্ত্র সাগরেই আছে, সেই প্রকৃতি মহেশ্বর পরমাত্মারই শক্তি। শক্তি ও শক্তিমানের সম্বন্ধে কার্য্যত পার্থক্যের পরিচয় অনুভূত

রাত্র্যাগমে প্রলীয়ন্তে তত্রৈবাব্যক্তসংজ্ঞকে ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

প্রকৃতেঃ সকাশাৎ সর্ব্বাঃ ব্যক্তয়ঃ ভূতানি প্রভবন্তি প্রাদুর্ভবন্তি তথা ব্রহ্মণঃ রাত্র্যাগমে অব্যক্ত-সংজ্ঞকে কারণরূপে প্রধানে প্রলয়ং যান্তি প্রলীয়ন্তে ॥ ১৮ ॥

শাঙ্করভাষ্যম্।

গমে কালে ব্রহ্মণঃ প্রবোধ-কালে তথা রাত্র্যাগমেঃ ব্রহ্মণঃ স্বাপকালে প্রলীয়ন্তে সর্ব্বা ব্যক্তয়ঃ তত্রৈব পূর্ব্বোক্তে অব্যক্তসংজ্ঞকে ॥ ১৮॥

আনন্দগিরিকৃতটীকা।

মব্যাকৃতমিতিশঙ্কাং বারয়তি অব্যক্তমিত্যাদিনা। জাতিপ্রভৃতিযোগিভূতা ব্যক্তীর্ব্যা-বর্ত্তয়তি স্থাবরেতি। অসৎপত্তিপ্রসক্তিং প্রত্যাদিশতি অভিব্যজ্যন্ত ইতি। পূর্ব্বোক্ত-মব্যক্তসংজ্ঞকং স্বাপাবস্থং ব্রহ্ম প্রজাপতিশব্দিতং তস্মিন্নিতি যাবৎ ॥ ১৮ ॥

স্বামিকৃতটীকা।

ব্যক্তসংজ্ঞকে কারণরূপে প্রলয়ং যান্তি। যদ্বা তেঽহোরাত্রবিদ ইত্যেতন্ন বিধীয়তে কিন্তু তে প্রসিদ্ধা অহোরাত্রবিদো জনা ব্রহ্মণো যদহর্ব্বিংস্তস্যাহ্ন আগমেঽব্যক্তাদ্ব্যক্তয়ঃ প্রভবন্তি যাঞ্চ রাত্রিং বিতন্বন্তী রাত্রেরাগমে প্রলীয়ন্ত ইতি দ্বয়োরন্বয়ঃ ॥ ১৮ ॥

যাবতীয় পদার্থ ব্যক্তভাব ধারণে প্রতীত হয় এবং রাত্র্যাগমে সেই মহাশক্তিতে এই সমস্ত দৃশ্যভাব অব্যক্ত মূর্ত্তিতে প্রলীন হইয়া যায় ॥ ১৮ ॥

আভাস।

হইলেও, কেহ কখন পরস্পরকে পরিত্যাগ করিয়া বিচ্ছিন্ন ভাবে অবস্থান করিতে পারেন না। কারণ চৈতন্য-স্বরূপ পুরুষে যেমন বুঝিবার ব্যাপার বা ক্রিয়া মিলিত আছে, করিবার সঙ্গে কার্য্যের বোধও মিলিত আছে। সুতরাং বুঝিবার শক্তি জ্ঞান এবং করিবার শক্তি প্রকৃতি উভয়ে অবিনাভাবে পরস্পরে একাত্মরূপে চির বিদ্যমান রহিয়াছেন। মানব যখন নিজের অন্তর্নিহিত শক্তির প্রতি দৃষ্টি করেন, তখনই তাঁহার কার্য্যের উদ্যোগ হয়, সেইরূপ পরমাত্মা যখন "স ঐক্ষত বহুঃস্যাম্ প্রজায়েয়, আমি বহু হইব, জ্ঞানে নিজের শক্তির প্রতি দৃষ্টি করেন, তখনই তাহাতে ব্রহ্মাণ্ড সৃষ্টির উদ্যোগ হয়; এবং যখনই শক্তির প্রতি দৃষ্টির উপসংহ

ভূতগ্রামঃ স এবায়ং ভূত্বা ভূত্বা প্রলীয়তে।

অন্বয়ঃ।

হে পার্থ! (যঃ পূর্ব্বকল্পে অসীৎ) সঃ এব অয়ং ভূতগ্রামঃ স্থাবর-জঙ্গমাত্মকঃ

শাঙ্করভাষ্যম্।

অকৃতাভ্যাগম-কৃতবিপ্রণাশদোষপরিহারার্থং বন্ধমোক্ষশাস্ত্র-প্রবৃত্তি-সাফল্যপ্রদর্শ-

আনন্দগিরিকৃতটীকা।

নমু প্রবোধকালে ব্রহ্মণো যো ভূতগ্রামো ভূত্বা তস্যৈব স্বাপকালে বিলীয়তে তস্মাদন্যো ভূয়ো ভূয়ো ব্রহ্মণোঽহরাগমে ভূত্বা পুনঃ রাত্র্যাগমে পরবশো বিনশ্যতি

স্বামিকৃতটীকা।

তত্র চ কৃতনাশাকৃতাভ্যাগমশঙ্কাং বারয়ন্ বৈরাগ্যার্থং সৃষ্টিপ্রলয়-প্রবাহস্যাবিচ্ছেদং দর্শয়তি ভূতগ্রাম ইতি। ভূতানাং চরাচরপ্রাণিনাং গ্রামঃ সমূহো যঃ প্রাগাসীৎ

---

ব্যক্ত ভাবে প্রকাশের নাম জন্ম এবং অব্যক্ত ভাবে লীন হইবার পদ্ধতিতে যে মৃত্যু, এই ধারাবাহিক নিয়মের অনুরোধে এই স্থাবর জঙ্গমাত্মক ভূত-গ্রাম সেই কাল স্রোতে অর্থাৎ ব্রহ্মার দিবাগমে

আভাস।

হারে আত্মস্বরূপের নিস্তব্ধ ভাবের প্রতি দৃষ্টি করেন, তখনই তিনি শক্তিহীন চৈতন্য স্বরূপে বিশ্রাম করেন। কিন্তু তখনও তাঁহার বৈষ্ণবী শক্তির অপলোপ হয় না; নিষ্ক্রিয় ভাবে গুণত্রয়ের সাম্যাবস্থায় তাঁহার বিশ্রাম চৈতন্যস্বরূপেই ঘটে। চৈতন্য স্বরূপেরও নিষ্ক্রিয়ং নিষ্কলং শান্তং নিরবদ্যং নিরঞ্জনং ইত্যাদি শ্রুত্যুক্ত ভাবে বিশ্রামের উল্লেখ আছে। অতএব বেদান্ত, সাংখ্য এবং পাতঞ্জল প্রভৃতি দর্শনকার প্রত্যেকে অদ্বিতীয় পরমাত্মা, পরম পুরুষ এবং ঈশ্বর নাম দিয়া যিনিই সেই পরমেশের কল্পনা করুন, প্রকৃতি ও পুরুষের অবিনাভাব সম্বন্ধ সকলেই একবাক্যে স্বীকার করিয়াছেন। এতদর্থে কাহারও কোন মতদ্বৈধ নাই। কেবল সাংখ্যমতে পুরুষ বহুত্বং সিদ্ধং" কথাটীতে অদ্বৈত-বাদী বেদান্তের সহিত মতদ্বৈধত্বের ন্যায় পরিচয় হইলেও, "বহুস্যাম প্রজায়েয়" শ্রুতি বচনে বহুত্বেরও স্বীকার করা হইয়াছে।

মানব নির্জ্জনে নিঃসঙ্গ ভাবে অবস্থান পূর্ব্বক যত প্রকার কল্পনা করেন, প্রত্যেক কল্পনাই তাঁহার এক একটী ভাব-দেহ বলিয়া স্বীকার করিতে হয়। কারণ এই ভাবেই চৈতন্যস্বরূপের নিজ শক্তির প্রতি দৃষ্টির পতন! যাহাকে সাংখ্যকার সংযোগ নামে অভিহিত করিয়াছেন। এই দৃষ্টির ফলে যে ভাবদেহ, তাহাই বেদান্তের

রাত্র্যাগমেঽবশঃ পার্থ প্রভবত্যহরাগমে ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

ভূত্বা ভূত্বা প্রলীয়তে রাত্র্যাগমে, তথা অবশঃ এব অহরাগমে প্রভবতি ॥ ১৯ ॥

শাঙ্করভাষ্যম্।

নার্থম্ অবিদ্যাদিক্লেশমূলকর্ম্মাশয়বশাচ্চ অবশো ভূতগ্রামঃ ভূত্বা ভূত্বা প্রলীয়তে ইত্যতঃ সংসারে বৈরাগ্যপ্রদর্শনার্থঞ্চেদমাহ। ভূতগ্রামঃ ভূতসমুদায়ঃ স্থাবর-

আনন্দগিরিকৃতটীকা।

তদেবং প্রত্যবান্তরকল্পং ভূতগ্রামবিভাগো ভবেদিত্যাশঙ্ক্যানন্তরশ্লোকতাৎপর্য্যমাহ অকৃতেতি। প্রতিকল্পং প্রাণিনিকায়স্য ভিন্নত্বে সতি অকৃতাভ্যাগমাদিদোষপ্রসঙ্গা-ত্তৎপরিহারার্থং ভূতগ্রামস্য প্রতিকল্পমৈক্যমাস্থেয়মিত্যর্থঃ। যদি স্থাবর জঙ্গম লক্ষণ-প্রাণিনিকায়স্য প্রতিকল্পমন্যথাত্বং তদেকস্য বন্ধমোক্ষান্বয়িনোঽভাবাৎ কাণ্ডদ্বয়া-

স্বামিকৃতটীকা।

স এবায়মহরাগমে ভূত্বা রাত্রেরাগমে প্রলীয়তে; প্রলীয় প্রলীয় পুনরপ্যহরাগমে ঽবশঃ কর্ম্মাদিপরতন্ত্রঃ সন্ প্রভবতি নান্য ইত্যর্থঃ ॥ ১৯ ॥

---

একবার ব্যক্ত মূর্ত্তিতে প্রতীত হইয়া যেন জন্ম পরিগ্রহ করিতেছে, আবার ব্রহ্ম রাত্রির আগমে অব্যক্ত মূর্ত্তিতে সেই প্রধানা প্রকৃতিতেই লীন হইয়া যেন আত্ম-ধ্বংসের পরিচয় দিয়া থাকে ॥ ১৯ ॥

আভাস।

কারণ-দেহ এবং সাংখ্যকারের লিঙ্গদেহ। এই কারণ বা লিঙ্গ-দেহই উত্তরোত্তর সূক্ষ্ম-দেহ এবং স্থূল-দেহের মূর্ত্তিতে পরিণত হইয়া, স্থূল ভোগ্য জগতের সহিত সম্বন্ধ ঘটায়। পাঠকের স্মরণ রাখা কর্ত্তব্য যে, শক্তিমান্ চৈতন্যস্বরূপই যখন নিজ শক্তির প্রতি দৃষ্টি করেন, তখনই তিনি পুরুষ! ত্রিগুণময়ী প্রকৃতি যখন অনন্ত, অথচ তাঁহার গুণত্রয়ের বৈষম্যও যখন অনন্ত, তখন তাঁহাতে দৃষ্টি করায়, চৈতন্যস্বরূপ অদ্বিতীয় এবং অনন্ত হইলেও, শক্তির বৈচিত্র্য-নিবন্ধন পুরুষেরও বহুত্ব সুতরাং স্বীকার্য্য হইয়া পড়ে। এক জন মানব স্বকীয় স্ত্রী পুত্র বিষয় ক্ষেত্র এবং অন্যান্য সম্পর্কের অনুরোধে এবং তদনুকূল বা প্রতিকূল মনোগত ভাবের অনুরোধে আপনাকে যেমন বহু ভাগে ও নামে বিভক্ত বলিয়া মনে করেন, কাহার সম্বন্ধে পিতা, ভ্রাতা, সুখী, দুঃখী প্রভৃতি এক আপনাকেই বিভক্ত মনে করেন,

শাঙ্করভাষ্যম্।

জঙ্গমলক্ষণো যঃ পূর্ব্বস্মিন্ কল্পে আসীৎ স এবায়ং নান্যো ভূত্বা ভূত্বা অহরাগমে, প্রলীয়তে পুনঃ পুনঃ রাত্র্যাগমে অহ্নঃ ক্ষয়ে অবশঃ অস্বতন্ত্রঃ এব পার্থ প্রভবতি জায়তে স এবাহরাগমে ॥ ১৯ ॥

আনন্দগিরিকৃতটীকা।

অনো বন্ধমোক্ষার্থস্য শাস্ত্রস্য প্রবৃত্তিরফলা প্রসজ্যেত অতস্তৎসাফল্যার্থমপি প্রতিকল্পং প্রাণিবর্গস্য নবীনত্বানুপপত্তিরিত্যাহ বন্ধেতি। কথং পুনর্ভূতসমুদায়োঽস্বতন্ত্রঃ সন্নবশো ভূত্বা ভূত্বা প্রবিলীয়তে তত্রাহ অবিদ্যাদীতি। আদিশব্দেনাস্মিতারাগদ্বেষাভিনিবেশা গৃহ্যন্তে, যথোক্তং ক্লেশপঞ্চকং মূলং প্রতিলভ্য কল্পং প্রতিলভ্য ধর্ম্মাধর্ম্মাত্মক-কর্ম্মরাশিরুদ্ভবতি তদ্বশাদেবাস্বতন্ত্রো ভূতসমুদায়ো জন্মবিনাশাবনুভবতীত্যর্থঃ। প্রাণিনিকায়স্য জন্মনাশাভ্যাসোক্তেরর্থসিদ্ধমর্থমাহ ইত্যত ইতি। সংসারে বিপরিবর্ত্তমানানাং প্রাণিনামস্বাতন্ত্র্যাদবশানামেব জন্মমরণপ্রবন্ধসম্বন্ধাৎ অলমনেন সংসারেণেতি বৈতৃষ্ণ্যং তস্মিন্ প্রদর্শনীয়ং তদর্থঞ্চেদম্ভূতানামহোরাত্রমাবৃত্তিবচনমিত্যর্থঃ, সমনন্তরবাক্যমিদমা পরামৃশ্যতে। রাত্র্যাগমে লয়মনুভবতোঽহরাগমে চ প্রভবং প্রতিপদ্যমানস্য প্রাণিবর্গস্য তুল্যং পারবশ্যমিত্যাশয়বানাহ অহ্ন ইতি ॥ ১৯ ॥

আভাস।

সেইরূপ এক পরমেশই বৃত্তি-বিশেষে জীব এবং বৃত্তির উপশমে শিব হইয়া থাকেন। বেদান্ত সমষ্টি জীবাত্মাকেই পরব্রহ্ম এবং ব্যষ্টি অর্থাৎ প্রকৃতির বৈচিত্র্যে বহু ভাগগ্রস্ত মায়ার প্রতি অবলোকন-কারী চৈতন্যস্বরূপ জীবাত্মাকে পুরুষ-নামে অভিহিত করিয়াছেন।

এই পুরুষই অতি নিকৃষ্ট তির্য্যক্ যোনি হইতে ব্রহ্মলোক পর্য্যন্ত জ্ঞানমূর্ত্তি জীবাত্মা সাজিয়া নিজের সৃষ্টির পরিচয় নিজেই গ্রহণ করিতেছেন। সুতরাং নিকৃষ্টের যেমন জন্ম-মরণের পরিচয় আছে, উৎকৃষ্টেরও সেইরূপ জন্ম, জরা ও মরণাদির পরিচয় অবশ্য স্বীকার করিতে হয়। অতএব ব্যক্ত মূর্ত্তিতে যে কোন লোকালয় বা ভুবন নামে স্থান এবং তত্রত্য জীব-নিচয় আছে, সকলেই কালের অধীন; কালক্রমে সকলেরই আবির্ভাব বা তিরোভাব ঘটিয়া থাকে; চিরস্থায়ী কেহই নাই। ব্রহ্মার দিন অর্থাৎ প্রবোধ-কালে, তাঁহার অব্যক্ত ভাব হইতে এই ব্যক্ত ভুবন সমূহ ব্যক্ত ভাব প্রাপ্ত হইয়া, জ্ঞানের বিষয়-রূপে পরিচিত হয়; এবং জ্ঞাতা পুরুষও জাগিয়া উঠেন এবং ভোগের দ্বারা ঈশ-সৃষ্ট জগৎকে প্রত্যক্ষ

পরস্তস্মাত্তু ভাবোঽন্যোঽব্যক্তোঽব্যক্তাৎসনাতনঃ।
যঃ স সর্ব্বেষু ভূতেষু নশ্যৎসু ন বিনশ্যতি ॥ ২০ ॥

অন্বয়ঃ।

তস্মাৎ পূর্ব্বোক্তাৎ অব্যক্তাৎ তু পরঃ উৎকৃষ্টঃ অন্যঃ সনাতনঃ নিত্যসিদ্ধঃ অব্যক্তঃ যঃ ভাবঃ অক্ষরঃ ইতি অস্তি সঃ সর্ব্বেষু ভূতেষু নশ্যৎসু অপি ন বিনশ্যতি ॥ ২০ ॥

শাঙ্করভাষ্যম্।

যদুপন্যস্তমক্ষরং তস্য প্রাপ্ত্যুপায়ো নির্দ্দিষ্ট ওমিত্যেকাক্ষরং ব্রহ্মেত্যাদিনাথে- দানীমক্ষরস্যৈব স্বরূপনির্দ্দিদিক্ষয়েদমুচ্যতে পর ইতি। অনেন যোগমার্গেণেদং গন্ত-

আনন্দগিরিকৃতটীকা।

অক্ষরং ব্রহ্ম পরমমিত্যুপক্রম্য তদনুপযুক্তং কিমিদমন্যদুক্তমিত্যাশঙ্ক্য বৃত্তম- নুদ্যানন্তরগ্রন্থসঙ্গতিমাহ যদুপন্যস্তমিতি। অক্ষর-স্বরূপে নির্দ্দিদিক্ষিতে তস্মিন্ পূর্ব্বোক্তযোগমার্গস্য কথমুপযোগঃ স্যাদিত্যাশঙ্ক্য তৎপ্রাপ্ত্যুপায়ত্বেনেত্যাহ অনে-

এই ব্যক্ত ও অব্যক্ত ভাবের পূর্ণ আধার প্রকৃতিরও আধার-রূপে অপর একটী পরম ভাব অব্যক্ত চিন্ময়মূর্ত্তিতে চির বিদ্যমান রহিয়াছেন। এই অনন্ত ভূত-সমূহ বিনষ্ট হইবার ন্যায়, সম্পূর্ণ বিলীন হইলেও, তিনি নিত্য সিদ্ধের ন্যায় আত্মস্বরূপে পরম জ্ঞানজ্যোতিতে বিদ্যমান রহিয়াছেন ॥ ২০ ॥

আভাস।

করেন। ব্রহ্মার রাত্রি অর্থাৎ স্বাপাবস্থায় এই ব্যক্ত জগৎ অব্যক্তে লীন হইয়া পড়ে এবং চিদাভাস পুরুষও অজ্ঞানে অভিভূতের ন্যায় নিমগ্ন থাকেন। অতএব ভোগের দ্বারা পরীক্ষার প্রবৃত্তি যত কাল পুরুষ-হৃদয়ে বিদ্যমান থাকিবে, তত কাল এই জন্ম-মরণরূপ সংসার-প্রবাহ হইতে জীবাত্মার নিস্তার নাই ॥ ১৭ ॥ ১৮ ॥ ১৯ ॥

এই শ্লোকে অক্ষর-স্বরূপের নির্ণয় করা হইয়াছে। ব্যক্ত এবং অব্যক্ত বলিয়া পূর্ব্ব শ্লোকে যে ভাবের উল্লেখ করা হইয়াছে, সে সমস্ত ভাবই জড় এবং জ্ঞানের বিষয়; এবং সৃষ্ট পদার্থ। যিনি বিষয়ী অর্থাৎ সাক্ষী চেতা এবং সৃজনকারী, যাঁহার ক্রোড়ে এই অনন্ত পরিবর্ত্তনের ব্যাপার ঘটিতেছে,

শাঙ্করভাষ্যম্।

ব্যমিতি। পরস্তস্মাদিতি পরো ব্যতিরিক্তো ভিন্নঃ কুতস্তস্মাৎ পূর্ব্বোক্তাদব্যক্তাৎ তু-শব্দোঽব্যক্তাক্ষরস্য বিবক্ষিতস্য ব্যক্তাদ্বৈলক্ষণ্যবিশেষণার্থঃ, ভাবোঽক্ষরাখ্যং পরং ব্রহ্ম, ব্যতিরিক্তত্বে সত্যপি সালক্ষণ্য-প্রসঙ্গোঽস্তীতি তদ্বিনিবৃত্ত্যর্থমাহ অন্য

আনন্দগিরিকৃতটীকা।

নেতি। গন্তব্যমিতি যোগমার্গোক্তিরুপযুক্তেতিশেষঃ পুর্ব্বোক্তাদব্যক্তাদিতি সম্বন্ধঃ। পরশব্দস্য ব্যতিরিক্তবিষয়ত্বে তুশব্দেন বৈলক্ষণ্যমুক্ত্বা পুনরন্যশব্দ-প্রয়োগাৎ পৌনরুক্ত্যমিত্যাশঙ্ক্যাহ ব্যতিরিক্তত্ব ইতি। তুনা দ্যোতিতং বৈলক্ষণ্য-মন্যশব্দেন প্রকটিতম্। যতো ভিন্নেষপি ভাবভেদেষু সালক্ষণ্যমালক্ষ্যতে ততশ্চা-ব্যক্তাদ্ভিন্নত্বেঽপি ব্রহ্মণ স্তেন সাদৃশ্যমাশঙ্কতে৷ তন্নিবৃত্ত্যর্থমন্যপদমিত্যর্থঃ। যদ্বা

স্বামিকৃতটীকা।

লোকানামনিত্যত্বং প্রপঞ্চ্য পরমেশ্বর-স্বরূপস্য নিত্যত্বং প্রপঞ্চয়তি পর ইতি দ্বাভ্যাং। তস্মাচ্চরাচরকারণভূতাদব্যক্তাৎ পরস্তস্যাপি কারণভূতো যোঽন্যস্তদ্বি-লক্ষণোঽব্যক্তশ্চক্ষুরাদ্যগোচরো ভাবঃ সনাতনোঽনাদিঃ স তু সর্ব্বেষু কার্য্যকারণ-লক্ষণেষু ভূতেষু নশ্যৎস্বপি ন বিনশ্যতি॥ ২০॥

আভাস।

যিনি চৈতন্য ঘন-বিগ্রহে অবস্থান পূর্ব্বক নিজ শক্তির প্রসারণে এই বিশ্ব ব্রহ্মাণ্ডকে একবার ব্যক্ত মূর্ত্তিতে এবং আবার অব্যক্ত মূর্ত্তিতে পরিচালিত করিতেছেন, তিনি এই সমস্ত সৃষ্টির প্রবাহ হইতে সম্পূর্ণ পর; অর্থাৎ অতীত। এবং নিত্য-সিদ্ধ মূর্ত্তিতে স্বয়ং চির-বিদ্যমান তিনিই প্রকৃত অক্ষর শব্দ-বাচ্য। তাঁহাকে মন বুদ্ধি অহঙ্কার বা ইন্দ্রিয়গ্রাম গ্রহণে অর্থাৎ অবধারণে সক্ষম হয় না। কারণ তিনি বিষয় নহেন; তিনিই বিষয়ের নেতা, অন্তর্য্যামী সাক্ষী এবং অনুভব-কর্ত্তা; সুতরাং প্রকৃত বিষয়ীই তিনি। "তাঁহাকে ধরিতে না পারিলে, সংসার-ভ্রমণ হইতে নিষ্কৃতি নাই। কিন্তু তাঁহাকে ধরিবার ত কোন উপায় নাই! কারণ তিনি জ্ঞানেরও বিষয় নহেন; তিনি সম্পূর্ণ বিষয়ী। তবে তাঁহার শরণাগত হওয়া মাত্র এক উপায় আছে। শরণাগত হইতে হইলে, আত্ম-সমর্পণ করিতে হয়। এক্ষণে কি দিলে, আত্ম-সমর্পণ করা হয়, তাহাই বিচারের বিষয়। আপনাকে সমর্পণ করাই মূল মন্ত্র। যে আপনি বা আত্মা বলিয়া, জীব! তুমি কাহাকে নির্দ্দেশ করিবে? দেহ হইতে আরম্ভ করিয়া মন, বুদ্ধি,

শাঙ্করভাষ্যম্।

ইতি। অন্যো বিলক্ষণঃ স চাব্যক্তোঽনিন্দ্রিয়গোচরঃ, পরস্তস্মাদিত্যুক্তং কস্মাৎ পুনঃ পরঃ পূর্ব্বোক্তাদ্ভূতগ্রামবীজভূতাদবিদ্যালক্ষণাদব্যক্তাদন্যো বিলক্ষণো ভাব ইত্যভিপ্রায়ঃ, সনাতনশ্চিরন্তনো যঃ স ভাবঃ সর্ব্বেষু ভূতেষু ব্রহ্মাদিষু নশ্যৎসু ন বিনশ্যতি ॥ ২০ ॥

আনন্দগিরিকৃত-টীকা।

পরশব্দস্য প্রকৃষ্টবাচিনো ভাববিশেষণার্থত্বে পুনরুক্তিশঙ্কৈব নাস্তীতি দ্রষ্টব্যম্ অনাদিভাবস্যাক্ষরস্যাবিনাশিত্বমর্থসিদ্ধং সমর্থয়তে যঃ স ভাব ইতি। সর্ব্বং হি বিনশ্যদ্বিকারজাতং পুরুষান্তং বিনশ্যতি সত্তু বিনাশহেত্বভাবাপন্ন বিনষ্টু-মর্হতীত্যর্থঃ ॥ ২০ ॥

আভাস।

অহঙ্কার, চিত্ত এবং জ্ঞানকে পর্য্যন্ত আমরা আমি বা আত্মা বলিয়াই ত বুঝি। এ সমস্ত তাঁহাকে সমর্পণ করিলে ত আত্ম-সমর্পণ করা হইবে না। কারণ যিনি যেমন তাঁহাকে তাদৃশ বস্তু না দিলে ত তিনি তাহা স্বীকার করিবেন না। এক্ষণে আমার নিকট তাদৃশ বস্তু কি আছে, যাহা অব্যক্ত মূর্ত্তিতে নিত্য নিরন্তর ভাবে আমার নিকট আছে! তদুত্তরে দেখা যায় যে, এক চৈতন্য-স্বরূপ জ্ঞানই আমার নিকট আছে, যাহা আমার কিছু না থাকিলেও সেটী চির-বিদ্যমান রহিয়াছে। শাস্ত্র বলিয়াছেন, সর্ব্ববাধে ন কিঞ্চিৎ চেৎ যন্ন কিঞ্চিৎ তদেব তৎ॥ বাহ্যিক বিষয়ের কথা দূরে থাকুক, আন্তরিক শোক মোহাদি চিন্তার বিষয়-সমূহেরও অভাবে, হৃদয়ে যখন কিছুই নাই বলিয়া যে আমি জ্ঞান অভাবেরও সাক্ষীরূপে নিরন্তর বিদ্যমান থাকে, সেইটীই আমার প্রকৃত অব্যক্ত ভাব। যাহাকে আমি বলিয়া আমরা স্বীকার করিয়া থাকি। এই জ্ঞান-মূর্ত্তি আমিই যাবদীয় ভাব বস্তু বা তাহাদের অভাবেরও প্রতীতি করে। এই জ্ঞান মূর্ত্তি আমিটীকে মাত্র পরমাত্মাকে সমর্পণ করিতে পারিলে, সংসার-জ্বালা হইতে নিবৃত্ত হওয়া যায়। পরমেশ যেমন সংসারের অতীত বস্তু, সেইরূপ আমার কেবল এই আমি-জ্ঞানটীও সংসারের অতীত বস্তু! সুতরাং এই দুইটীই সংসারের অতীত ও অক্ষয় ভাবে নিরন্তর বিরাজ করিতেছেন। এই দুইয়ের একত্র মিলন করাই সম্পূর্ণ সম্ভব। অতএব যে দিন আমি বিষয়ের অনুসন্ধান হইতে প্রতিনিবৃত্ত হইয়া, যিনি এই সংসারকে একবার ব্যক্ত-মূর্ত্তিতে প্রকাশ করিতেছেন, আমার অব্যক্ত-মূর্ত্তিতে স্বীয় অন্তরে নিবিষ্ট করিয়া স্বয়ং অব্যক্ত ভাবে বিরাজ করিতেছেন

অব্যক্তোঽক্ষর ইত্যুক্তস্তমাহুঃ পরমাং গতিম্।
যং প্রাপ্য ন নিবর্ত্তন্তে তদ্ধাম পরমং মম॥ ২১॥

অন্বয়ঃ।

সঃ অব্যক্তঃ ভাবঃ এব অক্ষরঃ ইতি উক্তঃ; তং এবং পরমাং মদীয়াং গতিং আহুঃ; যং অক্ষরাখ্যং প্রাপ্য ন নিবর্ত্তন্তে তৎ এব মম পরমং ধাম॥ ২১॥

শাঙ্করভাষ্যম্।

অব্যক্তইতি। যোঽসাবব্যক্তোঽক্ষর ইত্যুক্তস্তমেবাক্ষরসংজ্ঞকমব্যক্তং ভাবং আহুঃ পরমাং প্রকৃষ্টাং গতিং যং ভাবং প্রাপ্য গত্বা ন নিবর্ত্তন্তে সংসারায়, তদ্ধাসস্থানং পরমং প্রকৃষ্টং মম বিষ্ণোঃ পরমং পদমিত্যর্থঃ॥ ২১॥

আনন্দগিরিকৃতটীকা।

যথোক্তেঽব্যক্তে ভাবে শ্রুতিসম্মতিমাহ অব্যক্ত ইতি। তস্য পরমগতিত্বং সাধয়তি যং প্রাপ্যেতি। যোঽসাবব্যক্তো ভাবোঽত্র দর্শিতঃ সঃ "যেনাক্ষরং পুরুষং বেদ সত্যম্" ইত্যাদিশ্রুতাবক্ষর ইত্যুক্তঃ তং চাক্ষরং ভাবং পরমাং গতিং "পুরুষান্ন পরং কিঞ্চিৎ সা কাষ্ঠা সা পরা গতিঃ" ইত্যাদ্যাঃ শ্রুতয়ো বদন্তীত্যাহ যোঽসাবিতি। পরমপুরুষস্য পরমগতিত্বমুক্তং ব্যনক্তি যং ভাবমিতি। "তদ্বিষ্ণোঃ পরমং পদম্" ইতি শ্রুতিমত্র সংবাদয়তি তদ্ধামেতি॥ ২১॥

স্বামিকৃতটীকা।

অবিনাশে প্রমাণং দর্শয়ন্নাহ অব্যক্ত ইতি। যো ভাবোঽব্যক্তোঽতীন্দ্রিয়ঃ অক্ষরঃ প্রবেশ-নাশ-শূন্য ইতি তথা অক্ষরাৎ সম্ভবতীহ বিশ্বমিত্যাদিশ্রুতিষক্ষর ইত্যুক্তঃ, তং পরমাং গতিং গম্যং পুরুষার্থমাহুঃ, পুরুষান্ন পরং কিঞ্চিৎ সা কাষ্ঠা সা পরা গতিরিত্যাদিশ্রুতয়ঃ, পরমগতিত্বমেবাহ যং প্রাপ্য ন পুনর্নিবর্ত্তন্ত ইতি। তচ্চ মমৈব ধাম স্বরূপং, মমেত্যুপচারে ষষ্ঠী রাহোঃ শির ইতিবৎ, অতোঽহমেব পরমা গতিরিত্যর্থঃ॥ ২১॥

---

এই পরম ভাবই প্রকৃত অক্ষর নামে অভিহিত! ইনিই জীবের পরম গতি ও আমার পরম ধাম। এইধামে গমন করিলে জীবকে আর সংসারে প্রত্যাবর্ত্তন করিতে হয় না॥ ২১॥

আভাস।

তাঁহার অনুসন্ধানার্থ আপনাকে নিয়োগ করিতে পারিব, সেই দিনই আমার তৎসমীপে শরণাগত হওয়া হইবে এবং আত্ম-সমর্পণে কৃতার্থ হওয়াও হইবে। বিদেশ ভ্রমণ হইতে প্রতিনিবৃত্ত পুত্রের প্রতি পিতার স্নেহ এবং বাৎসল্যরসের পরিচয়

পুরুষঃ স পরঃ পার্থ ভক্ত্যা লভ্য স্ত্বনন্যয়া।
যস্যান্তঃস্থানি ভূতানি যেন সর্ব্বমিদং ততম্ ॥ ২২ ॥

অন্বয়ঃ।

হে পার্থ! ভূতানি স্থাবর-জঙ্গমানি, যস্য কারণভূতস্য অন্তঃস্থানি মধ্যে অন্তরে স্থিতানি, যেন চ কারণভূতেন ইদং সর্ব্বং জগৎ ততং ব্যাপ্তং, সঃ পরঃ প্রকৃতেঃ অতীতঃ পুরুষঃ অনন্যয়া ভক্ত্যা এব লভ্যঃ ॥ ২২ ॥

শাঙ্করভাষ্যম্।

তল্লব্ধেরুপায় উচ্যতে পুরুষ ইতি। পুরুষঃ পুরি শয়নাৎ পূর্ণত্বাদ্বা স পরঃ পার্থ পরো নিরতিশয়ো যস্মাৎ পুরুষান্ন পরং কিঞ্চিৎ, স ভক্ত্যা লভ্যস্তু জ্ঞানলক্ষণয়া

আনন্দগিরিকৃতটীকা।

নমু ব্যক্তাদতিরিক্তস্য তদ্বিলক্ষণস্য পরমপুরুষস্য প্রাপ্তৌ কশ্চিদসাধারণো হেতুরেষিতব্যো যস্মিন্ প্রেক্ষাপূর্ব্বকারী তৎপ্রেক্ষয়া প্রবৃত্তো নির্বৃণোতি তত্রাহ তল্লব্ধেরিতি। পরস্য পুরুষস্য সর্ব্বকারণত্বং সর্ব্বব্যাপকত্বঞ্চ বিশেষণদ্বয়মুদাহরতি যস্যেতি। নিরতিশয়ত্বং বিশদয়তি যস্মাদিতি। তুশব্দোঽবধারণার্থঃ। ভক্তির্ভজনং।

---

তাদৃশী পরমা শক্তির পরম পুরিতে আমি পরম পুরুষ নিত্য অধিষ্ঠিত আছি! যাঁহার অন্তরঙ্গা শক্তির অন্তরে এই বিশ্ব ব্রহ্মাণ্ড একবার প্রকাশ এবং একবার অপ্রকাশ মূর্ত্তিতে বিরাজ করিতেছে এবং যিনি সর্ব্বশক্তিমান্ ও জ্ঞানবান্ মূর্ত্তিতে এই সংসারে সর্ব্বব্যাপী

আভাস।

দিবার ন্যায়, পরম-পিতা পরমেশ্বরও সংসার-ভ্রমণ হইতে প্রতিনিবৃত্ত জীব-নিচয়কে প্রাণভরা প্রেম ও আনন্দ বিতরণে চির-নিবৃত্ত করিয়া থাকেন; এবং নিজের নিকট হইতে আর দূরে সংসার-ভ্রমণে প্রেরণ করেন না ॥ ২০ ॥ ২১ ॥

পরমপুরুষ পরমাত্মাকে পাইতে হইলে, ভক্তির প্রয়োজন; এবং বিষয়কে বিদূরিত করিতে হইলে, বিচারাত্মক জ্ঞানের প্রয়োজন। যে ভোগ্য বিষয়ের প্রেমে ব্যাকুল হইয়া জীবাত্মা ত্রিলোক পর্য্যটন করে, সেই যাবদীয় ভোগ বা ভোগ্য বিষয় সেই শ্রীনাথের অন্তরে চির-বিদ্যমান যখন বুঝিতে পারিবে এবং যাবদীয় প্রেমানন্দ বিষয়ভোগে পরিতুষ্টি বা অনুভূত হইতেছে, যে প্রেম বা আনন্দ

## শাঙ্করভাষ্যম্।

অনন্যয়া আত্মবিষয়য়া যস্য পুরুষস্যান্তঃস্থানি মধ্যস্থানি কার্য্যভূতানি, কার্য্যং হি কারণস্যান্তর্ব্বর্ত্তি ভবতি যেন পুরুষেণ সর্ব্বমিদং জগত্ততং ব্যাপ্তং আকাশেনেব ঘটাদি ॥২২

## আনন্দগিরিকৃতটীকা।

তর্হি কীদৃশী প্রকৃতিঃ সা চ কথং সৃষ্টাবুপযুক্তেত্যাশঙ্ক্যাহ এবমিতি। সংসারস্য অনাদিত্ব-দ্যোতনার্থং পুনঃ পুনরিত্যুক্তম্। ভূতসমুদায়স্যাবিদ্যাস্মিতাদিদোষপরবশত্বে হেতুমাহ স্বভাব-বশাদিতি ॥ ৮ ॥

যদি প্রাকৃতং ভূতগ্রামং স্বভাবাদবিদ্যাতন্ত্রং বিষমং বিদধাসি তর্হি তব বিষম-

স্বামিকৃতটীকা।

নন্বসঙ্গো নির্ব্বিকারশ্চ ত্বং কথং সৃজসীত্যপেক্ষায়ামাহ প্রকৃতিমিত্যাদি। স্বাং স্বাধীনাং প্রকৃতিমবষ্টভ্য অধিষ্ঠায় প্রলয়ে লীনং সন্তং চতুর্ব্বিধমিমং সর্ব্বং ভূতগ্রামং কর্ম্মাদিপরবশং পুনঃ পুনর্ব্বিবিধং সৃজামি বিশেষেণ সৃজামীতি বা। কথং, প্রকৃতের্বশাৎ প্রাচীনকর্ম্মনিমিত্ত-তত্তৎস্বভাববশাৎ ॥ ৮ ॥

---

ভূত-সমূহ মদীয় মায়া প্রকৃতির বশে চির বশীভূত থাকায় প্রকৃতিকে পরিহার করিয়া তাহাদের পৃথক্ অস্তিত্ব কিছুই নাই ॥ ৮ ॥

কর্ত্তার সহিত কর্ম্ম সর্ব্বতোভাবে সংশ্লিষ্ট থাকিলেও, এই বিশ্বের সৃজন, ধারণ এবং সংহরণ ব্যাপারে কর্ত্তৃত্বের সোহাগে আমি কখন

আভাস।

নিজের স্বতন্ত্র সামর্থ্য নাই! চৈতন্যের সাহায্য ব্যতীত শক্তি নিজে কিছু করিতে পারেন না। ইচ্ছাময় চৈতন্যরূপী পরমাত্মা স্বীয় ইচ্ছার উদ্রেকে বিশ্ব বিকাশ করেন, আবার ইচ্ছার বিনিবৃত্তিতে সমগ্র বিশ্ব স্বীয় ইচ্ছাশক্তিতে নিবিষ্ট রাখেন। কুম্ভকারের বা চিত্রকরের ইচ্ছার গর্ভে যেমন ঘট সরাবাদি বা চিত্র-পুত্তলিকাদির অব্যক্ত ভাব চির নিহিত থাকে, ইচ্ছার উদ্রেকে কুম্ভকার বা চিত্রকর সে সমস্ত মৃত্তিকা বা পটের আশ্রয়ে যেমন বাহিরে বিকাশ

উদাসীনবদাসীনমসক্তং তেষু কর্ম্মসু ॥ ৯ ॥

অন্বয়ঃ।

তানি কর্ম্মাণি ন নিবধ্নন্তি নিরভিমানিত্বাৎ ফলসঙ্গ-বিবর্জ্জিতত্বাচ্চ ॥ ৯ ॥

শাঙ্করভাষ্যম্।

সম্বন্ধঃ স্যাদিতীদমাহ ভগবান্ ন চ মামিতি। ন চ মামীশং তানি ভূতগ্রামস্য বিষম-বিসর্গ-নিমিত্তানি কর্ম্মাণি নিবধ্নন্তি। ধনঞ্জয়! যত্র কর্ম্মণামসম্বন্ধত্বে কারণমাহ উদাসীনবদাসীনং যথোদাসীন উপেক্ষকঃ কশ্চিৎ তদ্বদাসীনমাত্মনোঽবিক্রিয়ত্বম-

আনন্দগিরিকৃতটীকা।

সৃষ্টিপ্রযুক্তং ধর্ম্মাদিমত্ত্বমিত্যনীশ্বরত্বাপত্তিরিতি শঙ্কতে তর্হীতি। তত্রেতি সপ্তম্যা পরমেশ্বরো নিরুচ্যতে। ঈশ্বরস্য ফলসঙ্গাভাবাৎ কর্ত্তৃত্বাভিমানাভাবাচ্চ কর্ম্মাসম্ব-

স্বামিকৃতটীকা।

নন্বেবং নানাবিধানি কর্ম্মাণি কুর্ব্বত স্তব জীববদ্বন্ধঃ কথং ন স্যাদিত্যত আহ ন চ মামিতি। তানি বিশ্বসৃষ্ট্যাদীনি কর্ম্মাণি মাং ন নিবধ্নন্তি, কর্ম্মাসক্তি র্হি বন্ধহেতুঃ সা চাপ্তকামত্বান্মম নাস্তি অত উদাসীনবদ্বর্ত্তমানস্য মে বন্ধং নোপপাদয়ন্তি, উদাসীনত্বে কর্ত্তৃত্বানুপপত্তেঃ কর্ত্তৃত্বে চোদাসীনত্বানুপপত্তেরুদাসীনবৎস্থিতমিত্যুক্তং ॥ ৯ ॥

---

বদ্ধ হই না; সকল কর্ম্মে সকল সময়ে এবং সকল ভাবে আমি উদসীন বেশে চির নিত্যমান রহিয়াছি। কার্য্যের পরিণামে আমি কর্ত্তা হইয়াও স্বয়ং অপরিণত মূর্ত্তিতে বিশ্রাম করিয়া থাকি ॥ ৯ ॥

আর্ভাস।

করে, সেইরূপ পূর্ণ জ্ঞান-বিগ্রহ পরমাত্মার ইচ্ছাশক্তির বিকাশই এই বিশ্ব ব্রহ্মাণ্ড। কুম্ভকার বা চিত্রকরের এক একটী ভাবের বা বৃত্তির বিকাশই যেমন এক একটী ঘট বা পুত্তলিকাদি, সেইরূপ হে অর্জ্জুন! তুমি আমি প্রভৃতি জীব-নিচয় সেই পরমেশের এক একটী অন্তর্নিহিত ভাবের পরিচয় মাত্র। চিত্রকর যতই পুত্তলিকাদি বাহিরে অঙ্কিত করুক, তাহার অন্তর হইতে তাহারা যেমন কখনই অন্তর্হিত হয় না, সে একখানি চিত্র লিখিলেও তাহার অন্তরের চিত্র কখন বিলুপ্ত হয় না, সে ইচ্ছা করিলে পুনঃ সেইরূপ অনন্ত চিত্র অঙ্কিত করিতে পারে, সেইরূপ যতই জীব এবং জগৎ পরমেশ বাহিরে ব্যক্ত করুন না, তাঁহার অন্তর হইতে আমরা কখন অন্তর্হিত হইব না। জগৎ তাঁহার অন্তরের ধন! একবার বিকাশ এবং পরক্ষণে নিজ অন্তরে নিবিষ্ট রাখাই সেই লীলাময়ের অপূর্ব্ব লীলা।

ময়াধ্যক্ষেণ প্রকৃতিঃ সূয়তে সচরাচরম্ ।

অন্বয়ঃ ।

হে কৌন্তেয় ! অধ্যক্ষেণ নিমিত্তভূতেন ময়া প্রকৃতিঃ সচরাচরং বিশ্বং

শাঙ্করভাষ্যম্ ।

সংসক্তং ফলসঙ্গরহিতমভিমানবর্জ্জিতমহঙ্করোমীতি তেষু কর্ম্মস্বতোঽন্যস্যাপি কর্ত্তৃত্বাভিমানাভাবঃ ফলং ফলসঙ্গাভাবশ্চাবন্ধকারণমন্যথা কর্ম্মভি র্বধ্যতে মূঢ়ঃ কোষকারবদিত্যভিপ্রায়ঃ ॥ ৯ ॥

তত্র ভূতগ্রামমিমং বিসৃজন্তমপ্যুদাসীনবদাসীনমিতি চ বিরুদ্ধমুচ্যতে তৎপরি-

আনন্দগিরিকৃতটীকা ।

ঈশ্বরাদীশ্বরাদন্যস্যাপি তদ্বন্ধাভাবো ধর্ম্মাস্বসম্বন্ধে কারণমিত্যাহ অতোঽন্যস্যেতি । যদি কর্ম্মসু কর্ত্তৃত্বাভিমানো বা কস্যচিৎ কর্ম্মফলসংযোগো বা স্যাৎ তত্রাহ অন্যথেতি ॥ ৯ ॥

ঈশ্বরে স্রষ্টৃত্বমৌদাসীন্যঞ্চ বিরুদ্ধমিতি শঙ্কতে তত্রেতি । পূর্ব্বগ্রন্থঃ সপ্তম্যর্থঃ । বিরোধ-পরিহারার্থমুত্তরশ্লোকমবতারয়তি তদিতি । তৃতীয়াদ্বয়ং সমানাধিকরণমি-

সৃষ্টি করিবার জন্য প্রকৃতিরও নিজের পৃথক্ কর্ত্তৃত্ব নাই । আমার নিয়োগ অনুসারে প্রকৃতি এই স্থাবর-জঙ্গমাত্মক জগৎকে

আভাস

ধনবতী কামিনী নিজের পেটরস্থিত বস্ত্রালঙ্কারাদি পদার্থ একবার বাহির করিয়া তাহার তত্ত্বাবধারণ করেন মাত্র এবং পরিষ্কার পরিচ্ছন্ন করিয়া পুনঃ পেটরাদিতেই তাহা স্থাপিত রাখেন। বস্ত্রালঙ্কারাদির সৌষ্ঠব বজায় রাখা ব্যতীত নিজের কোন স্বার্থের চিন্তা করেন না ; সেইরূপ সৃজন, পালন এবং সংহার কার্য্যে ভগবানের কোনরূপ উৎকণ্ঠা বা স্বার্থের পরিচয় থাকে না । দিবাকরের আলোকে বিভিন্ন ব্যক্তি স্ব স্ব ইচ্ছা এবং প্রয়োজন অনুসারে কার্য্য সম্পন্ন করিলেও, সূর্য্যের যেমন তাহাতে কিছু আসে যায় না, সেইরূপ পরম চৈতন্য-স্বরূপের সংস্রবে অনন্ত জগতে অনন্ত প্রকারের কার্য্য সাধিত হইলেও, চৈতন্যস্বরূপের নিজ-স্বরূপে কোন ভাবান্তরের সম্ভাবনা ঘটে না । সুখ দুঃখাদি দেহের ধর্ম্ম চিত্তাদি ইন্দ্রিয়-গ্রামকে স্পর্শ করে করুক্, কিন্তু খাঁটি চৈতন্যের সহিত তাহার কোন সম্বন্ধ ঘটে না ! আমার বলিয়া কোন ভাবের সহিত তাঁহাকে বিহ্বল হইতে হয় না ॥ ৮ ॥ ৯ ॥

তবে সুখ দুঃখ ভয় শোক কাহার হয় ? বলিয়া যে গভীর প্রশ্ন উত্থিত হয়,

হেতুনানেন কৌন্তেয় জগদ্বিপরির্ত্ততে ॥ ১০ ॥

অন্বয়ঃ।

সূয়তে জনয়তি, অনেন মদধিষ্ঠান নিমিত্তেন হেতুনা ইদং জগৎ বিপরিবর্ত্ততে পুনঃ পুনঃ জায়তে ॥ ১০ ॥

শাঙ্করভাষ্যম্।

হারার্থমাহ ময়েতি। ময়া সর্ব্বতো দৃশিমাত্রস্বরূপেণাবিক্রিয়াত্মনাধ্যক্ষেণ মম মায়া ত্রিগুণাত্মিকাবিদ্যালক্ষণা প্রকৃতিঃ সূয়তে উৎপাদয়তি সচরাচরং জগৎ তথা চ মন্ত্রবর্ণঃ একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ সর্ব্বব্যাপী সর্ব্বভূতান্তরাত্মা। কর্ম্মাধ্যক্ষঃ

আনন্দগিরিকৃতটীকা।

ত্যভ্যুপেত্য ব্যাচষ্টে ময়েত্যাদিনা। প্রকৃতি-শব্দার্থমাহ মমেতি। তস্যা অপি জ্ঞানত্বং ব্যাবর্ত্তয়তি ত্রিগুণেতি। পরাভিপ্রেতং প্রধানং ব্যুদস্যতি অবিদ্যেতি। সাক্ষিত্বে প্রমাণমাহ তথা চেতি। মূর্ত্তিত্রয়াত্মনো ভেদং বারয়তি এক ইতি। অখণ্ডং জাড্যং প্রত্যাহ দেব ইতি। আদিত্যবৎ তাটস্থ্যং প্রত্যাদিশতি সর্ব্বভূতে-ষ্বিতি। কিমিতি তর্হি সর্ব্বৈর্নোপলভ্যতে তত্রাহ গূঢ় ইতি। বুদ্ধ্যাদিবৎ পরিচ্ছিন্নত্বং ব্যবচ্ছিনত্তি সর্ব্বব্যাপীতি। তর্হি নভোবদনাত্মকত্বং নেত্যাহ সর্ব্ব-ভূতেতি। তর্হি তত্র তত্র কর্ম্মতৎফলসম্বন্ধিত্বং স্যাৎ তত্রাহ কর্ম্মেতি। সর্ব্বাধিষ্ঠা-

স্বামিকৃতটীকা।

তদেবোপপাদয়তি ময়েতি। ময়া অধ্যক্ষেণ অধিষ্ঠাত্রা নিমিত্তভূতেন প্রকৃতিঃ সচরাচরং বিশ্বং সূয়তে জনয়তি, অনেন মদধিষ্ঠানেন হেতুনা ইদং জগদ্বিপরিবর্ত্ততে পুনঃ পুনর্জায়তে, সন্নিধিমাত্রেণাধিষ্ঠাতৃত্বাৎ কর্ত্তৃত্বমুদাসীনত্বঞ্চাবিরুদ্ধমিতি ভাবঃ॥১০॥

---

প্রসব করিয়া থাকেন। চিদানন্দময় মদীয় ভাবের অনুসরণেই প্রকৃতির অন্তরে তাদৃশ সৃষ্টি স্থিতি এবং প্রলয়ের শক্তি উপচিত হয়, যাহার প্রভাবে জগতের এই বিচিত্র পরিণাম নিরন্তর প্রতীত হইতেছে ॥ ১০

আভাস।

তাঁহার মীমাংসার জন্য পরবর্ত্তী শ্লোকে ভগবান্ তৎকারণের নির্দ্দেশ করিয়াছেন। কর্ত্তরিকা কাষ্ঠাদিকে ছেদন করে বটে, কিন্তু স্বয়ং মাটিতে পতিত থাকিলে, ছেদন ব্যাপারে সে উপযুক্ত হয় না। একজন মানবও স্বয়ং ছেদন করিতে পারে

শাঙ্করভাষ্যম্।

সর্ব্বভূতাধিবাসঃ সাক্ষী চেতা কেবলো নির্গুণশ্চেতি। সাক্ষিমাত্রেণ হেতুনা নিমিত্তেনানেনাধ্যক্ষত্বেন কৌন্তেয় জগৎ সচরাচরং ব্যক্তাব্যক্তাত্মকং বিপরিবর্ত্ততে সর্ব্বাবস্থাসু দৃশিকর্ম্মত্বাপত্তিনিমিত্তা হি জগতঃ সর্ব্বা প্রবৃত্তিরহমিদং ভোক্ষ্যে পশ্যামীদং শৃণোমীদং সুখমনুভবামি দুঃখমনুভবামি তদর্থমিদং করিষ্যাম্যেতদর্থমিদং করিষ্য ইদং জ্ঞাস্যামীত্যাদ্যবগতিনিষ্ঠা অবগতিরবসানে, যোঽস্যাধ্যক্ষঃ পরমে ব্যোম্নীত্যাদয়শ্চ মন্ত্রা এতমর্থং দর্শয়ন্তি, ততশ্চৈকস্য দেবস্য সর্ব্বাধ্যক্ষ-ভূতচৈতন্য-মাত্রস্য পরমার্থতঃ সর্ব্বভোগানভিসম্বন্ধিনোঽন্যস্য চেতনান্তরস্যাভাবে ভোক্তুরন্য-

আনন্দগিরিকৃতটীকা।

নত্বমাহ সর্ব্বেতি। সর্ব্বেষু ভূতেষু সত্তাস্ফুর্ত্তিপ্রদত্বেন সন্নিধি র্ব্বা অত্রোচ্যতে। ন কেবলং কর্ম্মণামেবায়মধ্যক্ষোঽপি তু তদ্বতামপীত্যাহ সাক্ষীতি। দর্শন-কর্ত্তৃত্ব-শঙ্কাং শাতয়তি চেতা ইতি। অদ্বিতীয়ত্বং কেবলত্বম্। ধর্ম্মাধর্ম্মাদিরাহিত্যমাহ নির্গুণ ইতি। কিং বহুনা সর্ব্ববিশেষশূন্য ইতি চকারার্থঃ। উদাসীনস্যাপি ঈশ্বরস্য সাক্ষিত্বমাত্রং নিমিত্তীকৃত্য জগদেতৎ পৌনঃপুন্যেন সর্গসংহারাবনুভবতীত্যাহ হেতুনেতি। কার্য্যবৎ কারণস্যাপি সাক্ষ্যধীনা প্রবৃত্তিরিতি বক্তুং, ব্যক্তাব্যক্তা-ত্মকমিত্যুক্তং সর্ব্বাবস্থাস্বিত্যনেন সৃষ্টিস্থিতিসংহারাবস্থা গৃহ্যন্তে। তথাপি জগতঃ সর্গাদিভ্যো ভিন্না প্রবৃত্তিঃ স্বাভাবিকী নেশ্বরায়ত্তা ইত্যাশঙ্ক্যাহ দৃশীতি। নহি দৃশি ব্যাপ্যত্বং বিনা জড়বর্গস্য কাপি প্রবৃত্তিরিতি হিশব্দার্থঃ। তামেব প্রবৃত্তিমু-দাহরতি অহমিত্যাদিনা। ভোগ্যস্য বিষয়োপলম্ভাভাবাসম্ভবাৎ নানাবিধাং বিষয়ো-পলব্ধিং দর্শয়তি পশ্যামীতি। ভোগফলমিদানীং কথয়তি সুখমিতি। বিহিত-প্রতিষিদ্ধাচরণনিমিত্তং সুখং দুঃখঞ্চেত্যাহ তদর্থমিতি। ন চ বিমর্শপূর্ব্বকং বিজ্ঞানং বিনানুষ্ঠানমিত্যাহ ইদমিতি। ইত্যাদ্যা প্রবৃত্তিরিতি সম্বন্ধঃ। সা চ প্রবৃত্তিঃ সর্ব্বা দৃক্‌কর্ম্মত্বমুররীকৃত্যৈব বিবৃণোতি ইত্যুক্তং নিগময়তি অবগতীতি। তত্রৈব চ প্রবৃত্তেরবসানমিত্যাহ অবগত্যবসানেতি। পরস্যাধ্যক্ষত্বমাত্রেণ জগচ্চেষ্টেত্যত্র প্রমাণমাহ যোঽস্যেতি। অস্য জগতো যোঽধ্যক্ষো নির্ব্বিকারঃ স পরমে প্রকৃষ্টে হার্দ্দে ব্যোম্নি স্থিতো দুর্ব্বিজ্ঞেয় ইত্যর্থঃ। ঈশ্বরস্য সাক্ষিত্বমাত্রেণ স্রষ্টৃত্বে স্থিতে ফলিতমাহ ততশ্চেতি। কিং নিমিত্তা পরস্যেয়ং সৃষ্টি র্ন তাবদ্ভোগার্থা পরস্য

আভাস।

না; সে যদি কর্ত্তরিকা হস্তে লয়, তবেই কর্ত্তরিকা ছেদন ব্যাপারে সমর্থ হয়। কর্ত্তরিকার ছেদন ব্যাপার যেমন পুরুষ-প্রেরণার উপর নির্ভর করে, সেইরূপ

শাঙ্করভাষ্যম্।

স্যাভাবাৎ কিং নিমিত্তেয়ং সৃষ্টিরিত্যত্র প্রশ্নপ্রতিবচনেহনুপপন্নে কোহদ্ধা বেদ-ক ইহ প্রাবোচৎ কুত আয়াতঃ কুত ইয়ং বিসৃষ্টিরিত্যাদি-মন্ত্রবর্ণেভ্যো দর্শিতঞ্চ ভগবতা অজ্ঞানেনাবৃতং জ্ঞানং তেন মুহ্যন্তি জন্তব ইতি ॥ ১০ ॥

আনন্দগিরিকৃতটীকা

পরমার্থতো ভোগাসম্বন্ধিত্বাত্তস্য সর্ব্বসাক্ষিভূতচৈতন্যমাত্রত্বান্ন চান্যো ভোক্তা চেতনান্তরাভাবাদীশ্বরস্যৈকত্বাদচেতনস্যাভোক্তৃত্বান্ন চ শ্রষ্টুরপবর্গার্থা তদ্বিরোধিত্বান্নৈবং প্রশ্নো বা তদনুরূপং প্রতিবচনং বা যুক্তং। পরস্য মায়ানিবন্ধনে সর্গে তস্যানবকাশত্বাদিত্যর্থঃ। পরস্যাত্মনো দুর্বিজ্ঞেয়ত্বে শ্রুতিমুদাহরন্তি কো অদ্ধেতি। তস্মিন্ প্রবক্তাপি সংসার-মণ্ডলে নাস্তীত্যাহ ক ইহেতি। জগতঃ সৃষ্টিকর্ত্তৃত্বেন পরস্য জ্ঞেয়ত্বমাশঙ্ক্য কূটস্থত্বাৎ ততো ন সৃষ্টি র্জাতেত্যাহ কুত ইতি। ন হীয়ং বিবিধা সৃষ্টিরন্যস্মাদপি কস্মাচ্চিদুপপদ্যতে অন্যস্য বস্তুনোহভাবাদিত্যাহ কুত ইতি। কথং তর্হি সৃষ্টিরিত্যাশঙ্ক্যাজ্ঞানাধীনেত্যাহ দর্শিতঞ্চেতি ॥ ১০ ॥

আভাস।

"অধ্যক্ষেণ ময়া প্রকৃতিঃ সূয়তে" চৈতন্যস্বরূপ পরমেশের প্রেরণায় তদীয়া শক্তি মহামায়া প্রকৃতি জগৎ প্রসব করেন এবং সৃষ্ট জগতেও নিরন্তর পরিবর্ত্তন ঘটিয়া থাকে। এতদর্থে শ্রুতিও বলিয়াছেন ;

> একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ সর্ব্বব্যাপী সর্ব্বভূতান্তরাত্মা।
> সর্ব্বাধ্যক্ষঃ সর্ব্বভূতাধিবাসঃ সাক্ষী চেতা কেবলো নির্গুণশ্চ ॥

মানবাদি জীবদেহে ( টের পাওয়া ) অর্থাৎ অনুভূতি-শক্তি যেমন প্রচ্ছন্নবেশে সর্ব্বত্র ব্যাপ্ত থাকিলেও, বাহিক অন্য কোন শীতল বা, উষ্ণ পদার্থের সংসর্গ ব্যতীত প্রকটিত হয় না, সেইরূপ গুণের অতীত বিশুদ্ধ কেবল চৈতন্য-মূর্ত্তিতে সকল ভূতের অন্তরাত্মা হইয়া অতি প্রচ্ছন্নভাবে একটী সর্ব্বব্যাপী সর্ব্বদর্শী সকল ভূত ও ভাবের আশ্রয়দাতা অথচ সর্ব্বাধিষ্ঠাতা একটী পরম দেব অর্থাৎ দীপ্তিবিশিষ্ট ভাব আছেন, যাঁহার কেবল ঈক্ষণ মাত্রে তাঁহার মায়াশক্তি প্রকৃতি স্বীয় অন্তর হইতে ভাবময় অব্যক্ত জগৎকে ব্যক্তভাবে প্রকটিত করিতেছেন এবং সেই পরম দেবতার ঈক্ষণের বিনিবৃত্তিতে স্বীয় উদর মধ্যে সমস্ত জগৎ গ্রাস করিয়া চৈতন্য-স্বরূপের অবিনাভাবে তৎশক্তিরূপে অন্তরেই বিলীন হইতেছেন। সাংখ্যাচার্য্য

অবজানন্তি মাং মূঢ়া মানুষীং তনুমাশ্রিতম্।
পরং ভাবমজানন্তো মম ভূতমহেশ্বরম্ ॥ ১১ ॥

অন্বয়ঃ।

ভূতমহেশ্বরং (ভূতানাং প্রাণিনাং মহান্তং ঈশ্বরং পরমাত্মানং সন্তং) ইতি মম পরং ভাবং তত্ত্বং অজানন্তঃ মূঢ়াঃ অবিবেকিনঃ জনাঃ মানুষীং তনুং দেহং আশ্রিতং মনুষ্যমূর্ত্ত্যা ব্যবহরন্তং মাং অবজানন্তি সাক্ষাদীশ্বরোঽয়ং ইতি ন আদ্রিয়ন্তে ॥ ১১ ॥

শাঙ্করভাষ্যম্।

এবং মাং নিত্যশুদ্ধমুক্তস্বভাবং সর্ব্বজন্তূনামাত্মানমপি সন্তং অবজানন্ত্যবজ্ঞাং পরিভবং কুর্ব্বন্তি মাং মূঢ়া অবিবেকিনো মানুষীং মনুষ্য-সম্বন্ধিনীং তনুং দেহমাশ্রিতং

আনন্দগিরিকৃতটীকা।

সর্ব্বাধ্যক্ষঃ সর্ব্বভূতাধিবাসো নিত্যমুক্তশ্চেৎ ত্বং তর্হি কিমিতি ত্বামেবাত্মত্বেন ভেদেন বা সর্ব্বে ন ভজন্তে তত্রাহ এবমিতি। বিপর্য্যস্তবুদ্ধিত্বং ভগবদবজ্ঞায়াং কারণমিত্যাহ মূঢ়া ইতি। ভগবতো মনুষ্যদেহসম্বন্ধাৎ তস্মিন্ বিপর্য্যাসঃ সম্ভবতীত্যাহ মানুষীমিতি। অস্মদাদিবদ্দেহতাদাত্ম্যাভিমানং ভগবতো ব্যাবর্ত্তয়তি মনুষ্যেতি। ভগবন্তমবজানতামবিবেকে মূলাজ্ঞানং হেতুমাহ পরমিতি। ঈশ্বরাবজ্ঞানাৎ কিং ভবতীত্যপেক্ষায়াং তদবজ্ঞানপ্রতিবদ্ধবুদ্ধয়ঃ শোচ্যা ভবন্তীত্যাহ ততশ্চেতি।

স্বামিকৃতটীকা।

নন্বেবন্তূতং পরমেশ্বরং ত্বাং কিমিতি কেচিন্নাদ্রিয়ন্তে তত্রাহ অবজানন্তীতি দ্বাভ্যাং। সর্ব্বভূতমহেশ্বররূপং মদীয়ং পরং ভাবং তত্ত্বমজানন্তো মূঢ়া মূর্খা মামবজানন্তি মামবমন্যন্তে, অবজ্ঞানে হেতুঃ শুদ্ধসত্ত্বময়ীমপি তনুং ভক্তেচ্ছাবশান্মনুষ্যাকারামাশ্রিতবন্তমিতি ॥ ১১ ॥

আত্ম-সাক্ষাৎকারে অনভিজ্ঞ সুতরাং ভোগান্ধ মানবগণ মদীয় সর্ব্ব-ভূতের অধীশ্বর পরমাত্ম ভাবের প্রতি লক্ষ্য না করিয়া, সাধারণ মানব-মূর্ত্তি জ্ঞানে আমাকে উপেক্ষা করিয়া থাকে ॥ ১১ ॥

আভাস।

কপিলদেব বলিয়াছেন যে, চৈতন্যস্বরূপ পুরুষের সংযোগে অর্থাৎ স্বীয় শক্তির প্রতি দৃষ্টি করায়, অচেতনা বা জড়া প্রকৃতি চেতনময়ী হন এবং গুণাতীত

মোঘাশা মোঘকর্ম্মাণো মোঘজ্ঞানা বিচেতসঃ।
রাক্ষসীমাসুরীঞ্চৈব প্রকৃতিং মোহিনীং শ্রিতাঃ ১২॥

অন্বয়ঃ।

যতঃ রাক্ষসীং রক্ষসাং প্রকৃতিং, আসুরীং অসুরাণাংপ্রকৃতিং মোহিনীং দেহাত্মবাদিনীং প্রকৃতিং স্বভাবং শ্রিতাঃ আশ্রিতাঃ তে মোঘাশাঃ মোঘা বৃথা আশা যেষাং তে তথা; মোঘকর্ম্মাণঃ নিষ্ফল-কর্ম্মাণঃ, মোঘজ্ঞানাঃ আত্মবিচার-শূন্যাঃ, অতঃ বিচেতসঃ বিগত-বিবেকাঃ এব জনাঃ মাং অবজানন্তি॥ ১২॥

শাঙ্করভাষ্যম্।

মনুষ্যদেহেন ব্যবহরন্তমিত্যেতৎ পরং প্রকৃষ্টং ভাবং পরমাত্ম-তত্ত্বমাকাশ-কল্পমাকাশাদপ্যন্তরতমমজানন্তো মম ভূতমহেশ্বরং সর্ব্বভূতানাং মহান্তমীশ্বরং স্বমাত্মানং ততশ্চ তস্য মমাবজ্ঞান-ভাবনেন হতাঃ বরাকা স্তে॥ ১১॥

কথং মোঘাশেতি। মোঘাশা বৃথা আশা আশিষো যেষাং তে মোঘাশা স্তথা,

আনন্দগিরিকৃতটীকা।

ভগবদবজ্ঞানাদেব হেতোরবজানন্তস্তে জন্তবো বরাকাঃ শোচ্যাঃ সর্ব্বপুরুষার্থবাহ্যাঃ স্যুরিতি সম্বন্ধঃ। তত্র হেতুং সূচয়তি তস্যেতি। প্রকৃতস্য ভগবতোঽবজ্ঞানমনাদরণং নিন্দনং বা তস্য ভাবনং পৌনঃপুন্যং তেনাহতাস্তজ্জনিতদুরিতপ্রভাবাৎ প্রতিবদ্ধবুদ্ধয় ইত্যর্থঃ॥ ১১॥

ভগবন্তমবজানতাং প্রশ্নপূর্ব্বকং শোচ্যত্বং বিশদয়তি কথমিতি। ভগবন্নিন্দা-

---

এবং দেহকেই আত্মজ্ঞানে অভিভূত-চিত্ত তাদৃশ জনগণ কেবল ভোগের লক্ষ্যে রাক্ষস এবং আসুরিক স্বভাবের পরিচয়ে নিরন্তর

আভাস।

পুরুষও জড়কে দেখিতে গিয়া তৎসহ আত্মীয়তা নিবন্ধন যেন বিষয়ীভাব ধারণে সংসার-লীলা করিতেছেন। এই সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন সর্ব্বজ্ঞ সর্ব্বশক্তিমান্ পরম পুরুষই আমি! পুত্রগণকে সংসার-ক্রীড়া হইতে বিনিবৃত্ত করত নিজ সন্নিধানে লইবার জন্যই মানব-মূর্ত্তিতে আমার আগমন হওয়ায়, সাধারণ মানব আমাকে মানব বলিয়াই মনে করিতেছে; আমার প্রকৃত পরম ভাবের প্রতি তাহাদের চিত্ত যে আকৃষ্ট হইতেছে না, তাহাতে তাহাদের ঘোর অনর্থেরই উদয় হইতেছে, সন্দেহ নাই॥ ১০॥ ১১॥

জ্ঞান এবং অজ্ঞান ভেদে দুইটী গতি জগতে চিরবিদ্যমান রহিয়াছে। যে

শাঙ্করভাষ্যম্।

মোঘকর্ম্মাণো যানি চাগ্নিহোত্রাদীনি তৈরনুষ্ঠীয়মানানি কর্ম্মাণি তানি চ তেষাং ভগবৎপরিভবাৎ স্বাত্মভূতস্যাবজ্ঞানান্মোঘান্যেব নিষ্ফলানি কর্ম্মাণি ভবন্তীতি। মোঘকর্ম্মাণ স্তথা মোঘজ্ঞানাঃ মোঘং নিষ্ফলং জ্ঞানং যেষাং তে জ্ঞানমপি তেষাং

আনন্দগিরিকৃতটীকা।

পরাণাং ন কাচিদপি প্রার্থনা অর্থবতীত্যাহ বৃথেতি। নন্বু ভগবন্তং নিন্দতোঽপি নিত্যং নৈমিত্তিকং বা কর্ম্মানুতিষ্ঠন্তি তদনুষ্ঠানাচ্চ তেষাং প্রার্থনাঃ সার্থা ভবিষ্যন্তীতি নেত্যাহ তথেতি। পরিভব স্তিরস্করণম্। অবজ্ঞানমনাদরণম্। তেষামপি শাস্ত্রার্থজ্ঞানবত্বাং তদ্দ্বারা প্রার্থনার্থবত্ত্বমিত্যাশঙ্ক্যাহ তথা মোঘেতি। তথাপি

স্বামীকৃতটীকা।

কিঞ্চ মোঘাশা ইতি। মত্তোঽন্যদ্দেবতান্তরং ক্ষিপ্রং ফলং দাস্যতীত্যেবংভূতা মোঘা নিষ্ফলৈবাশা যেষাং তে, অতএব মদ্বিমুখত্বান্মোঘানি নিষ্ফলানি কর্ম্মাণি যেষাং তে, মোঘমেব নানাকুতর্কাশ্রিতং শাস্ত্রজ্ঞানং যেষাং তে, অতএব বিচেতসো

---

বিচিত্র আশার স্রোতে ভাসিতে ভাসিতে বিচিত্র নিকৃষ্ট কর্ম্মেরই অনুষ্ঠান করিয়া থাকে। কেবল আত্মসাক্ষাৎকারে অনভিজ্ঞতা নিবন্ধনই তাহাদের জীবনের সকল আশা, সকল কর্ম্ম এবং যাবতীয় বুদ্ধির বিচক্ষণতা নিরর্থক হইয়া থাকে ॥ ১২ ॥

আভাস।

বুঝে, তাহার আর কর্ম্ম থাকে না; সে নিশ্চিন্তে বুঝিবার আনন্দ অনুভব করে। জগতে ভ্রমণ বা ভোগের লালসায় অনুসন্ধান-ব্যাপার সম্পূর্ণ অজ্ঞান মূলক। যাহা জানি না, বা যাহার পরিচয় পাই নাই, তাহারই পরিচয় লইয়া তৃপ্ত হইবার মানসে আমরা সংসারে ভোগের আশায় পরি-ভ্রমণ করিয়া থাকি। যদবধি পরিচয় না পাই, তদবধি ঘোর উৎকণ্ঠা; পরিচয় পাইলেই উৎকণ্ঠার নিবৃত্তি এবং পরমা শান্তির সাক্ষাৎকার হয়। পরমাত্মা যেমন বিশ্ব সংসারের রচনা করিয়াছেন, সেই রচনা কার্য্যের অদ্ভুত ভাব অবধারণ করিবার উপলক্ষে দর্শক জীব-জগতেরও সৃজন করিয়া, প্রত্যেক মানব-হৃদয়ে একটী অদ্ভুত এবং অলৌকিক জ্ঞান-যন্ত্র সাজাইয়া দিয়াছেন; যাহার কল্যাণে মানব ভগবানের সৃষ্ট বস্তুর পরিচয় লাভে পরিতৃপ্ত হইয়া থাকে। এই জ্ঞান-যন্ত্রের অধিকারও

শাঙ্করভাষ্যম্।

নিষ্ফলমেব স্যাৎ। বিচেতসো বিগতবিবেকাশ্চ তে ভবন্তীত্যভিপ্রায়ঃ, কিঞ্চ তে ভবন্তি রাক্ষসীং রক্ষসাং প্রকৃতিং স্বভাবং আসুরীমসুরাণাঞ্চ প্রকৃতিং মোহিনীং মোহকরীং দেহাত্মবাদিনীং শ্রিতা আশ্রিতাঃ ছিন্ধি ভিন্ধি পিব খাদ পরস্বমপহরে-ত্যেবং বদনশীলাঃ ক্রূরকর্ম্ম কুর্ব্বাণা ভবন্তীত্যর্থঃ, অসুর্য্যা নাম তে লোকা ইতি শ্রুতেঃ॥ ১২ ॥

আনন্দগিরিকৃতটীকা।

যৌক্তিক-বিবেক-বশাৎ তৎপ্রার্থনা-সাফল্যমিত্যাশঙ্ক্যাহ বিচেতস ইতি। ন কেবল-মুক্তবিশেষণবত্ত্বমেব তেষাং কিন্তু বর্ত্তমান-দেহ-পাতাদনন্তরং তত্তদতিক্রূর-যোনি-প্রাপ্তিশ্চ নিশ্চিতেত্যাহ কিঞ্চেতি। মোহকরীমিতি প্রকৃতিদ্বয়েঽপি তুল্যং বিশেষণং, ছিন্ধি ভিন্ধি পিব খাদেতি প্রাণিহিংসারূপো রক্ষসাং স্বভাবোঽসুরাণাং স্বভাবস্তু ন দেহি ন জুহুধি পরস্বমপহরেত্যাদিরূপঃ। মোহো মিথ্যাজ্ঞানম্। উক্তমেব স্ফুটয়তি ছিন্ধীতি॥ ১২ ॥

স্বামিকৃতটীকা।

বিক্ষিপ্ত-চিত্তাঃ, সর্ব্বত্র হেতুঃ রাক্ষসীং হিংসাদিপ্রচুরাং আসুরীঞ্চ রাজসীং কাম-দর্পাদিবহুলাং মোহিনীং বুদ্ধিভ্রংশকরীং প্রকৃতিং স্বভাবং শ্রিতা আশ্রিতাঃ সন্তো মামবজানন্তীতি পূর্ব্বেণৈবান্বয়ঃ॥ ১২ ॥

আভাস।

অসীম! ইহা কেবল সৃষ্ট বস্তু বুঝে, তাহা নহে; সৃষ্টির পরিণাম এবং সৃষ্টির পদ্ধ-তিও বুঝিতে পারে! পরে যে বুঝে, সেই আত্মস্বরূপকে এবং যে পরম ভাব-সমগ্র ব্রহ্মাণ্ডকে সৃজন করেন, তাঁহাকে পর্য্যন্ত অবধারণ করিতেও সক্ষম হয়। তখন তাহার আর বুঝিবার জন্য সর্ব্বত্র পর্য্যটন করিতে হয় না; তখন সেই জ্ঞান-যন্ত্র নিশ্চিন্তে ও নিরুদ্বেগে যাবদীয় ভাবন্দে একত্র এক পরমাত্তত্ত্বে পর্য্যবেক্ষণ করত-পরমানন্দে অবস্থান করে। যাহারা আপনাকে না চিনে, তাহারা বিশ্ব-বিধাতা পরমাত্মাকেও চিনে না। সুতরাং তাহারা সৃষ্টির মূল মর্ম্মও বুঝিতে পারে না। সুতরাং অনিত্য ভোগকেই মানব-জীবনের পরমার্থ-লাভ মনে করিয়া, সর্ব্ব-প্রযত্নে ভোগের সংগ্রহার্থই চির-জীবন অতিবাহিত করে। সুতরাং ভোগের সংগ্রহার্থ কর্ম্মের ভাল-মন্দের প্রতিও দৃষ্টি করে না। রাক্ষস প্রকৃতিতে তাহারা পরের প্রাণ সংহারেও পশ্চাৎপদ হয় না এবং অসুরের ন্যায়, পরদ্রোহাদি বঞ্চনা কার্য্যে অন্ধের ন্যায় অগ্রসর হয়। সুতরাং সামান্য পশুর ন্যায়, দূরদৃষ্টিতে বঞ্চিত হইয়া এ জীবনে যে কোন কার্য্য করিল এবং যে কোন আশা বা ভরসা করিল, মরণকালে সমস্ত মিথ্যা করিয়াছি বুঝিয়া হতাশের ন্যায় তাহারা প্রাণ পরিত্যাগ করে॥ ১২॥

মহাত্মানস্তু মাং পার্থ দৈবীং প্রকৃতিমাশ্রিতাঃ।
ভজন্ত্যনন্যমনসো জ্ঞাত্বা ভূতাদিমব্যয়ম্॥ ১৩॥

অন্বয়ঃ।

হে পার্থ! দৈবীং শম-দম-শ্রদ্ধাদি-লক্ষণাং প্রকৃতিং স্বভাবং আশ্রিতাঃ মহাত্মানঃ (মহতি পরমাত্মনি আত্মা অন্তঃকরণং যেষাং তে) অনন্যমনসঃ ভগবৎ-মনসঃ জনাঃ ভূতাদিং অব্যয়ং ইতি জ্ঞাত্বা মাং ভজন্তি॥ ১৩॥

শাঙ্করভাষ্যম্।

যে পুনঃ শ্রদ্দধানাঃ ভগবদ্ভক্তিলক্ষণে মোক্ষমার্গে প্রবৃত্তাঃ মহাত্মান ইতি। মহাত্মানস্তু অক্ষুদ্রচিত্তা মামীশ্বরং পার্থ দৈবং দেবানাং প্রকৃতিং শম-দম-দয়া-শ্রদ্ধাদি-

আনন্দগিরিকৃতটীকা।

কে পুন র্ভগবন্তং ভজন্তে তানাহ যে পুনরিতি। মহান্ প্রকৃষ্টো যজ্ঞাদিভিঃ শোধিত আত্মা সত্বং যেষামিতি ব্যুৎপত্তিমাশ্রিত্যাহ অক্ষুদ্রেতি। তু-শব্দোঽবধারণে। প্রকৃতিং বিশিনষ্টি শমেতি। অনন্যস্মিন্ প্রত্যগ্‌ভূতে ময়ি পরস্মিন্নেব মনো

স্বামিকৃতটীকা।

কে তর্হি ত্বামারাধয়ন্তীত্যত আহ মহাত্মান ইতি। মহাত্মানঃ কামাদ্যনভিভূতচিত্তাঃ, অতএব অভয়ং, সত্বসংশুদ্ধিরিত্যাদিনা বক্ষ্যমাণাং দৈবীং প্রকৃতিং স্বভাবমাত্রমাশ্রিতা অতএব মদ্ব্যতিরেকেণ নাস্ত্যন্যস্মিন্ মনো যেষাং তে তু ভূতাদিং জগৎকারণং অব্যয়ং নিত্যঞ্চ মাং জ্ঞাত্বা ভজন্তি॥ ১৩॥

---

কিন্তু আত্মসাক্ষাৎকারে বিচক্ষণ শমদমাদি-সম্পন্ন মেধাবী সাত্বিক প্রকৃতির মহাত্মা মানবগণ এই স্থাবর জঙ্গমাত্মক ভূত সমূহের অনাদি ও অব্যয় কারণ-রূপে বিদ্যমান মদীয় ভাবের অবধারণে এক মনে ও এক প্রাণে আমারই ভজনা করিয়া থাকেন॥ ১৩॥

আভাস।

অতএব যাঁহারা আপনাকে চিনেন, তাঁহারা সর্ব্বশ্রেষ্ঠ মহান্ পরমাত্মাকেও অবধারণ করেন এবং ভোগের সকল সাধ তদন্তরেই মিটাইয়া লন। সুতরাং ভোগ সংগ্রহ উপলক্ষে রাজসিক বা তামসিক চরিত্রের আশ্রয় তাঁহাদিগকে লইতে হয় না। বিশুদ্ধ সত্বগুণ-সম্পন্ন দৈবী প্রকৃতিকে আশ্রয় করিয়া, নির্ব্যাপারী ভাবে ব্রহ্মাণ্ডের সৃষ্টি, স্থিতি এবং প্রলয়-কর্ত্তা নিত্যসিদ্ধ চির-শান্ত, শান্তির সাগর

সততং কীর্ত্তয়ন্তো মাং যতন্তশ্চ দৃঢ়ব্রতাঃ ।
নমস্যন্তশ্চ মাং ভক্ত্যা নিত্যযুক্তা উপাসতে ॥ ১৪ ॥

অন্বয়ঃ ।

তেষু কেচিৎ সততং স্তোত্রাদিভিঃ কীর্ত্তয়ন্তঃ কেচিৎ দৃঢ়ব্রতাঃ সন্ত ব্রতনিয়মাদিনা কৃপাং প্রার্থয়ন্তঃ, কেচিৎ ভক্ত্যা নমস্যন্তঃ কেচিৎ নিত্যযুক্তাঃ সমাহিতচিত্তাঃ এব মাং জগদীশ্বরং উপাসতে ॥ ১৪ ॥

শাঙ্করভাষ্যম্ ।

লক্ষণামাশ্রিতাঃ সন্তো ভজন্তি সেবন্তেঽনন্যমনসোঽনন্যচিত্তা জ্ঞাত্বা মাং ভূতানাম্ আশ্রয়মাদিকারণং বিয়দাদীনাং প্রাণিনাং চাদিকারণমাশ্রয়মব্যয়ং ॥ ১৩ ॥

কথং ?—সততং সর্ব্বদা ভগবন্তং ব্রহ্মস্বরূপং মাং কীর্ত্তয়ন্তো যতন্তশ্চ ইন্দ্রিয়ো-

আনন্দগিরিকৃতটীকা ।

যেষামিতি ব্যুৎপত্ত্যা ব্যাকরোতি অনন্যচিত্তা ইতি । অজ্ঞাতে সেবানুপপত্তেঃ শাস্ত্রোপপত্তিভ্যামাদৌ জ্ঞাত্বা ততঃ সেবন্তে ইত্যাহ জ্ঞাত্বেতি । অব্যয়মবিনাশিনম্ ॥ ১৩ ॥

ভজনপ্রকারং পৃচ্ছতি কথমিতি । তৎপ্রকারমাহ সততমিতি । সর্ব্বদেতি

তাঁহারা নিরন্তর ভগবানের ভাবই লোক-সমাজে কীর্ত্তন করেন এবং ব্রতাবলম্বী হইয়া একাগ্রচিত্তে কোন্ পদ্ধতিতে আমার স্বরূপ অবধারণ করিতে পারেন, তজ্জন্য দৃঢ় চেষ্টা করত ভক্তিভরে আমাকেই প্রণাম করেন এবং সমাহিত চিত্তে আমাকেই অন্তরে রাখিয়া উপাসনা করেন ॥ ১৪ ॥

আভাস ।

এবং পরমানন্দের আধার পরম বিভুর প্রতি প্রাণ সমর্পণ করত, অবশিষ্ট মানব-জীবন তাঁহারা অতিবাহিত করিয়া থাকেন ॥ ১৩ ॥

ভগবান্ শ্রীহরি মনুষ্য-জীবনের প্রতি বিশেষ কৃপার প্রদর্শনে দুইটী অপূর্ব্ব কার্য্য-প্রণালী চির প্রথিত রাখিয়াছেন । মানব করিয়া বুঝে এবং বুঝিয়া করে । বুঝিয়া করাটী বড়ই উপাদেয় ; কিন্তু করিয়া বুঝাটী তত সুগম এবং সহজ সাধ্য নহে । শাস্ত্র এবং আচার্য্যের সন্নিধানে কার্য্যের পদ্ধতি জানিয়া বা শুনিয়া কার্য্য করিলে যত শীঘ্র কৃতকার্য্য হওয়া যায়, নিজের খামখেয়ালি ভাবে কার্য্য করিয়া কৃতার্থ হইবার চেষ্টায় অগ্রসর হইলে, সেরূপ ফল সত্বর পাওয়া যায় না ।

শাঙ্করভাষ্যম্।

পসংহার-শম দম দয়া-হিংসাদিলক্ষণৈঃ ধর্ম্মৈঃ প্রযতন্তশ্চ দৃঢ়ব্রতাঃ দৃঢ়ং স্থিরমচাঞ্চল্যং ব্রতং যেষাং তে দৃঢ়ব্রতা নমস্যন্তশ্চ মাং হৃদয়েশয়মাত্মানং ভক্ত্যা নিত্যযুক্তাঃ সন্ত উপাসতে সেবন্তে ॥ ১৪ ॥

আনন্দগিরিকৃতটীকা।

শ্রবণাবস্থা গৃহ্যতে, কীর্ত্তনং বেদান্তশ্রবণং প্রণব-জপশ্চ। ব্রতং ব্রহ্মচর্য্যাদি। নমস্যন্তো মাং প্রতি চেতসা প্রহ্বীভবন্তো ভক্ত্যা পরেণ প্রেম্না নিত্যযুক্তাঃ সদা সংযুক্তাঃ ॥ ১৪ ॥

স্বামিকৃতটীকা।

তেষাং ভজনপ্রকারমাহ সততমিতি দ্বাভ্যাং। সততং সর্ব্বদা স্তোত্রমন্ত্রাদিভিঃ কীর্ত্তয়ন্তঃ কেচিন্মামুপাসতে সেবন্তে, দৃঢ়ানি ব্রতানি নিয়মা যেষাং তাদৃশাঃ সন্তো যতন্তশ্চ ঐশ্বর্য্যজ্ঞানাদিষু প্রযত্নং কুর্ব্বন্তঃ কেচিদ্ভক্ত্যা নমস্যন্তশ্চ প্রণমন্তঃ অন্যে নিত্যযুক্তা অনবরতং অবহিতাঃ সেবন্তে, ভক্ত্যেতি নিত্যযুক্তা ইতি চ কীর্ত্তনাদিষ্বপি দ্রষ্টব্যং ॥ ১৪ ॥

আভাস।

বরং ঠকার ভাগই বেশী ; জয় অতি অল্প। বিশেষত ঠকিয়া ঠকিয়া জিতিব মনে করিলে, অনেক সময় বৃথায় জীবন অতিবাহিত করিতে হয়। জীবন চির-স্থায়ী নহে। কখন আছে, কখন যাইবে, তাহার কিছুরই স্থিরতা নাই। সুতরাং কণামাত্র কালও বৃথায় সন্দেহের কুহকে নিক্ষিপ্ত রাখিয়া অতিবাহিত করা কর্ত্তব্য নহে। কার্য্যের ফল নিশ্চয় পাইব কি না যখন স্থির নাই, সেরূপ কার্য্যে জীবন-কাল অতিবাহিত করা কোন মতে বিধেয় নহে। হৃষীকেশাদি কোন দূরবর্ত্তী স্থানে যাইতে হইলে, যাঁহারা তথায় যাতায়াত করিয়াছেন, তাদৃশ বিচক্ষণ ও বিজ্ঞ ব্যক্তিগণের নিকট উপদেশ লওয়াই কর্ত্তব্য। অতএব সংসার-ভ্রমণে অগ্রসর মানবের পক্ষে প্রথমত ঋষিগণের উপদেশ লওয়াই অবশ্য কর্ত্তব্য। তাহা হইলে, বৃথা পর্য্যটন করিয়া যায় ; এবং সত্বর উদ্দেশ্য-সাধনে কৃতার্থ হওয়া যায়।

ঋষিগণের উপদেশই উৎকৃষ্ট শাস্ত্র ; যাহাতে আত্ম-সাক্ষাৎকারকেই শ্রেষ্ঠ সোপান বলিয়াই কীর্ত্তিত হইয়াছে। অবশ্য নিত্য নৈমিত্তিকাদি কর্ম্ম এবং যম-নিয়মাদি যোগাঙ্গ সাধনার অনুষ্ঠান করিলে আত্ম-সাক্ষাৎকারে উপনীত হওয়া যায় বটে, কিন্তু অনেক বিলম্বে তাহা ঘটে। কিন্তু আচার্য্য এবং শাস্ত্রের আশ্রয়ে বিচারের দ্বারা আত্মার স্বরূপ মনোমধ্যে একটী বার নির্দ্ধারিত হইলে ; এবং জগত্তত্ত্ব, জীবতত্ত্ব এবং পরমাত্মতত্ত্ব হৃদয়ে বিনীত হইলে, কার্য্যের অনুষ্ঠানে চিত্ত

জ্ঞানযজ্ঞেন চাপ্যন্যে যজন্তো মামুপাসতে ।
একত্বেন পৃথক্ত্বেন বহুধা বিশ্বতোমুখম্ ॥ ১৫ ॥

অন্বয়ঃ ।

অপি চ অন্যে জ্ঞান-যজ্ঞেন ( বাসুদেবঃ সর্ব্বং ইতি জ্ঞানং তদেব যজ্ঞঃ তেন ) মাং পরমাত্মানং যজন্তঃ পূজয়ন্তঃ উপাসতে ! কেচিৎ একত্বেন একং এব পরং ব্রহ্ম, অভেদ-ভাবনয়া, কেচিৎ পৃথক্‌ত্বেন ভেদ-দৃষ্ট্যা দাসোঽহং ইতি পৃথক্ ভাবনয়া, কেচিৎ বিশ্বতোমুখং সর্ব্বাত্মকং মাং, তথা বহুধা ব্রহ্মরুদ্রাদি-রূপেণ মাং উপাসতে ॥ ১৫ ॥

শাঙ্করভাষ্যম্ ।

তে কেন কেন প্রকারেণ উপাসতে ? ইত্যুচ্যতে—জ্ঞানযজ্ঞেন জ্ঞানমেব

আনন্দগিরিকৃতটীকা ।

উপাসনপ্রকারভেদপ্রতিপিৎসয়া পৃচ্ছতি তে কেনেতি ! তৎপ্রকারভেদোদীরণার্থং শ্লোকমবতারয়তি উচ্যত ইতি । ইজ্যতে পূজ্যতে পরমেশ্বরোঽনেনেতি

কেহ সমগ্র সংসার বাসুদেবময় ইত্যাকার মদীয় চিন্ময় পরমাত্ম ভাবের চিন্তাকেই জ্ঞানযজ্ঞ অবধারণে আমার উপাসনা করেন ; কেহ বা আত্মা ও অনাত্মাদি স্থাবর জঙ্গমাত্মক বিচিত্র ভাব সমূহকে

আভাস ।

প্রসন্নভাবে অগ্রসর হইবে ! সে কার্য্যের পদ্ধতির জন্য আর সন্দেহ থাকিবে না ; এবং প্রতিপদে কৃতকার্য্য হইতেছি বলিয়া প্রত্যয় জন্মিবে । সুতরাং তখন প্রসন্নচিত্তে উৎসাহের সহিত ভগবানের নাম-কীর্ত্তনে এবং একাগ্র-চিত্তে ও অধ্যবসায়ের সহিত চতুর্ব্বিংশতি তত্ত্বকে আপন আয়ত্ত করিতে আর কষ্ট-বোধ হইবে না । পথ সুগম হইবে ; ভ্রম থাকিবে না । এবং ভক্তিভরে পরমেশ চরণে আত্ম-সমর্পণ পূর্ব্বক সকল কার্য্যের উদ্যমও সুগম হইয়া যাইবে । অতএব করিয়া বুঝিবার অপেক্ষা, বুঝিয়া করাই শ্রেয়ঃ । আত্মার অনুসন্ধান করিয়া এবং বিচারে তাহা অবগত হইয়া মানব জীবনের যাবদীয় কর্ম্ম করার ন্যায়, শ্রেষ্ঠ পদ্ধতি আর কিছুই নাই ॥ ১৪ ॥

দেহের অন্তরে সর্ব্বসাক্ষী সর্ব্বনিয়ামক স্বীয় অনুভূতি-স্বরূপ আত্মাকে অবধারণ করিতে পারিবেন, তিনি এই ব্রহ্মাণ্ডের অন্তরে এবং বাহিরে সেইরূপ সর্ব্ব-সাক্ষী সর্ব্ব-নিয়ামক মদীয় পরম ভাব পরমাত্ম-স্বরূপকেও অবধারণ করা

শাঙ্করভাষ্যম্।

ভগবদ্‌বিষয়ং যজ্ঞস্তেন জ্ঞানযজ্ঞেন যজন্তঃ পূজয়ন্তো মামীশ্বরং চাপ্যন্যে অন্যামুপাসনাং পরিত্যজ্য উপাসতে। তচ্চ জ্ঞানম্ একত্বেন একমেব পরং ব্রহ্ম ইতি পরমার্থ-দর্শনেন যজন্ত উপাসতে। কেচিচ্চ পৃথক্ত্বেন আদিত্যচন্দ্রাদিভেদেন স এব ভগবান্ বিষ্ণুরাদিত্যাদিরূপেণাবস্থিত ইতি উপাসতে। কেচিদ্ বহুধা অবস্থিতঃ

আনন্দগিরিকৃতটীকা।

প্রকৃতে জ্ঞানে যজ্ঞশব্দঃ। ঈশ্বরঞ্চেতি চকারোঽবধারণে। দেবতান্তরধ্যানত্যাগমপিশব্দসূচিতং দর্শয়তি অন্যামিতি। অন্যে চ ব্রহ্মনিষ্ঠামিতি যাবৎ। জ্ঞানযজ্ঞমেব বিভজতে তচ্চেতি। উত্তমাধিকারিণামুপাসনমুক্ত্বা মধ্যমানাম্ উপাসন-প্রকারমাহ

স্বামিকৃতটীকা।

কিঞ্চ জ্ঞানেতি। বাসুদেবঃ সর্ব্বমিত্যেবং সর্ব্বাত্মদর্শনং জ্ঞানং তদেব যজ্ঞস্তেন জ্ঞানযজ্ঞেন মাং যজন্তঃ পূজয়ন্তোঽন্যেঽপ্যুপাসতে তত্রাপি কেচিদেকত্বেনাভেদ-ভাবনয়া কেচিৎ পৃথগ্‌ভাবনয়া দাসোঽহমিতি কেচিত্তু বিশ্বতোমুখং সর্ব্বাত্মকং মাং বহুধা ব্রহ্মরুদ্রাদিরূপেণোপাসতে ॥ ১৫ ॥

পরম কারণে বিলীন বিবেচনা করিয়া অভেদ চিন্তনে আমার এক ও অদ্বিতীয় পরম ভাবের উপাসনা করেন, কেহ বা জীবমূর্ত্তিতে কেহ বা ব্রহ্ম রুদ্রাদি বিভিন্নমূর্ত্তিতে যিনি বিরাজ করিতেছেন, আমার সেই বাসুদেব মূর্ত্তির উপাসনা করিয়া থাকেন ॥ ১৫ ॥

আভাস।

সুগম হইয়া পড়ে। ভগবদ্বিষয়ক জ্ঞানের আলোচনাই মহাযজ্ঞ! কেহ তাঁহাকে অদ্বিতীয় পরম ব্রহ্ম জ্ঞানে আরাধনা করিতেছেন; কেহ বা ব্রহ্মা, বিষ্ণু ও রুদ্র মূর্ত্তিতে সৃষ্টি পালন এবং সংহারকারী ত্রিবিধ বেশে এক আমারই আরাধনা করিয়া থাকেন। আবার কেহ বা বিশ্বতোমুখ অর্থাৎ সর্ব্বাত্মক-ভাবে আমার অরাধনা করিয়া থাকেন। এতদর্থে শ্রুতিও প্রকাশ করিয়াছেন যথা;

যো দেবোঽগ্নৌ যোঽপ্সু যো বিশ্বং ভুবনং অবিবেশ।
য ওষধিষু যো বনস্পতিষু তস্মৈ দেবায় নমো নমঃ ॥

যে দেবতা অন্তরে বিদ্যমান থাকিয়া অগ্নি মূর্ত্তিতে প্রকাশমান হইতেছেন, যিনি জলের অন্তরে বিদ্যমান থাকিয়া জীবও জন্তুর তৃষ্ণার নিবারণ করিতেছেন; যিনি ভুবন-ভরা বেশে জগদ্রূপে প্রতীত হইতেছেন, যিনি ওষধির গর্ভে

অহং ক্রতুরহং যজ্ঞঃ স্বধাহমহমৌষধম্।
মন্ত্রোঽহমহমেবাজ্যমহমগ্নিরহং হুতম্ ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

অহং ক্রতুঃ শ্রৌতকর্ম্ম, অহং যজ্ঞঃ স্মার্ত্ত-কর্ম্ম, অহং স্বধা পিতৃগণ-পুষ্টি-দায়িনী অন্নং, অহং ঔষধং ওষধি-প্রভবং অন্নং, অহং মন্ত্রং বাক্যাদিঃ, আজ্যং ঘৃতাদি, অহং অগ্নিঃ তথা অহং হুতং হোমঃ ॥ ১৬ ॥

শাঙ্করভাষ্যম্।

স এব ভগবান্ বিশ্বতোমুখঃ সর্ব্বতোমুখঃ বিশ্বরূপ ইতি তং বিশ্বরূপং সর্ব্বতোমুখং বহুধা বহু প্রকারেণ উপাসতে ॥ ১৫ ॥

যদি বহুভিঃ প্রকারৈরুপাসতে কথং ত্বামেব উপাসতে ইত্যত আহ অহং ক্রতুঃ

আনন্দগিরিকৃতটীকা।

কেচিচ্চেতি। তেষামেব প্রকারান্তরেণোপাসনমুদীরয়তি কেচিদিতি। বহুপ্রকারেণাগ্ন্যাদিত্যাদিরূপেণেতি যাবৎ ॥ ১৫ ॥

ভগবদেকবিষয়মুপাসনং তর্হি ন সিধ্যতীতি শঙ্কতে যদীতি। প্রকারভেদমাদায়

হে অর্জ্জুন! শ্রৌত কর্ম্ম ক্রতু, স্মার্ত্ত কর্ম্ম যজ্ঞ, পিতৃলোকের পুষ্টিদায়িনী স্বধামূর্ত্তিতে আমিই বিরাজ করিতেছি! জীবের ক্ষুধাদি

আভাস।

অবস্থিত থাকিয়া জীবের রোগোপশমন-কারি ঔষধি মূর্ত্তিতে জগতের প্রীণন করিতেছেন, আবার বৃক্ষ লতাদির অঙ্কুর হইতে ফল শস্যাদি মূর্ত্তিতে জীবের জীবন-রূপে দেখা দিতেছেন। সেই পরমেশকে আমাদের প্রাণ-ভরা প্রণাম! ছান্দোগ্য শ্রুতিতে বর্ণিত আছে; সদেব সৌম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ম্; হে সৌম্য! এই ব্যক্ত জগৎ অব্যক্ত মূর্ত্তিতে পরম ব্রহ্মে লীন থাকে; এবং সৃষ্টিকালে সেই ব্রহ্ম-স্বরূপ হইতে ব্যক্ত-ভাব ধারণে জগদ্রূপে প্রতীত হয়। এক ব্রহ্মই সত্য! স্থাবর জঙ্গমাত্মক জগৎ এক তাঁহারই ইচ্ছা শক্তির বিকাশ মাত্র! অতএব তিনিই অবধারণীয়। কেহ তাঁহাকেই সর্ব্বাধার ভাবে, কেহ বা তাঁহাকে প্রভু পরমাত্মা ভাবে এবং কেহ বা সর্ব্বেশ্বর ভাবে পূজা বা আরাধনা করিয়া থাকেন ॥ ১৫ ॥

এই শ্লোকে শ্রীকৃষ্ণ স্বকীয় পরমেশ ভাবকে সর্ব্ববিধ কার্য্য মূর্ত্তিতে প্রদর্শন করিয়াছেন। শ্রৌত কর্ম্মের নাম ক্রতু, স্মার্ত্ত-কর্ম্মের নাম যজ্ঞ। পিতৃলোককে

শাঙ্করভাষ্যম্ ।

শ্রৌতকর্ম্মভেদঃ অহমেব। অহং যজ্ঞঃ স্মার্ত্তঃ। কিঞ্চ স্বধা অন্নম্ অহং যৎ পিতৃভ্যো দীয়তে। অহমৌষধং সর্ব্বপ্রাণিভি র্যদদ্যতে তৎ ঔষধশব্দ-বাচ্যম্ অথবা স্বধেতি সর্ব্বপ্রাণিসাধারণমন্নম্, ঔষধমিতি ব্যাধ্যুপশমার্থং ভেষজম্। মন্ত্রোঽহং যেন পিতৃভ্যো দেবতাভ্যশ্চ হবির্দীয়তে। অহমেব আজ্যং হবিশ্চাহম্ অগ্নি র্যস্মিন্ হূয়তে সোঽগ্নিরহমেব। অহং হুতং হবন-কর্ম্ম চ ॥ ১৬ ॥

আনন্দগিরিকৃত-টীকা।

ধ্যায়ন্তোঽপি ভগবন্তমেব ধ্যায়ন্তি তস্য সর্ব্বাত্মকত্বাদিত্যাহ অত আহেতি। ক্রতু-যজ্ঞ-শব্দয়োরনয়োরপৌনরুক্ত্যং দর্শয়ন্ ব্যাচষ্টে শ্রৌত ইতি। ক্রিয়াকারক-ফলজাতং ভগবদতিরিক্তং নাস্তীতি সমুদয়ার্থঃ ॥ ১৬ ॥

স্বামিকৃতটীকা।

সর্ব্বাত্মতাং প্রপঞ্চয়তি অহং ক্রতুরিতি চতুর্ভিঃ। ক্রতুঃ শ্রৌতোঽগ্নিষ্টোমাদিঃ, যজ্ঞঃ স্মার্ত্তঃ পঞ্চযজ্ঞাদিঃ, স্বধা পিত্র্যর্থং শ্রাদ্ধাদিঃ, ঔষধং ওষধিপ্রভবমন্নং ভেষজম্বা, মন্ত্রো যাজ্যপুরোধো-বাক্যাদিঃ, আজ্যং হোমাদিসাধনং, অগ্নিরাহবনীয়াদিঃ, হুতং হোমঃ, এতৎ সর্ব্বমহমেব ॥ ১৬ ॥

রোগ সমূহের নিবারণোপলক্ষে ঔষধি সমূহের অন্তর হইতে আমিই ব্রীহি যবাদিরূপে প্রকটিত হইয়া থাকি। মন্ত্র বাক্য, আজ্য ঘৃত, আমি! এবং অগ্নি এবং হোম ব্যাপারও আমি ॥ ১৬ ॥

আভাস।

যে অন্ন প্রদান করা হয়, তাহার নাম স্বধা। এই সকল ভাবে পরমাত্মাই আত্ম-পরিচয় দেন ; অর্থাৎ সকলই তাঁহার শক্তিরই পরিণাম মাত্র। তাঁহার স্বরূপ-শক্তি ওষধি-মূর্ত্তি ধারণে জগদ্বাসীকে অন্ন এবং ঔষধ বিতরণ করিতেছে ; এবং যে মন্ত্রের উচ্চারণে পিতৃ-কার্য্য বা দেব-কার্য্য সাধিত হয়, সে মন্ত্রও ভগবান্। যে অগ্নিতে অহুতি প্রদত্ত হয়, সেই অগ্নিও তাঁহারই স্বরূপ। এবং আহুতির দ্রব্য ঘৃতাদিও তিনি! অতএব ভগবান্ অর্জ্জুনকে বুঝাইলেন যে, সকল প্রকারে এবং সকল ভাবে একা আমিই সর্ব্বত্র বিরাজ করিতেছি! অতএব তুমি পরমাত্মাই সকল ভাবে, সকল প্রকারে এবং সর্ব্বময় হইয়া বিরাজ করিতেছেন মনে ধারণা করিয়া, যে কোন কার্য্য করিবে, তাহাতেই আমার আরাধনা করা হয়! "আমি তুমি" ভাবিয়া, স্বার্থের অনুরোধে যে কোন কার্য্যই করা হয়, তাহা-তেই বন্ধন এবং পরমেশ ভাবিয়া যে কার্য্যই করা হয়, তাহাতেই মুক্তির সোপান প্রসারিত হয় ॥ ১৬ ॥

পিতাহমস্য জগতো মাতা ধাতা পিতামহঃ।
বেদ্যং পবিত্রমোঙ্কার ঋক্ সাম যজুরেব চ ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

অস্য জগতঃ পিতা, মাতা, ধাতা কর্ম্মফল-দাতা, পিতামহঃ, বেদ্যং পবিত্রং ওঙ্কারঃ ঋক্ সাম যজুঃ অহং এব চ ॥ ১৭

শাঙ্করভাষ্যম্।

কিঞ্চ, পিতা জনয়িতা অহম্ অস্য জগতঃ, মাতা জনয়িত্রী, ধাতা কর্ম্মফলস্য, প্রাণিভ্যো বিধাতা, পিতামহঃ পিতুঃ পিতা, বেদ্যং বেদিতব্যং পবিত্রং পাবনম্ ওঁকারশ্চ ঋক্ সাম যজুরেব চ ॥ ১৭ ॥

আনন্দগিরিকৃতটীকা।

ইতশ্চ ভগবতঃ সর্ব্বাত্মকত্বমনুমন্তব্যমিত্যাহ কিঞ্চেতি। পবিত্রং পূয়তেঽনেনেতি ব্যুৎপত্ত্যা পরিশুদ্ধিকারণং পুণ্যং কর্ম্মেত্যাহ পাবনমিতি। বেদিতব্যে ব্রহ্মণি বেদন-সাধনমোঙ্কার স্তত্র প্রমাণমৃগাদি। চকারাদথর্ব্বাঙ্গিরসো গৃহ্যন্তে ॥ ১৭ ॥

স্বামিকৃতটীকা।

কিঞ্চ পিতাহমস্যেতি। ধাতা কর্ম্মফলবিধাতা, বেদ্যং জ্ঞেয়ং বস্তু, পবিত্রং শোধকং প্রায়শ্চিত্তাত্মকং বা, ওঙ্কারঃ প্রণবঃ, ঋগাদয়ো বেদাশ্চাহমেব স্পষ্টমন্যৎ ॥ ১৭ ॥

এই সংসারের প্রতিপালক পিতা আমি; পোষণকারী মাতাও আমি; কর্ম্মফলদাতা বিধাতা আমি; ঋক্‌বেদ যজুর্ব্বেদ এবং সামবেদ মূর্ত্তিতে এবং বেদত্রয়ের জ্ঞাতব্য ওকার-মূর্ত্তিতে আমিই একা বিরাজ করিতেছি ॥ ১৭ ॥

আভাস।

ভগবান্ মাতৃ-মূর্ত্তিতে জগৎ প্রসব করিতেছেন এবং পিতার ন্যায় প্রতিপালন করিতেছেন; তিনি পিতৃ-শক্তি এবং মাতৃ-শক্তির আধার রূপে দণ্ডায়মান থাকায়, তিনি জগতের সর্ব্বধার পিতামহ। ঋক্ যজুঃ এবং সাম নামক বেদের উক্তির দ্বারা তাঁহারই অভিপ্রায়ের প্রয়োগ হইতেছে এবং পবিত্র ওঙ্কার ধ্বনিতে তিনিই তাহার বাচ্য ভগবান্ সাজিয়া ভক্ত-সন্নিধানে প্রতীত হইতেছেন। সকল নিয়মের নিয়মন-কারী বিধাতা হইয়া, একা তিনিই বিরাজ করিতেছেন ॥ ১৭ ॥

গতি র্ভর্ত্তা প্রভুঃ সাক্ষী নিবাসঃ শরণং সুহৃৎ।

অন্বয়ঃ

অহং অস্য জগতঃ গতিঃ কর্ম্মফলং, ভর্ত্তা পোষকঃ, প্রভুঃ স্বামী, সাক্ষী কৃতস্য কর্ম্মণঃ, নিবাসঃ ভোগস্থানং, শরণং আশ্রয়দাতা, সুহৃৎ হিতকর্ত্তা, প্রভাবঃ

শাঙ্করভাষ্যম্।

কিঞ্চ গতিরিতি। গতিঃ কর্ম্মফলং, ভর্ত্তা পোষ্টা, প্রভুঃ স্বামী, সাক্ষী প্রাণিনাং কৃতাকৃতস্য নিবাসো যস্মিন্ প্রাণিনো নিবসন্তি শরণমার্ত্তানাং প্রপন্নানামার্ত্তিহরঃ

আনন্দগিরিকৃতটীকা।

ভগবতঃ সর্ব্বাত্মকত্বে হেত্বন্তরমাহ কিঞ্চেতি। গম্যত ইতি প্রকৃতি-বিলয়-পর্য্যন্তং কর্ম্মফলং গতিরিত্যাহ কর্ম্মেতি। পোষ্টা কর্ম্মফলস্যৈব প্রদাতা। কার্য্যকারণপ্রপঞ্চ-

**এই জগতের গতি অর্থাৎ কর্ম্মফল মূর্ত্তিতে, প্রতিপালক ভর্ত্তা; প্রভু অর্থাৎ স্বামী এবং সকল কার্য্যের সাক্ষীস্বরূপে আমিই বিরাজ করিতেছি! ভোগস্থান নিবাস আমি; শরণ অর্থাৎ আশ্রয়-দাতা, সুহৃৎ হিতকর্ত্তা, প্রভব অর্থাৎ উৎপত্তিকারক এবং প্রলয়-মূর্ত্তি**

আভাস।

পরমাত্ম-স্বরূপের যে অদ্ভুত অমীয়-পূর্ণ ভাব, তাহাই এই শ্লোকে বর্ণিত হইয়াছে। জ্ঞানী পণ্ডিত কর্ম্মী যোগী এবং ভক্ত স্ব স্ব আচরণের দ্বারা যে যে ভোগ্য ফল প্রত্যেকে অনুভব করিয়া থাকেন, পরমাত্ম-দর্শনে সেই সকল ফল বা ভাব একত্রে অনুভূত হইয়া থাকে; কারণ তিনিই সকলের গতি। জননী যেমন স্বদয়ের দুগ্ধ পান করাইয়া বালকের পুষ্টি সাধন করিয়া থাকেন, জননীর ন্যায় ভগবানের দিকে জীব কেবল নিরীক্ষণ মাত্র করিলে, বুঝিবে যে, তিনিই তাহার পুষ্টি সাধন করিয়া থাকেন। কারণ সেই পরম পিতাই ভর্ত্তা! তাঁহার আজ্ঞার বশবর্ত্তী হইয়া লোকপালাদি সকলেই স্ব স্ব কার্য্যে অভিনিবিষ্ট রহিয়াছেন; তখন আত্মজ্ঞানীকে কর্ত্তব্যের নির্দ্দেশ তিনিই করিয়া দিবেন! 'কর্ত্তব্যের সন্দেহ ভক্ত-হৃদয়ে কখন স্থান পায় না। কারণ তিনিই প্রভু। তিনি সাক্ষী! আমাদের কোন কার্য্য তাঁহার সমীপে প্রচ্ছন্ন থাকে না। তিনি নিবাস; অর্থাৎ আনন্দ ভোগের বিশ্রাম-স্থানই তিনি। দুঃখ দারিদ্র্য ভাব হইতে তিনিই নিস্তার করিয়া থাকেন; তিনিই শরণাগত জনের এক মাত্র শরণ এবং নিঃস্বার্থে প্রিয়কারী সুতরাং সুহৃৎ। তিনিই সকলের উৎপত্তি

প্রভবঃ প্রলয়ঃ স্থানং নিধানং বীজমব্যয়ম্ ॥ ১৮ ॥

শঙ্করঃ।

উৎপত্তিকারকঃ, প্রলয়ঃ সংহর্ত্তা, স্থানং আধারঃ, নিধানং নিক্ষেপস্থানং, অব্যয়ং অক্ষয়ং বীজং কারণং অহং এব ॥ ১৮ ॥

শাঙ্করভাষ্যম্।

সুহৃৎ প্রত্যুপকারানপেক্ষ উপকারী প্রভব উৎপত্তির্জ্জগতঃ প্রলয়ঃ প্রলীয়তে যস্মিন্ ইতি প্রলয়ঃ তথা স্থানং তিষ্ঠত্যস্মিন্নিতি নিধানং নিক্ষেপঃ কালান্তরোপভোগ্যং প্রাণিনাং বীজং প্ররোহকারণং প্ররোহ-ধর্ম্মিণামব্যয়ং যাবৎ সংসারভাবিত্বাদব্যয়ং

আনন্দগিরিকৃতটীকা।

স্বাধিষ্ঠানমিত্যাহ নিবাস ইতি। শীর্য্যতে দুঃখমস্মিন্নিতি ব্যুৎপত্তিমাশ্রিত্যাহ শরণমিতি। প্রভবত্যস্মাজ্জগদিতি ব্যুৎপত্তিমাদায়োক্তম্ উৎপত্তিরিতি। কারণস্য কথমব্যয়ত্বমিত্যাশঙ্ক্যাহ যাবদিতি। কারণমন্তরেণাপি কার্য্যং কদাচিদুদেষ্যতি কিং কারণেনেত্যাশঙ্ক্যাহ ন হীতি। মাভূৎ তর্হি সংসারদশায়ামেব কার্য্যোৎপত্তি-

স্বামিকৃতটীকা।

কিঞ্চ গতিরিতি। গম্যত ইতি গতিঃ ফলং, ভর্ত্তা পোষণকর্ত্তা, প্রভু র্নিয়ন্তা, সাক্ষী শুভাশুভদ্রষ্টা, নিবাসো ভোগস্থানং, শরণং রক্ষকঃ, সুহৃৎ হিতকর্ত্তা, প্রকর্ষেণ ভবত্যনেনেতি প্রভবঃ স্রষ্টা, প্রলীয়তেঽনেনেতি প্রলয়ঃ সংহর্ত্তা, তিষ্ঠত্যস্মিন্নিতি স্থানমাধারঃ, নিধীয়তেঽস্মিন্নিতি নিধানং লয়স্থানং, বীজং কারণং, তথাপ্যব্যয়মবিনাশি ন তু ব্রীহ্যাদিবীজবদ্বিনশ্বরমিত্যর্থঃ ॥ ১৮ ॥

অর্থাৎ সংহর্ত্তা একা আমাকেই জানিতে হইবে। এই সমস্ত ব্যাপারের আধার অর্থাৎ আশ্রয় আমি এবং সমস্ত নিক্ষিপ্ত হইয়া আমাতেই নিহিত থাকে। ব্যক্তভাবে উৎপন্ন যাবদীয় পদার্থের অব্যয় বীজ আমি, মদীয় কারণ মূর্ত্তি হইতে এই জগৎ বীজ নির্গত হওয়ায়, আমিই জগৎ মূর্ত্তিতে প্রতিভাত হইতেছি। ১৮।

আভাস।

স্থান! সকলই তাঁহার গর্ত্ত হইতে উৎপন্ন হইতেছে; সুতরাং প্রভব। সকলই তাঁহাতে লীন হইতেছে; সুতরাং তিনিই প্রলয়। প্রলয়ে তাঁহাতেই বিশ্রাম করিতেছে; সুতরাং তিনিই স্থান। সৃষ্টির বীজ তাঁহা হইতে উৎপন্ন হইয়া

তপাম্যহমহং বর্ষং নিগৃহ্ণাম্যুৎসৃজামি চ।

অন্বয়ঃ।

আদিত্যাদিরূপেণ অহং তপামি, নিগৃহ্ণামি চ অহং বর্ষং রশ্মিভিঃ পুনঃ উৎ-

শাঙ্করভাষ্যম্।

নষ্টবীজং কিঞ্চিৎ প্ররোহতি নিত্যঞ্চ প্ররোহদর্শনাদ্বীজসন্ততি র্ন ব্যেতীত্যেব গম্যতে॥ ১৮॥

কিঞ্চ তপামীতি। তপাম্যহমাদিত্যো ভূত্বা কৈশ্চিৎ রশ্মিভিস্তপামি অহং বর্ষং কৈশ্চিদ্রশ্মিভিরুৎসৃজামি উৎসৃজ্য পুনর্নিগৃহ্ণামি কৈশ্চিদ্রশ্মিভিরষ্টভির্মাসৈঃ পুনরুৎসৃজামি প্রাবৃষি অমৃতঞ্চৈব দেবানাং মৃত্যুশ্চ মর্ত্ত্যানাং সৎ যস্য যৎ সম্বন্ধি-

আনন্দগিরিকৃতটীকা।

রিত্যাশঙ্ক্যাহ নিত্যং চেতি। কারণব্যক্তে র্নাশমঙ্গীকৃত্য তদন্যতমব্যক্তিশূন্যত্বং পূর্ব্বকালস্য নাস্তীতি সিদ্ধবৎকৃত্য বিশিনষ্টি বীজেতি॥ ১৮॥

ইতশ্চ সর্ব্বাত্মত্বে ভগবতো ন বিবদিতব্যমিত্যাহ কিঞ্চেতি। আদিত্যাজ্জায়তে বৃষ্টিরিতি স্মৃতিমবষ্টভ্য ব্যাচষ্টে কৈশ্চিদিতি। বর্ষোৎসর্গনিগ্রহাবেকস্মৈকস্মিন্ কালে বিরুদ্ধৌ ইত্যাশঙ্ক্যাহ অষ্টভিরিতি। ঋতুভেদেন বর্ষস্য নিগ্রহোৎসর্গাবেক-

---

আদিত্যাদি মূর্ত্তিতে আমিই জগতে রসাদিকে আত্মসাৎ করি-তেছি এবং রশ্মীর প্রদানে বৃষ্ট্যাদি মূর্ত্তিতে জগতে রসাদি প্রদান

আভাস।

জীব ও জগৎ রূপে পরিদৃষ্ট হয় এবং প্রলয়ে প্রলীন হইয়া পরমানন্দের অনুভবে সেই পরমেশেই বিশ্রাম করে। তিনি অব্যয়; কখন তাঁহার ধ্বংস হয় না; সুতরাং জীব-ভাব ও জগদ্ভাবেরও কখন নিবৃত্তি নাই। সুতরাং মুক্তিতে বা মরণে জীব বা জগৎ আত্ম-ভাব কখন হারাইবে না। একবার জাগরণ ও পরক্ষণে নিদ্রিতের ন্যায়, তাঁহাতেই চিরায়ুঃ হইয়া নিত্য সিদ্ধ ভাবে সকলেই অবস্থান করে॥ ১৮॥

ভগবান্ তপন-মূর্ত্তিতে জগতের দুর্গন্ধাদি নিকৃষ্ট-রসাদি-ভাব সমূহকে উপ-সংহার করিতেছেন এবং দিবাকরের দিব্য জ্যোতি-বিকীরণের ছলে অপূর্ব্ব তেজঃ শক্তি, প্রাণন-শক্তি এবং উর্ব্বরা শক্তি মূর্ত্তিতে বারি বর্ষণ দ্বারা পৃথিবীতে শস্যাদির উৎপাদন করিতেছেন। দোষের উপসংহার এবং গুণের প্রদানের দ্বারা সৃষ্টিব্যাপার নিরন্তর তিনিই পরিচালিত করিতেছেন। ভগবানকে লক্ষ্য করিয়া

অমৃতঞ্চৈব মৃত্যুশ্চ সদসচ্চাহমর্জ্জুন ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

সৃজামি দদামি, অমৃতঞ্চ জীবনং, মৃত্যুঃ নাশঃ চ দেব-মনুষ্যাণাং, সৎ স্থূলং, অসৎ সূক্ষ্মং চ হে অর্জ্জুন! অহমেব চ ॥ ১৯ ॥

শাঙ্করভাষ্যম্।

তস্মা বিদ্যমানং তদ্বিপরীতং অসচ্চৈবাহং অর্জ্জুন ন পুনরত্যন্তমেবাসদ্ভগবান্ স্বয়ং কার্য্যকারণে বা সদসতী যে পূর্ব্বোক্তৈঃ নিবৃত্তিপ্রকারৈরেকত্বপৃথকত্বাদিজ্ঞানৈ-র্যজ্ঞৈর্মাং পূজয়ন্ত উপাসতে জ্ঞানবিদ স্তে যথাবিজ্ঞানং মামেব প্রাপ্নুবন্তি ॥ ১৯ ॥

আনন্দগিরিকৃতটীকা।

কর্ত্তৃকাববিরুদ্ধাবিত্যর্থঃ। যস্য কারণস্য সম্বন্ধিত্বেন যৎ কর্য্যমভিব্যজ্যতে তদিহ সদিত্যুচ্যতে কারণসম্বন্ধেনানভিব্যক্তং কারণমেব অনভিব্যক্তনামরূপমসদিতি ব্যবহ্রিয়তে তদেতদাহ সদিতি। শূন্যবাদং ব্যুদস্যতি ন পুনরিতি। ভগবতোঽত্যন্তাসত্ত্বে কার্য্যকরণকল্পনা নিরধিষ্ঠানা ন তিষ্ঠেদিত্যর্থঃ। তর্হি যথাশ্রুতং কার্য্যস্য সত্ত্বং কারণস্য চাসত্ত্বমাস্থেয়মিত্যাশঙ্ক্য বাশব্দেন নিষেধতি কার্য্যেতি। নহি কার্য্যস্যাত্যন্তিকং সত্ত্বং বাচারম্ভণ-শ্রুতের্নাপীতরস্যাত্যন্তিকং অসত্ত্বং কুতস্তু খল্বিত্যাদিশ্রুতেরিত্যর্থঃ। উক্তৈর্জ্ঞানযজ্ঞৈর্ভগবদভিধ্যানাভিনিবিষ্টবুদ্ধীনাং কিং ফলমিত্যাশঙ্ক্য সদ্যো বা ক্রমেণ বা মুক্তিরিত্যাহ যে ইতি ॥ ১৯ ॥

স্বামিকৃতটীকা।

কিঞ্চ তপাম্যহমিতি। আদিত্যাত্মনা স্থিত্বা নিদাঘকালে তপামি জগতত্তাপং করোমি, বৃষ্টিসময়ে চ বর্ষণমুৎসৃজামি বিমুঞ্চামি, কদাচিত্তু বর্ষং নিগৃহ্ণামি আকর্ষামি, অমৃতং জীবনং মৃত্যুশ্চ নাশঃ সৎ স্থূলং দৃশ্যং অসচ্চ সূক্ষ্মমদৃশ্য এতৎ সর্ব্বমহমেবেতি এবং মত্বা মামেব বহুধোপাসতে ইতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ১৯ ॥

---

করিতেছি! প্রাণ-মূর্ত্তিতে জগতের জীবন আমি এবং অপান মূর্ত্তিতে আমিই মৃত্যুরূপে জগতে বিরাজ করিতেছি! জাগতিক স্থূল ভাব আমি এবং সূক্ষ্ম কারণবেশে আমিই একাকী বিরাজ করিতেছি। ১৯॥

আভাস।

জীব যে কোন সৎকর্ম্মের অনুষ্ঠান করে, তাহার পুরস্কার স্বরূপ অমৃত বা জীবনী শক্তি তিনিই জগতে বিতরণ করিতেছেন এবং অপকৃষ্ট কর্ম্মের ফলে ধ্বংস বা

ত্রৈবিদ্যা মাং সোমপাঃ পূতপাপা যজ্ঞৈরিষ্ট্বা স্বর্গতিং প্রার্থয়ন্তে।

অন্বয়ঃ।

ত্রৈবিদ্যাঃ বেদত্রয়োক্ত-কর্ম্মপরাঃ অতঃ সোমপাঃ যজ্ঞশেষং সোমং পিবন্তীতি পূতপাপাঃ শোধিত-কল্মষাঃ জনাঃ যজ্ঞৈঃ মাং ইষ্ট্বা সংপূজ্য স্বর্গতিং

শাঙ্করভাষ্যম্।

যে পুনরজ্ঞাঃ কামকামাঃ ত্রৈবিদ্যেতি। ত্রৈবিদ্যা ঋগ্‌যজুঃসামবিদঃ যাজ্ঞিকাঃ যে তে মাং বস্বাদিদেবরূপিণং ইষ্ট্বা সংপূজ্য যজ্ঞশেষং সোমপাঃ সোমং পিবন্তীতি সোমপা স্তেনৈব সোমপানেন তে পূতপাপাঃ শুদ্ধকিল্বিষা যজ্ঞৈরগ্নিষ্টোমাদিভি-

আনন্দগিরিকৃতটীকা।

ভগবদ্ভক্তানামপি নিষ্কামাণামেব মুক্তিরিতি দর্শয়িতুং সকামানাং পুংসাং সংসারমবতারয়তি যে পুনরিতি। তিস্রো বিদ্যা অধীয়তে বিদন্তীতি বা তে

স্বামিকৃতটীকা।

তদেবমজানন্তি মাং মূঢ়া ইত্যাদিশ্লোকদ্বয়েন ক্ষিপ্রফলাশয়া দেবতান্তরং যজন্তো মাং নাদ্রিয়ন্ত ইত্যভক্তা দর্শিতাঃ। মহাত্মানস্তু মাং পার্থেত্যাদিনা চ ভক্তা উক্তা-স্তত্রৈকত্বেন পৃথক্ত্বেন বা যে পরমেশ্বরং ন ভজন্তি তেষাং জন্মমৃত্যুপ্রবাহো দুর্বার ইত্যাহ ত্রৈবিদ্যা ইতি দ্বাভ্যাং। ঋগ্‌যজুঃসাম-লক্ষণাস্তিস্রো বিদ্যা যেষাং তে ত্রিবি-দ্যাস্ত্রিবিদ্যাএব ত্রৈবিদ্যাঃ স্বার্থেঽন্, তিস্রো বিদ্যা অধীয়তে জানন্তীতি বা ত্রৈবিদ্যা

বেদত্রয়োক্ত যাবদীয় কর্ম্মকাণ্ডে সম্পূর্ণ অভিজ্ঞ কর্ম্মিগণ যজ্ঞ সমাপনান্তে যজ্ঞশেষ সোমপানে পবিত্রদেহ যাজ্ঞিকগণ সর্ব্ববিধ পাপ-

অন্বয়ঃ বদান্যতান্ত্রিদিব অবপুন দুর্বারাব ওতর পাতবার অনুমান

দুঃখ দারিদ্র্যাদি ফল এক পরমাত্মাই প্রদান করিতেছেন। অতএব পরমাত্ম-স্বরূপ আমিই এই জগতে সৎস্বরূপ স্থূলরূপে এবং অসৎ অর্থাৎ সূক্ষ্ম কারণ-রূপে বিরাজ করিতেছি। অর্থাৎ কার্য্যরূপে এবং কারণরূপে একা আমিই বিরাজ করিতেছি॥ ১৯॥

আত্মজ্ঞান-সম্পন্ন ব্যক্তিগণ পরমাত্ম-সাক্ষাৎকারে অধিকারী হইয়া চিরনির্বৃতি লাভ করেন; কিন্তু যাহারা ব্রহ্মসাক্ষাৎকারে অনুপযুক্ত, তাদৃশ কামী এবং ভোগী মানব যাগ-যজ্ঞাদির অনুষ্ঠানে এক অদ্বিতীয় আমারই প্রতিভূ-স্বরূপ বসু প্রভৃতি দেবতানিচয়ের আরাধনা করিয়া যে স্বর্গাদি ফল ভোগ করেন, তাহাতে তাহাদের জন্ম-মরণ-রূপ সংসার-প্রবাহ হইতে নিস্তার লাভ হয় না। ঋক্ যজুঃ ও সাম-নামক

তে পুণ্যমাসাদ্য সুরেন্দ্রলোকমশ্নন্তি দিব্যান্ দিবি দেবভোগান্ ॥২০॥

অন্বয়ঃ।

প্রার্থয়ন্তে যে পুণ্যং পুণ্যফলং আসাদ্য প্রাপ্য সুরেন্দ্র-লোকং দেবলোকং গত্বা দিবি ভবান্ দিব্যান্ অলৌকিকান্ দেবভোগান্ অশ্নন্তি ভুঞ্জতে ॥ ২০ ॥

শাঙ্করভাষ্যম্।

ইষ্ট্বা পূজয়িত্বা স্বর্গতিং স্বর্গগমনং স্বরেব গতিঃ স্বর্গতি স্তাং প্রার্থয়ন্তে যাচন্তে তে চ পুণ্যং পুণ্যফলমাসাদ্য সংপ্রাপ্য সুরেন্দ্রলোকং শতক্রতোঃ স্থানং অশ্নন্তি ভুঞ্জতে দিব্যান্ দিবি ভবান্ অপ্রাকৃতান্ দেবভোগান্ দেবানাং ভোগাস্তান্ ॥ ২০॥

আনন্দগিরিকৃতটীকা।

ত্রৈবিদ্যা বেদবিদ স্তদাহ ঋগিতি। বস্বাদীত্যাদিশব্দেন সবন-ত্রয়েশানাদিত্যা রুদ্রাশ্চ গৃহ্যন্তে শুদ্ধকিল্বিষা নিরস্ত-পাপা ইতি যাবৎ ॥ ২০ ॥

স্বামিকৃতটীকা।

বেদত্রয়োক্ত-কর্ম্মপরা ইত্যর্থঃ, বেদত্রয়বিহিতৈর্যজ্ঞৈর্মামিষ্ট্বা মমৈব রূপং দেবতা-ন্তরমিত্যজ্ঞানন্তোহপি বস্তুত ইন্দ্রাদিরূপেণ মামেবেষ্ট্বা সংপূজ্য যজ্ঞশেষং সোমং পিবন্তীতি সোমপা স্তেনৈব পূতপাপাঃ শোধিত-কল্মষাঃ সন্তঃ স্বর্গতিং স্বর্গং প্রতি গতিং যে প্রার্থয়ন্তে তে পুণ্যফলরূপং সুরেন্দ্রলোকং স্বর্গমাসাদ্য প্রাপ্য দিবি স্বর্গে দিব্যানুত্তমান্ দেবানাং ভোগানশ্নন্তি ভুঞ্জতে ॥ ২০ ॥

---

কলঙ্ক হইতে নির্ম্মুক্ত হইয়া ভগবানের উদ্দেশে যাঁহারা যজ্ঞ নিষ্পন্ন করেন এবং স্বর্গাদি শুভ-গতি প্রার্থনা করেন, তাঁহারা তাদৃশ অলৌকিক ভুবনে গমনও করেন এবং তথায় দেব-পরিমাণে দেব-ভোগ্য অমৃততুল্য বিষয় সমূহ ভোগ করেন। হে অর্জ্জুন! এ সমস্ত আমারই স্বরূপের পরিচয় মাত্র ॥ ২০ ॥

আভাস।

বেদত্রয়োক্ত কর্ম্মকাণ্ডে বিলক্ষণ পারদর্শী হইয়া অকাতরে বহুকাল ও বহু আয়াস-সাধ্য অগ্নিষ্টোমাদি-যজ্ঞের অনুষ্ঠান করিয়া এবং যজ্ঞাবশিষ্ট সোম-পানে পবিত্র-হৃদয় হইয়া, অমরাবতী প্রভৃতি দেব-ভোগ্য দেবাদিলোকে গমন করত অতুল সুখৈশ্চর্য্য-ভোগ করেন বটে, কিন্তু "ক্ষীণে পুণ্যে মর্ত্ত্যলোকং বিশন্তি" এই শ্রুতি অনুসারে পুণ্যক্ষয়ে পুনরায় তাঁহাদিগকে মর্ত্ত্য-ধামে জন্ম পরিগ্রহ করিতে হয়, সুতরাং জন্ম জন্মান্তরও ভোগ করিতে হয় সন্দেহ নাই। অতএব সংসার-গতী

তে তং ভুক্ত্বা স্বর্গলোকং বিশালং ক্ষীণে পুণ্যে মর্ত্ত্যলোকং বিশন্তি।

অন্বয়ঃ।

তে তং বিশালং বিস্তীর্ণং স্বর্গলোকং তৎসুখাদিকং ভুক্ত্বা, পুণ্যে ক্ষীণে মর্ত্ত্য-

শাঙ্করভাষ্যম্।

তে তমিতি। তে তং ভুক্ত্বা স্বর্গলোকং বিশালং বিস্তীর্ণং ক্ষীণে পুণ্যে মর্ত্ত্য-লোকমিমং বিশন্ত্যাবিশন্তি এবং হি যথোক্তেন প্রকারেণ ত্রয়ীধর্ম্মং কেবলং বৈদিকং

আনন্দগিরিকৃতটীকা।

তর্হি স্বর্গপ্রাপ্তেরপি ভগবৎপ্রাপ্তিতুল্যতা ইত্যাশঙ্ক্যাহ তে তমিতি। পুণ্যে স্বর্গপ্রাপ্তিহেতাবিতি যাবৎ, প্রসিদ্ধোঽর্থো হিশব্দঃ, ত্রয়াণাং হোত্রাদীনাং বেদত্রয়-

---

বৈদিক যাগ যজ্ঞের অনুষ্ঠানে যথেষ্ট পুণ্য সঞ্চয়ের ফলে পুণ্যাত্মা ব্যক্তিগণ বিশাল স্বর্গরাজ্যের অনুপম সুখ ভোগ করিয়া থাকেন বটে, কিন্তু ভোগের দ্বারা সেই সকল পুণ্যের ক্ষয় হইলে, তাঁহারা পুন-রায় মর্ত্ত্যধামে জন্মগ্রহণ করত পূর্ব্ববৎ বৈদিক কর্ম্মের অনুষ্ঠানে

আভাস।

হইতে মুক্তিলাভে শক্তি পাইতে হইলে, হে অর্জ্জুন! পরমেশ-সাক্ষাৎকারের বিশেষ প্রয়োজন; এবং আত্মসাক্ষাৎকারই পরমেশ-সাক্ষাৎকারের এক মাত্র উপায়। আত্মসাক্ষাৎকার করিতে হইলে, নিষ্কাম হওয়া প্রয়োজন। ক্ষুধা তৃষ্ণাদির অনুরোধে বিষয়ের সংস্রব জীব করিতে বাধ্য হয় বটে, কিন্তু ক্ষুধাদি প্রয়োজনের পূরণ হওয়া পর্য্যন্ত তাদৃশ ভোগের প্রয়োজন! তৎপরে আর তাদৃশ ভোগ্যকে শ্রেয়োজ্ঞানে মস্তকে বহন করা উচিত নহে। কারণ তাদৃশ অনিত্য ক্ষণধ্বংসী ভোগ্যের সংস্রবে নিরন্তর উদ্বেগ ও গ্লানিকেই ভোগ করিতে হয়। বরং ক্ষুধাদি উত্তেজনার কারণ এবং ক্ষুন্নিবৃত্তির উপায় ভোগ্য বিষয় এই উভয়কেই সেই পরমেশের প্রেরণা-জ্ঞানে অবধারণ করিতে পারিলে, পমমেশের অভিপ্রায়কে অনায়াসে অবধারণ করা যায়। নিত্য নৈমিত্তিক প্রাণ-পাত পরিশ্রমে অভাবের পূরণার্থ জীব ভোগ্য সংগ্রহ করে বটে, কিন্তু অভাব ত পূর্ণ হয় না। আবার কোথা হইতে তাদৃশ অভাব অভিনব বেশে দেখা দিয়া থাকে; তাহাদের পুনঃ নিবারণার্থ সারা জীবন পরিশ্রম করিয়াও ত এমন দিন বা ক্ষণ দেখা দেয় না যে, আমার কোন অভাব নাই। তবে বেশ বুঝা যায় যে, অভাব যেন আমার আনীত নহে; আমি যতই পূরণের চেষ্টা করি

এবং ত্রয়ীধর্ম্মমনুপ্রপন্না গতাগতং কামকামা লভন্তে ॥ ২১ ॥

অন্বয়ঃ।

লোকং বিশন্তি ; এবং ত্রয়ীধর্ম্মং বেদত্রয়-বিহিতং ধর্ম্মং যজ্ঞাদিকং অনুপ্রপন্নাঃ অনুগতাঃ কামকামাঃ ভোগান্ কাময়মানাঃ গতাগতং যাতায়াতং লভন্তে ॥ ২১ ॥

শাঙ্করভাষ্যম্।

কর্ম্মানুপ্রপন্না স্তে গতাগতং গতঞ্চাগতঞ্চ গতাগতং গমনাগমনং কামকামাঃ কামং কাময়ন্ত ইতি কামকামা লভন্তে গতাগতমেব ন তু স্বাতন্ত্র্যং কচিল্লভন্ত ইত্যর্থঃ ॥ ২১ ॥

আনন্দগিরিকৃতটীকা।

বিহিতানাং ধর্ম্মাণাং সমাহার স্ত্রিধর্ম্মং তদেব ত্রৈধর্ম্ম্যং তদনু-প্রপন্না স্তদনুগতা ইতি যাবৎ। কামকামানাং গমনাগমনদ্বারা কামতৎফলাপ্তিশ্চেদিষ্টমেব চেষ্টিতমিত্যাশঙ্ক্যাহ গতেতি ॥ ২১ ॥

স্বামিকৃতটীকা।

ততশ্চ তে তমিতি। তে স্বর্গকামাস্তং প্রার্থিতং বিপুলং স্বর্গলোকং তৎসুখং ভুক্ত্বা ভোগপ্রাপকে পুণ্যে ক্ষীণে সতি মর্ত্ত্যলোকং বিশন্তি, পুনরপ্যেবমেব বেদত্রয়বিহিতং ধর্ম্মমনুগতাঃ কামকামা ভোগান্ কাময়মানা গতাগতং যাতায়াতং লভন্তে ॥ ২১ ॥

---

স্বর্গাদিতে গমন করেন। অতএব যাতায়াত দ্বারা জন্মমরণ-স্রোত হইতে তাঁহাদের কখনই নিষ্কৃতি লাভ হয় না ॥ ২১ ॥

আভাস।

কে যেন নূতন ধরণে আমার অন্তরে নিরন্তর অভাবের সৃজন করিতেছেন। যে যতই পরিশ্রমে যত রকমের ভোগ্য সংগ্রহ করুন, অভাব যেন সকলকে ঢাকিয়া গুরুতর নূতন মূর্ত্তিতে দেখা দেয়। এতদ্দ্বারা স্পষ্টই প্রতীত হয় যে, ক্ষুধা-পিপাসাদি বিচিত্র অভাবের সৃষ্টি করিবার উপলক্ষে সৃষ্টিকর্ত্তার যেন কোন বিশেষ অভিসন্ধি আছে। সে অভিপ্রায় কি? ভাবিলে, আমরা বুঝিতে পারিব যে অভাবের সৃজন না করিলে, জীব কখন ভোগ্য বিষয়ের সংগ্রহার্থ ধাবিত হইত না ; সুতরাং সৃষ্ট ভোগ্যের মর্য্যাদারও অনুসন্ধান করিত না। এই অভাব এবং তাহার পূরণের দ্রব্য উভয়ই সেই সৃষ্টিকর্ত্তার স্বীয় ঐশ্বর্য্যের পরিচয়। যে মানব এই উভয় অভাব এবং তাহার পূরণের পদার্থকে এক ঈশ্বরেরই ঐশ্বর্য্য

অনন্যাশ্চিন্তয়ন্তো মাং যে জনাঃ পর্য্যুপাসতে।

অন্বয়ঃ।

অনন্যাঃ কামনান্তর-রহিতাঃ মাং চিন্তয়ন্তঃ যে জনাঃ পর্য্যুপাসতে সেবন্তে

শাঙ্করভাষ্যম্।

যে পুনঃ নিষ্কামাঃ সম্যগ্দর্শিনঃ অনন্যা ইতি। অনন্যা অপৃথগ্ভূতাঃ পরং দেবং নারায়ণং আত্মত্বেন গতাঃ সন্ত শ্চিন্তয়ন্তো মাং যে জনাঃ সংন্যাসিনঃ পর্য্যু-

আনন্দগিরিকৃতটীকা।

ফলমনভিসন্ধায় ত্বামেবারাধয়তাং সম্যগ্দর্শননিষ্ঠানামত্যন্তনিষ্কামানাং কথং যোগক্ষেমৌ স্যাতামিত্যাশঙ্ক্যাহ যে পুনরিতি। তেষাং যোগক্ষেমং বহামীত্যুত্তরত্র সম্বন্ধঃ। যেভ্যোঽন্যো ন বিদ্যত ইতি ব্যুৎপত্তিমাশ্রিত্যাহ অপৃথগিতি। কার্য্যস্যেব কারণে কর্ম্মতাদাত্ম্যং ব্যাবর্ত্তয়তি পরমিতি। অহমেব বাসুদেবঃ সর্ব্বাত্মা

কিন্তু আত্মা ও অনাত্মার বিচারে পারদর্শী বিচক্ষণ ব্যক্তিগণ ভোগের প্রতি কিছুমাত্র লক্ষ্য না রাখিয়া, যাগ-যজ্ঞাদির উপলক্ষে দেবতান্তরের চিন্তাও পরিহার পূর্ব্বক অনন্যমনে এক পর-

আভাস।

জ্ঞানে হৃদয়ে অবধারণ করিতে পারেন, তিনি আর এই উভয় অভাব এবং তাহার পূরণের জন্য বিব্রত না হইয়া, কেবল সেই এক ঈশ্বরের শরণাগত হইতে অগ্রসর হইয়া থাকেন ॥ ২০ ॥ ২১ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ পরবর্ত্তী শ্লোকে তাহারই প্রতিবিধানের উপায় বর্ণন করিয়াছেন। অভাবে দুঃখ এবং পূরণে সুখ এই দুইটীর প্রতি মনোযোগী না হইয়া, এই উভয়ের প্রদাতা পরমেশ্বরের প্রতি ইহার প্রতিকারার্থ যিনি শরণাপন্ন হইতে পারেন, তাঁহার আর সংসারে বিব্রত হইবার প্রয়োজন ঘটে না। কারণ ভূত ভাবন ভগবানই তাহার প্রতিকার করিয়া দেন। এই শ্লোকে স্পষ্টত বলিয়াছেন যে, ভক্ত যদি সর্ব্বান্তঃকরণে ভগবানের উপর আত্মসমর্পণ করিতে পারেন, ভগবান্ নিজে তাহার ভার বহন করেন। ভগবান্ ভক্তকে নিজস্বজ্ঞানে তাহার সকল ভার স্বয়ং বহন করেন। "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইত্যাকার জ্ঞা ন যে ব্যক্তি পরমাত্মস্বরূপে আত্মসমর্পণ করিয়া কালাতিপাত করিতে পারেন, নিজের অর্জ্জনাদির প্রতি কোনরূপ লক্ষ্য বা উদ্যম না করিয়া, এক মনে এক ধ্যানে সেই পরমাত্মার উপরই নির্ভর দিয়া কালাতিপাত করেন, তাঁহার কোন

তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহম্ ॥ ২২ ॥

অন্বয়ঃ।

নিত্যাভিযুক্তানাং ( নিত্যং সর্ব্বদা অভিযুক্তানাং মদেকনিষ্ঠানাং ) তেষাং জনানাং যোগক্ষেমং ( অর্জ্জনে যোগং রক্ষণে ক্ষেমং ) অহং বহামি প্রাপয়ামি ॥ ২২ ॥

শাঙ্করভাষ্যম্।

পাসতে তেষাং পরমার্থদর্শিনাং নিত্যাভিযুক্তানাং সততাভিযোগিনাং যোগক্ষেমং যোগোঽপ্রাপ্তস্য প্রাপনং ক্ষেমস্তদ্রক্ষণং তদুভয়ং বহামি প্রাপয়াম্যহং জ্ঞানী ত্বাত্মৈব

আনন্দগিরিকৃতটীকা।

ন মত্তোঽন্যৎ কিঞ্চিদস্তীতি জ্ঞাত্বা তমেব প্রত্যক্ষং সদা ধ্যায়ন্ত ইত্যাহ চিন্তয়ন্ত ইতি। প্রাকৃতান্ ব্যাবর্ত্ত্য মুখ্যানধিকারিণো নির্দিশতি সংন্যাসিন ইতি। পর্য্যু-পাসতে পরিতঃ সর্ব্বতোঽনবচ্ছিন্নতয়া পশ্যন্তীত্যর্থঃ। নিত্যাভিযুক্তানাং নিত্য-মনবরতমাদরেণ ধ্যানে ব্যাপৃতানামিত্যাহ সততেতি। যোগশ্চ ক্ষেমঞ্চ যোগক্ষেমং

স্বামিকৃতটীকা।

মদ্ভক্তাস্ত মৎপ্রসাদেন কৃতার্থা ভবন্তীত্যাহ অনন্যা ইতি। অনন্যা নাস্তি মদ্ব্যতিরেকেণান্যৎ কাম্যং যেষাং তে তথাভূতা যে জনা মাং চিন্তয়ন্তঃ সেবন্তে তেষান্তু নিত্যাভিযুক্তানাং সর্ব্বথা মদেকনিষ্ঠানাং যোগং ধনাদিলাভং ক্ষেমঞ্চ তৎপালনং, মোক্ষং বা, তৈরপ্রার্থিতমপি অহমেব বহামি প্রাপয়ামি ॥ ২২ ॥

---

মাত্মস্বরূপ আমার চিন্তাতেই জীবন অতিবাহিত করেন, তাঁহাদের জীবন-যাত্রার ভার আমিই গ্রহণ করি। এমন কি ! তাঁহাদের জীবন যাত্রা নির্ব্বাহার্থ প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী এবং তাঁহাদের রক্ষার ভার আমি স্বয়ং বহন করিয়া থাকি ॥ ২২ ॥

আভাস।

অভাব থাকে না। এতদর্থে একটী প্রসিদ্ধ প্রবাদ বারাণসী-ক্ষেত্রে শুনা যায়। শ্রীমান্ অর্জ্জুন-মিশ্র নামে একজন পণ্ডিত জ্ঞানী এবং আনুষ্ঠানিক ভক্ত ৺কাশী-ধামে সস্ত্রীক বাস করিতেন। এক দিন রাত্রিযোগে শ্রীমদ্ভগবদ্গীতার পুথী-খানি খুলিলে প্রথমত এই "অনন্যাশ্চিন্তয়ন্তো মাং যে জনাঃ পর্য্যুপাসতে। তেষাং নিত্যাভিযুক্তানাং যোগ-ক্ষেমং বহাম্যহম্ ॥" শ্লোকটীতে তাঁহার দৃষ্টি পতিত হইল ; এবং যোগক্ষেমং বহামি অহং" এই বহামি শব্দের উপর তাঁহার চিত্ত আকৃষ্ট হইল। ভাবিলেন যিনি অনাদি-নিধন নিত্য-নিরঞ্জন বিশ্বাধিপ ভগবান্

শাঙ্করভাষ্যম্।

যে মতং স চ মম প্রিয়ো যস্মাত্তস্মাত্তে মমাত্মভূতাঃ প্রিয়াশ্চেতি, নন্বন্যেষামপি ভক্তানাং যোগক্ষেমং বহত্যেব ভগবান্ সত্যমেবং কিন্তু বিশেষোঽন্যে

আনন্দগিরিকৃতটীকা।

তত্রাপুনরুক্তমর্থমাহ যোগ ইতি। কিমর্থং পরমার্থদর্শিনাং যোগক্ষেমং বহামী-ত্যাশঙ্ক্যাহ জ্ঞানী ত্বিতি। অতস্তেষাং যোগক্ষেমং বহামি ইতি সম্বন্ধঃ। সম্যগ্-দর্শন-নিষ্ঠানামেব যোগক্ষেমং বহতি ভগবানিতি বিশেষণমনুষ্যমাণঃ শঙ্কতে নন্বিতি। অন্যেষামপি ভক্তানাং ভগবান্ যোগক্ষেমং বহতীত্যেতদঙ্গীকরোতি সত্যমিতি।

আভাস।

তাঁহার পক্ষে "বহামি" শব্দ প্রয়োগ করা কখন সঙ্গত নহে। ভক্ত অর্জ্জুন-মিশ্র বহামি শব্দে ভগবানের অভিভব হয় মনে করিয়া, তিনি প্রাণের আবেগে বহামি কাটিয়া তাহার স্থানে দদামি লিখিলেন; এবং রাত্রি-শেষে দৈনন্দিন নিয়মানুসারে সন্ধ্যা পূজাদি নিত্য কর্ম্ম সমাপনার্থ জাহ্নবীতীরে গমন করিলেন। অর্জ্জুন-মিশ্রের পত্নী গৃহ-কার্য্য সমাপনে স্নানাদি করিয়া ভগবৎ চিন্তা ও নাম জপাদি করিবার জন্য আসনে উপবিষ্ট হইয়া ভাবিতেছিলেন যে, গৃহে তণ্ডুলাদি ভোজ্যাজন-দ্রব্য কিছুই নাই! স্বামী যথাকালে গৃহে প্রত্যাগমন করিলে, ভোজন দ্রব্য সম্মুখে না রাখিয়া কোন্ প্রাণে বলিব যে তণ্ডুলাভাবে রন্ধন হয় নাই! যাহাই হউক আর চিন্তা করিব না; যা কর গোবিন্দ! এই বলিয়া পত্নী ইষ্ট-মন্ত্র জপে বসিলেন। তাঁহার জপ করা শেষ হইয়াছে, এমন সময়ে শুনিলেন, কে যেন পথে দাঁড়াইয়া কপাটে আঘাত করত-বলিতেছে, মা! কপাট খুল! মা! কপাট খুল! ব্রাহ্মণ-পত্নী সত্বর বহির্দ্বারে গমন করিলেন এবং দ্বার খুলিয়া দেখিলেন, আনু-মানিক দশ বার বৎসরের দুইটী ব্রাহ্মণ-পুত্র বিবিধ উপকরণ সহ তণ্ডুল ও বস্ত্রাদিতে পরিপূর্ণ দুইটী চেঙারি মস্তকে করিয়া দণ্ডায়মান রহিয়াছেন। ব্রাহ্মণ-পত্নী বলিলেন, বাবা! তোমরা কি বলিতেছ! বালক-দ্বয় বলিলেন, মা! বাবার জন্য এই দ্রব্য সামগ্রী আনিয়াছি! আপনি সত্বর এগুলি রাখিবার স্থান আমাদিগকে নির্দ্দেশ করুন! আমরা রাখিয়া যাইব! ব্রাহ্মণি তাঁহাদিগকে গৃহে আসিতে বলিলেন এবং সকলেই গৃহে আসিলেন। কিন্তু ব্রাহ্মণ-পত্নী বালক-দ্বয়কে মস্তকের গুরুভারে যেন নিতান্ত ক্লান্ত দেখিয়া স্বয়ং সেই চেঙারি দুইটী নামাইয়া দিবার মানসে অগ্রসর হইয়া দেখিলেন যে, তাঁহাদের উভয়ের বক্ষে শোণিত ধারাপতিত হইতেছে, যেন কেহ ছুরিকার দ্বারা উভয় বালকের বক্ষে আঘাত

শাঙ্করভাষ্যম্।

যে ভক্তাস্তে স্বাত্মার্থং স্বয়মপি যোগক্ষেমমীহন্তে অনন্যদর্শিনস্তু নাত্মার্থং যোগক্ষেমমীহন্তে ন হি তে জীবিতে মরণে বাত্মনো গৃদ্ধিং কুর্ব্বন্তি কেবলমেব ভগবচ্ছরণাস্তে অতো ভগবানেব তেষাং যোগক্ষেমং বহতীতি॥ ২২॥

আনন্দগিরিকৃতটীকা।

তর্হি ভক্তেষু জ্ঞানিষু চ বিশেষো নাস্তীতি পৃচ্ছতি কিং ত্বিতি। তত্র বিশেষং প্রতিজ্ঞায় বিবৃণোতি অয়মিত্যাদিনা। যোগক্ষেমমুদ্দিশ্য স্বয়মীহন্তে চেষ্টাং কুর্ব্বন্তীতি যাবৎ। আত্মবিদাং স্বার্থযোগক্ষেমমুদ্দিশ্য চেষ্টাভাবং স্পষ্টয়তি ন হীতি। গৃদ্ধিরপেক্ষা-কামানাস্থিত্যেতৎ। জ্ঞানিনাং তর্হি সর্ব্বত্রানাস্থেত্যাশঙ্ক্যাহ কেবলমিতি। তেষাং তদেক-শরণত্বে ফলিতমাহ অত ইতি। ইতিশব্দো বিশেষ-শব্দেন সম্বধ্যতে॥ ২২॥

আভাস।

করিয়াছে। তিনি বিস্মিতের ন্যায়, বালক-দ্বয়ের অভিমুখে চাহিয়া বলিলেন, বাবা! এ কি! কি কারণে তোমাদের উপর এরূপ অত্যাচার হইয়াছে! এক জন বালক বলিলেন, মা! কিছু মনে করিও না! বাবাই গত রাত্রিশেষে আমাদের বক্ষে এই ছুরিকাঘাত করিয়াছেন। এই বলিয়া বালকদ্বয় দ্রব্য সামগ্রী নামাইয়া দিয়া প্রস্থান করিলেন। এবং ব্রাহ্মণী দ্বার রুদ্ধ করিলেন। পরক্ষণেই অর্জ্জুন-মিশ্র দ্বার খুলিবার নিমিত্ত কপাটে আঘাত করিলেন এবং পত্নী দ্বার উন্মোচন করিয়া স্বামীকে নয়ন-গোচর করিলেন; এবং ব্যথিত হৃদয়ে স্বামীকে সমস্ত বৃত্তান্ত অবগত করিয়া বলিলেন, প্রভো! আমি এমন রূপত কখন দেখি নাই! যেন ক্ষীরোদ সমুদ্র হইতে পূর্ণ চন্দ্র সুশোভন আভায় স্বয়ং এই দ্বিবিধ মূর্ত্তিতে আমার নয়ন সমীপে আগমন করিয়া যেন কৃতার্থ করিলেন! এপ্রকার শান্ত শিষ্ট ও গম্ভীর ভাবের বালক দ্বয়ত আমি কখন নয়ন গোচর করি নাই! অহো! তাহারা মস্তকের ভারে যেন ক্লান্ত হইয়া যখন আমার সমক্ষে অন্ন বস্ত্রের বোঝা লইয়া দাড়াইল, দেখিলাম রক্ত-ধারা তাহাদের বক্ষে চিহ্নিত রহিয়াছে। আমি জিজ্ঞাসা করায় তাহারা বলিল, আপনি নাকি গত রাত্রি শেষে তাহাদের বক্ষে ছুরিকাঘাত করিয়াছেন। অহো! বলুন প্রভো! কোন্ প্রাণে আপনার দ্বারা তাদৃশ কর্ম্ম সাধিত হইয়াছে! পত্নীর বাক্য শুনিয়া অর্জ্জুন-মিশ্রের লোচন-দ্বয় হইতে দর-দরিত ধারে আনন্দাশ্রু বিগলিত হইতে লাগিল। তিনি পত্নীকে সম্বোধন করিয়া বলিলেন, অহো! তুমিই ধন্যা! ভক্ত প্রাণধন রাম কৃষ্ণ

যেঽপ্যন্যদেবতাভক্তা যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ।

অন্বয়ঃ।

হে কৌন্তেয়! শ্রদ্ধয়া অন্বিতাঃ যুক্তাঃ সন্তঃ যে ভক্তাঃ অন্যদেবতাঃ

শাঙ্করভাষ্যম্।৫

নম্বন্যা অপি দেবতা ত্বমেব চেত্তদ্ভক্তাশ্চ ত্বামেব ভজন্তে সত্যমেবং যেঽপীতি।

যে অন্যদেবতাভক্তা অন্যাসু দেবতাসু ভক্তা অন্যদেবতাভক্তাঃ সন্তো যজন্তে পূজ-

আনন্দগিরিকৃতটীকা।

তত্তদ্দেবতাত্মনা পরস্যৈবাত্মনঃ স্থিত্যভ্যুপগমাদ্দেবতান্তরপরাণামপি ভগবচ্ছ-

রণত্বাবিশেষাত্তদেকনিষ্ঠত্বমকিঞ্চিৎকরমিতি মন্বানঃ শঙ্কতে নম্বিত। উক্তমঙ্গীকৃত্য

যাহারা বিশেষ শ্রদ্ধা-সহকারে সাংসারিক ভোগাদির সংগ্রহার্থ অন্যান্য দেবতার অর্চ্চনা করিয়া থাকেন, হে কুন্তীনন্দন! তাঁহারা

আভাস।

আজ দর্শন দানে তোমাকে কৃতার্থ করিয়াছেন! আমার ভাগ্যে বুঝি আর ঘটিল না! তৎক্ষণাৎ সেই গীতার পুথী খুলিয়া দেখিলেন যে, তিনি যে লাল কালিতে বহামি কাটিয়া দদামি করিয়াছিলেন, প্রভু হৃষীকেশ তাঁহার লিখিত দদামিকে তুলিয়া দিয়া পুনঃ বহামি শব্দকে প্রতিষ্ঠিত করিয়াছেন। তিনি পত্নীকে দেখাইয়া বলিলেন, মানুষের জ্ঞান মানুষেরই মত; দেবতার মত হইতে পারে না। আমার পাণ্ডিত্য বা জ্ঞান বহামি বলিতে সঙ্কুচিত হইয়াছিল, বিশ্বম্ভরের হৃদয়ে যে তাহা শেল-সম বাজিয়াছে, সাধ্বি! তুমিই তাহা নয়ন-গোচর করিয়াছ! অহো! পুত্রের মাতৃ-ভক্তি যে মাতৃ-স্নেহের এক কণার সহিতও তুলনীয় নহে এবং ভক্তের ভক্তিও যে ভক্ত-বৎসল ভগবানের প্রেমের এক কণার সহিতও তুলনীয় নহে, তাহার পরিচয় আজ প্রত্যক্ষে পাইলাম। গীতার সকল শ্লোক পদ্মনাভ ভগবান্ শ্রীকৃষ্ণের মুখারবিন্দ হইতে নির্গত; সুতরাং কোন রূপ পরিবর্ত্তনের প্রয়োজন নাই। যে ব্যক্তি ভগবানে নির্ভর করিতে পারেন, তাঁহার ভার ভগবান্ই বহন করেন; এ কথা আর মিথ্যা নহে॥ ২২ ॥

সাক্ষাৎ সম্বন্ধে পরমাত্ম-চিন্তনের কথা দূরে থাকুক! আমি অক্ষম! আমাকে কেহ জগতে আনিয়াছেনএবং আমার দেহ যাত্রা নির্ব্বাহ করাইতেছেন! আমি তাঁহাকে না দেখিলেও, তিনি আমাকে দেখিতেছেন; এবং সর্ব্বতো ভাবে আমাকে সকল সময়ে প্রতিপালন করিতেছেন! এইরূপ ধারণা চিত্তে

তেঽপি মামেব কৌন্তেয় যজন্ত্যবিধিপূর্ব্বকম্ ॥ ২৩ ॥

অন্বয়ঃ ।

অপি যজন্তে তে অপি অবিধি-পূর্ব্বকং অজ্ঞানপূর্ব্বকং এব যজন্তি ॥ ২৩ ॥

শাঙ্করভাষ্যম্ ।

যন্তি শ্রদ্ধয়াস্তিক্যবুদ্ধ্যা অন্বিতা অনুগতা তেঽপি মামেব যজন্ত্যবিধিপূর্ব্বকমবিধি-রজ্ঞানং তৎপূর্ব্বকং অজ্ঞানপূর্ব্বকং যজন্তে ইত্যর্থঃ ॥ ২৩ ॥

আনন্দগিরিকৃতটীকা ।

পরিহরতি সত্যমিত্যাদিনা । দেবতান্তর-যাজিনাং ভগবদ্যাজিভ্যো বিশেষমাহ অবিধিরিতি । তদ্ব্যাকরোতি অবিধিরিতি ॥ ২৩ ॥

স্বামিকৃতটীকা ।

নমু চ ত্বদ্ব্যতিরেকেণ বস্তুতো দেবতান্তরস্যাভাবাদিন্দ্রাদিসেবিনোঽপি ত্বদ্ভক্তা এবেতি কথং তে গতাগতং লভেরংস্তত্রাহ যেঽপীতি । শ্রদ্ধয়োপেতাঃ সন্তো যে জনা অন্যদেবতা ইন্দ্রাদিরূপা যজন্তে তেঽপি মামেব যজন্তীতি সত্যং কিন্তু অবিধি-পূর্ব্বকং মোক্ষপ্রাপকং বিধিং বিনা যজন্তি অতস্তে পুনরাবর্ত্তন্তে ॥ ২৩ ॥

---

সকলে গৌণভাবে আমারই অর্চ্চনা করিয়া থাকেন । তবে মুক্তি-লাভের প্রকৃত বিধি তাহা নহে ; এ সমস্ত ভোগের বিধি । ॥ ২৩ ॥

আভাস ।

রাখিয়া, পরমাত্মস্বরূপ আমাকে যে নামই করিয়া ও যে মূর্ত্তির চিন্তা করিয়া ডাকে, আমি তাহাতেই তাঁহার উদ্দেশ্য সিদ্ধ করিয়া থাকি ; ইহাতে কোন জাতি বা ধর্ম্মনির্ব্বিশেষের বিশেষ প্রয়োজন নাই ! অবশ্য বেদ-বিধানে পূজা হোমাদি দ্বারা ইন্দ্রাদি বিভিন্ন দেবতার আরাধনা করিলে, আমারই আরাধনা করা হয় বটে, কিন্তু সর্ব্বত্র মুক্তির পদ্ধতি অনুসরণ করা হয় না । পিতা মাতার সমীপে যে পুত্র যে কোন বিষয়ের প্রার্থনা করে, জনক-জননী তাহাকে তাহার প্রার্থিত বস্তুর প্রদানেই আপাতত নিশ্চিন্ত হন ; কিন্তু যে বালক কিছু না চাহিয়া, সর্ব্বদা জনক-জননীর নিকট উপস্থিত থাকে, তাঁহাদের সঙ্গ-ছাড়া হয় না, তাদৃশ সন্তানের অভাব বা অভিযোগের চিন্তা বালককে করিতে হয় না ; জনক জননী আপনারাই তাহার বিষয় অনুসন্ধান করিয়া, অভিপ্রায় অনুসারে

অহং হি সর্ব্ব-যজ্ঞানাং ভোক্তা চ প্রভুরেব চ ।

অন্বয়ঃ।

সর্ব্ব-যজ্ঞানাং শ্রৌত-স্মার্ত্তভেদেন সর্ব্বেষাং যজ্ঞানাং হি নিশ্চিতং ভোক্তা

শাঙ্করভাষ্যম্।

কস্মাত্তেঽবিধিপূর্ব্বকং যজন্তে ইত্যুচ্যতে যস্মাৎ অহমিতি। অহং হি সর্ব্ব-যজ্ঞানাং শ্রৌতানাং স্মার্ত্তানাঞ্চ সর্ব্বেষাং যজ্ঞানাং দেবাত্মত্বেন ভোক্তা চ প্রভুরেব চ

আনন্দগিরিকৃতটীকা।

নমু বস্বাদিত্যেন্দ্রাদিজ্ঞানপূর্ব্বকমেব তদ্ভক্তা তদ্যাজিনো ভবন্তীতি কথমবিধি-পূর্ব্বকং তেষাং যজনমিতি শঙ্কতে কস্মাদিতি। দেবতান্তর-যাজিনাং যজনমবিধি-পূর্ব্বকমিত্যত্র হেত্বর্থত্বেন শ্লোকদ্বয়মুত্থাপয়তি উচ্যত ইতি। সর্ব্বেষাং দ্বিবিধানাং যজ্ঞানাং বস্বাদি-দেবতাত্বেনাহমেব ভোক্তা স্বেনান্তর্যামিরূপেণ প্রভুশ্চাহমেবেতি প্রসিদ্ধমেতদিতি হিশব্দঃ। প্রভুরেব চেত্যুক্তং বিবৃণোতি মৎস্বামিকো হীতি।

স্বামিকৃতটীকা।

এতদেব বিবৃণোতি অহমিতি। সর্ব্বেষাং যজ্ঞানাং তত্তদ্দেবতারূপেণাহমেব ভোক্তা প্রভুশ্চ স্বামী ফলদাতাপ্যহমেবেত্যর্থঃ, এবম্ভূতং মাং তে তত্ত্বেন যথাবন্না

---

যে কোন দেবতার উদ্দেশে যে কেহ যে কোনরূপ হবিঃ প্রভৃতি সমর্পণ করেন, সকলের গ্রহণকর্ত্তা এবং ফলদাতা পরমার্থত আমি হইলেও, মুক্তিফল আমি তাহাদিগকে প্রদান করি না। তাদৃশ ব্যক্তিগণ আমার পরমার্থ ভাবের বিষয়ে অনভিজ্ঞ হওয়ায়, ফল-

আভাস।

বালককে প্রদান করিয়া থাকেন। অন্য দেবতার অর্চ্চনা করা কেবল সাধকের স্বীয় অভিপ্রায়ের পরিচয় দেওয়া হয়; কিন্তু সাক্ষাৎ পরমেশের চরণে প্রাণ সমর্পণ করায়, ভগবানের স্বীয় অভিপ্রায়েরই অপেক্ষা করা হয়। ভগবানের অভিপ্রায় ভক্তকে পার্ষদ করা; - দেবতান্তরের উপাসনার মধ্য দিয়া অগ্রসর হওয়া, কেবল নিজের অভাব মোচনের প্রত্যাশা করা; মুক্তি-লাভ তাঁহাদের মূল উদ্দেশ্য নহে। সুতরাং বিবিধ দেবতার উপাসনার দ্বারা প্রকৃত প্রস্তাবে

নতু মামভিজানন্তি তত্ত্বেনাতশ্চ্যবন্তি তে ॥ ২৪ ॥

শঙ্করঃ।

প্রভুঃ চ অহং এব ; তে তু তত্ত্বেন যথাবৎ মাং ন অভিজানন্তি অতঃ চ্যবন্তি পুনরাবর্ত্তন্তে ॥ ২৪ ॥

শাঙ্করভাষ্যম্।

মৎস্বামিকো হি যজ্ঞোঽধিযজ্ঞোঽহমেবাত্রেতি চোক্তং তথা ন তু মামভিজানন্তি তত্ত্বেন যথাবদতশ্চাবিধিপূর্ব্বকমিষ্ট্বা যাগফলাৎ চ্যবন্তি তে ॥ ২৪ ॥

আনন্দগিরিকৃতটীকা।

তত্র পূর্ব্বাধ্যায়গতবাক্যং প্রমাণয়তি অধিযজ্ঞোঽহমিতি। তথাপি দেবতান্তরযাজিনাং যজনমবিধিপূর্ব্বকমিতি কুতঃ সিদ্ধং তত্রাহ তথা ইতি। তথাপি মমৈব যজ্ঞেষু ভোক্তৃত্বে প্রভুত্বে চ সতীতি যাবৎ। তয়োর্ভোক্তৃপ্রভ্বোর্ভাবস্তত্ত্বং তেন ভোক্তৃত্বেন প্রভুত্বেন চ মাং যথাবদ্যতো ন জানন্তি অতো ভোক্তৃত্বাদিনা মমাজ্ঞানাম্ময়ি অনর্পিত-কর্ম্মাণশ্চাবর্ত্তন্তে কর্ম্মফলাদিত্যাহ অতশ্চেতি ॥ ২৪ ॥

স্বামিকৃতটীকা।

ভিজানন্তি অতশ্চ্যবন্তি প্রচ্যবন্তে পুনরাবর্ত্তন্তে, যে তু সর্ব্বদেবতাসু মামেবান্তর্যামিণং পশ্যন্তো যজন্তি তে তু নাবর্ত্তন্তে ॥ ২৪ ॥

---

দাতার ভাবে আমাকে চিন্তা করায়, ঐশ্বর্য্য-ভোগ মাত্র করিবার অধিকারী তাহারা হয় ; সংসার-জ্বালা অতিক্রমণের প্রকৃত পাত্র হন না ; সুতরাং জন্মান্তর লাভে তাহাদিগকে অভিভূত হইতে হয় ॥ ২৪ ॥

আভাস।

আমারই উপাসনা করা হইলেও, উপাসকের বাসনায় উপযোগী ফল দানে তাহাদিগকে পরিতৃপ্ত করিতে আমাকে বাধ্য হইতে হয়। সর্ব্ব-প্রার্থনা-বর্জ্জিত মোক্ষ তাহাদিগকে দিতে আমি পারি না। কারণ আত্মজ্ঞানের অভাবে মুক্তি-স্বরূপে তাহাদের রুচি জন্মে না ॥ ২৩ ॥ ২৪

বেদ বিধানে উক্ত যজ্ঞাদির ফল কখন নিরর্থক হয় না। যিনি যে উদ্দেশে

যান্তি দেবব্রতা দেবান্ পিতৄন্ যান্তি পিতৃব্রতাঃ।

অন্বয়ঃ।

দেবব্রতাঃ (দেবেষু ব্রতং নিয়মো ভক্তিঃ যেষাং তে) দেবান্ দেবলোকং যান্তি; তথা পিতৃব্রতাঃ (পিতৄন্ অগ্নিষ্বাত্তাদীন্ প্রতি ব্রতং যেষাং তে) পিতৄন্ তত্তৎ

শাঙ্করভাষ্যম্।

যেঽপ্যন্যদেবতা-ভক্তিমন্তোঽবিধিপূর্ব্বকং যজন্তে তেষামপি যাগফলমবশ্যম্ভাবিকং কথং যান্তীতি। যান্তি-গচ্ছন্তি দেবব্রতা দেবেষু ব্রতং নিয়মো ভক্তিশ্চ যেষাং তে দেবব্রতা দেবান্ যান্তি। পিতৄনগ্নিষ্বাত্তাদীন্ যান্তি পিতৃব্রতাঃ শ্রাদ্ধাদিক্রিয়াপরাঃ

আনন্দগিরিকৃতটীকা।

যদ্যন্যদেবতাভক্তা ভগবত্তত্ত্বাজ্ঞানাৎ কর্ম্মফলাচ্চ্যবন্তে তর্হি তেষাং দেবতাযজন-মকিঞ্চিৎকরমিত্যাশঙ্ক্যাহ যেঽপীতি। দেবতান্তরযাজিনামনাবৃত্তিফলাভাবেঽপি তত্তদ্দেবতা-যাগানুরূপফলপ্রাপ্তির্ধ্রৌব্যান্ন তদকিঞ্চিৎকরমিত্যর্থঃ। দেবতান্তর-যাজি-নামাবশ্যকং তৎফলমাশঙ্কাপূর্ব্বকমুদাহরতি কথমিত্যাদিনা। নিয়মো বল্যুপহার-

স্বামিকৃতটীকা।

তদেবোপপাদয়তি যান্তীতি। দেবেষ্বিন্দ্রাদিষু ব্রতং নিয়মো যেষাং তে দেব-ব্রতা দেবান্ যান্তি অতঃ পুনরাবর্ত্তন্তে, পিতৃষু ব্রতং যেষাং শ্রাদ্ধাদিক্রিয়াপরাণাং

---

যিনি যাদৃশ দেবতার অর্চ্চনা করেন, তিনি তাদৃশী গতিই প্রাপ্ত হইয়া থাকেন। ইন্দ্রাদি দেবতাগণের উদ্দেশে যিনি যাগ যজ্ঞ করেন, মরণান্তে তিনি অমরালয় প্রভৃতি দেব লোকে গমন করত দেব-ভোগ্য সম্পত্তি ভোগ করিয়া থাকেন; যিনি অগ্নিষ্বাত্তাদি পিতৃলোকের উদ্দেশে শ্রাদ্ধাদি কর্ম্মে ইহ জীবন অতিবাহিত করেন,

আভাস।

যে কর্ম্ম করেন, তিনি তদনুরূপ ফল প্রাপ্ত হইয়া থাকেন। সাত্ত্বিক, রাজসিক এবং তামসিক ভেদে উপাসক যেমন ত্রিবিধ, তাঁহাদের উপাস্য দেব-মূর্ত্তিও ত্রিবিধ আছেন। সত্ত্বগুণ-সম্পন্ন ইন্দ্রাদি দেবগণের আরাধনা যাঁহারা করেন, তাঁহারা দেহান্তে স্বর্গাদি লোকে গমন করেন; যাঁহারা রজোগুণ-প্রধান, তাঁহারা

ভূতানি যান্তি ভূতেজ্যা যান্তি মদ্যাজিনোঽপি মাম্ ॥২৫॥

অন্বয়ঃ।

লোকান্ যান্তি। ভূতেজ্যা ভূতপূজকাঃ ভূতানি পিশাচাদীন্ যান্তি; মদ্যাজিনঃ জনাঃ অপি তথা মাং পরমাত্মানং যান্তি প্রাপ্নুবন্তি ॥ ২৫ ॥

শাঙ্করভাষ্যম্।

পিতৃভক্তাঃ, ভূতানি বিনায়ক-মাতৃগণচতুর্ভগিন্যাদীনি যান্তি ভূতেজ্যা ভূতানাং পূজকাঃ যান্তি মদ্যাজিনো মদ্যজনশীলা বৈষ্ণবা মামেব যান্তি সমানেঽপ্যায়াসে মামেব ন ভজন্তেঽজ্ঞানাত্তেন তেঽল্পফলভাজো ভবন্তীত্যর্থঃ ॥ ২৫ ॥

আনন্দগিরিকৃতটীকা ॥

প্রদক্ষিণপ্রহ্বীভাবাদিরিজ্যর্থঃ। দেবতান্তরারাধনস্যান্তবৎফলমুক্ত্বা ভগবদারাধনস্যানন্তফলত্বমাহ যান্তীতি। ভগবদারাধনস্যানন্তফলত্বে দেবতান্তরারাধনং ত্যক্ত্বা ভগবদারাধনমেব যুক্তমায়াস-সাম্যাৎ ফলতো ন্যূনতাং দর্শয়তি তেনেতি ॥ ২৫ ॥

স্বামিকৃতটীকা।

তে পিতৄন্ যান্তি, ভূতেষু বিনায়ক-মাতৃগণাদিষু ইজ্যা পূজা যেষাং তে ভূতেজ্যাঃ ভূতানি যান্তি, মাং যষ্টুং শীলং যেষাং তে মদ্যাজিনস্তে তু মামক্ষয়ং পরমানন্দস্বরূপং যান্তি ॥ ২৫ ॥

---

তাদৃশ পিতৃ-ভক্ত ব্যক্তিগণ জীবনান্তে তাদৃশ পিতৃলোকে গমন করত তত্তৎ লোকের উপভোগ্য বিষয় সমূহ ভোগ করেন। যক্ষ কিন্নরাদি ভূত-সমূহের উপাসক ভূত-লোকে গমন করত তদুচিত ঐশ্বর্য্য ভোগ করিয়া থাকেন এবং ভগবদুপাসক বৈষ্ণবগণ ভগবৎসামীপ্য লাভে মুক্তিফল এবং ভগবদ্ গতি প্রাপ্ত হইয়া থাকেন ॥ ২৫ ॥

আভাস।

অগ্নিষ্বাত্তাদি পিতৃলোকের আরাধনা করিয়া সেই সেই পিতৃলোকে ভোগ সুখাদি অনুভব করেন। যাঁহারা সম্পূর্ণ তমঃপ্রকৃতি, তাঁহারা যক্ষ, রক্ষ বিনায়ক এবং মাতৃগণের উপাসনা করিয়া তত্তল্লোকে গমন করিয়া থাকেন। কিন্তু যাঁহারা সর্ব্ব প্রেমময় পরমাত্মস্বরূপ আমার উপাসনা করেন, তাঁহারা মদীয় সর্ব্বোত্তম পরম লোকে গমন করত চির-শান্তি অনুভব করিয়া থাকেন ॥ ২৫ ॥

পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রযচ্ছতি।

অন্বয়ঃ।

পত্রং তুলস্যাদিকং, পুষ্পং ফলং তোয়ং উদকং যঃ মে মহ্যং ভক্ত্যা প্রযচ্ছতি

শাঙ্করভাষ্যম্।

ন কেবলং মদ্ভক্তানামনাবৃত্তিলক্ষণমনন্তফলমুক্তং সুখারাধনশ্চাহং কথং পত্র-মিতি। পত্রং পুষ্পং ফলং তোয়মুদকং যো মে মহ্যং ভক্ত্যা প্রযচ্ছতি তদহং পত্রাদি

আনন্দগিরিকৃত-টীকা।

অনন্ত-ফলত্বাদ্ভগবদারাধনমেব কর্ত্তব্যমিত্যুক্তং সুকরত্বাচ্চ তথেত্যাহ ন কেবল-মিতি। ভগবদারাধনস্য সুকরত্বমেব প্রশ্নপূর্ব্বকং প্রপঞ্চয়তি কথমিত্যাদিনা।

স্বামিকৃতটীকা।

তদেবং স্বভক্তানামক্ষয়-ফলমুক্তং। অনায়াসত্বঞ্চ স্বভক্তে দর্শয়তি পত্রমিতি। পত্রপুষ্পাদিমাত্রমপি মহ্যং ভক্ত্যা যঃ প্রযচ্ছতি তস্য প্রযতাত্মনঃ শুদ্ধচিত্তস্য নিষ্কাম-ভক্তস্য তৎ পত্রপুষ্পাদিকং ভক্ত্যা তেনোপহৃতং সমর্পিতমহমশ্নামি প্রাপ্নোমি

---

অহো অর্জ্জুন! আমি সর্ব্বেশ্বর পরমাত্মা হইলেও, কাহাকে আমি উপেক্ষা করি না! আমার ভক্ত ভক্তি-ভরে আমার সৃষ্ট অতি

আভাস।

অন্যান্য দেবতার উপাসনা অপেক্ষা পরমাত্মার উপাসনা অনেকাংশে সহজ এবং সুসাধ্য। ইহাতে কোন প্রকরণ ও প্রাণায়ামাদি পদ্ধতিরও অপেক্ষা করে না। কেবল ভক্তিভরে আমার স্বরূপটী মনে মনে চিন্তা করিয়া "ব্রহ্মার্পণ অস্তু" বলিয়া চৈতন্য স্বরূপ পূর্ণ পরমাত্মাকে যে কোন বস্তু অর্থাৎ পত্র পুষ্প ফল বা তোয়াদি যে কোন অভিলষিত প্রিয় পদার্থ প্রদান করা হয়, আমি তাহা সাদরে গ্রহণ করিয়া থাকি। আমাকে সমর্পণের উপায় এক ভক্তি মাত্র। কারণ যাহা কিছু জগতে দেখা যায় বা সুখাদ্য সুমিষ্ট বলিয়া মনে হয়, সকলই এক তাঁহারই; সুতরাং পরমেশের বস্তু তাঁহাকে আর সম্প্রদানের কোন বিশেষত্ব নাই। তাঁহার নহে, এমন কোন পদার্থ জগতে নাই। তবে কেবল একটী বস্তু যেন তিনি আমাদের দিয়া রাখিয়াছেন; যাহার নাম জীবের মনস্তত্ত্ব! যাহার আলোচনায় জীব জগতে পর সাজিয়া ভ্রমণ করে। সেইটী

তদহং ভক্ত্যুপহৃতম্ অশ্নামি প্রযতাত্মনঃ ॥ ২৬ ॥

অন্বয়ঃ

তৎ ভক্ত্যুপহৃতং প্রযতাত্মনঃ শুদ্ধবুদ্ধেঃ ভক্ত্যুপহৃতং ভক্ত্যা উপহৃতং আনীতং তৎ পত্রাদিকং অশ্নামি গৃহ্লামি ॥ ২৬ ॥

শাঙ্করভাষ্যম্।

ভক্ত্যোপহৃতং ভক্তিপূর্ব্বকং প্রাপিতং ভক্ত্যুপহৃতমশ্নামি গৃহ্লামি প্রযতাত্মনঃ শুদ্ধবুদ্ধেঃ ॥ ২৬ ॥

আনন্দগিরিকৃতটীকা।

যদ্বি পুষ্পাদিকং ভক্তিপূর্ব্বকং মদর্থমর্পিতং তেনায়ং শুদ্ধচেতাঃ তপস্বী মামারাধয়তী-ত্যহমবধারয়ামীত্যাহ পত্রমিত্যাদিনা ॥ ২৬ ॥

স্বামিকৃতটীকা।

প্রীত্যা গৃহ্লামি, ন হি মহাবিভূতিপতেঃ পরমেশ্বরস্য মম ক্ষুদ্রদেবতানামিব বহুবিত্তসাধ্যযাগাদিভিঃ পরিতোষঃ স্যাৎ কিন্তু ভক্তিমাত্রেণ অতো ভক্তেন সমর্পিতং যৎকিঞ্চিৎ পত্রাদিমাত্রমপি তদনুগ্রহার্থমেবাশ্নামীতি ভাবঃ ॥ ২৬ ॥

---

তুচ্ছ পত্র পুষ্প ফল বা জলও যদি আমার উদ্দেশে সমর্পণ করে, আমি প্রসন্ন-চিত্তে তাহা গ্রহণ করিয়া থাকি ॥ ২৬ ॥

আভাস।

তাঁহাকে প্রত্যর্পণ করিতে হইবে। এতদর্থে পূজ্যপাদ শঙ্করাচার্য্য বলিয়াছেন;

ইয়মেব পরা পূজা সর্ব্বাবস্থাসু সর্ব্বদা।
প্রেম-ভক্ত্যা তু বিশ্বেশং মন এব নিবেদয়েৎ ॥

সকল অবস্থায় অর্থাৎ শুচি বা অশুচির ভয় না করিয়া, সকল সময়ে প্রেম এবং ভক্তি সহকারে জীব যদি কেবল মনটীকে সেই বিশ্বেশ্বরকে সমর্পণ করিতে পারে, তাহা হইলেই উৎকৃষ্ট পূজার সমাধা করা হয়। চির-ভৃত্য বাগানের মালী প্রভুর সহিত সাক্ষাৎ করিতে আসিবার কালে যেমন প্রভুরই বাগানের যৎকিঞ্চিৎ ফল ফুল দ্রব্য সামগ্রী মস্তকে লইয়া প্রভুকে যখন উপঢৌকন স্বরূপে প্রদান করে, প্রভুর আর আনন্দের সীমা থাকে না; সেইরূপ মানব যদি মন-মালীর হস্তে যে কোন তুলসীদলাদি উপঢৌকন স্বরূপ পদার্থ পরমাত্মার স্বরূপ আমাকে প্রদান করে, আমি তাহাতে বিশেষ আনন্দিত হই। ॥ ২৬ ॥

যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষি দদাসি যৎ।

অন্বয়ঃ।

অতঃ যৎ করোষি শাস্ত্রীয়ং কর্ম্ম, যৎ অশ্নাসি খাদসি, যৎ জুহোষি যজ্ঞা

শাঙ্করভাষ্যম্।

যত এবমতঃ যৎ করোষীতি। যৎ করোষি যদাচরসি শাস্ত্রীয়ং কর্ম্ম স্বতঃ প্রাপ্তং যদশ্নাসি যৎ খাদসি যদ্ জুহোষি হবনং নির্ব্বর্ত্তয়সি শ্রৌতং স্মার্ত্তং বা

আনন্দগিরিকৃতটীকা।

তদারাধনস্য সুকরত্বে তদেবাবশ্যকমিত্যাহ যত ইতি। স্বতঃ শাস্ত্রাদৃতে প্রাপ্তং

সর্ব্বতো ভাবে আমাকে অন্তরে চিন্তা করিয়া সকল কর্ম্ম করাই আমাকে সমর্পণের অপূর্ব্ব পদ্ধতি। তুমি যে কোন কর্ম্ম কর। অর্থাৎ যাহা ভোজন কর, যাহা অগ্নিতে আহুতি দাও। যাহা কিছু

আভাস।

অর্জ্জুন! সংসার হইতে নিষ্কৃতি পাইবার সকল উপায়ই মনে মনে ভগবানে আত্মবিক্রয় করিয়া রাখা। ধনবান্ গৃহস্থের গৃহে দাস দাসীগণ খায় পরে মাথে এবং দান ধ্যান প্রভৃতি যে কোন পুণ্য-কর্ম্ম করে, সমস্তই তাহারা আপন আপন প্রভুর কল্যাণে তাঁহারই প্রসাদে ঘটিতেছে বলিয়া যদি মনোমধ্যে দৃঢ় ধারণা রাখে, তাহা হইলে তাদৃশ ভৃত্যগণ প্রভুর বিশেষ প্রিয় পাত্র হয়, সন্দেহ নাই। বিবেকী-মানব যদি মনোমধ্যে একটী ধারণা রাখেন যে, ভগবানের ভৃত্য হইয়া আমরা তাঁহার সৃষ্ট জগতে তাঁহারই কর্ম্ম করিতে আগমন করিয়াছি; নিজেদের ভোগ-চরিতার্থ করিবার জন্য আগমন করি নাই; তাহা হইলে তাঁহার সকল কর্ম্মই ভগবানে সমর্পণ করা হয়। এমন কি! আহার, নিদ্রা ভয় এবং মৈথুন ব্যাপারেও ন্যায়-সঙ্গত ভাবে লিপ্ত হইলেও, অসৎ কর্ম্মের অনুষ্ঠান করা হয় না। কারণ নিজের দেহ রক্ষার্থ আহার নিদ্রা, যেমন প্রয়োজন, আবার ধর্ম্মসঙ্গত মৈথুন দ্বারা জগতে প্রজাবৃদ্ধির দ্বারা সৃষ্টিকার্য্যের মর্য্যাদা সংরক্ষণ করা হইলেও ভগবানের উদ্দেশ্য রক্ষা করা হয়। বেদ-বিধানের প্রসারার্থ তিনি যদি যাগ যজ্ঞাদির অনুষ্ঠানে প্রচুর হোম করেন বা প্রকৃত অভাবগ্রস্থ জীবের কল্যাণ কামনায় এবং সামাজিক সাধারণের উন্নতির অভিপ্রায়ে যে সমস্ত দান পুণ্যাদি-কার্য্য করেন এবং প্রতি পদে অনভিজ্ঞতা নিবন্ধন যদি কোন অন্যায় কর্ম্মেরও

যৎ তপস্যসি কৌন্তেয় তৎ কুরুষ্ব মদর্পণম্ ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

দিকং নির্বর্ত্তয়সি, যৎ দদাসি ব্রাহ্মণাদিভ্যো ধনাদি, যৎ তপস্যসি তপঃ করোষি তৎ সর্ব্বং মদর্পণং ময়ি অর্পিতং যথা ভবতি তথা কুরুষ্ব ॥ ২৭ ॥

শাঙ্করভাষ্যম্।

যদ্দদাসি প্রযচ্ছসি ব্রাহ্মণাদিভ্যো হিরণ্ময়পাত্ররত্নাদি যত্তপস্যসি কৌন্তেয় তৎ কুরুষ্ব মদর্পণং মৎসমর্পণং ॥ ২৭ ॥

আনন্দগিরিকৃতটীকা।

গমনাদীতি যাবৎ। যদশ্নাসি যৎ কিঞ্চিদ্ভোগং ভুংক্ষে। হবনস্য স্বতন্ত্রত্বং বারয়তি শ্রৌতমিতি। মৎসমর্পণং তৎ সর্ব্বং মহ্যং সমর্পয়েত্যর্থঃ ॥ ২৭ ॥

স্বামিকৃতটীকা।

ন চ ফলপুষ্পাদিকমপি যজ্ঞার্থং পশুসোমাদি-দ্রব্যবন্মদর্থমেবোদ্যমৈরাপাদ্য সমর্পণীয়ং কিন্তর্হি যৎ করোষীতি। স্বভাবতঃ শাস্ত্রতো বা যৎকিঞ্চিৎ কর্ম্ম করোষি তথা যদশ্নাসি যজ্জুহোষি যদ্দদাসি যচ্চ তপস্যসি তপঃ করোষি তৎ সর্ব্বং ময্যর্পিতং যথা ভবতি এবং কুরুষ্ব ॥ ২৭ ॥

---

দান কর বা কৃচ্ছ্রচান্দ্রায়ণাদি ব্রত বা তপস্যার অনুষ্ঠান কর, সমস্ত আমাকে চিন্তা করিয়া আমার প্রীত্যর্থে করিতেছ ভাবিলেই আমাতে সমর্পণ করা হয় ॥ ২৭ ॥

আভাস।

অনুষ্ঠান হইয়া থাকে, তজ্জন্য প্রায়শ্চিত্ত এবং তপস্যাদির অনুষ্ঠান করিয়া জগদ্বাসীকে চরিত্রবান্ হইতে উপদেশ করেন, তাহা হইলে তিনি সকল কর্ম্ম ভগবানে সমর্পণ করিলেন বলিয়া স্বীকার করিতে হইবে এবং এক জন ভগবানের প্রকৃত ভৃত্য ও আদরের পাত্র বলিয়া অবধারণীয়। যাগ যজ্ঞ ব্রত নিয়ম এবং হোমাদি কার্য্যের সমাপন কালে পুরোহিতগণ যজমানগণকে তাঁহাদের কৃত কর্ম্ম-ফলকে ভগবানে সমর্পণ করিবার উপদেশ দিয়া থাকেন; এবং একটী মন্ত্রও পাঠ করান, যথা; অজ্ঞানাৎ যদি বা মোহাৎ প্রচ্যবেতাধ্বরেষু যৎ। স্মরণাদেব তদ্বিষ্ণোঃ সম্পূর্ণং স্যাৎ ইতি শ্রুতিঃ॥ এতৎ কর্ম্মফলং নারায়ণায় সমর্পিতমস্তু॥ অহো! অজ্ঞানতা নিবন্ধন বা ভ্রম-প্রমাদ বশত যদি আমার কৃত এই যজ্ঞাদি ব্যাপারে কোনরূপ ত্রুটি বা বিপর্য্যয় হইয়া থাকে, এক শ্রীবিষ্ণুর

শুভাশুভ-ফলৈরেবং মোক্ষ্যসে কর্ম্ম-বন্ধনৈঃ। .

অন্বয়ঃ।

এবং কুর্ব্বন্ ত্বং শুভাশুভফলৈঃ কর্ম্মবন্ধনৈঃ মোক্ষ্যসে ; অতঃ সংন্যাস-যোগ-যুক্তাত্মা ( কর্ম্মফলত্যাগরূপ-সন্ন্যাসযোগেন যুক্তঃ আত্মা অন্তঃকরণং যস্য

শাঙ্করভাষ্যম্।

এবং কুর্ব্বত স্তব যদ্ভবতি তচ্ছৃণু শুভাশুভফলৈরিতি। শুভাশুভফলৈরেবং শুভাশুভে ইষ্টানিষ্টফলে যেষাং তানি শুভাশুভফলানি কর্ম্মাণি তৈঃ শুভাশুভফলৈঃ কর্ম্মবন্ধনৈরেবং মৎসমর্পণং কুর্ব্বন্ মোক্ষ্যসে সোঽয়ং সংন্যাসযোগো নাম সংন্যাসশ্চাসৌ মৎসমর্পণতয়া কর্ম্মকর্ত্তৃত্বাদ্ যোগশ্চাসবিতি তেন সংন্যাসযোগেন যুক্ত

আনন্দগিরিকৃতটীকা।

কিমতো ভবতি তদাহ এবমিতি। ভগবদর্পণবুদ্ধ্যা সর্ব্বকর্ম্ম কুর্ব্বতো জীব-

স্বামিকৃতটীকা।

এবঞ্চ যৎ ফলং প্রাপ্স্যসি তচ্ছৃণু ইত্যাহ শুভাশুভেতি। এবং কুর্ব্বন্ কর্ম্মবন্ধনৈঃ কর্ম্মনিমিত্তৈরিষ্টানিষ্টৈশ্চ ফলৈর্মুক্তো ভবিষ্যসি কর্ম্মণাং ময়ি সমর্পিত-

---

চির জীবন এইরূপ চিন্তা মনোমধ্যে জাগরূক রাখিয়া তুমি নিঃস্বার্থে সকল করিয়াও কর্ম্ম-বন্ধনে কখন লিপ্ত হইবে না। কারণ

আভাস।

স্মরণ মাত্র করিলে, আমার কার্য্য সুনিষ্পন্ন হইবে, সন্দেহ নাই ; কারণ শ্রুতিই তাহার প্রমাণ। অতএব যাবদীয় কর্ম্মের ফল তাঁহাতে অর্পিত থাকুক ! হে প্রভো দীন-দয়াল। তোমার ভৃত্য তোমার জগৎকার্য্য সাধিত করিবার জন্য যেমন মানব-মূর্ত্তিতে আমাকে জগতে প্রেরণ করিয়াছ, আমার কার্য্য যেন তোমার কার্য্য বলিয়া তুমি গ্রহণ কর ! তাহাতেই আমি কৃতার্থ হইলাম ! ॥ ২৭ ॥

" ভৃত্য যদি প্রভুর চিন্তানুকরণে সমস্ত কর্ম্ম করিয়া প্রতিষ্ঠিত, সুসম্পন্ন এবং প্রভুর প্রিয়পাত্র হয়, হে অর্জ্জুন ! তুমিও পরম বিভু পরমাত্মাকে হৃদয়-মন্দিরে অচ্যুত ভাবে প্রতিষ্ঠিত অবধারণ করত তাঁহার অভিপ্রেত কার্য্য করিতে জগতে আগমন করিয়াছি মনে করিতে পারিলে এবং ধন জন প্রতিষ্ঠা সকলই তাঁহার প্রদত্ত, যদবধি তিনি ইহাদের সংসর্গে আমাকে রাখেন, তদবধি আমি ইহাদিগকে আমার

সন্ন্যাস-যোগ-যুক্তাত্মা বিমুক্তো মামুপৈষ্যসি ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

তাদৃশঃ ত্বং বিমুক্তঃ (সংসার-বন্ধনাৎ) মাং পরমাত্মানং উপৈষ্যসি প্রাপ্স্যসি ॥ ২৮ ॥

শাঙ্করভাষ্যম্।

আত্মান্তঃকরণং যস্য তব স ত্বং সংন্যাসযোগযুক্তাত্মা সন্ বিমুক্তঃ কর্ম্মবন্ধৈর্জীবন্নেব পতিতে চাস্মিন্ শরীরে মামুপৈষ্যস্যাগমিষ্যসি ॥ ২৮ ॥

আনন্দগিরিকৃতটীকা।

মুক্তস্য প্রারব্ধকর্ম্মাবসানে বিদেহকৈবল্যমাবশ্যকমিত্যাহ শুভেত্যাদিনা। ভগবদর্পণকারণামুক্তিঃ সংন্যাসযোগাশ্চেতি সাধন-দ্বয়শক্যাং শাভয়তি সোহয়মিতি ॥ ২৮ ॥

স্বামিকৃতটীকা।

যেন তব তৎফল সম্বন্ধানুপপত্তেঃ, তৈশ্চ বিমুক্তঃ সন্ সন্ন্যাসযোগযুক্তাত্মা সন্ন্যাসঃ কর্ম্মণাং মদর্পণং সএব যোগস্তেন যুক্ত আত্মা চিত্তং যস্য তথাভূত স্ত্বং মাং প্রাপ্স্যসীত্যর্থঃ ॥ ২৮ ॥

---

নিঃস্বার্থে কর্ম্ম করিবার নামই সন্ন্যাস-যোগ; তাদৃশ নির্ব্বিকারী অথচ কর্ম্মী ব্যক্তি সর্ব্ববিধ কর্ম্ম-জাল হইতে মুক্তি লাভ করত, আমার পরম স্বরূপে আগমন করিবে, সন্দেহ নাই ॥ ২৮ ॥

আভাস।

বলিতে বাধ্য হইতেছি! আবার তাঁহার ইচ্ছায় আমি ইহাদিগকে পরিত্যাগ করিয়া কখন কোথায় যে যাইব, তাহা আমি জানি না! ইহাদের রক্ষণাবেক্ষণ বা ভরণ-পোষণের ভার যেন আমাকেই দিয়াছেন, ইত্যাকার জ্ঞানে যাহারা জীবন-যাত্রা নির্ব্বাহ করে, তাহারা আপনাকে ভগবানের প্রকৃত দাস বিবেচনা করত ভালমন্দ যে কোন কার্য্য করে, সে কর্ম্মের জন্য তাহারা দায়গ্রস্ত হয় না। তাহারা ভোগী হইলেও, ত্যাগী এবং গৃহী হইলেও, প্রকৃত সন্ন্যাসী বলিয়া পরিগণিত। তাহাদের সংসার-বন্ধন থাকে না; জীবদ্দশাতেই মুক্তিভাগী এবং জীবনান্তে সেই পরমেশের প্রিয়পাত্র হইয়া পরমাত্ম-সন্নিধানে যে পরমানন্দ চিরকাল অনুভব করিবে, তাহাতে আর সন্দেহ নাই ॥ ২৮ ॥

সমোঽহং সর্ব্বভূতেষু ন মে দ্বেষ্যোঽস্তি ন প্রিয়ঃ।

অন্বয়ঃ।

সর্ব্বভূতেষু অহং সমঃ তুল্যঃ অতঃ মে মম দ্বেষ্যঃ বিরাগ-ভাজনঃ ন- কোঽপি

শাঙ্করভাষ্যম্।

রাগদ্বেষবান্ তর্হি ভগবান্ যতো ভক্তাননুগৃহ্ণাতি নেতরানিতি তন্ন সমোঽহং ইমিতি। সমঃ তুল্যোঽহং সর্ব্বভূতেষু ন মে দ্বেষ্যোঽস্তি ন প্রিয়ঃ অগ্নিবদহং দূরস্থানাং যথাগ্নিঃ শীতং নাপনয়তি সমীপমুপসর্পতামপনয়তি তথাহং ভক্তাননু-

আনন্দগিরিকৃতটীকা।

ভগবতো রাগদ্বেষবত্ত্বেনানীশ্বরত্বমাশঙ্ক্য পরিহরতি রাগেত্যাদিনা। তর্হি ভগবদ্ভজনমকিঞ্চিৎকরমিত্যাশঙ্ক্যাহ অগ্নিবদিতি। তৎ প্রপঞ্চয়তি যথেতি। ভক্তানভক্তাংশ্চানুগৃহ্ণতোঽননুগৃহ্ণতশ্চ ভগবতো ন কথং রাগাদিমত্ত্বমিত্যাশঙ্ক্যাহ যে ভজন্তীতি। যে হি বর্ণাশ্রমাদিধর্ম্মৈর্মাং ভজন্তি তে তেনৈব ভজনেনাচিন্ত্যমাহাত্ম্যেন পরিশুদ্ধবুদ্ধয়ো ময়ি মৎসমীপে বর্ত্তন্তে মদভিব্যক্তিযোগ্যচিত্তা ভবন্তি,

স্বামিকৃতটীকা।

যদি তু ভক্তেভ্য এব মোক্ষং দদাসি নাভক্তেভ্যস্তর্হি তবাপি কিং রাগদ্বেষাদিকৃতং বৈষম্যমস্তি নেত্যাহ সমোঽহমিতি। সর্ব্বেষু ভূতেষহং সমঃ অতো মম প্রিয়শ্চ দ্বেষ্যশ্চ নাস্ত্যেব, এবং সত্যপি যে মাং ভজন্তি তে ভক্ত্যা ময়ি বর্ত্তন্তে

---

দেখ! এ জগতে আমার প্রিয় বা অপ্রিয় বলিয়া কেহ নির্দ্দিষ্ট নাই! আমি সকলের পক্ষে সমান! তবে যে বিশুদ্ধান্তঃকরণে আমার প্রতি মনোনিবেশ করে, তাহারা যেমন আমারই আশ্রয়ে

আভাস।

ভগবান্ সকলের সমীপে তুল্যরূপে বিদ্যমান রহিয়াছেন; কেহ তাঁহার আদরের বা অনাদরের পাত্র নহে; সুতরাং ভক্ত বা অভক্ত ভেদে ভগবানের নিকট কোন ইতর বিশেষ নাই! মানবের চিত্তের নৈর্ম্মল্য অনুসারে ভগবানের পক্ষে নিকট বা দূর, প্রিয় বা অপ্রিয় এবং আপন বা পর মূর্ত্তিতে পরিচিত হন। নভোমণ্ডলস্থ দিবাকরের সহিত পৃথিবীস্থ সকল পদার্থের সম্বন্ধ একরূপ হইলেও, বস্তুর গুণ-তারতম্যে সূর্য্যদেব যেমন বিবিধ ভাবে পরিচিত হন; সরস মৃত্তিকাস্থ

যে ভজন্তি তু মাং ভক্ত্যা ময়ি তে তেষু চাপ্যহম্॥ ২৯ ॥

অন্বয়ঃ।

ন প্রিয়ঃ প্রীতিভাজনঃ অপি অস্তি। যে মাং ভক্ত্যা ভজন্তি তে তু ময়ি এব বর্ত্তন্তে অহং অপি তেষু বর্ত্তে ॥ ২৯ ॥

শাঙ্করভাষ্যম্।

গৃহ্লামি নেতরান্ যে ভজন্তি তু মামীশ্বরং ভক্ত্যা ময়ি তে স্বভাবত এব ন মম রাগনিমিত্তং ময়ি বর্ত্তন্তে তেষু চাপ্যহং স্বভাবতএব বর্ত্তে নেতরেষু নৈতাবতা তেষু দ্বেষো মম ॥ ২৯ ॥

আনন্দগিরিকৃতটীকা।

তুশব্দোঽস্য বিশেষস্য দ্যোতনার্থঃ, তেষু চ সমীপে সমক্ষং তেষামহমপি স্বভাবতো বর্ত্তমান স্তদনুগ্রহপরো ভবামি যথা ব্যাপকমপি সাবিত্রাং তেজঃ স্বচ্ছে দর্পণাদৌ প্রতিফলতি তথা পরমেশ্বরোঽবর্জনীয়তয়া ভক্তি-নিরস্ত সমস্ত-কলুষ-সত্ত্বেষু পুরুষেষু সন্নিধত্তে দৈবীং প্রকৃতিমাশ্রিতা মাং ভজন্তীত্যুক্তত্বাদিত্যর্থঃ ॥ ২৯ ॥

স্বামিকৃতটীকা।

অহমপি তেষ্বনুগ্রাহকতয়া বর্ত্তে, অয়ং ভাবঃ যথাগ্নেঃ স্বসেবকস্যৈব তমঃশীতাদিদুঃখমপাকুর্ব্বতোঽপি ন বৈষম্যং, যথা বা কল্পবৃক্ষস্য, তথৈব ভক্তপক্ষপাতিনোঽপি মম বৈষম্যং নাস্ত্যেব কিন্তু মদ্ভক্তেরেবায়ং মহিমেতি ॥ ২৯ ॥

থাকে, আমিও তাদৃশ ভক্তের চিত্তানুকরণে বাধ্য হইয়া, তাহাদেরই হইয়া থাকি ॥ ২৯ ॥

আভাস।

সূর্য্য কিরণ কেবল শুষ্ক করেন মাত্র; প্রস্তরাদির উপর আলোক রূপে, তৃণ ঘাসের উপর কিরণ-মূর্ত্তিতে, বালুকার উপর তাপপ্রদ মূর্ত্তিতে, জলে প্রতিবিম্বিত ভাবে এবং দর্পণাদি স্বচ্ছ পদার্থে আলোক, ঔজ্জ্বল্য এবং প্রতিবিম্বিত রূপে যেমন পরিচিত হন, সেইরূপ চিত্তের সাত্ত্বিক, রাজসিক ও তামসিক ভাব ভেদে এক পরম পুরুষ পরমাত্মাই বিবিধ বেশে যেন দেখা দিয়া থাকেন। ভগবান্ করুণার বিতরণে কাহাকেও বঞ্চিত করেন না; তবে যে যেমন অধিকারী এবং প্রার্থী, সে সেই ভাবেই তাঁহাকে প্রাপ্ত হইয়া থাকেন। তিনি করুণার সমুদ্র! যাহার অন্তঃকরণ যত প্রশস্ত, সে সেই পরিমাণে তাঁহার প্রেমের অধিকারী হইয়া থাকে ॥ ২৯ ॥

অপি চেৎ সুদুরাচারো ভজতে মামনন্যভাক্।
সাধুরেব স মন্তব্যঃ সম্যগ্ ব্যবসিতো হি সঃ॥ ৩০॥

অন্বয়ঃ।

সুদুরাচারঃ কুৎসিতাচারঃ অপি চেৎ যদি অনন্যভাক্ অনন্যভক্তিঃ সন্ মাং ভজতে অতঃ সঃ সম্যক্ ব্যবসিতঃ সাধুনিশ্চয়বান্, সঃ সাধুঃ এব মন্তব্যঃ জ্ঞাতব্যঃ॥ ৩০॥

শাঙ্করভাষ্যম্।

শৃণু মদ্ভক্তে র্মাহাত্ম্যং অপি চেদিতি। অপি চেৎ যদ্যপি সুদুরাচারঃ সুদুরাচারোঽতীব কুৎসিতাচারোঽপি ভজতে মাং অনন্যভাক্ নান্যভক্তিঃ সন্ সাধুরেব সম্যগ্‌বৃত্ত এব স মন্তব্যঃ জ্ঞাতব্যঃ সম্যগ্ যথাবদ্ব্যবসিতো হি যস্মাৎ সাধুনিশ্চয়ঃ সঃ॥ ৩০॥

আনন্দগিরিকৃতটীকা।

প্রকৃতাং ভগবদ্ভক্তিং স্তুবন্ পাপীয়সামপি তত্রাধিকারোঽস্তীতি সূচয়তি শৃণ্বিতি। সম্যগ্‌বৃত্তএব ভগবদ্ভক্তো জ্ঞাতব্য ইত্যত্র হেতুমাহ সম্যগিতি॥ ৩০॥

স্বামীকৃতটীকা।

অপি চ মদ্ভক্তেরেবায়মবিতর্ক্যঃ প্রভাব ইতি দর্শয়ন্নাহ অপি চেদিতি। অত্যন্ত-দুরাচারোঽপি যদ্যপ্যপৃথক্ত্বেন পৃথগ্ দেবতাপি বাসুদেব এবেতি বুদ্ধ্যা দেবতা-ন্তরভক্তিমকুর্ব্বন্ মামেব পরমেশ্বরং ভজতে তর্হি সাধুঃ শ্রেষ্ঠএব স মন্তব্যঃ যতো-ঽসৌ সম্যগ্‌ব্যবসিতঃ শোভনমধ্যবসায়ং কৃতবান্॥ ৩০॥

অত্যন্ত পাপ করিলেই যে কেহ আমার ত্যাজ্য হয়, তাহা নহে; এবং পুণ্যবান্ হইলেই যে গ্রাহ্য হইবে তাহাও নহে। বিবিধ পাপ কর্ম্মের অনুষ্ঠানে মনে মনে বিরক্ত চিন্তিত এবং গ্লানি বিশিষ্ট হইলে সাধারণ মানব ব্যাকুল-হৃদয়ে ভগবানের শরণাপন্ন হয় এবং একাগ্র-চিত্তে আমার ভজনা করে, সে ব্যক্তিও সাধুনামে পরিগৃহীত হইবে, সন্দেহ নাই। কারণ কেবল ভগবচ্চিন্তাই সকল পাপের নির্ম্মূলন-কারী সন্দেহ নাই। ৩০॥

আভাস।

এই শ্লোকে প্রকাশ করা হইয়াছে যে, অত্যন্ত পাপিষ্ঠ ব্যক্তিও যদি এক মনে ভগবানের ভজনা করে, সে সাধু-নামে পরিচিত হয়। এই কথাটি বিস্তার

ক্ষিপ্রং ভবতি ধর্ম্মাত্মা শশ্বচ্ছান্তিং নিগচ্ছতি ।
কৌন্তেয় প্রতিজানীহি ন মে ভক্তঃ প্রণশ্যতি ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

ভগবতি স্থির-নিশ্চয়বান্ জনঃ ক্ষিপ্রং শীঘ্রং ধর্ম্মাত্মা ভবতি তথা শশ্বৎ নিত্যং শান্তিং নিগচ্ছতি প্রাপ্নোতি। হে কৌন্তেয়! মে মম ভক্তঃ ন প্রণশ্যতি ইতি প্রতিজানীহি ॥ ৩১ ॥

শাঙ্করভাষ্যম্।

উৎসৃজ্য চ বাহ্যাং দুরাচারতামন্তঃ সম্যগ্‌ব্যবসায়-সামর্থ্যাৎ ক্ষিপ্রমিতি। ক্ষিপ্রং শীঘ্রং ভবতি ধর্ম্মাত্মা ধর্ম্মচিত্তএব শশ্বং নিত্যং শান্তিঞ্চোপশমং নিগচ্ছতি

আনন্দগিরিকৃতটীকা।

হেত্বর্থমেব প্রপঞ্চয়তি উৎসৃজ্যেতি। ভগবন্তং ভজমানস্য কথং দুরাচারতা পরিত্যজ্য ভবতীত্যাশঙ্ক্যাহ ক্ষিপ্রমিতি। সতি দুরাচারে কথং ধর্ম্মচিত্তত্বং তদাহ

---

ভগবচ্চিন্তকের চিত্তে পাপ বিনষ্টের আর কাল-বিলম্ব হয় না। সর্ব্বান্তঃকরণে ভগবানে চিত্ত সমর্পণ করিবা মাত্র পাপের অপগমে ভক্ত ধর্ম্মাত্মা হইয়া থাকেন এবং নিত্য শান্তির স্রোতে তিনি ভাসমান হন। হে কৌন্তেয়! আমি প্রতিজ্ঞা পূর্ব্বক বলিতেছি যে, তুমি মনে মনে জানিও যে আমার ভক্তের কখন অধঃপতন বা বিনাশ হয় না। ॥ ৩১ ॥

আভাস।

অসমাজিক ও অসঙ্গত বলিয়া পাছে মনে হয়, তজ্জন্য ভগবান্ নিজেই বলিয়াছেন যে, সে সম্যক্ ব্যবসিত ;—অর্থাৎ বিচারে ভগবানের আরাধনাকেই এক মাত্র উপায় বলিয়া অবধারণ করিয়াছে। সুতরাং তাহার আরাধনা সুদৃঢ় ; সে ব্যক্তি কখন আরাধনা হইতে বিচ্যুত হয় না। যোগ-সূত্রকার বলিয়াছেন, "তীব্র সংবেগানাং আসন্নঃ ;" অর্থাৎ উদ্যোগ তীব্র হইলে, তাহার ফল সত্বর উপস্থিত হয়। সংসার-জ্বালায় বিরক্ত হইলে এবং নিজের উপার্জ্জনে কুলান না হইলে, লোক ভগবানের আশ্রয় গ্রহণ করে। সাংসারিক দুঃখ যত অধিক, ভগবানের চিন্তাও তত অধিক হয়। এদিকে যৌবনের আতিশয্যে পাপানুষ্ঠান যতই অধিক হয়, যৌবনের পরিণামে পাপফলের উৎকট দুঃখ-ভোগও তত অধিক ঘটে। সুতরাং

শাঙ্করভাষ্যম্।

প্রাপ্নোতি শৃণু পরমার্থং কৌন্তেয় নিশ্চিতাং প্রতিজ্ঞাং কুরু ন মে মম ভক্তঃ ময়ি সমর্পিতান্তরাত্মা ন প্রণশ্যতীতি ॥ ৩১ ॥

আনন্দগিরিকৃতটীকা।

শশ্বদিতি। উপশমো দুরাচারাদুপরমঃ। কিমিতি তদ্ভক্তস্য দুরাচারাদুপরতি-রুচ্যতে দুরাচারোপহতচেতস্তয়া কিমিত্যসৌ ন নঙ্ক্ষ্যতীত্যাশঙ্ক্যাহ শৃণ্বিতি ॥ ৩১ ॥

স্বামিকৃতটীকা।

ননু কথং সমীচীনাধ্যবসায়মাত্রেণ সাধুর্মন্তব্যস্তত্রাহ ক্ষিপ্রমিতি। সুদুরাচা-রোঽপি মাং ভজন্ শীঘ্রং ধর্ম্মচিত্তো ভবতি ততশ্চ শশ্বচ্ছান্তিং চিত্তোপপ্লবোপর-মরূপাং পরমেশ্বরনিষ্ঠাং নিতরাং গচ্ছতি প্রাপ্নোতি, কুতর্ক-কর্কশ-বাদিনো নৈতন্মন্বেরন্নিতি শঙ্কাকুলমর্জ্জুনং প্রোৎসাহয়তি হে কৌন্তেয় পটহাদিমহাঘোষপূর্ব্বকং বিবদমানানাং সভাং গত্বা বাহুমুৎক্ষিপ্য নিঃশঙ্কং প্রতিজানীহি প্রতিজ্ঞাং কুরু, কথং, মে পরমেশ্বরস্য ভক্তঃ সুদুরাচারোঽপি ন প্রণশ্যতি অপি তু কৃতার্থএব ভবতীতি, ততশ্চ তে তৎপ্রৌঢ়িবিজৃম্ভাৎ বিধ্বংসিত-কুতর্কাঃ সন্তো নিঃসংশয়ং ত্বামেব গুরুত্বেনাশ্রয়েরন্ ॥ ৩১ ॥

আভাস।

ভগবানের প্রতি চিত্তের আসক্তিও তত অধিক হয়। ভগবানের নাম বিপদ্হারী। মানব বিপদে না পড়িলে, ভগবানকে ডাকে না। অতএব বিপদের মাত্রা অধিক হইলেই, ডাকের মাত্রা অধিক হয়। বিপদের কারণ চরিত্র-হীন হওয়া। অত্যাচারী ব্যক্তি নিজের সুখ স্বচ্ছন্দের জন্য যতই অপকর্ম্ম করে, তাহার ফলে সে ভীষণ দুঃখ পায়। তখন অনন্যগতি হইয়া, তীব্র যত্নের সহিত ভগবানের শরণাগত হয় এবং তীব্র ভক্তিযোগে আশু ফলও লাভ করে। কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি ব্রত বা যাগ যজ্ঞাদি শ্রৌত বা স্মার্ত্ত-কর্ম্ম এরূপ নাই; যাহার দ্বারা মনকে সত্বর পবিত্র করিতে পারে, যত শীঘ্র ভগবৎপ্রেমে মানবকে বিশুদ্ধ করিতে পারে। শত জীবনের পাপ-মতি একদিনে বিধৌত হইতে পারে, যদি স্থির-চিত্তে ভগবানের প্রতি চিত্ত সমর্পণ করা যায়। জ্বলন্ত অনল-রাশিতে নিক্ষিপ্ত কাষ্ঠ-সমূহ যেমন নিমেষ মধ্যে অগ্নিময় হইয়া যায়, সেইরূপ ভগবানের পরমাত্মস্বরূপ জ্ঞান-হুতাশনে নিক্ষিপ্ত অজ্ঞান-পূর্ণ পাপ-হৃদয়ও জ্ঞান-পূর্ণ পবিত্র রূপ ধারণ করে! দুরাত্মা দস্যু-প্রকৃতি রত্নাকর নারদের উপদেশে রামনামে ও রাম-ভাবে অভিষিক্ত হইয়া বাল্মিকত্বে পরিণত হইয়াছিল। সকল কর্ম্মেরই দোষগুণ আছে; পর-

মাং হি পার্থ ব্যপাশ্রিত্য যেঽপি স্যুঃ পাপযোনয়ঃ।
স্ত্রিয়ো বৈশ্যাস্তথা শূদ্রাস্তেঽপি যান্তি পরাং গতিম্॥ ৩২ ॥

অন্বয়ঃ।

হে পার্থ পৃথানন্দন! মাং বি বিশেষেণ অপাশ্রিত্য যে অপি পাপযোনয়ঃ নিকৃষ্ট-জন্মানঃ অন্ত্যজাদয়ঃ স্যুঃ ভবেয়ুঃ তথা স্ত্রিয়ঃ জ্ঞানহীনাঃ, বৈশ্যাঃ কৃষিকর্ম্ম-নিরতাঃ হালিকাঃ, তথা শূদ্রাঃ অধ্যয়ন-রহিতাঃ আচার-বহির্গতাঃ তে অপি পরাং উৎকৃষ্টাং গতিং হি নিশ্চিতং যান্তি প্রাপ্নুবন্তি॥ ৩২ ॥

শাঙ্করভাষ্যম্।

কিঞ্চ মাং হীতি। মাং হি যস্মাৎ পার্থ ব্যপাশ্রিত্য মামাশ্রিত্যাশ্রয়ত্বেন গৃহীত্বা যেঽপি স্যু র্ভবেয়ুঃ পাপযোনয়ঃ পাপানি যোনিঃ যেষাং তে পাপজন্মানঃ কে ত ইত্যাহ স্ত্রিয়ো বৈশ্যাস্তথা শূদ্রাস্তেঽপি যান্তি গচ্ছন্তি পরাং প্রকৃষ্টাং গতিং॥ ৩২ ॥

আনন্দগিরিকৃত-টীকা।

ইতশ্চ ভগবদ্ভক্তির্বিধাতব্যেত্যাহ কিঞ্চেতি। ন মে ভক্তঃ প্রণশ্যতীত্যত্র হেতুমাচক্ষাণো ভক্ত্যধিকারে জাতিনিয়মো নাস্তীত্যাহ মাং হীতি॥ ৩২ ॥

স্বামিকৃতটীকা।

আচার-ভ্রষ্টং মদ্ভক্তিঃ পবিত্রীকরোতীতি কিমত্র চিত্রং যতো মদ্ভক্তির্দুষ্কুলান-প্যনধিকারিণোঽপি সংসারান্মোচয়তীত্যাহ মাং হীতি। যেঽপি পাপযোনয়ঃ স্যুর্নিকৃষ্টজন্মানোঽন্ত্যজাদয়ো ভবেয়ুঃ, যেঽপি বৈশ্যাঃ কেবলং কৃষ্যাদিনিরতাঃ অতঃ স্ত্রিয়ঃ শূদ্রাশ্চাপ্যধ্যয়নাদি-রহিতাস্তেঽপি মাং ব্যপাশ্রিত্য সংসেব্য পরাং গতিং যান্তি হি নিশ্চিতং॥ ৩২ ॥

---

অধিক কি! অতি নিকৃষ্ট পাপাচারী স্ত্রী বৈশ্য এবং শূদ্রও যদি একান্ত চিত্তে পরমাত্ম স্বরূপ আমাতে মন প্রাণ সমর্পণে আশ্রিত হইতে পারে, তাহারাও উৎকৃষ্ট গতি লাভ করে, সন্দেহ নাই॥৩২॥

আভাস।

মেশের প্রতি ভক্তি-করা কার্য্যে গুণ ব্যতীত কোনরূপ দোষের সম্পর্কও নাই। পরমাত্মার প্রতি অনন্য-চিন্তায় আত্মসমর্পণ করিলে উৎকৃষ্ট পরমাত্ম-গতি লাভের সম্বন্ধে আর কোন সন্দেহ নাই॥ ৩০॥ ৩১॥

বেদে বিচিত্র যাগ যজ্ঞ ব্রত-নিয়মাদি ধর্ম্ম-কর্ম্মের উল্লেখ আছে; কিন্তু

কিং পুন র্ব্রাহ্মণাঃ পুণ্যা ভক্তা রাজর্ষয় স্তথা।

অন্বয়ঃ।

কিং পুনঃ পুণ্যাঃ পুণ্যযোনয়ঃ ব্রাহ্মণাঃ ভক্তাঃ রাজর্ষয়ঃ ( রাজানঃ তে ঋষয়ঃ )

শাঙ্করভাষ্যম্।

কিং পুনরিতি। কিং পুনর্ব্রাহ্মণাঃ পুণ্যাঃ পুণ্যযোনয়ঃ ভক্তা রাজর্ষয় স্তথা রাজানশ্চ তে ঋষয়শ্চেতি রাজর্ষয়ঃ যত এবমতোঽনিত্যং ক্ষণভঙ্গুরমসুখং চ সুখ-

আনন্দগিরিকৃতটীকা।

যদি পাপযোনিঃ পাপাচারশ্চ ত্বদ্ভক্ত্যা পরাং গতিং গচ্ছতি তর্হি কিমুত্তমজাতি-নিমিত্তেন সংস্কারাদিনা কিম্বা সদ্বৃত্তেনেত্যাশঙ্ক্যাহ কিং পুনরিতি। উত্তমজাতি-

স্বামিকৃতটীকা।

যদৈবং তদা সংকুলাঃ সদাচারাশ্চ মদ্ভক্তাঃ পরাং গতিং যান্তীতি কিং বক্তব্যমিত্যাহ কিং পুনরিতি। পুণ্যাঃ সুকৃতিনো ব্রাহ্মণাঃ, তথা রাজানশ্চ তে ঋষয়শ্চেতি এবংভূতাশ্চ পরাং গতিং যান্তীতি কিং বক্তব্যমিত্যর্থঃ। অতস্ত্বং ইমং

তখন পুণ্যবান্ ব্রাহ্মণ, ভক্তিমান্ ক্ষত্রিয় এবং ঋষিগণ যে আমা-গত প্রাণ হইয়া শ্রেষ্ঠ গতি লাভ করিবেন, তাহাতে আর বক্তব্য

আভাস।

সকল কর্ম্মে সকল লোকের অধিকার যে নাই, তাহাও সুস্পষ্ট বর্ণিত আছে। অধিকারী বিশেষে এক এক জাতীয় কর্ম্ম এক এক বর্ণের প্রতি নির্দ্দিষ্ট আছে। যথা ব্রাহ্মণ যে যে কর্ম্মের অধিকারী ক্ষত্রিয় সে সে কর্ম্মের অধিকারী হইতে পারেন না; আবার ক্ষত্রিয়ের কর্ম্মে অন্যান্য বর্ণ অধিকারী নহেন এবং এই প্রকারে সকল বর্ণ এবং সকল জাতির অধিকার অনুসারে কর্ম্মের বিভাগও আছে। শালগ্রাম শিলাতে বিষ্ণুপূজার অধিকার ব্রাহ্মণ-পত্নী বা শূদ্রাদির নাই। যাগ-যজ্ঞে ঋত্বিক্‌কার্য্যে ব্রাহ্মণ ব্যতিরিক্ত অন্য কাহারও অধিকার বেদ স্বীকার করেন নাই; তখন কি অন্য কোন ম্লেচ্ছ জাতি বা নিকৃষ্ট চণ্ডালাদির উদ্ধারের উপায় নাই বলিয়া, স্বীকার করিতে হইবে? এতদর্থে ভগবান্ গোবিন্দ প্রকাশ করিয়াছেন যে অজ্ঞানতা-নিবন্ধন বা জাতিনিষ্ঠ কর্ম্ম প্রভৃতির অনুরোধে ধর্ম্মকর্ম্মে সকলের অধিকার না থাকিলেও, প্রাণ-মন সমর্পণে ঈশ্বরে আত্মনির্ভর করিবার কোনরূপ প্রতিবন্ধক কাহারও নাই। শাস্ত্র বলিয়াছেন, "শুচি তৎকাল-জীবী কর্ম্ম কুর্য্যাৎ"। অশুদ্ধ চিত্তে যদি ব্রাহ্মণেরও কর্ম্মে অধিকার না থাকে,

অনিত্যমসুখং লোকমিমং প্রাপ্য ভজস্ব মাম্ ॥ ৩৩ ॥

অন্বয়ঃ

প্রাপ্নুবন্তি তত্র কা শঙ্কা। অতঃ অনিত্যং অসুখং সুখরহিতং ইমং লোকং প্রাপ্য মাং ভজস্ব ॥ ৩৩ ॥

শাঙ্করভাষ্যম্।

দুর্লভং মনুষ্যলোকং প্রাপ্য পুরুষার্থসাধনং দুর্লভং মনুষ্যত্বং লব্ধ্বা ভজস্ব সেবস্ব মাং ॥ ৩৩ ॥

আনন্দগিরিকৃতটীকা।

মত্তাং ব্রাহ্মণাদীনামতিশয়েন পরা গতি র্যতো লভ্যতে অতো ভগবদ্ভজনং তৈঃ একান্তেন বিধাতব্যমিত্যাহ যত ইতি। মনুষ্যদেহাতিরিক্তেষু পশ্বাদিদেহেষু ভগবদ্ভজনযোগ্যতাভাবাৎ প্রাপ্তে মনুষ্যত্বে তদ্ভজনে প্রবর্ত্তিতব্যং ইত্যাহ দুর্লভমিতি ॥৩৩॥

স্বামিকৃতটীকা।

রাজর্ষিরূপং দেহং প্রাপ্য লব্ধ্বা মাং ভজস্ব, কিঞ্চ অনিত্যমধ্রুবং অসুখং সুখরহিতঞ্চেমং মর্ত্ত্যলোকং প্রাপ্য অনিত্যত্বাদ্বিলম্বমকুর্ব্বন্ অসুখত্বাচ্চ সুখার্থমুদ্যমং হিত্বা মামেব ভজস্বেত্যর্থঃ ॥ ৩৩ ॥

কি! অতএব এই ঘোর দুঃখপ্রদ ও অনিত্য জগতে আগমন করিয়া, পরমাত্ম-স্বরূপ আমার উপাসনায় মনোনিবেশ কর! ॥ ৩৩ ॥

আভাস।

তবে যে দিন অবসন্ন শরীরে বিষ্ঠা-মূত্রাদিতে পরিলিপ্ত হইয়া মৃত্যুমুখে পতিত হইতে হইবে, সে দিন কি ভগবানকে স্মরণ করা যুক্তির বহির্ভূত বলিয়া স্বীকার করিতে হইবে? তাহা হইলে, যং যং বাপি স্মরন্ ভাবং ত্যজত্যন্তে কলেবরং। তং তমেবৈতি কৌন্তেয় সদা তদ্ভাবভাবিতঃ। এ কথার তাৎপর্য্য কি থাকে? এতদুত্তরে শাস্ত্র আছে; অপবিত্রঃ পবিত্রো বা সর্ব্বাবস্থাং গতোঽপি বা যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তরঃ শুচিঃ॥ অর্থাৎ কর্ম্ম করিতে হইলে শুচি বা অশুচির চিন্তা আছে সত্য, কিন্তু নামোচ্চারণে বা ভগবচ্চিন্তনে আর শুচি অশুচির কোন বিচারই নাই। বরং কর্ম্ম করিবার অধিকার পাইতে হইলে, সর্ব্বপ্রকারে শুচি হইবার এক মাত্র শ্রেষ্ঠ উপায়ই পুণ্ডরীকাক্ষ শ্রীহরির স্মরণ মাত্র করা। তিনি দীন-দয়াল-নামে অভিহিত। যাহার কেহ নাই, তাহার তিনি আছেন! এবং যাহার কোন কর্ম্মে যোগ্যতা নাই, কেবল ভগবানের স্মরণ মাত্র

মন্মনা ভব মদ্ভক্তো মদ্যাজী মাং নমস্কুরু।

শঙ্করঃ।

মন্মনাঃ ( ময়ি মনো যস্য সঃ ) মদ্ভক্তঃ মদ্যাজী ভব! মাং নমস্কুরু! এবং

শাঙ্করভাষ্যম্।

কথং মন্মনা ইতি। ময়ি মনো যস্য তব স ত্বং মন্মনা ভব তথা মদ্ভক্তো ভব মদ্যাজী মদ্যজনশীলো ভব মামেব চ নমস্কুরু মামেবেশ্বরমেষ্যসি আগমিষ্যসি

আনন্দগিরিকৃতটীকা।

ভগবদ্ভক্তেরিত্থম্ভাবং পৃচ্ছতি কথমিতি। ঈশ্বর-ভজনে ইতি-কর্ত্তব্যতাং দর্শয়তি মন্মনা ইতি। এবং ভগবন্তং ভজমানস্য মম কিং স্যাদিত্যাশঙ্ক্যাহ মামেবেতি। সমাধায় ভগবত্যেবেতি শেষঃ। এবমাত্মানমিত্যেতদ্বিবৃণোতি অহং হীতি। অহ-

নিরর্থক বিষয়-চিন্তায় ব্যাকুল না হইয়া, ঈশ্বর-চিন্তায় মনোনিবেশ কর। ভগবদ্ভজনে এবং ভগবানের উদ্দেশে যজ্ঞাদি করিতে

আভাস।

করিলে, সে সকল কর্ম্মফলের অধিকারী হয়! সুতরাং সকল ফলে অধিক কি! মোক্ষলাভেও যে অধিকারী হয়, তাহাই এই শ্লোক কয়একটীতে প্রকাশের তাৎপর্য্য। তবে প্রাণ-ভরা নাম ও পূর্ণ চিত্তে আত্ম-সমর্পণের ক্রম বা পদ্ধতিরই পরিচায়ার্থ ব্রাহ্মণাদি জাতি বা বর্ণ, আশ্রম ও ধর্ম্মাদির উল্লেখে শাস্ত্রে কথিত হইয়াছে। সকল আশ্রম, কর্ম্ম, ধর্ম্ম ও জ্ঞানের ভিতর দিয়া ভগবানে আত্ম সমর্পণই একমাত্র লক্ষ্য। এই অধিকারটী পাইবার জন্য শূদ্র, বৈশ্য, ক্ষত্রিয় ও ব্রাহ্মণকে যে সমস্ত কর্ম্ম করিতে হয়, তাহাই শাস্ত্রে কথিত হইয়াছে।

ভগবানে আত্মসমর্পণ করা হইলে আর বর্ণাশ্রম আচারের অপেক্ষা থাকে না। আত্ম-সাক্ষাৎকারের দ্বারা পরমাত্ম-স্বরূপের সাক্ষাৎকার হইলে, মুক্তি-ভাক্ উৎকৃষ্ট সন্ন্যাসী হওয়া হয়। অতএব যে কোন প্রকারে এবং যে কোন উপায়ে ভগবানে চিত্ত সমর্পণ পূর্ব্বক জগতের সহিত সম্পর্ক বর্জ্জিত হওয়া একান্ত প্রয়োজন ॥ ৩২ ॥ ৩৩ ॥

এই শ্লোকে তাহার উপায় বর্ণনাভিপ্রায়ে প্রকাশ করিয়াছেন যে, অভ্যাস এবং বৈরাগ্যই উৎকৃষ্ট উপায়। ভগবচ্চিন্তনে অভ্যাস এবং বিষয়ের দোষ

মামেবৈষ্যসি যুক্ত্বৈবমাত্মানং মৎপরায়ণঃ ॥ ৩৪ ॥

ইতি শ্রীভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং
যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে রাজ-
গুহ্যযোগো নাম নবমোঽধ্যায়ঃ।

অন্বয়ঃ।

ইত্থং প্রকারেণ আত্মানং চিত্তং যুক্ত্বা ময়ি সমাধায় মৎপরায়ণঃ সন্ মাং এব এষ্যসি প্রাপ্স্যসি ॥ ৩৪ ॥

ইতি শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে নবমোঽধ্যায়ঃ ॥

শাঙ্করভাষ্যম্।

যুক্ত্বা সমাধায় চিত্তমেবমাত্মানং-মামেবমহং হি সর্ব্বেষাং ভূতানাং আত্মা পরা চ

আনন্দগিরিকৃতটীকা।

মেব পরময়নং ভবেতি মৎপরায়ণস্তথাভূতঃ সন্ মামেবাত্মানমেষ্যসীতি সম্বন্ধঃ॥

তদেবং মধ্যমানাং ধ্যেয়ং নিরূপ্য নবমেনাধমানামারাধ্যাভিধানমুখেন নির্দ্দেশ

স্বামিকৃতটীকা।

ভজন-প্রকারং দর্শয়ন্নুপসংহরতি মন্মনা ইতি। ময্যেব মনো যস্য স মন্মনা ত্বং ভব, তথা মমৈব ভক্তঃ সেবকো ভব, মদ্যাজী মৎপূজনশীলো ভব, মামেব চ

---

এবং নিত্য নিরন্তর তাঁহার চরণে প্রণাম করিতে অভ্যস্ত হও। এই প্রকারে সর্ব্বদা সংযত-চিত্তে আপনাকে পরমেশ-ভাবে প্রণোদিত রাখিলে, মদীয় ভগবদ্ভাবে লীন হইবে, সন্দেহ নাই ॥ ৩৪ ॥

ইতি শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত নবম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

দর্শনের দ্বারা বৈরাগ্যের আনয়ন। নিজের স্বভাবকে পরিবর্ত্তন করিতে হইলে, কেবল বিচার বা ধারণা দ্বারা সুসম্পন্ন করা যায় না; অভ্যাস করা প্রয়োজন। পূর্ব্বে বিষয়ের চিন্তনে যেমন বিষয়নিষ্ঠ-চিত্ত করা হইয়াছিল, এক্ষণে পরমাত্ম-ভাবের নিরন্তর চিন্তনে চিত্তকে সেই পরমাত্মভাবে দীক্ষিত করিতে হইবে। সারা জীবন স্ত্রী-পুত্রাদির চিন্তা করায়, মরণ-কালে বা নিশ্চিন্ত থাকিবার সময় স্ত্রী-পুত্রের চিন্তা বা তাহাদের মূর্ত্তি আপনা হইতে হৃদয়ে জাগরিত হয়; সেইরূপ

শাঙ্করভাষ্যম্।

গতিঃ পরময়নং ত্বং মামেবম্ভূতং এষ্যসীত্যতীতেন পদেন সম্বন্ধঃ মৎপরায়ণঃ সন্নিত্যর্থঃ ॥ ৩৪ ॥

ইতি শ্রীভগবদ্গীতা-ভাষ্যে নবমোঽধ্যায়ঃ।

আনন্দগিরিকৃতটীকা।

পারমার্থিকেন রূপেণ প্রত্যক্তেন জ্ঞানং পরমেশ্বরস্য পরমারাধনমিত্যভিদধতা সোপাধিকং তৎপদবাচ্যং নিরুপাধিকঞ্চ তৎপদলক্ষ্যং ব্যাখ্যাতং ॥ ৩৪ ॥

ইতি শ্রীমদানন্দগিরিকৃতটীকায়াং নবমোঽধ্যায়ঃ।

স্বামিকৃতটীকা।

নমস্কুরু, এবমেভিঃ প্রকারৈ র্মৎপরায়ণঃ সন্নাত্মানং মনো ময়ি যুক্ত্বা সমাধায় মামেব পরমানন্দরূপমেষ্যসি প্রাপস্যসি।

নিজমৈশ্বর্য্যমাশ্চর্য্যং ভক্তেশ্চাদ্ভুতবৈভবম্।
নবমে রাজগুহ্যাখ্যে কৃপয়াবোচদচ্যুতঃ ॥ ৩৪ ॥
ইতি শ্রী শ্রীধরস্বামিকৃতটীকায়াং নবমোঽধ্যায়ঃ।

আভাস।

মানব যদি স্ত্রী-পুত্রাদির চিন্তার ন্যায়, সকল সময়ে হৃষীকেশ গোবিন্দ দামোদর এবং নারায়ণাদি ভগবানের নাম উচ্চারণে এবং সেই সকল প্রিয় মূর্ত্তির অবধারণে দিন অতিবাহিত করে, ভীষণ মৃত্যু-কালে গোবিন্দ স্বীয় বিগ্রহ ধারণে ভক্তের হৃদয়ে বিনা আহ্বানে উদিত হইয়া, ভক্তকে কৃতার্থ করিয়া থাকেন। অতএব বিষয়-চিন্তার ন্যায় ভগবচ্চিন্তার অভ্যাস করা প্রয়োজন। তাহাতে চিত্ত তন্ময় হইয়া থাকে; বিষয় চিন্তা হৃদয়ে স্থান পায় না। পরমাত্মার স্বরূপ গোবিন্দকে নিরন্তর প্রণাম, তন্নাম জপ, এবং তাঁহাতে প্রেম করিলে, চরমে পরম ফল প্রাপ্ত হওয়া যায়, সন্দেহ নাই ॥ ৩৪ ॥

ইতি শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত নবম অধ্যায়ের আভাস সমাপ্ত ॥